পাওয়া যায় না। তারপর উপরোক্ত ব্যাখ্যায় 'দ্রুতগামী' এবং 'সতর্কভাবে' পদদ্বয় কোথ হইতে আসিল তাহা বুঝা যায় না। অন্যান্য দু-একজন ব্যাখ্যাকার এ প্রসঙ্গে দ্রোণকলশ, প্রভৃতির অবতারণা করিয়াছেন। "বাজং দ্রোণকলশং আক্রমীৎ সোমঃ……যথা উপাসশস্তঃ মনুষ্যাঃ আসনং আক্রমন্তি তদ্বৎ দ্রোণকলশং সোমঃ"—ইত্যাদি। কিন্তু এত কষ্ট কল্পনায় যাইবার কোন প্রয়োজন দেখি না। দুর্ব্বল মানুষ ভগবানের নিকট প্রার্থনার দ্বারা শক্তি লাভ করে, দুর্ব্বল প্রার্থনাকারীও তজ্জন্য ভগবানের নিকট শক্তি প্রার্থনা করিতেছেন – ইহাই স্বাভাবিক ও সঙ্গত অর্থ। 'বন্বনঃ' এবং 'অক্রমীৎ' পদদ্বয় একবচনান্ত ; তাই আমরা 'বন্বনঃ' পদের বিশেষণ 'সীদন্তঃ' পদের একবচনান্ত অর্থ করিয়াছি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণীর অনুসরণেই উপলব্ধ হইবে।। (১অ -১খ -২দ—২সা)॥

তৃতীয়ং সাম।

৩১ ২ ৩১২ ৩২ ৩১ ২
ঋধক্ সোম স্বস্তয়ে সঞ্জগ্ মানঃ দিবা কবে।
১ ২৩ ১ ২ ৩ ২
পবস্ব সূর্য্যো দৃশে ॥ ৩ ॥ *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'কবে' (ক্রান্তদর্শিন, সর্ব্বজ্ঞ) 'সোম' (হে শুদ্ধসত্ত্ব) 'ঋধক্' (পৃথক্, স্বতন্ত্রঃ যদ্বা দীপ্তিমান) 'সঞ্জগ্মানঃ' (সঙ্গচ্ছানঃ, সর্ব্বত্র বিদ্যমানঃ ইত্যর্থঃ) 'সূর্য্যঃ' 'জ্যোতিঃসমন্বিতঃ, পরমজ্যোতির্ম্ময়ঃ) ত্বং অস্মাকং 'দৃশে' (দৃষ্টিশক্তিলাভায়, দিব্যদৃষ্টিলাভায়) তথা 'স্বস্তয়ে' (পরমকল্যাণপ্রাপ্তয়ে) 'দিবঃ' (দ্যুলোকাৎ, ভগবতঃ সকাশাৎ আগত্য ইত্যর্থঃ) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদয়ং প্রাপয়) প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং পরমকল্যাণদায়কং সত্ত্বভাবং লভেমহি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (১অ—১খ - ২দ ৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সর্ব্বজ্ঞ হে শুদ্ধসত্ত্ব! স্ব-তন্ত্র (অথবা দীপ্তিমান্) সর্ব্বত্র বিদ্যমান্ পরমজ্যোতির্ম্ময় আপনি আমাদিগের দিব্যদৃষ্টি লাভের জন্য ; এবং পরম কল্যাণপ্রাপ্তির জন্য ভগবানের নিকট হইতে আগমন করিয়া আমাদিগের

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতমসূক্তের ঊনত্রিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, একচত্বারিংশ বর্গের অন্তর্গত)।

হৃদয়কে প্রাপ্ত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরমকল্যাণদায়ক সত্ত্বভাব লাভ করিতে পারি।)॥ (১অ—১খ—২সূ—৩সা।)॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

হে 'সোম'। 'কবে' ক্রান্তদর্শিন্! 'সূর্য্যঃ' সুবীর্য্যঃ ত্বং 'ঋদক্' ঋদ্ধন্। তথা চ যাস্কঃ—ঋদগিতি পৃথগ্ভাবস্যাসু প্রবচনং ভবত্যথা পুনঃপ্রোক্তার্থে দৃশ্যতে নিরু০ নৈ০ ৪।২৫) ইতি। 'সঞ্জগ্মানঃ' সঙ্গচ্ছমানঃ 'স্বস্তয়ে' 'দৃশে' দর্শনায় 'দিবা' দিবঃ বিভক্তিব্যত্যয়ঃ॥ 'পবস্ব'—'ক্ষর'—দিবাকবে—'দিবাকবিঃ'—ইতি পাঠৌ।৩॥

* * *

তৃতীয় (৬৫৬) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা মূলক। প্রচলিত ব্যাখ্যাদিতেও মন্ত্রটীকে প্রার্থনা-মূলক বলিয়াই গ্রহণ করা হইয়াছে। কিন্তু অধিকাংশস্থলেই ব্যাখ্যা পরিষ্কার হয় নাই। অনেকস্থলে ব্যাখ্যা মন্ত্র হইতে ভিন্নরূপ পরিগ্রহ করিয়াছে। 'ঋদক্' পদের ব্যাখ্যা ভাষ্যে পরিষ্কার হয় নাই। আমরা ঐ পদের নিরুক্ত-সম্মত দুইটী অর্থ প্রদান করিয়াছি। 'সূর্য্যঃ' পদে ভাষ্যকার এক নূতন ব্যাখ্যা,—'সুবীর্য্যঃ'—অর্থ গ্রহণ করিয়াছেন! আমরা পূর্ব্বানুসারেই অর্থ গ্রহণে সঙ্গতি লক্ষ্য করি।

ভগবানের নিকট হইতেই সত্ত্বভাব আসে। সেই সত্ত্বভাব লাভ করিলে মানুষের দিব্যজ্ঞান বিকশিত হয়,—পরম কল্যাণের পথে মানুষ অগ্রসর হয়। মন্ত্রে সত্ত্বভাবের এই মাহাত্ম্য কীর্ত্তন ও তৎপ্রাপ্তির জন্য প্রার্থনা পরিদৃষ্ট হয়.

প্রচলিত কোন কোনও ব্যাখ্যার অনেকস্থলে আমাদিগের ব্যাখ্যার সাদৃশ্য লক্ষিত হইবে। যথা "হে সোমরস! তুমি কর্ম্মকুশল, তুমি দীপ্তিমান ও বলশালী তুমি দর্শন দাও, তুমি উপস্থিত হইয়া আমাদিগের মঙ্গল কর।" এই অনুবাদের সহিত আমাদিগের মর্ম্মানুসারিণী ব্যাখ্যা ও বঙ্গানুবাদের শব্দগত পার্থক্য ব্যতীত অন্য বিশেষ কোন পার্থক্য পরিলক্ষিত হইবে না। (১অ—১খ—২সূ—৩সা।)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের ত্রিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, একচত্বারিংশ বর্গের অন্তর্গত)।

প্রথমং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২
পবমানস্য তে কবে বাজিন্ত্ সর্গা অসৃক্ষত।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অর্ব্বন্তো ন শ্রবস্যবঃ ॥ ১ ॥

* * *

গেয়-গানং।

৪৩ র ৩ ২ ৩র ৫ ২
১ (যজ্ঞাযজ্ঞীয়ম্)। পবাহ ৫ মা। না ৩ স্যা ৩ তেকাবায়ি। বা ৩
১ ২ ২ ১ ২ ১ ২ ২ ১ র
জায়িন্ৎসা ৩ র্গাঃ। অ ২ ৩ সা। হুম্মায়ি। ক্ষা ৩ তা। আর্ব্বন্তোন-
৫ ৩ ২ ২ ২ ১র র ২ ১২
শ্রবা ২ স্যবাউ॥ বা (৩) স্যা। চ্ছাকোশাম্। মা ৩ ধুশ্চু ৩
২ ১ — ১ র ২ ১ ২ ১
তাম্। অসা ২ গ্রম্। বারে ২ ৩ স্যা। হুম্মায়িব্যা ৩ য়ায়ি।
১র ৫ ৩ ২ ১ ২ ১ ২
আবাবশন্তধা ২ য়ি ৫ য়াউ॥ বা (২) স্যা। চ্ছাসমু। দ্রা
১ ২ ১ ১ —১র র ২
৩ মায়িন্দা ৩ বাঃ। অস্তা ২ ঙ্গা। বোনা ২ ৩ ধে।
১ ২ ২ ১ ৩
হুম্মায়ি। না ৩ বাঃ। অগ্মন্নৃতস্যযো ২ নি-
২ ১৫ ১ ১ ১
মাউ বা ৩। ৫॥ ৯'১'৩॥

* * *

মন্ত্রার্থসারিণী ব্যাখ্যা।

'কবে' (ক্রান্তদর্শিন্, সর্ব্বজ্ঞ) 'বাজিন্' (শক্তিমন্, সর্ব্বশক্তিসম্পন্ন হে দেব) 'শ্রবস্যবঃ' (আত্মশক্তিকামিনঃ) 'অর্ব্বন্তঃ ন' (যজমানাঃ, সৎকর্ম্মসাধকাঃ যথা তেষাং হৃদয়ে অমৃতধারাং সৃজন্তি তদ্বৎ) তং 'পবমানস্য' (পবিত্রকারকস্য) 'তে' (তব) 'সর্গাঃ' (রসধারাঃ, অমৃতধারাঃ) 'অসৃক্ষত' (সৃজন্ত, অস্মাকং হৃদি উৎপাদয়)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং অমৃতত্বং প্রযচ্ছ ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (ছ অ ১খ ৩২—১ম)।

অথবা,

'কবে' (ক্রান্তদর্শিন, সর্ব্বজ্ঞ) 'বাজিন' (শক্তিশালিন, সর্ব্বশক্তিমন হে দেব) 'অর্ব্বন্তঃ শ্রবস্যবঃ ন' (আত্মশক্তিকামিনঃ পাপিনঃ যথা পাপমার্গং পরিত্যজন্তি তদ্বৎ) তঃ 'পবমানস্য' (পবিত্রকারকস্য) 'তে' (তব) 'সর্গাঃ' (রসধারাঃ অমৃতধারাঃ) 'অসৃক্ষত' (নিরন্তরং পরিত্যজন্তু, অস্মাকং হৃদি প্রযচ্ছ ইত্যর্থঃ)। মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ। হে ভগবন্। অস্মভ্যং অমৃতং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (১অ-১খ-৩সূ-১সা)॥

• • •

বঙ্গানুবাদ।

সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিসম্পন্ন হে দেব! আত্মশক্তিকামী সৎকর্ম্মসাধকগণ যেমন তাঁহাদিগের হৃদয়ে অমৃতধারা সৃজন করেন, সেইরূপ পবিত্রকারক আপনার অমৃতধারা আপনি আমাদিগের হৃদয়ে উৎপাদন করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে অমৃতত্ব প্রদান করুন)॥ (১অ—১খ—৩সূ—১সা)॥

অথবা,

সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিমন্ হে দেব! আত্মশক্তিকামী পাপী যেরূপ পাপমার্গ পরিত্যাগ করে, সেইরূপ আপনি পবিত্রকারক আপনার অমৃতধারা পরিত্যাগ করুন অর্থাৎ আমাদিগের হৃদয়ে প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আমাদিগকে অমৃতত্ব প্রদান করুন।)। (১অ—১খ—৩সূ—১সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

মার্জ্জন প্রসঙ্গাদাহ—হে 'কবে' ক্রান্তপ্রজ্ঞ! হে 'বাজিন্' অন্নবন্ সোম! 'পবমানস্য' দশাপবিত্রেণ পূয়মানস্য 'তে' তব 'সর্গাঃ' সৃজ্যন্তে ইতি সর্গাঃ ধারাঃ। কীদৃশাঃ? 'শ্রবস্যবঃ' ছন্দসি পরেচ্ছায়াং ক্যচ্ (৩,১,৮ বা০) যষ্ট্যামন্নং কাময়মানাস্তদীয়া ধারাঃ 'অসৃক্ষত' নিসৃজ্যন্তে নির্গচ্ছন্তীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—'অর্ব্বন্তো ন' যথা অশ্বা মন্দুরাতো নির্গচ্ছন্তস্তদ্বৎ পরিতোঽভিসরন্তীত্যর্থঃ। প্রযোগাপেক্ষং চাত্র ধারাবাহুল্যং॥ ১॥

* * *

প্রথম (৬৫৭) সামের মর্ম্মার্থ।

এই প্রার্থনা-মূলক মন্ত্রটীর দুইটী ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে। 'অর্ব্বন্তঃ' পদে আমরা, 'পাপী' অর্থ গ্রহণ করিয়াছি। বিবরণকার ঐ পদের 'যজমানাঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। ঐ

অর্থও সঙ্গত বলিয়া তাহাও গৃহীত হইয়াছে, এবং তদনুসারে দুইটী ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে। উভয় ব্যাখ্যারই মূলভাব এক। উভয় ব্যাখ্যাতেই সত্ত্বভাব লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে সম্পূর্ণ অন্যভাব পরিদৃষ্ট হয়। উদাহরণ-স্বরূপ নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। 'হে সৎকর্ম্মশীল বলশালী সোম! যখন তুমি ক্ষরিত হও, তখন তোমার ধারাগুলি এরূপভাবে বহিতে থাকে, যেরূপ ঘোটকগণ অন্নআহরণ করিবার অভিপ্রায়ে ধাবিত হইয়া থাকে।” এই ব্যাখ্যার সহিত ভাষ্যেরও ঐক্য নাই। বিশেষতঃ 'অর্বন্তঃ ন শ্রবস্যবঃ' পদসমূহের—'যেরূপ ঘোটকগণ অন্ন আহরণ করিবার অভিপ্রায়ে ধাবিত হইয়া থাকে'—অর্থ ভাষ্যানুগত নয়, সঙ্গতও নয়। যাহা হউক, আমাদিগের ব্যাখ্যা মর্ম্মানুসারিণীতে বিবৃত হইয়াছে॥ (১অ—২খ—৩সূ—১সা)॥ *

—— • ——

দ্বিতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অচ্ছা কোশং মধুশ্চুতং অসৃগ্রং বারে অব্যয়ে।
১ ২ ৩ ১ ২
অব অবশন্ত ধীতয়ঃ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ধীতয়ঃ' (ধীসম্পন্নাঃ,) 'মধুশ্চুতং' (মধুস্রাবিণং, অমৃতপ্রবাহং) 'কোশং অচ্ছ' (হৃদয়ং অভিলক্ষ্য, তেষাং হৃদয়ে ইত্যর্থঃ) 'অবাবশন্ত' (কাময়ন্তে); তে 'অব্যয়েবারে' (নিত্যজ্ঞান প্রবাহে, নিত্যজ্ঞানং ইত্যর্থঃ) 'অসৃগ্রং' (সৃজন্তি, লভন্তে ইত্যর্থঃ); মন্ত্রোঽয়ং নিত্যসত্য-মূলকঃ। সাধকাঃ অমৃতং তথা পরাজ্ঞানং লভন্তে—ইতি ভাবঃ॥ (২অ—১খ—৩সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

ধীসম্পন্ন ব্যক্তিগণ অমৃতপ্রবাহ তাঁহাদিগের হৃদয়ে কামনা করেন; তাঁহারা নিত্যজ্ঞান লাভ করেন; (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সাধকগণ অমৃত এবং পরাজ্ঞান লাভ করেন।)॥ (১অ—২খ—৩সূ—২সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষট্‌ষষ্টিতম সূক্তের দশমী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)। এই সূক্তের তিনটী মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহা প্রথম মন্ত্রের পরেই প্রদত্ত হইয়াছে।

সায়ণ-ভাষ্যং ।

ধারানির্গমনপ্রসঙ্গাদভিধীয়তে – 'মধুশ্চুতং' মধুররসস্য চ্যাবয়িতারং ক্ষারয়িতারং 'কোশং' দ্রোণকলশং 'অচ্ছা' অভিলক্ষ্য 'অব্যে' অবিময়ে অধিষ্ণুতে বারে' বালে দশাপবিত্রে 'অসৃগ্রং' সোমাঃ ঋত্বিগ্‌ভিরভিসৃজ্যন্তে (সৃজেঃ কর্ম্মণি তিঙাত্মিতো ভবতীতি টেরমাদেশঃ)। কিঞ্চ 'ধীতয়ঃ' অঙ্গুলি নামৈতৎ দধতি পঞ্চস্যাঙ্গিরিতি অস্মদীয়া অঙ্গুলয়ঃ 'অনাবশন্ত' তান্ সোমান্ ন পুনঃ পুনর্মার্জ্জনার্থং কাময়ন্তে ॥ (১অ-১খ—৩সূ—২সা) ॥

* * *

দ্বিতীয় (৬৫৮) সামের মর্ম্মার্থ।

যাঁহারা বুদ্ধিমান তাঁহারাই মঙ্গলের পথে নিজকে পরিচালনা করেন। তাঁহাদের হৃদয়ে অমৃতের আকাঙ্ক্ষা জাগরূক হয়, এবং সেই আকাঙ্ক্ষাকে তাঁহারা পূর্ণ করিবার উপায়ও অবলম্বন করেন। নিজকে সৎকর্ম্মে নিয়োজিত করেন, সৎপথে চলেন, সচ্চিন্তায় নিজের হৃদয়কে মনকে পবিত্র করেন। সুতরাং তাঁহাদিগের সেই পবিত্র হৃদয়ে পরাজ্ঞানের উদয় হয়। যিনি যেমন ভাবে ভগবানের নিকট প্রার্থনা করেন, যাঁহার হৃদয়ে যে আকাঙ্ক্ষার উদয় হয়, সেই আকাঙ্ক্ষা বিশ্বের মূলনীতির বিরোধী না হইলে ভগবান তাহা পূর্ণ করেন। যাঁহারা সাধক, যাঁহারা জ্ঞানী, তাঁহারা চরম মঙ্গলজনক অমৃত প্রার্থনা করেন এবং ভগবানের কৃপায় তাহা প্রাপ্ত হয়েন। মন্ত্রে এই সত্যই প্রখ্যাপিত হইয়াছে।

ভাষ্যকার 'ধীতয়ঃ' পদে অঙ্গুলি অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু তাহাতে কোন বিশেষ সঙ্গত অর্থ প্রাপ্ত হওয়া যায় না। 'ধীসম্পন্নাঃ, জ্ঞানিনঃ' প্রভৃতি স্বাভাবিক অর্থেই সঙ্গতি রক্ষিত হয়। বিবরণকারও ঐ মত গ্রহণ করিয়াছেন। 'বারে অব্যয়ে' পদদ্বয় সম্বন্ধে আমরা পূর্ব্বে বহুত্র (সামবেদ, পবমানং পর্ব্ব) আলোচনা করিয়াছি, সুতরাং এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। (১অ-১খ ৩সূ-২সা)। *

— —:•:——

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২উ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
অচ্ছা সমুদ্রং ইন্দবঃ অস্তং গাবো ন ধেনবঃ।
১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২
অগ্মন্ ঋতস্য যোনিং আ ॥ ৩ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়্‌ষষ্টীতম সূক্তের একাদশী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ধেনবঃ ন' (জ্ঞানকিরণাঃ; জ্ঞানপ্রবাহঃ যথা) 'সমুদ্রং' (অমৃতসমুদ্রং-প্রাপ্নোতি ইতি যাবৎ) তথা 'গাবঃ' (জ্ঞানানি) যথা 'ঋতস্য যোনিং' (সত্যস্য উৎপত্তিস্থানং সাধকহৃদয়ং ইত্যর্থঃ) অগ্মন্' (গচ্ছন্তি, প্রাপ্নুবন্তি) তদ্বৎ 'ইন্দবঃ' (সত্ত্বভাবাঃ) 'অস্তং অচ্ছ'। (গৃহং, আবাসস্থলং, অস্মাকং হৃদয়ং অভিলক্ষ্য, হৃদয়ং ইত্যর্থঃ) 'আ' (আগচ্ছন্তু); মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ। বয়ং অমৃতপ্রাপকং সত্ত্বভাবং লভেম — ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (১অ—১খ—৩সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানপ্রবাহ যেমন অমৃতসমুদ্রকে প্রাপ্ত হয়, এবং জ্ঞান যেমন সাধক-হৃদয়কে প্রাপ্ত হয় সেইরূপ সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে আগমন করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন অমৃতপ্রাপক সত্ত্বভাব লাভ করিতে পারি। (১অ—১খ—৩সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'ইন্দবঃ' ক্ষরন্তঃ সোমাঃ 'সমুদ্রং' সোমানামেকত্রৈব সঙ্গমনস্থানং দ্রোণকলশং 'অচ্ছ' অভিগচ্ছন্তি। তত্র দৃষ্টান্তঃ 'ধেনবঃ' পয়ঃপ্রদানেন জনানাং প্রীণয়িত্র্যো নবপ্রসূতিকা গাবঃ 'অস্তং' গৃহং যথা অভিগচ্ছন্তীতি তদ্বৎ। কিঞ্চ তে সোমাঃ 'ঋতস্য যোনিং সত্যভূতস্য যজ্ঞস্য যোনিং স্থানং 'আ' 'অগ্মন্' আভিমুখ্যেন গচ্ছন্তি। গমের্লুঙি সিচো লুক্ উপধালোপঃ। (১অ—১খ—৩সূ—৩সা)।

ইতি প্রথমস্যাধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ। ১।

* * *

তৃতীয় (৬৫৯) সামের মর্ম্মার্থ।

—:§ * §:—

প্রার্থনা-মূলক এই মন্ত্রের মধ্যে দুইটী উপমা পরিদৃষ্ট হয়। 'গাবঃ' এবং 'ধেনবঃ' পদদ্বয় একার্থক। সুতরাং 'গাবঃ ন ধেনবঃ' পদে একটীমাত্র উপমা বুঝায় না। ভাষ্যকার ঐ পদসমূহের দ্বারা একটা উপমা প্রকাশ করিতে গিয়া 'ধেনবঃ' পদের যে অর্থ করিয়াছেন তাহা ভাষ্যে দ্রষ্টব্য। সাধারণতঃ ভাষ্যকার 'ধেনবঃ' এবং 'গাবঃ' পদদ্বয়কে একার্থক বলিয়াই গ্রহণ করেন। কিন্তু বর্ত্তমান মন্ত্রে ভিন্নপন্থা অবলম্বন করিয়াছেন। 'সমুদ্রং' পদেরও একটা নূতন ব্যাখ্যা প্রদান করিয়াছেন। কিন্তু 'গাবঃ ন' এবং 'ধেনবঃ ন' এই দুইটী উপমা স্বীকার করিলে এত কষ্টকল্পনার প্রয়োজন হয় না এবং একটা সুসঙ্গত অর্থও পাওয়া যায়।

সাধক আপনার হৃদয়ে সত্ত্বভাব প্রাপ্তির জন্য প্রার্থনা করিতেছেন এবং সেই প্রাপ্তির স্বরূপ বুঝাইবার জন্য দুইটী উপমা ব্যবহার করিয়াছেন। 'জ্ঞান প্রবাহ যেমন অমৃত সমুদ্রকে

প্রাপ্ত হয়'—ইহা জ্ঞান ধারার স্বাভাবিক পরিণতি। সেইজ্ঞানধারা সাধকের হৃদয়কেও শীতল ও সরস করে। তাই যাহাতে প্রার্থনাকারীর হৃদয়ে এই উভয় ভাবের মিলন হইতে পারে, তিনি সেই জন্যই প্রার্থনা করিয়াছেন। অর্থাৎ স্বাভাবিক পরিণতি বশেই জ্ঞান যেন তাঁহারা হৃদয়ে উপজিত হয়। মন্ত্রে আমারা এই প্রার্থনাই দেখিতে পাই। (১অ-১খ-৩সূ-৩সা)।

* * *

প্রথমং সাম।

২৩ ১ ১ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে।
১র ২ ৩ ৩ ১ ২
নি হোতা সৎসি বর্হিষি॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অগ্নে' (হে অঙ্গনাদিগুণবিশিষ্ট সর্ব্বব্যাপিন জ্ঞানদেব) 'গৃণানঃ' (অস্মাভিঃ স্তূয়মানঃ, অস্মাভিঃ অনুসৃতঃ ইত্যর্থঃ) 'বীতয়ে' (যজ্ঞভাগগ্রহণায়, অস্মাকং কর্ম্মণা সহ মিলনায়, কর্ম্মাণি জ্ঞানসমন্বিতানি করণায় ইত্যর্থঃ) 'হব্যদাতয়ে' (দেবেভ্যঃ হবিঃপ্রদানায়, অস্মাকং পূজাং সর্ব্বদেবেভ্যঃ সংপ্রাপণায়, অস্মাকং কর্ম্মাণি দেবভাবসমন্বিতানি করণায় ইত্যর্থঃ) 'আয়াহি' (আগচ্ছ, অস্মাসু অধিতিষ্ঠ ইত্যর্থঃ); 'হোতা' (দেবানাং দেবভাবানাং বা আহ্বাতা সন) 'বর্হিষি' (আস্তীর্ণে দর্ভে, অস্মাকং হৃদয়ে কর্ম্মণি বা ইত্যর্থঃ) 'নি সৎসি' (নিষৎসি—নিষীদ, উপবিশ, অবস্থানং কুরু ত্বমিতি শেষঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্র। প্রার্থনায়াঃ ভাবঃ—হে জ্ঞানদেব! ত্বং হি সর্ব্বব্যাপী; অস্মাসু প্রকটিতঃ ভব; অস্মান্ দেবভাবসমন্বিতান্ কুরু। (১অ—২খ—১সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

অঙ্গনাদিগুণবিশিষ্ট সর্ব্বব্যাপিন্ হে জ্ঞানদেব! অস্মৎকর্ত্তৃক স্তুত হইয়া অর্থাৎ আমাদিগের কর্ত্তৃক অনুসৃত হইয়া, যজ্ঞাংশ-গ্রহণের নিমিত্ত—

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়্‌ষষ্টিতম সূক্তের দ্বাদশী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)। এই সূক্তের তিনটী সাম-মন্ত্রের একটী গেয়-গান আছে। তাহা প্রথম মন্ত্রের পরেই প্রদত্ত হইয়াছে।

আমাদিগের কর্ম্মের সহিত মিলনের জন্য অর্থাৎ আমাদিগের কর্ম্মসকলকে জ্ঞানসমন্বিত করিবার জন্য, এবং সর্ব্বদেবসমীপে আমাদিগের পূজা সংবাহন করিবার জন্য অর্থাৎ আমাদিগের কর্ম্মসকলকে দেবভাব-সমন্বিত করিবার জন্য, আপনি আগমন করুন—আমাদিগের মধ্যে অধিষ্ঠিত হউন; দেবগণের অর্থাৎ দেবতাসমূহের আহ্বাতা হইয়া, বিস্তীর্ণদর্ভে অর্থাৎ আমাদিগের হৃদয়ে বা কর্ম্মে উপবেশন করুন—অবস্থান করুন। (প্রার্থনার ভাব এই যে,—হে জ্ঞানদেব! আপনি সর্ব্বব্যাপী; আমাদিগের মধ্যে প্রকটিত হউন; আমাদিগকে দেবভাবসমন্বিত করুন।)॥ (১অ—২খ—১সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে অগ্নে! অঙ্গনাদিগুণবিশিষ্ট! ত্বং 'আয়াহি' অস্মদ্ যজ্ঞং প্রত্যাগচ্ছ। কিমর্থং? 'বীতয়ে' হবিষাং চরুপুরোডাশাদীনাং ভক্ষণায়। কীদৃশঃ সন্? 'গৃণানঃ' অস্মাভিঃ স্তূয়মানঃ (ব্যত্যয়েন কর্ম্মণি কর্ত্তৃপ্রত্যয়ঃ)। পুনশ্চ কিমর্থং? 'হব্যদাতয়ে' দেবেভ্যো হবিঃ প্রদানায়। আগত্য চ হোতা দেবানামাহ্বাতা সন 'বর্হিষি' আস্তীর্ণে দর্ভে 'নিষৎসি' নিষীদ। সদেঃ ছান্দসঃ শপো লুক্॥ (১অ. ২খ ১সূ ১সা।)॥

* * *

প্রথম (৬৬০) সামের মর্ম্মার্থ।

বিভিন্ন দিক হইতে বিভিন্ন ভাবে সকল সাম-মন্ত্রেরই ব্যাখ্যা হইতে পারে। কর্ম্ম, ভক্তি, জ্ঞান—এই তিন ভাব, ব্যষ্টিভাবে ও সমষ্টিভাবে প্রতি মন্ত্রে ব্যক্ত করা যায়। আবার সাত্ত্বিক, রাজসিক ও তামসিক—এই তিন ভাবও পৃথক রূপে এবং একযোগে প্রতি মন্ত্রে প্রকাশ পাইতে পারে।

তিন শ্রেণীর লোক সাধারণতঃ তিন ভাবে এই সামের মর্ম্ম গ্রহণ করিতে পারেন। কেহ মনে করিতে পারেন,—অগ্নি একজন মানুষ ছিলেন; দেবগণের নিকট তাঁহার গতিবিধি ছিল; তাঁহাকে হোতৃপদে বরণ করিলে তাঁহার দ্বারা যজমানের প্রার্থনা দেবসমীপে পৌঁছিতে পারিত। কোনও রাজার সহিত বা কোনও বড়লোকের সহিত পরিচিত হইতে হইলে এবং তাঁহার অনুগ্রহ পাইতে হইলে, সময় সময় যেমন একজন মধ্যস্থের প্রয়োজন হয়, অগ্নিদেব যেন সেই মধ্যস্থ-স্থানীয় ছিলেন। মন্ত্রে তাই তাঁহার উপাসনা।

সাধারণ যাজ্ঞিকগণ মনে করিতে পারেন,—তাঁহাদের সম্মুখে যে প্রজ্বলিত হোমাগ্নিকুণ্ড,

উহারই মধ্যে অগ্নিদেবের অধিষ্ঠান হইয়াছে; ঐ অগ্নিকুণ্ডে আহুতি দান করিলে বা উহার নিকট প্রার্থনা জানাইলে, সে প্রার্থনা দেবসমীপে ঐ অগ্নিদেব পৌঁছাইয়া দিবেন। এ ক্ষেত্রে অগ্নিদেব যে কখনও মূর্ত্তিমান প্রকাশ পাইয়াছিলেন, তাহা অনুভব করিয়া লইতে হয়। কারণ, তাঁহার সেই প্রকাশের বিষয় পুরাণাদি শাস্ত্রগ্রন্থে লিখিত থাকিলেও কলির মানুষ কেহ দেখিয়াছেন বলিয়া প্রমাণ পাওয়া যায় না। সুতরাং সে ভাব অনুভাবনার বিষয় মাত্র।

অন্য এক শ্রেণীর সাধক অগ্নিদেবকে আর এক মূর্ত্তিতে দর্শন করিয়া থাকেন। সায়ণ যে 'অগ্নে' শব্দের প্রতিবাক্যে 'অঙ্গনাদিগুণবিশিষ্ট' পদ প্রয়োগ করিয়া গিয়াছেন; তাঁহাদের অনুভাবনায় ঐ অর্থের সার্থকতা উপলব্ধ হয়। তাঁহারা দেখিতে পান, বুঝিতে পারেন—সত্যই অগ্নিদেব 'অঙ্গনাদিগুণবিশিষ্ট।' যিনি সর্ব্বত্রগতিশীল অর্থাৎ যাঁহাতে সর্ব্বব্যাপকত্ব ভাব আসে, ঐ শব্দে তাঁহাকেই বুঝিতে পারা যায়। জ্যোতিরূপে, তেজোরূপে, অগ্নিরূপে প্রকাশমান ভগবদ্বিভূতি যে সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া আছে, সে দৃষ্টিতে তাহাই প্রতিপন্ন হয়।

'বীতয়ে' পদে বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নরূপ অর্থ দাঁড়াইয়া যায়। মনুষ্যভাবে ভাবিতে গেলে, সুভোজ্য সুপেয় আহারের বিষয় মনে আসে; যজ্ঞপক্ষে দেখিতে গেলে, চরুপুরোডাশাদি ভক্ষণের ভাব মনে উদয় হয়; আবার অন্য স্তরের সাধকের লক্ষ্য অনুধাবন করিতে গেলে, বুঝিতে পারা যায়, তাঁহাদের ভক্তিসুধা পান করিবার জন্য যেন তাঁহারা ভগবানকে আহ্বান করিতেছেন। এ পক্ষে আমাদিগের ভাব এই যে, কর্ম্মসকলকে জ্ঞানসমন্বিত করার আকাঙ্ক্ষাই এখানে প্রকাশ পাইতেছে। 'হব্যদাতয়ে' পদেও ঐরূপ বিবিধ ভাব প্রাপ্ত হওয়া যায়। প্রথম পক্ষের সম্বন্ধে মনুষ্যরূপ বা ঋষিরূপ দেবমধ্যস্থকারীকে পূজোপহার প্রদান অর্থ সূচিত করে। যাজ্ঞিক বিশ্বাস করেন,—তাঁহার প্রদত্ত আহবনীয় দ্রব্যাদি অগ্নি-মুখেই দেবসমীপে সংবাহিত হইতেছে। তৃতীয় স্তরের সাধক বুঝিতেছেন,—'ভগবানের অনুগ্রহের উপর সকলই নির্ভর করিতেছে; আমরা যে দেবোদ্দেশে হবিরাদি প্রদান করি, সে সামগ্রী গ্রহণাদির কর্ত্তাও তিনি, প্রদানের কর্ত্তাও তিনি। অতএব নির্ভর তাঁহারই উপর। তিনি আসিয়া যদি হোতৃরূপে যজ্ঞস্থলে উপবেশন করেন এবং যজ্ঞভাগ গ্রহণ করেন; তাহা হইলেই সঙ্কল্প সিদ্ধ হয়। তিনি ভিন্ন হোতাও কেহ নাই, হবির্দ্দানকর্ত্তাও কেহ নাই।' তাই দীনতা জানাইয়া সাধক যেন কহিতেছেন,—হে দেব! এস; আমার হৃদয়-রূপ যজ্ঞক্ষেত্রে আসন গ্রহণ কর; আর, আমার হৃদয়-সঞ্জাত ভক্তিসুধা গ্রহণ করিয়া আমায় কৃতকৃতার্থ কর। জানি, তুমি অভিন্ন, তুমি এক, তুমিই অনন্ত। কিন্তু দেখিতে পাই, তুমি অসংখ্য অনন্ত রূপে বিরাজমান। তাই এক ভাবিয়াও পূজা করিতেছি; আবার বহু ভাবিয়াও পূজা করিতেছি। একের পূজাও তুমি গ্রহণ কর; আবার বহুর পূজাও তুমি প্রাপ্ত হও। নির্ভর তোমার উপর। হৃদয়ে সদ্গুণ-সদ্ভাব-রূপ কুশাসন আস্তীর্ণ করিয়া রাখিয়াছি। এস, তদুপরি উপবেশন কর।'

'বর্হিষি নিষৎসি' পদদ্বয়ে, সাধারণ দৃষ্টিতে কুশাসনে উপবেশন, যজ্ঞপক্ষে মানসনেত্রে যজ্ঞক্ষেত্রে কুশাসনে উপবেশন দর্শন, এবং সাধনার পক্ষে হৃদ্দেশে সদ্বৃত্তির মধ্যে ওতঃপ্রোতঃ অবস্থান—বিভিন্ন স্তরের মানুষ বিভিন্ন ভাব গ্রহণ করিতে পারেন। আমাদিগের ব্যাখ্যায়

নিগূঢ় তাৎপর্য্য এই যে, কর্ম্মকে জ্ঞানসমন্বিত বা দেবভাববিমণ্ডিত করিবার কামনাই এখানে প্রকাশ পাইয়াছে॥ (১অ—২খ—১সূ—১সা)॥ *

•

দ্বিতীয়ং সাম।

১ ২ ২ ১ ২ ৩ ১ ২
তং ত্বা সমিদ্ভিঃ অঙ্গিরো ঘৃতেন বর্দ্ধয়ামসি।
৩ ১ ২
বৃহৎ শোচা যবিষ্ঠ্য॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অঙ্গিরঃ' (জ্যোতির্ম্ময় হে দেব) 'তং' (প্রসিদ্ধং) 'ত্বা' (ত্বাং) বয়ং 'সমিদ্ভিঃ' (সমিন্ধনহেতুভিঃ ইন্ধনৈঃ, সৎকর্ম্মসাধনৈঃ ইত্যর্থঃ) 'বর্দ্ধয়ামসি' (প্রবর্দ্ধয়াম, অস্মাকং হৃদি সম্যক্ প্রাপয়াম ইত্যর্থঃ); 'যবিষ্ঠ্য' (যুবতম, নবশক্তিসম্পন্ন, নবজীবনপ্রদাতঃ হে দেব) ত্বং 'ঘৃতেন' (অমৃতেন সহ) 'বৃহৎ' (অত্যন্তং, সর্ব্বতোভাবেন) 'শোচ' (দীপ্যস্ব, অস্মাকং হৃদি আবির্ভব ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং সৎকর্ম্মপরায়ণাঃ ভবেম; ভগবান্ কৃপয়া অস্মাকং হৃদি আবির্ভবতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (১অ—২খ—১সূ-২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

জ্যোতির্ম্ময় হে দেব! প্রসিদ্ধ আপনাকে আমরা সৎকর্ম্মসাধনের দ্বারা আমাদিগের হৃদয়ে যেন সম্যক্‌রূপে প্রাপ্ত হই; নবজীবনপ্রদাতঃ হে দেব! আপনি অমৃতের সহিত সর্ব্বতোভাবে আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন সৎকর্ম্মপরায়ণ হই; ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন।)॥ (১অ—২খ—১সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'অঙ্গিরঃ' অঙ্গনাদিগুণযুক্ত! অঙ্গিরসঃপুত্র বা অগ্নে! তং পূর্ব্বোক্তগুণং 'ত্বা' ত্বাং 'সমিদ্ভিঃ' সমিন্ধন হেতুভিঃ দারুভিঃ 'ঘৃতেন' আজ্যেন চ 'বর্দ্ধয়ামসি' বর্দ্ধয়ামঃ। অতো হে 'যবিষ্ঠ্য' যুবতমাগ্নে! 'বৃহৎ' মহৎ অত্যন্তং 'শোচ' দীপ্যস্ব॥ ২॥

---

* এই সাম-মন্ত্রটী ছন্দার্চ্চিকের আগ্নেয় পর্ব্বের প্রথম অর্থাৎ সামবেদেরই প্রথম মন্ত্র। উহা ঋগ্বেদের ষষ্ঠ মণ্ডলের ষোড়শ সূক্তের দশমী ঋক্ (চতুর্থ অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)। উত্তরার্চ্চিকে এই খণ্ডের দ্বাদশটী মন্ত্রের কোন গেয়-গান নাই।

দ্বিতীয় (৬৬১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। উভয় অংশেই ভগবৎপ্রাপ্তির জন্য প্রার্থনা করা হইয়াছে। প্রথম অংশের প্রার্থনাটী আত্মোদ্বোধন-মূলক। সৎকর্ম্মসাধনের দ্বারা হৃদয়মন পবিত্র হইলে সেই বিশুদ্ধ হৃদয়ে ভগবানের আবির্ভাব হয়। তাই বলা হইয়াছে—“আমরা যেন সৎকর্ম্মসাধনে সমর্থ হই। সৎকর্ম্মসম্পাদনের দ্বারা যেন আমাদিগের হৃদয়ে ভগবানের আসন প্রস্তুত করিতে পারি।”

কিন্তু মানুষের ইচ্ছা দ্বারাই সকল কার্য্য সম্পন্ন হয় না। তজ্জন্য ভগবানের কৃপা চাই। সেইজন্য, সেই কৃপালাভের জন্য, মন্ত্রের শেষাংশে ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। “হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগের হৃদয়ে আগমন করুন। আমরা দুর্ব্বল; আপনার কৃপা ব্যতীরেকে আপনার নিকটে যাইতে অসমর্থ। আমাদিগকে হাতে ধরিয়া লইয়া যাউন। আমরা অজ্ঞান, কি উপায়ে আপনার পূজা করিব তাহা জানি না; আপনিই কৃপা করিয়া আমাদিগকে আপনার পূজা শিখাইয়া দিন। আপনার দেওয়া উপচারে তোমারই পূজা করিব প্রভো, আমাদিগের নিজের বলিতে যে কিছুই নাই! এস, এস প্রভো, তোমার আবির্ভাবে তপ্তমরুহৃদয় শীতল হউক, প্রাণ চিদানন্দরসে ডুবিয়া যাউক।” ইহাই প্রার্থনার সারমর্ম্ম। (১অ—২খ—১সূ—২সা)।

তৃতীয়ং সাম।

১ ২ ৩২ ৩২৩ ১ ১
স নঃ পৃথু শ্রবায্যং অচ্ছা দেব বিবাসসি।
৩১ ২ ৩১২
বৃহৎ অগ্নে সুবীর্য্যম্ ॥ ৩ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা*।

‘দেব অগ্নে’ (হে জ্ঞানদেব) ‘সঃ’ (ত্বং) ‘বৃহৎ’ (মহৎ) ‘শ্রবায্যং’ (প্রশস্তং, প্রশংসনীয়ং, আকাঙ্ক্ষনীয়ং) ‘সুবীর্য্যং’ (শোভনবীর্য্যোপেতং, আত্মশক্তিদায়কং) ‘পৃথু’ (বিস্তীর্ণং, প্রভূতপরিমাণং, পরমধনং ইতি যাবৎ) ‘নঃ অচ্ছ’ (অস্মান্ অভিলক্ষ্য, অস্মভ্যং) ‘বিবাসসি’ (প্রযচ্ছ); অয়ং মন্ত্রঃ প্রার্থনামূলকঃ। ভগবান্ অস্মভ্যং পরমধনং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (১অ—২খ—১সূ—৩সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডল, ষোড়শ সূক্তের একাদশী ঋক্ (চতুর্থ অষ্টক, পঞ্চম অধ্যায় ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)। এবং শুক্লযজুর্ব্বেদের তৃতীয় অধ্যায়ের তৃতীয়া কণ্ডিকা।

বঙ্গানুবাদ।

হে জ্ঞানদেব! আপনি মহৎ আকাঙ্ক্ষণীয় আত্মশক্তিদায়ক প্রভূত-পরিমাণ পরমধন আমাদিগকে প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনা-মূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ আমাদিগকে পরমধন প্রদান করুন।)॥ (১অ—২খ—১সু—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'দেব' দ্যোতমানাগ্নে! স পূর্ব্বোক্তগুণস্ত্বং 'পৃথু' বিস্তীর্ণং 'শ্রবায্যং' শ্রবণীয়ং প্রশস্তং 'বৃহৎ' মহৎ 'সুবীর্য্যং' শোভনবীর্য্যোপেতং ধনং 'নঃ' অস্মান 'অচ্ছ' 'বিবাসসি' অভিগময়। অত্র বাজসনেয়কং – অচ্ছাদেববিবাসসীতি তন্নোঽগ্নিমযেতোবৈতদাহেতি ॥ ৩॥

* * *

তৃতীয় (৬৬২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী সরল প্রার্থনা-মূলক। ভাষ্যের সহিতও আমাদিগের বিশেষ কোন অনৈক্য ঘটে নাই। ভগবানের নিকট পরমধন লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। কিন্তু প্রচলিত কোন কোনও ব্যাখ্যায় এই ভাবের ব্যত্যয় দৃষ্ট হয়। উদাহরণ-স্বরূপ নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "হে দেব অগ্নি। তুমি আমাদিগকে প্রশস্ত পুত্রপৌত্রাদি সহকারে বিপুল উৎকৃষ্ট ধন প্রদান কর।" মূলমন্ত্রে পুত্রপৌত্রাদির কোন উল্লেখ নাই – সুতরাং ব্যাখ্যায় তাহারা কোথা হইতে আসিল, তাহা বলা যায় না। যাহাতে মানুষ সত্যিকার শক্তিলাভ করে, যে শক্তির বলে আপনার গন্তব্যপথ নিরাপদ করিতে সমর্থ হয়, সেই পরমশক্তিদায়ক ধনের জন্য প্রার্থনা করা হইয়াছে—মোহবন্ধন পুত্রপৌত্রাদির জন্য নয়। যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (১অ—২খ–১সু—৩সা)। *

প্রথমং সাম।

১ ২ ৩ ১ ২র
আ নো মিত্রাবরুণা ঘৃতৈঃ গব্যুতিং উক্ষতম্।
২ ৩ ১ ২
মধ্বা রজা৺সি সুক্রতূ ॥ ১ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের ষোড়শ সূক্তের দ্বাদশী ঋক্। (চতুর্থ অষ্টক, পঞ্চম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুক্রতু' (শোভনকর্ম্মাণৌ, সৎকর্ম্মপ্রাপকৌ) 'মিত্রাবরুণা' (হে মিত্রবরুণৌ দেবৌ, মিত্রস্থানীয়ঃ তথা অভীষ্টপূরকঃ তৌ দেবৌ) 'নঃ' (অস্মাকং) 'গোব্যূতিং' (জ্ঞানমার্গং নিবাসস্থানং বা) 'ঘৃতৈঃ' (শুদ্ধসত্ত্বৈঃ, যদ্বা—ভক্তিরসৈঃ) 'আ' (সমন্তাৎ) 'উক্ষতং' (সিঞ্চতং) তথা 'রজাংসি' (রজোভাবানি, পারলৌকিকানি আবাসস্থানানি) 'মধ্বা' (মধুররসেন অমৃতেন বা) সিঞ্চতং ইতি শেষঃ। প্রার্থনায়াঃ ভাবঃ—হে ভগবন্! মিত্ররূপেণ করুণাবারিবর্ষণেন ইহলোকে পরলোকে চ অস্মভ্যং শান্তিং প্রযচ্ছ ॥ (১অ—২খ—৩সূ ১সা)।

⁂

বঙ্গানুবাদ।

শোভনকর্ম্মযুক্ত (সৎকর্ম্মপ্রাপক) হে মিত্রবরুণ দেবতাদ্বয়! (মিত্রস্থানীয় আর অভীষ্টপূরক সেই দেবদ্বয়) আমাদিগের জ্ঞানমার্গকে অথবা নিবাসস্থানকে শুদ্ধসত্ত্বের অথবা ভক্তিরসের দ্বারা সর্ব্বতোভাবে সিঞ্চন করুন; আর রজোভাবসমূহকে অথবা পারলৌকিক আবাসস্থানসমূহকে অমৃতের দ্বারা (মধুররসের দ্বারা) অভিসিঞ্চন করুন। (প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! মিত্ররূপে করুণাবারিবর্ষণের দ্বারা ইহলোক ও পরলোকে আমাদিগকে শান্তি দান করুন।)। (১অ—২খ—৩সূ—১সা)॥

⁂

সায়ণ-ভাষ্যং।

'সুক্রতু' শোভনকর্ম্মাণৌ! 'মিত্রাবরুণা' হে মিত্রাবরুণৌ! 'নঃ' অস্মাকং 'গব্যূতিং' গবাং মার্গং গোনিবাসস্থানং 'ঘৃতৈঃ' ক্ষরণসাধনৈঃ পয়োভিরুদকৈঃ 'আ উক্ষতং' সমন্তাৎ অসিঞ্চতং। অস্মভ্যং দোগ্ধ্রীঃ গাঃ প্রযচ্ছতমিত্যর্থঃ। কিঞ্চ 'মধ্বা' মধুরেণ সুরসেন 'রজাংসি' পারলৌকিকানি অস্মদাবাসস্থানানি 'সিঞ্চতং' ॥ (১অ—২খ—৩সূ—১সা)।

⁂

প্রথম (৬৬৩) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রে মিত্র ও বরুণ যুগ্ম দেবতার সম্বোধন পরিদৃষ্ট হয়। দেবতা—মিত্র; দেবতা—বরুণ। ভাব এই যে,—'দেবতা মিত্ররূপে আসুন—দেবতা অভীষ্টপূরক হউন।' দেবতা কেমন? না—শোভনকর্ম্মকারী বা সুকর্ম্মপ্রাপক। অর্থাৎ, সেই মিত্র-বরুণ দেবতা সৎকর্ম্মের নিয়ন্তা। এখন, তাঁহাদিগের নিকট কোন্ সামগ্রী প্রার্থনা করা হইতেছে, তাহা বুঝিয়া দেখুন। প্রথম বলা হইয়াছে—"নঃ গোব্যূতিং ঘৃতৈঃ আ উক্ষতং।"

তার পর বলা হইয়াছে "রজাংসি মধ্বা উক্ষতং।" প্রার্থনা—দ্বিবিধ সামগ্রী। কিন্তু প্রচলিত অর্থসমূহে প্রার্থিতব্য সেই সামগ্রী অতি হেয়-সামগ্রীর মধ্যেই পরিগণিত হইয়া আছে। কেন-না, 'গোব্যূতিং' পদে সাধারণতঃ 'গবাং মার্গং গোনিবাসস্থানং' অর্থাৎ গাভী চলাচলের পথ বা গরুর গৃহ (গোয়াল) অর্থ গ্রহণ করা হয়। গরুর পথকে বা গরুর গৃহকে ঘৃতের দ্বারা সিক্ত কর—মন্ত্রের প্রথমাংশে এই অর্থই সিদ্ধ হয়। যদিও তাহা নিরর্থক, কিন্তু তাহা হইতে ভাব গ্রহণ করা হইয়া থাকে, 'আমাদিগকে দুগ্ধবতী গাভীদান করুন।' তার পর 'রজাংসি' পদে পরলোক-সংক্রান্ত বাসস্থানসমূহ অর্থ গ্রহণ করিয়া সেই বাসস্থানকে দুগ্ধের দ্বারা (মধ্বা) সেচন করা হউক—এইরূপ প্রার্থনা প্রকাশ পায়। এইরূপে মন্ত্রের অর্থ দাঁড়াইয়া গিয়াছে,'—হে মিত্র-বরুণ দেবদ্বয়! তোমরা আমাদিগকে কতকগুলি গাভী দান কর; আর, আমাদিগের পরলোকের আবাসস্থান-সকল যেন দুগ্ধ দ্বারা সিক্ত হয়, অর্থাৎ সেখানে গিয়াও যেন পর্য্যাপ্ত দুগ্ধ প্রাপ্ত হই।'

যাহার যতটুকু আকাঙ্ক্ষা, বেদমন্ত্র তাহার পক্ষে ততটুকু সামগ্রী প্রদানের ভাব দ্যোতনা করে। তাই, পক্ষান্তরে দেখিতে গেলে, এই মন্ত্রে পরমার্থের পরমতত্ত্বেরও সন্ধান প্রাপ্ত হই। 'গোব্যূতিং' পদে দ্বিবিধ অর্থ গ্রহণ করিতে পারি। 'জ্ঞানমার্গ' অথবা 'নির্ব্বাণ-স্থান' এই দুই অর্থ ঐ পদে প্রাপ্ত হই। 'ঘৃতৈঃ' পদে 'শুদ্ধসত্ত্বসমূহের দ্বারা' অথবা 'ভক্তিরসের দ্বারা' অর্থ আসিয়া থাকে। তাহা হইলে এই মন্ত্রের প্রথমাংশের, 'নঃ' হইতে 'উক্ষতং' প্রভৃতি পদ-কয়েকটীর, প্রার্থনার মর্ম্ম এই দাঁড়ায় যে,—'হে দেবগণ! আমাদিগের জ্ঞানমার্গ ভক্তিরসের দ্বারা আর্দ্র হউক; অর্থাৎ, আমরা যেন শুষ্ক জ্ঞানের বৃথা বিতর্কে কালাতিপাত না করি।' এক অর্থে এই ভাব আসিতে পারে। আর এক অর্থে,—'আমাদিগের নিবাসস্থানকে অর্থাৎ এই পৃথ্বীলোককে শুদ্ধসত্ত্বসমূহের দ্বারা সিক্ত করুন; ইহলোকে যেন আর অসত্ত্বের প্রাধান্য—পাপের প্রকোপ বৃদ্ধি না পায়, সকলেই যেন সত্ত্বসম্পন্ন হয়;' এই এক ভাব পাওয়া যায়। ফলতঃ মন্ত্রের প্রথমাংশের প্রার্থনায় ঐ দুই সুষ্ঠুভাবই সঙ্গত হয়।

মন্ত্রের দ্বিতীয় অংশে 'রজাংসি' ও 'মধ্বা' পদদ্বয় উপলক্ষে আর দুই সুষ্ঠু ভাব গ্রহণ করা যায়। 'রজাংসি' পদে 'রজোভাবসমূহ' অথবা 'পারলৌকিক আবাসস্থানসমূহ' অর্থ গ্রহণ করিতে পারি। সে পক্ষে 'মধ্বা' পদে মধুররসের দ্বারা' বা 'অমৃতের দ্বারা' অর্থ গ্রহণ করা যায়। মানুষের রজোভাব নাশ করার পক্ষে মধুররসের একান্ত আবশ্যক। আবার পারলৌকিক আবাসস্থানে অমৃতই পরম বাঞ্ছনীয়। স্বর্গাদির পর যে মোক্ষের স্থান, সেই স্থান পাইবার কামনাই 'রজাংসি মধ্বা সিঞ্চতং' বাক্যে প্রকাশ পায়। এই সকল বিষয় বিবেচনা করিলে, এই মন্ত্রে ইহলোকে ও পরলোকে শক্তিলাভের প্রার্থনাই প্রকাশ পাইয়াছে বুঝিতে পারা যায়। (১অ-২খ-২সূ ১সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ছন্দার্চ্চিকের ২অ-১১খ—১১দ—৭ম সাম। ঋগ্বেদ-সংহিতার তৃতীয় মণ্ডলের দ্বিষষ্টীতম সূক্তের ষোড়শী ঋক্ (তৃতীয় অষ্টক, চতুর্থ অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ১ ১ ২র
উরুশংসা নমো বৃধা মহ্না দক্ষস্য রাজথঃ।
৩ ২
দ্রাঘিষ্ঠাভিঃ শুচিব্রতা ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'শুচিব্রতা' (পরিশুদ্ধকর্ম্মাণৌ, পবিত্রকারকৌ হে দেবৌ) 'উরুশংসা' (বহুভিঃ শংসনীয়ৌ, সর্ব্বৈঃ পূজিতৌ পরম মহিমান্বিতৌ) 'দ্রাঘিষ্ঠাভিঃ নমোবৃধা' (দীর্ঘস্তুতিভিঃ পূজিতৌ, প্রভূত প্রার্থনয়া আরাধনীয়ৌ) যুবাং 'দক্ষস্য' (শক্তেঃ, আত্মশক্তেঃ) 'মহ্না' (মহত্বেন) 'রাজথঃ' (বিরাজথঃ, যদ্বা বিশ্বস্য প্রভূ ভবথঃ); নিত্যসত্যমূলকোঽয়ং। ভগবান সর্ব্বৈঃ আরাধিতঃ পরমশক্তিসম্পন্নঃ বিশ্বস্বামী ভবতি — ইতি ভাবঃ। (১অ—২খ—২সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রকারক হে দেবদ্বয়! পরম মহিমান্বিত, প্রভূত প্রার্থনা দ্বারা আরাধনীয় আপনারা আত্মশক্তির মহত্বে বিরাজ করেন (অথবা বিশ্বের প্রভু হয়েন)। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ সকলের আরাধিত পরম শক্তিসম্পন্ন বিশ্বস্বামী হয়েন।) ॥ (১অ—২খ—২সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'শুচিব্রতা' পরিশুদ্ধকর্ম্মাণৌ। হে মিত্রাবরুণৌ! উরুশংসা উরুভিঃ বহুভিঃ শংসনীয়ৌ যদ্বাত্র বৃহচ্ছংসঃ শস্ত্রং যয়োস্তৌ। 'নমোবৃধা' নমসা হবির্লক্ষণেনান্নেন স্তোত্রেণ বা বর্দ্ধমানৌ। 'দ্রাঘিষ্ঠাভিঃ' অত্যন্তদীর্ঘস্তুতিলক্ষণাভির্যুক্তৌ যুবাং 'দক্ষস্য' দক্ষতে সমর্থো ভবত্যনেনেতি দক্ষং ধনং বলং বা তস্য 'মহ্না' মহত্বেন 'রাজথঃ' ঈশাথে ॥ ২ ॥

* * *

দ্বিতীয় (৬৬৪) সামের মর্ম্মার্থ।

—— § • • § ——

ভগবান্ আপনার মহিমায় আপনি বিরাজ করেন। তিনি শক্তির আধার, তাঁহা হইতেই জগৎ শক্তি লাভ করে। জগৎ তাঁহার চরণে প্রণত হয়। বিশ্ববাসী আপনার পরমমঙ্গলের জন্য, জীবনের চরম উদ্দেশ্য সাধনের নিমিত্ত, সেই পরমমহিমাময় দেবতার শরণ গ্রহণ করে।

তিনি জগতের মিত্রভূত, এবং মানবের অভীষ্টবর্ষক। ভগবানের এই দুই স্বরূপকে লক্ষ্য করিয়াই মন্ত্র তাঁহার মহিমাখ্যাপন করিয়াছেন। সেই জন্যই দ্বিবচনান্ত পদ ব্যবহৃত হইয়াছে। বস্তুতঃ তিনি একমেবাদ্বিতীয়ং।

এই মন্ত্রের ব্যাখ্যাকালে প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের বিশেষ কোন অনৈক্য ঘটে নাই। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ দেওয়া গেল। "হে শুচিব্রত! তোমরা অনেকের স্তুতিভাজন এবং উপাসনাদ্বারা বর্দ্ধমান। তোমরা দীর্ঘ স্তুতিযুক্ত হইয়া বলমাহাত্ম্যে বিরাজ কর।" (১অ—২খ—২সূ—২সা)। *

—•—

তৃতীয়ং সাম।

৩ ২ ৩১২ ৩ ১ ২ ৩ ১ ১
গৃণানা জমদগ্নিনা যোনৌ ঋতস্য সীদতম্।
৩ ১ ২র
পাত৺ সোমং ঋতাবৃধা ॥ ৩॥

• •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেবৌ! 'জমদগ্নিনা' (প্রজ্জ্বলিতজ্ঞানাগ্নিনা, পরাজ্ঞানসম্পন্নেন জনেন ইত্যর্থঃ) 'গৃণানা' (আরাধিতৌ সন্তৌ) যুবাং 'ঋতস্য যোনৌ' (সত্যস্য উৎপত্তিস্থানং, তস্য হৃদয়ং ইত্যর্থঃ) 'সীদতং' (উপবিশতং, প্রাপ্নুতং); 'ঋতাবৃধা' (সত্যস্য বর্দ্ধয়িতারৌ, সত্যপ্রাপকৌ হে দেবৌ) যুবাং কৃপয়া 'সোমং' (সত্ত্বভাবং, অজ্ঞানানাং অস্মাকং হৃদি সত্ত্বভাবং উৎপাদ্য তং ইত্যর্থঃ) 'পাতং' (পিবতং, গৃহ্নীতং); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান কৃপয়া সত্ত্বভাবং প্রদায় অস্মান্ মোক্ষলাভসমর্থান্ করোতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (১অ—২খ—২সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে দেবদ্বয়! পরাজ্ঞানসম্পন্ন ব্যক্তির দ্বারা আরাধিত হইয়া আপনারা তাঁহার হৃদয়কে প্রাপ্ত হয়েন; সত্যপ্রাপক হে দেবদ্বয়! আপনারা কৃপাপূর্ব্বক অজ্ঞান আমাদিগের হৃদয়ে সত্ত্বভাব উৎপাদন করিয়া তাহা গ্রহণ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবন্ কৃপাপূর্ব্বক সত্ত্বভাব প্রদান করিয়া আমাদিগকে মোক্ষলাভসমর্থ করুন।)। (১অ—১খ—২সূ—৩সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার তৃতীয় মণ্ডলের দ্বিষষ্ঠীতম সূক্তের সপ্তদশী ঋক্ (তৃতীয় অষ্টক, চতুর্থ অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

হে মিত্রাবরুণৌ! 'জমদগ্নিনা' এতন্নামকেন মহর্ষিণা যদ্বা জমদগ্নিনা প্রজ্জ্বলিতাগ্নিনা বিশ্বামিত্রেণ 'গৃণানা' স্তূয়মানৌ যুবাং 'ঋতস্য' যজ্ঞস্য 'যোনৌ' দেবযজনাখ্যে দেশে 'সীদতং' উপবিশতং' 'ঋতাবৃধা' ঋতস্য কর্ম্মফলস্য বর্দ্ধয়িতারৌ যুবাং 'সোমং' 'পাতং' অস্মাভিরভিষুতং সোমং পিবতং। (১অ–২খ–২স্থ–৩সা)।

⁂

তৃতীয় (৬৬৫) সামের মর্ম্মার্থ।

জ্ঞানীর হৃদয়ই জ্ঞানস্বরূপ ভগবানের নিবাস স্থান। প্রজ্জ্বলিত জ্ঞানাগ্নি সাধকের হৃদয়ের সকল আবর্জ্জনা পুড়িয়া ভস্ম করিয়া দেয়। হৃদয় বিশুদ্ধ ও নির্ম্মল হইলেই তাহাতে ভগবানের ছায়া প্রতিফলিত হয়। বিশুদ্ধ হৃদয় জ্ঞানী সাধক হৃদয়ে ভগবানের আবির্ভাব উপলব্ধি করিতে পারেন। তাহাতে তাঁহার উৎসাহ ও শক্তি বর্দ্ধিত হয়। তিনি অধিকতর আগ্রহের সহিত, হৃদয়ের সমস্ত শক্তির সহিত, ভগবানের আরাধনায় আত্ম-নিয়োগ করেন। ভগবানও তপঃশক্তির আকর্ষণে সাধকের হৃদয়ে আবির্ভূত হয়েন। মন্ত্রের প্রথমাংশে এই সত্যই প্রখ্যাপিত হইয়াছে।

কিন্তু যাহারা জ্ঞানসম্পন্ন নহেন, যাহাদের সাধনাগ্নি প্রখর উজ্জ্বল নহে তাহাদের উপায় কি? তাহারা কি চিরদিনই পতিত থাকিবে? তাহারা কি মুক্তি পাইবে না? তাহাদিগের মুক্তির উপায়—ভগবানের নিকট একান্তভাবে প্রার্থনা। "হে ভগবন্! আমরা অজ্ঞান, দুর্ব্বল। আমাদিগের সাধনশক্তি নাই, হৃদয় সত্ত্বভাবের প্রভাবে বিশুদ্ধ নয়। আমাদিগের কি গতি হইবে প্রভো! আপনি কৃপাপূর্ব্বক আমাদিগকে হাতে ধরিয়া লইয়া যাউন, মোক্ষমার্গে পরিচালিত করুন। আপনিই আমাদিগের হৃদয়ে সত্ত্বভাব, পরাজ্ঞান প্রদান করুন। যেন আপনার দেওয়া উপচারে আপনারই পূজা করিতে পারি, আপনার দেওয়া শক্তিবলে আপনারই চরণতলে উপস্থিত হইতে পারি।" (১অ—২খ—২স্থ–৩সা)।

* * *

প্রথমং সাম।

১ ২ ৩২উ ৩ ২ ৩ ২ ৩ ১২ ৩২
আয়াহি সুষুমা হি ত ইন্দ্র সোমং পিবা ইমম্।
২উ ৩ ১ ২ ৩ ২২
এদং বর্হিঃ সদো মম॥ ১॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার তৃতীয় মণ্ডলের দ্বিষষ্টীতম সূক্তের অষ্টাদশী ঋক্ (তৃতীয় অষ্টক, চতুর্থ অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) 'আয়াতি' (আগচ্ছ—অস্মৎসকাশং ইতি ভাবঃ); 'তে' (তব প্রভাবেন) 'সুষুমা হি' (বয়ং মনুষ্যাঃ মরদেহবিশিষ্টাঃ, যদ্বা—বয়ং যেন সত্ত্বসম্পন্না ভবাম তদ্বিধেহি ইতি শেষঃ); অতঃ 'ইমং' (এতং, জন্মসহজাতং অতিসামান্যং বর্ত্তি ইতি ভাবঃ) 'সোমং' (শুদ্ধসত্ত্বং) 'আ' (সর্ব্বতোভাবেন) 'পিব' (গৃহাণ); 'মম' (মদীয়ং) 'ইদং' (এতৎ, উপেক্ষিতং) 'বর্হিঃ' (হৃদ্রূপং দর্ভাসনং) 'আ সদঃ' (আসীদ, প্রাপয়)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। প্রার্থনায়াঃ ভাবঃ—'হে ভগবন্! কৃপয়া মাং সত্ত্বসম্পন্নং কুরু তথা মদীয়ে এতস্মিন্ উপেক্ষিতে হৃদয়ে আসনং গৃহাণ।' (১অ-২খ—৩সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! আমাদিগের নিকটে আগমন করুন; আমরা মরদেহবিশিষ্ট মনুষ্য (অথবা, আপনার প্রভাবের দ্বারা আমরা যেন শুদ্ধ সত্ত্বসম্পন্ন হইতে পারি, তাহা বিহিত করুন); অতএব, জন্মসহজাত এই যে অতি সামান্য শুদ্ধসত্ত্ব আছে, সর্ব্বতোভাবে তাহা গ্রহণ করুন, এবং আমার এই উপেক্ষিত হৃদয়রূপ দর্ভাসনে আসীন হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপা করিয়া আমাকে সত্ত্বসম্পন্ন করুন এবং আমার এই উপেক্ষিত হৃদয়ে আসন গ্রহণ করুন।)। (১অ—২খ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র! ত্বং 'আয়াহি' অস্মদ্ যজ্ঞং প্রত্যাগচ্ছ যস্মাৎ 'তে' ত্বদর্থং 'সুষুমা হি' সোমমভিষুতবন্তঃ খলু তং 'ইমং' অভিষুতং সোমং ত্বং পিব ত্বদর্থং 'মম' মদীয়ং ইদং 'বর্হিঃ' বেদ্যামাস্তীর্ণং দর্ভং 'আ সদঃ' আসীদ অভি নিষীদ। (১অ—২খ—৩সূ—১সা)॥

• • •

প্রথম (৬৬৬) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের অন্তর্গত 'সুষুমা' 'সোমং' এবং 'বর্হিঃ'—এই তিনটী পদের অর্থ উপলক্ষে মন্ত্রের ভাব সম্পূর্ণ পরিবর্ত্তিত হইয়া আছে। 'সুষুমা' পদে 'আমরা সোমরস অভিষুত করিয়া রাখিয়াছি'—এইরূপ অর্থ গ্রহণ করা হয়। এ অর্থ যে সম্পূর্ণ কষ্টকল্পনাপ্রসূত, তাহা সহজেই বুঝা যাইতে পারে। 'সোমং' পদের সঙ্গে ঐ পদের প্রয়োগ রহিয়াছে বলিয়াই এখানে অভিষব-ক্রিয়াকে টানিয়া আনা হইয়াছে। নচেৎ, নিঘণ্টু-নিরুক্ত অনুসারেও ঐ পদের ঐ অর্থ সিদ্ধ হয় না; আবার, যুক্তি অনুসারেও ঐ পদের অন্য অর্থ

সিদ্ধান্তিত হইতে পারে। 'সুষুমাঃ' পদ মনুষ্য নাম মধ্যে নিরুক্তে পঠিত হয়। সে অর্থের অনুসরণ করিলে 'সুষুমাঃ' পদের প্রতিবাক্যে 'বয়ং মনুষ্যাঃ নরদেহবিশিষ্টাঃ' এইরূপ অর্থ গ্রহণ করিতে পারি। 'সোমং' পদে যথাপূর্ব্ব শুদ্ধসত্ত্ব অর্থই সঙ্গত হয়। তাহা হইতে মন্ত্রের প্রার্থনার ভাব পাই এই যে,—'হে ভগবন্! আমরা নরদেহধারী, আপনি অশরীরী, সুতরাং আমাদিগের সহিত আপনার সাক্ষাৎ মিলন সম্ভবপর নহে। অপিচ, আমরা এমন কোনও সৎকর্ম্ম করিতে পারি নাই, যদ্দ্বারা আপনাকে লাভ করিতে পারি। তাই প্রার্থনা জন্মসহজাত স্বতঃসঞ্জাত যে শুদ্ধসত্ত্বটুকু হৃদয়ে আছে, তাহা আপনি গ্রহণ করুন; আর এই হৃদয়ে আসিয়া সমাসীন হউন।'

প্রচলিত অর্থের ভাব,—'হে ইন্দ্র! তুমি এস। তোমার জন্য সোমরস প্রস্তুত করিয়া রাখিয়াছি। তাহা পান কর, আর এই কুশের উপর উপবেশন কর।' কিন্তু আমাদিগের অর্থ হইল,—'আমরা ক্ষুদ্র মানুষ; আমাদিগের কি আছে যে, আপনাকে প্রদান করিব? আপনি কৃপা করিয়া হৃদয়ে আসিয়া আবির্ভূত হউন, আর হৃদয়ে স্বতঃসঞ্জাত যে সত্ত্বভাব আছে, তাহাই গ্রহণ করুন।' ভাবের যে আকাশ-পাতাল পার্থক্য দাঁড়াইল, তাহার কারণ—মন্ত্রান্তর্গত পদ-কয়েকটীর মর্ম্মপরিগ্রহণেই উপলব্ধ হইবে। 'সুষুমা হি' পদে আমরা দ্বিবিধ ভাব গ্রহণ করিয়াছি। এক ভাবে 'মনুষ্য' অর্থ গ্রহণ করিতে পারি, আর এক ভাবে প্রার্থনা প্রকাশ পায়। শেষোক্ত অর্থ প্রকাশে 'সুষুমা হি' পদের প্রতিবাক্যে "বয়ং যেন সত্ত্বসম্পন্না ভবামঃ তদ্বিধেহি" এইরূপ পদসমষ্টি গ্রহণ করা যায়। 'ইমং' আর 'ইদং' পদে, যথাক্রমে 'অতি সামান্য' এবং 'উপেক্ষিত' ভাব আসে 'বর্হিঃ' পদ হৃদয়-রূপ কুশাসন অর্থ প্রকাশ করে। বহুত্র এসকল বিষয় আলোচিত হইয়াছে। সুতরাং অধিক বিশ্লেষণ নিষ্প্রয়োজন। ফলতঃ এ মন্ত্রে ভগবানকে প্রাপ্ত হওয়ার আকুল কামনা প্রকাশ পাইয়াছে। তিনি কৃপা করিয়া আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন মন্ত্রের প্রার্থনার ইহাই সারমর্ম্ম॥ (১অ—২খ · ৩সূ ১সা)। *

— • —

দ্বিতীয়ং সাম।

১　২　৩২৩　২৩　১২　৩ ১ ২
আ ত্বা ব্রহ্মযুজা হরী বহতাং ইন্দ্র কেশিনা।
২৩　১২
উপ ব্রহ্মাণি নঃ শৃণু ॥ ২॥

---

* এই সাম-মন্ত্রটী ছন্দার্চ্চিকের ২অ ৮খ—৮দ-সপ্তম সাম। ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের সপ্তদশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলাধিপতে হে দেব !) 'ব্রহ্মযুজা' (প্রার্থনাসমন্বিতে) 'কেশিনা' (শিখাবন্তৌ, রশ্মিযুতে, সুপথপ্রদর্শকে) 'হরী' (পাপহারকে ভক্তিজ্ঞানে) 'ত্বা' (ত্বাং) 'আ' (অভিলক্ষ্য, সাধকহৃদয়ং অভিলক্ষ্য, সাধকহৃদয় ইত্যর্থঃ) 'বহতাম' (প্রাপয়তাং) ; হে দেব ! 'নঃ' (অস্মাকং) 'ব্রহ্মাণি' (প্রার্থনাঃ পূজাঃ) 'উপশৃণু' (সম্যক্ আকর্ণয়, গৃহাণ) ; নিত্যসত্যমূলকোঽয়ং জ্ঞানভক্তিসমন্বিতয়া প্রার্থনয়া সাধকঃ ভগবন্তং প্রাপ্নোতি—ইতি ভাবঃ ॥ (১অ—২খ—৩সূ—২সা) ॥

° ° °

বঙ্গানুবাদ।

বলাধিপতি হে দেব ! প্রার্থনাসমন্বিত সুপথপ্রদর্শক পাপহারক ভক্তিজ্ঞান আপনাকে সাধকহৃদয়ে প্রাপ্ত করায় ; হে দেব ! আমাদিগের প্রার্থনা, পূজা গ্রহণ করুন। (ভাব এই যে,—জ্ঞানভক্তিসমন্বিত প্রার্থনাদ্বারা সাধক ভগবানকে প্রাপ্ত হয়েন।) ॥ (১অ—২খ—৩সূ—২সা) ॥

° ° °

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র ব্রহ্মযুজা ব্রহ্মণা মন্ত্রেণ যুজ্যমানৌ 'কেশিনা' কেশিনৌ কেশবন্তৌ 'হরী' হরণশীলৌ বা অশ্বৌ 'ত্বাং' ত্বাং 'অবহতাং' অভিপ্রাপয়তাং। ত্বং চাস্মত্সমুপেত্য 'নঃ' অস্মাকং 'ব্রহ্মাণি' স্তোত্রাণি শৃণু সম্যক্ চিত্তে ধারয় ॥ (১অ—২খ—৩সূ—২সা) ॥

° ° °

দ্বিতীয় (৬৬৭ সামের মর্ম্মার্থ।

জ্ঞান ও ভক্তি—এই দুয়ের প্রত্যেকটীই সাধককে মোক্ষমার্গে লইয়া যাইতে পারে। যদি সাধকের হৃদয়ে জ্ঞান ও ভক্তির একত্র মিলন হয় এবং তদুপরি প্রার্থনার সংযোগ ঘটে, তাহা হইলে সাধকের ভগবৎপ্রাপ্তির বিলম্ব হয় না। তাই বলা হইয়াছে—'প্রার্থনাসমন্বিত ভক্তিজ্ঞান আপনাকে সাধক হৃদয়কে প্রাপ্ত করায়।' ভক্তি ও জ্ঞানই মানুষের মোক্ষমার্গের সর্ব্বশ্রেষ্ঠ সম্বল। মন্ত্রের প্রথম অংশে এই সত্যই বিবৃত হইয়াছে।

মন্ত্রান্তর্গত 'হরী' পদের ব্যাখ্যা উপলক্ষে প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের অনৈক্য ঘটিয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "হে ইন্দ্র ! মন্ত্রদ্বারা যোজিত, কেশরবিশিষ্ট হরিদ্বয় তোমাকে আনয়ন করুক, তুমি (যজ্ঞে) আসিয়া আমাদের স্তোত্র শ্রবণ কর।" 'হরী' পদে ভাষ্যকার 'হরণশীলৌ বা অশ্বৌ' অর্থ গ্রহণ করিয়াছেন। অন্য একজন ব্যাখ্যাকার উভয়দিক রক্ষা করিয়া "পাপনাশক অশ্ব" অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু অশ্ব 'হরণশীল' অথবা 'পাপনাশক' অথবা 'ব্রহ্মযুজা' হয় কিরূপে ? ঐ সকল ব্যাখ্যা দ্বারা কি কোন সঙ্গত অর্থ প্রাপ্ত হওয়া যায় ? আমরা পূর্ব্বাপরই 'হরী' পদে 'পাপহারকৌ'

অর্থ গ্রহণ করিয়া আসিতেছি। এখানেও ঐ অর্থে সঙ্গতি লক্ষিত হয়। জ্ঞানভক্তিই পাপহারক; 'হরী' পদে 'জ্ঞানভক্তি' অথবা জ্ঞান ও সৎকর্ম্মকে লক্ষ্য করে। 'কেশিনা' পদের ব্যাখ্যার জন্য আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম ৮২সূ—৬ঋ) দ্রষ্টব্য। সেখানেই তাহা আলোচিত হইয়াছে। (১অ—২খ-৩সূ—২সা)। *

তৃতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ২ ৩ ১ ২
ব্রহ্মাণঃ ত্বা যুজা বয়ং সোমপাং ইন্দ্র সোমিনঃ।
৩ ১ ২
সুতাবন্তো হবামহে ॥ ৩॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলাধিপতে হে দেব) 'ব্রহ্মাণ যুজা' (স্তোত্রেণ যুক্তাঃ, প্রার্থনাকারিণঃ ইত্যর্থঃ) 'সোমিনঃ' (সোমাভিলাষিণঃ, সত্ত্বভাবকামিনঃ) 'বয়ং' 'সুতাবন্তঃ' (বিশুদ্ধতাযুক্তাঃ, বিশুদ্ধহৃদয়াঃ সন্তঃ ইত্যর্থঃ) 'সোমপাং' (সোমস্য পাতারং, সত্ত্বভাবরক্ষকং, সত্ত্বভাবদাতারং) 'ত্বা' (ত্বাং) 'হবামহে' (আরাধয়াম); মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ। বয়ং সত্ত্বভাবদায়কং ভগবন্তং আরাধয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (১অ ২খ—৩সূ ৩সা)।

⁂

বঙ্গানুবাদ।

বলাধিপতে হে দেব! প্রার্থনাকারী সত্ত্বভাবকামী আমরা বিশুদ্ধহৃদয় হইয়া সত্ত্বভাবদাতা আপনাকে যেন আরাধনা করি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে;—আমরা যেন সত্ত্বভাবদায়ক ভগবানকে আরাধনা করি।)। (১অ—২খ—৩সূ—৩সা)।

⁂

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র 'ব্রাহ্মণঃ' ব্রহ্মাণঃ বয়ং ত্বাং ত্বা 'যুজা' যোগ্যেন স্তোত্রেণ 'হবামহে' আহ্বয়ামহে কথম্ভূতং? 'সোমপাং' সোমস্য পাতারং। ঈদৃশা বয়ং 'সোমিনঃ' সোমযুক্তাঃ 'সুতাবন্তঃ' অভিষুতৈঃ সোমৈরুপেতাঃ। 'ব্রহ্মাণস্ত্বা যুজাবয়ং' – 'ব্রহ্মাণস্ত্বা বয়ং যুজা'—ইতি পাঠে। ৩।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের সপ্তদশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

তৃতীয় (৬৬৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। উহার মধ্যে আত্মোদ্বোধনের ভাবও আছে। ভগবানই সত্ত্বভাবের আধার, তাঁহার নিকট হইতেই মানুষ সত্ত্বভাব প্রাপ্ত হয়। তাই, তাঁহাকে আরাধনা করা হইয়াছে এবং তাঁহার নিকটেই প্রার্থনা নিবেদন করা হইয়াছে। যাঁহারা সত্ত্বভাব পাইতে কামনা করেন, তাঁহারা সেই কল্পতরুমূলেই কামনা নিবেদন করেন। আর ঐকান্তিকতার সহিত প্রার্থনা করিলে তাহা কখনও বিফল হয় না।

ভাষ্যকার 'ব্রহ্মাণযুজা' পদের 'ব্রহ্মাণ' অংশের অর্থ করিয়াছেন 'ব্রাহ্মণাঃ' অথচ, তাহার পূর্ব্ব মন্ত্রের 'ব্রহ্মযুজা' পদের 'ব্রহ্ম' অংশের অর্থ করিয়াছেন—মন্ত্র! 'ব্রহ্ম' শব্দ 'পরমব্রহ্ম' ও 'প্রার্থনা' অর্থে শ্রুতিতে ব্যবহৃত হইয়াছে। পূর্ব্বে বহুত্র আমরা তাহার উদাহরণ পাইয়াছি। ভাষ্যকার এখানে হঠাৎ 'ব্রহ্মাণ' পদে 'ব্রাহ্মণাঃ' অর্থ গ্রহণ করিলেন কেন, তাহা বুঝা যায় না। এখানে 'ব্রাহ্মণাঃ' অর্থ করায় অর্থগৌরবেরও হানি হইয়াছে। 'ব্রাহ্মণ আমরা প্রার্থনা করিতেছি'—একথা বলায় প্রার্থনাকারীদিগের কি কোন বিশেষত্ব প্রকাশ পাইল? মূলার্থের ব্যত্যয় ঘটাইবার পক্ষপাতী আমরা নহি। প্রচলিত একখানা বাঙ্গালা ব্যাখ্যাতে 'ব্রহ্মাণ' পদে 'স্তোতা' অর্থ গৃহীত হইয়াছে। আমাদিগের মতেও উহা সঙ্গত অর্থ। অন্যান্য পদের ব্যাখ্যা সম্বন্ধে আমাদিগের মর্ম্মানুসারিণী ব্যাখ্যা দ্রষ্টব্য। (১অ—২খ—৩সূ - ৩সা)। *

প্রথমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২উ ৩ ১ ২
ইন্দ্রাগ্নী আগত৺ সুতং গীর্ভিঃ নভো বরেণ্যং।
৩ ১ ২ . ৩ ২ ৩ ২
অস্য পাতং ধিয়েষিতা ॥ ১ ॥

* *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্রাগ্নী' (হে বলাধিপতে দেব তথা জ্ঞানদেব) যুবাং 'অস্য' (সাধকস্য) 'গীর্ভিঃ' (স্তোত্রৈঃ, প্রার্থনাভিঃ) 'ইষিতা' (প্রেরিতৌ, প্রীতৌ সন্তৌ ইত্যর্থঃ) 'নভঃ' (নভসঃ, দ্যুলোকাৎ) 'আগতং' (আগচ্ছতঃ) তথা 'ধিয়া' (ধীশক্ত্যা, আত্মশক্ত্যা) অস্য 'বরেণ্যং' (বরণীয়ং)

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের সপ্তদশ সূক্তের তৃতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

'সুতং' (বিশুদ্ধং—সত্ত্বভাবং ইতি যাবৎ) 'পাতং' (রক্ষতঃ, যদ্বা গৃহ্ণীতঃ) ; নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ সাধকং সর্ব্বতোভাবেন রক্ষতি—ইতি ভাবঃ ॥ (১অ - ২খ—৪সূ - ১সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

হে বলাধিপতিদেব এবং জ্ঞানদেব! আপনারা সাধকের প্রার্থনাদ্বারা প্রীত হইয়া দ্যুলোক হইতে আগমন করেন এবং আত্মশক্তিরদ্বারা ইহার বরণীয় বিশুদ্ধ সত্ত্বভাব রক্ষা করেন (অথবা গ্রহণ করেন)। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ সাধককে সর্ব্বতোভাবে রক্ষা করেন।) ॥ (১অ—২খ—৪সূ—১সা) ॥

∴

সায়ণ-ভাষ্যং।

ইন্দ্রশ্চাগ্নিশ্চ 'ইন্দ্রাগ্নী' দেবৌ 'সুতং' অভিষবাদিভিঃ সংস্কারৈঃ সংস্কৃতং অতএব 'বরেণ্যং' বরণীয়ং সম্ভজনীয়মিমং সোমং প্রতি 'গীর্ভিঃ' অস্মদীয়াভির্ব্বাগ্‌ভিরাহুতৌ সন্তৌ 'নভঃ' নভসঃ স্বর্গাখ্যাৎ স্থানাৎ 'আগতং' আগচ্ছতং। আগত্য চ 'ধিয়া' অস্মাভিঃ ক্রিয়মাণেন কর্ম্মণা 'ইষিতা' ইষিতৌ প্রেরিতৌ যুবাং 'অস্য' ইমং সোমং 'পাতং' পিবতং। যদ্বা 'ধিয়া' অস্মদীয়য়া বুদ্ধ্যা ইষিতৌ প্রাপ্তৌ অস্মদ্ভক্ত্যা প্রেরিতৌ যুবামিমং সোমং পিবতং ॥ ১ ॥

∴

প্রথম (৬৬৯) সামের মর্ম্মার্থ।

ভগবানই জগতের রক্ষাকর্ত্তা তিনি বিশেষভাবে সাধকদিগকে রক্ষা করেন। সাধকের হৃদয়ে যে সুকুমার পবিত্র মনোভাব জন্মলাভ করে, তাহা সামান্য আঘাতে নষ্ট হইয়া যাইতে পারে। সুতরাং তাহাকে অতি সাবধানে রক্ষা করা হয়। সাধকের হৃদয়স্থিত সত্ত্বভাবকেও ভগবান সেইরূপে অতি সতর্কতার সহিত রক্ষা করেন। সাধকও আপনার হৃদয়ের প্রার্থনা ভগবানের চরণে নিবেদন করিতে থাকেন। সেই প্রার্থনায় প্রীত হইয়া ভগবান্ সাধকের হৃদয়ে উপস্থিত হয়েন। সাধকের হৃদয়ই স্বর্গ অথবা স্বর্গ হইতেও মহত্তর, পুণ্যতর স্থান। কারণ ভগবান্ স্বর্গ ছাড়িয়া সাধকের হৃদয়ে আগমন করেন। যেখানে ভগবান্ বাস করেন সেইস্থানই স্বর্গ। আবার, যেখানে সাধক থাকেন, ভগবানও সেই স্থানে উপস্থিত থাকেন—"মদ্ভক্তাঃ যত্র তিষ্ঠন্তি তত্র তিষ্ঠামি নারদঃ।" ভক্তবৎসল ভগবান্ তাঁহার ভক্তকে সর্ব্বতোভাবে রক্ষা করেন। মন্ত্রের মধ্যে এই সত্যই বিবৃত হইয়াছে।

'সুতং' পদ দৃষ্টেই প্রচলিত ব্যাখ্যাদিতে সোমরসের সম্বন্ধ কল্পনা করা হইয়াছে। একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "হে ইন্দ্রাগ্নি! তোমরা স্তুতিদ্বারা (আহুত হইয়া স্বর্গ হইতে অভিষুত ও বরণীয় (এই সোমের উদ্দেশে) আগমন কর। আমাদের ভক্তি

হেতু আগত হইয়া (এই সোম) পান কর।" মূলে সোমরসের উল্লেখ নাই তাহা ব্যাখ্যার বন্ধনী চিহ্ন হইতে উপলব্ধ হইবে। যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা হইতে উপলব্ধ হইবে॥ (১অ—২খ—৪সূ—১সা)॥ *

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩১ ২র ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দ্রাগ্নী জরিতুঃ স চা যজ্ঞো জিগাতি চেতনঃ।
৩১ ২ ৩২ ৩২
অয়া পাতং ইম৺ সুতম্॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'ইন্দ্রাগ্নী' (হে বলাধিপতে তথা হে জ্ঞানদেব!) 'জরিতুঃ' (স্তোতুঃ, প্রার্থনাকারিণাং) 'সচা' (সহায়ভূতং—মোক্ষলাভে ইতি যাবৎ) 'চেতনঃ' (চেতয়িতৃ, জ্ঞানদায়কং) 'যজ্ঞঃ' (সৎকর্ম্ম) 'জিগাতি' (যুবাং অভিগচ্ছতি যুবাং প্রাপ্নোতি) 'অয়া' (সাধকস্য প্রার্থনয়া) আগতৌ সন্তৌ যুবাং 'ইমং' (প্রসিদ্ধং, সাধকহৃদয়স্থিতং ইত্যর্থঃ) 'সুতং' (বিশুদ্ধং—সত্ত্বভাবং ইতি যাবৎ) 'পাতং' (পিবতং, গৃহ্নীতং যদ্বা রক্ষতং); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সৎকর্ম্মণা সাধকঃ ভগবন্তং প্রাপ্নোতি,—ইতি ভাবঃ। (১অ—২খ—৪সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে বলাধিপতি এবং হে জ্ঞানদেব! প্রার্থনাকারীদিগের মোক্ষলাভে সহায়ভূত, জ্ঞানদায়ক, সৎকর্ম্ম আপনাদিগকে প্রাপ্ত হয়; সাধকের প্রার্থনাদ্বারা আগত হইয়া আপনারা সাধকহৃদয়স্থিত বিশুদ্ধ সত্ত্বভাবকে গ্রহণ করেন (অথবা রক্ষা করেন)। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সৎকর্ম্মের দ্বারা সাধক ভগবানকে প্রাপ্ত হয়েন।)। (১অ—২খ—৪সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্রাগ্নী 'জরিতুঃ' স্তোতুঃ 'সচা' স্বর্গাদিলক্ষণপ্রাপ্তৌ সহায়ভূতো 'যজ্ঞঃ' জ্যোতিষ্টোমাদি-যজ্ঞ-সাধনভূতশ্চেতনঃ ইন্দ্রিয়াণাং চেতয়িতা আপ্যায়নকারী সন্নসৌ সোমঃ 'জিগাতি'

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার তৃতীয় মণ্ডলের দ্বাদশ সূক্তের প্রথমা ঋক্ (তৃতীয় অষ্টক, প্রথম অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

যুবামভিগচ্ছতি 'অয়া' অস্মদীয়য়া স্তুতিলক্ষণয়া অনয়া বাচা আহুতৌ সন্তৌ যুবাং 'সুতং' অভিষবাদি সংস্কারোপেতং 'ইমং' 'পান্তং' পিবতং। (১অ—২খ—৪সূ—২সা)।

০ . ০

দ্বিতীয় (৬৭০) সামের মর্ম্মার্থ।

জ্ঞান, ভক্তি ও কর্ম্ম এই তিন সাধনোপায়ের মধ্যে যে কোন একটী দ্বারাই ভগবৎসামীপ্য লাভ করা যায়। কর্ম্মের দ্বারা মানুষ আপনার হৃদয়কে বিশুদ্ধ করিতে পারে। কর্ম্মের সঙ্গে সঙ্গে মানুষের হৃদয়ে জ্ঞানের উদয় হয়। জ্ঞান, ভক্তি ও কর্ম্ম পরস্পর অচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ। সাধক রুচি প্রবৃত্তি ও শক্তি অনুযায়ী যে কোন একটীর আশ্রয় গ্রহণ করিয়া সাধনমার্গে অগ্রসর হইতে পারেন। ভগবান সাধকের হৃদয় দেখেন। সেখানে যে ব্যাকুলতা থাকে তাহাই সাধকের উন্নতির সহায়ক হয়। সাধক হৃদয়ে ভগবানের যে সাড়া পান, তাহাই তাঁহাকে মোক্ষমার্গে পরিচালিত করে।

ভগবানও ভক্তের বাসনা অপূর্ণ রাখেন না। তিনিও ভক্তের ব্যাকুল আহ্বানে বৈকুণ্ঠ ছাড়িয়া সাধকের হৃদয়ে আবির্ভূত হয়েন। তাই ধ্রুবের কাতর আহ্বানে তিনি স্থির থাকিতে পারেন নাই। কিন্তু ধ্রুবের সাধনা কি ছিল? সাধনমার্গে তাঁহার কি সম্বল ছিল? হৃদয়ের পবিত্রভাব আর ভগবৎপ্রাপ্তির জন্য ঐকান্তিক ব্যাকুলতাই তাঁহাকে ভগবৎ-চরণে পৌঁছাইয়া দিয়াছিল। প্রার্থনাকারী জ্ঞান, ভক্তি ও কর্ম্ম এই তিনের যে কোন এক আশ্রয় অবলম্বনেই সাধনমার্গে অগ্রসর হউন না কেন, যদি তাঁহার হৃদয়ে ঐকান্তিক ব্যাকুলতা থাকে, তবে তিনি নিশ্চয়ই অভীষ্টসাধনে সমর্থ হইবেন। মন্ত্রে এই সত্যই বিবৃত হইয়াছে। (১অ—২খ—৪সূ—২সা)। *

—০—

তৃতীয়ং সাম।

১ ৩ ৩ ১   ২   ৩ ১ ২   ৩ ১ ২   ৩ ১   ২
ইন্দ্রমগ্নিং কবিচ্ছদা যজ্ঞস্য জুত্যা বৃণে।
১   ২র ৩   ১   ২
তা সোমস্য ইহ তৃম্পতাম্ ॥ ৩॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার তৃতীয় মণ্ডলের দ্বাদশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (তৃতীয় অষ্টক, প্রথম অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'কবিচ্ছদা' (সাধকানাং ফলপ্রদাতারৌ, সাধকানাং মোক্ষদাতারৌ) 'ইন্দ্রমগ্নিং' (বলাধিপতিং দেবং তথা জ্ঞানদেবং) 'বৃণে' (আরাধয়ামি—অহং ইতি শেষঃ); 'তা' (তৌ) 'যজ্ঞস্য' (সৎকর্ম্মণাং) 'জূত্যা' (সাধনভূতেন) 'ইহ' (অত্র, অত্রস্থিতেন, অস্মাকং হৃদয়স্থিতেন) 'সোমস্য' (সত্ত্বভাবস্য, সত্ত্বভাবেন ইত্যর্থঃ) 'তৃম্পতাং' (তৃপ্তৌ ভবতাং) অস্মাকং সৎকর্ম্মণা প্রীতঃ সন ভগবান অস্মভ্যং মোক্ষং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ অন্তর্নিহিতঃ ভাবঃ। (১অ—২খ—৪সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

সাধকদিগের মোক্ষদাতা বলাধিপতি দেব এবং জ্ঞানদেবকে আমি আরাধনা করিতেছি; তাঁহারা সৎকর্ম্মের সাধনভূত আমাদিগের হৃদয়স্থিত সত্ত্বভাবের দ্বারা তৃপ্ত হউন। (প্রার্থনার অন্তর্নিহিত ভাব এই যে,—আমাদিগের সৎকর্ম্মের দ্বারা প্রীত হইয়া ভগবান্ আমাদিগকে মোক্ষ প্রদান করুন।)। (১অ—২খ—৪সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'যজ্ঞস্য' যজ্ঞসাধনভূতস্য সোমস্য 'জূত্যা' জূতিঃ প্রেরণং সোমস্তাবদ্যজমানং প্রেরয়তি। সাধনমুপলভ্য তৎসাধ্যে ক্রতৌ যজমানঃ প্রবর্ত্তত ইতি হি তস্য প্রেরকত্বং। তয়া প্রেরণরূপতয়া জূত্যা প্রেরিতোঽহং স্তোতা 'কবিচ্ছদা' কবীনাং স্তোতৄণামুচিতফলপ্রদানেনোপচ্ছন্দকৌ ইন্দ্রমগ্নিং চ যুগ্মং 'বৃণে' সম্ভজেত আগতৌ চ তাবিন্দ্রাগ্নী 'ইহ' অস্মদীয়ে অস্মিন্ কর্ম্মণি 'সোমস্য' সোমেন সোমযাগেন 'তৃম্পতাং' তৃপ্যতাং। (১অ—২খ—৪সূ—৩সা)।

ইতি প্রথমস্যাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ।

* * *

তৃতীয় (৬৭১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। "আমরা দুর্ব্বল, আমরা অক্ষম। আমাদিগের ক্ষুদ্রশক্তিতে যতটুকু সাধনা সম্ভবপর হয়, ততটুকুই তাঁহার চরণে নিবেদন করিতেছি। তিনি তাহাই গ্রহণ করুন। আমাদিগের নিজের বলিতেই বা কি আছে? তাঁহারই দেওয়া উপচারে তাঁহাকেই অর্ঘ্য প্রদান করিতেছি। তাহাই তিনি গ্রহণ করুন, তাহাতেই তৃপ্ত হইয়া যেন আমাদিগকে পরম ধন প্রদান করেন। তিনি মোক্ষবিধাতা, তিনি শক্তিদাতাও বটেন। তাঁহারই নিকট হইতে মানুষ শক্তিলাভ করে, তিনি যদি শক্তি না দেন, তবে আমরা কোথা হইতে শক্তি পাইব? তাই তাঁহার নিকটেই শক্তি লাভের প্রার্থনা করিতেছি।"

আমাদিগের হৃদয়মধ্যে ভগবৎপ্রদত্ত যে সত্ত্বভাব রহিয়াছে তাহাই মানুষকে সৎকর্ম্মে প্রেরণা দেয়। সান্ত মানুষের মধ্যে যে অনন্তত্বে বীজ রহিয়াছে, তাহাই তাঁহাকে অনন্তের পথে পাঠায়। সুতরাং মানুষ যা কিছু করে, সমস্তই সেই ভগবৎ শক্তির প্রেরণাবশে। তাঁহার দেওয়া জিনিষ দিয়াই তাঁহার পূজা করা হয়, সুতরাং তিনি তাহাতে সন্তুষ্ট না হইবেন কেন? মানুষের নিজের কি কিছু আছে, যে তাহা ভগবানের চরণে অর্পণ করিবে? মন্ত্রের মধ্যে এই ভাবই ফুটিয়া উঠিয়াছে।

মন্ত্রান্তর্গত 'জুত্যা' পদে আমরা বিবরণকারের অনুসরণে "সাধনভূতেন" অর্থ গ্রহণ করিয়াছি। অন্যান্য পদের অর্থ মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই স্পষ্টীকৃত হইয়াছে। (১অ—২খ—৪সূ—৩সা)। *

—•—

প্রথমং সাম ॥

৩ ১ ২ ৩ ১ ২র ৩ ১ ১ ২র
উচ্চা তে জাতং অন্ধসো দিবি সদ্ভূম্যা দদে।
৩ ১র ৩ ২ ৩ ১ ২
উগ্র৺ শর্ম্ম মহি শ্রবঃ ॥ ১ ॥

* * *

গেয়-গানং।

৫ র ২ ৪র ৫ ২ ১ ২ — ১
১ ॥ (আমহীয়বম্) ॥ উচ্চাতা৩ইজাতমন্ধসাঃ। দিবাইসা২ ১ ভূ২। মিয়া ২ ৩
২ ১ ২ ১ ২ ৫ ২ ৪র ৫
দদাই। উগ্র৺শর্ম্মা। মহা২৩ই শ্রবাউ৩। বা৩। (১) সনআ৩ইন্দ্রায়বজ্রি-
১২২ — ১ ২ ২ ২র১
ণাই। বরুণা২ ১য়া২। মরু২৩দ্ভ্যঃ। বরিবোবাইৎ। পয়া ২ ৩
২ ৫রর২ ৪র ৫ ২ ১ ২ —
ইন্দ্রবাউ। বা৩। (২) এনাবা৩ইখানি অর্য্যআ। দ্যুম্নানা২ ১ইমা ২।
২ ১ ২র২১ ২ ২র ১১১১
সুবা ২ ৩ণাম। সিষাসন্তাঃ। বনা২৩মহাউ। বা৩। স্তোবে২৩৪৫। (৩) ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার তৃতীয় মণ্ডলের দ্বাদশ সূক্তের তৃতীয়া ঋক (তৃতীয় অষ্টক, প্রথম অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)।

৪ ৩ র ৪ ২ ০ ৫ ১ ২ র ১ ২
২॥ (স্বরূপকৌৎসম্) ॥ উচ্চা২ ৫ তে। জা ৩ তমন্ধসাঃ। দিবিসদ্ভূ। মিয়াদা ১

১ ২ ২ ১ ২ ১ ২ ২ ১
দে ২ ৩। হোবা ৩ হায়ি। উগ্রাং৺শা ১ র্ম্মা ২ ৩। হোবা ৩ হায়ি। মহি॥

৯ ৩ ৫র ১ ২ ৪ ৩ ৪ ২ ০ ৫ ১ ২র
শ্রা ২ বা ২ ৩ ৪ ঔহোবা। (১) মনাহ ৫ ই। জ্রা ৩ ম্বযজ্ঞবায়ি। বারুণায়।

১ ২ ১ ২ ২ ১ ২ ১ ২ ২
মরুদ্ভ্য ১ স্বা ২ ৩ঃ। হোবা ৩ হায়ি। বয়ায়িবো ১ বী ২ ৩ৎ। হোবা ৩ হায়ি॥

১ ৯ ৩ ৫র র ৪র ৩ ৪ ২ ৩ ৫
পরি। শ্র ২ বা ২ ৩ ৪ ঔহোবা। (২) এনাহ ৫ বি। শ্বা ৩ নিঅর্য্যাদা।

১ র ২ র ১ ২ ১ ২ ২ ১ ২
দ্যুম্নানিমা। নৃম্ন ১পা ২ ৩ ষ। হোবা ৩ হায়ি। সিবাসা ১ স্বা ২ ৩ঃ।

১ ২ ২ ১র ৯ ৩ ৫র র ৩ ৫
হোবা ৩ হায়ি। বসা। মা ২ হা ২ ৩ ৪ ঔহোবা। দী ২ ৩ ৪ শাঃ (৩)॥

⁂

১ ২ ১ ২ ১ ২র ১ ২ ২
৩॥ (আজিগম্) ॥ উচ্চাতেজা। তমন্ধসাঃ। দিবিসন্তু। মায়া ১ দা ২ ৩ দায়ি।

১ ২ ১ ২ ১ ২ ১ ২
উগ্রাং৺শর্ম্মা। মহিশ্রা ২ ৩ বা ৩ ৪ ৩ঃ॥ (১) মনাজ্ঞাগ্নিন্দ্রা। ষয়াজ্যাবায়ি।

১ ২র ১ র ২ ১ ২ ১ ২
বরুণায়। মারুদ্ভ্যা ২ ৩ স্বাঃ। বয়াগ্নিবোবীৎ। পরিস্র ২ ৩ বা ৩ ৪ ৩॥

১র ২ ১ ২ ১ র ২ র ১ ২ ১
(২) এনাবায়িম্বা। নিঅর্য্যাদা। দ্যুম্নানিমা। নূষা ২ ৩ পায়। সিষা-

২ ১র ২ ১
সাস্বাহ্। বসামা ২ ৩ হা ৩ ৪ ৩ য়ি। ও ২ ৩ ৪ ৫ ঈ। ডা (৩)॥

⁂

২ র র র র ১ ২ ১ র ২ ২
৪॥ (আভীকম্) ॥ উ ২ ৩ ৪ চ্চাতেজা ৫। তমোহোন্ধাসাঃ। দিবিসদ্ভূমিয়া ১ দা ৩ দে॥

৩ ৫ ১ S ২ ২ ৫
উগ্রং৺শা ২ ৩ ৪ র্ম্মা। মাহা ৩ উবা ৩ ৪ ৩। শ্রা ৩ ৪ ৫ বো ৬ হায়ি॥

১ র ৪ ৫ ১ ১ র ২ ২ ২
(১) দা ২ ৩ ৪ মইন্দ্রা ৫। যমোহোজ্যাবায়ি। বরুণায়মরু ১ দ্ভ্যা ৩ স্বাঃ॥

৩ ৫ ১S ২A ২A ৫
হুরিস্মে ২ ৩ ৪. বীৎ ॥ পারা ৪ উবা ৩ ৪. ৩। স্ম ৩ ৪ ৫ বো ৬ হায়ি ॥

১ র র ৪ ৫ ১ র র ২ ২
(২). আ ২ ৩. ৪ স্নিবাক্বা ৫। মিযৌহোর্যাআ। ছায়ানিমানু. ১. বা ৩.

২ ২ ৩ ৫ ১S ২ ২ ৫
পান্। দিবাসা. ২ ৩ ৪ স্ত্যঃ। বামা ৩. উবা ৩ ৪ ২.। যা ৩.৪ ৫ হো ৬ হায়ি (৩) ॥

* * *

২ ১র ৫ ২ ১ ২ ২ ১ R
৫। (গায়ত্রীবৈরূপম্ ॥ উচ্চাতে ২. ৩ ৪ অঃ। তমান্ধা. ৩ সা ৩ঃ। দ্বিবা ২.

৩ ৫ ১ ২ — ১
ষিসা ২ ৩ ৪ হু ॥ মায়া ১. দাদা ২. য়ি ।. উগ্রা ২. ৩ ম.। শর্ম্মা ৩. ৪.

২র র ২ ১ ২ ৩ ২ ১ ১ ১. ২ ১ ৫ ২ ১ ২
ঔহোবা.। মহিশ্রবা ২ ৩ ৪ ৫ ঃ.॥ (১) দনাআ. ২ ৩. ৪. রিন্দ্রা.। ষ্যাআ ৩.

২ ২ n ১ ৭ ১.
যা ৩ য়ি। বরু ২ ণা ২ ৩ ৪. য়া.। মারুদ্ভ্যায়া ২ঃ। বয়া. ২. ৩ য়ি.॥

র ২ ৫র র ২ ১ ২ ৩ ১ ১ ১ ১. ২র ১র ৫
যোবা. ৩ ৪ ঔহোবা ॥ পরিস্রবা ২ ৩ ৪ ৫.॥ (২) এনাবা ২ ৩ ৪ রিযা.।

২ ১ ২ ২ ১ n ৩. ৫ ১ ২ —
নিআর্য্যা. ৩ আ ৩.। হ্যায়া. ২ না ২ ৩ ৪. ষিমা। নূবা ১. পা ২ ম.॥

১ ৩. ২ ৫র র ২ ১র ২ ৩ ৩ ১ ১ ১.
দিযা ২ ৩। দস্যা ৩ ৪.। ঔহোবা। বনামহো. ২ ৩ ৪. ৫. য়ি. (৩). ॥

* * *

৩ ২ র র ৫A ৫ ১. - র র —.
৬। (সত্রাসাহীয়ম্) ॥ উচ্চা ৩ ৪। তেভ্যাতম্ন্বসঃ।. ও ৬ বা। দিবিসদ্ভূম্যাদা ২.

১ —১. ১. ২ ১S র ২A ৩র ২. ১.
যে বস্তুর সাহায্যে মানবের চরম কল্যাণ সাধিত হয়, যে পরম ধন লাভ করিতে পারিলে মানুষের সকল আকাঙ্ক্ষা পূর্ণ হয়, সেই বিশুদ্ধ সত্ত্বভাব প্রাপ্তির জন্য সাধক প্রার্থনা করিতেছেন। "হে ভগবন্! কৃপাপূর্ব্বক তোমার অমৃত ভাণ্ডার হইতে একফোটা অমৃতদান কর, আমাদিগের অনন্ত অতৃপ্ত পিপাসা চিরদিনের জন্য নিবৃত্ত হউক। তোমার চরণে পৌঁছিবার উপায়ভূত সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে সঞ্চারিত কর, আমরা যেন তৎপ্রসাদে তোমার নিকট পৌঁছিতে পারি। আমরা দুর্ব্বল, অক্ষম, তোমার পূজা করিবার শক্তি নাই।

যদি তুমি কৃপা বিতরণে, নিজশক্তিতে আমাদিগকে তোমার কোলে তুলিয়া লও, তাহা হইলেই আমাদিগের জীবন সার্থক হয়। কৃপা কর প্রভো, দয়া কর, আমাদিগকে পরমধন দানে কৃতার্থ কর, ধন্য কর।" মন্ত্রের মধ্যে এই প্রার্থনাই দেখিতে পাওয়া যায়। মন্ত্রান্তর্গত 'অর্ষসি' পদের ব্যাখ্যায় ভাষ্যকার 'হে সোম!' পদ অধ্যাহার করিয়াছেন। কিন্তু তাহাতে মন্ত্রের সঙ্গতি নষ্ট হয়। (১অ—৩খ—২সূ—২সা)। *

প্রথমং সাম।

১ ২র৩ ২ ৩ ২ ৩ ১২৩ ১ ২
প্র তু দ্রব পরি কোশং নিষীদ নৃভিঃ

৩ ২ ৩ ১র ২র
পুনানো অভি বাজং অর্ষ।

২৩ ১ ২ ৩১২ ৩২৩ ১ ২
অশ্বং ন ত্বা বাজিনং মর্জ্জয়ন্তো অচ্ছা

৩১ ২৩১ ২
বর্হী রশনাভিঃ নয়ন্তি ॥ ১ ॥

* * *

১২ ১ র ২ ২ ১ ২১ ২
১॥ (ঔশনম্)। প্রাতূ। দ্রবাপরিকোশাম্। নিষী৩দা। নৃভাইঃপুনা। নো৩

১ ২৩৪৫ ১ রর ৭ ২ ১র২১ ২১র
অভি। বাজমর্ষা। অশ্বন্নত্বাবাজিনম্মা। র্জয়া২৩ন্তাঃ। অচ্ছাবর্হীইঃ। রশনা।

২ ২ ৪ ১২ ১ ২
ভা৩৪৩ইঃ। না৩য়া৫ন্তা৬৫৬ই॥ (১) স্বা। মুধাঃপবতেদাই।

২ ২ ১২১ ২১র ২৩৪৫ ১রররর
বঙ্গী৩ন্দুঃ। অশাস্তিহা। বৃজনা। রক্ষমাণাঃ। পিতাদেবানাঞ্জনিতা।

৭ ২ ১২র১ ২ ১ ২ ২
সুদা২৩ক্ষাঃ। বিষ্টম্ভোদাই। বো৩ধরু। পা৩৪৩ঃ। পা৩

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিক শততম সূক্তের পঞ্চমী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বাদশ বর্গের অন্তর্গত)।

৪ ১২ ১ র ২
র্ষাহ ৫ ইবা ৬ ৫ ৬ ঃ ॥ (২) আর্ষাঃ। বিপ্রাঃপুরএতা। অনা ৩

২ ১২র১ ২১র ২৩৪৫ ১ র
নাম। ঋভূর্দ্ধীরাঃ। উশনা। কাব্যেনা। দচিদ্বিবেদ-

৭ ২ ১ ২১
নিহিতাম্ঃ যদা ২ ৩ নাম। অপাইচিয়াম্। গুহিয়ম্।

২ ২ ৪
আ ৩ ৪ ৩। আ ৩ গোহ ৫ না ৬ ৫ ৬ ম (৩) ॥

২১ ২১র ২A৩৪৫ ২১ ২
২ ॥ (বৈশ্বজ্যোতিষাদ্যম্)। প্রভুব্রবা। পরিকো। শন্নিষীদা। নৃভিঃপুনা। নো ৩

১ ২A৩৪৫ ২১ ২ ১ ২A৩৪৫ ২১র
অভি। বাজমর্ষা। অশ্বয়ব্বা। বা ত জিনস্। মর্জ্জয়ন্তাঃ। অচ্ছাবর্হীয়িঃ॥

২১র ২ ২ ৪ ২১র
রশনা। ভা ৩ ৪ ৩ য়িঃ। না ৩ য়া ৫ স্তা ৬ ৫ ৬ য়ি॥ (১) সুসংযুপাঃ।

২১র ২A৩৪৫ ২১ ২১র ২A৩৪৫ ২১রর
পবতে। দেবইন্দুঃ। অশস্তিহা। বৃজনা। রক্ষমাণঃ। পিতাদেবা।

২ ১ ২A৩৪৫ ২১র ২ ১ ২A
না ৩ জনি। তাসুদক্ষাঃ। বিষ্টম্ভোদায়ি। বো ৩ ধরু। ণা ৩ ৪ ৩ ঃ।

২ ৪ ২১ ২১২
পা ৩ র্ষা ৫ য়িবা ৬ ৫ ৬ ঃ ॥ (২) ঋষির্বিপ্রাঃ। পুরএ্।

২A৩৪৫ ২১র ২১র ২A৩৪৫
তাজনানাম্। ঋভুর্দ্ধীরাঃ। উশনা। কাব্যেনা।

২১ ২ ১ ২A৩৪৫ ২১র
দচিদ্বিবে। দা ৩ নিহি। তংযদানাম্। অপী-

২১ ২ ২
চিয়াম্। গুহিয়ম্। না ৩.৪.৩। মা ৩

৪
গো ৫ না ৬ ৫ ৬ ম (৩) ॥ ১২।৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! 'সু' (ক্ষিপ্রং) 'প্রদ্রব' (আগচ্ছ); আগত্য চ 'কোশং' (পাত্রং, অস্মাকং হৃদি ইত্যর্থঃ) 'পরিনিষীদ' (নিষণ্ণো ভব, অধিষ্ঠানং কুরু); 'নৃভিঃ' (সৎকর্ম্মকর্তৃভিঃ) 'পুনানঃ' (পবিত্রতাসম্পন্নঃ) ত্বং 'বাজং' (শক্তিং) 'অভ্যর্ষ' (প্রযচ্ছ); 'মর্জ্জয়ন্তঃ' (শোধয়ন্তঃ, আত্মহৃদয়ং পবিত্রং কুর্ব্বন্তঃ, সাধকাঃ ইতি ভাবঃ) 'অশ্বং ন' (পালকঃ যথা অশ্বং মার্জ্জয়ন্তি তদ্বৎ) 'বর্হী' (শোধনেন প্রবৃদ্ধং) 'বাজিনং' (শক্তিসম্পন্নং) 'অচ্ছ' (পবিত্রং) 'ত্বাং' 'রসনাভিঃ' (বাগ্‌যন্ত্রেন, প্রার্থনয়া ইত্যর্থঃ) 'নয়ন্তি' (গৃহ্ণন্তি, পূজয়ন্তি ইত্যর্থঃ)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান সাধকান আত্মশক্তিং প্রযচ্ছতি; সাধকাঃ অপি ভগবৎপরায়ণাঃ ভবন্তি ইতি ভাবঃ॥ (১অ—৩খ—৩সূ—১সা)॥

⁂

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! শীঘ্র আগমন করুন; এবং আমাদিগের হৃদয়ে অধিষ্ঠিত হউন; সৎকর্ম্মকারীদিগের দ্বারা পবিত্রতাসম্পন্ন আপনি শক্তি প্রদান করুন; আত্মহৃদয়-পবিত্রকারী সাধকগণ—অশ্বের ন্যায় মার্জ্জনে প্রবৃদ্ধ, শক্তিসম্পন্ন ও পবিত্র আপনাকে প্রার্থনাদ্বারা পূজা করিতেছে। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। ভাব এই যে,—ভগবান্ সাধকগণকে আত্মশক্তি প্রদান করেন, সাধকগণও ভগবৎপরায়ণ হয়েন।)॥ (১অ—৩খ—৩সূ—১সা)॥

⁂

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'সু' ক্ষিপ্রং 'প্রদ্রব' অস্মদযজ্ঞং প্রকর্ষেণাগচ্ছ। গত্বাচ 'কোশং' দ্রোণকলশং 'পরিনিষীদ' নিষণ্ণো ভব। 'নৃভিঃ' নেতৃভিঃ 'পুনানঃ' পূয়মানঃ সন্ 'বাজং' অন্নং হবীরূপং ত্বং 'অভ্যর্ষ' অভিগচ্ছ। 'বাজিনং' বলবন্তং 'অশ্বং ন' অশ্বমিব ত্বং যথা মার্জ্জয়ন্তি। তদ্বাজিনং ত্ব 'র্জ্জয়ন্তঃ' শোধয়ন্তং অধ্বর্য্যু প্রমুখা ঋত্বিজঃ 'বর্হি' 'অচ্ছ' অস্মদীয়ং যজ্ঞং প্রতি 'রশনাভিঃ' রশনাবদায়তাভিরঙ্গুলীভিঃ 'নয়ন্তি'॥ (১অ—৩খ—৩সূ—১সা)॥

⁂

প্রথম (৬৭৭) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী তিন ভাগে বিভক্ত। প্রথম দুই ভাগ প্রার্থনা-মূলক এবং শেষাংশে নিত্য-সত্য প্রখ্যাপন আছে।

ভগবানকে পাইবার ব্যাকুল আকাঙ্ক্ষা এই মন্ত্রের প্রার্থনাংশে লক্ষিত হয়। যাঁহাদের হৃদয়ে সৎকর্ম্মসাধনের আকাঙ্ক্ষা বর্ত্তমান অথচ শক্তির অভাবে কর্ম্মে প্রবৃত্ত হইতে সমর্থ

সহেন, তাঁহাদিগের একমাত্র ভরসা—ভগবানের কৃপা। যাহাদের হৃদয় কলুষিত, অথচ দুর্ব্বলতার জন্ম হৃদয়কে পবিত্র করিতে পারিতেছে না, ভগবানের করুণাবারিই তাহাদিগের একমাত্র সম্বল। তাই প্রার্থনা করা হইতেছে,—'পবিত্রতার আধার, জ্যোতির্ম্ময় হে ভগবন্! তুমি আমাদের এই মলিন হৃদয়কে পবিত্র করিয়া তোমার উপযুক্ত সিংহাসন প্রস্তুত করিয়া লও। আমাদিগের শক্তি নাই যে, সৎকর্ম্মসাধনে প্রবৃত্ত হই, তুমি আমাদিগকে শক্তি দাও। তুমিই একমাত্র ভরসা। আমাদিগের মলিন অন্তরকে তোমার পবিত্র পাদস্পর্শে পুণ্যোজ্জ্বল কর। আমাদিগকে ধন্য কর।"

দ্বিতীয় অংশে সাধকের সাধনার চিত্র উদ্‌ঘাটিত হইয়াছে। সাধক ভগবৎপরায়ণ হয়েন, সেই চির-পবিত্র, সর্ব্বশক্তিমান দেবতার চরণে আপনার প্রার্থনা-পুষ্পাঞ্জলি প্রদান করেন। যাঁহারা নিজকে উন্নত পবিত্র করিতে চাহেন, তাঁহারা ভগবানের চরণেই আশ্রয় গ্রহণ করেন। মন্ত্রে আমরা এই চিত্রই দেখিতে পাই। মন্ত্রান্তর্গত 'বর্ত্তী' পদে বিবরণকারের অনুসরণে 'প্রবৃদ্ধং' অর্থ গ্রহণ করিয়াছি। 'অচ্ছা' পদে অভিধানসঙ্গত 'পবিত্রং' অর্থ পরিগৃহীত হইয়াছে। (১অ ৩খ-৩সূ ১সা)॥ *

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২ ৩১ ২র ৩ ২ ৩ ২৩ ১ ২
স্বায়ুধঃ পবতে দেব ইন্দুঃ অশস্তিহা বৃজনা রক্ষমাণঃ।
৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ২ ৩ ২
পিতা দেবানাং জনিতা সুদক্ষো বিষ্টম্ভো
৩ ২ ৩ ১ ২ ৩ ২
দিবো ধরুণঃ পৃথিব্যাঃ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'দেবঃ' (দ্যুতিমান) 'অশস্তিহা' (রিপুনাশকঃ, অমঙ্গলনাশকঃ) 'বৃজনা' (বৃজনাৎ, উপদ্রবাৎ, বিপদাৎ ইত্যর্থঃ) 'রক্ষমাণঃ' (রক্ষাকারী) 'দেবানাং' (দেবভাবানাং) 'জনিতা' (জনয়িতা) (তথা 'পিতা' (পালকঃ) 'সুদক্ষঃ' (শক্তিসম্পন্নঃ) 'দিবঃ' (দ্যুলোকস্য) 'বিষ্টম্ভঃ' (স্তম্ভয়িতা, ধারয়িতা) 'পৃথিব্যাঃ' (ভূলোকস্য) 'ধরুণঃ' (ধারকঃ, রক্ষকঃ) 'স্বায়ুধঃ'

● উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (১প—৫অ-৬খ—১সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায় দ্বাবিংশ বর্গের অন্তর্গত)। এই সূক্তের তিনটী মন্ত্রের একত্র গ্রথিত দুইটী গেয়-গান আছে। তাহা প্রথম মন্ত্রের পরেই প্রদত্ত হইয়াছে।

(শোভনায়ুধঃ, রক্ষাস্ত্রধারী) 'ইন্দুঃ' (সত্বভাবঃ) 'পবতে' (ক্ষরতু, অস্মাকং হৃদি সমুদ্ভবতু ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং পরমমঙ্গলদায়কং সত্বভাবং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (১অ—৩খ—৩সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

দ্যুতিমান্, অমঙ্গলনাশক, বিপদ হইতে রক্ষাকারী, দেবভাবসমূহের জনয়িতা ও পালক, শক্তিসম্পন্ন, দ্যুলোকের ধারণকারী ভূলোকের রক্ষক, রক্ষাস্ত্রধারী সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে উপজিত হউন। (মন্ত্রটী প্রার্থনা-মূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরম মঙ্গলদায়ক সত্ত্বভাব লাভ করিতে পারি।) ॥ (১অ—৩খ—৩সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'স্বায়ুধঃ' শোভনায়ুধঃ 'ইন্দুঃ' সোমো দেবঃ 'পবতে' স চ দেবঃ অশস্তিহা রক্ষোহা 'বৃজনা' বৃজনানি উপদ্রবাণি পরিহৃত্যেতি শেষঃ 'রক্ষমাণঃ' 'পিতা' পালকঃ 'দেবানাং' তথা 'জনিতা' উৎপাদকঃ 'সুদক্ষঃ' শোভনবলঃ 'দিবঃ' 'বিষ্টম্ভঃ' বিশেষেণ স্তম্ভয়িতা 'পৃথিব্যাঃ' চ 'ধরুণঃ' ধারকঃ। এবং মহানুভাবঃ পবতে। 'বৃজনা'—'বৃজন'—ইতি পাঠৌ ॥ ২ ॥

* * *

দ্বিতীয় (৬৭৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী সরল প্রার্থনা-মূলক। মন্ত্রে সত্বভাব প্রাপ্তির জন্য প্রার্থনা করা হইয়াছে। এই প্রসঙ্গে প্রার্থনার মধ্যে সত্বভাবের মাহাত্ম্যও কীর্ত্তিত হইয়াছে।

সত্বভাব অমঙ্গলনাশক, বিপদ হইতে রক্ষাকারী। মানুষের সর্ব্বাপেক্ষা অমঙ্গল—পাপের পথে পদার্পণ—অধঃপতন। সর্ব্বাপেক্ষা ভীষণ বিপদ—রিপুর আক্রমণ। কিন্তু যাঁহার হৃদয়ে সত্বভাব পূর্ণভাবে বিকশিত হয়, তাঁহার এই বিপদের, এই অমঙ্গলের আশঙ্কা থাকে না। তাই সত্বভাব অমঙ্গলনাশক।

সত্বভাব দ্যুলোক ভূলোকের ধারণকারী ও রক্ষাকারী। সত্বভাবের প্রভাবেই জগৎ সৃষ্ট ও রক্ষিত হইতেছে। ত্রিগুণের মধ্যে যখন সত্বের প্রাধান্য ঘটে, তখনই জগৎ স্থৈর্য্যলাভ করে। তাই সত্বভাবকে দ্যুলোকভূলোকের ধারণকারী ও রক্ষাকারী বলা হইয়াছে।

সত্বভাব—দেবভাবসমূহের জনয়িতা ও পালক। মানুষের হৃদয়ের সমস্ত সদ্বৃত্তি সত্বভাবের উপজনের সঙ্গে সঙ্গেই বিকশিত হয় ও স্ফূর্ত্তিলাভ করে। এই বিশুদ্ধ সত্বভাবের জন্যই

পাপতাপ মানুষকে আক্রমণ করিতে পারেনা—আলোকাগমে অন্ধকারের ন্যায়, মোহ অজ্ঞানতা দূরে পলায়ন করে—সত্ত্বভাবের এই জ্যোতিঃই তাহার রক্ষাস্ত্র। তাই সত্ত্বভাব রক্ষাস্ত্রধারী। (১অ-৩খ-৩সূ—২সা।)*

তৃতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ১র ২র
ঋষিঃ বিপ্রঃ পুর এতা জনানাম্
৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২
ঋভুঃ ধীর উশনা কাব্যেন।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
স চিৎ বিবেদ নিহিতং যৎ আসাম্
৩ ২ ২ ৩ ২ ২
অপীচ্যাহ৩ং গুহ্যং নাম গোনাম্ ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

যঃ 'ঋষিঃ' (মন্ত্রদ্রষ্টা, তত্ত্বদর্শী) 'বিপ্রঃ' (মেধাবী) 'ধীরঃ' (ধীমান) 'জনানাং' (লোকানাং) 'পুরএতা' (পুরতঃ গন্তা, সৎকর্ম্মণি অধিনায়কঃ) 'উশনাঃ' (ভগবন্তং কাময়মানঃ, মোক্ষাভিলাষী) 'ঋভুঃ' (নরদেবঃ, সাধকঃ) 'সঃ চিৎ' (সঃ এব) 'আসাং গোনাম্' প্রসিদ্ধানাং জ্ঞানরশ্মিনাং, জ্ঞানস্য ইত্যর্থঃ) 'অপীচ্যং' (অন্তর্নিহিতং) 'নিহিতং' (নিগূঢ়ং) 'গুহ্যং' (গোপনীয়ং, দুর্ল্লভং) 'যৎ নাম' (যৎ রসং, যৎ অমৃতং) তৎ 'কাব্যেন' (স্তোত্রেণ, প্রার্থনয়া) 'বিবেদ' (লভতে); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। মোক্ষাভিলাষী প্রার্থনাপরায়ণঃ সাধকঃ অমৃতং লভতে—ইতি ভাবঃ। (১অ ৩খ—৩সূ-৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

যিনি তত্ত্বদর্শী, মেধাবী, ধীমান্ লোকদিগের সৎকর্ম্মে অধিনায়ক, মোক্ষাভিলাষী সাধক তিনিই জ্ঞানের অন্তর্নিহিত নিগূঢ় দুর্ল্লভ যে অমৃত তাহা প্রার্থনা দ্বারা লাভ করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক।

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের সপ্তাশীতিতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

ভাব এই যে;—মোক্ষভিলাষী প্রার্থনাপরায়ণ সাধক অমৃত লাভ করেন।)। (১অ— খ—৩সূ—৩সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'ঋষিঃ' অতীন্দ্রিয়দ্রষ্টা 'বিপ্রঃ' মেধাবী 'পুর এতা' পুরতো গন্তা জনানাং মনুষ্যাণাং 'ঋভুঃ' উরুভাসমানঃ 'ধীরঃ' ধীমান্ 'উশনাঃ' এতন্নামকঃ ঋষিঃ যঃ 'স চিৎ' স এব 'কাব্যেন' স্তোত্রেণ 'বিবেদ' লভতে। কিমিতি? উচ্যতে। 'আসাং' 'গোনাং' গবাং সম্বন্ধি 'যৎ' 'অপীচ্যং' অন্তর্হিতনামৈতৎ অন্তর্হিতং 'নাম' নামকমুদকং পয়োলক্ষণং। কীদৃশং 'গুহ্যং' গোপনীয়ং॥ (১অ ৩খ—৩সূ—৩সা) ॥

ইতি প্রথমাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ॥

* * *

তৃতীয় (৬৭৯) সামের মর্ম্মার্থ।

§ * §

মন্ত্রটী নিত্য-সত্য-প্রখ্যাপক। কিরূপ সাধক অমৃত লাভের অধিকারী, তাহাই মন্ত্রে বিবৃত হইয়াছে। অমৃতলাভের জন্য কিরূপ কঠোর সাধনার প্রয়োজন, সাধককে কেমন ভাবে আপনার জীবন গঠন করিতে হইবে, মন্ত্রে তাহার একটা উজ্জ্বল আভাষ পাওয়া যায়।

প্রথমতঃ অমৃতলাভের জন্য তীব্র ব্যাকুলতা থাকা চাই। প্রাণের ব্যাকুলতা না থাকিলে ইষ্টসিদ্ধি হয় না। আবার, শুধু ব্যাকুলতাটাই যথেষ্ট নহে। ব্যাকুলতা প্রাথমিক উদ্দীপক বটে, কিন্তু সঙ্গে অভীষ্ট সাধনের উপযোগী সৎকর্ম্মে আত্মনিয়োগ করা চাই। জ্ঞানলাভ করিতে হইবে বটে; কিন্তু সেই জ্ঞানকে হৃদয়ে অনুপ্রবিষ্ট করা চাই। শুধু বিদ্যা-অধ্যয়ন প্রভৃতির দ্বারা আত্মলাভ হয় না। অমৃতলাভের জন্য তত্ত্বদর্শী হইতে হইবে। ধীরভাবে, অন্তরের সমগ্রশক্তির সহিত, ভগবানের নিকট প্রার্থনা করা চাই। তবেই অমৃতলাভ সম্ভবপর হয়।

জ্ঞানের মধ্যে যে অমৃত লুক্কায়িত আছে, পাণ্ডিত্যের দ্বারা তাহা লাভ করা যায় না। তাই এ সম্বন্ধে শ্রুতি বলিতেছেন 'নমেধয়া ন বহুধা শ্রুতেন'। যে পর্য্যন্ত পাণ্ডিত্যের অভিমান থাকিবে, সেই পর্য্যন্ত শুধু পাণ্ডিত্যই লাভ হইবে,—পরাজ্ঞান বা অমৃতত্ব লাভ ঘটিবে না। তাই অমৃতকে "জ্ঞানের অন্তর্নিহিত নিগূঢ় দুর্লভ" বস্তু বলা হইয়াছে। সকলের ভাগ্যে এই বস্তু লাভ ঘটে না। যিনি ভগবৎপরায়ণ একনিষ্ঠ সাধক, সৎকর্ম্ম ও প্রার্থনা বলে তিনিই তাহা লাভ করিতে পারেন। মন্ত্রে এই সত্যই প্রকটিত দেখিতে পাওয়া যায়। মন্ত্রান্তর্গত 'উশনাঃ' পদের ব্যাখ্যার জন্য আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম—৮৩সূ—৫ঋ) দ্রষ্টব্য ॥ (১অ—৩খ—৩সূ—৩সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাশীতিতম সূক্তের তৃতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

প্রথমং গান।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অভি ত্বা শূর নোনুমোঽদুগ্ধা ইব ধেনবঃ।
১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১
ঈশানম্ অস্য জগতঃ স্বর্দৃশম্ ঈশানমিন্দ্র তস্থুষঃ॥ ১॥

* * *

গেয়-গানং।

২র ১র২র১র২১ ২১র ২ ১ ২ ২
১॥ (কণ্বরথন্তরম্) আভিত্বাশূরনোনুমাঃ। অদুগ্ধাআয়ি। বা৩ ধায়িনা ৩ বাঃ।

রর ৩ ৫র ২র২র ৫ ২ ১
ঈশানমস্যজগতঃসুবদৃ। শা ২ ৩ ৪ মৈহী। ঈশানা ২ ৩ ৪ মী। ন্দ্রস্থ ৩ আউবা ২ ৩॥

২ ২৩২ র র৫২ ১২১ ২র১র ২ ১২ ২
এ ৩। স্তুষআ॥ (১) আয়িশানমিন্দ্রস্থুস্থুষাঃ। ঈশানমায়ি। ন্ত্রা ৩ স্থুস্থু ৩ ষাঃ।

রর র র র A৩ ৫র ২১র ৫
নত্বাবাঁ৺অন্যোদিবিযোনপার্থিবা ২ ৩ ৪ ঐহী। নজাতো ২ ৩ ৪ না।

২ ২ ২৩২ রর ১র
জনা ৩ ১ উবা ২ ৩। এ ৩। ষ্য ৩ আ॥ (২) নাজাতো-

২ -১ ২১র র ২ ১ ২ ২ র
নজানিষ্যতায়ি। নজাতোনা। জা ৩ নায়িষ্যা ৩ তায়ি। অশ্বা-

র র র৩ ৫র ২১
য়ন্তোমঘবন্নিন্দ্রবাজিনা ২ ৩ ৪ ঐহী। গব্যন্তা ২ ৩ ৪

৫ ২ ২ ২৩২
ত্বা। হবা ৩ ১ উবা ২ ৩। এ ৩। মহআ (৩)॥

* * *

২র ১র২র ১র২১ ২১র ২
২॥ (ককুবুত্তরেকণ্বরথন্তরম্)॥ আভিত্বাশূরনোনুমাঃ। অদুগ্ধাআয়ি। বা ৩

১ ২ ২ র র ৩ ৫ র ২র১র ৫
ধায়িনা ৩ বাঃ। ঈশানমস্যজগতঃস্বর্দ্দশা ২ ৩ ৪ মৈহী। ঈশানা ২ ৩ ৪ মী।

২ ১ ২ ২৩২ ২র র ২ ১২২ ২
ন্দ্রস্থ ৩ আউবা ২ ৩। এ ৩। স্তুষআ॥ (১) আয়িশানমিন্দ্রস্থুস্থুষাঃ। না ৩

১২ ২ র র২৩ ৫র ২১র
ত্বাবা ৩ ৮আন্। যোদিবিয়োনপার্থিবা ২৩৪ঔহী। নজাতো

৫ ২ ২ ২৩২
২৩৪না। জনা ৩১ উবা ২৩। এ৩। ষ্যতআ॥ (২)

র র ১র ২ ১ ২ ১২ ২ ১ র ৬
নাজাতোনজনিষ্যতায়ি। অশ্বা ৩ শ্বায়া ৩ ন্তাঃ। মঘবন্নিন্দ্রবাজিনা

৫র ২১ ৫ ২
২৩৪ঔহী। গব্যন্তা ২৩৪ত্বা। হবা ৩১ উবা ২৩।

২ ২৩২
এ৩। মহআ (৩)॥

* *

২ র র র ১১ র৩ ৪ ২ র র১
৩॥ (বারবন্তীয়ম্)॥ অভিত্বাশাঔহোহায়ি। রানোনূ ২৩৪মাঃ। অদুগ্ধাইবধেনাবো ২৩৪

৫ ১১র ২ ৫র৪র৫ ১৩ ৫ ২৩ ৫
হায়ি। ঈশানমস্যজগতঃস্বর্দৃ ৩৪। ঔহোবা। ইহা ২৩৪হায়ি। উহুবা ২৩৪শাম্।

২র১র২ ১ ৭ ২ ৩র৪র৫ ১৩ ২১ ৩র২ ১
ঈশানম্। আয়িন্দ্রতস্থু ৩৪। ঔহোবা। ইহা ২৩৪হায়ি। ঔহোবা। ইহা

৫ ৩র২ ৫র ৫ ২রর
২৩৪হায়ি। ঔহো ৩১২৩৪। ষাঃ। এহিয়া ৬হা। (১) ঈশানমাঔহোহায়ি।

র র র ২ ৩ ৫ ২১ ৫ ১র
ন্দ্রতস্থু ২৩৪ষাঃ। নত্বাবা৮ ২৩৪হায়ি। অন্যোদিবিয়োনপার্থা ৩৪। ঔহোবা। ইহা ২৩৪হায়ি। উহুবা ২৩৪ বাঃ।

র র২ ৩র৪র৫ ১৩ ৫ ২৩ ৫

৩১র ১৭২ ৩র৪র৫ ১৩ ৫ ৩র২
নজাতঃ। নাজনিষ্যা ৩৪। ঔহোবা। ইহা ২৩৪হায়ি। ঔহো

৫র ২ ৫ ২ র র র র ১ ২
৩১২৩৪। ভায়ি। এহিয়া ৬হা। (২) নজাতোনাঔহোহায়ি।

র ৩ ৫ ২১ ৫ ১র
জানায়িষ্যা ২৩৪ তায়ি। অশ্বায়া ২৩৪হা। তোমঘবন্নিন্দ্র

র২ ৩র৪র৫ ১৩ ৫ ২৩
বাজা ৩৪। ঔহোবা। ইহা ২৩৪হায়ি। উহুবা ২৩৪

৫ ২১২ ১৭র ৩র৪ ৫ ১২ ৫
নাঃ। গব্যন্তঃ। ত্বাহবামা ৩৪। ঔহোবা। ইহা ২৩৪হায়ি।

৩র২ ৫র ৫
ঔহো ৩১২৩৪। হায়ি। এহিয়া ৬হা (৩)॥১২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'শূর' (শৌর্য্যসম্পন্ন) 'ইন্দ্র' (হে ভগবন ইন্দ্রদেব) 'অস্য' (দৃশ্যমানস্য) 'জগতঃ' (জঙ্গমস্য) 'ঈশানং' (ঈশ্বরং) 'তস্থুষঃ' (স্থাবরস্য) 'ঈশানং' (ঈশ্বরং চ) 'স্বর্দৃশং' (সর্ব্বদৃশং) 'ত্বা' (ত্বাং) 'অভি' (অভিলক্ষ্য, প্রতি) 'অদুগ্ধা ইব ধেনবঃ' (ভক্তিসহযুতা জ্ঞানিন ইব, যদ্বা—ভক্তিশূন্যাঃ বৃথাতর্কপরায়ণা ইব; চার্ব্বাকধর্ম্মিণ ইব ইতি ভাবঃ) বয়ং 'নোনুমঃ' (স্তুমঃ, আরাধয়ামঃ)। স্থাবরজঙ্গমাত্মকচরাচরাণাং বিশ্বেষাং পতিং ভগবন্তং পূজয়িতুং মূঢ়াঃ বয়ং সঙ্কল্পয়ামহে - ইত্যেবং আত্মোদ্বোধনমূলকোঽয়ং মন্ত্রঃ। (১অ - ৪খ—১সূ—১সা)

* * *

বঙ্গানুবাদ।

শৌর্য্যসম্পন্ন হে ভগবন্ ইন্দ্রদেব! দৃশ্যমান জঙ্গমের ঈশ্বর এবং স্থাবরের ঈশ্বর সর্ব্বদ্রষ্টা আপনাকে লক্ষ্য করিয়া, ভক্তিসহযুত জ্ঞানিগণের ন্যায় অথবা ভক্তিশূন্য বৃথা-তর্কপরায়ণগণের ন্যায় (অর্থাৎ চার্ব্বাক-ধর্ম্মানুসারিগণের ন্যায়) আমরা আরাধনা করিতেছি। (মন্ত্রটী আত্মোদ্বোধনমূলক। এই মন্ত্রের ভাব এই যে,—স্থাবর-জঙ্গমাত্মক-চরাচর-বিশ্বের অধিপতি ভগবানকে আরাধনা করিতে মূঢ় আমরা সঙ্কল্পবদ্ধ হইতেছি।)॥ (১অ—৪খ—১সু—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'শূর' বিক্রান্তেন্দ্র! 'ত্বা' ত্বাং 'অভিনোনুমঃ' বয়ং ভৃশমভিষ্টুমঃ। তত্র দৃষ্টান্তঃ—'অদুগ্ধা ইব ধেনবঃ' অকৃতদোহা গাবঃ আদরেণ বৎসান প্রতি হম্বারবং কুর্ব্বন্তি তদ্বৎ বয়ং স্তুমঃ ইত্যর্থঃ। কীদৃশং? 'অস্য' 'জগতঃ' জঙ্গমস্য 'ঈশানং'। 'ঈশ্বরং 'তস্থুষঃ' স্থাবরস্য চ 'ঈশানং' 'স্বর্দৃশং' সর্ব্বদৃশং সর্ব্বজ্ঞমিত্যর্থঃ॥ (১অ—৪খ—১সূ—১সা)॥

* * *

প্রথম (৬৮০) সামের মর্ম্মার্থ।

—:০:—

এই মন্ত্রের অন্তর্গত 'অদুগ্ধাঃ ইব ধেনবঃ' উপমাংশ বিশেষ সমস্যামূলক। ভাষ্যে এবং প্রচলিত ব্যাখ্যাসমূহে উহার অর্থ দাঁড়াইয়াছে—'দুগ্ধপূর্ণ পালান-বিশিষ্ট গাভীসমূহের ন্যায়।' তাহা হইতে ভাব পরিগৃহীত হইয়া থাকে - 'সোমরসপূর্ণ চমসের সহিত বিদ্যমান'। দুগ্ধবতী গাভীসকলকে যেমন লোকে আদর করে, সোমরসপূর্ণ চমস-পাত্র-বিশিষ্ট মনুষ্যকে ইন্দ্রদেব সেইরূপ আদর করিয়া থাকেন। প্রচলিত ব্যাখ্যাদিতে ঐ উপমাংশে এবম্বিধ ভাবই পরিগৃহীত হইতে দেখি। এতদনুসারে এই মন্ত্রের প্রার্থনায় ইন্দ্রদেবকে সম্বোধন-পূর্ব্বক যেন

বলা হইতেছে,—'হে শূর ইন্দ্র ! স্থাবরসমূহের ঈশ্বর এবং জঙ্গমসমূহের ঈশ্বর যে আপনি, সেই আপনার জন্য চমসে সোমরস-রূপ মাদক দ্রব্য প্রস্তুত রাখিয়া আমরা নমস্কার করিতেছি।' ভাব এই যে,—'আমরা সোমরসের প্রস্তুতকারী ; সোমরস প্রস্তুত রাখিয়াছি ; আপনি আসিয়া তাহা গ্রহণ করুন।'

মন্ত্রের ব্যাখ্যাদি-বিষয়ে অপর কোনও অংশের সহিত আমাদিগের মতান্তর নাই। এক মাত্র মতান্তর—"অদুগ্ধাঃ ইব ধেনবঃ" উপমার অর্থ-বিষয়ে। 'অদুগ্ধাঃ' পদে আমরা দ্বিবিধ ভাব গ্রহণ করিতে পারি। যাহাতে দুগ্ধ নাই, তৎপক্ষেও 'অদুগ্ধাঃ' পদের প্রয়োগ সিদ্ধ হয়। আবার, যাহাতে দুগ্ধ আছে, তৎসম্বন্ধেও ঐ পদের প্রয়োগে সঙ্গতি দেখি। তদনুসারে "অদুগ্ধাঃ" ইব ধেনবঃ" বাক্যাংশে 'দুগ্ধবতী ধেনুসমূহের ন্যায়' অথবা 'দুগ্ধহীন গাভীসমূহের মত' দুই অর্থই পাইতে পারি। মন্ত্রার্থে সেই দুই রূপ ভাবেরই সামঞ্জস্য দেখা যায়। তাহা হইতে 'দুগ্ধবিশিষ্ট গাভীর মত আমরা' অথবা 'দুগ্ধশূন্য গাভীর ন্যায় আমরা' এই দুই প্রকার অর্থই প্রকাশ পাইয়া থাকে। এখন বুঝিয়া দেখুন—এতদ্বাক্যের তাৎপর্য্য কি ! সেই তাৎপর্য্যের অনুসরণেই ভাষ্যাদিতে চমসের ও সোমরসের প্রসঙ্গ আসিয়া পড়িয়াছে। কিন্তু তদ্রূপ সামগ্রীর পরিকল্পনা করিবার কোনই কারণ দেখা যায় না। দেবতার আরাধনায় বা ভগবানের পূজায় প্রয়োজন কোন্ সামগ্রীর ? হৃদয়ের শুদ্ধসত্ত্ব—জ্ঞানসমন্বিতা ভক্তি—তাহাই কি দেবতার পূজায় নৈবেদ্য নহে ? তাহাই হবিঃ—তাহাই পূজোপকরণ—তাহাই ভগবানের প্রীতির আস্পদ। এখানে প্রার্থনাকারী বলিতেছেন—'অদুগ্ধাঃ ইব ধেনবঃ' আমরা ! ইহাতে কি ভাব সহসা অন্তরে উপস্থিত হয় ? প্রধানতঃ, এখানে দ্বিবিধ ভাব অধ্যাহার করিতে পারি। এক ভাবে—আপনাদিগের অক্ষমতা প্রকাশ পায় ; অর্থাৎ, 'অতি-নীচ অতি-হেয় আমরা'—এই অর্থ ব্যক্ত হয়। অন্য ভাব—ভক্তিযুত জ্ঞানসমন্বিত হইয়া যেন (অর্থাৎ আপনার উপাসনার যোগ্যতা লাভ করিয়া যেন) আমরা আপনার পূজায় ব্রতী হইতে পারি—এইরূপ অর্থ আমনন করা যায়। আমরা তাই 'অদুগ্ধাঃ' পদে 'ভক্তিহীন' বা 'ভক্তিযুত' এই দুই অবস্থারই পরিকল্পনা করিয়াছি। 'ধেনবঃ' পদে 'জ্ঞানরশ্মিসমূহ' ভাব প্রাপ্ত হওয়া যায়। অথবা, 'একান্তানুরাগী' অর্থও পাইতে পারি। এই পদের বিষয় পূর্ব্বে আমরা বহুত্র আলোচনা করিয়াছি। ফলতঃ, এই উপমায় ভক্তিসহযুত জ্ঞানী হইয়া অথবা একান্তানুরাগী হইয়া আমরা যেন আপনার উপাসনায় ব্রতী হইতে পারি,—এই এক ভাব প্রকাশ পায়। আর এক ভাবে, বৃথা-তর্কপরায়ণ চার্ব্বাকধর্ম্মী আমরা যেন আপনার পূজায় ব্রতী হইতে পারি—এইরূপ অর্থের সঙ্গতি দেখি। মন্ত্র আত্মোদ্বোধক। আপনাকে প্রস্তুত করিবার জন্য অধ্যায়ের প্রারম্ভে প্রার্থনাকারী সঙ্কল্পবদ্ধ হইতেছেন। ১অ—৪খ—১সূ—১সা)।। *

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩অ—১খ—১দ—১সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের দ্বাত্রিংশৎ সূক্তের দ্বাবিংশী ঋক্ (পঞ্চম অষ্টক, তৃতীয় অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)। এই সূক্তের দুইটী মন্ত্রের একত্রগ্রথিত তিনটী গেয়-গান আছে। তাহা প্রথম মন্ত্রের পরেই প্রদত্ত হইয়াছে।

দ্বিতীয়ং সাম।

১র ২র ৩ ১ ৩ ২ ২র ৩
ন ত্বাবা৺ অন্যো দিব্যো ন পার্থিবো
২ ৩ ১র ২র
ন জাতো ন জনিষ্যতে
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অশ্বায়ন্তো মঘবন্নিন্দ্র বাজিনো গব্যন্তঃ ত্বা হবামহে॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'মঘবন্' (পরমধনদাতঃ) 'ইন্দ্র' (বলাধিপতে হে দেব) 'ত্বাবান্' (ত্বৎসদৃশঃ) 'দিব্যঃ' (দিবিভবঃ, দ্যুলোকজাতঃ) 'অন্যঃ' (অন্যঃ কঃ অপি ইত্যর্থঃ) 'ন' (ন অস্তি); 'পার্থিবঃ' (ভূলোকজাতঃ কঃ অপি) 'ন' (ন অস্তি) ত্বাবান্ 'ন' (ন কঃ অপি) 'জাতঃ' (উৎপন্নঃ, সৃষ্টঃ অভবৎ) তথা 'ন' (ন কঃ) 'জনিষ্যতে' (ভবিষ্যতি); ভগবান্ দেশকালপাত্রং অতি বর্ত্ততে—ইতি ভাবঃ; হে দেব! 'অশ্বায়ন্তঃ' (ব্যাপকজ্ঞানকামিনঃ) 'বাজিনঃ' (আত্মশক্তিলাভার্থিনঃ) 'গব্যন্তঃ' (পরাজ্ঞানপ্রাপ্তিকামাঃ) বয়ং 'ত্বা (ত্বাং) 'হবামহে' (আরাধয়ামঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং পরাজ্ঞানং তথা আত্মশক্তিং প্রযচ্ছ ইতিপ্রার্থনায়াঃ ভাবঃ॥ (১অ—৪খ—১সূ—২সা)॥

• • •

বঙ্গানুবাদ।

পরমধনদাতঃ বলাধিপতি হে দেব! আপনার সদৃশ দ্যুলোকজাত অন্য কেহই নাই; ভূলোকজাত কেহও নাই; আপনার সদৃশ কেহই সৃষ্ট হয় নাই এবং কেহ হইবে না; (ভাব এই যে,—ভগবান্ দেশকাল পাত্রকে অতিক্রম করিয়া বর্ত্তমান আছেন); হে দেব! ব্যাপকজ্ঞানকামী আত্মশক্তিলাভার্থী পরাজ্ঞান প্রাপ্তিকামী আমরা আপনাকে আরাধনা করিতেছি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞান এবং আত্মশক্তি প্রদান করুন।)। (১অ—৪খ—১সূ—২সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে 'মঘবন্নিন্দ্র'! 'দিব্যঃ' দিবিভবঃ 'ত্বাবান্' ত্বৎসদৃশঃ 'অন্যঃ' ন জায়তে। 'পার্থিবঃ' পৃথিব্যাং ভবোঽপি ত্বাবান্ 'ন জাতঃ' ন জায়তে দিব্যঃ পার্থিবো বা ত্বাবান্ ন জাতঃ ন চ 'জনিষ্যতে' নোৎপৎস্যতে লোকদ্বয়েঽপি ত্রিষ্বপি কালেষু তাদৃশঃ কশ্চিন্নাস্তি ত্বমেব সমর্থো ভবসীত্যর্থঃ। 'অশ্বায়ন্তঃ' অশ্বানিচ্ছন্তঃ 'বজিনঃ' বাজমন্নমিচ্ছন্তঃ (ইচ্ছায়া মিন প্রত্যয়ঃ) হবিষ্মন্তো বা 'গব্যন্তঃ' গা ইচ্ছন্তশ্চ বয়ং হে ইন্দ্র! 'ত্বা' ত্বাং 'হবামহে' আহ্বয়ামঃ॥ ২॥

⁂

দ্বিতীয় (৬৮১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুইভাগে বিভক্ত। প্রথম ভাগে, ভগবানের মহিমা পরিব্যক্ত হইয়াছে এবং দ্বিতীয় অংশে তাঁহার নিকট পরাজ্ঞান লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

ভগবান্ দেশ কালের অতীত। দেশ ও কাল তাঁহাতেই অবস্থিত আছে। বিশ্ব তাঁহা হইতেই সমুদ্ভূত হইয়াছে, সুতরাং দ্যুলোকভূলোকে অর্থাৎ সমগ্রবিশ্বে তাঁহার সমান কেহই নাই এবং থাকিতে পারে না। তাঁহার শক্তি পাইয়া জগৎ শক্তি লাভ করে, তাঁহার কৃপায় বিশ্ব বাঁচিয়া আছে। তাই শ্রুতি বলিতেছেন,—

"ন তত্র সূর্য্যঃ ভাতি, ন চন্দ্রতারকে
নেমা বিদ্যুতঃ ভান্তি কুতোঽয়ং অগ্নিঃ,
তমেব ভান্তং অনুভাতি সর্ব্বং
তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি।"

তাঁহার জ্যোতিঃ পাইয়া চন্দ্রসূর্য্য জ্যোতিষ্মান হয়, তাঁহার শক্তিতে সকলে শক্তি লাভ করে। তিনিই জগতের শক্তির ও জ্যোতির উৎস। তিনি বিশ্ববিধাতা, বিশ্বের রক্ষা কর্ত্তা ও পালন কর্ত্তা। তাঁহার শক্তির কণামাত্র লাভ করিলে মানুষ আপনাকে মহাশক্তিশালী মনে করে, সুতরাং ক্ষুদ্র মানুষ তাহার সীমাবদ্ধ শক্তি ও জ্ঞান লইয়া তাঁহার অসীম শক্তির ধারণাই করিতে পারে না। সাধক এইমাত্র বুঝিতে পারেন যে, তাহার শক্তিতে জগৎ বিধৃত ও পরিচালিত হয়। সুতরাং তাঁহার সমান কে থাকিতে পারে? মন্ত্রের প্রথমাংশে ভগবানের এই মহিমাই প্রখ্যাপিত হইয়াছে।

সেই পরম পুরুষের নিকটেই পরাজ্ঞান ও আত্মশক্তি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে,—"হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞান প্রদান করুন, আমরা যেন তৎসাহায্যে আপনার চরণে পৌঁছিতে পারি। আমাদিগকে আত্মশক্তি প্রদান করুন, যেন আমরা রিপুজয় করিতে পারি, পাপমোহের হাত হইতে আত্মরক্ষা করিতে পারি।" ইহাই প্রার্থনার সার-মর্ম্ম। (১অ—৪খ—১সূ—২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের দ্বাত্রিংশ সূক্তের ত্রয়োবিংশী ঋক্ (পঞ্চম অষ্টক, তৃতীয় অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

প্রথমং সাম।

১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদা বৃধঃ সখা।

২ ৩ ১ ২ ৩ ২
কয়া শচিষ্ঠয়া বৃতা ॥ ১ ॥

* * *

গেয়-গানং।

৩ র ৪ ৪র ৪র ৫ ১ র২১র ২ ১
১। (মহাবামদেব্যম্)। কাহ ৫ য়া. নশ্চা ৩ ইত্রা ৩ আভু বাৎ। উ। তীসদাবৃধঃস। খা।

২ র ১ ১ ২A ৩ র ২ ১ — ২
ঔ ৩ হোহাই। কয়া২ ৩ শচাই। ষ্ঠয়ৌহো ৩। হুম্মা ২। বা ২ র্ত্তো ৩ হ ৫ হাই॥

৩ র ৪ ২ ৪ ৫ ১ ২র১ ২ ২
(১) কাহ ৫ স্ত্বা। সত্যো ৩ মা ৩ দানাম্। মা। হিষ্ঠোমাৎসাদন্ধ। সা। ঔ ৩

র ১ ১ ২A ৩ র ২ ১ — ১ ২
হোহাই। দৃঢ়া ২ ৩ চিদা। রুজোহো ৩। হুম্মা ২। বাহ ৩ সো ৩ হ ৫ হায়ি॥

৩ র ৪ ২ ৪ ৫ ১ ২র ১ ২র
(২) আহ ৫ ভী। যুণাস্তঃসা ৩ খীনাম্। আ। বিতাজরায়িস্তৃ।

১ র ২ ১ ২A ৩ র ২ ১ —
ণাম্। ঔ ২ ৩ হোহায়ি। শতা ২ ৩ স্তুবানিয়ৌহো ৩। হুম্মা ২।

১ ২
ভাহ ২ য়ো ৩ হ ৫ হায়ি॥

* * *

২ র র ২ ৪র৩র ৪র৫ র ১
২। (স্বারসৌপর্ণম্)। কয়ানশ্চিত্রআ। ভু ৩ বাৎ। উতীসদাবৃধাঃ। হুম্।

৩ ৫ ১ ২ ২ ১ ২ ১ ৫ ৪ ৫
সা ২ ৩ ৪ খা। কায়া ৩ উবা। শচি। ষ্ঠয়ো ২ ৩ ৪ বা। বা ৫ র্ত্তো ৬ হায়ি॥

২ র র ২A ৩ ৪ র২ ৪৫র ১ ৩ ৫ ১ ২
(১) কস্ত্বাসত্যোমদা ৩ নাম্। মং হিষ্ঠোমৎসদা। হুম্। ধা ২ ৩ ৪ সাঃ। দাঢা ৩

২ ১র ২ ৫ ৪ ৪ ৫ ২ র
উবা। চিদা। রুজো ২ ৩ ৪ বা। বা ৫ সো ৬ হায়ি। (২) অভিষুণঃসখী

২৮ ৩৪৫র র ১ ৩ ৫ ১ ২ ২ ৫র
৩ নাম্। অবিতাজরা। হুম্। তৃ ২৩৪ ণাম্। শাতা ৩ ভবা। ভবা।

২ ১ ৫ ৪ ৫
সিয়ো ২৩৪বা। ভা ৫ য়ো ৬ হাই।। ১২৩।।

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সদাবৃধঃ' (নিত্যবর্দ্ধমানঃ, চিরনবীনত্বসম্পন্নঃ) 'চিত্রঃ' (বৈচিত্র্যবিশিষ্টঃ, অভিনবকর্ম্মযুতঃ) 'সখা' (মিত্রভূতঃ, সুহৃৎস্থানীয়ঃ স দেবঃ) 'কয়া ঊতী' (কীদৃশেন কর্ম্মণা, তর্পণেন বা) 'নঃ' (অস্মান্) 'আ ভুবৎ' (আভিমুখ্যেন ভবেৎ); তথা 'শচিষ্ঠয়া' (প্রজ্ঞাবত্তমযা, প্রজ্ঞানসহিতমনুষ্ঠীয়মানেন) 'কয়া বৃতা' (কেন বর্ত্তনেন কর্ম্মণা বা) স এব প্রাপ্তব্যঃ ইতি শেষঃ। কেন কর্ম্মণা ভগবান্ প্রাপ্তব্যঃ তদ্বিষয়ে প্রার্থনাকারী অনুসন্ধিৎসুঃ ভবতি; মন্ত্রঃ তস্য তথ্যাকুলতাপ্রকাশকঃ—ইতি ভাবঃ॥ (১অ ৪খ ২সূ—১সা)॥

• • •

বঙ্গানুবাদ।

চিরনবীনত্বসম্পন্ন, অভিনবকর্ম্মযুত, সুহৃৎস্থানীয় সেই দেবতা—কি প্রকার কর্ম্মের দ্বারা আমাদিগের অভিমুখী হয়েন? আর, প্রজ্ঞাসহ অনুষ্ঠীয়মান্ কোন কর্ম্মের দ্বারাই বা তিনি প্রাপ্তব্য হয়েন? (কোন্ কর্ম্মের দ্বারা কি প্রকারে ভগবানকে প্রাপ্ত হওয়া যায়, তদ্বিষয়ে প্রার্থনাকারী অনুসন্ধিৎসু হইয়াছেন; মন্ত্র তাঁহার সেই ব্যাকুলতা প্রকাশ পাইয়াছে।)॥ (১অ—৪খ—২সূ—১সা)

* * *

সায়ণ-ভাষ্যঃ।

'সদাবৃধঃ' সদা বর্দ্ধমানঃ 'চিত্রঃ' চায়নীয়ঃ পূজনীয়ঃ 'সখা' মিত্রভূতঃ ইন্দ্রঃ 'কয়া' 'ঊতী' ঊত্যা তর্পণেন 'নঃ' অস্মান্ 'আ ভুবৎ' আভিমুখ্যেন ভবেৎ? 'শচিষ্ঠয়া' প্রজ্ঞাবত্তময়া প্রজ্ঞাসহিতানুষ্ঠীয়মানেন। 'কয়া বৃতা'? কেন বর্ত্তনেন কর্ম্মণা চ অভিমুখো ভবেৎ॥ ১॥

• • •

প্রথম (৬৮২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী পাঠ করিলে এবং ইহার প্রচলিত ব্যাখ্যাদি দেখিলে সহসা মনে হয়—এই মন্ত্রে যেন কেহ কাহারও নিকট ভগবানের পূজার পদ্ধতি শিখিতে চাহিতেছেন। তিনি যেন জিজ্ঞাসা করিতেছেন,—'কিরূপ তর্পণের দ্বারা বা কিরূপ কর্ম্মের দ্বারা ভগবান্ নিকটে আসেন?'

প্রশ্ন এইরূপই বটে; ভাবার্থে এইরূপ জিজ্ঞাসার বিষয়ই মনে আসে সত্য। কিন্তু এ প্রশ্ন যে একজন অপরকে জিজ্ঞাসা করিতেছেন, তাহা আমরা মনে করি না। আমাদিগের মতে, মন্ত্রটী আত্মজিজ্ঞাসামূলক। কোন্ কর্ম্মের দ্বারা তাঁহাকে প্রাপ্ত হওয়া যায়, আবার কোন্ কর্ম্মের দ্বারা তিনি নিকটে আসেন,—এইরূপ আত্মানুসন্ধানই এই মন্ত্রের লক্ষ্য। সাধক ব্যাকুল হইয়াছেন; কি করিয়া ভগবানকে লাভ করিতে সমর্থ হইবেন—তাহারই সন্ধান করিতেছেন। মন্ত্র এই আত্মানুসন্ধানের ভাবই প্রকাশ করিতেছে।

মন্ত্রে প্রশ্নমূলক দুইটী 'কয়া' পদ আছে। সেই দুই পদের সহিত যথাক্রমে 'ঊতী' ও 'বৃতা' পদদ্বয়ের সম্বন্ধ প্রতিপন্ন হয়। কিন্তু ক্রিয়াপদ মাত্র একটী আছে। সেটী—'ভুবৎ'। সুতরাং ঐ ক্রিয়াপদকে উভয় প্রশ্নের সহিত সম্বন্ধবিশিষ্ট বলিয়া সিদ্ধান্ত করা হয়। আমরা এখানে ভাব-পক্ষে 'স এব প্রাপ্তব্যঃ' প্রতিবাক্য শেষাংশে গ্রহণ করিয়াছি। তাঁহাকে কি প্রকারে কীদৃশ কর্ম্মের দ্বারা অভিমুখে আনয়ন করা যায়—এবম্বিধ প্রশ্নেও যে ভাব ব্যক্ত করে; কোন্ কর্ম্মের দ্বারা তিনি প্রাপ্তব্য হয়েন অর্থাৎ কোন্ কর্ম্মের দ্বারা তাঁহাকে পাওয়া যায়,—এরূপ প্রশ্নেও সেই ভাবই প্রকাশ পায়। এখন 'ঊতী' আর 'বৃতা' পদদ্বয়ে কি মর্ম্ম প্রকাশ করে, তাহা একটু সূক্ষ্মভাবে বুঝিয়া দেখুন। দুই পদেই ভগবদুদ্দেশে অনুষ্ঠিত কর্ম্মের ভাব প্রকাশ পায়। যে কর্ম্মে আত্মরক্ষা হয়, তাহাই 'ঊতি' পদের লক্ষ্য; আর যাহা নিত্য-অনুষ্ঠিত, তাহাই 'বৃতা' পদে নির্দ্দেশ করিতেছে। ভগবদুদ্দেশে কর্ম্ম দুই প্রকারে অনুষ্ঠিত হয়। সেই দুই প্রকার কর্ম্ম নিত্যকর্ম্ম ও নৈমিত্তিক কর্ম্ম নামে অভিহিত হইয়া থাকে। সেই দুই কর্ম্মের ভাব 'ঊতী' ও 'বৃতা' পদদ্বয়ে অন্তর্নিহিত রহিয়াছে বলিয়াই আমরা মনে করি। (১অ - ৪খ—২সূ ৮দ।)। *

—— ০ ——

দ্বিতীয়ং গানং।

১ ২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১ ২
কস্ত্বা সত্যো মদানাং ম৺হিষ্ঠো মৎসৎ অন্ধসঃ।
৩ ১, ২ ৩ ২ ৩ ১ ২
দৃঢ়া চিৎ আরুজে বসু ॥ ২ ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ—৭খ—৭দ—৫সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার চতুর্থ মণ্ডলের একত্রিংশত্তম সূক্তের প্রথমা ঋক্ (তৃতীয় অষ্টক, ষষ্ঠ অধ্যায়, চতুর্ব্বিংশ বর্গের অন্তর্গত)। অধিকন্তু উহা যজুর্ব্বেদের (ষড়্বিংশ অধ্যায়, চতুর্থ কণ্ডিকা) এবং অথর্ব্ববেদেরও (২০কা—১২৪সূ—১ম) মন্ত্র। এই সূক্তের তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। তাহা প্রথম মন্ত্রের পরেই প্রদত্ত হইয়াছে।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মদানাং' (মাদয়িতৄণাং, আনন্দদায়কানাং বস্তূনাং—মধ্যে ইতি যাবৎ) 'কঃ' (কঃ বস্তু) 'ত্বা' (ত্বাং) 'মৎসৎ' (মাদয়তি, আনন্দং প্রযচ্ছতি)? 'চিৎ' (নিশ্চয়মেব) সাধকানাং হৃদিস্থিতং 'সত্যঃ' (সত্যভূতং) 'অন্ধসঃ' (সত্ত্বভাবস্য, সত্ত্বভাবজাতং ইত্যর্থঃ) 'মংহিষ্ঠঃ' (পূজনীয়ং, শ্রেষ্ঠং) 'বসু' (ধনং, পরমধনং) ত্বাং আনন্দং প্রযচ্ছতি ইতি শেষঃ; হে দেব! 'দৃঢ়া' (দৃঢ়ানি, কঠোরাণি—রিপূন ইতি যাবৎ) 'আ' (সমন্তাৎ, সম্যক্‌রূপেণ) 'রুজে' (বিনাশয়); অয়ং মন্ত্রঃ নিত্যসত্যপ্রখ্যাপকঃ। সাধকানাং বিশুদ্ধসত্ত্বভাবেন ভগবান্ প্রীতঃ ভবতি—ইতি ভাবঃ॥ (১অ—৪খ—২সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

আনন্দদায়ক বস্তুদিগের মধ্যে কোন্ বস্তু আপনাকে আনন্দ প্রদান করে? নিশ্চয়ই সাধকদিগের হৃদয়স্থিত সত্যভূত সত্ত্বভাবজাত শ্রেষ্ঠ ধন আপনাকে আনন্দ প্রদান করে; হে দেব! কঠোর রিপুদিগকে সম্যক্‌রূপে বিনাশ করুন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সাধকদিগের বিশুদ্ধ সত্ত্বভাবের দ্বারা ভগবান্ প্রীত হয়েন)॥ (১অ—৪খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'মংহিষ্ঠঃ' পূজনীয়ঃ 'সত্যঃ' সত্যভূতঃ মদানাং মাদয়িতৄণাং মধ্যে 'কঃ' মদকরঃ? 'অন্ধসঃ' সোমলক্ষণস্যান্নস্য রসঃ। 'দৃঢ়াচিৎ' দৃঢ়মপি 'বসু' শত্রুসম্বন্ধি গবাদিকং ধনং 'আরুজে' আ সমন্তাৎ ভঙ্‌ক্তুং হে ইন্দ্র! 'ত্বা' ত্বাং 'মৎসৎ' মাদয়েৎ॥২॥

* * *

দ্বিতীয় (৬৮৩) সামের মর্ম্মার্থ।

পিতা আপনার সন্তানকে উন্নত ও পবিত্র দেখিলে যেমন আনন্দিত হয়েন, তেমন আর কিছুতেই নয়। জগৎপিতা ভগবানও সেইরূপ তাঁহার সন্তানগণের মধ্যে বিশুদ্ধসত্ত্বভাবের সঞ্চার দেখিলে আনন্দলাভ করেন। বিশ্ব তাঁহারই প্রতিচ্ছবি। তাই, এই বিশ্ব যত তাহার আদি উৎপত্তিনিলয়ের দিকে অগ্রসর হয়, ততই আনন্দের বিষয়। তাই প্রশ্ন করা হইয়াছে "কোন বস্তু আপনাকে আনন্দদান করে"? তাহার অবিসংবাদী উত্তরও সঙ্গে সঙ্গেই প্রদত্ত হইয়াছে—'সাধক হৃদয়ের সত্ত্বভাব'। মঙ্গলময় ভগবান্ ইহাই ইচ্ছা করেন যে, বিশ্ববাসী সকলই মঙ্গলের পথে চলুক। তাই সাধকের এই উর্দ্ধগতিতে তাঁহার আনন্দ! বেদ তাহাই ব্যক্ত করিতেছেন।

এই মন্ত্রের ব্যাখ্যা প্রসঙ্গে প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের অনৈক্য লক্ষিত হইবে। ভাষ্যকার 'বসু' পদের অর্থ করিয়াছেন "শত্রুসম্বন্ধি গবাদিকং ধনং"। কিন্তু 'বসু' পদের সহজ সরল অর্থ পরিত্যাগ করিয়া এত দূরার্থ গ্রহণ করিবার কোন প্রয়োজন আমরা বুঝিতে পারিনা। আমরা 'বসু' পদে 'ধনং' অর্থই গ্রহণ করিয়াছি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যা দৃষ্টেই অবগত হওয়া যাইবে। (১অ ৪খ-২সূ—২সা)॥ *

তৃতীয়ং সাম।

৩ ২উ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
অভী ষূণঃ সখীনাম্ অবিতা জরিতৄণাম্॥
৩ ১ ২ ৩ ১ ২
শতং ভবাসি উতয়ে ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'সখীনাং' (তব সখীভূতানাং) 'জরিতৄণাং' (প্রার্থনাকারিণাং, সাধকানাং) 'অবিতা' (রক্ষকঃ) ত্বং 'শতং' (শতসংখ্যাকং, বহুভিঃ ইত্যর্থঃ) 'উতয়ে' (রক্ষায়ৈ, উতিভিঃ, রক্ষাশক্তিভিঃ সহ ইত্যর্থঃ) 'নঃ' (অস্মান্) 'সু' (সুষ্ঠুরূপেণ, সম্যক্প্রকারেণ) 'অভিভবসি' (অভিমুখঃ ভব, প্রাপয় ইত্যর্থঃ); মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ। হে ভগবন্! কৃপয়া অস্মান্ সর্ব্ববিপদাৎ রক্ষ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (১অ ৪খ-২সূ-৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! আপনার সখীভূত সাধকদিগের রক্ষক আপনি বহুরক্ষাশক্তির সহিত আমাদিগকে সম্যক্প্রকারে প্রাপ্ত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে সকল বিপদ হইতে রক্ষা করুন।)। (১অ—৪খ—২সূ—৩সা)॥

* * *

সায়ণ ভাষ্যং।

হে ইন্দ্র! 'সখীনাং' সমানখ্যাতীনাং 'জরিতৄণাং' 'অবিতা' রক্ষিতা ত্বং 'নঃ' অস্মাকং 'শতং' শতসংখ্যাকং উতয়ে রক্ষায়ৈ 'সু' সুষ্ঠু অভিভবাসি অভিমুখো ভব। 'শতম্ভবাস্যূতয়ে' 'শতম্ভবাস্যূতিভিঃ'—ইতি পাঠৌ। (১অ-৪খ-২সূ-৩সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার চতুর্থ মণ্ডলের একত্রিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (তৃতীয় অষ্টক, ষষ্ঠ অধ্যায়, চতুর্বিংশবর্গের অন্তর্গত)।

তৃতীয় (৬৮৪) সামের মর্ম্মার্থ ।

ভগবানই মানুষের একমাত্র রক্ষাকর্ত্তা। তাঁহার মঙ্গলনীতিবলেই আমরা সর্ব্বপ্রকার আপদ বিপদ হইতে উদ্ধার লাভ করিতে পারি। সাধকগণ তাঁহারই রক্ষাশক্তির আশ্রয়ে নির্ব্বিঘ্নে 'ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া দুর্গম' সেই পথে চলিতে সমর্থ হয়েন।

সাধকগণ ভগবানের মিত্রভূত—অতিশয় ঘনিষ্টবন্ধু। 'সমপ্রাণঃ সখামতঃ'—তিনি সাধকদিগের সেই এক-প্রাণ সখা। ভক্তগণ তাঁহার এমনই প্রিয়-পাত্র যে তাঁহাদিগকে তিনি আপনার প্রাণের তুল্য মনে করেন। সাধকের এই সৌভাগ্য মানব জাতির অনুধ্যানের বিষয়।

মানবের একমাত্র রক্ষক সেই ভগবানের নিকটেই বিপদ হইতে রক্ষা পাইবার জন্য প্রার্থনা করা হইয়াছে। 'উতয়ে' পদে বিবরণকারের মতানুসারে আমরা "উতিভিঃ" অর্থ গ্রহণ করিয়াছি। 'শতং' পদ বহুত্ববাচক, উহা দ্বারা কোন নির্দ্দিষ্ট সংখ্যা বুঝায় নাই। তাই 'উতয়ে' শব্দের বিশেষণ 'শতং' পদের 'বহুভিঃ' অর্থ গৃহীত হইয়াছে। এই মন্ত্রের ব্যাখ্যায় প্রচলিত ভাষ্যাদির সহিত আমাদিগের বিশেষ কোন অনৈক্য ঘটে নাই। তাহা সায়ণভাষ্য এবং মর্ম্মানুসারিণী-ব্যাখ্যার একত্র অনুসরণেই উপলব্ধ হইবে। (১অ— ৪খ—২সূ- ৩সা) ॥ *

প্রথমং সাম।

১　২　৩ ১　২ ৩ ২ ৩　১ ২　৩ ১　২র

তং বো দস্মম্ ঋতীষহং বসোঃ মন্দানম্ অন্ধসঃ

৩　২　৩ ১র　২র　৩ ২ ৩

অভি বৎসং ন স্বসরেষু ধেনব

১ ২　৩ ১　২

ইন্দ্রং গীর্ভিঃ নবামহে ॥ ১ ॥

গেয়-গানং।

১　র ৫ ৪ ৫ র　৪ ৫　২ ১র

১ ॥ (নৌধসম্) ॥ তা ২ ৩ ৪ ম্। বোদস্মমৃতী। ষাহাম্। বসোর্ম্মন্দা।

১ ২　২　১　২　১　২　১ ২　১　২৲ ৩

না ৩ মান্ধা ৩ সাঃ। আ ২ ৩ ভী। বাৎসম্। স্বস। রায়ি। ষ্ ধেনা

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার চতুর্থ মণ্ডলের একত্রিংশ সূক্তের তৃতীয়া ঋক্ (তৃতীয় অষ্টক, ষষ্ঠ অধ্যায়, চতুর্ব্বিংশ বর্গের অন্তর্গত)।

৫ ১ ২ ১ ২ ১ ৫ ৩
২ ৩ ৪ ষাঃ। আ ২ ৩ য়িন্দ্রাম্। গায়ির্ভির্ন্নবো ২ ৩ ৪ বা। মা ২ ৩

৫ ১ ৫র ৪ ৫র ৪ ৫ ২ ১র
৪ হে।(১) আ ২ ৩ ৪ য়ি। দ্রঙ্গীর্ভির্ন্নবা। মাহায়ি। ইন্দ্রগীর্ভায়িঃ।

২ ১২ ২ ১ ২ ২ ২ ১২ ১
না ৩ বাসা ৩ হায়ি। দূ ২ ৩ ক্ষাম্। সূদানুম্। ভবি। ষায়ি।

২Λ৩ ৫ ১ ২ ১ ২ ১
ভায়িরাণা ২ ৩ ৪ র্ত্তাম্। গা ২ ৩ য়িরীম্। নপুরুভো ২ ৩

৫ ৩ ৫ ১
৪ বা। আ ২ ৩ ৪ দাম্॥ (২) গা ২ ৩ ৪ য়ি।

৫ ৪র ৫ ২ ১ ২ ১ ২
রিম্নপুরুভো। আসাস্। গির্ম্নপূ। রু ৩ ভোকা

২ ১ ২ ১ র২ ১২
৩ দাম্। ক্ষ ২ ৩ মা। ত্বংবাজম্। শৃত্তি।

১ ২৩ ৫ ১ ২
নাম্। সাহস্রা ২ ৩ ৪ ইণাম্। মা ২ ৩ ক্ষ।

১ ২ ১ ৫ ৩
গোমস্তমো ২ ৩ ৪ বা। মা ২ ৩ ৪ হে॥

* * *

৫ ৪ ২ ৪ ৫র ৪ ৫ ১র ২র
২॥ (অভীবর্ত্তম্)॥ ভংবো ৩ দা ৩ স্মাহম্বতীষহোবা। বাসোর্ম্মন্দা।

১২ — ১ ২ ৩ ৪ ৫র ২ ১ ২
নমাধা ১ সা ২ঃ। আভিবৎসা ৩ ১ ২ ৩ ৪ ম্। নম্বসরে। মুধায়িনা

— ১২ A ৩২ ১ ৩
১ বা ২ ঃ। ইন্দ্রাঙ্গা ১ য়ির্ভা ২ ঃ। নবা ৩। মা ২ ৩ ৪ ৫। হা

১ ১ ১ ১ ৫ ৪ ২ ৭ ৪ ৫র ৪ ৫ ১ ২র
২ ৩ ৪ ৫ য়ি। ( ) ইন্দ্রা ৩ ঙ্গা ৩ য়ির্ভির্ম্নবামহোবা। আয়িন্দ্রগীর্ভিঃ।

১২ — ১ ২ ৩ ৪৫র
নবামা ১ হা ২ য়ি। দ্যুক্ষ ৬ সুদা ৩ ১ ২ ৩ ৪। মুস্তবিষী।

২ ১ ২ = ১ ২ A ৩ ২ ১
ভিবাবা ১ স্তা ২ মৃ। গিরাগ্নিম্না১র্পূ২। রুভী ৩। জা ২ ৩ ৪ ৫।

১র ১ ১ ১ ১ ৫ ১ ২ ৪ ৫র ৪ ৫
সা ২ ৩ ৪ ৫ মৃ॥ (৩) গিরা ৩ গ্নিম্না ৩ পুরুভোজসোবা।

১ ২ ১ ২ — ১ ২
গাগ্নিরিম্নপু। রুভোজা ১ সা ২ মৃ। ক্ষ্ৃমন্তবা ৩ ১ ২ ৩ ৪।

৩ ৪৫ ২ ১ ২ — ১ ২ A
জ৺্শতিনম্। সহাস্রা ১ গ্নিণা ২ মৃ। মক্ষ্ৃগো ১ মা ২।

৩২ ১ ৩ ১ ২ ১ ১
তমা ৩ গ্নি। ম্মা ২ ৩ ৪ ৫। হা ২ ৩ ৪ ৫ গ্নি॥

* * *

৫ র২ ৪ ৫৪র৫ ২ ১ —
৩॥ (জনিত্রাগ্নম্)॥ তংবোদা ৩ স্মঽম্বৃতীষহাম্। হুবেহো ২ গ্নি।

১ র র ২ — ১ — ৩২Λ ৩
বসোর্ম্মন্দানমান্ধা ১ গা ২ঃ। অভিবৎসন্নসম্ব ২ গ্নি। মুধাগ্নিনা ২ ৩ ৪

৫ ১২ ১ র২ ১ ২১র A ৩
বাঃ। ইন্দ্রাং৺্হোগ্নি। গীর্ভা ৩ গ্নিহো। নবা। মা ২ হা ২ ৩ ৪

৫র র ৫ ২ ৪৫৪র ৫ ২ ১ —
ঔহোবা॥ (১) ইন্দ্রঙ্গা ৩ গ্নির্ভির্ন্বামহাগ্নি। হুবেহো ২ গ্নি।

১ র ২ — ১ র Λ
ইন্দ্রগীর্ভির্ন্বামা ১ হা ২ গ্নি। দ্যুক্ষ৺্সুদানুস্তবিষা ২ গ্নি।

৩২Λ৩ ৫ ১২ ১ ২ ১
ভিয়াবা ২ ৩ ৪ র্ত্তাম্। গিরা ৩ গ্নি৺্হোগ্নি। নপূ ৩ হো।

২ ১র —৩ ৫র র ৫ ২
রুভো। জা ২ সা ২ ৩ ৪ ঔহোবা॥ (২) গিরিম্না ৩

৪ ৫ ৪র ৫ ২ ১ — ১ ২
পুরুভোজসাম্। হুবেহো ২ গ্নি। গিরিম্নপুরুভো ১

— ১ র A
জাসা ২ মৃ। ক্ষুমন্তংবাজ৺্শতিনা ২ মৃ।

৩২A৩ ৫ ১২ ১
সহাস্রা। ২ ৩ ৪ য়িণাম্। মক্ষ ০ হোয়ি।

র ২ ১ ২১র ^ ৩
গোমা। ৩ হো। উমা। মা। ২ হা। ২ ০ ৪

৫র র ২ ১ ১ ১ ১ ১
ঔহোবা। জনিত্রা। ২ ৩ ৪ ৫ ম্॥

• • •

১ র২১ ২র১ র র২১ ২
৪। (শুদ্ধাশুদ্ধীয়াস্তম্) ॥ তংবোদস্মমৃতীষহাম্। বসোর্মন্দানমন্ধা। ২ ৩ সাঃ।

১ র২১র ২ ১ ২ ১ A
অভিবৎসমস্বসরেষুধেনা। ২ ৩ বাঃ। ইন্দ্রঙ্গা। ২ ০ য়ির্ভা। ৩ য়িঃ। না। ২।

৩র২^ ৫র র ৩ ১ ১ ১ ১ ১ ২র ১ ২র ১
বামা। ৩ ৪ ঔহোবা। হা। ২ ৩ ৪ ৫ য়ি ॥ (১) ইন্দ্রগীর্ভির্নবামহায়ি।

র ২১র ২ ১ র ৫ ২১র
ইন্দ্রগীর্ভির্নবামা। ২ ৩ হায়ি। দ্যুক্ষ৺ সুদানুন্তবিষীভিরাবা২ ৩

২ ১ ২ ১ ^ ৩২^ ৫র র
র্ত্তাম্। গিরিম্না। ২ ৩ পূ ৩। রূ ২। ভোজা। ২ ৪ ঔহোবা।

৩ ১ ১ ১ ১ ২ ১ ২ ১র২১
সা। ২ ০ ৪ ৫ ম্ ॥ (২) গিরিম্নপুরুভোজসাম্।

২ ১র ২ ১ র
গিরিম্নপুরুভোজা। ২ ৩ সাম্। ক্ষুমন্তবাজ৺-

র ২১ ২ ১র
শতিন৺ সহস্রা। ২ ৩ য়িণাম্। মক্ষুগো। ২ ৩

২ ১ A ৩র২
মা ৩। উ। ২ ম্। ঈমা। ৩ ৪

৫র ২ ৩ ১ ১ ১ ১
ঔহাবা। হা। ২ ৩ ৪ ৫ য়ি ॥

* * *

৩ ৪র ৩ ৪ ৫র ৩ ২ ৪ র র
৫ ॥ (জনিত্রোত্তরম্‌) ॥ জবোদস্মমৃতী। মহাত্তম্‌। বসোর্ম্মা।

১ র ৭ ৩ ৪ ৩ ৪ ৫র
হোয়ি। হো'য়ি। দানামন্ধামা ২ ৩৪ঃ। অভিবৎসন্নস্বসরে।

৩ ২ ৪ ৫ ১ ২র ২ A
সুধা ৩ য়িনাবাঃ। আয়িন্দ্রজ্যৌর্ভর্নবৌ ৩। হো ৩ ১ য়ি। সা ২

৩ ৫র র ৩ ৪ র ৩ ৪ ৫র ৩ ২ ৪ ৫
হা ২ ৩ ৪ ঔহোবা ॥ (১) ইন্দ্রজ্যৌর্ভিম্নবা। মহা ৩ য়ি ইন্দ্রস্বায়ি।

১ ২ ৩
হোয়ি। হোয়ি। ভিম্নবা ১ মাহা ২ ৩ ৪ য়ি। দ্যুক্ষ‌্

৪ ৩র ৪ ৩ ৪ ৫র ৩ ২ ৪ ৫ ১ ২ S
সুদানুস্তবিষী। ভিরা ৩ বার্ত্থাম্‌। গায়িরিম্নপুরুভো ৩।

২ A ৩ ৫র র ৪ ৩
হো ৩ ১ য়ি। জা ২ সা ২ ৩ ৪ ঔহোবা ॥ (২) গিরিম-

৪ ৫ র ৩ ২ ৪ ৫ ১
পুরুভো। জসা ৩ মঃ। গিরিম্না। হোয়ি।

৪ ৪ ৩ ৪
হোয়ি। পুরুভো ১ আপা ২ ৩ ৪ মঃ। ক্ষুমন্তং

৩র ৪ ৩ ৪ ৫ ৩ ২ ৪ ৫ ১ র
বাজঁশতিনম্‌। সহা ৩ স্রায়িণাম্‌। মাক্ষ-

২র ১ ২ A ৩
গোমন্তম্ভৌ ৩। হো ৩ ১ য়ি। মা ২ হা ২ ৩ ৪

৫র র ২ ১ ১ ১ ১ ১
ঔহোবা। জনী ৩ ত্রা ২ ৩ ৪ ৫ ম্‌ (৩) ॥

* * *

৫ ৪ ২ ৪ ৫র ৪ ৫ ১ র র
৬ ॥ (সৌভরম্‌) ॥ তংবো ৩ দ ৩ স্মা২মৃতীষহোবা। বসোর্ম্মন্দান-

র — ১ ৭ ১ ৩ ৫
মন্ধসোভিবৎসন্নস্বগা ২ রায়িষুধা ২ ৩। হোয়ি। না ২ ৩ ৪ বাঃ।

১ র S ২ ১ ^ ৩ ৫র র
ইন্দ্রঙ্গীর্ভিঃ। নবা ৩ হা ৩ য়ি। মা ২ হা ২ ৩ ৪ ঔহোবা ॥ (১)

৫ ৪ ২ ৪ ৫র ৪ ৫ ১ র র র
ইন্দ্রা ৩ ঙ্গা ৩ য়ির্ভির্ম্বামহোবা। ইন্দ্রঙ্গীর্ভির্নবামহেত্ব্যক্ষ৺্

র — ১ ৭ ১ ৩ ৫
সুদানুস্তবা ২ য়িষায়িভিরা ২ ৩। হো। বা ২ ৩ ৪ ত্তাম্।

১ S ২ ১ Λ ৩ ৫র র
গিরিম্নপু। রুভো ৩ হা ৩ য়ি। জা ২ না ২ ৩ ৪ ঔহোবা ॥

৪ ৫ ২ ৪ ৫র ৪ ৫ ১
(২) গিরা ৩ য়িম্না ৩ পুরুভোজসোবা। গিরিম্নপুরু

র র — ১ ৭ ১
ভোজসংক্ষুমন্তংবাজ৺শতা ২ য়িনা৺্সহা ২ ৩। হো।

৩ ৫ ১র র S ২
স্রা ২ ৩ ৪ য়িণাম্। মক্ষূগোম। স্তুমা ৩ হা ৩

১ A ৩ ৫র র ৩ ১ ১ ১ ১
য়ি। মা ২ হা ২ ৩ ৪ ঔহোবা। উ ২ ৩ ৪ ৫ (৩)॥

* * *

৫ র ২ ৪ ৫র ৪ ৫ ১ র
৭॥ (আক্ষারনিধনং কাণ্বম্)॥ তংবোদা ৩ স্মমৃতীষহাম্। বাসো

২ র ১ ২ ১ ২ ১ ২ ৩ ২ ১
র্মন্দা। নমা ২ ৩ ন্ধসাউ। বা ৩ ২। অভিবৎসাম্। নস্বসরায়ি।

২ ১র ৫ ১ ২ ১র ২ ১র
ষুধেনা ২ ৩ ৪ বাঃ। আ ২ ৩ য়িন্দ্রোম্। গীর্ভিম্ম। বামা ২ ৩ ৪ ৫

৫ ২ ৪ ৫র ৪ ৫ ১ ২র
হা ৬ ৫ ৬ য়ি॥ (১) ইন্দ্রঙ্গা ৩ য়ির্ভিম্ম'বামহায়ি। আয়িন্দ্রঙ্গীর্ভিঃ।

২ ২ ১ ২ ১ ২ ৩ ২ ১
নবা ২ ৩ মহাউ। বা ৩ ২। ত্ব্যক্ষ৺্সুদা। নুস্তবিষায়ি।

২ ১র ৫ ১ ২ ১ ২ ১র
ভিরাবা ২ ৩ ৪ ত্তাম্। গা ২ ৩ য়িরীম্। নপূরু। ভোজা ২ ৩ ৪ ৫

১ ২ ১২ ৫র ৪ ৫
মা ৬ ৫ ৬ ॥　(২)　গিরিন্না ৬ পুরুহভোজসাম্ ।

১ ২ ১ ২
গায়িরিষ্কপু ।　ক্রভো ২ ৩ জগাউ ।　বা ৩ ২ ।

১ ২ ১ ২ ৩র ২ ১ ২ ১ ৫
ক্ষুমন্তং বা ।　জ৺শত্তিনাম্ ।　সহস্রা ২ ৩ ৪ যিণাম্ ।

১ ২ ১র ২ ১র
মা ২ ৩ ক্ষৃ ।　গোমন্তম ।　ঈমা ২ ৩ ৪ ৫

৩ ১ ১ ১ ১
হা ৬ ৫ ৬ য়ি　অ ২ ৭ ৪ ৫ ম (৩) ॥

* . ০

১ র ৫ ৪ ৫ র ৪ ৫
৮ ॥ (ককুবুত্তরনৌধনম্) ॥ ভা ২ ৩ ৪ স্ ।　বোদস্মমৃতা ।　মাহান্ ।

২ ২র ২ ১ ২ ২ ১ ৩ ১ ২ ১২
বনোর্ম্মন্দা ।　না ৩ মান্ধা ৩ সাঃ ।　আ ২ ৩ ভী ।　বাৎসন্ন ।　স্বস ।

১ ২A ৩ ৫ ১
ন্নায়ি ।　মৃধেণা ২ ৩ ৪ বাঃ ।　জা ২ ৩ য়িদ্রাম্ ।　গাম্নিভির্ম্ম রো ২ ৩ ৪ঃ

৫ ৩ ৫ ১ ৫র ৪ ৫ র
বা ।　মা ২ ৩ ৪ হে ॥　(১) আ ২ ৩ ৪ য়ি ।　ন্দ্রজীভিন্নবা ।

৪ ৫ ২ ১ ২ ২ ১ ২ ১
মাহায়ি ।　জু ৩ ক্ষা৺সু ৩ দা ।　নূ ২ ৩ ন্তা ।　বি ।　মায়ি ।

২A ৩ ৫ ১ ২ ১ ২
ভায়িন্নানা ২ ৩ ৪ র্ত্তাম্ ।　গা ২ ৩ য়িন্নীম্ । নপুরূভো ২ ৪

৫ ৪ ৫ ১ ৫ ৪র
বা ।　জা ২ ৩ ৪ সাম্ ॥ (২) গা ২ ৩ ৪ য়ি ।　রিন্নঃপুরূভো ।

৫ ২ ১ ২ ২ ১ ২ ১
জাসাম্ ।　ক্ষৃ ৩ মান্তা ৩ বা ।　জা ২ ৩ ৺শা ।　ত্তি ।

২A ৩ ৫ ৫ ২
নাম্ ।　সাহস্রা ২ ৩ ৪ য়িণাম্ ।　মা ২ ৩ ক্ষৃ ।

১ ২ ১ ৫ ৪ ৫
গোমন্তমো ২ ৩ ৪ বা ।　মা ২ ৩ ৪ হে (৩) ॥

* * *

২ ১ ২ ৫র
৯॥ (বাজ্ঞিধনং ক্রৌঞ্চম্) ॥ তম্বোদাস্মা ৩ ১ ২ ৩ ৪ ম্। ঋতী।

৩২ ২১র ২ ৫ ৩২ ২১
ষহা ৩ ম্। বসোর্ম্মন্দা ৩ ১ ২ ৩ ৪। নম। ধসা ৩ঃ। অভীবাৎ

২ ৩ ৪৫র ২ ৩২ ২১ ২
সা ৩ ১ ২ ৩ ৪ ম্। নস্বসরেষুধে। নবা ৩ঃ। ইন্দ্রাঙ্গাগির্ভা ৩ ১ ২৩

৪ ২ ১ ২
য়িঃ। নবা ৫ ম হাউ ॥ (১) ইন্দ্রাঙ্গাযির্ভা ৩ ১ ২ ৩ ৪ য়িঃ।

৫র ৩২ ২১র২ ৫র
নবা। মহা ৩ য়ি। ইন্দ্রঙ্গীর্ভা ৩ ১ ২ ৩ ৪ য়িঃ। নবা।

৩২ ২ ১ র২ ৩ ৪৫র র
মহা ৩ য়ি। দ্যুক্ষা৶সুদা ৩ ১ ২ ৩ ৪। নুস্তবিষীভিরা।

৩২ ২১ ২ ৪
বৃতা ৩ ম্। গিরাম্নিন্নাপূ ৩ ১ ২ ৩। রুভো ৫ জসাউ ॥

২১ ২ ৫র ৩২
(২) গিরায়িন্নাপূ ৩ ১ ২ ৩ ৪। রুভো। জসা ৩

২ ১ ২ ৫র ৩২
ম্। গিরিন্নপূ ৩ ১ ২ ৩ ৪। রুভো। জসা ৩

২১ ২ ৩ ৪৫
ম্। ক্ষুমান্তাংবা ৩ ১ ২ ৩ ৪। জ৶শতিন৶সহ।

৩২ ২১ ২
স্রিণা ৩ ম্। মক্ষূগোমা ৩ ১ ২ ৩।

৪
তমা ৫ য়িমহাউ (৩) ॥ ১২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মম চিত্তবৃত্তয়ঃ মনঃ বা! 'বঃ' (যুষ্মদর্থং, অস্মাকং আত্মনাং হিতসাধনায় ইতি ভাবঃ) 'দস্মং' (দর্শনীয়ং, সত্যপ্রদর্শকং) 'ঋতীষহং' (শত্রুনাশকং) 'বসোঃ' (আত্মনঃ বাসযোগ্যস্য, আত্মপ্রীতিকরস্য ইতি ভাবঃ) 'অন্ধসঃ' (শুদ্ধসত্ত্বস্য—গ্রহণেন ইতি যাবৎ) 'মন্দানং' (মোদমানং, আনন্দিতং ইতি ভাবঃ) 'তং ইন্দ্রং' (তং প্রসিদ্ধং ইন্দ্রদেবং) 'অভি'

(অভিলক্ষ্য, আভিমুখ্যেন) 'বৎসং ন ধেনবঃ' (বৎসং প্রতি ধেনুবৎ, আশ্রয়স্থানং ভগবন্তং প্রতি একান্তানুরাগিণো ভক্তিমন্ত ইব) 'স্বসরেষু' (যজ্ঞগৃহেষু, আত্মহৃদয়ক্ষেত্রেষু—তং স্থাপয়িত্বা ইতি যাবৎ) 'গীর্ভিঃ' (স্তুতিমন্ত্রৈঃ) 'নবামহে' (আহ্বয়ামঃ, অভিষ্টুমঃ,)। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধনমূলকঃ। আত্মহিতসাধনায় ভগবান্ আরাধনীয়ঃ। বয়ং তৎসঙ্কল্পবদ্ধাঃ ভবাম—ইতি ভাবঃ। (১অ—৪থ—৩সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে আমার চিত্তবৃত্তিসমূহ অথবা হে আমার মন! তোমাদিগের জন্য অর্থাৎ আমাদিগের আপনার মঙ্গল-সাধনের জন্য, সত্যপ্রদর্শক, শত্রুনাশক, আপনার প্রীতিকর শুদ্ধসত্ত্ব-গ্রহণে আনন্দিত, সেই ইন্দ্রদেবকে লক্ষ্য করিয়া (তাঁহার অভিমুখে) একান্তানুরাগী ভক্তগণের ন্যায়, আত্মহৃদয়ক্ষেত্রে তাঁহাকে স্থাপন-পূর্ব্বক, স্তুতিমন্ত্রের দ্বারা আহ্বান করিতেছি। (মন্ত্র আত্মোদ্বোধনমূলক। ভাব এই যে,—আত্মহিতসাধনের জন্য ভগবানের আরাধনা কর্ত্তব্য। তদ্বিষয়ে আমরা সঙ্কল্পবদ্ধ হইতেছি।)। (১অ—৪থ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

নোধা নাম ঋষিরিন্দ্রং স্তৌতি। হে ঋত্বিগ্‌যজমানাঃ! 'দস্মং' দর্শনীয়ং 'ঋতোষহম্' ঋতয়ো বাধকাঃ শত্রবঃ তেষামভিভবিতারং। পুনঃ কীদৃশং? বসোঃ বাসয়িতুর্দুঃখস্য বিবাসয়িতুর্নিবারয়িতুঃ, যদ্বা 'বসোঃ' পাত্রে নিবসতঃ স্থিতস্য তাদৃশস্য অন্ধসঃ সোম-লক্ষণস্যান্নস্য পানেন 'মন্দানং' মন্দমানং মোদমানং 'বঃ' ষষ্ঠ্যন্তেন যুষ্মৎসম্বন্ধিনং তং তাদৃশমিন্দ্রং 'গীর্ভিঃ' স্তুতিলক্ষণাভির্ব্বাগ্‌ভিঃ 'নব্যমহে' (ণু স্তবনে, শব্দে বা) অভিষ্টুমঃ। কুত্রেতি 'স্বসরেষু' (অত্র যাস্কঃ—স্বসরাণ্যহানি স্বয়ং সারীণি অপি বা স্বরাদিত্যো ভবতি স এতানি সারয়তীতি নিরু• নৈ• ৫।৪) সূর্য্য-নেতৃকেষু দিবসেষু বয়ং 'অভিষ্টুমঃ' অভিতঃ শব্দয়ামঃ। তত্র দৃষ্টান্তঃ—'বৎসং ন' যথা ধেনবো নব প্রসূতিকা গাবঃ স্বসরেষু সুষ্ঠু অস্যন্তে প্রের্য্যন্তে গাবোঽত্রেতি স্বসরাণি গোষ্ঠানি তেষু বৎসমভিলক্ষ্য শব্দয়ন্তি তদ্বৎ॥ ১॥

* * *

প্রথম (৬৮৫) সামের মর্ম্মার্থ।

§ * §

এই মন্ত্রের অন্তর্গত "বঃ" পদ এবং "বসোঃ মন্দানং অন্ধসঃ" ও "বৎসং ন স্বসরেষু ধেনবঃ" বাক্যাংশদ্বয় মন্ত্রার্থ-নিষ্কাশনে নানাবিধ সমস্যা আনিয়া উপস্থিত করিয়াছে। ভাষ্যে ও প্রচলিত ব্যাখ্যাসমূহে মন্ত্রের যে বিভিন্ন রূপ অর্থ প্রচারিত আছে এবং আমাদিগের

পরিগৃহীত অর্থ যে সে সকল ব্যাখ্যা হইতে অন্য মূর্ত্তি প্রাপ্ত হইয়াছে, পূর্ব্বোক্ত পদ ও বাক্যাংশদ্বয়ই তাহার মূলীভূত কারণ।

“বঃ” পদ উপলক্ষে মন্ত্রটী ঋত্বিগ্-যজমানগণের সম্বোধনে প্রযুক্ত হইয়াছে বলিয়া নির্দ্দিষ্ট হয়। তবে তাহাতে ক্রিয়াপদ প্রভৃতির সহিত সম্বন্ধ থাকে না বলিয়া, ঐ ‘বঃ’ পদের অর্থ অন্যরূপ পরিকল্পিত; তাহার ভাব তোমাদিগের সহিত সম্বন্ধবিশিষ্ট। ‘বসোঃ’ পদে ‘পানপাত্রে অবস্থিত’ বা ‘দুঃখনাশক’, ‘অন্ধসঃ’ পদে ‘সোমরস-পানে’ এবং ‘মন্দানং’ পদে ‘মত্ততাবিশিষ্ট’ বা ‘প্রমত্ত’ অর্থ পরিগৃহীত হইয়া থাকে। তাহাতে ঐ বাক্যাংশ ইন্দ্রের বিশেষণ মধ্যে গণ্য হইয়া, উহার ভাবে ইন্দ্রদেব যে সোমরস পানে প্রমত্ত আছেন—তাহাই প্রকাশ পায়। তার পর, “বৎসং ন স্বসরেষু ধেনবঃ” এই উপমাংশের অর্থ নির্দ্ধারণ করা হয়,—‘নবপ্রসূতা গাভীসকল যেমন বৎসের অনুসরণে গোষ্ঠাভিমুখে বা দিবসে হম্বারব করিয়া ধাবমান হয়, তদ্রূপ উচ্চৈঃস্বরে।’

এইরূপে ভাষ্যানুসারে মন্ত্রের অর্থ দাঁড়াইয়াছে,—‘হে ঋত্বিগ্-যজমানগণ! তোমাদিগের সম্বন্ধবিশিষ্ট, সেই দর্শনীয়, শত্রুর অভিভবকারী, পাত্রস্থিত অথবা দুঃখনাশক সোমরসপানে প্রমত্ত, ইন্দ্রদেবের অভিমুখে, নবপ্রসূতা গাভী যেমন বৎসের অনুসরণে হম্বারব করিয়া গোষ্ঠাভিমুখে বা দিবসে ধাবিত হয়, আমরা সেইরূপভাবে উচ্চৈঃস্বরে স্তুতিমন্ত্রে স্তব করি।’ এপক্ষে ‘বসোঃ’ পদে ‘পানপাত্রে’ অথবা ‘দুঃখনাশক’ এবং ‘স্বসরেষু’ পদে ‘গোষ্ঠে’ বা ‘দিবসে’ অর্থ গৃহীত হইয়া থাকে। এইরূপে প্রচলিত বঙ্গানুবাদে মন্ত্রের অর্থ দাঁড়াইয়াছে,—“গোষ্ঠে ধেনুগণ দিবসে যেরূপ বৎসকে আহ্বান করে, সেইরূপ দর্শনীয়, শত্রুনাশক, দুঃখ দূর কর ও সোমরস-পানে প্রমত্ত ইন্দ্রকে স্তুতিদ্বারা আমরা আহ্বান করিতেছি।” বলা বাহুল্য, এখানে ‘স্বসরেষু’ পদের অর্থে ‘দিবসে’ এবং ‘গোষ্ঠে’ দুই-ই রাখা হইয়াছে।

এইরূপ, ইংরাজী অনুবাদে মন্ত্রের ভাব দাঁড়াইয়াছে,—

“As cows low to their calves in stalls, so with our songs we glorify

This indra, even your wondrous God who checks attack, who takes delight in precious juice.”

আমরা মনে করি, মন্ত্রটী আত্মসম্বোধনমূলক। তদনুসারে মন্ত্রের সম্বোধ্য চিত্তবৃত্তিসমূহ বা মন। ‘বঃ’ পদে ‘তোমাদিগের জন্য’ অথবা ‘আমাদিগের আপনার হিতসাধনের জন্য’ এই ভাব গ্রহণ করি। পূর্ব্ব-মন্ত্রেও এতদর্থে ‘বঃ’ পদের প্রয়োগ সিদ্ধান্ত করিয়াছি। ‘বসোঃ’ ও ‘অন্ধসঃ’ পদদ্বয়ে ‘আপনার প্রীতিকর শুদ্ধসত্ত্ব-গ্রহণে’ ভাব প্রাপ্ত হই। ‘মন্দানং’ পদে শুদ্ধসত্ত্ব-গ্রহণে আনন্দের ভাব প্রকাশ পায়। ‘অন্ধসঃ’ ও ‘মন্দানং’ পদের মর্ম্মের বিষয় পূর্ব্বে বহুত্র আমরা আলোচনা করিয়াছি। আনন্দময়ের আনন্দ-নিবাস হৃদিস্থিত শুদ্ধসত্ত্বের অভ্যন্তরে। এখানে তাহাই পরিকীর্ত্তিত। ‘বসোঃ অন্ধসঃ মন্দানং’ পদত্রয়ে দেবতার সেই আনন্দের অবস্থাই প্রকাশ পায়। অতঃপর ‘বৎসং ন ধেনবঃ’ উপমার তাৎপর্য্য অনুধাবনীয়। উহাতে একান্তানুরাগিতার ভক্তিমত্তার ভাব প্রাপ্ত হওয়া যায়। এই উপমার বিষয়ও পূর্ব্বে

বহুস্থানে আমরা আলোচনা করিয়াছি। বৎসের অভিমুখে গাভীর অনুসরণের উপমার ভাব গ্রহণ করিলে, সেই একান্তানুরাগিতা অর্থই সিদ্ধ হইয়া থাকে। আমরা যেন একান্ত অনুরাগের সহিত সর্ব্বথা ভক্তিমান্ হইয়া ভগবানের আরাধনায় ব্রতী হই, এবম্বিধ আকাঙ্ক্ষাই এখানে প্রকাশ পাইতেছে। 'স্বসরেষু' পদে হৃদয়রূপ যজ্ঞগৃহে তাঁহাকে স্থাপন করার ভাব প্রাপ্ত হওয়া যায়। সেই ভগবানকে হৃদয়ে স্থাপন করিয়া আমরা যেন একান্তে তাঁহার পূজায় ব্রতী হই,—এই ভাবই এখানে প্রকাশমান। (১অ—৪খ—৩সূ—১সা)॥০

দ্বিতীয়ং সাম।

৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
দ্যুক্ষ৺ সুদানুং তবিষীভিঃ আবৃতং

৩ ১ ২র ৩ ১ ২
গিরিং ন পুরুভোজসম্।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ১ ৩ ১ ২
ক্ষুমন্তং বাজ৺ শতিন৺ সহস্রিণং

৩ ১র ২র
মক্ষূ গোমন্তমীমহে ॥ ২ ॥ *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'দ্যুক্ষং' (দীপ্তিমন্তং, জ্যোতির্ম্ময়ং) 'সুদানুং' (শোভনদানং, পরমধনদাতারং) 'পুরুভোজসং' (বহূনাং পালয়িতারং, বিশ্বপালকং) 'গিরিং ন' (পর্ব্বততুল্যং) 'তবিষীভিঃ আবৃতং' (বহুবলযুক্তং, মহাশক্তিসম্পন্নং—ভগবন্তং ইতি যাবৎ) 'ঈমহে' (যাচামহে, আরাধয়ামঃ—বয়ং ইতি শেষঃ); সঃ অস্মভ্যং 'ক্ষুমন্তং' (শব্দবন্তং, জ্ঞানযুক্তং) 'শতিনং সহস্রিণং' (শতসহস্রসংখ্যাকং, প্রভূতপরিমাণং) 'গোমন্তং' (পরাজ্ঞানযুতং) 'বাজং' (বলং, আত্মশক্তিং ইত্যর্থঃ) 'মক্ষু' (শীঘ্রং, নিত্যকালং) প্রযচ্ছতু—ইতি শেষঃ। প্রার্থনামূলকোঽয়ং। হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং পরমধনং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (১অ—৪খ—৩সূ—২সা)॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটি ছন্দার্চ্চিকেও (৩অ-১খ-১দ-৪সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের অষ্টাশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)। এই সূক্তের দুইটী মন্ত্রের একত্রগ্রথিত নয়টী গেয়-গান আছে। তাহা প্রথম মন্ত্রের পরেই প্রদত্ত হইয়াছে।

বঙ্গানুবাদ।

জ্যোতির্ম্ময় পরমধনদাতা বিশ্বপালক পর্ব্বততুল্য মহাশক্তিসম্পন্ন ভগবানকে আমরা আরাধনা করিতেছি; তিনি আমাদিগকে জ্ঞানযুক্ত, প্রভূত-পরিমাণ পরাজ্ঞানযুক্ত আত্মশক্তি নিত্যকাল প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনা-মূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরমধন প্রদান করুন।)॥ (১অ—৪খ—৩সূ—২সা।)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'দ্যুক্ষং' দীপ্তিমন্তং নিবাসস্থানং অতিশয়িতদীপ্তিমিত্যর্থঃ। যদ্বা দ্যুক্ষং দিবি দ্যুলোকে ক্ষিয়ন্তং নিবসন্তং 'সুদানুং' শোভনদানং 'তাবিষীভিঃ' বলৈঃ 'আবৃতং' আচ্ছাদিতং। পুনঃ কীদৃশং? 'পুরুভোজসং' সোমাদি-হবিঃপ্রদানেন বহুভির্যজমানৈর্ভোজয়িতব্যং। যদ্বা বহূনাং পালয়িতারং ইন্দ্রং 'ক্ষুমন্তং' (টু ক্ষু ক্ষয়ে) শব্দবন্তং অনেন পুত্রাদিকং লক্ষ্যতে; স্তোত্রাদীনি কুর্ব্বাণং 'শতিনং সহস্রিণং' শতসহস্রসংখ্যাকধনযুক্তং 'গোমন্তং' গবাদিযুক্তং 'বাজং' অন্নং 'মক্ষু' শীঘ্রং 'ঈমহে' যাচামহে। যদ্বা পূর্ব্বার্দ্ধো বাজবিশেষণত্বেন যোজনীয়ঃ প্রদীপ্তং শোভনদান-যোগ্যং বলাদিযুক্তং বহুভিঃ পুত্রমিত্রাদিভির্ভোক্তব্যং শব্দাদিযুক্তং অন্নং ইন্দ্রং যাচামহে ইতি। (১অ ৪খ- ৩সূ-২সা)॥

* * *

দ্বিতীয় (৬৮৬ সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। ভগবানের নিকট পরমধনের, পরাজ্ঞানসমন্বিত আত্মশক্তির জন্য প্রার্থনা করা হইয়াছে। সেই প্রসঙ্গে মন্ত্রের প্রথমাংশে ভগবানের মহিমাও কীর্ত্তিত হইয়াছে।

তিনি বিশ্ব-পালক। জগতের সকল প্রাণীকেই তিনি অপার করুণায় পালন করিতেছেন। তাঁহার কৃপা লাভেই মানুষ বাঁচিয়া আছে। তিনি পর্ব্বততুল্য মহাশক্তি-সম্পন্ন। আপনার শক্তিতে বিশ্বকে তিনি পালন ও রক্ষা করিতেছেন। পর্ব্বত যেমন অচল অটল, সমস্ত শক্তিই যেমন তাহাতে প্রতিহত হইয়া ফিরিয়া যায়, ভগবানও সেইরূপ অনন্ত অপ্রতিহত শক্তির আধার। অবশ্য পর্ব্বতের বা জাগতিক কোন শক্তির সহিতই তাঁহার তুলনা হয় না। কিন্তু সসীম মানুষ তাহার সান্ত জ্ঞানের দ্বারা, পারিপার্শ্বিক অবস্থা দ্বারা পরিচ্ছিন্ন বুদ্ধির সাহায্যেই, সেই অনন্তের স্বরূপ নিরূপণ করিতে চায়। তাই জাগতিক বস্তুর সহিত তাঁহার তুলনা করে। সেই 'অবাঙ্‌মনসোগোচরম্' দেবতার নিকটেই পরাজ্ঞান ও আত্মশক্তি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

ভাষ্যকার কি কারণে জানিনা তুলনার্থক 'ন' শব্দের ব্যাখ্যা প্রদান করেন নাই। 'ন' শব্দের ব্যাখ্যা না দিলে 'গিরিং' পদেরও অর্থ পরিষ্কার হয় না সুতরাং ভাষ্যে 'গিরিং ন' পদদ্বয়ের ব্যাখ্যা পরিত্যক্ত হইয়াছে। এই পদদ্বয়ের ব্যাখ্যা সম্বন্ধে আমাদিগের বক্তব্য উপরেই বিবৃত হইয়াছে। অন্যান্য বিষয় সম্বন্ধে আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দ্রষ্টব্য। (১অ-৪থ-৩সূ-২সা)। *

প্রথমং সাম।

১ ২　　৩ ১ ২ ৩ ১ ২　৩ ১ ২　৩ ১ ২
তরোভির্ব্বো বিদদ্বসুমিন্দ্র৺্সবাধ উতয়ে।
৩ ১র ২র　৩ ১ ২　৩ ২　৩ ২উ
বৃহদ্গায়ন্তঃ সুতসোমে অধ্বরে হুবে
৩ ২ ৩ ১ ২
ভরং ন কারিণম্ ॥ ১ ॥

গেয়-গানং।

৫ র ২　৪র ৫ ৪ ৫　২ ১ ২ ১
১ ॥ (মহাকালেয়ম্) ॥ তরোভা ৩ ইর্ব্বো। বিদদ্বসূম্। ইন্দ্রা৺্সবা।
২৩র২১　২ ৩ র ২　১　৩ ৪র ৫র
ধউ৩য়া২ ৩ ই। বৃহদ্গায়া ৩। তা ২ ৩ ৪ঃ। সুতসোমেঅ।
২ ২　১ ৩ ২　২ A ৫　৪
ধ্বা ৩ রাই। হ্বাই ভরে। বা ৩ ৪ ৩ ও ২ ৩ ৪ বা। নকা২ ৫
৫ র ২　৪ ৫ ৪র　২ ১ ২ ১　২ ৩র
রিণাম্ ॥ (১) হুবেভা ৩ রম্কারিণাম্। হ্বাইভরাম্। নকা-
২ ১　১ ৩ ২　১　র ৩ ৪ ৫র
রিণা২ ৩ ম্। নয়ন্দুধ্রা ৩ঃ। বা ২ ৩ ৪। রস্তেনাস্বরাঃ।

এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের অষ্টাশীতিতম (অথবা বালখিল্য সূক্ত বাদ দিলে সপ্তসপ্ততিতম) সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, একাদশ অথবা দ্বিতীয় বর্গের অন্তর্গত)।

২ ২ ১ ৩ ২ ২A ৫ ৪
মু ৩ রাঃ। মদাইষুশৌ। বা ৩ ৪ ৩ ও ৩ ৪ বা। প্রমাহ ৫

৫র২ ৪ ৫৪ ৫ ২১২১
ন্ধসাঃ॥ (২) মদেষু ৩ শাইপ্রমন্ধসাঃ। মদাইষুশাই।

২৩২১ ২৩র ২ ১ র
প্রমন্ধসা ২ ৩ ঃ। যআদৃত্যা ৩। শা ২ ৩ ৪। শমা-

৩র৪ ২ ২ ১র ৩ ২
নায়স্তু। স্বা ৩ তাই। দাতাজরৌ। বা ৩ ৪ ৩

২A ৫ ৪
ও ৩ ৪ বা। উউহ্ ৫ কৃথিয়াম্।

৪
হোহ ৫ ই। ডা (৫)॥

* * *

২ র২ র র ১৫ ৩
২॥ (বারবন্তীয়োত্তরম্)॥ তরোভির্ব্বাঔহোহায়ি। বায়িদদ্বা ২ ৩ ৪

৫ ২ র র১ ৫ ১ র র র
সুম্। ইন্দ্র৺ সবাধঊতায়ে। ২ ৩ ৪ হায়ি। বৃহদ্গায়ন্তঃসুতসোমে-

২ ৩র ৪র ১৩ ৫ ২ ৩ ৫
অধ্বা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ রায়ি।

২১র২ ১৭ র ২ ৩র৪র ৫ ১৩ ৫ ৩র র
হুবেভ। রামকারা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো

৫র ৫ ২ র র র ১
৩ ১ ২ ৩ ৪। ণায়্। এহিয়া ৬ হা॥ (১) হুবেভরাঔহো-

২ A ৩ ৫ ২ র ২ ১
হায়ি। নাকারা ২ ৩ ৪ য়িণাম্। হুবেভরম্কারায়িণো ২ ৩ ৪

১ র র র ২ ৩র ৪র ৫ ১৩
হায়ি। নয়ন্দুগ্রাবরন্তেনস্থিরায়ু ৩ ৪। ঔহোবা। ইহা

৫ ২ ৩ ৫ ২১র২ ১
২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ রাঃ। মদেষু। শায়ি-

৭ ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
প্রযন্ধা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো

৫র ৫ ২ র র
৩ ১ ২ ৩ ৪। সাঃ। এহিয়া ৬ হা॥ (২) মদেষুশা-

র ১ ২ ৩ ৫ ২ র
ঔহোহায়ি। প্রামন্ধা ২ ৩ ৪ সাঃ। মদেষুশি-

১ ৫ ১র র ব র
প্রযন্ধাদো ২ ৩ ৪ হায়ি। যআদৃত্যাশশমানায়

২ ৩র ৪র ৫ ১ ৩র ৫ ২ ৩
সুন্বা ৩ ৪ ঔহোবা। ইহা ৩ হায়ি। উহুবা

৫ ২র ১র ২ ১ ৭ ২
২ ৩ ৪ ভায়ি। দাতাক্ত। রায়িত্রউক্থা

৩র ৪র ৫ ১ ৩ ৫
৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি।

৩র ২ ৫র
ঔহো ৩ ১ ২ ৩ ৪। বায়! এহিয়া ৬

৫ ৪
হা। হো ৫ ঈ। ডা (৩)॥ ১২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মম চিত্তবৃত্তয়ঃ! 'বঃ' (যুষ্মাকং হিতসাধনায়, অস্মাকং আত্মনাং মঙ্গলার্থং যথা—যূয়ং) 'সবাধঃ' (বাধাপ্রাপ্তাঃ সন্তোঽপি, রিপুভিঃ আক্রান্তাঃ যূয়ং ইতি ভাবঃ) 'উতয়ে' (আত্মরক্ষণায়, আত্মহিতসাধনায়) 'সুতসোমে' (বিশুদ্ধসত্ত্বসমন্বিতে) 'অধ্বরে' (হিংসারহিতে যাগে, সৎকর্ম্মণি) 'বৃহৎ গায়ন্তঃ' (সর্ব্বথা স্তোত্রপরায়ণাঃ সন্তঃ) 'বিদদ্বসুং' (ধনবেদকং, পরমার্থতত্ত্বজ্ঞাপকং) 'ইন্দ্রং' (ভগবন্তং ইন্দ্রদেবং) 'ভরোভিঃ' (অবিলম্বৈঃ, সত্বরং ইতি ভাবঃ) পূজয়ত ইতি শেষঃ; তদর্থং 'ভরং ন কারিণং' (সৎকর্ম্মকারিণং যথা আত্মীয়-পোষকং তদ্বৎ উপাসকানাং ভক্তানাং পালকং তং ভগবন্তং ইতি ভাবঃ) 'হুবে' (আহ্বয়ামি, পূজয়ামি—অহং ইতি শেষঃ)। স ভগবান্ অস্মাসু প্রসন্নো ভবতু—অস্মাকং চিত্তবৃত্তীন্ তদনুসারিণঃ করোতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (১অ—৪খ—৪সূ—১সা)।

বঙ্গানুবাদ।

হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমাদিগের হিতসাধনের জন্য (আমাদিগের আত্মমঙ্গলসাধনের নিমিত্ত) বাধাপ্রাপ্ত হইয়াও (রিপুগণ কর্ত্তৃক আক্রান্ত তোমরা) আত্মরক্ষণের জন্য বিশুদ্ধ সত্ত্বসমন্বিত সৎকর্ম্মে (হিংসারহিত-যাগে) সর্ব্বথা স্তোত্রপরায়ণ হইয়া পরমার্থতত্ত্বজ্ঞাপক ভগবান্ ইন্দ্রদেবকে অবিলম্বে (সত্ত্বর) পূজা কর; তজ্জন্য উপাসকগণের পালক সেই ভগবানকে আমি আহ্বান করিতেছি। (সেই ভগবান্ আমাদিগের প্রতি প্রসন্ন হউন, আমাদিগের চিত্তবৃত্তিসমূহকে তদনুসারী করুন,—প্রার্থনার ইহাই ভাবার্থ)। (১অ—৪খ—৩সূ—১সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে ঋত্বিজঃ! 'বঃ' যূয়ং 'তরোভিঃ' বেগৈরশ্বৈরুপেতং বেগৈরেব বা 'বিদদ্বসুং' বেদয়দ্বসুং ধনাবেদকং 'ইন্দ্রং' 'সবাধঃ' বাধাসহিতাঃ 'ঊতয়ে' রক্ষণায় 'বৃহদ্গায়ন্তঃ' বৃহৎ সংজ্ঞকং সাম গায়ন্তঃ সন্তঃ পরিচরতেতি শেষঃ। কুত্র? ইতি, তদুচ্যতে 'সুতসোমে' অভিষুত সোমকে 'অধ্বরে' যজ্ঞে সোমযাগে অহঞ্চ স্তোতা যুষ্মদর্থং হবে' আহ্বয়ামি। কমিব? 'ভরং ন' ভরং ভর্ত্তারং কুটুম্বপোষকং 'কারিণং' স্বহিত করণশীলং যথা স্বহিত-করণায়াহ্বয়ন্তি পুত্রাদয়স্তদ্বৎ। তথা তমিন্দ্রং হবে ইতি॥ (১অ - ৪খ - ৪সূ—১সা)॥

• • •

প্রথম (৬৮৭) সামের মর্ম্মার্থ।

——:০:——

এই মন্ত্রটী আত্মোদ্বোধনমূলক বলিয়া সিদ্ধান্তিত হয়। এখানে চিত্তবৃত্তিসমূহকে সম্বোধন করিয়া ভগবানের আরাধনায় নিয়োজিত করা হইতেছে। সঙ্গে সঙ্গে বলা হইতেছে,—'তাহাদিগকে ভগবানের সেবায় নিয়োজিত করিবার জন্য আমি প্রার্থনা করিতেছি।' মনোবৃত্তিসমূহ সহসা ভগবৎ-কার্য্যে বিনিযুক্ত হইতে চাহে না। রিপুগণের প্রলোভন-রূপ বাধা আসিয়া তাহাদিগকে বিপথগামী করিবার জন্য চেষ্টা পায়। চিত্তবৃত্তিসমূহ সেই সকল বাধা বিদূরিত করিয়া ভগবানের আরাধনায় প্রবৃত্ত হউক—আপনাদিগের পরিত্রাণের উপায় বিধান করুক,—ইহাই এখানকার প্রধান কামনা। সেই কামনার বশবর্ত্তী হইয়াই প্রার্থনাকারী ভগবানের পূজায় সঙ্কল্পবদ্ধ হইতেছেন। এই মন্ত্রের প্রার্থনার ভাব এই যে,—'আমার চিত্তবৃত্তিসমূহ ভগবানের অনুসারী হউক।'

কোন পদে কি ভাব গ্রহণে ঐরূপ অর্থের সঙ্গতি হয়, তদ্বিষয় একটু আলোচনা করা যাইতেছে। মন্ত্রের অন্তর্গত 'সবাধঃ' পদ, ভগবানের প্রতি অগ্রসর হইবার পথে যে সকল

২ ১ ৪ ৫ ৫ ২
২ ৩ হা ৩ ৪ ৩ ই। বা ২ ৩ ৪ গো ৩ হাই॥ (২) নহিতা ৩

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের অষ্টচত্বারিংশত্তম সূক্তের দ্বিতীয়া ঋক্ (চতুর্থ অষ্টক, অষ্টম অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)।

৪র ৫ ৫ ১ ২র র —১ ২ —১
ইপূর্ত্তমক্ষা ৬ ইপাৎ। ভুগ্নেম্নানাম্পা ২ তাই। অথা ২ তুবাঃ।

A ১ ৫ ৫
বন ২ ৩ হা ৩ ৪ ৩ ই। বা ২ ৩ ৪ পো ৬ হাই (৩)॥

• • •

২র ২র২র ১ ২ ৲৩ ৫ ২ ১
২॥ এহিষূণাঔহোভাম্নি। ব্রাবাণা ২ ৩ ৪ য়িভায়ি। অগ্নাযা ২ ৩ ৪

৫ ১র র ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ২ ৩
য়িহাম্নি। থেত্তরাগা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা

৫ ২র ১ ১ ১ ৭ ২ ৩র ৪র ৫ ১ ২ ৫
২ ৩ ৪ নাঃ। এভির্বর্দ্ধাইন্দ ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হাম্নি।

৩র ২ ৫র ৫ ২ রর ১ ২
ঔহো ৩ ১ ২ ৩ ৪। ভীঃ। এহিয়া ৬ হা॥ (১) যজ্ঞকুণাঔহোহাম্নি।

A ৩ ৫ ২ ১ ৫ ১ ২
বাভায়িমা ২ ৩ ৪ নাঃ। দক্ষান্দা ২ ৩ ৪ হা। ধসউক্তা ৩ ৪।

৩র ৪র ৫ ১ ৩ ৫ ২ ৩ ৫ ২ ১ ২র
ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ নায়ি। ভক্রেম্নো।

১ ৭ ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
নাম্নিঙ্কণবা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১ ২ ৩ ৪।

৫র ৫ ২ রর র ১ ২ ৩
দাম্নি। এহিম্না ৬ হা॥ (২) নহিত্তেপূর্ত্তঃহাহায়ি। তামক্ষা ২ ৩ ৪

৫ ২ ১ ৫ ১র র ২ ৩র ৪র ৫ ১ ৩
য়িপাৎ। ভুগ্নাম্না ২ ৩ ৪ য়িহায়ি। মানাপা ৩ ৪, ঔহোবা। ইহা

৫ ২ ৩ ৫ ২ ১র ২ ১ ৭ ২
২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ ভায়ি। অথাহু। বোবনচা ৩ ৪।

৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১ ২ ৪ ৫। মায়ি।

৫র ৫
এহিম্না ৬ হা (৩)॥ ১,২,৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অগ্নে' (হে জ্ঞানদেব) 'এহি' (অত্রাগচ্ছ, মম হৃদি অধিতিষ্ঠ ইত্যর্থঃ); 'তে' (তুভ্যং, ত্বদর্থোচ্চারিতাঃ) 'গিরঃ' (স্তুতীঃ) 'ইত্থা' (অনেন প্রকারেণ, যথোপযুক্তেন) 'সু' (সুষ্ঠু, ত্বদীয় শ্রবণযোগ্যেন সুস্বরেণ) 'ব্রবাণি' (ব্রুবাণি' ব্যক্তসমর্থঃ ভবানি ইতি আশাস্যতে); 'উ' (যদিচ) 'ইতরাঃ' (উচ্চারণবৈকল্যবিরূপাঃ দোষযুক্তাঃ) তা অপি কৃপয়া শৃণু ইতি শেষঃ; এবং 'এভিঃ' (অন্তরস্থিতৈঃ) 'ইন্দুভিঃ' (অস্মাকং ভক্তিসুধাভিঃ) 'বর্দ্ধসে' (বর্দ্ধস্ব, অস্মাসু পরিবৃদ্ধঃ ভবস্ব) ত্বমিতি শেষঃ। মন্ত্রাঃ হি সর্ব্বসিদ্ধিপ্রদাঃ, উচ্চারণবৈকল্যাৎ যদি ইতরাঃ ভবন্তি, তদপরাধঃ ক্ষমস্ব; অস্মাকং প্রার্থনাং শৃণু; অন্তরস্থিতৈঃ ভক্তিসুধাভিঃ প্রহৃষ্টঃ ভব—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (১অ—৬খ ২সূ-১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে জ্ঞানদেব! আসুন—হৃদয়ে অধিষ্ঠিত হউন; আপনার সম্বন্ধীয় স্তুতিমন্ত্র যেন যথাযোগ্যরূপে উচ্চারণ করিতে সমর্থ হই; যদিও উচ্চারণ বৈকল্যাদিরূপ দোষযুক্ত হয়, তথাপি কৃপা করিয়া সে স্তব গ্রহণ করুন; এবং অন্তরস্থিত এই ভক্তিসুধার দ্বারাই আমাদিগের মধ্যে পরিবৃদ্ধ হউন। (প্রার্থনার ভাব এই যে,—মন্ত্রসকল নিশ্চিত সর্ব্বসিদ্ধিপ্রদ; উচ্চারণ-বৈকল্য হেতু যদি দোষযুক্ত হয়, সে অপরাধ ক্ষমা করুন; আমাদিগের প্রার্থনা শ্রবণ করুন; আমাদিগের অন্তরস্থিত ভক্তিসুধার দ্বারা প্রহৃষ্ট হউন (॥ ১অ—৬খ—২সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'অগ্নে'! 'এহি' আগচ্ছ। 'তে' তুভ্যং চ তদর্থং 'গিরঃ' স্তুতীঃ 'ইত্থা' ইত্থমনেন প্রকারেণ 'সুব্রবাণি' সুষ্ঠু ব্রবাণীত্যাশাস্যতে। তাঃ স্তুতীঃ শৃণ্বিত্যর্থঃ। 'উ'—ইত্যেতৎ পূরকং। 'ইতরাঃ' অন্যৈঃ কৃতাঃ স্তুতীঃ শৃণ্বিতি শেষঃ। তথাচ ব্রাহ্মণং—'অগ্নিরিথেত রাগির ইত্যাগ্নয়াহি বা ইতরাগিরঃ' ইতি। অপি চ আগতস্ত্বং 'এভিঃ' এতৈঃ ইন্দুভিঃ সোমৈঃ 'বর্দ্ধসে' বর্দ্ধস্ব। (১অ—৬খ-২সূ ১সা)॥

* * *

প্রথম (৭০৫) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের প্রার্থনা বড়ই উদার উচ্চভাবপূর্ণ। যদিও বিভিন্ন-ব্যাখ্যাকারী বিভিন্ন দিক দিয়া এই মন্ত্রের অর্থ নিষ্কাশন করিয়াছেন; কিন্তু আমরা মনে করি, এ মন্ত্রে ভগবৎ-সান্নিধ্য-লাভের জন্য সাধকের ভক্তের যাজ্ঞিকের আকুল আহ্বান প্রকাশ পাইয়াছে।

উচ্চারণ-বৈকল্যে মন্ত্রফল পণ্ড হয়। আনুষঙ্গিক বিবিধ ত্রুটি-বিচ্যুতি-হেতু যজ্ঞে বিঘ্ন ঘটে। আমরা মনে করি, এ মন্ত্রের লক্ষ্য সেই বিঘ্ন বিদূরণ প্রার্থনা। ভক্ত ভগবানকে আহ্বান করিয়া কহিতেছেন 'হে দেব! আমায় সেই শক্তি দেন, আমি যেন সুষ্ঠু-সুন্দর-রূপে আপনার প্রীতিপ্রদ করিয়া মন্ত্র উচ্চারণ করিতে পারি, আমার যেন মন্ত্রোচ্চারণে কোনরূপ ত্রুটি-বিচ্যুতি না ঘটে — চেষ্টা করিতেছি সাধ্যমত; তথাপি যদি কোনরূপ অঙ্গ-বৈকল্য হয়, মন্ত্র ইতর বা দোষ-দুষ্ট হয়; অপরাধ ক্ষমা করিবেন—মন্ত্র গ্রহণ করিবেন। হৃদয়ে ভক্তি-সুধা সঞ্চার করিয়া রাখিয়াছি; সেই ভক্তি-সুধা গ্রহণ করিয়াই প্রহৃষ্ট হইবেন অকিঞ্চনের ইহাই একমাত্র নিবেদন। আমার মন্ত্রোচ্চারণে ত্রুটি থাকিতে পারে, কর্ম্মাঙ্গে দোষ স্পর্শ করিতে পারে; কিন্তু হে দেব, আমার আভ্যন্তরীণ আকুলভাব প্রতি লক্ষ্য করিয়া, আমার প্রাণের একাগ্র-ভক্তির ও ঐকান্তিকী নিষ্ঠার প্রতি দৃষ্টিপাত করিয়া, আপনি আমার পূজা গ্রহণ করুন' এ মন্ত্রের এই অর্থই আমরা সঙ্গত বলিয়া মনে করি, যদিচ প্রচলিত অর্থ সম্পূর্ণ বিপরীত-ভাবাপন্ন আছে।

সকল প্রকার পূজা-উপাসনার পর, এমন কি আমাদিগের নিত্য-অনুষ্ঠেয় সন্ধ্যাবন্দনাদির পরও, আমরা যে 'বৈগুণ্য-পরিহার' মন্ত্র পাঠ করি, আমরা যে প্লুত-কণ্ঠে জগজ্জননীর নিকট প্রার্থনা জানাইয়া থাকি,—

"ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎসর্ব্বং তৎপ্রসাদাৎ সুরেশ্বরি।।"

এই সাম-মন্ত্র সেই ভাবেরই দ্যোতক। মন্ত্র বলা হইতেছে,—'হে দেব! আমার কর্ম্মাঙ্গের উচ্চারণ বৈকল্যাদি সকল প্রকার ত্রুটি-বিচ্যুতি আপনি ক্ষমা করুন; আমার অন্তরের পূজা আপনি গ্রহণ করুন।' (১অ—৬খ—২দ—১সা)।

দ্বিতীয়ং সাম।

২ ৩ক ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যত্র ক্ব চ তে মনো দক্ষং দধস উত্তরম্।
২ ৩ ১ ২
তত্র যোনিং কৃণবসে ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'ক্ব চ' (কস্যচিৎ অপি সাধকস্য) 'যত্র' (যস্মিনদেশে, হৃদয়ে ইত্যর্থঃ) 'তে' (তব) 'মনঃ' (অন্তঃকরণং, অনুগ্রহাত্মিকাশক্তিঃ ইত্যর্থঃ) বর্ত্তমানায়াং সত্যাং, ত্বং তং প্রতি

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (১অ—১খ—১দ—৭সা) প্রাপ্তব্য। এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। উহাদের নাম,—"সাকমশ্বম্"।

কৃপাপরায়ণে সতি ইত্যর্থঃ) 'তত্র' (তস্মিন্, তস্য হৃদয়ে ইত্যর্থঃ) 'যোনিং' (আবাসস্থানং, তব আসনং) 'কৃণবসে' (করোষি, পরিগৃহ্ণাসি ইত্যর্থঃ); তথা তং 'উত্তরং' (শ্রেষ্ঠং) 'দক্ষং' (বলং, শক্তিং) 'দধস' (ধারয়সি, প্রযচ্ছসি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবৎকৃপয়া এব সাধকঃ পরমধনং লব্ধুং শক্নোতি—ইতি ভাবঃ॥ (১অ—৬খ—২সূ—২সা)॥

• • •

বঙ্গানুবাদ।

কোনও সাধকের হৃদয়ে আপনার অনুগ্রহাত্মিকা শক্তি বর্ত্তমান থাকিলে অর্থাৎ আপনি তাহার প্রতি কৃপাপরায়ণ হইলে, তাঁহার হৃদয়ে আপনি আসন পরিগ্রহ করেন; এবং তাঁহাকে শ্রেষ্ঠ শক্তি প্রদান করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবৎকৃপাতেই সাধক পরমধন লাভ করিতে সমর্থ হয়েন।)॥ (১অ—৬খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে অগ্নে! 'তে' তব 'মনঃ' অনুগ্রহাত্মকমন্তঃকরণং 'যত্র' যস্মিন্ দেশে 'ক্ব চ' কস্মিংশ্চিদ্ যজমানে বর্ত্ততে 'তত্র' তস্মিন্ যজমানে বর্ত্তমানে 'উত্তরং' উদ্‌গততরং শ্রেষ্ঠং 'দক্ষং' বলকরময়ং বা 'দধসে' ধারয়সি তথা 'যোনিং' স্থানং চ 'কৃণবসে' তস্মিন্ যজমানে করোষি। 'তত্র যোনিং'—'তত্রাসদঃ'—ইতি পাঠৌ॥ (১অ ৬খ—১সূ—২সা)॥

• • •

দ্বিতীয় (৭০৬) সামের মর্ম্মার্থ।

ভগবান্ যাঁহাকে কৃপা করেন, তিনিই আত্মতত্ত্বলাভে সমর্থ হয়েন, মন্ত্রের মধ্যে এই নিত্যসত্যই প্রখ্যাপিত হইয়াছে।

মানুষ কিয়ৎপরিমাণে কর্ম্মসাধনের অধিকারী; কিন্তু ফললাভের অধিকার তাহার নাই। ভগবানের কৃপার উপর ফল-লাভ নির্ভর করে। তাই ভগবান্ বলিতেছেন,—"কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন"। কর্ম্মে তোমার অধিকার আছে, ফলে অধিকার নাই অর্থাৎ কর্ম্মফলদাতা ভগবান্। আবার, সেই কর্ম্মসাধনের শক্তিলাভও ভগবানের কৃপা-সাপেক্ষ। তিনি কৃপা করিয়া যদি সাধকের হৃদয়ে আবির্ভূত হয়েন, তবেই সাধকের জীবন ধন্য হয়। নতুবা মানুষের এমন শক্তি নাই, যদ্দ্বারা তাঁহাকে উপলব্ধি করিতে পারে। এই মন্ত্রে সেই তথ্যই বিবৃত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের বিশেষ কোনও অনৈক্য হয় নাই। নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "হে অগ্নি! তুমি যে কোন স্থানে, যে কোন যজমানের প্রতি

চিত্ত সমর্পিত কর, সেই যজমানকে প্রকৃষ্ট বল প্রদান কর এবং তথায় তুমি অবস্থিতি কর।" এই মন্ত্রে অগ্নিকে আহ্বান করিবার কোনও প্রয়োজনীয়তা আমরা উপলব্ধি করি নাই। আমরা ভগবান্ সম্বন্ধেই মন্ত্রটী প্রযুক্ত হইয়াছে বলিয়া মনে করি। (১অ ৪খ—২সূ—২সা)॥০

তৃতীয়ং সাম।

১ ২র ৩ ১ ২ ৩ ১ ২র

ন হি তে পূর্ত্তম্ অক্ষিপৎ ভুবৎ নেমানাং পতে।

২ ৩ ১ ২

অথা দুবো বনবসে ॥ ৩॥

• • •

মন্ত্রার্থানুসারিণী ব্যাখ্যা।

'নেমানাং' (শরীরিণাং, সর্ব্বপ্রাণীনাং) 'পতে' (পালক হে দেব!) 'তে' (তব) 'পূর্ত্তং' (পূরকং, পূর্ণত্ববিধায়কং জ্যোতিঃ) 'হি' (নিশ্চিতং এব) 'ন অক্ষিপৎ' (ন দৃষ্টিবিঘাতকং অপিচ দিব্যদৃষ্টিদায়কং ইত্যর্থঃ) 'ভুবৎ' (ভবতি); 'অথ' ত্বং (ততঃ, দিব্যদৃষ্টিপ্রদানায় ইত্যর্থঃ) 'দুব' (পরিচরণং, অস্মাকং আরাধনাং, পূজাং) 'বনবসে' (সম্ভজস্ব গৃহাণ ইত্যর্থঃ)। অয়ং মন্ত্রঃ প্রার্থনামূলকঃ। হে ভগবন্! প্রার্থনাকারিভ্যঃ অস্মভ্যং দিব্যদৃষ্টিঃ প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (১অ ৪খ ২সূ ৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

সর্ব্বপ্রাণীদিগের পালক হে দেব! আপনার পূর্ণত্ববিধায়ক জ্যোতিঃ নিশ্চিতই দিব্যদৃষ্টিদায়ক হয়; সেইজন্য অর্থাৎ দিব্যদৃষ্টি-প্রদানের নিমিত্ত, আপনি আমাদিগের পূজা গ্রহণ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! প্রার্থনাকারী আমাদিগকে দিব্যদৃষ্টি প্রদান করুন।)॥ (১অ—৪খ—২সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে অগ্নে! 'তং' ত্বদীয়ং 'পূর্ত্তং' পূরকং তেজঃ 'অক্ষিপৎ' অক্ষ্ণোঃ পাতকং বিনাশকং 'ন হি ভুবৎ' ন ভবতু সর্ব্বদা অস্মাকং দর্শনসামর্থ্যং করোতু হে নেমানাং পতে! নেমশব্দোঽত্র-

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের ষোড়শ সূক্তের সপ্তদশী ঋক্ (চতুর্থ অষ্টক, পঞ্চম অধ্যায়, চতুর্বিংশ বর্গের অন্তর্গত)।

বাচী, মনুষ্যাণাং মধ্যে কতিপয়ানাং যজমানানাং পতে পালক! 'অধ' অতঃ কারণাৎ 'দুবঃ' দুবস্তিঃ পরিচরণকর্ম্মা (নিঘ. ৩।৫।) অস্মাভির্যজমানৈঃ কৃতৈঃ পরিচরণৈঃ 'বনবসে' সম্ভজস্ব॥ (১অ ৬দ—২সূ-৩সা)।

* * *

তৃতীয় (৭০৭) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুইটী অংশে বিভক্ত। প্রথম অংশে ভগবৎ-জ্যোতির মহিমা কীর্ত্তিত হইয়াছে এবং অপর অংশে সেই দিব্যজ্যোতিঃ-লাভের জন্য প্রার্থনা আছে।

ভগবানের জ্যোতিঃ দ্বারাই জগৎ আলোকিত হয়। 'তমেব ভান্তং অনুভাতি সর্ব্বং'—তাঁহার জ্যোতি-কণা পাইয়াই জ্যোতিষ্কগুলী দীপ্তিমান হয়, তাঁহার দিব্য আলোকেই মানবের হৃদয় আলোকিত হয়,—গভীর অন্ধকার ভেদ করিয়া সুনির্দ্দিষ্ট লক্ষ্যে পৌঁছিতে সমর্থ হয়। যাঁহার হৃদয়ে সেই জ্যোতির আবির্ভাব হয়, তিনি অজ্ঞানতার ঘনকৃষ্ণ যবনিকা ভেদ করিয়া দিগন্তরালস্থিত সুদূরের সেই ধ্রুবতারার দিকে আপনার জীবন-গতি নিয়ন্ত্রিত করিতে পারেন। তাঁহার দৃষ্টিরোধ হয় না, লক্ষ্য অন্ধকারে ডুবিয়া যায় না। সেই ধ্রুবলক্ষ্যে স্থিরদৃষ্টি রাখিয়া তিনি শাশ্বতপদ লাভ করিতে সমর্থ হন।

এই পরম জ্যোতিঃ লাভের জন্যই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। "হে ভগবন্! হে জ্যোতির আধার! আমাদিগকে তোমার অনন্ত জ্ঞানলোকে লইয়া যাও। আমরা যেন তোমার চরণে পৌঁছিবার উপযোগী জ্ঞানশক্তি লাভ করি। আমাদিগের চক্ষুর আবরণ ঘুচিয়া যাউক, দিব্যদৃষ্টি ফুটিয়া উঠুক—জীবনের মোহপ্রহেলিকা চিরতরে দূর হউক।" "তমসো মা জ্যোতির্গময়";—ইহাই প্রার্থনার সারমর্ম্ম॥ (১অ-৬দ ২সূ—৩সা)।

* * *

প্রথমং সাম।

৩ ২ ৩ ১　২　৩ ২উ　৩　১ ২　৩ ১ ২
বয়মু ত্বাম্ অপূর্ব্ব্য স্থূরং ন কচ্চিৎ ভরন্তো অবস্যবঃ।
১ ২　৩ ১　২
বজ্রিং চিত্রং হবামহে ॥ ১ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের ষোড়শ সূক্তের অষ্টাদশী ঋক্ (চতুর্থ অষ্টক, পঞ্চম অধ্যায়, চতুর্বিংশ বর্গের অন্তর্গত)।

গেয়-গানং।

৫ ৪ ২ ৪ ৫র ৪.৫ ২র ১ ৭ ৭ ৭
১। বয়া ৩ মূ ৩ ত্বামপূর্ব্বয়োবা। স্থূণন্নকচ্চিদ্ভরা ২ ন্তাঅবা ২ ৩।

১ ৩ ৫ ১ S ২ ১
হো। স্যা ২ ৩ ৪ বাঃ। বজ্রিঞ্চিত্রম্। হবা ৩ হা ০ ই। স্যা ২

৩ ৫র র ৪ ২ ৪ ৫র ৪ ৫
হা ২ ৩ ৪ ঔহোবা ॥ (১) বজ্রা ৩ ইঞ্চা ৩ ইত্র৮ হবামহোবা।

১ র র —১ ৭ ১ ৩ ৫
উপত্বাকর্ম্মন্নূতা ২ য়াইসনা ২ ৩ঃ। হোই। যু ২ ৩ ৪ বা।

১ র S ২ ১ Λ ৩ ৫র র
উগ্রশ্চক্রা। মায়ো ৩ হা ৩ ই। ধা ২ র্ষা ২ ৩ ৪ ঔহোবা ॥

৫ ৪ ২ ৪ ৫র ৪ ৫ ১র —১
(২) উগ্রা ৩ শ্চা ৩ ক্রামযোধ্বমোবা। ত্বামিধাবিতা ২ রাংববা

১ ৩ ৫ ১র S ২
২ ৩। হো। ম্যা ২ ৩ ৪ হাই। সখায়ই। দ্রসা ৩ হা ৩ ই।

১ A ৩ ৫র র ৩ ১ ১ ১
নী ২ সা ২ ৩ ৪ ঔহোবা। উ ২ ৩ ৪ ৫ (৬ ॥

* * *

৫ ২ ৪র ৫ ৪র ৫ ২র ১ ২ ১ ২ ১ ২
২। বয়মু ৩ ত্বামপূর্ব্বিয়া। স্থূরান্নকাৎ। চিদ্ভরা ২ ৩। ন্তা ৩ঃ।

১ ৫ ২ ৫ ১ ৩ ২ A ২Λ
আ ২ ৩ ৪। ব। স্যা ৩ বাঃ। বজ্রায়িঞ্চিত্রৌ। বা ৩ ৪ ৩ ও

৫ ৫ ৫ ২ ৪ ৫ ৪র ৫
৩ ৪ বা। হবা ৫ মহায়ি ॥ (১) বজ্রিঞ্চা ৩ য়িত্র৮ হ্বামহায়ি।

২ ১ ২র ১ ২ র ১ ২ ১ ৫
উপাত্বাকা। মন্নূতা ২ ৩। যা ৩ য়ি। সা ২ ৩ ৪ঃ। নঃ।

২ ২ ১ ৩ ২ A ২A ৫ ৪
যু ৩ বা। উগ্রাশ্চক্রৌ। বা ৩ ৪ ৩ ও ৩ ৪ বা ময়ো ৫ ধষাৎ ॥

৫ ১ ৪র ৫ ৪ ৫ ২ ১ ২ ১ ২ ১
(২) উগ্রশ্চ' ৩ ক্রামযোক্ষুনাৎ। তুনামিদ্ধান্নি। অবি৩া২৩।
২ ১ A ২ ২ ১ ০২ A
রা৩ম্। বাঁ২৩৪। স্বু। মা৩। হায়ি। সখায়ঔ। বা
২A ৫ ৪ ৪
৩৪৩ও৩৪বা। জুগা৫নসায়িম্। হো৫ঈ ডা(৩)॥ ১২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বজ্রিন' (রক্ষাস্ত্রধারিন্, সর্ব্বশক্তিমান্ ইত্যর্থঃ) 'অপূর্ব্ব্য' (আবির্ভূত হে দেব) 'স্থূরং ন কশ্চিৎ' (কশ্চিৎ জনঃ, সাধকঃ যথা ত্বাং আহ্বয়ন্তি তদ্বৎ) 'ভরন্তঃ' (রিপুসংগ্রামে প্রবৃত্তাঃ) ('বয়ং উ' (বয়মপি) 'চিত্রং' (বিচিত্রং, বিচিত্রশক্তিযুক্তং) 'ত্বাং' 'অবস্যবঃ' (রক্ষণায়—রিপুকবলাৎ পরিত্রাণলাভায় ইতি ভাবঃ) 'হবামহে' (আরাধয়াম)। অয়ং মন্ত্র প্রার্থনা-মূলকঃ। বয়ং ভগবদনুসারিণঃ ভবাম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (১অ—৬খ ৩সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

রক্ষাস্ত্রধারী অর্থাৎ সর্ব্বশক্তিমান্ আবির্ভূত হে দেব! সাধক যেমন আপনাকে আহ্বান করেন, সেইরূপ রিপুসংগ্রামে প্রবৃত্ত আমরাও যেন বিচিত্র শক্তিযুক্ত আপনাকে রিপুকবল হইতে পরিত্রাণ লাভের জন্য আরাধনা করি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবদনুসারী হই)॥ (১অ—৬খ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'অপূর্ব্ব্য' ত্রিষু সবনেষু প্রাদুর্ভূতস্বাদাত্মন! হে 'বজ্রিন' বজ্রবন্নিন্দ্র! 'ভরন্তঃ' সোমলক্ষণৈরন্নৈঃ ত্বাং পোষয়ন্তঃ 'বয়ং' 'চিত্রং' চায়নীয়ং বিবিধরূপং বা 'ত্বামু' ত্বামেব 'অবস্যবঃ' রক্ষণমাত্মন ইচ্ছন্তঃ সন্তঃ 'হবামহে' আহ্বয়ামঃ। তত্র দৃষ্টান্তঃ—'স্থূরং ন' যথা ভরন্তঃ ব্রীহ্যাদিভির্গৃহং পূরয়ন্তো জনানাং স্থূরং স্থূলং গুণাধিকং 'কশ্চিৎ' কঞ্চিৎ পুরুষং যথা আহ্বয়ন্তি তদ্বৎ। 'বজ্রিণ' 'বাজঃ'—ইতি পাঠৌ ॥ ১ ॥

* * *

প্রথম (৭০৮) সামের মর্ম্মার্থ।

§ :*: §

'হে প্রভো! সাধক যেমনভাবে আপনাকে আহ্বান করেন, আপনাকে যেন আমরা ঠিক তেমনিভাবে আহ্বান করিতে পারি, তেমনিভাবে যেন আপনার অভিমুখে ছুটিয়া যাইতে পারি। রিপুগণ কর্ত্তৃক আক্রান্ত হইলে তোমার কৃপালাভ করিয়া যেন রিপুজয়ে সমর্থ হই। তুমিই মানবের একমাত্র আশ্রয়স্থল ও বিপদ হইতে ত্রাণকারী। তুমিই মানুষকে রিপুজয়ের শক্তি

প্রদান কর। আমরা যেন কখনও তোমার চরণ ভুলিয়া না থাকি। আমাদিগের কর্ম্ম চিন্তা ও বাক্য যেন তোমার মঙ্গলনীতির অনুবর্ত্তী হয়। আমাদিগের জীবন যেন তোমার সেবায় উৎসর্গ করিতে পারি।' মন্ত্রের মধ্যে এই প্রার্থনাই দেখিতে পাওয়া যায়।

প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদিগের ব্যাখ্যার পার্থক্য আছে। প্রচলিত একটী বঙ্গানুবাদ নিম্নে দেওয়া গেল, "হে অপূর্ব্ব ইন্দ্র! আমরা তোমাকে স্থূলব্যক্তির ন্যায় পোষণ করতঃ রক্ষালাভের অভিলাষে সংগ্রামে তোমায় আহ্বান করিতেছি। তুমি নানারূপধারী." এই ব্যাখ্যায় যে উপমা দেওয়া হইয়াছে তাহার সার্থকতা কি? সাধক বলিতেছেন তিনি দেবতাকে স্থূল ব্যক্তির ন্যায় পোষণ করেন। তার পর, পোষণ করিয়া তাঁহাকেই সংগ্রামে আহ্বান করিতেছেন—অবশ্য তাঁহার কৃপায় রক্ষা পাইবার জন্য। এই সকল ব্যাখ্যা দৃষ্টেই ভিন্নদেশবাসী ভিন্নধর্ম্মাবলম্বী বেদ-সম্বন্ধে বিরুদ্ধ মন্তব্য প্রকাশ করিয়া থাকেন। কিন্তু এ সকল ব্যাখ্যাও যে পাশ্চাত্যের অনুকারী, তাহা বলাই বাহুল্য।

ভাষ্যকারের ব্যাখ্যাও সন্তোষজনক নয়। 'স্থূরং' পদেই নানাবিধ অর্থের সৃষ্টি হইয়াছে। আমরা বিবরণকারের মতানুসারে 'স্থূরং' পদে 'ঈশ্বরং' ভগবন্তং' অর্থ গ্রহণ করিয়াছি। তাহাতে অর্থের ও ভাবের সামঞ্জস্য রক্ষিত হয়। ভাষ্যকার 'ভরন্তঃ' পদে 'ব্রীহ্যাদিভিঃ গৃহং পূরয়ন্তঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। 'ভর' পদে নিরুক্তানুসারে 'সংগ্রাম' অর্থ প্রকাশ করে। একবিধ বাঙ্গলা ব্যাখ্যাতেও ঐ অর্থ গৃহীত হইয়াছে। আমরাও উক্ত পদে 'রিপুসংগ্রামে প্রবৃত্তাঃ অর্থ গ্রহণ করিয়াছি। অন্যান্য বিষয় মন্ত্রানুসারিণী-ব্যাখ্যায় প্রকাশিত হইয়াছে ॥ (১অ—৬খ—৩সূ—১সা)।০

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩
উপ ত্বা কর্ম্মন্ ঊতয়ে স নো
২ ৩ ১ ২ ৩ র ৩ ২
যুবা উগ্রঃ চক্রাম যো ধৃষৎ ।
১ ২র ৩ ১ ২ ৩ ২ ৩
ত্বাম্ ইৎ হি অদ্ধবিতারং ববৃমহে
১ ২ ৩ ২
সখায় ইন্দ্র সানসিম্ ॥ ২* ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৪অ—৬খ—৬দ ১০সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের একবিংশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, দ্বিতীয় অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)। এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয় গান আছে। তাহা প্রথম মন্ত্রের পরেই প্রদত্ত হইয়াছে। এই গানগুলির নাম যথাক্রমে 'সৌভরম্' এবং 'কালেয়ম্'।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেব! 'কর্ম্মন্' (কর্ম্ম, সৎকর্ম্মসাধনসামর্থ্যং ইত্যর্থঃ) 'ঊতয়ে, (রক্ষণায়) 'ত্বা' (ত্বাং) 'উপ' (উপগচ্ছামি, আরাধয়ামি); যদ্বা 'কর্ম্মন্' (হে সৎকর্ম্মন্) 'ঊতয়ে' (রক্ষণায় পাপকবলাৎ রক্ষালাভায়) 'ত্বা' (ত্বাং) 'উপ' (উপগচ্ছামি, সম্পাদয়াম ইত্যর্থঃ); 'যঃ' (যঃ দেবঃ) 'ধৃষৎ' (ধৃষ্ণোতি, শত্রুনাশকঃ) 'যুবা' (নিত্যতরুণঃ, নবজীবনদায়কঃ) 'উগ্রঃ' (উদ্‌গূর্ণবলঃ, মহাতেজঃসম্পন্নঃ) 'সঃ' (সঃ দেবঃ) 'নঃ' (অস্মান্) 'চক্রাম' (আগচ্ছতু প্রাপয়তু); 'ইন্দ্র' (বলাধিপতে হে দেব) 'সখায়ঃ' (মিত্রভূতাঃ, তব স্নেহকাময়মানাঃ —বয়ং ইতি যাবৎ) 'সানসিং' (সম্ভজনীয়ং) 'অবিতারং' (সর্ব্বস্য রক্ষিতারং) 'ত্বামিৎ' (ত্বামেব) 'ববৃমহে' (বৃণীমহে, আরাধয়াম ; প্রার্থনামূলকোঽয়ং। বয়ং ভগবৎপরায়ণাঃ ভবেম ; ভগবান্ অস্মান্ পরিত্রায়তু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (১অ—৬খ ৩সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে দেব! সৎকর্ম্মসাধনসামর্থ্যকে রক্ষা করিবার জন্য আপনাকে আরাধনা করিতেছি (অথবা হে সৎকর্ম্মে! পাপকবল হইতে রক্ষা পাইবার জন্য যেন তোমাকে সম্পাদন করিতে পারি); যে দেবতা শত্রুনাশক নবজীবনদায়ক মহাতেজঃসম্পন্ন, সেই দেবতা আমাদিগকে প্রাপ্ত হউন ; বলাধিপতি হে দেব! আপনার স্নেহকামী আমরা সম্ভজনীয়, সকলের রক্ষক, আপনাকেই যেন আরাধনা করিতে পারি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবৎপরায়ণ হই ; সেই দেবতা আমাদিগকে প্রাপ্ত হউন।)॥ (১অ—৬খ—৩সূ—২সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

প্রথমপাদঃ প্রত্যক্ষকৃতঃ। হে 'ইন্দ্র!' 'কর্ম্মন্' অগ্নিষ্টোমাদিকর্ম্মণি 'ঊতয়ে' রক্ষণায় 'ত্বা' ত্বাং 'উপ' গচ্ছামঃ। দ্বিতীয়ঃ পাদঃ পরোক্ষকৃতঃ। 'যঃ' ইন্দ্রঃ 'ধৃষৎ' ধৃষ্ণোতি শত্রূনভিভবতি। 'ঞিধৃষা প্রাগল্ভ্যে (স্বা০ প০), 'বহুলং ছন্দসি (২।৪।৭৩)'—ইতি শপ্রত্যয়ঃ। 'যুবা' তরুণঃ 'উগ্রঃ' উদ্‌গূর্ণঃ স ইন্দ্রঃ 'নঃ' অস্মান্ প্রতি 'চক্রাম' আগচ্ছতু ; যদ্বা, চক্রাম অস্মানুৎসাহযুক্তান্ করোতু (ক্রমতেঃ সর্গার্থে ব্যত্যয়েন পরস্মৈপদং। পরোঽর্দ্ধর্চঃ প্রত্যক্ষকৃতঃ।) 'সখায়ঃ' সমানখ্যানাঃ বন্ধুভূতাঃ বা বয়ং 'সানসিং' 'বনষণ সম্ভক্তৌ' (ভ্বা০ প০) সম্ভজনীয়ং 'অবিতারং' সর্ব্বস্য রক্ষিতারং 'ত্বামিৎ' ত্বামেব 'ববৃমহে' বৃণীমহে সম্ভজামহে। 'হি' প্রসক্তৌ (হি-প্রয়োগাদনিঘাতঃ ৮।১।৩৪)॥ ২॥

• • •

দ্বিতীয় (৭৩৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটীতে আত্মোদ্বোধনমূলক প্রার্থনা নিহিত আছে। মন্ত্রের প্রথম পাদের আমরা দুইটী ব্যাখ্যা দিয়াছি—একটী ভগবানকে সম্বোধন করিয়া এবং অপরটী সৎকর্ম্মকে সম্বোধন করিয়া। ভাষ্যকার কেবলমাত্র দেবতাকে সম্বোধন করিয়া একটী ব্যাখ্যা দিয়াছেন। তাহাতে বিভক্তিব্যত্যয় স্বীকার করিতে হয়, এবং ভাষ্যানুসরণে আমরা তাহা স্বীকার করিয়াছি। বিভক্তিব্যত্যয় স্বীকার করিলেও ঐ ব্যাখ্যায় অর্থসঙ্গতি রক্ষিত হয়। বিবরণকার 'কর্ম্মন্' শব্দকে সম্বোধন পদরূপে গ্রহণ করিয়া, 'কর্ম্মন্ যঃ সম্ভজতে তস্য সম্বোধনং' ইত্যর্থে—এই এক ব্যাখ্যা দিয়াছেন। কিন্তু তাহাতে অনর্থক জটিলতার সৃষ্টি হয় মাত্র। আমরা 'কর্ম্মন্' শব্দকে সহজ সম্বোধনার্থেই ব্যবহার করিয়াছি। সৎকর্ম্মসাধনসামর্থ্য ও ভগবানের শক্তি, এবং তাহাকে সম্বোধন করিয়াই ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে। অন্যান্য অধিকাংশ পদের ব্যাখ্যার সহিত প্রচলিত ভাষ্যাদির বিশেষ কোনও অনৈক্য ঘটে নাই। প্রচলিত একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল,—"হে ইন্দ্র! যজ্ঞরক্ষার্থ তোমার নিকট যাইতেছি। এই ইন্দ্র শত্রুদিগের অভিভবকর, তিনি যুবা এবং উগ্র, তিনি আমাদিগের অভিমুখে আগমন করুন। আমরা সখা, হে ইন্দ্র! তুমি ভজনীয় ও রক্ষাকারী, আমরা তোমাকেই বরণ করিতেছি।"

এই প্রার্থনার মর্ম্মার্থ এই যে,—"হে ভগবন্! আমরা যেন সর্ব্বদা কায়মনোবাক্যে আপনারই অনুসরণ করিতে পারি। আপনি আমাদিগকে সেই শক্তি প্রদান করুন, আপনি আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন।" (১অ-৬খ-৩সূ-২সা)।

* * *

প্রথমং সাম।

২ ৩ক ২র ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অথা হীন্দ্রা গিৰ্ব্বণ উপ ত্বা কাম ঈমহে সসৃগ্মহে।

৩ ২৩ ১ ২ ৩ ১ ২
উদেব গ্মন্ত উদভিঃ ॥ ১ ॥

* * *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের একবিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, দ্বিতীয় অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)।

গেয়-গানং।

২ র র   ৫র   ২   ১ ২   ২   ১ ৵ ৩
১॥ অধাহীন্দ্রগিৰ্ব্বণা৷ ৩ এ। উপাস্থা ৩ কা। মঈ ২ না ২ ৩ ৪

৫   ২ ১ ২৵ ৩র র ৵   ৫   ১   র ৫
হাঈ। গস্তৃগ্মাহা ঔহোহো ২ ৩ ৪ বা। উ ২ ৩ ৪ দেহাই।

২ ১ ৩৵   ৩র র   ৫   ১   ৫র
সংগ্মান্তাউ। ঔহোহো ২ ৩ ৪ বা। দা ২ ৩ ৪ ভীঃ। এহিয়া ৩

৫   ২র র র   ২   ১ ২ ২   ১ A ৩
হা॥ (১) বার্ণত্বায়ব্যাভী ৩ রে। বৰ্দ্ধান্তী ৩ শূ। রত্রা ২ স্মা

৫   ২র১   ২৵   ৩র র   ৫   ৩
২ ৩ ৪ নী। বাব্রধ্বা৺সা। ঔহোহো ২ ৩ ৪ বা। চা ২ ৩ ৪

৫   ২ ১   ২৵   ৩র র   ৫র
ইন্দ্রহাই। দ্রিবোদাইবা। ঔহোহো ২ ৩ ৪ বাই। এহিয়া৺হা॥

২   র   ২   ১   ২   ১   ২ ১ ২
(২) যুঞ্জন্তিহরীইষিরা ৩ এ। স্য। গা। থ। য়া। উরৌরা ৩

২   ১ ৵ ৩   ৫   ২ ১ ২৵   ৩র র ২
থাই। উরূ ৩ যূ ২ ৩ ৪ গাই। বচোযূজা। ঔহোহো ২ ৩ ৪

৫   ১   ৫   ২র১ ২৵ ৩র র   ৫
বা। আ ২ ৩ ৪ ইন্দ্রহাই। বাহাসূবা ঔহোহো ২ ৩ ৪ বা।

৩   ৫র   ৫   ৪
বা ২ ৩ ৪ ইদা। এহিয়া ৩ হা। হোহ ৫ ঈ। ডা (৩)

* * *

২   S   ২   S   ২   ২   ১র   A
২॥ হা ৩, ও ৩ হা ৩, ও ৩ হা ৩। হায়ি। অধাহিয়া ২ য়ি।

৩ ২' ৩   ৫   ১ র   ৵   ৩২৵৩   ৫   S
ন্দ্রাগিৰ্ব্বা ২ ৩ ৪ ণাঃ। উপস্থাকা ২। মঈষা ২ ৩ ৪ হায়ি। না ৩।

২ ৩   ৫   ১ র   A   ৩২৵৩   ৫
স্তৃগ্মা ২ ৩ ৪ হায়ি। উদেবগ্মা ২। ভউদা ২ ৩ ৪ ভায়িঃ॥

১র   A   ৩২A৩   ৫   ১   A   ৩ ২ৢ ৩
(১) বার্ণত্বা ২। যবীয়া ২ ৩ ৪ ভীঃ। বৰ্দ্ধন্তিশূ ২। রত্রাস্মা

সাম—২৯ (২০)

৫ ন — ২ ৩ ৫ ১ ৫র
২ ৩ ৪ ণী। বা ৩। বৃধ্বা ২ ৩ ৪ ৫ ন্নাম্। চিদস্ত্রিবে। ২।

৫২∧৩ ৫ ১ ∧ ৩র ২∧ ৩
দিবেদা ২ ৩ ৪ য়িবায়ি ॥ (২) যুঞ্জঙ্গস্তিহা ২। ঞ্জীআয়িষা ২ ৩ ৪

৫ ১র ∧ ৩ ২ ৩ ৫ ১ A
য়িরা। স্তুগাথয়া ২। উরৌরা ২ ৩ ৪ থায়ি। উরুযুগে ২।

৩ ২ ৩ ৫ ১ র ∧ ৩ ২ ৩ ৫
বচোযু ২ ৩ ৪ জা। ইন্দ্রবাহা ২। সুবর্ব্বা ২ ৩ ৪ য়িদা।

২ S ২ S ২ ২ ৫র র
হা ৩। ঔ ৩ হা ৩। ঔ ৩ হা ৩। হা ৩ ৪। ঔহোবা।

১ ২ ১ ১ ১ ১
আঔ ৩ হো ২ ৩ ৪ ৫ ॥ ১।২।৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গীর্ব্বণঃ' (স্তবনীয়, আরাধনীয়) 'ইন্দ্র' (পরমৈশ্বর্য্যশালিন্ হে দেব) 'অধা হি' (সম্প্রতি) 'কামঃ' (কামো নিমিত্তে, পরমধনায় ইত্যর্থঃ) 'ত্বা' (ত্বাং) 'ঈমহে' (প্রার্থয়ামঃ); 'উদেব' (সত্ত্বভাবেন যুক্তাঃ) 'যন্তঃ' (ঊর্দ্ধগমনশীলাঃ, সাধকাঃ) যথা 'উদভিঃ' (সত্ত্বভাবপ্রবাহৈঃ - ত্বাং সংযোজয়ন্তি ইতি ভাবঃ) তথা বয়ং ত্বাং 'উপ সসৃজ্মহে' (সম্যক্‌প্রকারেণ সংযোজয়াম. প্রাপ্নুয়াম ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং ভগবন্তং লভেমহি - ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (১অ—৬খ—৪সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

আরাধনীয় পরমৈশ্বর্য্যশালিন্ হে দেব! সম্প্রতি পরমধনের জন্য আপনার নিকট প্রার্থনা করিতেছি; সত্ত্বভাবযুক্ত সাধক যেমন সত্ত্বভাব প্রবাহের দ্বারা আপনাকে প্রাপ্ত হয়, সেইরূপ আমরা যেন আপনাকে প্রাপ্ত হই; (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবানকে লাভ করিতে পারি।)॥ (১অ—৬খ—৪সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'গির্ব্বণঃ! গীর্ভিঃ বননীয় ইন্দ্র! 'অধা হি' সম্প্রতি হি 'ত্বা' ত্বাং 'কামে' কামমভিলষিতমর্থং 'ঈমহে'। যদ্বা 'কামে' কামান্ কমনীয়ান্ স্তোমান্ 'উপসসৃজ্মহে' উপসৃজামঃ ত্বাং প্রাপয়াম ইত্যর্থঃ। তত্র দৃষ্টান্তমাহ—'উদেব' যথা উদকেন 'যন্তঃ' গচ্ছন্তঃ পুরুষাঃ 'উদভিঃ' অঞ্জলিনোৎক্ষিপ্যোদকৈঃ সমীপস্থান পুরুষান্ ক্রীড়ার্থং সংসৃজন্তি তদ্বদিত্যর্থঃ 'কাম

ঊমহে দস্থগ্মহে'—'কামান্মহসসৃজ্মহে' - ইতি চ পাঠাঃ। 'উদেবগ্মন্তঃ'—উদেবয়ন্তঃ — ইতি চ পাঠৌ॥ (১অ ৬খ ৪সূ ১সা)।

* * *

প্রথম (৭১০) সামের মর্ম্মার্থ।

শুদ্ধসত্ত্বভাবময় ভগবানকে লাভ করিতে হইলে হৃদয়ে শুদ্ধসত্ত্বভাবের উন্মেষণ প্রয়োজন। "শুদ্ধং অপাপবিদ্ধং" সেই পরমদেবতাকে শুদ্ধসত্ত্বভাবের দ্বারাই লাভ করা যায়। হৃদয় যে পর্যান্ত বিশুদ্ধ না হয়, কর্ম্মে বাক্যে চিন্তায় সাধক যে পর্যান্ত বিশুদ্ধভাবে না চলিতে পারেন, সে পর্যান্ত ভগবৎ-সান্নিধ্য লাভ হয় না। সমত্বই পরস্পর মিলনের মধ্যে যোগসূত্র। অসম কখনও অসমের সহিত মিলিত হইতে পারে না। ভগবান্ বিশুদ্ধভাব ও বিশুদ্ধজ্ঞানের আধার। তাই মুক্তিকামী সাধক নিজেকে সর্ব্বপ্রকার অবিশুদ্ধ, অসৎ কর্ম্মের ও চিন্তার সংস্পর্শ হইতে আপনাকে মুক্ত রাখিতে চেষ্টা করেন। যে ভাবধারার সাহায্যে সাধক ভগবানের চরণে পৌঁছিতে পারেন, সেই ভাবধারা লাভের জন্য এই মন্ত্রে প্রার্থনা দেখিতে পাই।

ভাষ্যে ও প্রচলিত ব্যাখ্যাদিতে এই মন্ত্রের যে ব্যাখ্যা দেখিতে পাওয়া যায়, তাহার সহিত আমাদিগের ব্যাখ্যার অনৈক্য দৃষ্ট হইবে। প্রচলিত ভাষ্যানুযায়ী ব্যাখ্যার একটী বঙ্গানুবাদ দেওয়া গেল,—"হে স্তুতিভাক্ ইন্দ্র! জলে গমনকারী ব্যক্তিগণ যেরূপ (ক্রীড়ার্থে সমীপস্থ ব্যক্তিগণের প্রতি) জল বিসৃষ্ট করে, সেইরূপ আমরা সম্প্রতি তোমার সহিত মিলিত হইব।" এই উপমার মর্ম্মগ্রহণে আমরা অসমর্থ। 'জলে গমনকারী ক্রীড়ার্থ যে জল বিসৃষ্ট করে'— এ বাক্যের সহিত 'তোমার সহিত মিলিত হইব' বাক্যের যে কি সম্বন্ধ থাকিতে পারে, এবং এরূপ প্রার্থনার অর্থই বা কি, তাহা আমরা বুঝিতে পারি নাই। উপমা হিসাবেও এই বাক্যদ্বয়ের সার্থকতা সম্বন্ধে আমাদিগের সন্দেহ আছে। যাহা হউক, আমরা যে দৃষ্টিতে মন্ত্রার্থ গ্রহণ করিয়াছি, তাহা যথাস্থানেই বিবৃত করা হইয়াছে। (১ ৬খ ৪সূ—১সা)॥০॥

দ্বিতীয়ং সাম।

১ ২র ৩ ২ ৩ ২ ২ ৩ ১ ২
বার্ণ ত্বা যব্যাভিঃ বর্দ্ধন্তি শূর ব্রহ্মাণি।
৩ ১ ২ ৩ ১ ২
বাবৃধ্বা৺ সং চিৎ অদ্রিবো দিবে দিবে॥ ২॥

উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৪অ ৬খ ৬দ—৮সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের অষ্টনবতিতম সূক্তের সপ্তমী ঋক্ (ষষ্ঠ অষ্টক সপ্তম অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)। এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। তাহা প্রথম মন্ত্রের পরেই প্রদত্ত হইয়াছে।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'শূর' (মহাশক্তিসম্পন্ন হে দেব) 'বার্ণং' (সমুদ্রং ইব অসীমং) 'ত্বা' (ত্বাং) সাধকাঃ 'যব্যাভিঃ' (বেগবতীভিঃ, ঐকান্তিকাভিঃ) 'ব্রহ্মাণি' (স্তোত্রৈঃ, প্রার্থনাভিঃ) 'বর্দ্ধন্তি' (তব মহিমাং প্রখ্যাপয়ন্তি, হৃদি প্রতিষ্ঠাপয়ন্তি ইত্যর্থঃ); 'অদ্রিবঃ' (রিপুনাশে পাষাণ-কঠোর হে দেব) ত্বং 'দিবে দিবে' (প্রত্যহং, নিত্যকালং) 'চিৎ' (এব, নিশ্চিতং) 'বাবৃধ্বাংসং' (প্রবর্দ্ধয় - অস্মান্ ইতি শেষঃ); সাধকাঃ প্রার্থনয়া ভগবন্তং লভন্তে ; ভগবান্ কৃপয়া অস্মভ্যং পরাজ্ঞানং প্রযচ্ছতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (১অ - ৬খ - ৪সূ — ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

মহাশক্তিসম্পন্ন হে দেব! সমুদ্রতুল্য অসীম আপনাকে সাধকগণ ঐকান্তিক প্রার্থনা দ্বারা হৃদয়ে প্রতিষ্ঠিত করেন; রিপুনাশে পাষাণকঠোর হে দেব! আপনি নিত্যকাল আমাদিগকে প্রবর্দ্ধিত করুন। (প্রার্থনার ভাব এই যে,—সাধকগণ প্রার্থনা দ্বারা ভগবানকে লাভ করেন; ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞান প্রদান করুন।)॥ (১অ—৬খ—৪সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'অদ্রিবঃ' বজ্রিন্! 'শূর' ইন্দ্র! 'বার্ণং' যথোদকমুদকস্থানং 'যব্যাভিঃ' নদীভিঃ, 'অবনয়ঃ' 'যব্যা'—ইতি (নিঘ০ ১।১৩।১-২) নদীনামসু পঠাৎ 'বর্দ্ধন্তি' বর্দ্ধয়ন্তি, তথা 'ব্রহ্মাণি' স্তোত্রৈঃ 'বাবৃধ্বাংসং' 'চিৎ' যথা নিরুদকং দেশং নদীভিঃ তথা ন কিন্তু প্রবৃদ্ধমেব 'ত্বা' ত্বাং 'দিবেদিবে' অহরহং বর্দ্ধয়ন্তি স্তোতারঃ॥ (১অ - ৬খ — ৪সূ — ২সা)॥

* * *

দ্বিতীয় (৭১১) সামের মর্ম্মার্থ।

সাধকগণ প্রার্থনা দ্বারা ভগবানকে আপনাদিগের হৃদয়ে উপলব্ধ করিতে পারেন। প্রার্থনার বলেই ভগবান্ সাধকের নিকট আগমন করেন—অবশ্য সেই প্রার্থনা আন্তরিক হওয়া চাই। অন্তরের অন্তর হইতে উদ্ভূত না হইলে সেই প্রার্থনা, প্রার্থনাই নয়। শুধু মুখের কয়টা কথার কোনও কাজই হয় না। অন্তর যখন ভগবানের অভাব পরিপূর্ণভাবে উপলব্ধি করিতে পারে, তাঁহার অভাবে যখন হৃদয় মরুভূমিতে পরিণত হয়, তাঁহার দর্শন না পাইলে জীবন দুর্ব্বহ হইয়া পড়ে, তখন স্বতঃই হৃদয় হইতে প্রকৃত প্রার্থনা উত্থিত হয়। সাধক আপনাকে প্রার্থনার সঙ্গে মিশাইয়া দিতে চাহেন, তাঁহার অস্তিত্ব প্রার্থনামাত্রে পর্য্যবসিত হয়। সেই প্রার্থনা দ্বারাই সাধক ভগবানের দর্শন লাভ করেন। ধ্রুবের ঐকান্তিক প্রার্থনায় ভগবানের আসন টলিয়াছিল। তিনি তাঁহাকে আপনার কোলে স্থান দিয়াছিলেন।

তাঁহার কৃপায় মানুষের রিপুগণ ধ্বংস প্রাপ্ত হয়, ভববন্ধন টুটিয়া যায়। তাঁহার হস্তে তিনি মানুষের রিপুনাশ করেন, মানুষকে রিপুকবল হইতে উদ্ধার করেন। তাঁহাদিগের হৃদয়ে পরাজ্ঞান বিতরণ করিয়া চিরদিনের জন্য রিপু-আক্রমণের ভয় নিবারণ করেন। তাই সেই পরাজ্ঞান লাভ করিবার জন্য মন্ত্রের শেষাংশে প্রার্থনা পরিদৃষ্ট হয়। ১ম—৬খ ৪সূ-২সা)।*

—:•:—

তৃতীয়ং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ৩ ১ ২
যুঞ্জন্তি হরী ইষিরস্য গাথয়া
৩ ১ ২র ৩ ১ ২ ৩ ১ ২
উরৌ রথ উরুযুগে বচোযুজা।
৩ ১ ২ ৩ ১ ২
ইন্দ্রবাহা স্বর্ব্বিদা॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইষিরস্য' (সিদ্ধিপ্রদাতুঃ, অভীষ্টসাধকে ইত্যর্থঃ) 'উরৌ' (মহতে) 'রথে' (সৎকর্ম্মরূপযানে, সৎকর্ম্মণি) সাধকাঃ 'উরুযুগে' (মহাকালে, সর্ব্বকালে, নিত্যকালং ইত্যর্থঃ) 'বচযুজা' (প্রার্থনাসমন্বিতে) 'স্বর্ব্বিদা' (স্বর্গং জানন্তৌ, স্বর্গপ্রাপকে) 'ইন্দ্রবাহা' (ইন্দ্রস্য বাহনভূতে ভগবৎপ্রাপকে) 'হরী' (পাপহারকে ভক্তিজ্ঞানে) 'উরুযুগে' (সর্ব্বকালে, নিত্যকালং ইত্যর্থঃ) 'গাথয়া' (স্তোত্রেন) 'যুঞ্জন্তি' (যোজয়ন্তি, সম্মিলিতে কুর্ব্বন্তি)। নিত্যসত্যমূলকোঽয়ং। সাধকাঃ কর্ম্মভক্তিজ্ঞানৈঃ ভগবন্তং লভন্তে—ইতি ভাবঃ॥ (১ম—৬খ—৪সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

অভীষ্টসাধক মহৎ সৎকর্ম্মে, সাধকগণ প্রার্থনাসমন্বিত স্বর্গপ্রাপক ভগবৎপ্রাপক পাপহারক ভক্তিজ্ঞানকে নিত্যকাল স্তোত্রের দ্বারা সম্মিলিত করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সাধকগণ কর্ম্ম ভক্তি জ্ঞানের দ্বারা ভগবানকে লাভ করেন।)॥ (১ম—৬খ—৪সূ—৩সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের অষ্টনবতিতম সূক্তের অষ্টমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং ।

'ইষিরস্য' গমনশীলস্যেন্দ্রস্য "উরুযুগে" মহাযুগে 'উরৌ' মহতি 'রথে' 'ইন্দ্রবাহা' ইন্দ্রস্য বাহনভূতৌ 'বচোযুজা' বচনমাত্রেণৈব যুজ্যমানৌ 'স্বর্বিদা' স্বর্গাখ্যমিন্দ্রস্য স্থানং জানন্তৌ 'হরী' এতন্নামকাবশ্বৌ 'গাথয়া' স্তোত্রেণ স্তোতারঃ 'যুঞ্জন্তি' যোজয়ন্তি ॥ 'উরুযুগে বচোযুজাইন্দ্রস্য বাহা স্বর্বিদা' 'ইন্দ্রবাহা বচোযুজা' - ইতি পাঠৌ ॥ ৩ ॥

বেদার্থস্য প্রকাশেন তমোহার্দ্দং নিবারয়ন্ ।
পুমর্থাংশ্চতুরো দেয়াদ্ বিদ্যাতীর্থ-মহেশ্বরঃ ॥

* * *

ইতি শ্রীমদ্রাজাধিরাজ-পরমেশ্বর বৈদিকমার্গপ্রবর্ত্তক-শ্রীবীরবুক্ক-ভূপালসাম্রাজ্যধুরন্ধরেণ
সায়ণাচার্য্যেণ বিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে
উত্তরার্চ্চিকে প্রথমোঽধ্যায়ঃ ॥
ইতি উত্তরার্চ্চিকে প্রথমাধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ প্রথমাধ্যায়শ্চ সমাপ্তঃ ।

—:•:—

তৃতীয় (৭১২) সামের মর্ম্মার্থ ।

ভগবৎ-প্রাপ্তির তিনটী পন্থা অথবা সাধনোপায় আছে। তাহারা কর্ম্ম-ভক্তি-জ্ঞান । এই তিনটীর যে-কোন একটীর অবলম্বনে সাধক সাধন-পথে অগ্রসর হইতে পারেন। কর্ম্ম, ভক্তি ও জ্ঞানের মধ্যে পরস্পর অতি ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। একটীর উপস্থিতিতে, উপযুক্ত সাধনায় অন্য দুইটীর আবির্ভাব অনুমান করা যায়। প্রার্থনাপরায়ণ সাধক এই তিনের সম্মিলন সাধন করতঃ মোক্ষলাভে সমর্থ হয়েন। মন্ত্রের মধ্য এই সত্যই বিবৃত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে সম্পূর্ণ ভিন্নার্থ পরিদৃষ্ট হয়। নিম্নে একটী বঙ্গানুবাদ দেওয়া গেল। "গমনশীল ইন্দ্রের প্রশস্ত-যুগবিশিষ্ট মহৎ রথে তাঁহার বাহনভূত এবং বাক্যমাত্রেযোজিত অশ্বদ্বয়কে স্তোতাগণ স্তোত্রের দ্বারা যোজিত করেন।" স্তোতাগণ স্তোত্রের দ্বারা অশ্বদ্বয়কে ইন্দ্রের রথে যোজিত করেন—এই বাক্যদ্বারা কি ভাব প্রকাশিত হয়? ইন্দ্রের রথই বা কি, আর অশ্বদ্বয়ই বা কি? স্তোতাগণই বা তাহাদিগকে রথে স্তোত্রদ্বারা কিরূপে যোজনা করিবেন? 'রথ' শব্দে পূর্ব্বানুসারে এখানেও আমরা 'সৎকর্ম্ম' অর্থে সঙ্গতি লক্ষ্য করি। 'হরী'—পাপহারক জ্ঞানভক্তি, সাধক প্রার্থনা দ্বারা জ্ঞানভক্তিকর্ম্মের সমন্বয় সাধন করেন। জ্ঞানভক্তি ভগবৎপ্রাপক—জ্ঞানভক্তির সাহায্যেই স্বর্গপ্রাপ্তি সম্ভবপর। মন্ত্রে প্রার্থনাপরায়ণ সাধকের জ্ঞানভক্তিকর্ম্মের সাহায্যে মোক্ষলাভের তথ্যই মন্ত্রমধ্যে বিবৃত হইয়াছে। (১অ—৬খ—৪৫ ৩সা) ॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার অষ্টম মণ্ডলের, অষ্টানবতিতম সূক্তের নবমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত) ।

ওঁ

সামবেদ-সংহিতা।

উত্তরার্চ্চিকে—দ্বিতীয়োঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

* * *

যস্য নিঃশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ।
নির্ম্মমে তমহং বন্দে বিদ্যাতীর্থ-মহেশ্বরং ॥ ১ ॥

* * *

প্রথমং সাম।

২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ র ২র
পান্তমা বো অন্ধস ইন্দ্রম্ অভি প্র গায়ত।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
বিশ্বাসাহ৺ শতক্রতুং ম৺হিষ্ঠং চর্ষণীনাম্ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মম চিত্তবৃত্তয়ঃ! 'বঃ' (যুষ্মাকং—প্রদত্তং ইতি যাবৎ) 'অন্ধসঃ' (শুদ্ধসত্ত্বং
সৎকর্ম্ম বা) 'আ পান্তং' (সর্ব্বতোভাবেন পানশীলং, গ্রহণকারিণঃ ইতি ভাবঃ)
'বিশ্বাসাহং' (সর্ব্বেষাং শত্রূণাং অভিভবিতারং) 'শতক্রতুং' (অশেষকর্ম্মকারিণং, অশেষ-
প্রজ্ঞাসম্পন্নং) 'চর্ষণীনাং মংহিষ্ঠং' (আত্মোৎকর্ষসম্পন্নানাং সাধকানাং সর্ব্বথা হিতসাধকং)
'ইন্দ্রং' (ভগবন্তং ইন্দ্রদেবং) 'প্র গায়ত' (সম্পূজয়ত)। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধনমূলকঃ;
আত্মনঃ চিত্তবৃত্তীঃ ভগবতি সংন্যস্তায় সঙ্কল্পঃ প্রকাশয়তি ॥ (২অ—১খ—১সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমাদিগের প্রদত্ত শুদ্ধসত্ত্বকে (সৎকর্ম্মকে) সর্ব্বতোভাবে গ্রহণকারী, সকল প্রকার শত্রুর অভিভবকারী, অশেষপ্রজ্ঞা-সম্পন্ন, সাধকগণের সর্ব্বথা হিতসাধক, ভগবান্ ইন্দ্রদেবকে সম্যক্ আরাধনা কর। (মন্ত্র আত্মোদ্বোধনমূলক। আপনার চিত্তবৃত্তিসমূহকে ভগবানে ন্যস্ত করার জন্য সঙ্কল্প প্রকাশ পাইয়াছে।)॥ (২অ—১খ—১সূ—১সা)॥

∴

সায়ণ-ভাষ্যং।

হে ঋত্বিজঃ! 'বঃ' যুষ্মদীয়ং 'অন্ধসঃ' সোমলক্ষণমন্নং 'আ পান্তং' আভিমুখ্যেন পিবন্তং পা পানে (ভ্বা০ প০); ছান্দসঃ শপো লুক্ (২ ৪।৭৩); সর্ব্বে বিধয়শ্ছন্দসি বিকল্প্যন্তে,—ইতি 'ন লোকাব্যয় (২।২৬৯) ইতি ষষ্ঠী প্রতিষেধাভাবঃ; ততোঽন্ধস ইত্যত্র কর্ত্তৃকর্ম্মণোঃ (২।৩।৬৫) ইতি ষষ্ঠী। সোমমাভিমুখ্যেন পিবন্তমেতাদৃশং 'ইন্দ্রং' 'অভি প্রগায়ত' প্রকর্ষেণ অভিষ্টুত। কীদৃশং? 'বিশ্বাসাহং' সর্ব্বেষাং শত্রূণামভিভবিতারং সর্ব্বেষাং ভূতজাতানাং বা, অতএব 'শতক্রতুং' বহুবিধপ্রজ্ঞানং বহুবিধকর্ম্মাণং বা 'চর্ষণীনাং' মনুষ্যাণাং 'মংহিষ্ঠং' ধনস্য দাতৃতমং। যদ্বা, যজমানানাং যষ্টব্যত্বেন পূজনীয়মিন্দ্রং প্রগায়তেত্যর্থঃ ॥ ১ ॥

∴

প্রথম (৭১৩) সামের মর্ম্মার্থ।

ভাষ্যানুসারে এই মন্ত্রটী ঋত্বিগ্‌গণকে সম্বোধন করিয়া প্রযুক্ত হইয়াছে, প্রতিপন্ন হয়। তদনুসারে ঋত্বিগ্‌গণকে বলা হইতেছে,—'হে ঋত্বিগ্‌গণ! সোমলক্ষণ অন্নকে আভিমুখ্যে যিনি পান করেন, এতাদৃশ ইন্দ্রকে তোমরা প্রকৃষ্টরূপে স্তব কর। সে ইন্দ্র কেমন? তিনি সকল শত্রুর বা সকল ভূতজাতের অভিভবকারী, বহুবিধ-প্রজ্ঞান বা বহুবিধ কর্ম্মকারী এবং মনুষ্যগণের শ্রেষ্ঠ ধনদাতা অথবা যজমানগণের যষ্টব্য-হেতু পূজনীয়; সেই ইন্দ্রকে প্রকৃষ্টরূপে স্তব কর।' এই মন্ত্রাংশের অন্তর্গত 'অন্ধসঃ' পদ সোমরস-রূপ মাদক দ্রব্যের উদ্দেশে প্রযুক্ত এবং ইন্দ্রদেব তাহা পানের জন্য একান্ত আসক্ত,—প্রচলিত ব্যাখ্যাদিতে এইরূপ ভাবই পরিব্যক্ত।

আমরা 'অন্ধসঃ' পদে পূর্ব্বাপর 'শুদ্ধসত্ত্ব' অর্থ গ্রহণ করিয়া আসিয়াছি। এখানেও সেই অর্থেরই সঙ্গতি দেখি। দেবগণ বা ভগবান গ্রহণ করেন—সে কোন্ সামগ্রী? পার্থিব জড়পদার্থ—অন্ন বা সোমলতার রস মাদক-দ্রব্য—অশরীরী দেবগণের কখনই পানীয় হইতে পারে না। তাঁহারা গ্রহণ করেন—সকল দ্রব্যের সারভূত অংশ। তাহা—'দ্রব্য'—পদার্থ নহে—'ভাব'—পদার্থ।

আমরা মনে করি, এই মন্ত্রটী ঋত্বিগ্‌গণের সম্বন্ধে প্রযুক্ত হয় নাই। সাধক আপনার চিত্তবৃত্তিসমূহকে সম্বোধন করিয়া দেবতার উদ্দেশে আপনাদিগের শুদ্ধসত্ত্বভাবকে বা সৎকর্ম্মকে সমর্পণ করিবার জন্য উদ্‌বুদ্ধ করিতেছেন। তিনি বলিতেছেন,—'হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমরা সৎকর্ম্মে বা সত্ত্বভাবসঞ্চয়ে প্রবৃত্ত হও; আর, সেই শুদ্ধসত্ত্ব বা সৎকর্ম্ম ভগবানে সমর্পণ কর। তাহাই শ্রেয়ঃসাধক॥ (২অ—২খ—১সূ—১সা)।৩

—•—

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ১ ১ ২ ২ ১ ২
পুরুহূতং পুরুষ্টুতং গাথান্যাহ২ং৩হ২৮্ সনশ্রুতম্।
২ ৩ ১ ২
ইন্দ্র ইতি ব্রবীতন॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

হে মম চিত্তবৃত্তয়ঃ! 'পুরুহূতং' (বহুভিঃ আহূতং, সর্ব্বারাধনীয়ং ইত্যর্থঃ) 'পুরুষ্টুতং' (বহুভিঃ স্তুতং, সর্ব্বলোকস্মরণীয়ং) 'গাথান্যং' (গানযোগ্যং, যশস্বিনং ইত্যর্থঃ) 'সনশ্রুতং' (সনাতনয়া প্রসিদ্ধং, সনাতনং) 'ইন্দ্র ইতি' (ইন্দ্রাখ্যং, বলাধিপতিদেবং) যূয়ং 'ব্রবীতন' (ক্রণীধ্বং প্রার্থয়ত, আরাধয়ত ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। অহং ভগবৎপরায়ণঃ ভবানি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২অ—১খ—১সূ ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে মম চিত্তবৃত্তিসমূহ! সর্ব্বারাধনীয় সর্ব্বলোকস্মরণীয় যশস্বী সনাতন বলাধিপতি দেবতাকে তোমরা আরাধনা কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব ভাব এই যে,—আমি যেন ভগবৎ-পরায়ণ হই।)॥ (২অ—১খ—১সূ—২সা)॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ—৫খ—৫দ—১সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতায় অষ্টম মণ্ডলের একাশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায় পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

হে ঋত্বিগ্‌যজমানাঃ! 'পুরুহূতং' যজ্ঞেষু বহুভির্‌হূতং 'পুরুষ্টুতং' বহুভিঃ স্তোত্রশস্ত্রাদিভিঃ স্তুতং অতএব 'গাথান্যং গানযোগ্যং গাতব্যং 'সনশ্রুতং' সনাতনয়া প্রসিদ্ধং এবম্বিধং দেবং ইন্দ্র ইতি যূয়ং 'ব্রবীতন' ব্রুবীধ্বং ব্রূঞ ব্যক্তায়াং বাচি (অদা॰ উ॰) ইত্যস্য লটি ব্যত্যয়েন (৩।৪।৯৮) ধ্বমস্তনবাদেশঃ, অতএব গুণঃ ॥ ২ ॥

* * *

দ্বিতীয় (৭১৪) সামের মর্ম্মার্থ।

——§ : • : §——

মন্ত্রটী আত্মোদ্বোধক। ভগবৎপরায়ণ হইবার জন্য চিত্তবৃত্তিসমূহকে উদ্বোধিত করা হইয়াছে। ভগবানের বিশেষণ স্বরূপ চারিটী পদ ব্যবহৃত হইয়াছে। আপাত-দৃষ্টিতে বিশেষণগুলি প্রায় একার্থক বলিয়া প্রতীয়মান হইতে পারে কিন্তু তাহাদের মধ্যে যে সূক্ষ্ম পার্থক্য আছে তাহা মর্ম্মানুসারিণী ব্যাখ্যায় বিবৃত হইয়াছে। আর একার্থক বলিয়া গ্রহণ করিলেও পুনরুক্তি দোষ ঘটেনা। উহাদ্বারা প্রার্থনার ব্যাকুলতা প্রকাশ পাইতেছে মাত্র।

মন্ত্রের মর্ম্মার্থ এই যে, সকলেই সেই নিত্য নিরঞ্জন ভগবানের উপাসনায় আত্মনিয়োগ করে, কিন্তু হে আমার মন! তুমিই কি একাকী মোহনিদ্রায় অচেতন থাকিবে? তোমার কি কখনও চৈতন্য হইবে না?

"পশুপাখী তারা তাঁরে, ডাকে প্রহরে প্রহরে,
তুমি মানব হয়ে এমন করে রৈলে অচেতন?"

তুমি কি পশুর অপেক্ষাও হেয় নিকৃষ্ট? ভগবানের প্রদত্ত মহাদানের কি তুমি এই সদ্ব্যবহার করিলে? জাগো মন, সময় বহিয়া যায়—জীবনের লক্ষ্য সাধনে ব্রতী হও, ভগবানের দেওয়া শক্তির সদ্ব্যবহার কর। হেলায় সুযোগ নষ্ট করিও না! পরম আরাধ্য দেবতার শরণ গ্রহণ কর। 'উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্নিবোধত।' (২অ—১খ—১দ—২সা) ॥ *

——•——

তৃতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২
ইন্দ্র ইন্নো মঘোনাং দাতা বাজানাং নৃতুঃ।
৩ ১ ২ ৩ ১ ২
মহাঁ৩ অভিজ্ঞু আ যমৎ ॥ ৩॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বিনবতিতম (অথবা বালখিল্য সূক্ত বাদ দিলে একাশীতিতম) সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

অন্বয়ানুসারিণী ব্যাখ্যা ।

'ইন্দ্রঃ' (বলাধিপতিদেবঃ) 'ইৎ' (এব) 'নঃ' (অস্মাকং) 'মহোনাং' (মহোনাং পরমধনসমন্বিতানাং) 'বাজানাং' (আত্মশক্তীনাং) 'দাতা' (প্রদাতা, ভবতি ইতি শেষঃ); ভগবান্ হি লোকেভ্যঃ আত্মশক্তিং পরমধনং চ প্রযচ্ছতি—ইতি ভাবঃ ; 'নৃতুঃ' (নৃভ্যঃ হিতঃ, লোকানাং হিতকারকঃ) 'মহান্' (মহত্ত্বসম্পন্নঃ) 'অভিজ্ঞুঃ' (সর্ব্বস্য জ্ঞাতা, সর্ব্বজ্ঞঃ) সঃ দেবঃ 'আযমৎ' (প্রযচ্ছতু—অস্মভ্যং পরমধনং – ইতি শেষঃ); প্রার্থনামূলকোঽয়ং । ভগবান্ কৃপয়া অস্মভ্যং পরমধনং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (২প—১খ—১সূ—৩সা) ।

* * *

বঙ্গানুবাদ ।

বলাধিপতিদেবতাই আমাদিগের পরমধনসমন্বিত আত্মশক্তির প্রদাতা হয়েন ; (ভাব এই যে,—ভগবানই লোকদিগকে আত্মশক্তি এবং পরমধন প্রদান করেন); লোকদিগকে পরমধন প্রদান করুন । (মন্ত্রটী প্রার্থনামূলক । প্রার্থনার ভাব এই যে,—ভগবান কৃপাপূর্ব্বক আমাদিগকে পরমধন প্রদান করুন) । (২অ—১খ—১সূ—৩সা)

* * *

সায়ণ-ভাষ্যং ।

'ইন্দ্র ইৎ' পূর্ব্বোক্তলক্ষণ ইন্দ্র এব 'নঃ' অস্মভ্যং 'মঘোনাং' মঘোনাং ধনবতাং পশ্বাদিলক্ষণানাং ধনযুক্তানাং 'বাজানাং' অন্নানাং 'দাতা' ভবতু । কীদৃশম্ ? 'নৃতুঃ' ('নৃতিশ্রেষ্ঠোঃ তুঃ' ইতি তুঃ প্রত্যয়ঃ, হ্রস্বশ্ছান্দসঃ) সর্ব্বস্য নর্ত্তয়িতা ; যদ্বা নৃ নয়ে, (ক্র্যা০ প০ প০) ঔণাদিকঃ তু প্রত্যয়ঃ, ধাতোর্দীর্ঘশ্ছান্দসঃ স্তোতৃভ্যো গবাদিনেতা ; অতএব 'মহান্' স ইন্দ্রঃ 'অভিজ্ঞু' অভিগত-জানুকং অস্মভ্যং 'আ যমৎ' আযচ্ছতু দদাতু । যদ্বা স ইন্দ্রঃ অভিজ্ঞু অস্মদভিমুখমাগচ্ছতু ধনং স্বহস্তয়োঃ পরিগৃহ্য অস্মান্ নয়তু, ধনং গৃহীত্বা অস্মভ্যং দদাতু ইত্যর্থঃ । 'মঘোনাং'—'মহোনাং'—ইতি পাঠৌ ॥ ৩ ॥

* * *

তৃতীয় (৭১৫) সামের মর্ম্মার্থ ।

মন্ত্রটী দুইভাগে বিভক্ত । প্রথম ভাগে ভগবানের মহিমা বর্ণিত হইয়াছে এবং দ্বিতীয় অংশে পরমধন প্রাপ্তির জন্য তাঁহার নিকট প্রার্থনা করা হইয়াছে ।

মানুষের যাহা কিছু আছে, তাহা ভগবানেরই দান । ভগবানের নিকট হইতেই সকলে শক্তি লাভ করে । তাই তাঁহার নিকটেই পরমধনের জন্য প্রার্থনা করা হইয়াছে । মন্ত্রান্তর্গত 'ইৎ' পদটী বিশেষ প্রণিধানযোগ্য । এই পদদ্বারা কেবলমাত্র ভগবানকেই লক্ষ্য করা হইয়াছে ।

একমাত্র তিনিই ধনপ্রদানে সমর্থ। তিনি ব্যতীত অন্য কাহারও কোন শক্তি নাই। 'ইৎ' পদদ্বারা একমাত্র অদ্বিতীয় সেই পরম দেবতাকেই লক্ষ্য করিতেছে।

মন্ত্রান্তর্গত 'নৃভুঃ' পদে বিবরণকার 'নৃভ্যঃ হিতঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরাও ঐ অর্থ সঙ্গত বোধে গ্রহণ করিয়াছি। 'সর্ব্বজ্ঞূঃ' পদেও আমরা বিবরণকারের অনুসরণ করিয়াছি। প্রচলিত ব্যাখ্যাদির সহিতও আমাদিগের বিশেষ কোন অনৈক্য ঘটে নাই। নিম্নে একটী প্রচলিত বাঙ্গালা ব্যাখ্যা প্রদত্ত হইল। "ইন্দ্রই আমাদিগের মহাধনের দাতা; তিনিই নর্ত্তনকারী। মহান ইন্দ্র, আমাদের অভিমুখে আগত ধন আমাদিগকে প্রদান করুন।' "ভাষার বৈষম্য হইলেও মূলভাবের বিশেষ পার্থক্য ঘটে নাই। 'নর্ত্তনকারী' দ্বারা ব্যাখ্যাকার কি ভাব আনয়ন করিতে চাহেন, তাহা বুঝিতে পারা যায় না। যাহা হউক মর্মানুসারিণী-ব্যাখ্যাতেই আমাদিগের মত প্রকাশিত হইয়াছে॥ (২অ—১খ—১সূ—৩সা)॥০

—— • ——

প্রথমসূক্তস্য গেয়-গানং।

২ ৪ ২ ৪ ৫ ১র ৭ =
পাহ ৫ স্তম্। আ ৩ বো ৩ অন্ধসাঃ। আইন্দ্রামভাই। প্রগা ২

৩ ৫ ১ A ৩ ৫ ২ ১ ২ ২
য়া ২ ৩ ৪ তা। বিশ্বা ২ সা ২ ৩ ৪ হাম্। শা ৩ তাক্রা ৩ তুম্।

১ ২ ১ ২ ১ A ৩ ৫র র ৩ র
ম৺হিষ্ঠঞ্চর্ষ। নাই। না ২ মা ২ ৩ ৪ ঔহোবা॥ (১) পূহ ৫ রুহু।

৪ ২ ৪ ৫ ১ র ৭ A ৩ ৫
তা ৩ ম্পু ৩ রুহূতাম্। পুরুহূতাম্। পুরু ২ ষ্টূ ২ ৩ ৪ তাম্।

১র A ৩ ৫ ২ ১ ২ র ১ ২ ১ ১ ২
গাথা ২ না ২ ৩ ৪ য়াম্। সা ৩ নাশ্রু ৩ তাম্। আইন্দ্রইতিব্র।

১ A ৩ ৫র র ৩ ৪
বাই। তা ২ না ২ ৩ ৪ ঔহোবা॥ (২) আহ ৫ ইন্দ্রইৎ। নো ৩

২ ৪ ৫ ১ A ৩ ৫ ১র A
মা ৩ হোনাম্। আইন্দ্রইন্নো। মা ২ হো ২ ৩ ৪ নাম্। দাতা ২

এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বিনবতিতম (বালখিল্য সূক্ত বাদে একাশীতিতম) সূক্তের তৃতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

৩　৫　২　২　২　১২র　১২　১র
বা২৩৪জ্ঞা। না৩১ম্না তর্ত্তুঃ। মা২।৮ অভিজ্ঞু। জ্ঞা।

Λ৩　৫র র　২　১১১১
যা২ম্না২৩৪ঔহোবা। ও৩কা২৩৪৫ঃ। ১২৩।*

* * *

প্রথমং সাম।

২　৩　১　২,৩　১২৩　১২
প্র ব ইন্দ্রায় মাদন৺ হর্য্যশ্বায় গায়ত।
১২　৩　২
সখায়ঃ সোমপাব্নে ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সখায়' (হে মম সহচারিণঃ সুহৃৎস্বরূপাঃ চিত্তবৃত্তয়ঃ) 'বঃ' (যুষ্মাকং—সম্বন্ধিনং ইতি যাবৎ) 'মাদনং' (আনন্দপ্রদং স্তোত্রং) 'হর্য্যশ্বায়' (জ্ঞানরশ্মিসম্পন্নায়, জ্ঞানবিতরকায় ইতি ভাবঃ) 'সোমপাব্নে' (শুদ্ধসত্ত্বানাং সৎকর্ম্মণাং বা পাত্রে গ্রহণকারিণে ইত্যর্থঃ) 'ইন্দ্রায়' (ভগবতে ইন্দ্রদেবায়) 'প্র গায়ত' (সর্ব্বথা উচ্চারয়ত, সমর্পয়ত)। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধক। আত্মনঃ সর্ব্বাণি কর্ম্মাণি সর্ব্বাঃ স্তোত্রমন্ত্রাঃ চ ভগবতি সংন্যস্তা ভবন্তু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—১খ—২সূ ১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে আমার সহচর সুহৃৎস্বরূপ চিত্তবৃত্তিনিবহ! তোমাদিগের সম্বন্ধীয় আনন্দপ্রদ স্তোত্রকে জ্ঞানরশ্মিসম্পন্ন (জ্ঞানবিতরক) শুদ্ধসত্ত্বের বা সৎকর্ম্মের গ্রহণকারী ভগবান্ ইন্দ্রদেবের উদ্দেশে সর্ব্বথা সমর্পণ কর॥ (মন্ত্রটী আত্মোদ্বোধক; প্রার্থনার ভাব এই যে,—আপনার সকল কর্ম্ম বা সকল স্তোত্রমন্ত্র ভগবানে সংন্যস্ত হউক। (২অ—১খ—২সূ—১সা)।

* * *

সায়ণ ভাষ্যং।

হে 'সখায়ঃ' স্তোতারঃ! 'বঃ' যূয়ং 'হর্য্যশ্বায়' হরিনামকাশ্বোপেতায় 'সোমপাব্নে সোমানাং পাত্রে 'মাদনং' মদকরং হর্ষকরং স্তোত্রং 'প্রগায়ত' 'প্রপঠত। (২অ—১খ—২সূ ১সা)।

---

* এই সূক্তান্তর্গত তিনটী সাম-মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম,—"বৈতহব্যমোকোনিধনম্।"

প্রথম (৭১৬) সামের মর্ম্মার্থ।

——:০:——

এই মন্ত্রটীও সাধারণতঃ ঋত্বিগ্‌গণের বা পুরোহিতগণের সম্বন্ধে প্রযুক্ত বলিয়া কথিত হয়। এই মন্ত্রের অন্তর্গত 'সখায়' পদ 'হে সখাগণ' এই অর্থে তাঁহাদিগের সম্বোধন-মধ্যে পরিগণিত হয়। তদনুসারে মন্ত্রের অর্থ দাঁড়াইয়াছে,—'হে সখাগণ! তোমরা হরিনামক-অশ্বযুক্ত, সোমরসসমূহের পানকারী, ইন্দ্রের উদ্দেশে মদকর স্তোত্র পাঠ কর।'

মন্ত্রের তিনটী অনুবাদ (একটী ইংরাজী, একটী বাঙ্গালা ও একটি হিন্দি) নিম্নে উদ্ধৃত করিতেছি। তাহাতে প্রচলিত অর্থের মর্ম্ম বোধগম্য হইবে। যথা;—

(১) "হে সখাগণ! তোমরা সোমপায়ী হর্য্যশ্ব ইন্দ্রের উদ্দেশে মদকর স্তোত্র গান কর।"

(২) "Sing ye a song, to make him glad, to Indra, Lord of tawny steeds, the Soma-drinker, O my friends!"

(৩) "হে সখাও তুম হরিনামক অশ্ববালে সোমপানকরনেবালে ইন্দ্রকে অর্থ প্রসন্ন করনেবালা স্তোত্র গাও।"

এখন আমাদিগের পরিগৃহীত অর্থের বিষয় আলোচনা করিতেছি। আমরা মনে করি, মন্ত্রটী আত্মোদ্বোধক। এখানে 'সখায়ঃ' সম্বোধনে আপনার চিত্তবৃত্তিসমূহকে আহ্বান করা হইয়াছে। চিত্তবৃত্তি যে মানুষের প্রধান সখা, চিরসহচর—নিত্য-সহচর, তাহা বুঝাইবার আবশ্যক করে না। তাহারা যখন সৎপথাবলম্বী হয়, তখনই তাহারা সুবন্ধু সুমিত্র। আবার যখন তাহারা বিপথে গমন করে, অসৎকর্ম্মের পরিপোষক হয়, তখনই তাহারা কপট-বন্ধু বা কুমিত্র বলিয়া অভিহিত হইয়া থাকে। এ সংসারে সখা দুই অবস্থার, দুই প্রকারের আছে। চিত্তবৃত্তিতে সখিত্বের সেই দুই আদর্শই দেখিতে পাই। আমরা মনে করি, সেই উদ্দেশ্যেই চিত্তবৃত্তি-সম্বোধনে 'সখায়ঃ' পদ এখানে প্রযুক্ত হইয়াছে। তদনুসারে মন্ত্রের ভাব দাঁড়াইয়াছে এই যে,—'হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমরা সেই ভগবানের উদ্দেশ্যে আত্মোৎসর্গ কর।' সেই ভগবান ইন্দ্রদেব তিনি যে কেমন, তাহারই পরিচয়-স্বরূপ "হর্য্যশ্বায়" এবং "সোমপাবে" পদদ্বয় দেখিতে পাই। ঐ দুই পদের তাৎপর্য্যার্থের বিষয় আমরা পুনঃপুনঃ খ্যাপন করিয়া আসিয়াছি। অশ্বের সহিত অথবা সোমরস রূপ মাদক-দ্রব্যের সহিত ঐ দুই পদের সম্বন্ধের বিষয় আমরা স্বীকার করি না। তিনি যে জ্ঞানরশ্মিসমন্বিত এবং সৎকর্ম্মের বা সত্ত্বভাবের গ্রহণকারী ঐ দুই পদ সেই ভাবই খ্যাপন করে। অবশিষ্ট 'মাদনং প্রগায়ত' পদদ্বয়ে স্তোত্রমন্ত্র সর্ব্বথা তাঁহার উদ্দেশ্যে প্রযুক্ত কর,—এইরূপ উদ্বোধনার ভাবই প্রাপ্ত হই। ফলতঃ, সকল বাক্য ও কর্ম্ম ভগবদুদ্দেশে বিনিযুক্ত করার কামনাই এখানে প্রকাশ পাইয়াছে। ইহাই আমাদিগের সিদ্ধান্ত॥ (২অ—১খ—২সূ—১সা)॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ—৫খ—৫দ—২সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের একত্রিংশত্তম সূক্তের প্রথমা ঋক্ (পঞ্চম অষ্টক, তৃতীয় অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

২উ   ৩   ২   ৩১২   ৩ ২ ৩ ২উ   ৩ ১ ২
শ৺্স ইৎ উক্থ৺্ সুদানব উত দ্যুক্ষং যথা নরঃ।
৩   ২   ৩ ১ ২
চকৃমা সত্যরাধসে ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মম মনঃ! 'নরঃ' (সৎকর্ম্মণাং নেতারঃ, সৎকর্ম্মসাধকাঃ) 'যথা' (যদ্বৎ) 'দ্যুক্ষং' (দীপ্তিমন্তং, ঐকান্তিকাং ইত্যর্থঃ) প্রার্থনাং উচ্চারয়ন্তি ইতি যাবৎ, তদ্বৎ ত্বং 'সুদানবে' (শোভনদানায়, পরমধনদাত্রে) 'উত' (তথা) 'সত্যরাধসে' (সত্যধনায়, সত্যপ্রাপকায় সত্যপ্রাপকদেবপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'ইৎ' (এব) ত্বং 'উক্থং' (প্রার্থনাং) 'শংস' (উচ্চারয়); ভগবৎপ্রাপ্তয়ে প্রার্থনাপরায়ণঃ ভব ইত্যর্থঃ; 'চকৃম' (প্রার্থয়াম—বয়ং ভগবন্তং আরাধয়াম ইত্যর্থঃ); অয়ং মন্ত্রঃ প্রার্থনামূলকঃ। ভগবৎপ্রাপ্তয়ে বয়ং প্রার্থনাপরায়ণাঃ ভবেম ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—১খ—২সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে আমার মন! সৎকর্ম্মসাধকগণ যেমন ঐকান্তিক প্রার্থনা উচ্চারণ করেন, সেইরূপভাবে পরমধনদাতা এবং সত্যপ্রাপক দেবতাকে প্রাপ্তির জন্যই তুমি প্রার্থনা উচ্চারণ কর অর্থাৎ ভগবৎপ্রাপ্তির জন্য প্রার্থনাপরায়ণ হও; আমরা যেন ভগবানকে আরাধনা করিতে পারি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবৎপ্রাপ্তির জন্য আমরা যেন প্রার্থনাপরায়ণ হই।) (২অ—১খ—২সূ—২সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

'উত' অপিচ হে স্তোতঃ! 'সুদানবে' শোভনদানায় 'সত্যরাধসে' সত্যধনায়েন্দ্রায় 'উক্থং' স্তোমং 'যথা নরঃ' অন্যেস্তোতারঃ 'দ্যুক্ষং' দীপ্তেঃ সাধনভূতং স্তোত্রং শংসন্তি, তদ্বৎ ত্বমপি 'শংস' উচ্চারয়। ইদিতি পূরণঃ বয়মপি 'চকৃম' স্তোত্রং করবাম॥২॥

• • •

দ্বিতীয় (৭১৭) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুইভাগে বিভক্ত। উভয় অংশেই আত্মোদ্বোধনা পরিলক্ষিত হয়।

এই মন্ত্রের ব্যাখ্যার সহিত প্রচলিত ভাষ্যাদির বিশেষ অনৈক্য লক্ষিত হইবে না। তবে আত্মোদ্বোধনা অর্থেই মন্ত্রের সঙ্গতি লক্ষিত হয়। আমরা এই ভাবই গ্রহণ করিয়াছি। ভাষ্যকার স্তোতাকে সম্বোধন করিয়া ব্যাখ্যা আরম্ভ করিয়াছেন। তাহাতে মন্ত্রের প্রকৃত ভাব রক্ষিত হয় বলিয়া আমরা মনে করি না। যাহা হউক ভাষ্যাদিতেও প্রার্থনার মূল অর্থ রক্ষিত হইয়াছে। নিম্নে ভাষ্যানুযায়ী একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "শোভনদানযুক্ত সত্যধন ইন্দ্রের উদ্দেশে অন্য স্তোতা যেরূপ দীপ্ত স্তোত্র পাঠ করে, আমরাও করিব।"

ভগবান সত্যপ্রাপক, সত্যধনযুক্ত। তিনি 'সত্যং জ্ঞানং অনন্তং'। তিনি সত্যস্বরূপ। সত্যজ্ঞান, সত্যধন তাঁহার নিকট হইতেই মানুষ প্রাপ্ত হয়। তিনিই সত্যপ্রাপক। তিনি কেবলমাত্র সত্যধনের উৎস নহেন, জগতে তিনি সেই পরমধন বিতরণও করেন। তিনি শোভনদানযুক্ত। জগতের অজ্ঞানান্ধকারাবৃত জনগণের জন্য, তাহাদিগকে অনন্ত মঙ্গলের পথ প্রদর্শন করিবার জন্য, তিনি জগতে সত্যালোক বিতরণ করেন। সেই পরম দেবতাকে লাভ করিবার জন্যই মন্ত্রে প্রার্থনা পরিদৃষ্ট হয়। (২অ-১খ ২সূ—২সা)॥ *

তৃতীয়ং সাম।

১ ২ ৩২উ ৩১ ২
ত্বং ন ইন্দ্র বাজয়ুঃ ত্বং গব্যুঃ শতক্রতো।
১ ২ ৩১ ২
ত্ব৺ হিরণ্যয়ুঃ বসো ॥ ৩ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলাধিপতে হে দেব) 'ত্বং' 'নঃ' (অস্মাকং) 'বাজয়ুঃ' (শক্তিকামঃ, আত্মশক্তিদাতা—ভব ইতি শেষঃ); 'শতক্রতো' (বহুকর্ম্মন্, যদ্বা বহুপ্রজ্ঞ, সর্ব্বশক্তিমন্, সর্ব্বজ্ঞ হে দেব) 'ত্বং' অস্মাকং 'গব্যুঃ' (জ্ঞানকামঃ, পরাজ্ঞানদায়কঃ—ভব ইতি শেষঃ); 'বসো' (পরমধনরূপ হে দেব) 'ত্বং' অস্মাকং 'হিরণ্যয়ুঃ' (হিরণ্যকামঃ, পরমধনদাতা—ভব ইতি শেষঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং পরাজ্ঞানং আত্মশক্তিং তথা পরমধনং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২অ—১খ—২সূ—৩সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের একাত্রিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (পঞ্চম অষ্টক, তৃতীয় অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

বলাধিপতি হে দেব! আপনি আমাদিগের আত্মশক্তিদাতা হউন; সর্ব্বশক্তিমান্ সর্ব্বজ্ঞ হে দেব! আপনি আমাদিগের পরাজ্ঞানদায়ক হউন; পরমধনবান্ হে দেব! আপনি আমাদিগের পরমধন দাতা হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞান আত্মশক্তি এবং পরমধন প্রদান করুন।)। (২অ— খ—২সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্র'! 'ত্বং' 'নঃ' অস্মাকং 'বাজয়ুঃ' অন্নকামো ভব। হে শতক্রতো বহুবিধ কর্ম্মবন্নিন্দ্র! 'ত্বং' 'নঃ' অস্মাকং 'গব্যুঃ' গোকামো ভব। হে 'বসো' বাসয়িতরিন্দ্র। ত্বং 'হিরণ্যয়ুঃ' হিরণ্যকামোঽপি ভব। ছন্দসি পরেচ্ছায়ামপি দৃশ্যতে (পা০ ৩।১।৮) ইতি ক্যচ্। ৩॥

*

তৃতীয় (৭১৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী সরল প্রার্থনা-মূলক। ভগবানের ত্রিবিধা শক্তিকে সম্বোধন করিয়া ত্রিবিধ দান পাইবার জন্য তাঁহার নিকট প্রার্থনা করা হইয়াছে।

তিনি বলাধিপতি, শক্তির উৎস। তাই তাঁহার নিকট আত্মশক্তি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। এখানে প্রশ্ন হইতে পারে—ভগবান আত্মশক্তি দান করিবেন কিরূপে? আত্মশক্তি তো সাধক আপনার সাধনার দ্বারা লাভ করিবেন! সত্য কথা। কিন্তু সেই সাধনার শক্তিই যে ভগবানের কৃপা ব্যতীত লাভ করা যায় না! অপিচ, সাধনার সিদ্ধিও তো নির্ভর করে—ভগবানেরই কৃপার উপর! তাই সেই পরমশক্তিদাতার চরণেই শক্তি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

তিনি পরমজ্ঞানদাতা। তিনি জ্ঞানস্বরূপ। মানুষ তাঁহার নিকট হইতেই জ্ঞান লাভ করে। তাই সেই জ্ঞানময়ের নিকটে পরাজ্ঞান লাভের জন্য প্রার্থনা পরিদৃষ্ট হয়।

তিনি পরমধনদাতা। মানুষ যে ধনের জন্য ব্যাকুল, যাহা লাভ করিলে জীবনের সকল কামনা-বাসনার অবসান হয়, 'যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ'—মানুষ সেই পরম ধন ভগবানের নিকট হইতেই প্রাপ্ত হয়। তাই সেই পরম দেবতার নিকটেই মানুষ আপনার প্রার্থনা নিবেদন করে। মন্ত্রে প্রার্থনার ভিতর দিয়া এই সত্যই প্রকাশিত হইয়াছে। (২অ ১খ ২সূ-৩সা)॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের একত্রিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয় সূক্তস্য গেয়-গানং।

১ A ৩২A৩ ৫ ১ —১ ২ ২A ৩
প্রবইন্দ্রা ২। য়মাদা ২ ৩ ৪ নাম্। প্রবা ২ ইন্দ্রা। ঔ ৩ হো। য়া

৫ ২ ২ —১ ২ ২A ৩
২ ৩ ৫ মা। দা ৩ নাম্। হরা ২ অশ্বা। ঔ ৩ হো। য়া ২ ৩ ৪

৫ ২ ২ —১ ২ ২ ১
গা। য়া ৩ ভা। সখা ২ য়াস্মা। ঔ ৩ হো ৩। মায়ো

৫ ৪ ৫ ১ র A
২ ৩ ৪ বা। আহু ৫ বো ৬ হাই ॥ (১) শশ্বেদুক্থা ২ সু।

৩২A৩ ৫ ২ —১ ২ ২ ৩
সুদানা ২ ৩ ৪ বাই। শশ্বসা ২ ইদুক্থা। ঔ ৩ হোই। সু ২

৫ ২ ২ —১ ২ ২A ৩
৩ ৪ দা। না ৩ বাই। উতা ২ দ্যুক্ষা। ঔ ৩ হোঙ্। যা ২ ৩

৫ ২ ২ ২ ১ ২ ২ ১
৪ থা। না ৩ রাঃ। চকৃশ। সা। ঔ ৩ হো ৩। ত্যারো ২ ৩

৫ ৫ ৫ ১ A ৩২A৩
৪ বা। ধা ২ ৫ গো ৬ হাই ॥ (২) তুবম্ন্যা ২ ই। ইবাজা

৫ ২ —১ ১ ২A ৩ ৫ ২
২ ৩ ৪ য়ুঃ। তুবা ২ মন্ব। ঔ ৩ হোই। দ্রা ২ ৩ ৪ বা। জা

২ —১ ২ ২A ৩ ৫ ২
৪ য়ূঃ। তুবা ২ ঙ্ক্যুঃ। ঔ ৩ হোই। শা ২ ৩ ৪ ত। ক্রা ৩

২ —১ ২ ২ ১ ৫
ভাউ। তুবা ২ ন্ব্রহ্না। ঔ ৩ হো ৩। ন্যায়ো ২ ৩ ৪ বা।

৪ ৫
বাহ ৫ সো ৬ হাই (৩)। ১২৩।*

---

* এই সূক্তান্তর্গত তিনটী সাম-মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়গান আছে। উহার নাম, "শাক্ত্যম্।"

প্রথমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ০ ১ ২ ৩ ২ ৩ ১ ২
বয়মু ত্বা তদিদর্থা ইন্দ্র ত্বায়ন্তঃ সখায়ঃ।
১ ২ ৩ ২ ৩ ১ ২
কণ্বা উক্থেভিঃ জরন্তে ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'সখায়ঃ' (অস্মদঙ্গীভূতাঃ সুহৃৎস্বরূপাঃ চিত্তবৃত্তয়ঃ ইতি ভাবঃ) 'ত্বায়ন্তঃ' (ত্বাং কাময়মানাঃ) ভবন্তু ইতি শেষঃ; অস্মাকং চিত্তবৃত্তয়ঃ ভগবৎপরায়ণাঃ সন্তু ইত্যেবং আকাঙ্ক্ষা ইতি ভাবঃ। 'কণ্ব' (অকিঞ্চনাঃ, অতিক্ষুদ্রাঃ) 'বয়ং' (ইমে প্রার্থনাকারিণঃ) 'তদিদর্থাঃ' (তদুদ্দেশ্যপরায়ণাঃ, ত্বয়ি সংন্যস্তপ্রাণাঃ সন্তঃ) 'ত্বা' (ত্বাং) 'উক্থেভিঃ' (স্তোত্রমন্ত্রৈঃ) 'জরন্তে' (স্তুবন্তে); চিত্তবৃত্তীঃ ভগবদনুসারিণীঃ করণায় ইমাং প্রার্থনাং জ্ঞাপয়ামঃ—ইতি ভাবঃ। (২অ. ১খ. ৩সূ—১সা)॥

অথবা,

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'ত্বায়ন্তঃ' (ত্বাং আত্মন ইচ্ছন্তঃ, ত্বাং কাময়মানাঃ) 'তদিদর্থাঃ' (তব স্তোত্রপরায়ণাঃ, কেবলং তব সম্বন্ধিনং বাক্যং উচ্চারয়মাণাঃ) 'বয়ং' (উপাসকাঃ) যদা 'সখায়ঃ' (তব সখিত্বলাভসমর্থাঃ, কর্ম্মণা সালোক্যাদেঃ অবস্থাপ্রাপ্তাঃ) ভবামঃ ইতি শেষঃ; তদা 'কণ্বাঃ' (বয়মপি অকিঞ্চনাঃ) 'উক্থেভিঃ' (বেদমন্ত্রৈঃ, বেদমার্গানুসরণৈঃ) 'জরন্তে' (জীর্ণাঃ অবস্থান্তরপ্রাপ্তাঃ বা মোক্ষাধিকারিণঃ ভবন্তি)। স্তোত্রেণ কর্ম্মণা চ ভগবতঃ সখিত্বলাভে সমর্থে সতি স্বতএব মুক্তিঃ অধিগতা ভবতি—ইতি ভাবঃ॥ (২অ-১খ—৩সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! আমাদিগের অঙ্গীভূত সুহৃৎস্বরূপ চিত্তবৃত্তিসমূহ আপনাকে কাময়মান হউক; (ভাব এই যে,—আমাদিগের চিত্তবৃত্তিসমূহ ভগবৎপরায়ণ হউক—ইহাই আকাঙ্ক্ষা); অকিঞ্চন অতিক্ষুদ্র এই প্রার্থনাকারিগণ সেই উদ্দেশে আপনাকে স্তোত্রমন্ত্রসমূহের দ্বারা স্তব করিতেছে। (ভাব এই যে,—চিত্তবৃত্তিকে ভগবদনুসারিণী করিবার জন্য এই প্রার্থনা জানাইতেছি।)॥ (২অ—১খ—৩সূ—১সা)॥

অথবা,

হে ভগবন্ ইন্দ্রদেব! আপনাকে পাইবার অভিলাষী, আপনার স্তোত্রপরায়ণ (কেবল আপনারই সম্বন্ধীয় বাক্য উচ্চারণশীল) উপাসক আমরা, যখন আপনার সখিত্বলাভে সমর্থ (অর্থাৎ কর্ম্মের দ্বারা সালোক্যাদি অবস্থা প্রাপ্ত) হইব; তখন আমাদিগের ন্যায় অকিঞ্চনগণও বেদমন্ত্রের দ্বারা (বেদমার্গানুসরণে) মোক্ষাধিকারী হইবে। (ভাব এই যে,—স্তোত্রের ও কর্ম্মের দ্বারা ভগবানের সখিত্বলাভে সমর্থ হইলে স্বতঃই মুক্তি অধিগত হইবে।)॥ (২অ—১খ-৩সূ—১সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র'! ত্বায়ন্তঃ ত্বামাত্মন ইচ্ছন্তঃ 'সখায়ঃ' সমানখ্যানা বয়ং 'ত্বদ্বিদর্থাঃ' ত্বদ্বিষয়ং স্তোত্রং তত্তদ্বিৎ, তদেবার্থঃ প্রয়োজনং যেষাং; তাদৃশাঃ সন্তঃ 'ত্বা' ত্বাং 'জরামহে' স্তুমহে। উ ইতি পূরণঃ। 'কণ্বা' কণ্বগোত্রোৎপন্নাঃ অস্মদীয়াঃ পুত্রাদয়শ্চ 'উক্থেভিঃ' উক্থৈঃ শস্ত্রৈঃ 'জরন্তে' ত্বাং স্তুবন্তি ॥ ১ ॥

* * *

প্রথম (৭১৯) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী ইন্দ্রদেবের সম্বোধনে প্রযুক্ত। কিন্তু ইহারও মধ্যে একটী 'সখায়ঃ' পদ আছে। সেই 'সখায়ঃ' পদটীতে ভাষ্যে 'সমানস্থানাঃ' প্রতিবাক্য গৃহীত হইয়াছে; আর, ঐ পদটী 'বয়ং' পদের বিশেষণ মধ্যে গণ্য হইয়া থাকে। তাহাতে মন্ত্রের অর্থ দাঁড়াইয়াছে,—'হে ইন্দ্র! তোমার পাইবার অভিলাষী তোমার সমানস্থানীয় আমরা; তোমার সম্বন্ধীয় স্তোত্রকে তোমার যেরূপ প্রয়োজন সেইরূপভাবে কণ্বগোত্রোৎপন্ন আমাদিগের পুত্রগণ উক্থ-শস্ত্রসমূহের দ্বারা তোমাকে স্তব করিতেছে।'

এই মন্ত্রের তিন ভাষায় (বাঙ্গালা ইংরাজী ও হিন্দি) তিনটী অনুবাদ নিম্নে উদ্ধৃত করিতেছি। তাহাতে মন্ত্রার্থ কি ভাবে প্রচলিত আছে, তাহা বেশ বোধগম্য হইবে। সেই তিন প্রকারের তিনটী অনুবাদ; যথা;—

(১) "হে ইন্দ্র! আমরা তোমার সখা; তোমায় ইচ্ছা করি; তোমার স্তোত্রেই আমাদিগের প্রয়োজন; আমরা তোমায় স্তব করি। কণ্বগোত্রোৎপন্নগণ উক্থ দ্বারা তোমার স্তব করিতেছে।"

(2) "This, even this, O Indra, we implore:
as thy devoted friends,
The Kanvas praise thee with their hymns."

৩। "হে ইন্দ্র! তুম্হৈঁ অপনা ধনানেকী ইচ্ছা করতে হুএ মিত্ররূপ হম কেবল আপকী স্তুতি করনেকো হী অপনা কর্ত্তব্য মানতে হুএ তুমহারী স্তুতি করতে হৈঁ। কণ্বগোত্রী হমারে পুত্র ভী বেদমন্ত্রোঁসে তুমহারী স্তুতি করতে হৈঁ।"

আমরা দ্বিবিধ অন্বয়ে যে অর্থ গ্রহণ করিয়াছি, তাহা সম্পূর্ণ অন্য ভাব প্রকাশ করিতেছে। 'সখায়ঃ' পদটীকে দ্বিবিধ অন্বয়ে দ্বিবিধ অর্থে গ্রহণ করিয়াছি। পূর্ব্ব ঋকে 'সখায়ঃ' পদ চিত্তবৃত্তির সম্বোধনে বিনিযুক্ত দেখিয়াছি। এখানে সেই চিত্তবৃত্তি অর্থেও ঐ পদের প্রয়োগ প্রতিপন্ন হয়। আমাদিগের প্রথমোক্ত ব্যাখ্যায় সে অর্থের যৌক্তিকতা উপলব্ধ হইবে। অপিচ, ঐ পদে সাধকের অবস্থায় উপনীত অর্থাৎ সাযুজ্যাদি প্রাপ্ত অর্থ গ্রহণ করিতে পারি। ভগবানের উপাসনার দ্বারা, তাঁহার কার্য্যের দ্বারা, তৎসম্বন্ধীয় বাক্যের দ্বারা, ভগবানের ধ্যান-জ্ঞান-ধারণার দ্বারা, মানুষ সেই অবস্থায় উপনীত হয়। চিত্তবৃত্তিসমূহ যখন একান্ত ভগবানের অনুসারী হয়, তখন তাহাদিগকেও 'সখায়ঃ' পর্য্যায়ভুক্ত করা যাইতে পারে। আমাদিগের 'সখায়ঃ' হইয়া তাহারা তখন ভগবানের 'সখায়ঃ' হয়। ফলতঃ, ভগবানে ন্যস্তচিত্ত হইলে, তাঁহার কার্য্যে আত্মনিয়োগ করিতে পারিলে সকল শ্রেয়ঃ অধিগত হইয়া থাকে। এই ভাবই এই মন্ত্রে প্রকটিত। 'কণ্বাঃ' এবং 'জরন্তে' ক্রিয়াপদে যে যে ভাব পাইতে পারি, মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই তাহার আভাষ প্রদত্ত হইয়াছে। (২অ—১খ—৩সূ · ১সা)॥

— • —

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
নঘেম্ অন্যৎ আ পপন বজ্রিন্ অপসো নবিষ্টৌ।
২উ ৩র ১ ২
তবেদু স্তোমৈঃ চিকেত ॥ ২ ॥*

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বজ্রিন্' (রক্ষাস্ত্রধারিন্ হে দেব) 'অপসঃ (অপস্বিনঃ, অমৃতপ্রাপকস্য তব সর্ব্বাত্মনি ইতি যাবৎ) 'নবিষ্টৌ (অভিনবে, নবজীবনদায়কে সৎকর্ম্মণি ইত্যর্থঃ) প্রবৃত্তঃ সন্ অহং সদা 'অন্যৎ' ত্বদ্বিষয়াৎ অন্যং কমপি বিষয়ং) 'ঘেম্' (এব) 'ন আপপন' (ন প্রাপ্নবানি,— অন্যং কমপি কর্ম্ম মম চিত্তবিক্ষোভং মা করোতু ইত্যর্থঃ); 'তব' (তবসম্বন্ধিনং)

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ—৫খ—৫দ—৩সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বিতীয় সূক্তের ষোড়শী ঋক্ (পঞ্চম অষ্টক, সপ্তম অধ্যায়, বিংশ বর্গের অন্তর্গত)।

'ইৎ' (অপিচ) 'উ' ('এব') 'স্তোমৈঃ' (প্রার্থনাভিঃ) 'চিকেত' (অভিজানামি, প্রাপ্নবানি)। প্রার্থনামূলকোঽয়ং। হে ভগবন্! তব কৃপয়া অহং পরাজ্ঞানং লভেয়ং ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—১প—৩দ্ব-২সা)॥

* * *

মন্ত্রানুবাদ।

রক্ষাস্ত্রধারী হে দেব! অমৃতপ্রাপক আপনার সম্বন্ধীয় নবজীবনদায়ক সৎকর্ম্মে প্রবৃত্ত হইয়া আমি যেন আপনার বিষয় ব্যতীত অন্য কোনও বিষয় প্রাপ্ত না হই অর্থাৎ অন্য কোনও কর্ম্ম যেন আমার চিত্তবিক্ষোভ না করে; আপনার সম্বন্ধীয় জ্ঞানই যেন প্রার্থনা দ্বারা প্রাপ্ত হই। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আপনার কৃপায় আমি যেন পরাজ্ঞান লাভ করি।)। (২অ—১খ—৭সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'বজ্রিন্' বজ্রহস্তেন্দ্র! 'অপসঃ' অপস্বিনঃ কর্ম্মবতঃ 'তব' সম্বন্ধিনি 'নবিষ্ঠৌ' অভিনবে যাগে বর্ত্তমানোঽহম্ 'অন্যৎ' ভবিষয়াদন্যৎ স্তোত্রং 'নঘেং' নৈব 'আপপন' অভিষ্টৌমি পনতেঃ স্তুতিকর্ম্মণঃ (ভা০ আ০) উত্তমে ণলি রূপং। 'ভবেদু' ভবৈব 'স্তোমৈঃ' স্তোমং স্তোত্রং 'চিকেত' অভিজানামি জানেব সর্ব্বদা স্তৌমীত্যর্থঃ। (২অ—১প—৩দ্ব—২সা)॥

* * *

দ্বিতীয় (১২০) সামের মর্ম্মার্থ।

এই প্রার্থনামূলক মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। একাগ্রচিত্তে, অনন্যমনা হইয়া ভগবদারাধনা করিবার শক্তিলাভের জন্য মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। প্রার্থনার মর্ম্ম এই যে,—হে ভগবন্! আমি যেন তোমার আরাধনা ব্যতীত অন্য কোনও বিষয়ে লিপ্ত না হই। মায়া মোহ প্রভৃতি রিপুগণ চারিদিকেই আমাকে আক্রমণ করিতেছে—তোমার আরাধনা হইতে আমাকে বিচ্যুত করিবার জন্য মায়ারূপী সংসার আমার চারিদিকে প্রলোভনপূর্ণ স্বর্ণজাল বুনিতেছে। আপাততঃ মধুর ভোগলালসা আমাকে বিভ্রান্ত করিয়া তুলিতেছে। আমার নিজের এমন শক্তি নাই যে, তাহাদের এই প্রচণ্ড আক্রমণ নিবারণ করিয়া আত্মরক্ষা করিতে সমর্থ হই। দুর্ব্বল আমি; তাই আপনার শরণ গ্রহণ করিতেছি। আমাকে তোমার মঙ্গলময় পথে লইয়া যাও। মোহমায়ার আক্রমণে যেন আমার চিত্তবিক্ষোভ উপস্থিত না হয়। আমি যেন অনন্যমনা হইয়া তোমার চরণধ্যানে জীবন অতিবাহিত করিতে পারি। প্রভো! ভেঙ্গে দাও মোর মায়ার শৃঙ্খল, কেটে দাও মম মোহের বন্ধন

সেই পরমমঙ্গলময় পথে আমাকে লইয়া যাও, যেখানে মায়ামোহের আক্রমণ নাই, সেই পরাজ্ঞান আমাকে প্রদান কর, যে জ্ঞানের আলোকে আমি তমসের পরপারে যাইতে পারি। (২অ - ১খ ৩সূ ২সা)। *

— :০: —

তৃতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১র ২র
ইচ্ছন্তি দেবাঃ সুন্বন্তং ন স্বপ্নায় স্পৃহয়ন্তি।
১ ২ ৩ ২ ৩ ১ ২
যন্তি প্রমাদং অতন্দ্রাঃ॥ ৩॥

• . •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দেবাঃ' (দেবভাবাঃ) 'সুন্বন্তং' (পবিত্রহৃদয়ং, সত্ত্বভাবসমন্বিতং সাধকং ইত্যর্থঃ) 'ইচ্ছন্তি' (প্রাপ্তুং ইচ্ছন্তি, প্রাপ্নুবন্তি); 'অতন্দ্রাঃ' (অনলসাঃ, প্রবুদ্ধাঃ প্রজ্ঞানসম্পন্নাঃ সাধকাঃ) 'স্বপ্নায়' (মায়াবন্ধনায়, মায়াবন্ধনং ইত্যর্থঃ) 'ন স্পৃহয়ন্তি' (ন ইচ্ছন্তি, ন প্রাপ্নুবন্তি); তে 'প্রমাদং' (ভ্রমং, মোহং) ন 'যন্তি' (ন প্রাপ্নুবন্তি)। সত্ত্বভাবান্বিতাঃ সাধকাঃ দেবভাবং লব্ধ্বা তৎপ্রভাবেন মায়ামোহবন্ধনং ছিন্দন্তি—ইতি ভাবঃ। (২অ - ১খ ৩সূ—৩সা)।

অথবা,

'দেবাঃ' (দেবগণাঃ) 'সুন্বন্তং' (সত্ত্বভাবসমন্বিতং সাধকং) 'ইচ্ছন্তি' (রক্ষিতুং ইচ্ছন্তি, রক্ষন্তি ইত্যর্থঃ); তে 'স্বপ্নায়' (মায়াবন্ধনায়, মায়াবন্ধনং - সাধকস্য ইতি যাবৎ) 'ন স্পৃহয়ন্তি' (ন কাময়ন্তি); অপিচ, 'অতন্দ্রাঃ' (প্রবুদ্ধাঃ, প্রজ্ঞানসম্পন্নাঃ সাধকাঃ) 'প্রমাদং' (প্রকৃষ্টং মদং, পরমানন্দং) 'যন্তি' (প্রাপ্নুবন্তি)। ভগবৎকৃপয়া সাধকাঃ মায়ামোহং অতিক্রম্য পরমানন্দং লভন্তে - ইতি ভাবঃ। (২অ—১খ - ৩সূ - ৩সা)।

• . •

বঙ্গানুবাদ।

দেবভাবসমূহ সত্ত্বভাবসমন্বিত সাধককে প্রাপ্ত হয়েন। প্রবুদ্ধ প্রজ্ঞানসম্পন্ন সাধকগণ মায়াবন্ধন প্রাপ্ত হয়েন না; তাঁহারা মোহ প্রাপ্ত হয়েন না। (ভাব এই যে,—সত্ত্বভাব-সমন্বিত সাধকগণ দেবভাব লাভ করিয়া তদ্দ্বারা মায়ামোহবন্ধন ছেদন করেন।) (২অ—১খ—৩সূ—৩সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বিতীয় সূক্তের সপ্তদশ ঋক্ (পঞ্চম অষ্টক, সপ্তম অধ্যায়, বিংশ বর্গের অন্তর্গত)।

অথবা,

দেবগণ সত্ত্বভাব-সমান্বিত সাধককে রক্ষা করিতে ইচ্ছা করেন অর্থাৎ রক্ষা করেন; তাঁহারা সাধকের মায়াবন্ধন কামনা করেন না; জ্ঞানসম্পন্ন সাধকগণ পরমানন্দ প্রাপ্ত হয়েন। (ভাব এই যে,—ভগবৎকৃপায় সাধকগণ মায়ামোহ অতিক্রম করিয়া পরমানন্দ লাভ করেন।)। (২অ—১খ—৩সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'সুন্বন্তং' সোমাভিষবং কুর্ব্বন্তং যজমানং 'দেবাঃ' ইন্দ্রাদয়ঃ সর্ব্বে 'ইচ্ছন্তি' রক্ষিতুং, 'স্বপ্নায় ন স্পৃহয়ন্তি' স্বপ্নাবস্থাযুক্তং সুন্বতো নেচ্ছন্তি সর্ব্বদা প্রবুদ্ধত্বেন কুর্ব্বন্তীত্যর্থঃ স্পৃহেরীপ্সিতঃ (১।৪।৩৬) ইত্যত্র কর্ম্মণি চতুর্থী; স্পৃহ ঈপ্সায়াং চুরাদিরদন্তঃ। যত এবমতঃ কারণাৎ 'অতন্দ্রাঃ' অনলসাঃ দেবাঃ 'প্রমাদং' প্রকর্ষেণ মদকরং তদীয়ং সোমং 'যন্তি' শীঘ্রং প্রাপ্নুবন্তি। (২অ-১খ ৩সূ—৩সা)॥

* * *

তৃতীয় (৭২১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। এই মন্ত্রের আমরা দুইটী ব্যাখ্যা দিয়াছি। মূলতঃ উভয় ব্যাখ্যারই ভাব এক। সত্ত্বভাবযুক্ত সাধকগণ ভগবানের কৃপায় মায়ামোহকে অতিক্রম করিয়া আপনার অভীষ্ট লাভ করিতে সমর্থ হয়েন।

মানুষের পতনের কারণ মায়াবন্ধন। আপাতঃমধুর ইন্দ্রিয়গ্রাহ্য সুখভোগাদির বাস্তব সত্তা নাই—উহা মায়া-মরীচিকা মাত্র। মরুভূমিতে পথিকের কণ্ঠ তৃষ্ণায় বিদীর্ণ হইতেছে, এক বিন্দু জল পাইলে প্রাণ রক্ষা হয়। বিশুদ্ধ অবিশুদ্ধ এমন কি বিষাক্ত এক ফোঁটা জল পাইলেও মানুষ আপনাকে ভাগ্যবান মনে করে। চারিদিকে নিরাশার তপ্তবালুকারাশি অসীম দুঃখ-সাগরের ন্যায় মানুষকে গ্রাস করিতে আসিতেছে। এমন সময় ঐ দূরে দেখা দিল—বিশুদ্ধজলপূর্ণ সুরম্য সরোবর! পথিক আকণ্ঠ পিপাসা লইয়া সেই দিকে প্রধাবিত হইল। কিন্তু হায়! সে লাভ করিল তীব্রতর নৈরাশ্য এবং মৃত্যুজনক দুঃখ। কারণ, সে তো সত্য নয়, সে যে স্বপ্ন মায়া মরীচিকা! সংসারী মানুষও তেমনি ভোগসুখের উন্মত্ত আকাঙ্ক্ষা লইয়া সংসারে সুখের সন্ধানে ছুটে। পার্থিব সুখও মরীচিকার ন্যায় তাহাকে বিভ্রান্ত করিয়া, তাহার ভোগপিপাসা বর্দ্ধিত করিয়া, তাহাকে মৃত্যুর পথে টানিয়া লয়। ভোগসুখ মোহিনী মূর্ত্তি লইয়া তাহার সম্মুখে আসিয়া দাঁড়ায়। মানুষ তাহাকে ধরিতে যায়, তাহার পশ্চাতে ছুটিতে থাকে—কিন্তু জীবনের শেষ মুহূর্ত্ত পর্য্যন্তও তাহাকে ধরিতে পারে না। কারণ, সে তো বাস্তব নয়—সে যে স্বপ্ন, মায়ার খেলা মাত্র!

এই মায়ার প্রলোভনে পড়িয়া মানুষ আপনাকে বিপথে পরিচালিত করে, আত্মহারা হয়। এই রাক্ষসীর ফাঁদে একবার পড়িলে আর রক্ষা নাই—সে শেষ রক্তবিন্দু পর্য্যন্ত শোষণ করিবে। যাঁহারা ভগবানের কৃপায় হৃদয়ে সত্ত্বভাব লাভ করিতে পারেন, তাঁহারা সত্যের সন্ধান পাইয়া মিথ্যার চাতুরীতে মুগ্ধ হয়েন না। ভগবান তাঁহাদিগকে মায়ামোহের আক্রমণ হইতে সর্ব্বদা রক্ষা করেন। তাঁহারাও পরিণামে পরাশান্তি-লাভে সমর্থ হয়েন। মন্ত্রের মধ্যে এই সত্যই বিবৃত হইয়াছে॥ (২অ—১খ—৩সূ—৩সা)। *

—০—

তৃতীয় সূক্তস্য গেয়-গানং।

৫ ২ ৪র ৫ ১র — ১ র র র
বয়মু ৩ ত্বাতদিদর্থাঃ। ঔহিহা ২ ই। বয়মুত্বাতদিদর্থাইন্দ্রত্বায়ন্তঃ

২১ ২৮ ৩ ৫ ১ ২ ১
সখা ২ ৩ য়াঃ। কা ২ ৩ ৪ ণ্বাঃ। উ। কৃথাই। ভির্জ্জো

৫ ২ ১ ১ ১ ১ ৫ র২ ৪র
২ ৩ ৪ বা। রন্তা ৩ স্না ২ ৩ ৪ ৫॥ (১) নঘেমা ৩ ন্যদাপ-

৫ ১র — ১র র র২১
পনা। ঔহিহা ২ ই। নঘেমন্যদাপপন্বজ্রিন্নপসোনবা ২ ৩

২ ৩ ৫ ১ র ২র ১ ৫
ইষ্টাউ। তা ২ ৩ ৪ বেৎ। উ। স্তো। মৈশ্চো ২ ৩ ৪ বা।

২র ১ ১ ১ ১ ৫ ২ ৪রর ৫
কেতা ৩ য়া ২ ৩ ৪ ৫॥ (২) ইচ্ছন্তা ৩ ইদেবাঃসুন্বন্তাম্।

১র — ১ রর র ২১ ২
ঔহিহা ২ ই। ইচ্ছন্তিদেবাঃসুন্বন্তন্নস্বপ্নায়স্পৃহয়া ২ ৩ ন্তী।

৩ ৫ ১ র ২১ ৫ ২
যা ২ ৩ ৪ ন্তী। প্র। মা। দমো ২ ৩ ৪ বা। তন্দ্রা ৩

১ ১ ১ ১
য়া ২ ৩ ৪ ৫ (৩)॥ ১।২।৩।॥ †

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বিতীয় সূক্তের অষ্টাদশী ঋক্ (পঞ্চম অষ্টক, সপ্তম অধ্যায়, বিংশ বর্গের অন্তর্গত)।

† এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম—"কাণ্বম্"।

প্রথমং সাম।

১ ২ ৩ ১২ ৩ ১র ২র ৩ ১ র
ইন্দ্রায় মদ্বনে সুতং পরি ষ্টোভন্তু নো গিরঃ।
৩ ১ ৩ ১ ২
অর্কম্ অর্চ্চন্তু কারবঃ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মদ্বনে' (আনন্দস্বরূপায়) 'ইন্দ্রায়' (ভগবতে ইন্দ্রদেবায়—তদুদ্দেশ্যে ইতি যাবৎ) 'নঃ' (অস্মাকং) 'সুতং' (শুদ্ধসত্ত্বং, সৎকর্ম্ম বা) 'গিরঃ' (স্তুতয়ঃ চ) 'পরিষ্টোভন্তু' (সর্ব্বথা প্রযুক্তা ভবন্তু); তথা 'কারবঃ' (কর্ম্মপরায়ণাঃ অস্মাকং চিত্তবৃত্তয়ঃ ইতি ভাবঃ) 'অর্কং' (সর্ব্বৈরর্চ্চনীয়ং জ্যোতিঃ, তং ভগবন্তং ইতি ভাবঃ) 'অর্চ্চন্তু' (পূজয়ন্তু আরাধয়ন্তু)। অয়ং ভাবঃ—অস্মাকং সর্ব্বাণি কর্ম্মাণি স্তোত্রাণি চ পরমানন্দময়ে ভগবতি সমর্পিতানি সন্তু; বয়ং সর্ব্বথা তস্য অর্চ্চনায়াং নিযুক্তাঃ ভবাম। (২অ—১খ · ৪সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

আনন্দস্বরূপ ভগবান্ ইন্দ্রদেবের উদ্দেশে আমাদিগের শুদ্ধসত্ত্ব বা সৎকর্ম্ম এবং স্তোত্রবাক্যসমূহ সর্ব্বথা প্রযুক্ত হউক; এবং কর্ম্মপরায়ণ আমাদিগের চিত্তবৃত্তিসমূহ সকলের অর্চ্চনীয় জ্যোতিঃকে অর্থাৎ সেই ভগবানকে আরাধনা করুক। (ভাব এই যে,—আমাদিগের সকল কর্ম্ম ও স্তোত্র পরমানন্দময় ভগবানে সমর্পিত হউক; আমরা সর্ব্বথা তাঁহার অর্চ্চনায় নিযুক্ত থাকি।)॥ (২অ—১খ—৪সূ—১সা)।

* * *

সায়ণ ভাষ্যং।

'মদ্বনে' মাদ্যতেঃ (দি॰ প॰) ক্বনিপ্. মদনশীলায় 'ইন্দ্রায়' তদর্থং 'সুতং' অভিষুতং সোমং 'নঃ' অস্মদীয়াঃ 'গিরঃ' স্তুতিলক্ষণাঃ বাচঃ পরিষ্টোভন্তু স্তোভতিঃ স্তুতিকর্ম্মা (নিঘ॰ ৩.১৪ ৪) সোমং স্তুবন্তু। ততঃ 'কারবঃ' স্তুতিকারিণঃ স্তোতারশ্চ 'অর্কং' সর্ব্বৈরর্চ্চনীয়ং সোমং 'অর্চ্চন্তু' পূজয়ন্তু॥ (২অ—১খ—৪সূ ১সা)॥

* * *

প্রথম (৭২২) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের প্রচলিত অর্থে কাহার উদ্দেশে কি ভাবে মন্ত্রটী যে প্রযুক্ত হইয়াছে, তাহা বুঝা যায় না। ভাষ্যানুসারে মন্ত্রের সাধারণ-প্রচলিত অর্থ এই যে,—'মদনশীল' অর্থাৎ মদ্যপানরত ইন্দ্রের জন্য অভিষুত সোমকে আমাদিগের স্তুতিলক্ষণ বাক্য বা স্তোত্রসমূহ সর্ব্বতোভাবে স্তুতি করুক। অতঃপর স্তুতিকারী ও স্তোতৃগণ সকলের অর্চ্চনীয় সোমকে পূজা করুক।' মদ্যপ ইন্দ্রের জন্য সোমের পূজা হউক,—এতদর্থে কি সুষ্ঠু ভাব পাওয়া যায়, পাঠকগণ বুঝিয়া দেখুন। এই মন্ত্রের তিন ভাষায় (বাঙ্গালা, ইংরাজী ও হিন্দি) তিনটী অনুবাদ নিম্নে উদ্ধৃত করিতেছি। অনুবাদ তিনটী এই—

(১) "মত্ততাযুক্ত ইন্দ্রের উদ্দেশে আমাদের স্তুতিবাক্যসকল অভিষুত সোমকে স্তব করুক; স্তুতিকারিগণ অর্চ্চনীয় সোমকে পূজা করুন।"

(২) "For Indra, lover of carouse, loud be our songs,
about the Juice.
Let poets sing the song of praise."

(৩) "প্রসন্নস্বভাব ইন্দ্রকে অর্থ নিচোড়ে হুএ সোমকো হমারী স্তুতিয়েঁ সোমকী সর্ব্বথা প্রশংসা করৈঁ, তদনন্তর স্তুতি করনেবালে সবকৈ পূজনীয় সোমকো পূজৈঁ।"

উদ্ধৃত তিনটী অনুবাদে প্রায় একই ভাব প্রকাশ পাইয়াছে। তবে শেষোক্ত অনুবাদটীতে 'মদনে' পদের বিপরীত অর্থ দেখিতে পাই। সে অর্থ কতকটা আমাদিগের অর্থের অনুকূল। যিনি মদ বা আনন্দস্বরূপ, তিনিই মদন। ভগবান—আনন্দস্বরূপ; তাই তিনি মদন। 'সুতঃ' পদে আমরা পূর্ব্বাপর শুদ্ধসত্ত্ব বা সৎকর্ম্ম অর্থ গ্রহণ করিয়াছি। এখানে ব্যাখ্যাদিতে ঐ পদকে দ্বিতীয়ার একবচনরূপে (কর্ম্মরূপে) গ্রহণ করা হইয়াছে। কিন্তু আমরা ঐ পদটীকে কর্ত্তৃপদরূপে (ক্লীবলিঙ্গ প্রথমার একবচনের পদ-রূপে) গ্রহণ করি। আমাদিগের মতে—ঐ পদ এবং 'গিরঃ' পদ একই পর্য্যায়ভুক্ত। সুতরাং অর্থ উপলক্ষে উহাদের সংযোগাত্মক একটী 'চ' পদ আমরা অধ্যাহার করিয়াছি। তদনুসারে ঐ দুই পদ 'পরিষ্টোভন্তু' ক্রিয়াপদের কর্ত্তৃপদ মধ্যে পরিগণিত। সে পক্ষে মন্ত্রাংশের, "মদনে ইন্দ্রায় নঃ সুতঃ গিরঃ পরিষ্টোভন্তু" পদ-কয়েকটীর ভাব দাঁড়াইয়াছে,—'আনন্দস্বরূপ ভগবান সেই ইন্দ্রদেবের উদ্দেশে আমাদিগের সকল কর্ম্ম ও স্তোত্রসমূহ প্রযুক্ত হউক। তাহারা 'পরিষ্টোভন্তু' অর্থাৎ তাঁহার উদ্দেশে স্তুতি করুক, এবম্প্রকার অর্থ হইতেই ঐ ভাব পওয়া যায়।

মন্ত্রের দ্বিতীয় অংশ, "কারবঃ অর্কং অর্চ্চন্তু" পদ-কয়েকটী, পূর্ব্বোক্ত ভাবেরই পরিপোষক অথবা বিশ্লেষক। 'কারবঃ' পদে কর্ম্মপরায়ণ জনগণ বুঝায়। এখানে আমাদিগের চিত্তবৃত্তিসমূহ ঐ পদের লক্ষ্যস্থানীয়। 'অর্কং' পদে জ্যোতিঃকে—জ্যোতিঃস্বরূপ দীপ্তিমান দেবতাকে বা সেই ভগবানকে বুঝাইতেছে। এ পক্ষে প্রার্থনার ভাব এই যে,—'আমাদিগের চিত্তবৃত্তিসমূহ সর্ব্বদা সেই ভগবানের পূজায় ব্রতী হউক।'

এইরূপে বুঝিতে পারি, এই মন্ত্রের প্রার্থনার সার মর্ম্ম এই যে,—'আমাদিগের কর্ম্ম ও স্তোত্র ভগবদুদ্দেশে বিনিযুক্ত হউক; এবং আমরা সর্ব্বদা যেন ভগবানের পূজাপরায়ণ হই।' (২অ—১খ—৪সূ—১সা)। *

— * —

দ্বিতীয়ং সাম।

২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
যস্মিন্ বিশ্বা অধি শ্রিয়ো রণন্তি সপ্তসংসদঃ ॥
১ ২ ৩ ২ ২
ইন্দ্রং সুতে হবামহে ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যস্মিন্' (যস্মিন্ দেবে) 'বিশ্বাঃ' (সর্ব্বাঃ) 'শ্রিয়ঃ' (কান্তয়ঃ, দীপ্তয়ঃ) 'অধি' (অতিশয়েন) বর্ত্তন্তে—পূর্ণরূপেণ বর্ত্তমানাঃ ভবন্তি ইত্যর্থঃ, যং 'সপ্তসংসদঃ' (সপ্তসংখ্যাকাঃ সৎকর্ম্মসাধকাঃ, সর্ব্বে সর্ব্বে সাধকাঃ) 'রণন্তি' (স্তুবন্তি, আরাধয়ন্তি) তং 'ইন্দ্রং' (বলাধিপতি দেবং) 'সুতে' (বিশুদ্ধায়, শুদ্ধসত্ত্বলাভায় ইত্যর্থঃ) বয়ং 'হবামহে' (আরাধয়াম); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং সর্ব্বলোকপূজিতং জ্যোতির্ম্ময়ং ভগবন্তং আরাধয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—১খ—৪সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

যে দেবতায় সকল দীপ্তি পূর্ণরূপে বর্ত্তমান আছে, যাঁহাকে সকল সৎকর্ম্মসাধকগণ স্তব করেন, সেই বলাধিপতি দেবতাকে শুদ্ধসত্ত্বলাভের জন্য আমরা যেন আরাধনা করি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন সর্ব্বলোকপূজিত জ্যোতির্ম্ময় ভগবানকে আরাধনা করি।) (২অ—১খ—৪সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'যস্মিন্' ইন্দ্রে 'বিশ্বাঃ' সর্ব্বা 'শ্রিয়ঃ' কান্তয়ঃ 'অধি' অধিকং ভবন্তি, অতিশয়েন তেজস্বীত্যর্থঃ। কিঞ্চ 'সপ্ত' সপ্তসংখ্যকাঃ 'সংসদঃ' সম্যগ্ যজ্ঞেষু কর্ম্মকরণার্থং সীদন্তীতি

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ—৬খ—৫দ—৪সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের একশীতিতম সূক্তের দ্বিনবতিতম সূক্তের, উনবিংশী ঋক্, সূত্রান্তরে প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, উনবিংশবর্গের অন্তর্গত)।

সংসদো হোত্রকাঃ ঋত্বিজ 'রণন্তি' সোমপ্রদানার্থং রমন্তে; যথা বা শব্দয়ন্তি স্তুবন্তি তং পূর্ব্বোক্তলক্ষণং 'ইন্দ্রং' সুতে' সোমস্তুতিযুক্তে সতি 'হবামহে' বয়ং সোমপানায়াহ্বয়ামঃ ॥ ২ ॥

* * *

দ্বিতীয় (৭২৩) সামের মর্ম্মার্থ।

§ : • : §

এই মন্ত্রটী আত্মোদ্বোধক। এই আত্মোদ্বোধনের মধ্যে প্রার্থনাও পরিদৃষ্ট হয়। সেই প্রার্থনা—ভগবদনুসরণের শক্তি লাভের জন্য।

মন্ত্রের মধ্যে ভগবানের মহিমাও পরিব্যক্ত হইয়াছে। তিনি জ্যোতির আধার; তাঁহার জ্যোতিঃতেই বিশ্ব জ্যোতিষ্মান হয়। সর্ব্বজ্যোতির পরিসমাপ্ত হয়—তাঁহাতে। বিশ্ব তাঁহাকেই বন্দনা করে, কারণ তিনিই একমাত্র বন্দনীয়। তাঁহারই চরণে মানব আশ্রয় গ্রহণ করে—কারণ তিনিই মানবের—বিশ্বের একমাত্র আশ্রয়। এমন মঙ্গলবিধায়ক যে, পরম পুরুষ তাঁহার চরণে আত্মনিবেদন করিবার জন্য সাধকগণ স্বভাবতঃই আগ্রহান্বিত হয়েন। তাঁহারা মঙ্গলের পথ বাছিয়া লইতে পারেন, তাই সেই পরম মঙ্গলদায়ক পথেই বিচরণ করেন।

"মহাজনঃ যেন গতঃ সঃ পন্থা"—এই নীতি অবলম্বন করিয়া আমরাও যেন সাধকদিগের অবলম্বিত পথের অনুসরণ করিতে পারি। ভগবৎকৃপায় যেন আমরা বিশুদ্ধ সত্ত্বভাব লাভ করিতে পারি।"

'সপ্তসংসদঃ' পদের ব্যাখ্যায় আমাদিগের সহিত প্রচলিত ব্যাখ্যাদির অনৈক্য ঘটিয়াছে। 'সপ্ত' শব্দ এখানে বহুবচনার্থে ব্যবহৃত হইয়াছে। 'সপ্তসংসদঃ' পদে তাই আমরা "সৎকর্ম্মসাধকাঃ" অর্থ গ্রহণ করিয়াছি। (২অ—১৭—৪সূ—২সা) ॥ *

—— ∘ ——

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ত্রিকদ্রুকেষু চেতনং দেবাসো যজ্ঞম্ অত্নত ॥

১ ২র ৩ ১ ২
তম্ ইৎ বর্দ্ধন্তু নো গিরঃ ॥ ৩ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বিনবতিতম (অথবা বালখিল্য সূক্ত বাদে একাশীতিতম) সূক্তের বিংশী ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, অষ্টাদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

'ত্রিকদ্রুকেষু' (ত্রিবিধযাগেষু, কর্ম্মভক্তিজ্ঞানসাধনে, কর্ম্মভক্তিজ্ঞানানাং সামন্বয়সাধনে ইত্যর্থঃ) 'দেবাসঃ' (দেবভাবসমন্বিতাঃ ভক্তিপরায়ণাঃ জনাঃ) 'যজ্ঞং' সৎকর্ম্ম, (সৎকর্ম্মাত্মকং ইত্যর্থঃ) 'চেতনং' (জ্ঞানং) 'অত্নত' (বিস্তারয়ন্তি, বর্দ্ধয়ন্তি) 'নঃ' (অস্মাকং) 'গিরঃ' (প্রার্থনাঃ) 'তং ইৎ' (তং জ্ঞানং এব) 'বর্দ্ধন্তু' (প্রবর্দ্ধয়ন্তু - অস্মাকং হৃদি ইতি শেষঃ) । প্রার্থনামূলকোঽয়ং ।; কর্ম্মভক্তিজ্ঞানসাধনে বয়ং সফলকামাঃ ভবেম ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—১খ—৪সূ—৩সা।।

* * *

কর্ম্মভক্তিজ্ঞানের সমন্বয়সাধনে দেবভাবসমন্বিত ভক্তিপরায়ণ ব্যক্তিগণ, সৎকর্ম্মাত্মক জ্ঞান বর্দ্ধন করেন; আমাদিগের প্রার্থনা যেন সেই জ্ঞানকেই আমাদিগের হৃদয়ে প্রবর্দ্ধিত করে। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—কর্ম্মভক্তিজ্ঞানসাধনে আমরা যেন সফলকাম হই।)॥ (২অ—১খ—৪সূ—৩সা।) ॥

সায়ণ-ভাষ্যং ।

'দেবাসঃ' দেবাঃ ইন্দ্রাদয়ঃ 'ত্রিকদ্রুকেষু' আভিপ্লবিকেষ্বহঃসু জ্যোতির্গৌরায়ুরিতি ত্রিকদ্রুকাঃ, তেষু 'চেতনং' চিতী সংজ্ঞানে (ভ্বা০ পা০) চেতন্তি জানন্তি অনেন স্বর্গাদিকমিতি চেতনো জ্ঞানসাধনো যজ্ঞঃ তং 'অত্নত অতম্বত স্বৈঃ স্বৈঃ কর্ম্মভিঃ পালনৈশ্চ বিস্তারিতবন্তঃ তনু বিস্তারে (তনা০, উ০ লঙি বহুলং ছন্দসি (২।৪।৭৩) ইতি বিকরণস্য লুক্, 'তনিপত্যোশ্ছন্দসি' (৬.৪।৯৯) ইতি উপধালোপঃ 'তমিৎ' তমেব যজ্ঞং 'নঃ' অস্মাকং 'গিরঃ' স্তুতিলক্ষণা বাচঃ 'বর্দ্ধন্তু' বর্দ্ধয়ন্তু ॥ ৩॥

দ্বিতীয়াধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ সমাপ্তঃ ।

তৃতীয় (৭২৪) সামের মর্ম্মার্থ ।

এই মন্ত্রটী দুইভাগে বিভক্ত। প্রথম অংশে নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে এবং অপরাংশে আছে—প্রার্থনা।

যাঁহারা ভক্তিপরায়ণ সাধক, যাঁহারা দেবভাব লাভ করিয়াছেন; তাঁহারা ভগবৎসাধনার সর্ব্ববিধ উপায়ই অবগত আছেন এবং তাঁহারা এই সকল উপায় অবলম্বনে সাধনমার্গে অগ্রসর হয়েন। কর্ম্মভক্তি ও জ্ঞান এই ত্রিবিধ সাধনার দ্বারা তাঁহারা আপনাদিগের মোক্ষপথ সরল ও সুগম করিয়া তুলেন। মন্ত্রের প্রথমাংশে এই সত্য বিবৃত হইয়াছে।

মন্ত্রের অপরাংশে সেই পরমমঙ্গলদায়ক সৎকর্ম্মাত্মক অথবা ভক্তিযুক্ত জ্ঞান লাভ করিবার জন্য প্রার্থনা আছে। সেই জ্ঞানলাভ করিলে মানুষের আর কোন বাসনা অপূর্ণ থাকে না। তাই প্রার্থনা "হে ভগবন্! আমরা যেন কর্ম্মভক্তিজ্ঞান প্রভৃতি সর্ব্ববিধ উপায়ে আপনার

আরাধনায় রত হইতে পারি। আমাদিগকে সেই শক্তি আপনি প্রদান করুন।* মন্ত্রান্তর্গত 'ত্রিকক্রকেষু' পদের ব্যাখ্যার জন্য আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম—৩২সূ ৩ঋ) দ্রষ্টব্য। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (২অ—১খ—৪সূ—৩সা)।৩

চতুর্থসূক্তস্য গেয়-গানং।

১ র ২ ১২র ১ ২ র ১ ২ ১ ২ ২ ১ ২র
ইন্দ্রায়মদ্বনেসুতম্। ইন্দ্রায়ম্মোবা। দ্বা ৩ নায়িসূ ৩ তাম্। পরিষ্টো।

১ ২ ২ ১ ^ ৩ ৫ ১ ২
ভা ২ ৩। হা ৩ হা ৩। ভূনো ২ গা ২ ৩ ৪ ইরাঃ। আমর্চ্চকা ৩।

২ ২ ১র ২ ১ ২ ১ র ২ ১
হা ৩ হা। ভুকারা ২ ৩ বা ৩ ৪ ৩ঃ॥ (১) যস্মিন্বিশ্বা অধিশ্রিয়ঃ।

২ ১ ২ ১ ২ ২ ১ ২ ৩
যস্মিন্বিশ্বোবা। আ ৩ ধায়িশ্রো ৩ য়াঃ। রণন্তি। সা ২ ৩।

২ ২ ১ ^ ৩ ৫ ১ ২
হা ৩ হা ৩। প্ত'সা ২ ৺্সা ২ ৩ ৪ দাঃ। আইন্দ্র৺্সুতে ৩।

১ ২ ১র ২ ১ ২ র ১র২^
হা ৩ হায়ি। হবামা ২ ৩ হা ৩ ৪ ৩ য়ি॥ (২) ত্রিকক্রকেষুচেতনম্।

৩ ১ ২ ১ ২ ২ ১র র ২ ১
ত্রিকক্রকোবা। যূ ৩ চায়িতা ৩ নাম্। দেবাসঃ। যা ২ ৩।

২ ২ ১ ^ ৩ ৫ ২ ২ ২
হা ৩ হা ৩। জ্ঞামা ২ ত্না ২ ৩ ৪ তা। তামিদ্বর্দ্ধা ৩। হা ৩ হা।

১র ২ ১
ভুনোগা ২ ৩ য়িরা ৩ ৪ ৩ঃ। ও ২ ৩ ৪ ৫ ই।

ডা (৩) ॥ ১।২।৩॥ †

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বিনবতিতম (অথবা বালখিল্য-সূক্ত ব্যতীত একাশীতিতম) সূক্তের একবিংশী ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, ঊনবিংশ বর্গের অন্তর্গত)।

† এই সূক্তান্তর্গত তিনটী সাম-মন্ত্রের একত্রগ্রথিত-একটী গেয়-গান আছে। উহার নাম - "শ্রৌতকক্ষম্।"

প্রথমং সাম।

৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অয়ং ত ইন্দ্র সোমো নিপূতো অধি বার্হিষি।
১ ২ ৩ ২উ ৩ ১ ২
এহীমস্য দ্রবা পিব ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'অয়ং' (এষঃ স্বতঃসঞ্জাত ইতি ভাবঃ) 'সোমঃ' (শুদ্ধসত্ত্বভাবঃ ইতি যাবৎ) 'তে' (ত্বদর্থং) 'বর্হিষি' (রিপুণা বিমর্দ্দিতে বিচ্ছিন্নীকৃতে বা হৃদি) 'অধিনিপূতঃ' (সর্ব্বথা নিরন্তরং পবিত্রীকৃতঃ—কর্ম্মণা স্তোত্রেণ চ) অস্তু ইতি শেষঃ; 'ইং' (ইদানীং) 'অস্য' (ইমং সত্ত্বভাবং প্রতি) 'এহি' (আগচ্ছ); তথা 'দ্রবা' (দ্রবেণ, করুণয়া ইতি ভাবঃ) 'পিব' (পানং কুরু, গৃহাণ)। অয়ং ভাবঃ—অস্মাকং হৃদি সত্ত্বসঞ্চারো ভবতু, ত্বং আগত্য চ তৎ গৃহাণ। (২অ—২খ—১সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! এই স্বতঃসঞ্জাত শুদ্ধসত্ত্বভাব আপনার জন্য রিপুগণ কর্ত্তৃক বিমর্দ্দিত বা বিচ্ছিন্নীকৃত হৃদয়ে নিরন্তর কর্ম্মের বা স্তোত্রের দ্বারা সর্ব্বপ্রকারে পবিত্রীকৃত হউক; এখন এই সত্ত্বভাবের প্রতি আপনি আগমন করুন; এবং করুণা করিয়া তাহা গ্রহণ করুন। (ভাব এই যে,—আমাদিগের হৃদয়ে সত্ত্বভাবের সঞ্চার হউক, আর আপনি আসিয়া তাহা গ্রহণ করুন।)। (২অ—২খ—১সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্র'! 'তে' তুভ্যং ত্বদর্থং 'অয়ং সোমঃ' 'বর্হিষি অধি' বেদ্যামাস্তীর্ণে দর্ভে 'নিপূতঃ' নিতরাং দশাপবিত্রেণ শোধিতঃ অভিষবাদিসংস্কারৈঃ সংস্কৃত ইত্যর্থঃ। 'ঈং' ইদানীং 'অস্য' ইমং সোমং প্রতি 'এহি' আগচ্ছ। আগত্য চ যত্র রসাত্মকঃ সোমো হূয়তে তং দেশং 'পরিদ্রব' শীঘ্রং গচ্ছ, তদনন্তরং সোমং পিব॥ ১॥

* * *

প্রথম (৭২৫) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের ভাষ্যাদি-গৃহীত অর্থ এই যে,—'হে ইন্দ্রদেব! বেদীর উপর বিস্তৃত কুশের উপর দশাপবিত্রের দ্বারা শোধিত অভিনব-সংস্কারে সংস্কৃত; এখন তুমি এই সোমরসের প্রতি এস; আসিয়া, যেখানে যেখানে রসাত্মক সোম আহুতি প্রদত্ত হইতেছে, সেখানে যাও; এবং উহা পান কর।' কুশের উপর ছিটে ফোঁটা সোমরস ছড়াইয়া দেবতাকে যেন প্রলুব্ধ করা হইতেছে,—এই ভাবই প্রধানতঃ প্রচলিত অর্থাদিতে প্রকাশ পাইতেছে। যাহা হউক, সে সকল অর্থের আলোচনা বাহুল্য মাত্র। এখন আমরা যে দৃষ্টিতে যে অর্থ নিষ্কাশন করিতেছি, তাহারই আভাস দেওয়া যাইতেছে।

'সোম' শব্দে পূর্ব্বাপর আমরা যে অর্থ গ্রহণ করিয়াছি, এখানেও তাহা গ্রহণীয়। 'বর্হিষি' পদে যে হৃদয়কে বুঝায়, আমরা তাহা পূর্ব্বে বহুস্থানে প্রতিপন্ন করিয়াছি। রিপুগণের উপদ্রবে হৃদয় ছিন্ন ভিন্ন হইয়া যায়, ইহাই হৃদয়ের স্বাভাবিক অবস্থা। আমরা মনে করি, সেই পক্ষেই ছিন্ন-কুশের সহিত উহার সাদৃশ্য পরিকল্পনা। কুশ যেমন ঘৃতাদিতে অভিষিক্ত হইয়া আহুতিরূপে প্রদত্ত হয়, হৃদয় সেইরূপ শুদ্ধসত্ত্বে অভিষিক্ত হইলে দেবপূজার উপযুক্ততা লাভ করে। তার পর, 'এহি' ও 'দ্রবা' পদদ্বয়ে যে ভাব পরিগৃহীত হয়, তাহা সর্ব্বথা সমীচীন বলিয়া মনে করি নাই। একবার বলা হইয়াছে, 'এস' (আগচ্ছ), পুনরায় বলা হইয়াছে,—'যাও'; ইহার মর্ম্ম অনুধাবন করা যায় না। আমরা 'দ্রবা' পদকে 'দ্রবেণ' পদের রূপান্তর বলিয়া মনে করি। এখানে এ মন্ত্রে ভগবান্ ইন্দ্রদেবকে আহ্বান করিয়া প্রার্থনা জানান হইয়াছে,—হে ভগবান্! আমার হৃদয়ে একটু সত্ত্বভাবের সঞ্চার করিয়া দাও। তার পর, তুমি এই হৃদয়ে এস, আসন গ্রহণ কর, আর সেই শুদ্ধসত্ত্বপানে প্রবৃত্ত হও।' সৎকর্ম্মের দ্বারা হৃদয়ে সত্ত্বভাবের পরিপোষণ দ্বারা, ভগবানের প্রীতি-সাধন-কামনাই এই মন্ত্রে প্রকাশ পাইয়াছে। ইহাই আমাদিগের সিদ্ধান্ত। (২অ—২খ—১সূ—১সা)।*

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩   ১ ২   ৩ ১র   ২র   ৩ ২
শাচিগো শাচিপূজনায়৺ রণায় তে সুতঃ।
১ ২ ৩ ১ ২
আখণ্ডল প্র হূয়সে ॥ ২ ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ—৫খ ৫দ–৫সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের, সপ্তদশ সূক্তের একাদশী ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, চতুস্ত্রিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'শাচিগো' (প্রসিদ্ধজ্যোতিঃসমন্বিত, পরমজ্যোতির্ম্ময়) 'শাচিপূজন' (পরমপূজনীয়, সর্ব্বলোকপূজ্য হে দেব) 'তে' (তব) 'অয়ং' (প্রসিদ্ধঃ) 'সুতঃ' (বিশুদ্ধঃ—সত্ত্বভাবঃ ইতি যাবৎ) 'রণায়' (রমণায় অস্মাকং পরমানন্দলাভায় ইত্যর্থঃ) ভবতু ইতি শেষঃ, ত্বং অস্মভ্যং সত্ত্বভাবং প্রযচ্ছ ইত্যর্থঃ; 'আখণ্ডল' (শত্রূণামাখণ্ডয়িতঃ, শত্রুবিমর্দ্দক হে দেব) 'প্র' (প্রকৃষ্টরূপেণ অস্মভ্যং সত্ত্বভাবদানায় ইতি যাবৎ) 'হূয়সে' (বয়ং ত্বাং আহ্বয়ামহে)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং পরমানন্দদায়কং সত্ত্বভাবং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—২খ—১সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরমজ্যোতির্ম্ময় সর্ব্বলোকপূজ্য হে দেব! আপনার প্রসিদ্ধ সত্ত্বভাব আমাদিগের পরমানন্দলাভের জন্য হউক অর্থাৎ আপনি আমাদিগকে সত্ত্বভাব প্রদান করুন; শত্রুবিমর্দ্দক হে দেব! প্রকৃষ্টরূপে আমাদিগকে সত্ত্বভাবদানের জন্য আমরা আপনাকে আহ্বান করিতেছি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরমানন্দদায়ক সত্ত্বভাব প্রদান করুন।)। (২অ—২খ—১সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'শাচিগো' শাচয়ঃ শক্তা গাবো যস্যাসৌ শাচিগুঃ; যদ্বা শচ ব্যক্তায়াং বাচি (ভ্বা০ আ০) অস্মাদৌণাদিক ইঞ্ প্রত্যয়ঃ শাচয়ঃ ব্যক্তাঃ প্রখ্যাতা গাবো রশ্ময়ো বা যস্য তাদৃশ! হে 'শাচিপূজন' পূজ্যতেঽনেনেতি পূজনং স্তোত্রাদি প্রখ্যাত পূজন! 'তে' তব 'রণায়' রমণায় সুখজননায় 'অয়ং' সোমঃ 'সুতঃ' অভিষুতঃ; অতঃ কারণাৎ, হে 'আখণ্ডল' শত্রূণামাখণ্ডয়িতঃ ইন্দ্রঃ! 'প্রহূয়সে' প্রকৃষ্টাভিঃ স্তুতিভিরাহূয়সে। ইত আগত্য ইমং সোমং পিবেত্যর্থঃ (২অ—২খ—১সূ ২সা)।

* * *

দ্বিতীয় (৭২৬) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুইভাগে বিভক্ত। উভয় অংশেই সত্ত্বভাব প্রাপ্তির জন্য ভগবানের নিকট প্রার্থনা পরিলক্ষিত হয়। সত্ত্বভাব ভগবানেরই শক্তি, তিনি কৃপা করিলেই মানুষকে এই মহাধনের অধিকারী করিতে পারেন। "জ্যোতিঃস্বরূপ বিশ্বপূজ্য ভগবান্ আমাদিগকে সত্ত্বভাব প্রদান করুন, আমরা যেন জীবনে পূর্ণত্বের আস্বাদ লাভ করিতে পারি।" মন্ত্রের মধ্যে এই প্রার্থনাই পরিদৃষ্ট হয়!

কিন্তু প্রচলিত ভাষ্যাদিতে সম্পূর্ণ অন্যভাব পরিলক্ষিত হয়। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "হে শক্তিযুক্ত গোবিশিষ্ট, প্রখ্যাত পূজাবিশিষ্ট (ইন্দ্র)! তোমার সুখের জন্য সোম অভিষুত হইয়াছে, হে আখণ্ডল! উৎকৃষ্ট স্তুতিদ্বারা তুমি আহূত হইয়াছ।" প্রচলিত ব্যাখ্যাদিতে 'শচিগো' পদের অর্থ করা হইয়াছে—যাহার যথেষ্ট পরিমাণ গরু আছে। 'গো' পদে জ্ঞান-কিরণকে লক্ষ্য করে তাহা আমরা বহুত্র আলোচনা করিয়াছি। এখানেও 'শাচিগুঃ' পদে জ্ঞান-কিরণমণ্ডিত, জ্যোতির্ম্ময়, জ্ঞানময় প্রভৃতি ভাব আনয়ন করে। ব্যাখ্যাতে এই ভাবই রক্ষা করিয়াছি।

'তে রণায়' পদের ব্যাখ্যাপ্রসঙ্গেও অন্যান্য ব্যাখ্যার সহিত আমাদিগের মতানৈক্য ঘটিয়াছে। ভাষ্যকার ঐ পদে অর্থ করিয়াছেন আপনার সুখজননের নিমিত্ত'। এই ব্যাখ্যাও গ্রহণ করা যায় বটে, কিন্তু ইহার অব্যবহিত পরেই সোমরসের অবতারণা করায় ব্যাখ্যা ভিন্নরূপ পরিগ্রহ করিয়াছে। যাহা হউক আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। এখানে পুনরুল্লেখের প্রয়োজন নাই। (২অ—১খ-১সূ-২সা)।

* * *

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যস্তে শৃঙ্গবৃষো ণপাৎ প্রণপাৎ কুণ্ডপায্যঃ।
২র ৩ ১র ২র
ন্যস্মিং দধ্র আ মনঃ ॥ ৮ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'তে' (ত্বৎসম্বন্ধিনঃ) 'শৃঙ্গবৃষ' (জ্যোতিঃবর্ধক, জ্ঞানদায়ক হে দেব) 'ণপাৎ' রক্ষকং—অধঃপতনাৎ ইতি যাবৎ) 'কুণ্ডপায্যঃ' (সত্ত্বভাবদায়কং) 'যঃ' (যং সৎকর্ম্ম বর্ত্ততে ইতি যাবৎ) 'অস্মিন্' (তস্মিন্ সৎকর্ম্মসাধনে) সাধকাঃ 'প্রণপাৎ' (প্রণয়া ভক্তিসহকারেণ ইত্যর্থঃ) 'আ নি' (সম্যক্রূপেণ) 'মনঃ' (অন্তঃকরণং) 'দধ্র' (ধারয়ন্তি, নিবেশয়ন্তি মনঃ সংযোগং কুর্ব্বন্তি ইত্যর্থঃ); নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ সত্ত্বভাবদায়কে ভগবৎপ্রাপকে সৎকর্ম্মণি আত্মনিবেশং কুর্ব্বন্তি—ইতি ভাবঃ॥ (২অ—২খ—১সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে দেব! আপনার সম্বন্ধীয় জ্ঞানদায়ক, অধঃপতন হইতে রক্ষাকারী, সত্ত্বভাবদায়ক যে সৎকর্ম্ম আছে, সেই সৎকর্ম্মসাধনে সাধকগণ ভক্তি-

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের সপ্তদশ সূক্তের দ্বাদশী ঋক্ (ষষ্ঠ অষ্টক প্রথম অধ্যায়, চতুর্ব্বিংশবর্গের অন্তর্গত)।

প্রকারে সম্যক্‌রূপে অন্তঃকরণ নিবেশ করেন, অর্থাৎ মনঃসংযোগ করেন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সাধকগণ সত্ত্বভাবদায়ক ভগবৎপ্রাপক সৎকর্ম্মে আত্মনিবেশ করেন।)। (২অ—২খ—১সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে শৃঙ্গবৃষোনপাৎ! শৃঙ্গবৃষনামা কশ্চিৎ ঋষিঃ তস্য চেন্দ্রঃ স্বয়মেব পুত্রতয়া যজ্ঞে—ইত্যাখ্যায়িকা। নপাদিত্যপত্যনাম হে শৃঙ্গবৃষ-পুত্র! শৃণাতি হিংসতীতি শৃঙ্গাণি রশ্ময়ঃ তৈর্বর্ষতীতি শৃঙ্গবৃড়াদিত্যঃ, তস্য ন পাতয়িতঃ স্বকীয়েঽবস্থানেঽবস্থাপয়িতঃ! সুবামন্ত্রিতে (২।১।২) ইতি ষষ্ঠ্যন্তস্য পরাঙ্গবদ্ভাবেনামন্ত্রিতানুপ্রবেশাৎ সমুদায়স্যাষ্টমিকং সর্ব্বানুদাত্তত্বং। ঈদৃশ! হে ইন্দ্র! তে তব সম্বন্ধী 'প্রণপাৎ' প্রকর্ষেণ ন পাতয়িতা রক্ষিতা, 'কুণ্ডপায্যঃ' কুণ্ডৈঃ পীয়তে অস্মিন্ সোম ইতি কুণ্ডপায্যঃ ক্রতুবিশেষঃ। 'ক্রতৌ কুণ্ডপায্য—সঞ্চায্যৌ' (৩।১।১৩০) ইতি পিবতেরধিকরণে যৎপ্রত্যয়ো যুগাগমশ্চ নিপাত্যতে এতৎসংজ্ঞো যঃ ক্রতুরস্তি; 'অস্মিন্' কুণ্ডপায্যে ক্রতৌ 'মনঃ' অস্য 'আ নি দধ্রে' অভিতো বর্দ্ধমানাঃ কুণ্ডপায়িনামান ঋষয়ঃ পুরা নিদধিরে সম্যক্ স্থাপিতবন্তঃ ক্রতুমনুষ্ঠিতবন্ত ইত্যর্থঃ। দধাতেশ্ছন্দসি ইরয়োরে (৬।৪।৭৬) ইতি রেভাবঃ॥ (২অ—১খ—১সূ ৩সা)॥

* * *

তৃতীয় (৭২৭) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটীর ব্যাখ্যা উপলক্ষে ব্যাখ্যাকারদিগের মধ্যে নানাবিধ অনৈক্য উপস্থিত হইয়াছে। সায়ণ-ভাষ্যে 'শৃঙ্গবৃষনপাৎ' পদের দুইটী ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে। তাহার একটীর অর্থ এই যে, ইন্দ্র একবার শৃঙ্গবৃষনামক ঋষির পুত্র হইয়াছিলেন, তাই ইন্দ্রের নাম 'শৃঙ্গবৃষনপাৎ' অর্থাৎ শৃঙ্গবৃষের পুত্র। এই সকল আখ্যায়িকার মূল কোথায়, তাহা আমরা জানি না অন্ততঃ ঋগ্বেদে (ঋগ্বেদ হইতে এই মন্ত্রটী গৃহীত) এই সকল উপাখ্যানের কোন উল্লেখ নাই। যাহা হউক, সায়ণাচার্য্য আরও একটী ব্যাখ্যা দিয়াছেন, তাহা ভাষ্যে দ্রষ্টব্য। বিবরণকারও একটী ব্যাখ্যা দিয়াছেন, তাহা এই—"শৃঙ্গবান্ বৃষঃ প্রধানভূতঃ গৌঃ, তাদৃশঃ ইন্দ্রঃ"। এই মন্ত্রে ইন্দ্রকে আনয়ন করিবার জন্য কোন প্রয়োজনীয়তা আমরা অনুভব করি নাই। আমাদিগের মত এই যে, 'শৃঙ্গ' শব্দে, রশ্মি, জ্ঞানকিরণ, জ্যোতিঃ প্রভৃতি অর্থ প্রকাশ করে। জ্ঞানবর্ষণ করে যে, অর্থাৎ 'জ্ঞানদায়ক' অর্থই সঙ্গত বলিয়া মনে করি। 'কুণ্ডপায্যঃ' পদের ব্যাখ্যায়ও মতদ্বৈধ উপস্থিত হইয়াছে। প্রচলিত ব্যাখ্যা ভাষ্যে দ্রষ্টব্য। যে কর্ম্মসাধনে বিশুদ্ধসত্ত্বভাব প্রাপ্তি হয়, যে সৎকর্ম্মের প্রভাবে হৃদয়ে প্রভূত পরিমাণে সত্ত্বভাবের সঞ্চার হয়, তাহাই কুণ্ডপায্যঃ যজ্ঞ। আমরা ব্যাখ্যাতে এই ভাবই গ্রহণ করিয়াছি। বিবরণ কারের অনুসরণে 'প্রণপাৎ' পদের ব্যাখ্যা গৃহীত হইয়াছে। তাই এই মন্ত্র একটী নিত্য-সত্য প্রকাশিত

করিতেছেন, তাহা এই যে, 'সাধকগণ, সত্ত্বভাবপ্রাপ্তির উপায়ভূত, জ্ঞানপ্রাপক সৎকর্ম্মে আত্মনিয়োগ করেন। ভগবৎপ্রাপ্তির উপায়ভূত সৎকর্ম্মকেই তাঁহারা জীবনের ব্রত বলিয়া গ্রহণ করেন।" (২অ ২খ—১সূ ৩সা)॥ ০

প্রথমসূক্তস্য গেয়-গানং।

৪ ৩র　৩　৫　১　র ৫র ৪ ৫　র ৫
১॥ আয়ান্তইন্দ্রসোহ ৪ মঃ। না২৩৪য়ি। পূতোআধিবর্হিষা।

১র র　২১　২　র ১　২　১র
নিপূতোঅধিবর্হী২৩হি৭　এহীতোয়িস্যা২৩স্যা।　দ্রবাপা

৩র ৪ র ৩র ৪ ৫র　৩২
২৩৪৫য়িবা৬৫৬॥　(১) শাচিগোশাচিপূ। জনা৩।

১　৫র র ৪ ৫　২১　র২১র　২
আ২৩৪। যঙ্রণায়ন্তেসুভাঃ। অস্মঙ্রণায়ন্তেসূ২৩ভাঃ।

র ১　২　১র
আগন্তা২৩লা। প্রহুয়া২৩৪৫সা৬৫৬য়ি॥　(২)

৩ ৪র ৫　৩২　১　৫র　র ৪ ৫
ঘাস্তশৃঙ্গবৃষঃ। নপা৩২। প্রা২৩৪। ণপাৎকুণ্ডপায়্যাঃ।

১ র ২১র　২　১　২　১র
প্রণপাৎকুণ্ডপায়্যা২৩য়্যাঃ। নিযস্মা২৩য়িন্দা। ধ্রুণামা২৩৪৫

২　৫
না৬৫৬ঃ। ঔ২৩৪বা (৩)॥

⁂

২১ ২　১র২　১　২　১র র　১
২॥ অয়ন্তইন্দ্রসোমঃ। ঔবাহায়ি। নিপূতোঅধিবর্হিষ্যবা২৩হোয়ি।

র র　১　২র ১　২Λ ৩
নিপূতোঅধিবর্হিষ্যবা২৩হোয়ি। আয়িহীমস্য। দ্রাবাপা২৩৪৫

১র ২র১র ২র　১　১　১
য়িবা৬৫৬॥　(১) শাচিগোশাচিপূজন। ঔবাহায়ি। অয়৺

এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের, সপ্তদশ সূক্তের ত্রয়োদশী ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, চতুর্ব্বিংশ বর্গের অন্তর্গত)।

র র ১ ২ ১ ২A ৩
রণায়্যংভেস্তুভউবা ২ ৩ হোয়ি ॥ (বার ২)। আখণ্ডলা। প্রাহূয়।

১র২ র র ১ ২
২ ৩ ৪ ৫ সা ৬ ৫ ৬ য়ি ॥ (২) যস্তেশৃঙ্গবৃষোণপাৎ। উবাহায়ি।

১ র র ১ ২ ১
প্রণপাৎকুণ্ডপায্যউবা ২ ৩ হোয়ি। (বার ২)। নায়স্মিন্দ্ধা।

২A ৩ ২ ১ ২ ১র ২ A
প্রাআমা ২ ৩ ৪ ৫ না ৬ ৫ ৬ঃ। স্বর্বৃক্তিভর্মাদনস্তুয় ২

৩২
হুবা ১ ই (৩) ॥ ১।।৩ ॥ *

* * *

প্রথমং সাম।

১ ২র ৩ ১ ২ ৩ ২ ৩ ১র ২র ২র
আ তূ ন ইন্দ্র ক্ষুমন্তং চিত্রঙ্ গ্রাভঙ্ সং গৃভায়।

৩ ২র ২র
মহাহস্তী দক্ষিণেন ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'নঃ' (অস্মান্ প্রতি) 'তু' (ক্ষিপ্রং, ইদানীং) 'আ' (আগচ্ছ) তথা 'ক্ষুমন্তং' (স্তুত্যং, আরাধনীয়ং, আকাঙ্ক্ষনীয়ং ইতি ভাবঃ, যথা—অস্মদুচ্চারিতং স্তুতিরূপং) 'চিত্রং' (বৈচিত্র্যসম্পন্নং, পরমার্থরূপং ইতি ভাবঃ, যথা—অলৌকিকশক্তিসম্পন্নং) 'গ্রাভং' (দানং, তব গ্রহণীয়ং অর্চনং, পূজাং ইতি ভাবঃ) 'সংগৃভায়' (সংগৃহাণ—অস্মদর্থং ইতি শেষঃ); তথা 'দক্ষিণেন' (অনুকম্পয়া—ভজনং বিতরণায় ইতি যাবৎ যথা অস্মাকং সম্বন্ধিনি ইতি ভাবঃ) 'মহাহস্তী' (মহাহস্তবিশিষ্টঃ, পরমদানশীলঃ ইত্যর্থঃ) ভব ইতি শেষঃ। প্রার্থনায়াঃ ভাবঃ—হে ভগবন্! অস্মান্ প্রতি কৃপাং কৃত্বা পরমধনগ্রহণপূর্ব্বকং অস্মভ্যং বিতরণায় অস্মিন্ মর্ত্ত্যলোকে আগচ্ছ। (২অ-২খ—২দ ১সা)।

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয় গান আছে। যথাক্রমে উহাদের নাম,—"রাজদৈবোদাসম্" এবং "ঐর্দ্ধনপ্লনম্।"

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! আমাদিগের প্রতি আগমন করুন; এবং আরাধনীয় অর্থাৎ আকাঙ্ক্ষণীয় বৈচিত্র্যসম্পন্ন পরমার্থ-রূপ ধনকে আমাদিগের জন্য পরমদানশীল হউন; অথবা,—আমাদিগের উচ্চারিত স্তুতিরূপ অলৌকিকশক্তিসম্পন্ন ধনকে (আপনার গ্রহণীয় অর্চ্চনাকে বা পূজাকে) আপনি সর্ব্বতোভাবে গ্রহণ করুন; এবং অনুকম্পা-পূর্ব্বক আমাদিগের সম্বন্ধে পরম দানশীল হউন। (প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আমাদিগের প্রতি কৃপা করিয়া পরমধন গ্রহণ পূর্ব্বক আমাদিগকে বিতরণার্থ এই মর্ত্ত্যলোকে আগমন করুন।)॥ (২অ—২খ—২সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্র' ত্বং 'মহাহস্তী' মহাহস্তবান্, তদানীমেব 'নঃ' অস্মদর্থং 'ক্ষুমন্তং' শব্দবন্তং স্তুত্যমিত্যর্থঃ। 'চিত্রং' চায়নীয়ং 'গ্রাভং' গ্রাহকং গ্রহণার্হং বা ধনং 'দক্ষিণেন' হস্তেন 'তূ' ক্ষিপ্রং 'আ সংগৃভায়' আভিমুখ্যেন সংগৃহাণ॥ (২অ—২খ—২সূ—১সা)॥

* * *

প্রথম (৭২৮) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের অন্তর্গত "মহাহস্তী দক্ষিণেন" পদদ্বয় উপলক্ষে মন্ত্রার্থ একটু জটিল হইয়া আছে। সম্প্রদায়ে মন্ত্রের অর্থ দাঁড়াইয়া গিয়াছে,—'হে ইন্দ্র! বিচিত্র ধন গ্রহণ করিয়া আমাদিগের প্রতি বিস্তার কর।'

আমরা মন্ত্রটীতে দুই প্রকার ভাব গ্রহণ করি। এক প্রকার অর্থে, পরমার্থরূপ ধন গ্রহণ-পূর্ব্বক ভগবানকে নিকটে আসিবার কামনা প্রকাশ পায়; অন্য প্রকার অর্থে, আমাদিগের স্তব বা প্রার্থনা গ্রহণ করিয়া তিনি আমাদিগের প্রতি কৃপাপরায়ণ হউন—এইরূপ আকাঙ্ক্ষা ব্যক্ত দেখি। আমাদিগের পরিগৃহীত ঐ দুই রূপ অর্থেই বুঝা যায়, আমাদিগের পরিগৃহীত অর্থের ভাব ও প্রচলিত ব্যাখ্যাদির মর্ম্ম প্রায় অভিন্নই আছে। তবে 'মহাহস্তী' ও 'দক্ষিণেন' পদদ্বয়ের তাৎপর্য্য আমরা প্রকাশ করিয়াছি মাত্র।

'দেবতা মহাহস্তবিশিষ্ট'—এতদ্বাক্যে দেবতার যে প্রকাণ্ড প্রকাণ্ড হাত আছে, তাহা মনে করিতে পারি না। পূর্ব্বে বলিয়াছি,—দেবতা অশরীরী। সুতরাং দেবতার আবার বড়-বড় হাত-পা থাকিবে কি? এখানে, মহৎ হস্তের যাহা কর্ম্ম, 'মহাহস্ত' পদে তাহাই দ্যোতনা করিতেছে। 'লোকটার বড় মাথা আছে'—এ কথা বলিলে যেমন

তাহার মস্তিষ্কের বা মেধার বিষয়ই মনে আসে, এখানে 'মহাহস্তী' পদে তাহাই বুঝিতে হইবে। এইরূপ 'দক্ষিণেন' পদে 'দক্ষিণ হস্তের দ্বারা' অর্থ আমরা গ্রহণ করি না। 'দাক্ষিণ্য' শব্দে 'আনুকূল্য সহায়তা করুণা' প্রভৃতি অর্থ প্রাপ্ত হওয়া যায়। এখানে ঐ পদে সেই করুণার ভাবই প্রকাশ পাইতেছে। এইরূপে আমরা বুঝিতে পারি, এই মন্ত্রে কি ব্যাকুল প্রার্থনা প্রকাশ পাইয়াছে; বলা হইয়াছে,—'হে ভগবন! ত্বরায় এস; যে ধনের জন্য সংসার লালায়িত, সেই বিচিত্র ধন লইয়া এস; আর করুণা-প্রকাশে পরমদাতার ন্যায় সেই ধন আমাদিগকে বিতরণ কর। অথবা,—আমাদিগের প্রার্থনা শ্রবণ কর, আমাদিগের প্রতি করুণাপর হও।' মন্ত্রের মধ্যে এবম্বিধ প্রার্থনাই আমরা দেখিতে পাই। (২অ—২খ—২সূ—১সা)। *

দ্বিতীয়ং সাম।

৩ ১র   ২র   ৩ ২   ৩ ১ ২   ৩ ২ ২
বিদ্মা হি ত্বা তুবিকূর্ম্মিং তুবিদেষ্ণং তুবীমঘম্।
৩   ১র   ২র
তুবিমাত্রম্ অবোভিঃ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

হে ভগবন্! 'তুবিকূর্ম্মিং' (বহুকর্ম্মাণং, সর্ব্বশক্তিসম্পন্নঃ) 'তুবিমঘঃ' (বহুধনং, পরমধনবন্তং) 'তুবিদেষ্ণং' (বহুপ্রদেয়ং, পরমদাতারং) 'তুবিমাত্রং' (বহুপরিমাণং সর্ব্বব্যাপকং) 'অবোভিঃ' (রক্ষাশক্তিভিঃ-যুক্তং ইতি যাবৎ) 'ত্বা' (ত্বাং এব) 'বিদ্ম' (জানীম – বয়ং ইতি শেষঃ)। বয়ং ব্রহ্মজ্ঞানং লভেম—ইতি ভাবঃ॥ (২অ—২খ—২সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! সর্ব্বশক্তিসম্পন্ন পরমধনবান্ পরমদাতা সর্ব্বব্যাপক রক্ষাশক্তিযুক্ত আপনাকেই আমরা যেন জানিতে পারি। (ভাব এই যে,—আমরা যেন ব্রহ্মজ্ঞান লাভ করি।)॥ (২অ—২খ—২সূ—২সা)॥

উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ—৬খ—৬দ—৩সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বাশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, পঞ্চম অধ্যায়, সপ্তবিংশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র! 'ত্বা' ত্বাং 'বিদ্ম হি' জানীমঃ খলু! কীদৃশং? ইতি 'তুবিকূর্ম্মিং' বহুকর্ম্মাণং 'তুবিদেষ্ণং' বহুপ্রদেয়ং 'তুবিমঘং' বহুধনং 'তুবিমাত্রং' বহুপ্রমাণং 'অবোভিঃ' রক্ষণৈর্যুক্তং ॥ (২অ—২খ—২সূ—২সা)॥

* * *

দ্বিতীয় (৭২৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটীতে ব্রহ্মজ্ঞান লাভের জন্য প্রার্থনা আছে। সেই পরমপুরুষকে জানিলে কিছুই অজ্ঞাত থাকে না। তাঁহাকে জানিলে অনন্তকে জানা যায়, অনন্তকে উপলব্ধি করিতে পারা যায়, তখন সাধক মোক্ষ বা নির্ব্বাণ লাভ করেন। জীবনের সমস্ত দ্বন্দ্ব. ভেদ ঘুচিয়া যায়, জীবন ও মৃত্যুর সমন্বয় সাধিত হয়, মানুষ অমৃত হইয়া যান। 'ব্রহ্মাবৎ ব্রহ্মৈব ভবতি'—যিনি ব্রহ্মকে জানেন, তিনি ব্রহ্ম হইয়া যান। জীবনের যে চরম অভীষ্টলাভের প্রেরণায় মানুষ তাঁহার সমস্ত শক্তিকে নিয়োজিত করেন. যাহা পাইলে জীবনের সকল অশান্তি চিরদিনের জন্য ঘুচিয়া যায়, সেই পরমসম্পৎ লাভ করিবার জন্যই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে।

যিনি সেই অনন্তকে জানেন, তিনি নিজেও অনন্ত হয়েন অথবা অনন্ত না হইলে সেই অনন্তস্বরূপকে জানা যায় না। সান্ত মানুষ, তাহার সসীম জ্ঞানের সাহায্যে ব্রহ্মকে জানিতে পারে না; সান্তের পক্ষে অনন্তের ধারণা করা অসম্ভব। কারণ তাহার জ্ঞানের মধ্যে যাহা কিছু আসে, সমস্তই সান্ত। তবে মানুষ কিরূপে সেই অনন্তকে জানিতে পারেন? মানুষ সেই অনন্ত হইতে আসিয়াছেন, তাই তাঁহার মধ্যে অনন্তত্বের প্রেরণা আছে। অজ্ঞানতার আবরণে তাহা আবৃত থাকে, মোহের আবেশে তাহা সুপ্ত থাকে। যখন সেই অজ্ঞানতা, সেই মোহ অপসারিত হয়, তখন মানুষ আপনার পূর্ণগৌরবে দীপ্ত ভাস্বর হইয়া উঠেন;—তাঁহার অন্তরস্থিত অনন্তের বীজ বিকশিত হয়। তখন তিনি আত্মারাম হইয়া যান। মানবের পরম আকাঙ্ক্ষিত এই অবস্থা লাভ করিবার জন্যই—ব্রহ্মজ্ঞান-লাভের নিমিত্তই, মন্ত্রে প্রার্থনা পরিদৃষ্ট হয়॥ (২অ—২খ—২সূ—২সা)॥

* * *

তৃতীয়ং সাম।

১　　২র　　৩ ১র　　২র ৩　১ ২
ন হি ত্বা শূর দেবা ন মর্ত্তাসো দিৎসন্তম্।
৩ ২উ　　৩ ১ ২
ভীমং ন গাং বারয়ন্তে ॥ ৩ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের একাশীতিতম (অথবা বালখিল্য সূক্ত-পাদে সপ্ততিতম) সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, পঞ্চম অধ্যায়, সপ্তত্রিংশ বর্গের অন্তর্গত)।

অন্বয়ানুসারিণী-ব্যাখ্যা।

'শূর' (বীর, সর্ব্বশক্তিমন হে দেব) 'গাং ন' (অজ্ঞানতা যথা জ্ঞানং ন পরাজয়িতুং শক্নোতি তদ্বৎ) 'ভীমং' (ভয়জনকং—রিপূণাং ইতি যাবৎ) 'দিৎসন্তং' (দাতুমিচ্ছন্তং, পরাজ্ঞানং ইতি যাবৎ, পরাজ্ঞানদায়কং ইত্যর্থঃ) 'ত্বা' (ত্বাং) 'দেবাঃ চি' (দেবগণাঃ অপি) 'নবারয়ন্তে' (বারয়িতুং ন শক্নুবন্তি) তথা 'মর্ত্তাসঃ' (মানবাঃ) 'ন' বারয়িতুং শক্নুবন্তি ইতি শেষঃ; নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সর্ব্বশক্তিমান্ পরাজ্ঞানদায়কঃ ভগবান্ অপরাজেয়ঃ ভবতি—ইতি শেষঃ॥ (২অ-২খ-২সূ ৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সর্ব্বশক্তিমন্ হে দেব! অজ্ঞানতা যেমন জ্ঞানকে পরাজিত করিতে সমর্থ হয় না, সেইরূপ রিপুদিগের ভয়জনক, পরাজ্ঞানদায়ক আপনাকে দেবগণও বারণ করিতে সমর্থ হয়েন না এবং মানবগণ বারণ করিতে পারে না। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সর্ব্বশক্তিমান্ পরাজ্ঞানদায়ক ভগবান্ অপরাজেয়।)। (২অ—২খ—২সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'শূর'। 'দিৎসন্তং' দাতুমিচ্ছন্তং 'ত্বা' ত্বাং 'দেবাঃ' 'ন হি বারয়ন্তে।' ন নিবারয়ন্তি খলু; তথা 'মর্ত্তাসঃ' মনুষ্যা অপি ন বারয়ন্তে। 'ভীমং ন গাং' ভয়জনকং দৃপ্তং বৃষভং যবসে প্রবৃত্তমিব, তং যথা বারয়িতুং ন শক্নুবন্তি তদ্বৎ। (২অ ২খ-২সূ ৩সা)॥

* * *

তৃতীয় (১৩০) সামের মর্ম্মার্থ।

§ * §

মন্ত্রের মধ্যে ভগবানের অসীম শক্তি ও অপার করুণা প্রখ্যাপিত হইয়াছে। তিনি রিপুগণের ভয়জনক। তাঁহার প্রভাবে রিপুগণ বিধ্বস্ত হয়। তাই রিপুজয়কামী সাধকগণ তাঁহার চরণে আশ্রয় গ্রহণ করেন। এই সত্য উপলব্ধি করিয়াই সাধক বলিতেছেন,—

'চরণ পরশ ফলে পতিত চরণ তলে,
স্তম্ভিত রিপুদলে বলে হোক তব জয়।'

মন্ত্রান্তর্গত 'দিৎসন্তং' পদটী বিশেষ প্রণিধানযোগ্য। ভগবান মানুষকে আপনার কোলে টানিয়া লইতে ইচ্ছুক,—তিনি মানুষকে পরমধন পরাজ্ঞান দান করিতে সর্ব্বদাই উন্মুখ। তিনি মানুষের ক্রন্দন উপেক্ষা করিয়া নির্ব্বিকারভাবে আপন মহিমায় বিরাজিত নহেন। এই পাপী তাপী মানবের দুঃখে তাঁহার হৃদয় গলে, তিনি মানুষের পরম আকাঙ্ক্ষার ধন প্রদান করিয়া তাঁহাকে কৃতার্থ করেন। মন্ত্রে মানবের পরম আশার এই বার্ত্তাই ঘোষিত

হইয়াছে। মন্ত্রের শেষাংশের ব্যাখ্যায় ভাষ্যাদির সহিত আমাদিগের অনৈক্য ঘটিয়াছে। 'গাং' পদে ভাষ্যকার 'বৃষভং' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা পূর্ব্বানুসৃত 'জ্ঞানং' অর্থেই সঙ্গতি লক্ষ্য করি। (২—২খ ২প্র—৩খা)। *

* * *

দ্বিতীয় সূক্তস্য গেয়-গানং।

১র র২ ১ ২ ২ ১ র — ২ ২ ১
আতূনই। দ্রক্ষুমা ৩ ন্তাম্। চিত্রঙ্‌গ্রাভঙ্‌সঙ্গৃভা ২ য়া। চিত্রঙ্‌-
র ২ ২^ ৩ ৫ ২র ১
গ্রাভঙ্‌সম্। গৃ। ঔ ৩ হোয়ি। ভা ২ ৩ ৪ য়া। ঐহোয়ি।
২ র ১ ২র ঃ ৩র ৫ ৪
মহাহস্তীদক্ষা ২ ৩ হোয়ি। ঔহো। বাহো ২ ৩ ৪ বা। ণাহ্‌ ৫
৫ ২ ১র র ২ ২ ১
ইনো ৬ হায়ি॥ (১) বিদ্মাহিত্বাতুবি। কূ ৩ র্ম্মীম্। তুবি-
র র — ১ ২ ১ র ২ ২^ ৩
দেষ্ণন্তুবীমা ২ ঘম্। তুবিদেষ্ণন্তু। বা। ঔ ৩ হোয়ি। মা
৫ ১ র ১ ২র ১
২ ৩ ৪ ঘাম্। ঐহোয়ি। তুবিমাত্রমা ২ ৩ হোয়ি। ঔহো।
৩র ৫ ৪ ৫ ১ র র
বাহো ২ ৩ ৪ বা। বোহ ৫ ভো ৬ হায়ি॥ (২) নহিত্বাশূর।
২ ২ ১ র র — ১ র
দা ৩ য়িবাঃ। নমর্ত্তাসোদিৎসা ২ ন্তাম্। নমর্ত্তাসঃ। দা।
২ ২ ৩ ৫ ২র ৫ র র ২
ঔ ৩ হোয়ি। ৎসা ২ ৩ ৪ ন্তাম্। ঐহোয়ি। ভীমন্নগাংবারা
১ ২র ১ ৩র ৫ ৪
২ ৩ হোয়ি। ঔহো। বাহো ২ ৩ ৪ বা। য়াহ্‌ ৫ ন্তো ৬
৫
হায়ি (৩)॥ ১।২।৩।†

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতায় অষ্টম মণ্ডলের একাশীতিতম (বালখিল্য সূক্ত বাদে সপ্ততিতম) সূক্তের তৃতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, পঞ্চম অধ্যায়, সপ্তবিংশ বর্গের অন্তর্গত)।

† এই সূক্তান্তর্গত তিনটী সাম-মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম "আকূপারম্।"

প্রথমং সাম ।

৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১২
অভি ত্বা বৃষভা সুতে সুতং সৃজামি পীতয়ে ।
৩ ১ ২ ৩ ১২
তৃম্পা ব্যশ্নুহী মদম্ ॥ ১ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

'বৃষভ' (অভীষ্টপূরক হে ভগবন) 'আ' (সমন্তাৎ, সর্ব্বথা) 'সুতে' (শুদ্ধসত্ত্বসমন্বিতে সতি, হৃদি সত্ত্বভাবযুতে সতি) অতঃ 'ত্বা' (ত্বাং) 'অভি' (অভিলক্ষ্য) 'পীতয়ে' (তব পানার্থং, তব গ্রহণায়) 'সুতং' (শুদ্ধসত্ত্বং সৎকর্ম্ম বা) 'সৃজামি' (সম্পাদয়ামি, করোমি); অতঃ 'তৃম্পা' (তৃপ্তিকরং) 'মদং' (আনন্দপ্রদং—তং শুদ্ধসত্ত্বং ইতি ভাবঃ) 'ব্যশ্নুহি' (বিশেষেণ প্রাপ্নুহি)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ । অস্মাকং কর্ম্ম ভগবৎসম্বন্ধযুতং ভবতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (২অ—২—৩সূ ১সা)॥

অথবা,

'বৃষভ' (অভীষ্টপূরক হে ভগবন) 'আ' (সর্ব্বতোভাবে) 'ত্বা' (ত্বাং) 'অভি' (অভিলক্ষ্য, উদ্দিশ্য) 'পীতয়ে' (তব পানার্থং, গ্রহণায়) 'তৃম্পা' (তৃপ্তিকরং) 'মদং' (আনন্দপ্রদং) 'সুতং' (শুদ্ধসত্ত্বং সৎকর্ম্ম বা) 'সৃজামি' (উৎপাদয়ামি, করোমি); ভগবতঃ তৃপ্তয়ে সৎকর্ম্মসাধনায় মম প্রীতির্ভবতি ইতি ভাবঃ ; তথা অস্মিন্ 'সুতে' (শুদ্ধসত্ত্বে সৎকর্ম্মণি বা) 'ব্যশ্নুহি' (বিশেষেণ ব্যাপ্নুহি, পরিব্যাপ্তো ভব)। মদীয়ানি কর্ম্মাণি তব সম্বন্ধযুতানি ভবন্তু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (২অ—২খ—৩সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ ।

হে অভীষ্টপূরক ভগবন্ ! সর্ব্বথা হৃদয় সত্ত্বভাবসমন্বিত হইলে, আপনাকে লক্ষ্য করিয়া আপনার গ্রহণের জন্য, শুদ্ধসত্ত্বকে বা সৎকর্ম্মকে সৃষ্টি করি অর্থাৎ সম্পাদন করি ; (ভাব এই যে,—হৃদয়ে শুদ্ধসত্ত্বের সমাবেশ হইলে, ভগবানের প্রীতির জন্য আমরা সৎকর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হই) ; তৃপ্তিকর আনন্দপ্রদ সেই শুদ্ধসত্ত্বকে আপনি সর্ব্বথা প্রাপ্ত হউন ; (মন্ত্রটী প্রার্থনামূলক । প্রার্থনার ভাব এই যে,—আমাদিগের কর্ম্ম আপনার সহিত সম্বন্ধযুত হউক ।) ॥ (২অ—২খ—৩সূ—১সা) ॥

অথবা,

অভীষ্টপূরক হে ভগবন্! আপনাকে লক্ষ্য করিয়া সর্ব্বতোভাবে আপনার পানার্থ বা গ্রহণের জন্য, তৃপ্তিকর আনন্দপ্রদ শুদ্ধসত্ত্বকে বা সৎকর্ম্মকে সৃষ্টি করি; (ভাব এই যে,—ভগবানের তৃপ্তির জন্য আমার যেন সৎকর্ম্মসাধনে প্রবৃত্তি হয়); আর, সেই সৎকর্ম্মে বা শুদ্ধসত্ত্বে আপনি পরিব্যাপ্ত রহুন; (প্রার্থনার ভাব এই যে,—আমার কর্ম্মসমূহ আপনার সহিত সম্বন্ধযুত হউক।)। (২অ—২খ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'বৃষভ' হে ইন্দ্র! 'ত্বা' ত্বাং 'সুতে' সোমেঽভিষুতে সতি 'সুতং' অভিষুতং সোমং 'পীতয়ে' পানায় 'অভিসৃজামি'। 'তৃম্প' তৃপ্য। 'মদং' মদকরং সোমং ব্যশ্নুহি চ॥ ১॥

* * *

প্রথম (৭৩১) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের অন্তর্গত 'সুতে' 'সুতং' এবং 'মদং' পদত্রয় বিষম সমস্যা আনয়ন করিয়াছে। সোমরস-রূপ মাদকদ্রব্য লইয়া দেবতার অর্চ্চনা চলিয়াছে,—এই ধারণা হৃদয়ে বদ্ধমূল রাখিয়া যাঁহারা মন্ত্রার্থ-নিষ্কাশনে প্রয়াস পাইবেন, তাঁহাদিগের পরিগৃহীত অর্থ সেই ভাবেরই পোষক হইবে। এ পর্য্যন্ত এই মন্ত্রের যে কয়েকটী ব্যাখ্যা আমাদিগের দৃষ্টিপথে পতিত হইয়াছে, তাহার সকল ব্যাখ্যাই সোমরসনামক মাদক-দ্রব্যের সহিত সম্বন্ধবিশিষ্ট। তদনুসারে 'সুতে' পদে অভিষব-সংস্কারে সংস্কৃত সোমরসের অবস্থা-বিশেষকে বুঝাইয়া আসিতেছে। 'সুতং' পদ সোমরসকে লক্ষ্য করিতেছে; এবং 'মদং' পদ মদ্যপানজনিত মত্ততার পরিচয় দিতেছে।

এই প্রকারে মন্ত্রের যে অর্থ দাঁড়াইয়া গিয়াছে, তাহার দুই একটী নমুনা নিম্নে উদ্ধৃত করিতেছি। যথা;—

(১) "হে বৃষভ ইন্দ্র! সোম অভিষুত হইলে, সেই অভিষুত সোম পানার্থ তোমার উদ্দেশে ত্যাগ করি, তৃপ্ত হও, মদকর সোম-পান কর"

(2) "Hero, the Soma being shed,
I pour the juice for thee to drink:
Sate thee and finish thy carouse!"

আমরা দ্বিবিধ অন্বয়ে এই মন্ত্রের ব্যাখ্যা নিষ্পন্ন করিয়াছি। মন্ত্রের অন্তর্গত 'সুতে' পদটী আমাদিগের দ্বিবিধ অন্বয়ে দুই রূপ স্থান প্রাপ্ত হইয়াছে। এক প্রকার অর্থে ঐ পদে 'হৃদয় শুদ্ধসত্ত্বভাবযুক্ত হইলে'—এইরূপ মর্ম্ম প্রাপ্ত হই। অন্য প্রকার অর্থে 'শুদ্ধসত্ত্বে বা সৎকর্ম্মে' এইরূপ ভাব গ্রহণ করি। 'সুতং' পদে যে শুদ্ধসত্ত্বকে বুঝায়, তাহা আমরা

বহুত্র খ্যাপন করিয়া আসিয়াছি। 'মদঃ' পদ 'আনন্দপ্রদঃ' অর্থ খ্যাপন করে। এই সকল বিষয় বিবেচনা করিলে মন্ত্রে যে কি ভাব ব্যক্ত হইয়াছে, তাহা বেশ উপলব্ধ হইতে পারে। মানুষ যে ভগবানের প্রতি হৃষ্টচিত্ত হয়, মানুষ যে ভগবানের উদ্দেশে সৎকর্ম্ম সম্পাদন করিতে পারে, তাহার মূল - হৃদয়ে একটু সদ্ভাবের সমাবেশ—হৃদয়ে একটু শুদ্ধসত্ত্বের উন্মেষ। তাই বলা হইয়াছে 'সুতে'। অর্থাৎ, হৃদয় সর্ব্বথা শুদ্ধসত্ত্বসমন্বিত হইলে আমি (আমার ন্যায় ক্ষুদ্র জনও) ভগবানের উদ্দেশে শুদ্ধসত্ত্বের সঞ্চয় বা সৎকর্ম্মের অনুষ্ঠান করিতে পারি। ভগবানকে সম্বোধন পূর্ব্বক "ত্বাং অভি সুতং সৃজামি" এই যে বাক্য উচ্চারণ, "ত্বা সুতে" পদদ্বয় তাহারই মূলীভূত। একটু করুণার ধারা হৃদয়ে সিঞ্চিত না হইলে, "সুতং সৃজামি" এই বাক্য বলিবার সামর্থ্য আমার আসে কি? আমরা মনে করি, 'সুতে' পদ আমার সেই সামর্থ্য প্রদান করিতেছে। আমাদিগের প্রথম প্রকার ব্যাখ্যায় এই ভাবই প্রকাশিত। প্রার্থনা-পক্ষে বলা হইয়াছে, 'তৃপ্তিকর আনন্দপ্রদ সেই শুদ্ধসত্ত্বকে আপনি প্রাপ্ত হউন।'

দ্বিতীয় প্রকার ব্যাখ্যাতেও লক্ষ্য অভিন্ন আছে; কিন্তু এখানে 'সুতে' পদ অন্য ভাব ব্যঞ্জনা করিতেছে। দ্বিতীয় প্রকার ব্যাখ্যায়, "আ ত্বা অভি পীতয়ে" - এই কয়েকটী পদে লক্ষ্য নির্দ্দেশ করিতেছে; প্রার্থনার ভাব দাঁড়াইতেছে,—'হে ভগবন্! সর্ব্বতোভাবে আপনাকে লক্ষ্য করিয়া আপনারই গ্রহণের জন্য যে শুদ্ধসত্ত্বকে বা সৎকর্ম্মকে সৃষ্টি করিতেছি, তাহা নিশ্চয়ই তৃপ্তিকর ও আনন্দপ্রদ হইবে; সুতরাং নিশ্চয়ই বলিতে পারি, সেই কর্ম্মের মধ্যে সেই শুদ্ধসত্ত্বে আপনি আসিয়া পরিব্যাপ্ত হউন।' যে কর্ম্ম ভগবানের উদ্দেশে বিহিত হয়, সে কর্ম্ম যে সৎকর্ম্ম, আর সে কর্ম্মে আসিয়া তিনি যে মিলিত হয়েন; তাহা বলাই বাহুল্য। ফলতঃ, আমাদিগের কর্ম্ম সর্ব্বথা সৎ ও ভগবৎসম্বন্ধযুক্ত হউক, - এইরূপ প্রার্থনাই এই মন্ত্রে প্রকাশ পাইয়াছে। (২অ—২খ—৩সূ - ১সা)। *

—— ০ ——

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ২ ৩ ১ ২
মা ত্বা মূরা অবিষ্যবো মা উপহস্বান আ দভন্।
১ ২ ৩ ১২
মা কীং ব্রহ্মদ্বিষং বনঃ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'অবিষ্যবঃ' (পালনকামাঃ, তব রক্ষাভিলাষিণঃ) 'মূরাঃ' (মূর্খাঃ অজ্ঞানাঃ—বয়ং ইতি ভাবঃ) 'ত্বা' (ত্বাং) 'মা দভন' (ন হিংসাম, ত্বৎপরায়ণাঃ ভবেম,

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দ আর্চ্চিকেও (২অ—৫প—৫দ ৭সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চচত্বারিংশত্তম সূক্তের দ্বাবিংশী ঋক্ (ষষ্ঠ অষ্টক, তৃতীয় অধ্যায়, ষট্‌চত্বারিংশ বর্গের অন্তর্গত)।

আরাধয়াম ইত্যর্থঃ) 'অপহস্বানঃ' (অভক্তিযুক্তাঃ, ত্বাং প্রতি ভক্তিপরায়ণাঃ) 'মা' (ন—ভবেম ইতি শেষঃ); হে মম মনঃ! 'ব্রহ্মদ্বিষঃ' (ভগবতি অভক্তিযুতং) 'কীং' (কং অপি জনং) 'মা বনঃ' (ন ভজেঃ); বয়ং ভগবৎপরায়ণাঃ ভবেম, অভক্তসংস্পর্শাৎ দূরে স্যাম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২অ—২খ—৩সূ ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! আপনার রক্ষাভিলাষী অজ্ঞান আমরা আপনাকে যেন আরাধনা করি, আপনার প্রতি অভক্তিপরায়ণ যেন না হই; হে আমার মন! ভগবানে অভক্তিযুক্ত কোনও ব্যক্তিকে ভজনা করিও না। (প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবৎপরায়ণ হই; অভক্ত-সংস্পর্শ হইতে যেন দূরে থাকি।)॥ (২অ—২খ—৩সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র! 'ত্বা' ত্বাং 'মূরাঃ' মূর্খা মূঢ়াঃ মনুষ্যাণাং অবিষ্যবঃ পালনকামাঃ 'মা দভন্' মা হিংসন্তু। 'উপহস্বানঃ' উপহসনপরাশ্চ 'মা' ভবন্তু। 'ব্রহ্মদ্বিষং' ব্রাহ্মণানাং দ্বেষ্টারং 'মা কীং বনঃ' মা ভজেথাঃ। 'ব্রহ্মদ্বিষং' 'ব্রহ্ম দ্বিষঃ' ইতি পাঠৌ॥ ২॥

* * *

দ্বিতীয় (৭৩২) সামের মর্ম্মার্থ।

——§ : ০ : §——

মানুষ অজ্ঞান। দুর্ব্বলচিত্ত মানুষ অজ্ঞানতার বশে আপনার মঙ্গল বাছিয়া লইতে পারে না, মোহমায়ার আক্রমণে বিভ্রান্ত হইয়া পড়ে, রিপুকবলিত হইয়া অধঃপতনের পথে পদার্পণ করে। সেই অধঃপতন হইতে, সেই ভয়ঙ্কর আত্মহত্যা হইতে, মানুষ উদ্ধার পাইতে পারে—ভগবানের কৃপায়। যিনি ভগবানের আশ্রয় গ্রহণ করেন, তাঁহার পতনের ভয় থাকে না ভগবান তাঁহাকে হাতে ধরিয়া আপনার স্নেহময় কোলে স্থান দান করেন। কিন্তু দুর্ব্বলচিত্ত মানুষ মোহের বশে সেই পরমপুরুষকে ভুলিয়া থাকে। এমন হতভাগ্য মূর্খও আছে, যাহারা সেই পরমদেবতার প্রতি অশ্রদ্ধা প্রদর্শন করে। সেই অশ্রদ্ধার অঙ্কুরের অবশ্যম্ভাবী ফল মৃত্যু। মানবের অশেষ অমঙ্গলজনক সেই ভয়াবহ অবস্থা হইতে রক্ষা পাইবার জন্য এই মন্ত্রে প্রার্থনা করা হইতেছে,—"হে ভগবন! আমরা যেন কখনও আপনার প্রতি অশ্রদ্ধা প্রদর্শন না করি, আমাদিগের যেন এমন দুর্ম্মতি কখনও না হয়। আমাদিগকে সেই ভয়ঙ্কর বিপদ হইতে রক্ষা করুন। মানবের ইহাপেক্ষা অধিকতর সর্ব্বনাশ আর কিছুই নাই। আমরা যেন আপনার প্রতি অভক্তিযুক্ত পাতকীদের সংস্পর্শেও না যাই। 'সংসর্গজাঃ দোষগুণাঃ ভবন্তি' তাহাদের সংস্পর্শে আমরাও পাপের অতল সমুদ্রে ডুবিয়া যাইতে পারি। আমাদিগকে তাহাদের সংস্পর্শ

হইতে রক্ষা করুন। আমরা যেন তাহাদিগকে বিষধর সর্পের মত পরিত্যাগ করি। আপনার চরণে আমাদিগের অচলা ভক্তি হউক, আপনি আমাদিগকে পাপমোহের আক্রমণ হইতে রক্ষা করুন।" মন্ত্রের মধ্যে এই প্রার্থনাই পরিদৃষ্ট হয়॥ (২অ—২খ—৩সূ—২সা)॥ *

তৃতীয়ং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইহ ত্বা গোপরীণসং মহে মন্দন্তু রাধসে।
১ ২ ৩ ১র ২র
সরো গৌরো যথা পিব ॥৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'মহে' (মহতে) 'রাধসে' (ধনায়, ধনলাভায় ইত্যর্থঃ) সাধকাঃ 'গোপরীণসং' (পরাজ্ঞানদাতারং) 'ত্বা' (ত্বাং) 'মন্দন্তু' (মাদয়ন্তি, প্রার্থনয়া প্রীতং কুর্ব্বন্তি ইত্যর্থঃ); হে মম মনঃ! 'গৌরঃ' (শুভ্রবর্ণঃ, বিশুদ্ধঃ পবিত্রহৃদয়ঃ জনঃ) 'যথা সরঃ' (যদ্বৎ অমৃতং প্রাপ্নোতি তদ্বৎ) ত্বং 'ইহ' (অস্মিন্, হৃদয়ে ইত্যর্থঃ) 'পিব' (গৃহাণ, প্রাপয়—অমৃতং ইতি শেষঃ)। পরাজ্ঞানকামিনঃ সাধকাঃ ভগবৎপরায়ণাঃ ভবন্তি; বয়ং অপি অমৃতং লভেম—ইতি ভাবঃ॥ (২অ—২খ—৩সূ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! মহৎ ধনলাভ করিবার জন্য সাধকগণ পরাজ্ঞানদাতা আপনাকে প্রার্থনা দ্বারা প্রীত করেন; হে আমার মন! পবিত্রহৃদয় ব্যক্তি যেমন অমৃত প্রাপ্ত হয়েন, সেইরূপভাবে তুমি হৃদয়ে অমৃত প্রাপ্ত হও। (ভাব এই যে,—পরাজ্ঞানকামী সাধকগণ ভগবৎপরায়ণ হয়েন; আমরাও যেন অমৃত লাভ করি।)॥ (১অ—১খ—৩সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র! 'ত্বা' ত্বাং 'ইহ' অস্মিন যজ্ঞে 'গোপরীণসং' গব্যেন পয়সা সম্মিশ্রং সোমং 'মহে' মহতে 'রাধসে' ধনায় 'মদন্তু' মনুষ্যা মাদয়ন্তু। ত্বঞ্চ সোমং 'যথা' 'গৌরঃ' মৃগঃ 'সরঃ' 'পিবতি' তথা 'পিবঃ' 'পরীণসং' 'পরীণসা'—ইতি পাঠৌ॥৩॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চচত্বারিংশ সূক্তের ত্রয়োবিংশতী ঋক্ (ষষ্ঠ অষ্টক, তৃতীয় অধ্যায়, ষট্‌চত্বারিংশ বর্গের অন্তর্গত)।

তৃতীয় (৭৩৩) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুই অংশে বিভক্ত। প্রথম অংশে নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে। সাধকগণ প্রার্থনা আরাধনা প্রভৃতি দ্বারা ভগবানের প্রীতি সাধন করেন। পরাজ্ঞান কামী সাধকগণ তাঁহাদিগের অভীষ্টলাভের জন্য ভগবানের চরণে আশ্রয় গ্রহণ করেন। সেই পরম পুরুষের প্রীতি সাধন করিতে পারিলেই মানুষ আপনার সকল আকাঙ্ক্ষা পূর্ণ করিতে পারে। তাই সাধকগণ সেই পরম আকাঙ্ক্ষনীয় পরাজ্ঞান লাভ করিবার জন্য ভগবানের আরাধনায় প্রবৃত্ত হয়েন। মন্ত্রের প্রথমাংশে এই সত্যই বিবৃত হইয়াছে।

মন্ত্রের দ্বিতীয় অংশে আত্মোদ্বোধন আছে। হৃদয়ে যাহাতে অমৃত সঞ্চার হয়, সেই উপায় অবলম্বন করিবার ভাব এই অংশে নিহিত আছে। পবিত্র-হৃদয় ব্যক্তিগণ যেরূপভাবে অমৃত লাভ করেন, সেই ভাবের অনুসরণ করিতে হইবে—মন্ত্রাংশে এই ইঙ্গিতই সূচিত হইয়াছে। 'গৌরঃ' পদে ভাষ্যকার 'মৃগঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। তাই উপমাটীর অর্থ দাঁড়াইয়াছে 'মৃগ যেমন জলপান করে'। কিন্তু 'গৌরঃ' পদে 'শুভ্র, নির্ম্মল, বিশুদ্ধহৃদয়' অর্থই অধিকতর সঙ্গত। বিশেষতঃ 'সরঃ' পদে অমৃতকে লক্ষ্য করে। তাই এই উপমাটীর সঙ্গত ব্যাখ্যা এই—'বিশুদ্ধহৃদয় সাধক যেমনভাবে অমৃত পান করেন।' এই অর্থে মন্ত্রের পূর্ব্বাংশের সহিতও সঙ্গতি রক্ষিত হয়।

মন্ত্রান্তর্গত 'গোপরীণসং' পদে ভগবানকেই লক্ষ্য করে, বিবরণকারও এই ভাবের অর্থই গ্রহণ করিয়াছেন—যথা "গাবঃ পরি নহ্যন্তাৎ নীয়ন্তে দক্ষিণা যস্ম নঃ গোপরীণসঃ—ইন্দ্রঃ"। ভাষ্যকার 'গোপরীণসং' পদে 'সোমং' অর্থ গ্রহণ করিয়াছেন, কিন্তু এই দ্বিতীয়ান্ত পদটী কোন ক্রিয়া বা অব্যয়ের সহিত অন্বিত হয় নাই—কাজেই ব্যাখ্যাও সঙ্গত হয় নাই। আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (২অ ২খ—৩সূ—৩সা)।*

* * *

তৃতীয়সূক্তস্য গেয়-গানং।

২ ১ ২র　র ১র　২　১ ২　র ১ —　১
অভিত্বাবৃষভাসুতে। সুত৺ সৃ: জা ৭। বিপীওায়া ২ য়ি। সুত৺.

২র　১র　২　১　২ .　১ ∧ ৩
সৃজামি। পীতা ২ ৩ য়ায়ি। ত্রা ২ ৫ ম্পা ৩। বা ২ য়া ২ ৩ ৪

৫ র　২ র ১ ৩ ১ ১ ১ ১　১র র২র১র ২ ১
ঔহোবা। শ্রুহীমদা ২ ৩ ৪ ৫ ম্॥ (১) সাত্রামুরা অবিষ্যঃ।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চচত্বারিংশ সূক্তের চতুর্বিংশী ঋক্ (ষষ্ঠ অষ্টক, তৃতীয় অধ্যায়, ষট্‌চত্বারিংশ বর্গের অন্তর্গত)।

২র ১ ২ র ১ — ১র২১২র ১র
সোপাংস্বোবা। সআদান্তা ২ ন্। সোপাহস্বানঃ। আদা ২ ৩
২ ১ ১ ^ ৩ ৫র ২ ১৩
ন্তান্। মা ২ ৩ কী ৩ ম্। ব্রা ৎ হ্মা ২ ৩ ৪ ঔহোবা। দ্বিষণনা
১ ১১১ ২ ১২র ১৲ ২র র ১ ২ র
২ ৩ ৪ ৫ঃ॥ (২) ইতস্তাগোপরোণসম্। সাহেমন্দোবা। ভুরা-
১ — ১র ২ ১র ২ ১ ২
ধাসা ২ স্নি। সহেসন্দস্তু। রাধা ২ ৩ সাস্নি। সা ২ ৬ রা৩ঃ।
১ A ৩ ০ ৫র র ২র১৩ ১১১১
গৌ ৫ র ২ ৩ ৪ ঔহো'বা। যথাপিবা ২ ৩ ৪ ৫ (৩)॥ ১।২।৩।*

প্রথমং সাম।

৩ ১ ২ ৩২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইদং বসো সুতম্ অন্ধঃ পিবা সুপূর্ণম্ উদরম্।
১ ২ ৩ ১ ৩
অনাভয়িন্ ররিমা তে॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অনাভয়িন্' (হে জন্মজরামরণভয়রহিত, হে অনন্ত)! 'বসো' (পরমধনপ্রদাতা, মোক্ষবিধায়ক, সর্ব্বেষাং আশ্রয় ইত্যর্থঃ) 'ইদং' (মদীয়ং) 'সুতং' (মনঃপ্রসূতং, বিশুদ্ধমিত্যর্থঃ) 'অন্ধঃ' (অন্নং, সত্ত্বভাবরূপং, ভক্তিনামকমমৃতমিতি ভাবঃ) 'তে' (তুভ্যং) 'আ' (প্রকর্ষেণ, সম্যগ্‌রূপেণ) 'ররিম' (দত্তবন্তঃ, নিবেদিতবন্তঃ, উৎসর্গীকৃতবন্তঃ ইতি ভাবঃ) বয়মিতি শেষঃ; ত্বং তৎ 'আ' (সর্ব্বতঃ) 'পিব' (পানং কুরু, গৃহাণ ইত্যর্থঃ) যথা 'উদরং' (ত্বদীয়মুদরং) 'সুপূর্ণং' (অতিশয়েন পূর্ণং, ভবেদিতি শেষঃ)। ভাবার্থঃ 'হে দেব! ত্বং জন্মজরারহিতঃ সর্ব্বেষাং আশ্রয়ভূতো মোক্ষবিধায়কশ্চ। বয়ং অকিঞ্চনাঃ অস্মাকং হৃন্নিহিত ভক্তিসুধাং গৃহীত্বা পরিতুষ্টঃ সন্ অস্মান্ পরমাশ্রয়ং মোক্ষঞ্চ প্রাপয়। (২অ—২খ—৪সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

যে জন্মজরামরণভয়নিরহিত (হে অনন্ত)! নিখিলপ্রাণিগণের আশ্রয় পরমধনপ্রদাতা দেব! মদীয় মনঃপ্রসূত বিশুদ্ধ এই অন্ন (সত্ত্বভাবরূপ

---

* এই সূক্তান্তর্গত তিনটী সাম মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম,—"পার্থতম্।"

ভক্তিরসামৃত) আপনাকে বিধিপূর্ব্বক প্রকৃষ্টরূপে প্রদান করিতেছি (উৎসর্গ করিতেছি)। যাহাতে আপনার উদর পূর্ণ হয়, অর্থাৎ আপনার সম্যক্ তৃপ্তি সাধিত হয়, সেইরূপে আপনি তাহা পান করুন (ভাব এই যে—'অকিঞ্চন আমরা, একমাত্র হৃদয়ের ভক্তিই আমাদের সম্বল। তুমি সেই ভক্তিসুধা পান করিয়া পরিতৃপ্ত হও এবং আমাদিগকে পরমাশ্রয় প্রদান কর।')॥ (২অ—২খ—৪সূ—১সা)।

* * *

সায়ণ ভাষ্যং ।

হে 'বসো' বাসয়িতরিন্দ্র! 'ইদং' পুরোবর্ত্তমানং 'সুতং' অভিষুতং 'অন্ধঃ' অন্নং সোমলক্ষণং 'পিব'। যথা 'উদরং' ত্বদীয়ং জঠরং 'সুপূর্ণঃ' অতিশয়েন সম্পূর্ণং ভবতি তথেত্যর্থঃ। হে 'অনাভয়িন' আ সমন্তাদ্ বিভেতি ইত্যাভয়ী; (বিভেতেরৌণাদিক ইনিঃ ; ন আভয়ী অনাভয়ী তাদৃশ) হে ইন্দ্র! 'তে' তুভ্যং ত্বদর্থং 'ররিম' উক্তলক্ষণং সোমং দদ্মঃ রাদানে (অদা০, প০) ছান্দসো (৩২১০১৫) লিট্। (২অ—২খ—৪সূ—১সা)॥

* * *

প্রথম (৭৩৪) সামের মর্ম্মার্থ।

——§ * §——

স্থূল দৃষ্টিতে দেখিলে মনে হয়,—ইন্দ্র যেন একজন সাধারণ মনুষ্য। তিনি যেন সোমরস পান করিতে খুব ভালবাসেন। তাঁহাকে যেন বলা যাইতেছে 'এই শোধিত সোমরস (অন্ন) প্রচুর পরিমাণে পান কর—যাহাতে তোমার উদর পূর্ণ হয়। নির্ভীক হইয়া পান কর, ইহা তোমার জন্যই প্রস্তুত করিয়াছি' ভাষ্যকার প্রায় ঐরূপ অর্থই প্রতিপন্ন করিয়াছেন।

আমাদের দৃষ্টিতে এই সামের তাৎপর্য্য অন্যরূপ মনে হয়; মনে হয় এখানে যেন ভগবানকে সম্বোধন করিয়া বলা হইতেছে,—'হে ব্রহ্মাণ্ডভাণ্ডোদর ভগবন্! তোমার উদর পূর্ণ করিতে পারি, এমন শক্তি আমাদের নাই। আমরা অতি অকিঞ্চন॥ আমাদের আমার বলিতে বিশেষ আর কি আছে? তবে বহুদিন ধরিয়া, বহু সাধনা করিয়া, সামান্য একটু সম্বল ভক্তি-রসামৃত সংগ্রহ করিয়াছি; হে কাম্য, হে নিখিলজনগণের আশ্রয়স্থল, হে পরমধনপ্রদাতা, হে জন্মজরামরণবিরহিত দেব! সেইটুকু আমরা তোমাকে প্রদান করিয়াছি। নিজগুণে তাহার দ্বারাই তোমার উদর পূর্ণ করিয়া লও।'

প্রাণে নিরাশার ভাব পরিস্ফুট হইয়াছে। মন্ত্রে তাই করুণ-প্রার্থনা প্রকাশ পাইয়াছে। সারা জীবন সাধনা করিলাম? কি ফল ফলিল? বিশ্বময়কে পরিতৃপ্ত করিবার কি সামগ্রী অর্জ্জন করিলাম? সন্ধ্যা সমাগত-প্রায়; জীবন-প্রদীপ নির্ব্বাপিত-প্রায় কিন্তু কি করিলাম? তাঁহাকে পরিতৃপ্ত করিবার মত কিছুই তো সঞ্চয় করিতে পারিলাম না! নিরাশার সাধক তাই জানাইতেছেন,—'হে আমার আশ্রয়স্থল, হে আমার মোক্ষবিধায়ক! আমি বড়

অকৃতী, বড় অভাজন। আপনাকে সন্তুষ্ট করিতে পারি, আপনার পরিতৃপ্তি বিধান হয়, এমন সামগ্রী কিছুই আমি সংগ্রহ করিতে সমর্থ হই নাই। আপনাকে ডাকিতে ডাকিতে, আপনার শরণ লইতে লইতে, হৃদয়ে সামান্য একটু ভক্তিকণা সঞ্চিত হইয়াছে মাত্র। আমি বুঝিতেছি, আপনার পরিতৃপ্তির পক্ষে তাহাও যথেষ্ট নহে। কিন্তু জানি আমি—আপনি দয়াময়; জানি আমি আপনি ভক্তের ভগবান্। জন্মজরারহিত 'অনাভয়িন'—অভয়প্রদাতা আপনি। আমার হৃদয়ে সঞ্চিত বহু আয়াসে উপার্জ্জিত 'বিদুরের ক্ষুদ' সেই ভক্তিকণা আপনাকে প্রদান করিতেছি। আমায় অভয় দান করুন,—আমার যৎসামান্য এই ভক্তির উপহার গ্রহণ করিয়া পরিতৃপ্ত হউন। আপনার কৃপার দাবী রাখি না; আপনার কৃপা পাইব,- তদুপযুক্ত সাধনাও আমার নাই। দয়াময়—কৃপাময় আপনি; আপনি নিজগুণে আমায় আশ্রয় দান করুন; আমি যেন ভব-বন্ধন-মুক্ত হই,—আপনার চরণ-সরোজে যেন আশ্রয় লাভ করি।'

ভাষ্যে 'অন্ধঃ' পদে সোমরসরূপ অন্ন' অর্থ লক্ষিত হইয়াছে; কিন্তু ঐ পদের 'সত্ত্বভাবরূপ ভক্তিরসামৃত (অন্ন)' অর্থও নিষ্কাশিত হইতে পারে। কারণ 'পিব' এই পানার্থক ক্রিয়াপদ থাকায় পানীয় বস্তুই পানের কর্ম্মরূপে গ্রহণ করার ভাব মন্ত্রে অভিব্যক্ত হইতেছে। ভক্তি—সত্ত্বভাবের মূর্ত্তি। অমৃতপানে যেমন অমরত্ব লাভ হয়, তেমনই ভক্তির দ্বারাও লোকের অমরত্ব-লাভ হয়। ইহা শ্রুতিস্মৃতি-সম্মত। সেইজন্য ভক্তিতে অমৃতের সাদৃশ্য পরিস্ফুট থাকায় তাহাতে মহাজনগণ 'অমৃতত্ব' আরোপ করিয়াছেন। রসের (তরলত্ব) মত ভক্তির দ্বারাও লোক আর্দ্র হয়। তাই ভক্তি রস রূপে কীর্ত্তিত হইয়া থাকে। তাৎপর্য্য, ভগবান্ ভক্তিপ্রিয় ও রসময়, তিনি ভক্তিরস পাইলে অন্য কোনও রস (তুচ্ছরস) গ্রহণ করেন না। ভক্তিরসই তিনি অমৃতরূপে পান করেন। এজন্য সাধক ভক্তিভরে বলিতেছেন—হে ভক্তের ভগবান! আমার এই যে কিঞ্চিৎ হৃদয়ের ধন গ্রহণ করুন; তাহার দ্বারাই তৃপ্ত হউন।" এতদ্ভিন্ন, 'সুত' শব্দ প্রসবার্থক সু-ধাতু নিষ্পন্ন বলিয়া তাহার অর্থ 'মনঃপ্রসূত' গ্রহণ করা হইয়াছে। প্রকৃতপক্ষে ভক্তিরসামৃত (সত্ত্বভাব-রূপ), মনঃ, (বা আত্মা) হইতেই উৎপন্ন হইয়া থাকে। আবার ঐকান্তিকতা জন্মিলে তাহাই 'সুত' সংস্কৃত হয়, বিশুদ্ধতা প্রাপ্ত হয়। ভাষ্যকার 'বসো' পদে 'বসায়িতঃ' (সোমের দ্বারা আনন্দলাভকারিন্). অর্থ, এবং 'অনাভয়িন' পদে 'নির্ভীক' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা সাধারণ অর্থ ত্যাগ করিয়া 'অনাভয়িন' পদে "জন্মজরামরণভয়বিরহিত অভয়প্রদাতা" এবং 'বসো' পদে 'ধনের মত কামনার বস্তু' অথবা 'নিখিলজনগণের আশ্রয়স্থল ও পরমধনপ্রদাতা' এইরূপ অর্থ ব্যক্ত করিয়াছি। আমরা মনে করি, এইরূপ অর্থেই মন্ত্রের উচ্চ ভাব অধিকতর পরিস্ফুট হয় ও পূর্ব্বাপর সঙ্গতি থাকে॥ (২অ-২খ-৪সূ—১সা)॥

• উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ—১খ—১দ—১০সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বিতীয় সূক্তের প্রথমা ঋক্ (পঞ্চম অষ্টক, সপ্তম অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ২উ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
নৃভিঃ ধৌতঃ সুতো অশ্নৈঃ অব্যা বারৈঃ পরিপূতঃ।
২ ৩ ২ ৩ ২ ৩১২
অশ্বো ন নিক্তো নদীষু ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'নিক্তঃ' (শোধিতং, বিশুদ্ধং) 'অশ্বঃ' (ব্যাপকজ্ঞানং) 'ন' (যথা) 'নদীষু' (নদনাস্বপ্সু, অমৃতপ্রবাহে—সম্মিলিতং ভবতি ইতি যাবৎ) অমৃতপ্রবাহং প্রাপ্নোতি ইত্যর্থঃ ; তদ্বৎ 'নৃভিঃ' (সৎকর্ম্মনেতৃভিঃ, সাধকৈঃ) 'অশ্নৈঃ' (পাষাণকঠোরৈঃ তপোভিঃ) তথা 'অব্যাবারৈঃ' (নিত্যজ্ঞানপ্রবাহৈঃ) 'পরিপূতঃ' (পরিশোধিতঃ) 'ধৌতঃ' (নির্ম্মলীকৃতঃ) 'সুতঃ' (বিশুদ্ধঃ—সত্ত্বভাবঃ ইতি যাবৎ) তেষাং সাধকানাং হৃদয়ং প্রাপ্নোতি—ইতি শেষঃ ; তপোপরায়ণঃ সাধকঃ বিশুদ্ধং সত্ত্বভাবং লভতে—ইতি ভাবঃ। (২অ-২খ ৩সূ ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

বিশুদ্ধ ব্যাপকজ্ঞান যেমন অমৃতপ্রবাহে মিলিত হয়, অর্থাৎ অমৃতপ্রবাহকে প্রাপ্ত হয়, সেইরূপ সাধকদিগের কর্তৃক পাষাণ-কঠোর তপস্যা দ্বারা এবং নিত্যজ্ঞানপ্রবাহের দ্বারা পরিশোধিত, নির্ম্মলীকৃত, বিশুদ্ধ সত্ত্বভাব সেই সাধকদিগের হৃদয়কে প্রাপ্ত হয়। (ভাব এই যে,—তপোপরায়ণ সাধক বিশুদ্ধ সত্ত্বভাব প্রাপ্ত হয়েন।)॥ (২অ—২খ—৩সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'নৃভিঃ' অধ্বরস্য নেতৃভিঃ ঋত্বিগ্ভিঃ 'ধৌতঃ' তৃণাদ্যপনয়নেন শোধিতঃ (যদ্বা; ধৌতঃ ধূঞ্ আধূতঃ অদাভ্যাগ্রহে আধূননেন সংস্কৃতঃ, তদনন্তরং 'অশ্নৈঃ' অশ্মভির্গ্রাবভিঃ করণভূতৈঃ 'সুতঃ' অধ্বর্য্যুভিষুতঃ ততঃ 'অব্যাবারৈঃ' অবির্লোমৈঃ তৎসম্বন্ধিভিঃ বালৈঃ 'পরিপূতঃ' শোধিতঃ, দশাপবিত্রস্য নাভিপূততয়া ঊর্ণাস্তুকয়া হি সোমঃ পরিপূয়তে ; তদুক্তং ভগবতা আপস্তম্বেন—'শুক্লামূর্ণাস্তুকাং যজমানায় প্রযচ্ছতি তাং শকটে দশাপবিত্রস্য নাভিং কুরুতে শুক্লকৃষ্ণ বাল্যাঃ পাবত্রযোতং ভবতি'—ইতি। 'নদীষু' নদনাস্বপ্সু 'অশ্বো ন' অশ্ব ইব 'নিক্তঃ' নির্ণিক্তঃ শোধিতঃ ; যথা অপ্সু স্নাতো অশ্বঃ অপগতমলঃ সন্ দীপ্তো ভবতি, এবং বসতীবর্য্যাখ্যা-

ভিরষ্টিঃ অভিবৃতঃ সোমো দীপ্তো ভবতীত্যর্থঃ। ঈদৃশো যঃ সোমঃ 'তস্মৈবং'—ইত্যান্বয়ঃ সম্বন্ধঃ। 'ধৌতঃ' - 'ধূতঃ'—ইতি পাঠৌ। (২অ - ২খ—৪সূ—২সা)।

দ্বিতীয় (৭৩৫) সামের মর্ম্মার্থ।

—:§*§:—

এই মন্ত্রের মধ্যে একটী নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে। সাধকগণ তাঁহাদিগের কঠোর তপস্যার দ্বারা, জ্ঞানযুক্ত বিশুদ্ধ সত্ত্বভাব লাভ করিতে পারেন। সত্ত্বভাব সর্ব্বত্রই বিদ্যমান। স্বর্ণ খনিতে থাকে বটে, কিন্তু তাহাকে বিশুদ্ধ পরিষ্কৃত করিতে না পারিলে তদ্দ্বারা মানুষের কোন প্রয়োজন সিদ্ধ হয় না। সেইরূপ সত্ত্বভাব সর্ব্বত্র প্রত্যেক মানুষের হৃদয়ে বর্ত্তমান থাকিলেও কঠোর সাধনা দ্বারা তাহাকে বিকশিত ও বিশুদ্ধ না করিতে পারিলে তদ্দ্বারা সাধক মোক্ষলাভ করিতে সমর্থ হয়েন না। সাধকগণ সেই সত্ত্বভাবকে সাধনাদ্বারা বিশুদ্ধ করিয়া লয়েন। সেই বিশুদ্ধ সত্ত্বভাবের সহিত পরাজ্ঞান সম্মিলিত হয়। সুতরাং সহজেই সাধক অমৃত লাভে সমর্থ হয়েন।

ভাষ্যকার এই মন্ত্রটীকে তাহার পরবর্ত্তী মন্ত্রের সহিত একত্র সংযোজিত করিয়া ব্যাখ্যা করিয়াছেন। আমরা তাঁহার এই মত গ্রহণ করি নাই। আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে দ্রষ্টব্য। (২অ ২খ ৪সূ—২সা)। *

—:•:—

তৃতীয়ং সাম।

২ ৩ ২৩ ২৩ ১ ২ ৩১ ২ ৩১২
তং তে যবং যথা গোভিঃ স্বাদুম্ অকর্ম্ম শ্রীণন্তঃ।
১ ২ ৩ ১ ২৩১২
ইন্দ্র ত্বাস্মিংৎসধমাদে ॥ ৩ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলাধিপতে হে দেব) সাধকাঃ 'যথা' (যদ্বৎ) 'গোভিঃ' (জ্ঞানকিরণৈঃ, জ্ঞানেন সহ ইত্যর্থঃ) 'শ্রীণন্তঃ' (মিশ্রীকুর্ব্বন্তঃ মিশ্রয়িত্বা) 'স্বাদুং' (আস্বাদনীয়ং উপভোগ্যং, মোক্ষসাধকং ইত্যর্থঃ) 'তে' (তব) 'তং' (প্রসিদ্ধং) 'যবং' (বলং, আত্মশক্তিং) লাভায় 'অস্মিন' (অস্মাভিঃ প্রারব্ধে) 'সধমাদে' (সৎকর্ম্মণি) 'ত্বা' (ত্বাং) আরাধয়ামঃ—ইতি শেষঃ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বিতীয় সূক্তের দ্বিতীয় ঋক্ (পঞ্চম অষ্টক, সপ্তম অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)।

প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্র। ভগবৎকৃপয়া বয়ং জ্ঞানসমন্বিতাং মোক্ষসাধিকাং আত্মশক্তিং সৎকর্ম্মসাধনেন লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (২অ ২খ—৪সূ—৩স)॥

• • •

বঙ্গানুবাদ।

বলাধিপতি হে দেব! সাধকগণ যেরূপ জ্ঞানের সহিত সম্মিলিত করিয়া মোক্ষসাধক আপনার প্রসিদ্ধ আত্মশক্তিকে প্রাপ্ত হয়েন, সেইরূপভাবে আত্মশক্তি লাভের জন্য আমাদিগের কর্তৃক প্রারব্ধ সৎকার্য্য আপনাকে আরাধনা করিতেছি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবৎ-কৃপায় আমরা যেন জ্ঞানসমন্বিত মোক্ষসাধক আত্মশক্তি সৎকর্ম্মসাধনের দ্বারা লাভ করিতে পারি।)। (২অ—২খ—৪সূ—৩সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

'তং' পূর্ব্বোক্তগুণং সোমং হে ইন্দ্র! 'তে' ত্বদর্থং 'যবং যথা' যবময়ং সবনীয়—পুরোডাশমিব 'গোভিঃ' গবিভবৈঃ ক্ষীরাদিভিঃ শ্রপণদ্রব্যৈঃ 'শ্রীণন্তঃ' মিশ্রীকুর্ব্বন্তঃ 'স্বাদুং' রসবত্ত্বেনাস্বাদনীয়ং 'অকর্ম্ম' অকার্ষ্ম করোতেলুঙি মন্ত্র ঘস (২।৪ ৮০)—ইতি চ্লের্লুক্) যস্মাদেবং তস্মাৎ হে 'ইন্দ্র'! 'ত্বা' ত্বাং তাদৃশং সোমং পাতুং 'অস্মিন্' বর্ত্তমানে 'সধমাদে' সহমাদনে যজ্ঞে আহ্বয়ামীতি শেষঃ ॥ (২অ—২খ—৪সূ—৩সা)॥

প্রথমাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ সমাপ্তঃ।

* * *

তৃতীয় (৭৩৬) সামের মর্ম্মার্থ।

ভাষ্যকার এই মন্ত্রটীর পদের সহিত পূর্ব্ব মন্ত্রের পদের অন্বয় করিয়া ব্যাখ্যা আরম্ভ করিয়াছেন। কিন্তু এই উভয় মন্ত্রেই সোমরসের কোন উল্লেখ নাই। ভাষ্যে এবং প্রচলিত ব্যাখ্যাদিতে 'সোমরস' অধ্যাহৃত হইয়াছে। কিন্তু তথাপি ব্যাখ্যায় গোলযোগ ঘটিয়াছে। 'শ্রীণন্তঃ' অথবা 'অকর্ম্ম' ক্রিয়াপদের কর্ত্তার কোনও উল্লেখ নাই। সুতরাং ব্যাখ্যাটি অসম্পূর্ণ রহিয়া গিয়াছে। ব্যাখ্যার সঙ্গতির দিকে লক্ষ্য রাখিয়া আমরা 'সাধকাঃ' পদ অধ্যাহার করিয়াছি। সাধকগণই আপনাদের সাধনা দ্বারা মোক্ষপ্রাপক আত্মশক্তি লাভ করিতে পারেন, তাঁহারাই জ্ঞান ও কর্ম্মের সমন্বয় সাধনে সমর্থ।

মন্ত্রের মধ্যে একটী উপমার প্রয়োগে প্রার্থনার স্বরূপ প্রকটিত হইয়াছে। 'সাধকগণ যেরূপ ভাবে মোক্ষসাধক আত্মশক্তি লাভ করেন আমরাও যেন সেইরূপ আত্মশক্তি লাভ করি।'

ইহাই প্রার্থনার মর্ম্ম। কিন্তু আমরা তো দুর্ব্বল হীনশক্তি - আমরা সেই দেববাঞ্ছিত বস্তু পাইবার আশা কিরূপে করিতে পারি! আমাদিগের নিজের কোন শক্তি নাই বটে, কিন্তু দুর্ব্বলের বল ভগবান আছেন - তাঁহার কৃপাই আমাদিগের একমাত্র সম্বল। যাঁহার কৃপায় 'মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিং' সেই পরমপুরুষের চরণে আমরা আমাদিগের প্রার্থনা নিবেদন করিতেছি। তিনি কৃপাপূর্ব্বক আমাদিগের প্রত্যেক সৎপ্রচেষ্টাকে সাফল্য সংযুক্ত করুন, - ইহাই প্রার্থনা।" (২অ-২খ-৪সূ ৩সা)॥ *

চতুর্থ সূক্তস্য গেয়-গানং।

২ র ২ র রS ১ ৭ ২র ২
ইদবণোস্তমন্ধা ৩ এ। পিবাসুপূ ৩ র্ণামুদরৌ। হো ৩ বা।

১র র ৭ ২র ২ ১ ২ ২ ১ ২র১
পিবাসুপূর্ণামুদরৌ। হো ৩ বা। আনাভা ৩ য়ীন্। ররিমাত।

২ ৪ ৫ ২ র র ২ র
ঔ ৩ হোবা॥ (১) নৃভির্দ্ধৌতঃ সুতোঅশ্বা ৩ য়িরে। অব্যা-

র.রS ১ ৭ র ২র ২ ১ র র র ৭ র ২র
বারৈ ৩ঃ পা রিপূতৌ। হো ৩ বা। অব্যাবারৈঃপারিপূতৌ।

২ ১ ২ ২ ১র ২র১ ২ ৪ ৫
হো ৩ বা। আশ্বানা ৩ নী। ক্ষোনদীষ্। ঔ ৩ হোবা॥ (২)

২ র র র ২ র ১ ৭র ২র ২
তন্তেযয়ং যথাগোভা ৩ রে। স্বাদুমকার্শ্মাশ্রীণন্তৌ। হো ৩ বা।

১র ৭র ২র ২ ১ ২ ২ ১
স্বাদুমককর্ম্মাশ্রীণন্তৌ। হো ৩ বা। আইন্দ্রাত্বা ৩ স্মীন্। সধ-

২র ১ ২ ৪ ৫ ৪
আদা। ঔ ৩ হো বা। হে: হু ৫ ঈ। ডা॥ ১'২।৩॥ †

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্বিতীয় সূক্তের তৃতীয়া ঋক্ (পঞ্চম অষ্টক সপ্তম অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)।

† এই সূক্তান্তর্গত তিনটী গেয়-গানের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম, -"গায়ত্র।"

তৃতীয়ঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

৩ ১র　　　　২র　৩ ১　　২
ইদ৺ হি অন্বু ওজসা সুত৺ রাধানাং পতে।
২ ৩　২　１　２
পিবা ত্বা২৩স্য গির্ব্বণঃ ॥ ১ ॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'রাধানাং পতে' (পরমার্থরূপধনানাং স্বামিন্) 'গির্ব্বণঃ' (স্তুতিমন্ত্রৈঃ, অর্চ্চনীয় হে ভগবন্) 'ইদং' (অস্মাকং কর্ম্ম) 'অনু' (অনুসৃত্য) 'ওজসা' (স্বকীয় প্রভাবেন, করুণয়া ইতি ভাবঃ) 'অস্য' (কর্ম্মণঃ, কর্ম্মণা নিঃসৃতং, কর্ম্মণঃ সারভূতং ইতি ভাবঃ) 'সুতং' (শুদ্ধসত্ত্বং) 'তু' (ক্ষিপ্রং, অবিলম্বেন ইতি ভাবঃ) 'হি' (নিশ্চিতং) 'আ' (সর্ব্বতোভাবেন) 'পিব' পানং কুরু, গৃহাণ)। প্রার্থনায়াঃ ভাবঃ—অস্মাকং কর্ম্ম সত্ত্বসমন্বিতং ভবতু; স্বমাহাত্ম্যেন চ ত্বং তৎ গৃহাণ॥ (২অ—৩খ-১সূ-১সা)॥

⁂

বঙ্গানুবাদ।

পরমার্থ-রূপ ধনের অধিপতি, স্তুতি-মন্ত্রের দ্বারা অর্চ্চনীয় হে ভগবন্! আমাদিগের কর্ম্মকে অনুসরণ করিয়া স্বকীয় প্রভাবের দ্বারা অর্থাৎ অনুগ্রহ-পূর্ব্বক এই কর্ম্মের অর্থাৎ কর্ম্ম হইতে সঞ্জাত (কর্ম্মের সারভূত অংশ) শুদ্ধসত্ত্বকে অবিলম্বে সর্ব্বতোভাবে গ্রহণ করুন। (প্রার্থনার ভাব এই যে,—আমাদিগের কর্ম্ম সত্ত্বসমন্বিত হউক এবং আপনি স্বমাহাত্ম্যে তাহা গ্রহণ করুন।)। (২অ—৩খ—১সূ—১সা)॥

⁂

সায়ণ-ভাষ্যং।

হে 'রাধানাং পতে' ধনানাং স্বামিন্! 'গির্ব্বণঃ' গীর্ভিঃ স্তুতিভিঃ বননীয়! হে ইন্দ্র! 'ওজসা' বলেনাবহিতঃ ত্বং 'ইদং অনু' অনেনানুক্রমেণ উদ্দেশানুক্রমেণেত্যর্থঃ, 'সুতং' অভিষুতং 'অস্য' ইমং সোমং 'তু' ক্ষিপ্রং 'পিব হি'॥ (২অ—৩খ ১সূ—১সা)॥

⁂

প্রথম (৭৩৭) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের 'ওজসা' ও 'অনু' পদ উপলক্ষে বিশেষ অর্থ-সমস্যা উপস্থিত হইয়া থাকে। সোমরস মাদকদ্রব্য প্রস্তুতের একটী পদ্ধতি ছিল বলিয়া কথিত হয়। সোমলতা সংগ্রহ করিয়া দুই খণ্ড প্রস্তরে পেষণপূর্ব্বক তাহা হইতে রস বাহির করা হইত। সেই প্রক্রিয়ায় পরিশ্রমের প্রয়োজন ছিল. ভাষ্যকারের এবং ব্যাখ্যাকারগণের সিদ্ধান্ত এই যে,—'ওজসা' পদে সেই রস বাহির করার প্রয়াসকে লক্ষ্য করিতেছে। তাই 'ওজসা' পদের প্রতিবাক্য 'বলেন গ্রাবাভিঃ' পদদ্বয় প্রযুক্ত দেখি· কাল-বিশেষের, সমাজ-বিশেষের, সোমরস-রূপ মাদকদ্রব্য প্রস্তুতের প্রক্রিয়া-বিশেষকে লক্ষ্য করিয়াই এবম্প্রকার অর্থ সমাজে প্রচারিত হইয়া থাকিবে। 'অনু' পদ সেই সিদ্ধান্তেরই পোষক হইয়া দাঁড়াইয়াছে। তদনুসারে মন্ত্রের অর্থ চলিয়া আসিতেছে,—'হে ধনাধিপতি! স্তবে সন্তুষ্ট দেবতা! তোমার উদ্দেশে (অনু) বলের দ্বারা অভিষুত বা প্রস্তুত যে সোম (সুতং), তাহা তুমি শীঘ্র আসিয়া পান কর।' প্রায় সকল ভাষার সকল অনুবাদেই এই ভাব প্রকটিত।

আমরা বলি, এই মন্ত্রে আমাদিগের কর্ম্মের দ্বারা সঞ্জাত কর্ম্মের সারভূত শুদ্ধসত্ত্বকে ভগবানে সমর্পণ করিবার কামনা প্রকাশ পাইয়াছে। মন্ত্রে বলা হইয়াছে,—'আপনার স্বকীয় প্রভাবের দ্বারা অর্থাৎ করুণাপ্রকাশে আমাদিগের কর্ম্মসঞ্জাত শুদ্ধসত্ত্বকে আপনি প্রাপ্ত হউন; অর্থাৎ আমাদিগের কর্ম্মের সহিত আপনার মিলন হউক।' এ পক্ষে ক্লীবলিঙ্গ ইদং' পদ কর্ম্মকে বুঝাইতেছে বলিয়া আমরা সিদ্ধান্ত করি। 'অনু' পদে অনুসরণ করার ভাব আসে। 'ওজসা' পদে 'স্বকীয় প্রভাবের দ্বারা অর্থাৎ স্বমাহাত্ম্যের দ্বারা বা করুণার দ্বারা' ভাব প্রকাশ পায়। সে পক্ষে 'অনু' পদ সেই কর্ম্মের সহিত সম্বন্ধযুত অর্থ প্রকাশ করে। 'আমাদিগের কর্ম্মের দ্বারা যে শুদ্ধসত্ত্বভাব সঞ্জাত হয়, তাহার সহিত দেবতার মিলন হউক' এতদ্রূপ প্রার্থনাই এখানে প্রকাশ পাইয়াছে। মন্ত্রের অন্তর্গত প্রতি পদই এই অর্থের সহায়তা করে। (২অ—৩খ ১দ ১সা)।

দ্বিতীয় সাম।

২ ৩ ১ ৩ ৩ ১র ২র ৩ ১র ২র ৩ক৩র
যত্তে অনু স্বধাং অসৎ সুতে নিযচ্ছ তন্বম্।
১ ২
স ত্বা মমত্তু সোম্য ॥ ২ ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ ৬খ—৬দ ১সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার তৃতীয় মণ্ডলের একপঞ্চাশত্তম সূক্তের দশমী ঋক্ (তৃতীয় অষ্টক তৃতীয় অধ্যায় ষোড়শ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

হে দেব! 'তে' (তব) 'যঃ' (যঃ সত্ত্বভাবঃ) 'অসৎ' (ভবতি) 'স্বধাং' (সুমঙ্গলদায়কং—তং সত্ত্বভাবং ইতি যাবৎ) 'অনু' (অনুপ্রযচ্ছ, অস্মভ্যং প্রযচ্ছ ইত্যর্থঃ) ; 'সুতে' (বিশুদ্ধে সত্ত্বে যে) অস্মাকং 'তন্বং' (শরীরোপলক্ষিতং হৃদয়ং, সমগ্রসত্তাং ইত্যর্থঃ ; 'নিযচ্ছ' (প্রেরয়, নিমজ্জয়) অস্মান্ সত্ত্বভাবপূর্ণান্ কুরু ইত্যর্থঃ ; 'সোম্য' (সত্ত্বাধিপতে হে দেব) 'সঃ' (অস্মাকং হৃদয়স্থিতঃ সঃ সত্ত্বভাবঃ) 'ত্বা' (ত্বাং) 'মমত্তু' (মাদয়তু, আনন্দং প্রযচ্ছতু, প্রীণয়তু ইত্যর্থঃ) ; প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবৎকৃপয়া মোক্ষলাভায় বয়ং সত্ত্বভাবপূর্ণাঃ ভবেম ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (২অ ৩খ—১সূ ২সা) ॥

⁂

বঙ্গানুবাদ ।

হে দেব! আপনার যে সত্ত্বভাব আছে, মঙ্গলদায়ক সেই সত্ত্বভাব আমাদিগকে প্রদান করুন; বিশুদ্ধ সত্ত্বভাবে আমাদিগের সমগ্র সত্তাকে নিমজ্জিত করুন অর্থাৎ আমাদিগকে সত্ত্বভাব পূর্ণ করুন; সত্ত্বাধিপতি হে দেব! আমাদিগের হৃদয়স্থিত সেই সত্ত্বভাব আপনাকে প্রীত করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবৎকৃপায় মোক্ষলাভ কামনার জন্য আমরা যেন সত্ত্বভাবপূর্ণ হই।)। (২অ—৩খ—১সূ—২সা)।

⁂

সায়ণ-ভাষ্যং ।

হে ইন্দ্র! 'তে' ত্বদর্থং 'যঃ' সোমঃ 'স্বধাং' অন্নং 'অনু' অনুসৃত্য প্রাপ্তিঃ অভিষুতঃ 'অসৎ' ভবেৎ অস্তের্লেট্যাডাগমঃ। যদ্বৃত্তযোগান্নিঘাতঃ (৮।১।৬৬) আগমস্যানুদাত্তত্বে ধাতুস্বরঃ (৬।১।১৬২)। 'সুতে' তস্মিন্ সোমে 'তন্বং' স্বকীয়ং শরীরং 'নিযচ্ছ' প্রেরয় 'সঃ' সোমঃ হে 'সোম্য' সোমার্হ! 'ত্বা' ত্বাং 'মমত্তু' মাদয়তু ॥ (২অ—৩খ—১সূ—২সা)॥

⁂

দ্বিতীয় (৭-৮) সামের মর্ম্মার্থ।

ভগবদারাধনার প্রধান উপচার—সত্ত্বভাব। সেই সত্ত্বভাব ভগবানের কৃপায় লাভ করা যায়। তাঁহার প্রদত্ত সত্ত্বভাবের দ্বারাই তাঁহার পূজা করিতে হয়। মানুষের নিজের বলিতে তো কিছুই নাই—তাই গঙ্গাজলেই গঙ্গাপূজা করিতে হয়।

ভগবান্ মানুষের হৃদয় দেখেন। বিশুদ্ধ হৃদয়ে, পবিত্রভাবে আরাধনা করিলে মানুষ তাঁহার কৃপালাভ করিতে পারে। পাপাসক্ত, কলুষিতমতি মানুষ, মোহমায়ায় বিভ্রান্ত হইয়া জীবনের শ্রেষ্ঠতম উদ্দেশ্য ভুলিয়া থাকে। ভগবানের কৃপায় তাঁহার হৃদয়ে সত্ত্বভাবের সঞ্চার হইলে তিনি আপনার জীবনের কর্ত্তব্য বুঝিতে পারেন, ভগবানের আরাধনায় আত্মনিয়োগ

করেন—জীবনের যাহা কিছু শ্রেষ্ঠ ও পবিত্র তাহা ভগবানে সমর্পণ করেন। এই প্রেরণা, এই শ্রেষ্ঠতম বস্তু সত্ত্বভাব, তাঁহারই দান। তাঁহার দানই তিনি গ্রহণ করেন। তাঁহার কৃপা ব্যতীত মানুষের আর কিছুই নাই, যদ্দ্বারা ভগবানের পূজা করা যায়। তাই ভাবী সাধক গাহিতেছেন—

"কি দিয়ে পূজিব ব্রহ্মময়ি!
(আমি) দেখিনা ব্রহ্মাণ্ডে কিছু আছে যে না তোমা বই॥
ব্রহ্মা হতে পরমাণু সকলি তোমার অঙ্গ (মাগো),
অন্য বস্তু ত্রিভুবনে তোমা বিনে পাব কই॥"

সত্যই তো! তিনি ব্যতীত জগতে তো আর কিছুই নাই! তাই তাঁহাকে পাইবার জন্য তাঁহারই চরণে প্রার্থনা নিবেদন করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদের মতানৈক্য ঘটিয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "হে ইন্দ্র! তোমার অশ্বের জন্য যে সোম (অভিষুত) হইয়াছে, সেই অভিষুত সোমে শরীর নিমগ্ন কর। তুমি সোমার্হ সোম তোমাকে হৃষ্ট করুক।" শুধু মদ্যপান মত্ত-মদে একেবারে ডুবিয়া যাইবার জন্য দেবতাকে আহ্বান করা হইয়াছে! যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতে বিবৃত হইয়াছে। (২অ ৩খ ১স ২সা)।

—— ০ ——

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২
প্র তে অশ্নোতু কুক্ষ্যোঃ প্র ইন্দ্র ব্রহ্মণা শিরঃ।
২ ৩ ১ ২ ৩ ২
প্র বাহূ শূর রাধসে॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলাধিপতে হে দেব) 'তে' (তব—সত্ত্বভাবঃ ইতি যাবৎ) অস্মাকং 'কুক্ষ্যোঃ' (কুক্ষেঃ উভয়োঃ পার্শ্বয়োঃ), 'প্রাশ্নোতু' (ব্যাপ্নোতু), 'ব্রহ্মণা' (স্তোত্রেণ সহ, প্রার্থনাসমন্বিতঃ—সঃ সত্ত্বভাবঃ ইতি যাবৎ) অস্মাকং 'শিরঃ' (শিরদেশং, শ্রেষ্ঠাঙ্গং). 'প্র' (প্রাশ্নোতু, প্রাপ্নোতু); 'শূর' (হে বীর, সর্ব্বশক্তিমন্ হে দেব) 'রাধসা' (ধনেন, পরমধনপ্রাপ্ত হেতুনা), সঃ সত্ত্বভাবঃ অস্মাকং 'বাহূ' (করৌ, হস্তৌ) 'প্র' (প্রাপ্নোতু); অস্মাকং সদা সত্ত্বভাবে নিমজ্জিতা ভবন্তু, বয়ং সর্ব্বতোভাবেন সত্ত্বভাবপূর্ণাঃ ভবেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—৩খ ১স ৩সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার তৃতীয় মণ্ডলের একপঞ্চাশত্তম সূক্তের একাদশী ঋক্ (তৃতীয় অষ্টক, তৃতীয় অধ্যায়, ষোড়শ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

বলাধিপতি হে দেব! আপনার সত্ত্বভাব আমাদিগের কুক্ষির উভয় পার্শ্বে ব্যাপ্ত হউক; প্রার্থনাসমন্বিত সেই সত্ত্বভাব আমাদিগের শ্রেষ্ঠাঙ্গ শিরোদেশকে প্রাপ্ত হউক; সর্ব্বশক্তিমন্ হে দেব! পরমধন লাভের জন্য সেই সত্ত্বভাব আমাদিগের হস্তদ্বয়কে প্রাপ্ত হউক। (প্রার্থনার ভাব এই যে,—আমাদিগের সত্তা সত্ত্বভাবে নিমজ্জিত হউক, আমরা যেন সর্ব্বতোভাবে সত্ত্বভাব পূর্ণ হই)। (·অ—৩খ— সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্র'! 'সঃ' সোমঃ 'তে' তব 'কুক্ষ্যোঃ' কুক্ষেরুভয়োঃ পার্শ্বয়োঃ 'প্রাশ্নোতু' প্রকর্ষেণ ব্যাপ্নোতু; অশূ ব্যাপ্তাবিত্যস্য (স্বা০ আ০) লোটি ব্যত্যয়েন পরস্মৈপদং (৩.১.৮৫) সিষাতঃ (৮।২।৭০) তথা 'ব্রহ্মণা' স্তোত্রেণ সহিতঃ স সোমঃ 'শিরঃ' শরীরং অবয়বিনা অবয়বো লক্ষ্যতে তচ্ছরীরং প্রাপ্নোতু। হে 'শূর' বিক্রান্তেন্দ্র! 'রাধসা' ধনেন নিমিত্তেন তব 'বাহূ' অপি প্রাপ্নোতু। রাধসা'—'রাধসঃ' ইতি পাঠৌ। (২অ ৩খ—২হ ৩সা)।

* * *

তৃতীয় (৭৩৯) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটীতেও পূর্ব্বমন্ত্রের ভাবই বিশেষভাবে প্রকাশিত হইয়াছে। সেই ভাব—শুদ্ধসত্ত্ব লাভের জন্য প্রার্থনা। পূর্ব্ব মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে "বিশুদ্ধ সত্ত্বভাবে আমাদিগের সমগ্র সত্তাকে নিমজ্জিত করুন" বর্ত্তমান মন্ত্রেও সেই ভাবই প্রকাশিত হইয়াছে—অন্যবিধ ভাষার মধ্য দিয়া। এই মন্ত্রে শরীরের প্রত্যেক অঙ্গপ্রত্যঙ্গের উল্লেখ থাকায় প্রার্থনার দৃঢ়তা জ্ঞাপিত হইতেছে। এই অঙ্গপ্রত্যঙ্গ সমগ্র সত্তা বুঝাইবার উপায় মাত্র। 'মস্তকে অথবা বাহুতে সত্ত্বভাব সঞ্চারিত হউক'—এই প্রার্থনা দ্বারা অবশ্য নির্দ্দিষ্ট কোন বিশেষ অঙ্গকে বুঝাইতেছে না। অবয়বের দ্বারা অবয়বীকে লক্ষ্য করিতেছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রটী পূর্ব্ব মন্ত্রের ন্যায় ভিন্নরূপ পরিগ্রহ করিয়াছে। এখানেও মন্ত্রে দেবতাকে মদ্য পানের জন্য প্রার্থনা করা হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "হে ইন্দ্র! উহা তোমার কুক্ষিদ্বয়ে ব্যাপ্ত হউক, উহা স্তোত্রের সহিত তোমার শরীরে ব্যাপ্ত হউক। হে শূর! ধনদানের জন্য তোমার বাহুদ্বয়ে ব্যাপ্ত হউক।" দেবতা সোমরসে আকণ্ঠ নিমগ্ন থাকুন, কিন্তু একটা কথা আমরা বুঝিতে অসমর্থ। তাহা এই যে,—মদ্য 'প্রার্থনার সহিত' শরীরে ব্যাপ্ত হয় কিরূপে? আবার ধনদানের জন্য

বাহুদ্বয়েই বা ব্যাপ্ত হয় কিরূপে? এই ব্যাখ্যায় কোন অর্থসঙ্গতি লক্ষিত হয় কি? যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যার বিবৃত হইয়াছে॥ (২-৫খ—১সূ-৩সা)।*

—*—

প্রথমসূক্তস্য গেয়-গানং॥

২ ২র ১ ২ ১ ২র র ২
ইদ৺ হ্যনু ৩ ওজসা। সুত৺রাধা। নাম্পাতৌ। হোবা ৩ হায়ি।

১ ২ ১ ২র র ২ ১ ২র
পিবাতুব। গির্ব্বায়ির্ব্বাণৌ। হোবা ৩ হায়ি। পিবাতুবৌ।

র ২ ১ A ৩ ৫র র
হোবা ৩ হা। গির্ব্বায়িঃ। বা ২ ণা ২ ৩ ৪ ঔহোবা॥ (১)

২ র ২র ১ ২ ১ ২র র
যস্তেঅনুস্বা ৩ ধামসাৎ। সুতায়িনিয়। চ্ছতান্নুবম্মৌ। হোবা

২ ১ ২ ১ ২র র ২ ১
৩ হায়ি। সত্বামম। তুসোমায়ৌ। হোবা ৩ হায়ি। সত্বা-

২র র ২ ১র A ৩ ৫র র
মামৌ। হোবা ৩ হা। তুসো। মা ২ য়া ২ ৩ ৪ ঔহোবা॥

২ র র ২ ১ ২ ১ ২র
(২) প্রতেঅশ্নো তু৩কুক্ষ্যোঃ। প্রায়িন্দ্রব্র। হ্মণাশায়িরৌ।

র র ১ ২ ১ ২র র ২
হোবা ৩ হায়ি। প্রবাহূশূ। ররাধাসৌ। হোবা ৩ হায়ি।

১ ২র র ২ ১র A ৩ ৫র র
প্রবাহূশৌ। হোবা ৩ হা। ররা। ধা ২ সা ২ ৩ ৪ ঔহোবা।

২ ১ ৩ ১ ১ ১ ১
ঘৃতশ্চ্যুতা ২ ৩ ৪ ৫ : (৩)। ১'২'৩॥ গী†

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার তৃতীয় মণ্ডলের একপঞ্চাশত্তম সূক্তের দ্বাদশী ঋক্ (তৃতীয় অষ্টক, তৃতীয় অধ্যায়, ষোড়শ বর্গের অন্তর্গত)।

† এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম,—"ঘৃতশ্চ্যুন্নিধনম্."

প্রথমং সাম।

২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২র
আ ত্বেভা নিষীদত ইন্দ্রং অভি প্র গায়ত।
১ ২ ৩ ১ ২
সখায় স্তোমবাহসঃ ॥ ১ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'স্তোমবাহসঃ' (স্তোত্রবাহকাঃ, স্তুতিকারকাঃ) 'সখায়ঃ' (সখিস্বরূপাঃ, ভগবতা সহ সখ্যভাবেন মিলিতাঃ, হে মম চিত্তবৃত্তিনিবহাঃ) 'আ তু আ ইত' (ক্ষিপ্রমাগচ্ছত, যূয়ং ভগবন্ন্যস্তচিত্তাঃ ভবত ইতি ভাবঃ), 'নিষীদত' (একাগ্রচিত্তেন উপবিশত, ভগবৎসামীপ্যগামিনো ভবত ইতি ভাবঃ); তথা 'ইন্দ্রং' (ভগবন্তং ইন্দ্রদেবং) 'অভি প্রগায়ত' (সর্ব্বতঃ প্রকর্ষেণ স্তুত) যূয়মিতি শেষঃ। অয়ং মন্ত্রঃ আত্মোদ্বোধনমূলকঃ। অস্মাকং চিত্তবৃত্তিঃ সর্ব্বথা ভগবৎপরায়ণাঃ ভবতু—ইতি ভাবঃ। (২অ—৩খ-২সূ-১সা)।

• • •

বঙ্গানুবাদ।

স্তোমবাহক (স্তুতিকারক), সখিস্বরূপ (ভগবানের সহিত সখ্যভাবে মিলিত) হে আমার চিত্তবৃত্তিনিবহ! তোমরা সত্বর আগমন কর (ভগবানে ন্যস্তচিত্ত হও); একাগ্রচিত্তে উপবেশন কর (ভগবৎসামীপ্যগামী হও); এবং ভগবান্ ইন্দ্রদেবতার স্তুতি-গানে সর্ব্বতোভাবে নিবিষ্টচিত্ত হও (মন্ত্রটী আত্মোদ্বোধনমূলক। ভাব এই যে,—আমাদের চিত্তবৃত্তি সর্ব্বথা ভগবৎপরায়ণ হউক)। (২অ—৩খ—২সূ—১সা)।

• • •

সায়ণ-ভাষ্যং।

'তু' শব্দঃ ক্ষিপ্রার্থো নিপাতঃ, দ্বাভ্যামঙ্ভ্যাং শব্দোহভ্যসনীয়ঃ। হে 'সখায়ঃ' ঋত্বিজঃ! ক্ষিপ্রং আস্মন্ কর্ম্মণি আগচ্ছত আগচ্ছত (আদরার্থে দ্বিভাবঃ)। আগত্য চ 'নিষীদত' উপবিশত। উপবিশ্য চ 'ইন্দ্রং' 'অভিপ্রগায়ত' সর্ব্বতঃ প্রকর্ষেণ স্তুত। কীদৃশাঃ সখায়ঃ? 'স্তোমবাহসঃ' ত্রিবৃৎ পঞ্চদশাদিস্তোমানাস্মন্ কর্ম্মণি বহন্তি প্রাপয়ন্তীতি। অর্ত্তি-স্তু-সু-হু-সৃ-ধৃ-ক্ষি-ক্ষু-ভা-যা-বা-পদি-যক্ষি-নীভ্যো মন্ (উ০ ১।১৩৭) ইতি স্তোতের্ম্মন্ প্রত্যয়ান্তঃ স্তোমশব্দো নিত্যাদাদ্যুদাত্তঃ (৬।১।১৯৭)। স্তোমং বহন্তীতি স্তোমবাহসঃ 'বহি-হা-ধাঞ্-বৃত্তাশ্ছন্দসি'—ইত্যসুন্ প্রত্যয়ঃ। তত্র ণিদ্বত্তানুবৃত্তেঃ 'অত উপধায়াঃ (৭।২।১১৬) ইত্যুপধায়া

বৃদ্ধিঃ। কৃদুত্তরপদপ্রকৃতিস্বরত্বে (৬.২.১৩৯) প্রাপ্তে 'গতিকারকয়োরপি পূর্বপদপ্রকৃতিস্বরত্বঞ্চ (উ. ৪.২২৬) ইত্যৌণাদিকসূত্রাৎ সমাস আদ্যুদাত্তঃ ॥৭॥

* * *

প্রথম (৭৪০) সামের মর্ম্মার্থ।

সাধারণ দৃষ্টিতে প্রতীত হয়,—এই মন্ত্র যেন ঋত্বিক্ ও যজমানগণের কথোপকথনের উদ্দেশ্যে প্রযুক্ত হইয়াছে। বুঝা যায়,—যজ্ঞের অনুষ্ঠান করিয়া যজমান যেন ঋত্বিকগণকে আহ্বান করিতেছেন; কহিতেছেন,—'হে স্তবকারী ঋত্বিগগণ! যজ্ঞের সমস্ত উপকরণ প্রস্তুত। এক্ষণে আপনারা যজ্ঞস্থলে আগমন করিয়া যথানির্দ্দিষ্ট স্থানে উপবেশন করুন এবং ইন্দ্রদেবতার উদ্দেশ্যে স্তব পাঠ করুন।' ভাষ্যকারের টীকার অনুসরণে স্থূলতঃ মন্ত্রের এইরূপ অর্থই নিষ্পন্ন হইয়া থাকে; আর এইরূপ অর্থই অধুনা সাধারণ্যে প্রচলিত দেখিতে পাই।

কিন্তু মন্ত্রের অন্তর্গত "স্তোমবাহসঃ" এবং "সখায়ঃ" পদদ্বয়ের বিশ্লেষণে মন্ত্রের অন্য অর্থ উপলব্ধ হয়। মন্ত্রের "স্তোমবাহসঃ" পদের অর্থ নিষ্পন্ন করা হইয়াছে,—যাঁহারা স্তোম (স্তবস্তুতি) বহন করেন। কিন্তু স্তোম বা স্তুতি ভগবৎসমীপে বহন করে কে? সাধারণ ঋত্বিক্ বা সাধারণ যজ্ঞকারী কি ভগবানের নিকট স্তবস্তুতি বহন করিয়া লইয়া যাইতে পারেন? কখনই না। তবে কাহার উদ্দেশে কি ভাব এখানে অভিব্যক্ত? হৃদয়েশ্বরের নিকট হৃদয় আমার বক্তব্য বহন করিয়া লইয়া যাইবে; মনোময়ের সান্নিধ্যে মনের অভিব্যক্তি ঘটিবে; আমার চিত্তবৃত্তিসমূহ দৌত্যকার্য্য করিবে;—এই ভাবই এখানে পরিস্ফুট দেখি না কি? তাঁহার নিকট পৌঁছিতে পারে—এমন ভাবে, তাঁহার স্তুতি, তাঁহার গুণগান কে করিতে পারে? সে স্তব তিনিই করিতে পারেন,—যিনি সম্যক্‌প্রকারে তাঁহার স্বরূপ উপলব্ধি করিতে পারিয়াছেন, যাঁহার চিত্তবৃত্তি তাঁহাতে ন্যস্ত হইয়াছে,—যিনি তাঁহার সহিত মিলিত হইয়া সখিস্বরূপ হইয়াছেন। শ্রুতি বলিয়াছেন,—

"যো বিদ্যাৎ সূত্রং বিততং যস্মিন্নোতাঃ প্রজা ইমাঃ।
সূত্রং সূত্রস্য যো বিদ্যাৎ স বিদ্যাদ্‌ব্রাহ্মণং মহৎ॥"

অর্থাৎ,—যে সূত্রে প্রজা-সকল গ্রথিত আছে, সেই বিস্তৃত সূত্রকে, সূত্রের সূত্রকে যিনি জানেন, তিনি সেই মহৎ ব্রহ্ম-সম্বন্ধীয় জ্ঞান অবগত আছেন।

যাঁহার এই জ্ঞান জন্মিয়াছে, তিনিই ব্রহ্মের স্বরূপ উপলব্ধি করিতে সমর্থ হইয়াছেন। যাঁহার চিত্তবৃত্তি তাঁহার প্রতি প্রধাবিত ও ন্যস্ত হয়, এ স্বরূপ উপলব্ধির সামর্থ্য তাঁহাতেই সম্ভব।

শ্রুতি (কঠোপনিষৎ) আরও বলিয়াছেন,—

"নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনূং স্বাম্॥"

অর্থাৎ,—'অনেক উত্তম বাক্য প্রয়োগে, অথবা মেধা বা বহু শ্রবণে পরমাত্মাকে লাভ করা যায় না। যে সাধক তাঁহাকে প্রার্থনা করেন, তিনিই তাঁহাকে লাভ করিয়া থাকেন। সেই সাধকের নিকট পরমাত্মা আত্মস্বরূপ প্রকাশ করেন।'

তবেই বুঝা যায়,—তাঁহাকে জানা চাই, তাঁহাতে লীন হওয়া চাই; তাঁহাকে পাওয়া চাই। তাহাতেই তাঁহার স্তুতি তাঁহার নিকট পৌঁছিতে পারে। কিন্তু কেমনে জানিব—কেমনে পাইব—কেমনে মিলিব? আবশ্যক—আকাঙ্ক্ষা—অনুধ্যান অনুসরণ; আবশ্যক—চিত্তবৃত্তির বিনিবেশ। চাই—আকুল আকাঙ্ক্ষা; চাই—ঐকান্তিক অনুধ্যান; চাই—অনাবিল অনুস্মরণ; চাই—চিত্তবৃত্তির সখিত্ব। প্রাণে আকুল আকাঙ্ক্ষা না জন্মিলে, তাঁহার অনুধ্যানে তাঁহার অনুস্মরণে প্রাণ-মন উৎসর্গ করিতে না পারিলে, চিত্তবৃত্তিসমূহ তাঁহার প্রতি প্রধাবিত না হইলে, তাঁহার স্বরূপজ্ঞান কেহ লাভ করিতে পারে কি? যাঁহারা সে জ্ঞান লাভ করিয়াছেন, সেই তদ্গতচিত্তাত্মা পুরুষই তাঁহার স্বরূপ উপলব্ধি করিতে পারিয়াছেন। তাঁহার স্বরূপ উপলব্ধি করিতে পারিয়াছেন বলিয়াই তাঁহারা তাঁহার স্বরূপ-বর্ণনে সমর্থ। আর সেই জন্যই তাঁহারা সেই চিৎস্বরূপের গুণগানে সক্ষম। স্বরূপ না বুঝিলে, স্বরূপ-বর্ণনে কে বল সমর্থ হয়? মন্ত্রে সেই অবস্থাকেই লক্ষ্য করা হইয়াছে।

চিত্তবৃত্তিসমূহ 'স্তোমবাহসঃ' হইলেই "সখায়ঃ" সখাস্বরূপ হয়। সেই অবস্থাই পরম ভক্তের অবস্থা। ভক্ত ভিন্ন সাধক ভিন্ন তাঁহার সখিত্ব কে লাভ করিতে পারে? ভক্তের ভগবান্ বলিয়াও তিনি ভক্তসখা। ভক্তিতেই মুক্তি ভক্তিতেই সখ্যতা।

শ্রীভগবান তাই নারদের প্রশ্নোত্তরে বলিয়াছিলেন,—

"নাহং তিষ্ঠামি বৈকুণ্ঠে যোগিনাং হৃদয়ে ন চ। মদ্ভক্তঃ যত্র তিষ্ঠন্তি তত্র তিষ্ঠামি নারদ।"

তিনি বৈকুণ্ঠেও থাকিতে পারেন না; তিনি যোগীদিগের হৃদয়েও থাকিতে পারেন না। ভক্তের হৃদয়েই তাঁহার অবস্থান। ভক্তের হৃদয়েই তিনি পূর্ণ-প্রতিষ্ঠিত। যাঁহারা ভক্ত, যাঁহারা সাধক, তাঁহারাই স্বরূপ বুঝিয়াছেন তাঁহারাই যথার্থ স্তবগানে সমর্থ।

মন্ত্রের উদ্বোধনা, "হে আমার চিত্তবৃত্তিনিচয়! তোমরাই তো আমার হৃদয়ে মানসযজ্ঞে যাগোপকরণ রূপে প্রস্তুত। তোমারই স্তোমবাহ, তোমারই সখা, তোমরাই তাঁহার স্বরূপ উপলব্ধি করিতে সমর্থ; তোমরাই তাঁহার সহিত সখিত্ব স্থাপন করিতে পার। এস, প্রস্তুত হও; ভগবৎচরণে পুষ্পাঞ্জলি প্রদান কর। (২ ৩খ ২সূ ১সা)॥ *

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২
পুরূতমং পুরূণাং ঈশানং বার্য্যাণাম্।
২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
ইন্দ্রং সোমে সচা সুতে ॥ ২ ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (২অ ৫খ ৫দ ১০সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ সংহিতার প্রথম মণ্ডলের পঞ্চম সূক্তের প্রথমা ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায় নবম বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মম মনোবৃত্তিনিবহাঃ! যুষ্মাকং 'সোমে' (ভক্তিসুধায়াং) 'সুতে' (অভিষুতে, সংস্কৃতে সতি) যূয়ং 'স চা' (সমবায়েন) 'পুরূতমং' (পুরূন্ বহূন্ শত্রূন্ তাময়তি নাশয়তীতি পুরূতমং, অনেকরিপুধ্বংসকং, সকলশত্রুনাশকং) 'পুরূণাং' (বহূনাং) 'বার্য্যাণাং' (বরণীয়ানাং ধনানাং) 'ঈশানং' (স্বামিনং, প্রভুং, নেতারং) 'ইন্দ্রং' (ইন্দ্রদেবং, ভগবন্তং) 'প্রগায়' (স্তবং কুরুত, আরাধয়ত)। আত্মোদ্বোধনসূচকোঽয়ং মন্ত্রঃ। অস্মাকং সর্ব্বাঃ মনোবৃত্তয়ঃ ভগবদভিমুখিন্যো ভবন্তু। ইতি ভাবঃ। (২অ—২খ ৪সূ—২সা) ॥

* *

বঙ্গানুবাদ।

হে আমার মনোবৃত্তিসমূহ! তোমাদিগের ভক্তিসুধা অভিষুত হইলে (তোমাদিগের মধ্যে বিশুদ্ধা ভক্তির উদয় হইলে), তোমরা একাত্ম হইয়া, পুরুতম (সকল শত্রুবিনাশকারী) এবং শ্রেষ্ঠ ধনের অধিপতি (পরম ঐশ্বর্য্যশালী) ইন্দ্রদেবের (ভগবানের) স্তুতি-গানে (আরাধনায়) প্রবৃত্ত হও (মন্ত্রটী আত্মোদ্বোধনসূচক। ভাব এই যে,—আমাদিগের সকল মনোবৃত্তি ভগবদভিমুখী হউক)। (২অ—২খ—২সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

সখায়োঽভিপ্রগায়তেতি পদত্রয়মত্রাপ্যনুবর্ত্ততে। হে 'সখায়ঃ' ঋত্বিজঃ! সচা যূয়ং সর্ব্বে সহ যদ্বা সচা পরস্পরসমবায়েন 'সুতে' অভিষুতে সোমে প্রবৃত্তে সতি 'ইন্দ্রং' অভিপ্রগায়ত। কীদৃশমিন্দ্রং? 'পুরূতমং' পুরূন্ বহূন্ শত্রূন্ তাময়তি গ্লাপয়তীতি পুরূতমঃ। তমু গ্লানৌ (দি০। প০) ইতি ধাতোর্ণ্যন্তাৎ পচাদ্যচ্ চিত্বাদন্তোদাত্তেঽপি (৬।১।১৬৩) কৃদুত্তরপদপ্রকৃতিস্বরং (৬।২।১৩) বাধিত্বা 'সত্যাদিশ্ছন্দসি বহুলং (৬।১। ১৯৯)'—ইত্যুত্তরপদাদ্যুদাত্তত্বং। 'পুরূণাং' বহূনাং 'বার্য্যাণাং' বরণীয়ানাং ধনানাং 'ঈশানং' স্বামিনম্। (২অ—৩খ—২সূ—২সা) ॥

* * *

দ্বিতীয় (৭৪১) সামের মর্ম্মার্থ।

—:০:—

এই মন্ত্রের প্রচলিত অর্থে এখানে যেন ঋত্বিকগণকে 'সখা' সম্বোধনে বলা হইতেছে—'এই সোমরস (মাদকদ্রব্য) প্রস্তুত হইলে, হে ঋত্বিকগণ, তোমারা ইন্দ্রদেবের স্তুতিগানে তাঁহাকে আহ্বান কর।'

কিন্তু আমাদের অর্থ অন্য প্রকার হইল। আমরা মনে করি, এখানে মনোবৃত্তি সমূহকে ভগবদভিমুখী করিবার জন্য আত্মোদ্বোধনের ভাব প্রকাশ পাইতেছে।

সংসার স্বার্থ বিমুগ্ধ। বিনা উদ্দেশ্যে—বিনা প্রয়োজনে, সে কোনও কার্য্যেই প্রবৃত্ত হয় না। এতই স্বার্থান্ধ সে যে, ব্রহ্মের ব্রহ্মত্বেও সে তাহার মনের মত প্রয়োজন আরোপ করিয়া বসে। শ্রুতি তাই বলিয়াছেন,—"ন বা অরে পত্যুঃ কামায় পতিপ্রিয়ো ভবতি আত্মনস্তু কামায় পতি প্রিয়ো ভবতি।" সচরাচর দেখিতে পাই,—প্রয়োজন বা উদ্দেশ্য ভিন্ন কেহ কোনও কার্য্যে প্রবৃত্ত হয় না। সকলেই প্রবৃত্ত-কর্ম্মের দাস; নিবৃত্ত কর্ম্মে কাহারও প্রবৃত্ত নাই।

কিন্তু প্রবৃত্ত কর্ম্মের মধ্য দিয়াই নিবৃত্ত কর্ম্মে উপনীত হইতে হইবে। স্বার্থ সাধনের মধ্য দিয়াই পরার্থ-সাধনের উচ্চ আদর্শ প্রতিষ্ঠা করিতে হইবে। কর্ম্ম করিতে করিতেই কর্ম্মত্যাগ করিতে হইবে। বেদের প্রতি সূক্তের প্রতি মন্ত্রে প্রায় সেই প্রয়াসেরই পরিচয় পাই।

কর্ম্ম, জ্ঞান ভক্তি—ভগবৎ-প্রাপ্তির এই ত্রিবিধ পন্থা শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে। সেই তিনের মধ্যে আবার কর্ম্ম প্রধান। কর্ম্ম ভিন্ন জ্ঞান জন্মে না; জ্ঞান ভিন্ন ভক্তির উদয় হয় না। সকলেরই মূল কর্ম্ম। সেই জন্য সকল শাস্ত্রেই কর্ম্মের মাহাত্ম্য পরিকীর্ত্তিত; সেই জন্য, সংসারকে কর্ম্মানুসারী করিবার উদ্দেশ্যে শাস্ত্রের অশেষ প্রয়াস—অশেষ প্রযত্ন দেখিতে পাই।

শাস্ত্র বলিয়াছেন,—কর্ম্মই ধর্ম্ম। কর্ম্মই তাঁহাকে পাইবার একমাত্র পন্থা। ফলমাত্রই যখন কর্ম্মের অনুসারী, আর ফললাভ-কামনাই যখন মানুষের স্বভাবসিদ্ধ, তখন কর্ম্মের অনুগমন ভিন্ন সংসারীর প্রকৃষ্ট পন্থা আর কি আছে? নির্ব্বাণই বল, মুক্তিই বল, ভগবৎ-সামীপ্যই বল,—কর্ম্ম হইতেই সকল পথ প্রশস্ত হয়। তাই সংসারী জীবকে কর্ম্মঠ করিয়া তাহাকে তাঁহার সামীপ্য লাভের উপযুক্ত করিবার জন্যই, ভগবানের যত কিছু প্রয়াস। অনন্ত-কর্ম্মী তিনি; তাই জ্যোতির্ম্ময় তরুণ-অরুণ রূপে বিকাশ পাইয়া তিনি সংসারী জীবকে কর্ম্মশিক্ষা প্রদান করিতেছেন।

কর্ম্ম আবার উৎকর্ষের অনুসারী। প্রকৃতির কর্ম্ম স্রষ্টার সৃষ্টি-সৌন্দর্য্যের উৎকর্ষ সাধন। সেই উৎকর্ষ সাধন জন্যই প্রকৃতি কর্ম্মনিরত রহিয়াছে। পূর্ণতা-সাধনই প্রকৃতির কর্ম্মের অন্তর্ভুক্ত। সেই সূত্র ধরিয়া কর্ম্ম করিয়া যাইতে পারিলেই, তাহার অনুবর্ত্তী হওয়া যায়। সেই কর্ম্ম সূত্র যাহাতে সরল সুগম হয়, শাস্ত্রে তাহার অশেষ প্রয়াস আছে। সেই জন্যই, সেই কর্ম্ম-সূত্র সরল সুগম করিবার অভিপ্রায়েই, ভগবানের বিভিন্ন মূর্ত্তির—বিভিন্ন নামের কল্পনা হইয়া থাকে। তাই তিনি প্রেমময় তাই তিনি প্রেমস্বরূপ। তাঁহার প্রতি প্রেমানুরাগী হইয়া মানুষ যে কর্ম্মের অনুষ্ঠান করিবে, সেই কর্ম্মই কর্ম্ম, সেই কর্ম্মই—ধর্ম্ম। তদ্ভিন্ন কর্ম্ম নাই; তদ্ভিন্ন ধর্ম্ম নাই

মন্ত্রে, সেই কর্ম্মের প্রাধান্য কীর্ত্তনের সঙ্গে সঙ্গে জ্ঞান ও ভক্তির মাহাত্ম্যও পরিকীর্ত্তিত হইয়াছে। মন্ত্রে বলা হইয়াছে—"সোমে সুতে"; অর্থাৎ সোমসুধা (ভক্তিসুধা) অভিষুত হইলে। সোমসুধা—ভক্তিসুধা অভিষুত হয়—কিরূপে? যখন সেই ভক্তি—ঐকান্তিকী ভক্তি বা অনন্যাভক্তিরূপে ভগবানে ন্যস্ত হয়। তাহাও বহু প্রক্রিয়া সাপেক্ষ। নাম-শ্রবণ, নাম-কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য ও সখ্য, এই অষ্টবিধ অনুষ্ঠানের মধ্য দিয়া যাইতে যাইতে অনন্যাভক্তি লাভ হয়। এ সকলই কর্ম্ম—ভগবদনুসারী কর্ম্ম। এতৎ-সমূহের নিয়মিত অনুষ্ঠানে অনন্যাভক্তি আপনিই অধিগত হয়।

শ্রীমদ্ভাগবতে শ্রীকৃষ্ণের গুণবর্ণন প্রসঙ্গে ব্রহ্মা বলিয়াছেন, "হে হরি, তোমার মহিমা দুজ্ঞেয় হইলেও সংসার-পাশ হইতে মুক্তিলাভের অসম্ভাবনা দেখি না। কেন-না, যাঁহারা জ্ঞানলাভের নিমিত্ত অল্পমাত্র প্রয়াস ব্যতিরেকেও স্বস্থানে অবস্থিতি-পূর্ব্বক সাধুজনকথিত কর্ণগত ভবদীয় বার্ত্তা শ্রবণ করিয়া দেহ-বাক্য মন দ্বারা উহার আদর করতঃ কেবল জীবন-ধারণ করেন, হে অজিত! তাঁহারা ত্রিলোকের মধ্যে তোমাকে জয় করিতে পারেন; তাঁহাদিগের পক্ষে তুমি দুর্ল্লভ নহ।" এই বলিয়া ব্রহ্মা দৃষ্টান্ত দ্বারা বুঝাইলেন,—

"শ্রেয়ঃস্রুতিং ভক্তিমুদস্য তে বিভো ক্লিশ্যন্তি যে কেবলবোধলব্ধয়ে।
তেষামসৌ ক্লেশল এব শিষ্যতে নান্যদ্যথা স্থূলতুষাবঘাতিনাম্॥"

যাহারা ক্ষুদ্রপ্রমাণ ধান্য পরিত্যাগ করিয়া স্থূলপ্রমাণ তুষ সকল তাড়ন করে, তাহাদিগের যেরূপ কোনও ফল হয় না; সেইরূপ যাঁহারা তোমার মঙ্গলময় ভক্তি পরিত্যাগ করিয়া কেবল জ্ঞান-লাভেই যত্ন করেন, তাঁহাদিগের মাত্র ক্লেশ-স্বীকারই সার হয়। উপসংহারে ব্রহ্মা বলিলেন,—জীবিত না থাকিলে যেমন দায়ে (পৈতৃক ধনে) অধিকার থাকে না; সেইরূপ ভক্তের জীবন ভিন্ন অধিকারোপায় নাই।

কিন্তু সেই অনন্যভক্তি-লাভের—কর্ম্মানুষ্ঠানেরও বিবিধ অন্তরায় আছে। সেই সকল অন্তরায়ের বিষয় স্মরণ করিয়া পাছে কেহ সে অনুষ্ঠানে বিরত হয়, এই আশঙ্কায় মন্ত্রে বলা হইয়াছে,—তিনি 'পুরূতমং'; অর্থাৎ—তিনি বহু শত্রুনাশক। তুমি তাঁহার কর্ম্মের অনুষ্ঠান কর; তাহাতে যদি কোনও বাধা-বিঘ্ন উপস্থিত হয়, সে বাধা তিনি দূর করিবেন। তিনি বহু শত্রুর নাশক; তোমার শত্রু-সমূহের তিনি সংহার সাধন করিবেন। তিনি পুরূতম; তোমার ভাবনা কিসের? তাঁহার কর্ম্ম তিনিই করাইবেন। উপলক্ষ তুমি; তুমি তাঁহার কর্ম্ম সম্পাদনে তৎপর হও। কর্ম্মময় সংসারে তুমি নিশ্চিন্ত বসিয়া থাকিও না। কর্ম্ম কর—তাঁহার প্রীতির জন্য; কর্ম্ম কর তাঁহার প্রতি ভক্তিপরায়ণ হইবার জন্য। তাঁহার কর্ম্ম সাধন করিতে পারিলে, তাঁহার প্রতি ভক্তিপরায়ণ হইতে পারিলে, মোক্ষলাভে অধিকারী হইতে পারিবে। রিপুদস্যু-সমূহ হয় তো তোমার সে কার্য্যে বিঘ্ন উৎপাদন করিতে পারে। কিন্তু তিনি পুরূতম। তাঁহার প্রভাবে, সে সকল শত্রু দূরে পলাইবে। তুমি তাঁহার কর্ম্মে রত হও। সোম সুধা—ভক্তিসুধা অভিযুত কর।

কেবল কর্ম্ম কর বলিলেই লোকে কর্ম্মে প্রবৃত্ত হয় না। তাহারা প্রয়োজনের আকাঙ্ক্ষা করে—তাহারা ফলের কামনা রাখে। সেইজন্য খকে তাঁহাকে "পুরূণামীশানং বার্য্যাণাং" বলা হইয়াছে। "পুরূণামীশানং বার্য্যাণাং" পদের অর্থ,—তিনি প্রভূত ধনের অধিপতি, তিনি পরম ঐশ্বর্য্যশালী। তুমি বিনা প্রয়োজনে—বিনা উদ্দেশ্যে কর্ম্মে প্রবৃত্ত হইবে না? তিনি প্রভূত ধনের ঈশ্বর; তাঁহার কর্ম্ম কর; তিনি তোমাকে প্রভূত ধন প্রদান করিবেন। তোমার সাংসারিক দুঃখ-দারিদ্র্য দূরে যাইবে; তুমি শ্রেষ্ঠধনে ধনী হইতে পারিবে। তুমি যদি পার্থিব ধনের আকাঙ্ক্ষা কর, তিনি তাহা তোমাকে প্রদান করিবেন। আবার যদি তুমি মোক্ষধনের অভিলাষী হও; তাহাও প্রদান করিবেন। চাই কেবল অনন্যমনে তাঁহার কর্ম্ম সম্পাদন করা।

তিনি যে "ঈশানঃ", তাহাও কর্ম্মের দ্বারাই উপলব্ধ হয়। তিনি যে মহান্ ঈশ্বর—আর সকলেই যে তাঁহার অঙ্গ প্রত্যঙ্গ, কর্ম্মের দ্বারা সে জ্ঞানও অধিগত হইয়া থাকে। গীতায় শ্রীভগবান বলিয়াছেন,—

"কর্ম্মব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্।
তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্।"

সুতরাং বুঝা যাইতেছে, কর্ম্মেই ব্রহ্ম বিরাজমান রহিয়াছেন। কর্ম্মই ব্রহ্ম। কর্ম্ম দ্বারাই তাঁহার স্বরূপ উপলব্ধ হয়। সেই কর্ম্মই কর্ম্ম—যাহাতে 'সোম' সুসংস্কৃত হয়—যাহাতে তাঁহার সহিত সুযুক্ত হইতে পারা যায়। মন্ত্রে সেই ভাবেরই আভাস পাই;—মন্ত্রে সেই কর্ম্মের অনুষ্ঠান বিষয়েই উপদেশ আছে (২অ-২খ—৪সূ—২সা)। *

তৃতীয়ং সাম।

১　২　৩　২　৩　১　২　৩　২　৩　১র　২র
স ঘা নো যোগ আ ভুবৎ স রায়ে স পুরন্ধ্যাং।
২৩　১　২　৩　১র　২র
গমৎ বাজেভিঃ আ স নঃ ॥ ৩ ॥

* . *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'স ঘা' (বহুগুণোপেতঃ স এব দেবঃ) 'নঃ' (অস্মাকং) 'যোগে' (পূর্ব্বমপ্রাপ্তস্য পুরুষার্থস্য বিষয়ে) 'আ ভুবৎ' (সর্ব্বথা যুক্তো ভবতু, পুরুষার্থং সাধয়ত্বিত্যর্থঃ); 'স' (দেবঃ) 'নঃ' (অস্মাকং) 'রায়ে' (ধনায়) 'আ ভুবৎ' (সর্ব্বথা যুক্তো ভবতু, ধনং দদাতু); 'সঃ' (দেবঃ) 'পুরন্ধ্যাং' (বহুবিধায়াং বুদ্ধৌ) 'আ ভুবৎ' (সর্ব্বথা যুক্তো ভবতু, বুদ্ধিং দদাতু); 'স' (দেবঃ) 'নঃ' (অস্মাকং) 'বাজেভিঃ' (অন্নৈঃ সহ, শক্তিভিঃ সহ) 'আগমৎ' (আগচ্ছতু, অন্নং শক্তিঞ্চ দদাত্বিত্যর্থঃ)। স দেবঃ সর্ব্বপ্রকারেণ অস্মান্ প্রাপ্নোতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২অ—৩খ ২সূ-৩সা)॥

* . *

বঙ্গানুবাদ।

বহুগুণযুক্ত সেই দেবতা আমাদিগের পুরুষার্থ সাধন করুন; (অথবা, আমাদিগের যোগে সংযুক্ত হউন); তিনি ধন প্রদান করুন (অথবা, আমাদিগের ধনের সহিত সংযুক্ত হউন); তিনি আমাদিগকে

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের পঞ্চম সূক্তের দ্বিতীয়া ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, নবম বর্গের অন্তর্গত)।

বহুবিধ বুদ্ধি প্রদান করুন (অথবা, আমাদিগের বুদ্ধির সহিত সংযুক্ত হউন); তিনি আমাদিগের অন্নাদির সহিত অথবা শক্তির সহিত আগমন করুন; (অর্থান্তরে—আমাদিগকে অন্ন এবং শক্তি-সামর্থ্য দান পূর্ব্বক অনুগ্রহ করুন)। (২অ—৩খ—২সূ—৩সা)।

• • •

সায়ণ-ভাষ্যং।

ঘশব্দোঽবধারণার্থো নিপাতঃ, সর্ব্বৈস্তুচ্ছব্দৈঃ সম্বধ্যতে। 'স ঘ' স এবেন্দ্রঃ পূর্ব্বমন্ত্রোক্ত-গুণবিশিষ্টঃ 'নঃ' অস্মাকং 'যোগে' পরমপ্রাপ্তপুরুষার্থস্য সম্বন্ধে 'আ ভুবৎ' আভিমুখ্যেন ভবতু পুরুষার্থং সাধয়ত্বিত্যর্থঃ। ভবতেরাশীর্লিঙ্ পরতো 'লিঙ্যাশিষ্যঙ্' (৪১৮৬) ইত্যঙ্-প্রত্যয়ঃ, তস্য ঙিত্বেন গুণাভাবাৎ উবঙাদেশঃ। স এব 'রায়ে' ধনার্থং 'আভুবৎ' আভবতু 'পুরন্ধ্যাং' যোষিত্যাভুবৎ। যদ্বা, বহুবিধায়াং বুদ্ধ্যামাভুবৎ 'পুরন্ধিঃ বহুধীঃ'—ইতি যাস্কঃ (৬ ১৩)। স এব 'বাজেভিঃ' দেবৈঃ অন্নৈঃ সহ 'নঃ' অস্মান্ 'আগমৎ' আগচ্ছতু। গমের্লেট্যডিপ, 'ইতশ্চ লোপঃ পরস্মৈপদেষু' (৩৪।৮৭) ইতি ইকার-লোপঃ। 'বহুলং ছন্দসি' (২ ৪ ৭৩) ইতি শপোলুক্। 'লেটোঽডাটৌ (৩।৪।৯৪)' ইত্যডাগমঃ। 'অগমা অনুদাত্তৌ' ইতি তস্যানুদাত্তত্বে ধাতুস্বর এব (৬।১।১৬২) শিষ্যতে। (২অ—৩খ ২সূ ৩সা)।

* * *

তৃতীয় (৭৪২) সামের মর্ম্মার্থ।

পূর্ব্ববর্ত্তী মন্ত্রে ইন্দ্রদেবের সম্বন্ধে কতকগুলি গুণ-বিশেষণ প্রযুক্ত হইয়াছে। সেখানে বলা হইয়াছে,—তিনি পরম ঐশ্বর্য্যশালী, প্রভূত ধনের অধিপতি এবং রিপুবিনাশক। এ মন্ত্রে সেই সকল গুণ-বিশিষ্ট ইন্দ্রদেবের নিকট প্রার্থনা জানান হইয়াছে। ইহাই সাধারণ মত। তদনুসারে মন্ত্রের প্রার্থনার মর্ম্ম এই যে,—'হে ইন্দ্রদেব! আপনি আমাদিগের পুরুষার্থ সাধন করুন, আমাদিগকে ধন প্রদান করুন, আমাদিগকে নানাবিষয়িণী বুদ্ধি দান করুন; এবং আমাদিগকে অন্নাদি দানে অনুগ্রহ প্রকাশ করুন।'

আমরাও প্রায় ঐ পথেই অর্থ করিয়াছি। তবে মন্ত্রে যে বলা হইয়াছে, 'যোগে আভুবৎ'; আমরা মনে করি, ইহার একটু নিগূঢ় তাৎপর্য্য আছে। 'আপনি আমাদিগের পুরুষার্থ বিধান করুন' ঐ অংশে স্থূলভাবে ঐ অর্থ গ্রহণ করা যাইতে পারে। কিন্তু উহার নিগূঢ় মর্ম্ম এই যে,—'হে দেব! আমাদিগের ধ্যানযোগে, জ্ঞানযোগে, ভক্তিযোগে এবং কর্ম্মযোগে আমাদিগের হৃদয়ে আপনি পূর্ণ প্রতিভাত হউন।' যোগ যে পুরুষার্থ-সাধনের প্রধান সহায়, এ মন্ত্রে তাহার আভাষ পাওয়া যাইতেছে। পুরুষার্থসাধন বা মোক্ষলাভ পক্ষে জ্ঞান প্রয়োজন। বিদ্যা—জ্ঞানলাভের প্রধান সহায়। বিদ্যা দ্বারা সত্যজ্ঞানের বিকাশ হয়; বুদ্ধি সত্যের প্রতি প্রধাবিত হয়। সুবুদ্ধি সদ্বুদ্ধি না জন্মিলে, সত্যের অনুসন্ধানে প্রবৃত্তি জন্মে না। সৎকে না জানিলে সৎস্বরূপকে না চিনিলে, পুরুষার্থ লাভ—মোক্ষলাভ সম্ভবপর নহে।

মন্ত্রে দেবতার নিকট তাই প্রার্থনা জানান হইতেছে,—'হে দেব! আপনি আমাদিগকে সদ্বুদ্ধি প্রদান করুন,—সকল বিদ্যায় পারদর্শিতালাভে সহায় হউন। আপনার প্রসাদে বিদ্যা অধিগত হইলে আপনার স্বরূপ জানিতে পারিব। আপনার স্বরূপ জানিয়া—আপনার প্রতি চিত্ত সংন্যস্ত করিয়া, পুরুষার্থ-লাভে সমর্থ হইব। তাই ডাকি, 'এস দেব! হৃদয়ে অধিষ্ঠিত হও। বিদ্যাদান দ্বারা আমাদের জ্ঞান লাভের সহায় হও। জ্ঞান-সূর্য্যের বিমল আলোকে হৃদয় উদ্ভাসিত হউক। তুমি অন্নদাতা, তুমি বিদ্যাদাতা, তুমি বুদ্ধিদাতা, তুমি পুরুষার্থ বিধাতা। জ্ঞানযোগে ধ্যানযোগে—ভক্তিযোগে যেন তোমাকে সেইরূপে চিনিতে পারি। তোমাকে চিনিয়া, যেন আমার তোমার স্বরূপ উপলব্ধি করিয়া, শ্রেষ্ঠধনে—মোক্ষধনে ধনী হই।'

মন্ত্রের অন্তর্গত 'পুরন্ধ্যাং' শব্দের দ্বিবিধ অর্থ নিষ্পন্ন হয়। উহার এক অর্থ—'পুরন্ধ্রীগণের' মঙ্গল বিধান কর; অপর অর্থ—বিবিধ-বিবর্দ্ধিনী বুদ্ধি প্রদান করুন। পুরন্ধ্রী—অর্থাৎ অন্তঃপুরবাসিনী। যাহারা অন্তঃপুরে অবরুদ্ধ, তাহারাই পুরন্ধ্রী। সে হিসাবে হৃদয়-নিহিত দয়াদাক্ষিণ্যাদি বিবিধ সদ্গুণরাশি। দেবতার অনুগ্রহে হৃদয়ে বিবিধ সদ্গুণরাশি উপজিত ও বিকাশ প্রাপ্ত হউক, 'পুরন্ধ্যাং' পদে এক হিসাবে সেই অর্থই সূচিত হয়। অন্য অর্থে বিবিধ-সদ্বুদ্ধি লাভের প্রার্থনা ঐ মন্ত্রে পরিব্যক্ত হইয়াছে। যিনি সৎ, তিনি সদ্বুদ্ধিবিধায়ক,—"পুরন্ধ্যাং" শব্দে সেই ভাবই পরিব্যক্ত। (২অ—৩খ—২সূ—৩সা)।*

* * *

দ্বিতীয়সূক্তস্য গেয়-গানং।

৩র ২ র র ৫র ৫ ২ ১ ২র ১
আতু ৩ ৪। এতানি। ষীদা ৬ তা। ইন্দ্রমভায়ি। প্রগায়তা।

২র ১র ২ ২ ১ A ৩ ৫
সাখায়স্তোম। বা। ঔ ৩ হো। ববা ২ হা ২ ৩ ৪ সাঃ।

২ ১ ২র ১র ২ ২ ১ ২
হৌয়াগ্নি। সাখায়ঃস্তোম। বা। ঔ ৩ হো। হুম্মা ২ ৩। হা ৩

৫ ৩২ ৫ ৫
৪ ৫ সো ৬ হায়ি॥ (১) পুরু ৩ ৪। তম্পু। রূ ৩ ণাম্।

২র র ১ ২ ১র ২ ১র ২র ১ ২ ২
ঈশানাং বা। র্য্যাণাম্। ইন্দ্র৬সোমেস। চা। ঔ ৩ হো।

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের দ্বিতীয় অনুবাকে পঞ্চম সূক্তের তৃতীয় ঋক্ (প্রথম অষ্টকে, প্রথম অধ্যায়ে, নবম বর্গের অন্তর্ভুক্ত)।

১ ২৩ ৫ ২১ ২ ১র২র১ ২
শচা ২ সু ২ ৩ ৪ ভায়ি। ৩য়ায়ি। ইন্দ্র৬ সোমেন। চা। ঔ

২ ১ ২ ৫ ৩২
৩ হো। হুম্মা ২ ৩। সূ ৩ ৪ ৫ তো ৬ হায়ি॥ (২) সখা

র র র ৫র ৫ ২ র ১র ২ ১
৩ ৪। নোযোগে। আভু ৬ বাৎ। সরায়োসাঃ। পুরন্ধ্রিয়া।

২১র২র ১ ২ ২ ১ ^র ৫
গমদ্বাজেভিঃ। আ। ঔ ৩ হো। সবা ২ সা ২ ৩ ৪ নাঃ।

২ ১ — ২ র২র ১ ২ ১ ২
হয়ায়ি। গমদ্বাজেভিঃ। আ। ঔ ৩ হো। হুম্ম ২ ৩। সা

৫
৩ ৪ ৫ নো ৬ হায়ি (৩) ॥ ১।২।৭ *

প্রথমং সাম।

১ ২ ৩১২৩ ১ ২
যোগেযোগে তবস্তরং বাজে বাজে হবামহে।

১ ২৩ ১ ২ ৩ ১ ২
সখায় ইন্দ্রমূতয়ে ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সখায়ঃ' (সৎকর্ম্মানুষ্ঠানেন ভগবতঃ সখিসদৃশাঃ প্রিয়াঃ, কৃপার্হা বয়মিতি যাবৎ) 'যোগেযোগে' (প্রতি কর্ম্মসংযোগে, সর্ব্বকর্ম্মারম্ভে) 'বাজে বাজে' (প্রতি সংগ্রামে, ইন্দ্রিয়বৃত্তীনাং সংঘর্ষে সতি) 'উতয়ে' (অস্মাকং রক্ষণায় ইতি যাবৎ) 'তবস্তরং' (অতিবলবন্তং, রক্ষণসমর্থং) 'ইন্দ্রং' (সর্ব্বশ্রেষ্ঠং দেবং) 'হবামহে' (আহ্বয়ামঃ)। প্রতি কর্ম্মারম্ভে সাত্ত্বিকেন্দ্রিয়বৃত্তিভিঃ সহ দুষ্টেন্দ্রিয়বৃত্তীনাং সঙ্ঘর্ষঃ সম্ভাবী, তস্মিন্ অস্মান্ সংরক্ষিতুং ভগবন্তং সর্ব্বশক্তিমন্তং দেবং প্রার্থয়ামঃ ইতি ভাবঃ ॥ ১ ॥

---

* এতৎ সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের গেয়-গান মাত্র একটী। তিনটী মন্ত্রকে ভাঙ্গিয়া চুরিয়া গেয়-গানটী একসূত্রে সংগ্রথিত হইয়াছে। আমরা প্রথমে তিনটী মন্ত্র পর পর প্রকাশ করিয়া সূক্তশেষে সেই গেয় গান প্রদান করিলাম একত্রগ্রথিত সেই গেয় গানের নাম — "দৈবাতিথম্।"

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মানুষ্ঠান দ্বারা তাঁহার প্রিয় হইয়া—আমরা, আমাদের প্রত্যেক কর্ম্মের আরম্ভকালে ইন্দ্রিয়বৃত্তিসমূহের পরস্পর সংঘর্ষ উপস্থিত হইলে, আমাদিগকে রক্ষা করিবার নিমিত্ত, সেই অতি-বলবান্ সর্ব্বশ্রেষ্ঠ ভগবানকে (যেন) আহ্বান করি। (ভাব এই যে,—প্রত্যেক কর্ম্মের আরম্ভেই সাত্ত্বিক ইন্দ্রিয়বৃত্তির সহিত দুষ্টেন্দ্রিয়বৃত্তির সঙ্ঘর্ষ অবশ্যম্ভাবী; সেই সঙ্ঘর্ষে আমাদিগকে রক্ষা করিবার জন্য সর্ব্বশক্তিমান দেবতা ভগবানের নিকট প্রার্থনা করিতেছি।)॥ (২অ—৬খ—৩সূ—১সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

'যোগেযোগে' প্রবেশে প্রবেশে তত্তৎকর্ম্মোপক্রমে যুজির্ যোগে (রু০ উ) 'হলশ্চ' (৩।৪।১২১) ইতি ঘঞ্, চজোঃ কুঘিণ্যতোঃ (৭।৩।৫২) ইতি কুত্বং, ঘঞো ঞ্নিত্যাদাদ্যুদাত্তত্বং (৬ ২।১।১৯৩) নিত্যবীপ্সয়োঃ (৮।১।৪) ইতি বীপ্সায়াং দ্বির্ভাবে সতি আম্রেড়িতানুদাত্তত্বং (৮।১।৩) 'বাজে বাজে' কর্ম্মবিঘাতিনি তস্মিন সংগ্রামে 'তবস্তরং' অতিশয়েন বলিনং 'ইন্দ্রং' 'ঊতয়ে' রক্ষার্থং 'সখায়ঃ' সখিবৎ প্রিয়াঃ বয়ং 'হবামহে' আহ্বয়ামঃ। ১॥

• * *

প্রথম (৭৪৩) সামের মর্ম্মার্থ।

——§ : ○ : §——

প্রতি মুহূর্ত্তে, প্রতি কর্ম্মারম্ভের সময়, সাত্ত্বিক ইন্দ্রিয়বৃত্তির সহিত অসৎ ইন্দ্রিয়বৃত্তিগণের সংঘর্ষ চলিয়াছে। সর্ব্বদাই উহারা পরস্পর পরস্পরের বৈরী হইয়া রহিয়াছে। সতের উপর অসতের প্রভাব চারিদিক্ হইতেই বিস্তৃত হইতে চলিয়াছে। সে ক্ষেত্রে রক্ষার ভরসা—একমাত্র ভগবান্! সেই সর্ব্বশক্তিমান্ যদি কৃপা-কটাক্ষপাত করেন, তবেই সে সংগ্রামে জয়লাভ করা যায়। এ মন্ত্র সেই জয়লাভের উপায় কীর্ত্তন করিতেছে। সদসদ্বৃত্তির সংগ্রামে সদ্বৃত্তি কেমন করিয়া জয়লাভ করিবে? মন্ত্র তাহারই উপদেশ প্রদানব্যপদেশে কহিতেছেন,—"তুমি 'সখায়ঃ' অর্থাৎ তাঁহার সখাস্বরূপ হইবার প্রয়াস পাও; তোমার প্রতি কর্ম্ম তাঁহার সহিত সম্বন্ধযুত হউক; সদসদ্বৃত্তির সংগ্রাম-মাত্রেই তুমি আত্মরক্ষার কামনায় তাঁহার শরণাপন্ন হও।"

মন্ত্রের প্রার্থনা,—'আমরা যেন তাঁহার সখাস্বরূপ হইয়া, আমাদের প্রতি কার্য্যে আমাদের প্রতি সংগ্রামে, তাঁহাকে আহ্বান করি।'

প্রার্থনা অতি সরল ও সহজবোধ্য বটে; কিন্তু ইহার অভ্যন্তরে এক অতি গভীর কর্ম্মতত্ত্ব প্রচ্ছন্ন রহিয়াছে। মন্ত্র বলিতেছেন—'তাঁহার সখাস্বরূপ হও, তাঁহার অনুগ্রহভাজন হও।' কিন্তু কি প্রকারে তাঁহার সখাস্বরূপ বা কৃপার্হ হওয়া যায়? সৎকর্ম্মানুষ্ঠানই

সে পক্ষের একমাত্র সহায় নহে কি? যখন 'সখায়ঃ' অর্থাৎ সখাস্বরূপ হইয়া আমরা তাঁহার দ্বারে উপস্থিত হইবার চেষ্টা করিব, তখন সৎকর্ম্ম-প্রভাবে তাঁহার সহিত সম্বন্ধ-স্থাপনের চেষ্টা পাইব,—এই ভাবই মনে করা কর্ত্তব্য নহে কি? 'সখায়ঃ' পদের উহাই সার্থক প্রয়োগ বলিয়া মনে হয়। সৎকর্ম্মশীল হওয়াই 'সখায়ঃ' পদের লক্ষ্য। তার পর, কার্য্যমাত্রই যদি তাঁহার সহিত সম্বন্ধযুক্ত হয়; প্রতি কার্য্যে-প্রতি মুহূর্ত্তের জীবন-সংগ্রামে--যদি তাঁহাকে আহ্বান করিতে সমর্থ হই; তাহা হইলেই তিনি মূর্দ্ধ-প্রদেশে সহস্রার-বিন্দু মাঝে—অধিষ্ঠিত হইবেন;—তাহা হইলেই তাঁহার সামীপ্য লাভ (পূর্ব্ব মন্ত্রের কথিত) সুসম্ভব হইয়া আসিবে। এ পক্ষে এ মন্ত্র-পূর্ব্ব মন্ত্রেরই অনুবৃত্তি। সামীপ্যাদি-লাভের প্রসঙ্গ খ্যাপন করিয়া, সামীপ্যাদি লাভ কি প্রকারে সম্ভবপর হইয়া থাকে, এখানে তাহারই আভাষ দেওয়া হইতেছে। (২অ—৩খ—৩সূ ১সা)। *

—— ০ ——

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১র ২র
অনু প্রত্নস্য শুকসঃ হুবে তুবিপ্রতিং নরম্।
২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
যং তে পূর্ব্বং পিতা হুবে॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মোক্ষোপায়ভূত শুদ্ধসত্ত্বভাব! 'পূর্ব্বঃ' (পুরা, অবিচ্ছিন্নঅতীতকালে) 'পিতা' (জনকঃ, পিতৃপুরুষঃ) 'তে' (ত্বভ্যং, ত্বদর্থং) 'যং' (দেবং) 'হুবে' (আহূতবান্), অহমপি 'প্রত্নস্য' (পুরাতনস্য) 'শুকসঃ' (স্থানস্য অনন্তস্য সম্বর্দ্ধনং) 'তুবিপ্রতিং' (বহুপ্রতিগামিনং, একদা সর্ব্বসৎকর্ম্মসু উপস্থাতারং) 'নরং' (পুরুষরূপং, নেতারং নরহৃদিপ্রতিষ্ঠিতং তং দেবং) 'অনু' (ক্রমেণ, কর্ম্মানুক্রমেণ) 'হুবে' (আহ্বয়ামি)। অস্মৎপূর্ব্বপুরুষাঃ যং দেবং সত্ত্বভাবলাভায় সর্ব্বকর্ম্মসু আহূতবন্তঃ, অহমপি সত্ত্বভাবোৎকর্ষায় তং দেবং আহ্বয়ামি ইতি ভাবঃ॥ (২অ-৩খ ৩সূ ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে মোক্ষোপায়ভূত শুদ্ধসত্ত্বভাব! অনন্ত অতীতকাল হইতে আমার পিতৃপুরুষগণ তোমাকে লাভ করিবার নিমিত্ত যে ভগবানকে আহ্বান করিয়া

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের ত্রিংশ সূক্তের সপ্তমী ঋক্ (প্রথম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, ঊনত্রিংশ বর্গের অন্তর্গত)।

আসিতেছেন, এক্ষণে আমিও, সেই পুরাতন, অনন্ত-সম্বন্ধযুত, এককালে সকল-সৎকর্ম্মে উপস্থিত স্বরূপ, নরহৃদয়-প্রতিষ্ঠিত (শুদ্ধসত্ত্বস্বরূপ) দেবকে যথাক্রমে (প্রতিকর্ম্মে) আহ্বান করিতেছি। (ভাব এই যে,—আমাদের পূর্ব্বপুরুষগণ যে দেবতাকে সত্ত্বভাবলাভের জন্য সর্ব্বকর্ম্মে আহ্বান করিতেন, আমিও সত্ত্বভাবোৎকর্ষ লাভের জন্য সেই দেবতাকে আহ্বান করিতেছি।) (২অ—৩খ—৩সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'প্রত্নস্য' পুরাতনস্য 'ওকসঃ' স্থানস্য স্বর্গরূপস্য সকাশাৎ 'ভূরিক্ষিতিঃ' বহূন্ যজমানান্ প্রতিগন্তারং অত্র প্রতিশব্দো ভীমসেনো ভীম ইতিবৎ প্রতিগন্তৃ শব্দং লক্ষয়িত্বা তদ্বৃত্ত্যা তদর্থং লক্ষয়তি অতঃ প্রতি প্রতিনিধি প্রতিদানয়োরিতিবৎ সত্ত্ববচনত্বেনানিপাতত্বাদনব্যয়ত্বে পূরণগুণেত্যাদিনা (২।২।১১) ন ষষ্ঠী সমাসনিষেধঃ। 'নরং' পুরুষমিন্দ্রম্ 'অনুহুবে' অনুক্রমেণ কর্ম্মস্বাহ্বয়ামি হ্বেঞোলিটি 'বহুলং ছন্দসি' (৬।১।৩৪) ইতি পূর্ব্ববৎ। সম্প্রসারণ পর পূর্ব্বত্বে দ্বির্বচন প্রকরণে ছন্দসি বা (৬।১।১ বা ০) ইতি বক্তব্যমিতি দ্বির্ব্বচনাভাবঃ। যদ্‌বৃত্তযোগাদনিঘাতঃ (৮।১।৬৬)। 'যং' 'তে' ত্বামিন্দ্রং 'পিতা' অস্মদীয়ো জনকঃ 'পূর্ব্বং' পুরা স্বকীয়ানুষ্ঠানকালে 'হুবে' আহূতবান্ তমাহ্বয়ামীতি পূর্ব্বত্রান্বয়ঃ। ২।

* * *

দ্বিতীয় (৭৪৪) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটি বড়ই জটিল ও দুর্ব্বোধ্য। সুতরাং নানাদিক হইতে এ মন্ত্রের নানারূপ অর্থ অধ্যাহৃত হইয়া থাকে। মন্ত্রের অন্তর্গত 'প্রত্নস্য' ও 'ওকসঃ' এই যে দুইটী পদ, উহারা অন্ত বিপরীত ভাবই দ্যোতনা করে! তার পর, 'নরং' শব্দ। এ শব্দেও হৃদয়ে নানা সংশয়-সন্দেহ আনয়ন করে। বেদমন্ত্রের পৌরুষত্ব ও অনিত্যত্ব প্রমাণ-পক্ষে এ মন্ত্রে বেদবিরোধিগণের অস্ত্রস্বরূপ গণ্য হইতে পারে; আবার, যাঁহারা অন্যদেশ (মধ্য-এসিয়া প্রভৃতি স্থান) হইতে আর্য্যগণের ভারতবর্ষে আগমনমূলক যুক্তির পোষকতা করিতে চাহেন, এ মন্ত্র তাঁহাদেরও সহায় হইয়া থাকে। 'পিতা' পদ, 'পূর্ব্বং' পদ তাঁহাদিগকে স্ব স্বপক্ষ-সমর্থনে স্পর্দ্ধান্বিত করে। * এইরূপে, এ মন্ত্রের সম্বোধ্যই বা কে, আর প্রার্থনাই বা কি, এ বিষয়ে বড়ই সমস্যায় পড়িতে হয়।

---

* এ বিষয়ে এ কাল পর্য্যন্ত নানা গবেষণা চ'লিয়া আসিয়াছে। দ্বাবিংশ সূক্তের অষ্টাদশ মন্ত্রের টীকায় আমরা যাহা আলোচনা করিয়াছি, এ প্রসঙ্গে তাহা লক্ষ্য করা আবশ্যক। "প্রত্নস্যৌকসঃ" বাক্যে সায়ণাচার্য্য স্বর্গধাম-রূপ অর্থ গ্রহণ করিয়াছেন। উইলসন এবং ল্যাংলোই প্রভৃতি পাশ্চাত্য পণ্ডিতগণকে এ পক্ষে সায়ণেরই অনুসারী বলিয়া মনে করা

এখন, এই মন্ত্রের যে ব্যাখ্যা আমরা নির্দ্দেশ করিলাম, তদ্বিষয়ে একটু আলোচনা করা যাইতেছে। সে আলোচনায় পূর্ব্বে, পূর্ব্বমন্ত্রের সহিত এই মন্ত্রের কি সম্বন্ধ আছে এবং পরবর্ত্তী মন্ত্রের সহিতই বা এই মন্ত্র কি সম্বন্ধে সম্বন্ধযুত, তদ্বিষয় একটু চিন্তা করা আবশ্যক মনে করি। পূর্ব্ব মন্ত্রের মর্ম্ম এই যে, 'যদি আমাদের প্রার্থনা তাঁহার কর্ণে স্থান পাওয়াইতে পারি অর্থাৎ যদি আমরা ভগবানের করুণালাভের উপযুক্ত কর্ম্মের কর্ম্মী হই, তাহা হইলে তাঁহার অনুগ্রহ সংস্রধারায় প্রবাহিত হইয়া আমাদিগকে উদ্ধার করিতে আসিবে।' এইবার দেখুন, এ মন্ত্রের সহিত সেই পূর্ব্ব-মন্ত্রের কি সম্বন্ধ সন্ধান করিয়া পাই? মনে করুন দেখি, ভগবানের করুণা-লাভের উপযুক্ত কর্ম্ম বা প্রার্থনা কি প্রকার? আর মোক্ষলাভের উপাদানভূত সামগ্রীই বা কি আছে? সে কি সৎকর্ম্মাদিদ্বারা সঞ্জাত সেই শুদ্ধসত্ত্বভাব নহে! আমরা তাই মনে করি,-এ মন্ত্র আত্মোদ্বোধনমূলকঃ; এ মন্ত্রে শুদ্ধসত্ত্বভাবকেই সম্বোধন করা হইয়াছে।

মন্ত্রের লক্ষ্য হৃদয়ে শুদ্ধসত্ত্বভাবের সঞ্চার। আদর্শ যেমন কার্য্যকরী হয়, পারম্পর্য্য যে প্রকার কর্ম্ম-প্রবৃত্তির উন্মেষণ করিয়া থাকে, তেমন আর কিছুই নহে। পুত্র পিতৃপদাঙ্ক-অনুসরণে স্বতঃসামর্থ্যবান হয়। এখানে সেই ভাবেরই অনুপ্রেরণা দেখিতেছি। সাধকের প্রার্থনা এই যে, তিনি যেন শুদ্ধসত্ত্বভাবের অধিকারী হইতে পারেন। তাই তিনি সেই শুদ্ধসত্ত্বস্বরূপ ভগবানের শরণাপন্ন হইয়াছেন। কেমনভাবে শরণ লইয়াছেন?—পিতৃগণ যেমনভাবে শরণ লইতেন! এখানে মনে সংশয় আসিতে পারে,—বুঝি বা কালাকালের প্রসঙ্গ আছে, বুঝি-বা ব্যক্তি-বিশেষের সম্বন্ধ রহিয়াছে। কিন্তু তাহা নহে। মন্ত্র যে নিত্য! অনন্ত অতীতকাল হইতে অনন্ত-কোটী সাধক, এই-ই মন্ত্রে এই-ই প্রেরণায় উদ্বুদ্ধ হইয়া ভগবানের সেবায় নিয়োজিত হইতেছেন; এবং মন্ত্রের ও তৎসহযুত কর্ম্মের প্রভাবে কৃতকৃতার্থ হইয়া যাইতেছেন। এখানে এ মন্ত্রের অন্তর্গত 'পিতা' পদে, কেবল তোমার আমার পিতাকে বুঝাইতেছে না; পিতার পিতা, তাঁহার পিতা, অনন্ত অতীতের সহিত সম্বন্ধযুক্ত কর্ম্মবিপাক হইতে উদ্ধার প্রাপ্ত সেই পিতৃপুরুষমাত্রকেই, ঐ পিতা শব্দে আকর্ষণ করিতেছে। 'পূর্ব্বং' পদও সেরূপ কেবল তোমার আমার পূর্ব্বের ভাব দ্যোতনা করিতেছে

যাইতে পারে। তবে স্বর্গের স্বরূপ কেহই খ্যাপন করেন নাই। কিন্তু অপরাপর অনেক ব্যাখ্যাকার এই হইতে আর্য্যগণের পূর্ব্ববাসের সম্বন্ধ কল্পনা করিয়া থাকেন। প্রচলিত একটী বঙ্গানুবাদ উদ্ধৃত করিতেছি, "হে ইন্দ্রদেব আপনি আমাদিগের পুরাতন নিবাসস্থানের সর্ব্বরক্ষক প্রভু ছিলেন এবং আপনাকে বহুজনের পালক বলিয়া আমার পিতা পূর্ব্বে প্রার্থনা করিতেন। অতএব তদনুসারে আমি এক্ষণে (আধুনিক নিবাসস্থানে) আপনাকে প্রার্থনা করিতেছি।" বলা বাহুল্য, ইহাতে ইন্দ্রও মানুষ প্রার্থনাকারীও মানুষ এবং সম্বন্ধও স্থান-বিশেষ-দ্যোতক বলিয়া প্রতিপন্ন হয়। সাধারণ দৃষ্টিতে এরূপ অর্থ আসিতে পারে; কিন্তু সাধকের দৃষ্টি এ মন্ত্রে আর এক পরমতত্ত্ব প্রাপ্ত হয়। অতঃপর আমাদের ব্যাখ্যায় তাহাই লক্ষ্য করুন।

না ;—ঐ পদে সেই অনন্ত অতীতের অনন্ত সম্বন্ধ খ্যাপন করিতেছে। পিতার পূর্ব্বে, তাঁহারও পিতার পূর্ব্বে—এইরূপ যে পূর্ব্বের অনুসন্ধান করিতে গিয়া চিন্তা ও ধারণাশক্তি পর্য্যুদস্ত হয়, এ পূর্ব্ব সেই পূর্ব্বকেই বুঝাইতেছে। 'প্রত্নস্য ওকসঃ' পদদ্বয়ও সেই আনন্ত্য-ভাব-জ্ঞাপক। 'পুরাতন স্থান হইতে' এবংবিধ বাক্যে আধ্যাত্মিক-সম্বন্ধে দ্বিবিধ ভাব প্রকাশ পায়। পুরাতন স্থান আর অন্য কোথায়? সে এই পৃথিবীই সে এই জন্মজরামরণনিদানভূত এই সংসারই নহে কি? তাঁহাদের যাহা পুরাতন, আমাদের তাহা নূতন; আবার আমাদের যাহা পুরাতন হইবে, ভবিষ্যগণের পক্ষে তাহাই নূতন হইবে না কি? অতএব এক পক্ষে ঐ পদদ্বয়ে এই সংসারকেই (যাঁহারা ভারত ভিন্ন অন্য দেশ হইতে আর্য্যগণের আগমন-প্রসঙ্গ উত্থাপন করেন, তাঁহাদিগকে বলিতে পারি এই ভারতবর্ষকেই) নির্দ্দেশ করিতেছে। * পক্ষান্তরে, লোকাতীত অপর রাজ্যের প্রতি দৃষ্টিনিক্ষেপ করুন। যেখান হইতে আসিয়াছি, যেখান হইতে জীবকুল উৎপন্ন হইতেছে, 'যতো বা ইমানি ভূতানি জায়ন্তে।'—'প্রত্নস্য ওকসঃ' পদদ্বয়ে সেই স্থানের প্রতিই লক্ষ্য আসিতেছে না কি? পিতৃগণ কোথা হইতে আসেন? পিতৃগণ কোথায় আছেন? সে সেই 'পুরাতন আবাসে' নহে কি? অনন্ত অতীত কাল হইতে কোথায় অবস্থিত থাকিয়া তাঁহারা শ্রীভগবানের শরণাপন্ন রহিয়াছেন? সেই জগন্নিবাসই কি তাঁহাদের 'প্রত্নোকঃ' (পুরাতন বাসস্থান) নহেন? তিনি অনন্তস্বরূপ; জীব অনন্ত হইতে উৎপন্ন হইতেছে, এবং অনন্তেরই উপাসনায় অনন্তে আশ্রয় পাইতেছে। পিতৃপুরুষগণ যাঁহারা পুরাতন আবাসস্থান হইতে তাঁহাকে আহ্বান করিয়া তাঁহার করুণা প্রাপ্ত হইয়াছেন, তাঁহাদের অনুসরণ করার তাৎপর্য্য কি? অনন্ত সৎকর্ম্ম দ্বারা অনন্তের সামীপ্যাদি প্রাপ্তি ভিন্ন সে লক্ষ্য অন্য আর কি হইতে পারে? 'তুবিপ্রতিং' পদও অনন্তভাবজ্ঞাপক। অনন্ত সৎকর্ম্মে তাঁহার সান্নিধ্য, ঐ পদে ব্যক্ত করিতেছে। উপসংহারে 'নরং' আর 'অনু' পদদ্বয়ের সার্থকতার প্রতি দৃষ্টিপাত করুন। তুমি মানুষ; সহসা তুমি লোকাতীত সামগ্রীর ধারণা করিতে পারিবে না। তাই তোমায় ধ্যান-ধারণার উপযোগী বস্তুর মধ্য দিয়া তোমায় পরম তত্ত্ব অবগত করাইবার প্রয়াস প্রকাশ পাইয়াছে। ভগবানের অনুসন্ধানে তুমি কেন দূরে ঘুরিয়া মর? ঐ দেখ, তোমারই মধ্যে—নর-হৃদ-অভ্যন্তরে শুদ্ধসত্ত্বভাব-রূপে ভগবান বিদ্যমান রহিয়াছেন। দেখ—বোঝ—ধারণা কর; ক্রমে ক্রমে তাঁহাকে আপন হৃদয়েই প্রতিষ্ঠিত দেখিতে পাইবে। 'অনু' পদ কর্ম্মানুসারে তাঁহাকে ক্রমশঃ প্রাপ্ত হওয়ার ভাব ব্যক্ত করিতেছে।

এই সকল বিষয় পুঙ্খানুপুঙ্খ ধারণা করিতে সমর্থ হইলে, তখন বুঝিতে পারিবে মন্ত্রের মর্ম্মার্থ কি? তখনই বুঝিবে, মন্ত্র তোমায় তোমার গতিমুক্তির পথ প্রদর্শন করিয়া কহিতেছে,—'তোমার মোক্ষোপায়ভূত যে শুদ্ধসত্ত্বভাব, তাহার প্রতি একবার দৃষ্টিপাত কর। তোমার পিতৃপুরুষগণের পদাঙ্ক অনুকরণ করিয়া তুমি তোমার শুদ্ধসত্ত্বভাবকে পরিবর্দ্ধিত ও হৃদয়ে সুপ্রতি-

---

* মৎপ্রণীত "পৃথিবীর ইতিহাস" গ্রন্থের দ্বিতীয় খণ্ডে, ১৮শ-২৮শ পৃষ্ঠায় এতদ্বিষয় বিস্তৃতভাবে আলোচনা করা হইয়াছে এতৎপ্রসঙ্গে তৎপ্রতি পাঠকগণের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

ষ্ঠিত করিবার পক্ষে চেষ্টা পাও। আর, সেই শুদ্ধসত্ত্বভাবকেই ভগবানের বিভূতি স্বরূপ মনে করিয়া, আপনার মধ্যে আবদ্ধ করিবার জন্য প্রার্থনা জানাও।' কোন্ অবস্থার পর কোন্ কোন্ অবস্থায় উন্নীত হওয়া যায়, এ মন্ত্র তাহাই বুঝাইয়া দিতেছেন। স্বর্গের সন্ধান—মোক্ষের নিদান, ইহাতেই লক্ষ্য কর (২অ ৩খ—৩সূ-২সা)। *

—*—

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২৩ ১২ ৩ ১২ ৩ ১ ২
আ ঘা গমৎ যদি শ্রবৎ সহস্রিণীভিঃ ঊতিভিঃ।
১ ২ ৩ ১ ২ ৩ ১২
বাজেভিঃ উপ নো হবম্॥ ৩॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যদি' (যদা) স ইন্দ্রদেবঃ, 'নঃ' (অস্মাকং, আহ্বয়তাং) 'হবং' (আহ্বানং) 'শ্রবৎ' (শৃণুয়াৎ), তদা 'সহস্রিণীভিঃ' (সহস্রসংখ্যাযুক্তাভিঃ, অনেকাভিঃ) 'ঊতিভিঃ' (রক্ষাভিঃ, স্বীয়রক্ষণসাধনশক্তিভিঃ) তথা 'বাজেভিঃ' (বাজৈঃ, কর্ম্মফলৈরিত্যর্থঃ সহ) 'উপ' (সমীপং - অস্মাকং ইতি শেষঃ) 'ঘ' (অবশ্যং, নিশ্চিতং) 'আগমৎ' (আগচ্ছেৎ)। সঃ দেবঃ অস্মাকমাহ্বানং শ্রুত্বা অস্মদ্রক্ষণনিমিত্তকং আত্মনঃ রক্ষাকারিণীভিঃ সর্ব্বাভিঃ শক্তিভিঃ সহ অবশ্যমেবাস্মাকং সমীপমাগমিষ্যতি ইতি ভাবঃ। (২অ—৩খ-৩সূ-৩সা)।

⁂

বঙ্গানুবাদ।

যখন (যদি) সেই ভগবান্ আমাদের আহ্বান শুনিতে পান, তখন (তাহা হইলে) তিনি স্বীয় সহস্র (অর্থাৎ সমগ্র) রক্ষাকারী-শক্তির সহিত এবং আমাদিগকে প্রদেয় সকল প্রকার কর্ম্মফলসমূহের সহিত অবশ্যই আমাদের নিকটে আসিবেন। (ভাব এই যে,—সেই দেবতা আমাদিগের আহ্বান শ্রবণ করিয়া আমাদিগকে রক্ষার জন্য আপনার রক্ষাকারী সকল শক্তির সহিত অবশ্যই আমাদিগের সমীপে আগমন করিবেন।)॥ (২অ—৩খ—৩সূ—৩সা)।

---

* এই সাম-মন্ত্রটি ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের ত্রিংশ সূক্তের অষ্টমী ঋক্ (প্রথম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, ঊনত্রিংশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

'যদি শ্রবৎ' যদ্যয়মিন্দ্রো 'নঃ' অস্মদীয়ং 'হবং' আহ্বানং শৃণুয়াৎ, তদানীং স্বয়মেব 'সহস্রিণীভিঃ উতিভিঃ বহ্বভিঃ পালনৈঃ 'বাজেভিঃ' অন্নৈশ্চ 'উপ' সমীপে আ ঘ অগস্তুঃ 'আগমৎ' আগচ্ছেৎ॥ (২অ—৩খ—৩সূ - ৩সা)॥

* * *

তৃতীয় (৭৪৫) সামের মর্ম্মার্থ।

এ মন্ত্র ভগবানের করুণার বিষয় স্পষ্ট করিয়া খ্যাপন করিতেছেন। ভগবানের নিকট তোমার প্রার্থনা যখন উপস্থিত হয়, তখন তিনি কদাপি নিশ্চিন্ত থাকিতে পারেন না। প্রার্থনা তাহার নিকট পৌঁছিবামাত্র তিনি আপনার করুণাভাণ্ডারের দ্বার মুক্ত করিয়া দেন। সহস্র দিকে সহস্র প্রকার বিপদে তোমাকে ঘেরিয়া আছে সত্য; কিন্তু তিনিও সহস্র দিক্ হইতে তোমায় রক্ষা করিবার জন্য আপনার রক্ষণশক্তি বিস্তার করেন; এবং তোমার সকল প্রকার কর্ম্মের ফল, তোমার জন্য সজ্জিত করিয়া লইয়া তোমায় বিতরণ করিতে অগ্রসর হন।

এক্ষণে আর একবার পূর্ব্ব মন্ত্রের প্রথম সামের বিষয় স্মরণ করুন। তাহা হইলেই, কি অবস্থায় তিনি তোমার রক্ষার জন্য সহস্র প্রকার উপায় ও কর্ম্মফলসমূহ লইয়া আসিবেন, তাহা বোধগম্য হইবে। পূর্ব্ব মন্ত্রের মর্ম্মানুসারে প্রতি কর্ম্মে এবং প্রতি সংগ্রামে তাঁহার শরণাপন্ন হইলে, তিনি কদাচ নিশ্চিন্ত থাকিতে পারিবেন না। তাঁহার প্রতি নির্ভরতাই তোমার একান্ত কর্ত্তব্য। তাঁহাকে মূর্দ্ধদেশে প্রতিষ্ঠিত করাই তোমার কর্ম্ম। আর সেই কর্ম্মই তোমার একমাত্র শ্রেয়ঃসাধক। এখানে এ মন্ত্রে তাহাই বিশেষ করিয়া বলা হইল। (২অ—৩খ—৩সূ - ৩সা)॥ *

তৃতীয়সূক্তস্য গেয়-গানং।

২র র র র র র ১ ২ ১ র ২র র — ১
যোগেযোগে ত বাহৌউস্তারাম্। বাজেবাজে। হবা ৎ মাহায়ি।

২ ৫ ১ ২র ১ — ১
হুবায়ি। ঔ ৩ হো ২ ৩ ৪ বা। সাখায়ই। ঐমূ ২ তায়ায়ি।

২ ৫ ৩ র ২ ১ — ৪
হুবায়ি। ঔ ত হো ২ ৩ ৪ বা। সখায়আ। হুবা ২ য়ি। ঔ

২ ১ ১ ১ ১ ১
৩ হো ২ ৩ ৪ ৫ বা ৬ ৫ ৬। ঐমূ ৩ হায়ি ২ ৩ ৪ ৫॥ (১)

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের ত্রিংশ সূক্তের অষ্টমী ঋক্ (প্রথম অষ্টক দ্বিতীয় অধ্যায়, ঊনত্রিংশ বর্গের অন্তর্গত)।

২ র র ১ ২ ১ র ২ — ১
অনুপ্রত্নঃস্থাহাউকাসাঃ। হুবেতুণি। প্রগা ২ য়িম্মারাম্। হুবা-

২ ৫ ১ ২র ১র২ ১ — ১
য়ি। ঔ ৩ হো ২ ৩ ৪ বা। যাস্তেপূর্ব্বিম্। পিতা ২ হুবায়ি।

২ ৫ ৩ র২র ১ — S
হুবায়ি। ঔ ৩ হো ২ ৩ ৪ বা। যস্তেপূর্ব্বাম্। হুবা ২ য়ি। ঔ

২ ১ ১ ১ ১ ১
৩ হো ২ ৩ ৪ ৫ বা ৬ ৫ ৬। পিতা ৩ হুবে ২ ৩ ৪ ৫॥ (২)

২র র র র ১ ২ ১ ২ র — ১
আঘ'গমন্তদী৩াউ শ্রাবাৎ। সাহস্রণী। ভিরূ ২ তায়িস্তায়িঃ।

২ ৫ ১ ২র ১ — ১
হুবায়ি। ঔ ৩ হো ২ ৩ ৪ বা। বাজেভিরু। পনো ২ হাবাম্।

২ ৫ ৩র র ২ ১ —
হুবায়ি। ঔ ৩ হো ২ ৩ ৪ বা। বাজেভিরূ। হুবা ২ য়ি।

S ২
ঔ ৩ হো ২ ৩ ৪ ৫ বা ৬ ৫ ৬। পনো ৩

১ ১ ১ ১ ১
হবা ২ ৩ ৪ ৫ ম্ (৭)॥ ১।২।৩॥ *

* * *

প্রথমং সাম।

১ ২ ৩ ২ ৩ ২ ২৩ ১ ২ ৩ক ৩র
ইন্দ্র সুতেষু সোমেষু ক্রতুং পুনীষ উক্থ্যম্।
৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
বিদে বৃধস্য দক্ষস্য মহাঁ হি ষঃ॥ ১॥

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম,—"সৌমেধম্।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (পরমৈশ্বর্য্যশালিন হে ভগবন!) 'সুতেষু' (বিশুদ্ধেষু) 'সোমেষু' (সত্ত্বভাবেষু, যদা, হৃদি সদ্ভাবেষু সঞ্জাতেষু সৎসু ইত্যর্থঃ) 'বৃধস্য' (সদ্ভাব-বর্দ্ধকস্য, মোক্ষপ্রাপকস্য) 'দক্ষস্য' (বলস্য, মোক্ষপ্রাপ্তিসামর্থ্যস্য ইতি ভাবঃ) 'বিদে' (লাভায়, প্রাপণায় বা) 'উক্থ্যং' (উক্থ্যমন্ত্রেণ আচরিতং, সদ্ভাবসংযুক্তং) 'ক্রতুং' (সৎকর্ম্ম) ত্বং পুনীষে' (প্রাপ্নোসি) অয়ং ভাবঃ—সদ্ভাবসমন্বিতং সৎকর্ম্ম ভগবন্তং প্রাপ্নোতি। অপিচ, সদ্ভাবং সঞ্চারয়িত্বা ভগবান সাধকং তৎকর্ম্ম চ পুণাতি; 'যঃ' (সঃ ভগবান) 'হি' (নিশ্চিতং) 'মহান' (মহত্ত্বসম্পন্নঃ) ভবতীতি শেষঃ। নিত্যসত্যপ্রকাশকোঽয়ং মন্ত্রঃ। সদ্ভাবসমন্বিতঃ সাধকঃ ত্বরয়া সদ্ভাবাধারং ভগবন্তং প্রাপ্নোতি; অতঃ প্রার্থনাঃ—হে ভগবন! মাং সদ্ভাবসমন্বিতং কুরু; মোক্ষপদং চ প্রাপয়। (২অ—৩খ—৪সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরমৈশ্বর্য্যশালিন্ হে ভগবন্! হৃদয়ে সদ্ভাব সঞ্জাত হইলে, সদ্ভাববর্দ্ধক মোক্ষপ্রাপ্তি-সামর্থ্য প্রদানের জন্য আপনি সদ্ভাবসংযুক্ত সৎকর্ম্মকে প্রাপ্ত হয়েন; (ভাব এই যে,—সদ্ভাবসমন্বিত সৎকর্ম্ম ভগবানকেই প্রাপ্ত হয়; অপিচ সদ্ভাব সঞ্চার করিয়া ভগবান্ সাধককে ও তাহার কর্ম্মকে পবিত্র করেন); সেই ভগবান্ নিশ্চয়ই মহান্। (মন্ত্রটী নিত্যসত্য-প্রকাশক। সদ্ভাব-সমন্বিত সাধক অবিলম্বে সদ্ভাবাধার ভগবানকে প্রাপ্ত হন; অতএব প্রার্থনা—হে ভগবন্! আমাকে সদ্ভাবসমন্বিত করিয়া মোক্ষপদে প্রতিষ্ঠিত করুন।)। (২অ—৩খ—৪সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'সোমেষু' 'সুতেষু' অভিষুতেষু সৎসু হে 'ইন্দ্র' 'ত্বং' তান্ পীত্বা 'ক্রতুং' কর্ম্মণাং কর্ত্তারম্, 'উক্থ্যং, স্তোতারঞ্চ 'পুনীষে' শোধয়সি। যদ্বা সোমেষ্বভিষুতেষু উক্থ্যাখ্যং 'ক্রতুং' যাগং তৈঃ সোমৈঃ পুনীষে যজমানৈঃ পূতং কারয়সি। কিমর্থং? 'বৃধস্য' বর্দ্ধকস্য 'দক্ষস্য বলস্য 'বিদে' লাভায় 'সঃ তাদৃশঃ 'মহান্' 'হি' খলু; অতএবং কর্ত্তুং শক্নোষীত্যর্থঃ। 'ইন্দ্রসুতেষু' 'ইন্দ্রঃ সুতেষু' ইতি 'পুনীষে' 'পুনীতে' ইতি 'দক্ষস্য মহাঁ হিষঃ' 'দক্ষসোমহান্হিষঃ' ইতি চ পাঠৌ। (২অ—৩খ-৪সূ ১সা)।

* * *

প্রথম (৭৪৬) সামের মর্ম্মার্থ।

§ * §

মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক। মানুষ সৎকর্ম্মের দ্বারা সৎস্বরূপকে প্রাপ্ত হয়। তিনি যদি প্রসন্ন না হয়েন, তিনি যদি সৎপথে লইয়া না যান, তিনি যদি সদ্ভাব সঞ্চার করিয়া না দেন, তিনি যদি সৎকর্ম্মে নিয়োজিত না করেন, তাহা কি মানুষের যে সে সৎকর্ম্ম-সম্পাদনে সমর্থ হয়! করুণাপরায়ণ ভগবান্, অকৃত জনকেও যে মোক্ষাধিকারী করেন, তাহাতেই তাঁহার মহত্ত্ব! তাই তিনি মহান। ভগবানই সর্ব্বতোভাবে সাধককে মোক্ষ-লাভে সমর্থ করেন। মানুষ আপনার শক্তিতে কাজ করিবার চেষ্টা করিতে পারে, নিজকে সৎকার্য্যে নিযুক্ত করিতে পারে, কিন্তু ফলদানের কর্ত্তা ভগবান। ভগবানের নিকট হইতে শক্তি আসে বলিয়া মানুষ কর্ম্ম করিতে পারে; তাঁহার মঙ্গলময় নীতি মানুষকে মোক্ষের পথে লইয়া যায় বলিয়াই মানুষ মোক্ষলাভের অধিকারী হয়। নতুবা শুধু কর্ম্ম করিয়াই ফললাভ সম্ভব নয়। সুতরাং চরমে মোক্ষলাভ ভগবানের কৃপার উপরই নির্ভর করে। সেই কৃপার চিত্রটী এই মন্ত্রে প্রকাশিত দেখি।

আবার যাঁহারা ভগবানের প্রতি নির্ভরশীল হইয়া সৎকর্ম্মে আত্মনিয়োগ করেন, ভগবান্ তাঁহাদিগকে অগ্রসর হইয়া ক্রোড়ে তুলিয়া লয়েন। সাধক কর্ম্মের দ্বারা আপনার হৃদয়ে সদ্ভাবের উৎপাদন করিয়াছেন—ভগবানও অর্দ্ধপথে অগ্রসর হইয়া তাঁহার মোক্ষলাভের পথ সুগম করিয়া দিলেন। তাঁহার হৃদয়ে কোন প্রকার মলিনতা থাকিলে তাহা তিনি দূর করিয়া দেন। মানুষের জন্য এই করুণা তাঁহার মহত্ত্বের পরিচায়ক। তাই বেদ বলিতেছেন—"মহান্ হি সঃ।"

এই মহত্ত্বই লোকগণের আরাধনার বস্তু। মানুষ আপনাকে আপনি যতটুকু পারে চালাইয়া নেয়, আর ভগবান্ তাহার দুর্ব্বলতা বুঝিয়া আপনার স্বর্ণসিংহাসন হইতে নামিয়া আসিয়া ভিখারীকে আপনার স্নেহবাহুর আলিঙ্গনে শুধু বিপদ হইতে রক্ষা করেন না,—তাহাকে চিরশান্তি প্রদান করেন। তাঁহার এই পালকত্ব ও রক্ষা-কর্ত্তৃত্বই মানুষকে তাঁহার দিকে আকর্ষণ করে। মানব একটু অগ্রসর হইয়াছে; যাহাতে আরও অগ্রসর হইতে পারে, ভগবান্ সেইজন্য উপযুক্ত ব্যবস্থা করেন। কোথায় ক্ষুদ্রাদপিক্ষুদ্র জীব, আর কোথায় রাজরাজেশ্বর ত্রিভুবনপতি! কিন্তু এই ক্ষুদ্রের জন্য, দুর্ব্বলের জন্য, তাঁহার করুণাধারা প্রবাহিত হইয়া ভোগবতীধারায় মানুষকে পরিতৃপ্ত শীতল করে। ইহাতেই তাঁহার মহত্ত্বের পরিচয়। বেদ তাঁহার সেই মহত্ত্বই প্রখ্যাপিত করিয়াছেন॥ (২অ—৩খ ৪সূ—১সা)।*

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৪অ ৪খ-৪দ—১সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের ত্রয়োদশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

১ ২৩১ ২ ৩১৩ ১র ৩ক
স প্রথমে ব্যোমনি দেবানা৺ সদনে বৃধঃ।
৩ ২ ৩১২৩ ১১৩ ২
সুপারঃ সুশ্রবস্তমঃ সমপ্সুজিৎ ॥ ২ ॥

*

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সঃ' (সঃ দেবঃ ভগবান্) 'প্রথমে' (মুখ্যে আদিভূতে) 'ব্যোমনি সদনে' (অন্তরীক্ষস্থানে, স্বর্লোকে—বর্ত্ততে ইতি শেষঃ) সঃ 'দেবানাং' (দেবভাবানাং) 'বৃধঃ' (বর্দ্ধয়িতা, বর্দ্ধনকারী) ভবতি ইতি শেষঃ; অপিচ, সঃ 'সুপারঃ' (সুষ্ঠু পারয়িতা, ভবার্ণবত্রাণকারী মোক্ষদাতা) 'সুশ্রবস্তমঃ' (শোভনং যশঃ যস্য সঃ, মহাযশস্বী, যদ্বা মহাশক্তিদায়কঃ) 'সমপ্সুজিৎ' (অমৃতাধিপতিঃ, অমৃতদাতা ইত্যর্থঃ) ভবতি ইতি শেষঃ। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ অমৃতপ্রদায়কঃ মোক্ষবিধাতা ভবতি—ইতি ভাবঃ॥ (২অ—৩খ—৪সূ—২সা)॥

* ° *

বঙ্গানুবাদ।

ভগবান্ আদিভূত স্বর্লোকে বর্ত্তমান আছেন; তিনি দেবভাবসমূহের বর্দ্ধনকারী, অপিচ, তিনি ভবার্ণবত্রাণকারী মোক্ষদাতা, মহাযশস্বী, (অথবা মহাশক্তিদায়ক), অমৃতদাতা হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ অমৃতপ্রদায়ক মোক্ষবিধাতা হয়েন।)। (২অ—৩খ—৪সূ—২সা)॥

° ° °

সায়ণ-ভাষ্যং।

'সঃ' ইন্দ্রঃ 'প্রথমে' প্রথিতে বিস্তীর্ণে মুখ্যে বা 'ব্যোমনি' বিশেষেণ রক্ষকে চ 'দেবানাং' 'সদনে' সীদন্ত্যস্মিন্নিতি সদনং স্থানং স্বর্গাখ্যং তত্র স্থিতঃ সন্ 'বৃধঃ' যজমানানাং বর্দ্ধয়িতা চ ভবতি। তথা 'সুপারঃ' সুষ্ঠু পারয়িতা প্রারব্ধস্য সম্যক্ পরিসমাপয়িতা 'সুশ্রবস্তমঃ' অতিশয়েন শোভনং শ্রবোঽন্নং যশো বা যস্য স তথোক্তঃ 'সমপ্সুজিৎ' সম্যক্ অপ্সু উদকেষু প্রাপ্তেষু সৎসু যৎ ভবিষ্যতো বৃত্রাদের্জেতা; যদ্বা আপ ইত্যন্তরিক্ষনাম (নি° ১৩৮)। অন্তরিক্ষে বর্ত্তমানানামসুরাণাং জেতা তমু হুবে ইত্যুত্তরস্য সম্বন্ধঃ। ২॥

দ্বিতীয় (৭৪৭) সামের মর্ম্মার্থ।

—:§*§:—

মন্ত্রটী ভগবানের মহিমাপ্রখ্যাপক। তিনি আদিভূত স্বর্গলোকে অবস্থিতি করেন। ভগবান্ যে স্থানে থাকেন, সেই স্থানই স্বর্গ। সুতরাং সেই স্বর্লোকও সৃষ্টির আদিভূত অথবা সৃষ্টির পূর্ব্ববর্ত্তী। প্রকৃত পক্ষে এখানে স্বর্গলোক দ্বারা বিশেষ কোনও স্থান বুঝাইতেছে না। কারণ, ভগবান্ স্থান ও কালের অতীত। 'ব্যোমনি' পদের দ্বারা তাঁহার মহিমাকে লক্ষ্য করা হইয়াছে মাত্র।

তিনি দেবভাবসমূহের বর্দ্ধনকারী। তাঁহার নিকট হইতেই দেবভাব উৎপন্ন হয়। সুতরাং তিনি কৃপা করিলেই জগতে দেবভাবের মহিমা বিস্তৃত হইতে পারে। তিনি ইচ্ছা করিলেই মানুষকে দেবতায় পরিণত করিতে পারেন। সেই দেবভাব অথবা বিশুদ্ধ সত্ত্বভাব প্রদান করিয়া তিনি মানুষকে ভবসমুদ্রের পরপারে লইয়া যাইতে পারেন অর্থাৎ মোক্ষ প্রদান করিতে পারেন। তাই তিনি 'সুপারঃ'—ভবপারের কাণ্ডারী।

অমৃতদাতা তিনি। তাঁহার অফুরন্ত অমৃতভাণ্ডার হইতে মানুষ তাঁহার কৃপায় যদি এক বিন্দু অমৃত পায়, তাহা হইলে মানবজীবন সার্থক হয়। তিনি শুধু অমৃতের অধিকারী নহেন, উপযুক্ত সাধককে তাঁহার অমৃতকণা দানে চরিতার্থ করেন।

প্রচলিত ভাষ্যাদিতেও মন্ত্রটীকে ভগবন্মহিমাখ্যাপক বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে। কিন্তু সেই ব্যাখ্যায় বৃত্র প্রভৃতিকে অনর্থক টানিয়া আনা হইয়াছে। (২অ—৩খ—৪সূ—২সা)। ০

—•—

তৃতীয়ং সাম।

১ ২   ৩ ১ ২   ৩ ২ ৩   ১ ২   ৩ ১ ২
তমু হুবে বাজসাতয় ইন্দ্রং ভরায় শুষ্মিণম্।
১ ২   ৩ ১   ২র ৩   ১ ২   ৩ ২
ভবা নঃ সুম্নে অন্তমঃ সখা বৃধে ॥ ৩ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বাজসাতয়ে' (আত্মশক্ত্যৈ, আত্মশক্তিলাভায়) তথা 'ভরায়' (সংগ্রামায়, রিপুসংগ্রামে জয়লাভায় ইত্যর্থঃ) 'তং' (প্রসিদ্ধং) 'শুষ্মিণং' (পাপশোষকং, পাপনাশকং) 'ইন্দ্রং' (বলাধিপতিদেবং) 'উ' (এব) 'হুবে' (আহ্বয়ামি, আরাধয়ামি) ; হে দেব ! ত্বং 'নঃ' (অস্মাকং) 'সুম্নে' (সুখায়, পরমসুখায়) 'ভব' অস্মভ্যং পরমসুখং প্রদেহি ইত্যর্থঃ ; তথা 'বৃধে' (বর্দ্ধনায়,

---

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের ত্রয়োদশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

সমৃদ্ধয়ে—অস্মাকং ইতি যাবৎ) 'অন্তমঃ' (সন্নিকৃষ্টতমঃ, অন্তরতমঃ) 'সখা' (বন্ধুঃ) ভব ইতি শেষঃ ; প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন! অস্মান আত্মশক্তিসম্পন্নান তথা রিপুজয়িনঃ কুরু ; অস্মাকং অন্তরতমঃ বন্ধুঃ ভব—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—৩খ ৪হ ৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

আত্মশক্তিলাভের জন্য এবং রিপুসংগ্রামে জয় লাভের নিমিত্ত প্রসিদ্ধ পাপনাশক বলাধিপতি দেবতাকেই আরাধনা করিতেছি ; হে দেব! আপনি আমাদিগের পরম সুখের জন্য হউন অর্থাৎ আমাদিগকে পরম সুখ প্রদান করুন এবং আমাদিগের সমৃদ্ধির জন্য অন্তরতম বন্ধু হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন! আমাদিগকে আত্মশক্তিসম্পন্ন এবং রিপুজয়ী করুন, আমাদিগের অন্তরতম বন্ধু হউন।) ॥ (২অ—৩খ—.সূ—৩সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'তমু' পূর্ব্বোক্তগুণমেব 'শুষ্মিণং' বলবন্তং 'ইন্দ্রং' বাজসাতয়ে 'বলানামন্নানাং বা সাতিলাভো যস্মিন্ তাদৃশায় 'ভরায়' সংগ্রামায় যদ্বা ভ্রিয়ন্তে তস্মিন্ হবীংষীতি ভরো যজ্ঞঃ প্রায়েণ সংগ্রামনামানি যজ্ঞনামস্বেন চ দৃষ্টান্ত ভরায় যজ্ঞার্থং 'হুবে' আহ্বয়ামি। হে ইন্দ্র! ত্বং 'সুম্নে' সুখে ধনে বা লিপ্সিতে সতি 'নঃ' অস্মাকং 'অন্তমঃ' অন্তিকতমঃ সন্নিকৃষ্টতমো ভব তমেস্তাদেশ্চেতি অন্তিকশব্দস্ত তাদি লোপঃ ; 'বৃধে' বর্দ্ধনার্থঞ্চ 'সখা' সমানখ্যানো মিত্রভূতো ভব। 'তমুহবে' তমূহ্বে ইতি পাঠৌ। (২অ ৩খ—৪হ ৩সা)।

দ্বিতীয়াধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ সমাপ্তঃ।

* * *

তৃতীয় (৭৪৮) সামের মর্ম্মার্থ।

"তুমি অন্তরতর অন্তরতম। তুমি প্রাণরূপে জীবের জীবনীশক্তি দিতেছ, জ্যোতিঃরূপে আত্মায় অধিষ্ঠিত আছ। প্রাণের প্রাণ অন্তরতম সখারূপে তুমি আমার হৃদয়ে এস, তোমার প্রেমস্পর্শলাভে আমি ধন্য হইয়া যাই। হৃদয়ের নিভৃতনিকুঞ্জে আমি তোমার জন্য আসন পাতিয়া রাখিয়াছি। এস প্রিয়তম, তোমার আগমনে আমার হৃদয় পবিত্র হউক! তোমারি আশায়, তোমারি প্রতীক্ষায়, আমি দীর্ঘদিবসরজনী বসিয়া আছি, কবে তুমি আসিবে, তোমার পুণ্যপরশে কবে আমার হৃদয়-শতদল বিকশিত হইবে! ওগো প্রাণ প্রিয়তম! তুমি কি আসিবে? তুমি না আসিলে এ জীবন ব্যর্থ—ব্যর্থ এ জগৎ! আমি তোমারি আশায়

আশায় বসিয়া আছি। এস—এস বন্ধু, এস প্রিয়তম, আমাকে তোমার প্রেমামৃত দানে ধন্য কর। বন্ধুরূপে আমার জীবন-পথে সাথী হও, সখারূপে আমার মোহভ্রম ঘুচাইয়া দাও। তোমায় আমায় ব্যবধান আর তো সহ্য হয় না। তোমাতে আমি যেন আত্মলীন হইয়া যাই। 'মমপ্রাণঃ সখামতঃ'—আমার প্রাণ, আমার যা কিছু আছে, তুমি গ্রহণ কর, আমার আমিত্ব ভুলিয়া যাই, তোমাতে যেন আমার আমিহারা হইয়া যাই। সেই যে আমার পরমপুরুষার্থ! আর প্রহেলিকাজাল কেন? ব্যবধান দূর কর, অন্তরের অন্তরতম দেশে এস সখা! আমার প্রতীক্ষা, আমার আহ্বান সাফল্যমণ্ডিত হউক।" ভগবানের সহিত এই সখিত্ব কত মধুর! সখ্যরস-সাধকের এই প্রার্থনাটীই আমরা মন্ত্রের মধ্যে দেখিতে পাই।

ভারতীয় সাধনাপদ্ধতির মধ্যে—অথবা সমগ্র জগতের সাধনাপদ্ধতির মধ্যে, সখ্যরস সাধনার স্থান অতি উচ্চ। সখ্যরসের সাধক, সাধ্য ও সাধকের মধ্যে অভেদত্ব লাভ করিতে চাহেন। দূরে থাকিয়া তাঁহার প্রাণের পিপাসা মিটে না, তিনি ভগবানকে আপনার নিকটে, অতি নিকটে নিজ প্রাণের মধ্যে উপলব্ধি করিতে চাহেন। সখ্য রসের সাধনা বিশেষভাবে সম্ভোগের সাধনা। আর একধাপ উঠিলেই রসের পূর্ণতা হয়, মধুর রসে পৌঁছান যায়।

ভগবানকে বন্ধুরূপে, অন্তরঙ্গসখারূপে পাইবার আকাঙ্ক্ষাই এই রসের বিশেষত্ব। ভারতে এই প্রেমের হাট, রসের অফুরন্ত প্রস্রবণ প্রবাহিত হইয়াছিল—শ্রীবৃন্দাবনে। এখনও পর্য্যন্ত হিন্দুগণ সেই অমৃত-ধারা পান করিয়া ধন্য হইতেছেন।

এই পঞ্চরসের সাধনা, বিশেষভাবে সখ্য বাৎসল্য ও মধুর রসের সাধনা, ভারতীয় সভ্যতার ও ধর্ম্মসাধন-পদ্ধতির উজ্জ্বলতম বৈশিষ্ট্য। পৃথিবীর আর কোনও দেশে কোনও ধর্ম্মপদ্ধতিতে এই উচ্চভাব পরিদৃষ্ট হয় না। ভিন্নদেশবাসী ভিন্নধর্ম্মাবলম্বী এই ভাবের ভাব মাধুর্য্য উপলব্ধি করিতে পারেন না, কাজেই তাঁহারা তৎসম্বন্ধে নানাবিধ অসংলগ্ন অর্থহীন মন্তব্য প্রকাশ করেন।

সখ্যরসের সাধন-শক্তি লাভের জন্য প্রার্থনাই এই মন্ত্রের বৈশিষ্ট্য। এই বৈশিষ্ট্যটুকু প্রদর্শন করিবার জন্যই মর্ম্মার্থে চেষ্টা করা হইয়াছে। (২অ-৩খ—৪সূ—৩সা)।

* * *

চতুর্থসূক্তস্য গেয়-গানং।

২ র ১ ১২ ১ — ১ ২ ১ ২র
১। ইন্দ্রসুতেষুসোমেষু। ক্রতু ২ ম্পুনায়ি। ষউক্থিয়াম্। বিদে-
১ — ১ ২র ১ — ১ ২
বার্দ্ধা ২। স্যদক্ষস্যা। মহা৺হায়িষা ২ঃ। মহ'৺ ২ ৩ হিষা

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের ত্রয়োদশ সূক্তের তৃতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত।)।

২ র র১২ ১র —১র ২র
৩৪৩৫॥ (১) সপ্রথমেবিয়োমানী। দেবা২না৺সা। সদন

১ ২র১ — ১ ২ ১ — ১
বৃধাঃ। সুপারাঃ সু২। শ্রবস্তমা৩ঃ। সমপ্‌সুজা২৫। সমা-

২ ২ রর র১২ —
২৫প্সুজী ৩৪৩৫॥ (২) তমুহুবেবাজসাতায়ায়ি। ইন্দ্রা২

১ ২ ১ ২র১ — র ১ ২র১
ভরা। য়শুষ্মণাম্। ভবানাঃ সূ২। ম্নেঅন্তমাঃ। সখাবার্দ্ধা

— ১র১ — ১ ২
২য়ি। সখাবার্দ্ধা২য়ি। সখা২৩বৃধা ৩৪৩য়ি।

১
ও২৩৪৫ঈ। ডা (৩)॥

* * *

১ ২১র২ ১র ২র১ র — ২ —
২। ইন্দ্রসুতেষুসোমেষ্বা। ক্রতুম্পুনীতউক্থা২৩য়াম্। বিদা২

১ ২ ১২ ২ ২ র ৩
হো১য়ি। বা২৩র্দ্ধা। স্যদা১ক্ষা৩স্যা। মহা৺হী২৩

৫ ১S ২ ২ ১
৪য়িষাঃ॥ মাহা৩উবা৩। উপ্। হাহ২য়িমো৩৫

১ ১২১র র ২ ১ ররর র
হায়॥ (১) সপ্রথমেব্যোমনি যা। দেবানা৺সদনেবা২৩

২ ১ — ২ ১২ ২ ২
র্দ্ধাঃ। সুপা২হো১। রা২৩ঃসু। শ্রবা১স্তা৩মাঃ।

৩ ৫ ১S ২ ২ ১
সমপ্সু২৩৪জীৎ। সামা৩উবা৩। উপ্। প্সুহ২জো৩৫

২ ১ ২ র১র ২র১২ ১ র
হায়॥ (২) তমুহুবেবাজসাতয়া। ইন্দ্রম্ভরায়শুষ্ম২৩

২ ১ — ২ ১র২ ২ ২
য়িণাম্। ভবা২হো১। না২৩ঃসু। ম্নেঅ১স্তা৩মাঃ।

র ০ ৫ ১ S ২ ২ ১
সথা৷ ২ ৩ ০ হ্বায়ি। দাধা ৩ উ৷ ৩। উপ্। বাহ্ ৫ র্ঝৗ

২
৩৫ হায়ি (৩)। ১৷৫৷৩॥ *

চতুর্থঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২র ৩ ১ ২র ৩ ১ ২
এনা বো অগ্নিং নমসা ঊর্জ্জঃ নপাতং আ হুবে।
৩ ১ ২র ৩ ১ ২ ৩১
প্রিয়ং চেতিষ্ঠং অরতিং স্বধ্বরং
২র ৩ ২ ৩ ১ ২
বিশ্বস্য দূতং অমৃতম্ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেবভাবাঃ! 'বঃ' (যুষ্মদর্থং, যুষ্মানধিকর্ত্তুমিত্যর্থঃ) 'ঊর্জ্জঃ' (বলস্য সত্ত্বভাবরূপস্য) 'নপাতং' (পুত্রং, সদ্ভাবোৎপন্নং) 'প্রিয়ং' (সর্ব্বেষাং অনুকূলং) 'চেতিষ্ঠং' (অতিশয়েন প্রজ্ঞাতারং, প্রজ্ঞাপকং) 'অরতিং' (গন্তারং, স্বামিনং) 'স্বধ্বরং' (সুযজ্ঞং) 'বিশ্বস্য' (সর্ব্বস্য) 'দূতং' (বার্ত্তাহরং, অভীষ্টপূরকং) 'অমৃতং' (ক্ষয়রহিতং, নিত্যং) 'অগ্নিং' (জ্ঞানস্বরূপং দেবং) 'এনা' (অনেন) 'নমসা' (নমঃসূচকেন, স্তোত্রেণ) 'আহুবে' (আহ্বয়ামি)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। জ্ঞানাগ্নিরেব দেবভাবপ্রাপকঃ ইতি ভাবঃ। (২অ—৪খ—১সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে দেবভাবসমূহ! তোমাদিগকে অধিকার করিবার জন্য আমি, সত্ত্বভাব-রূপ বলের পুত্রস্বরূপ অর্থাৎ সদ্ভাবোৎপন্ন, সকলের প্রিয়,

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে—"কৌৎসম্" এবং "উদ্বংশীয়ম্"।

অতিশয় জ্ঞানী বা জ্ঞাপক, (সকলের) অধিপতি, সুযোগ্য (শোভন-যজ্ঞকারী), সকলের অভীষ্টপূরক, ক্ষয়রহিত অর্থাৎ নিত্য-জ্ঞানস্বরূপ দেবকে এই স্তোত্র দ্বারা আহ্বান করিতেছি। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—জ্ঞানাগ্নিই দেবভাব-প্রাপক।) ॥ (২অ—৪খ—সূ—১সা) ॥

° . *

সায়ণ-ভাষ্যং।

'উর্জ্জঃ' বলস্য 'নপাতং' নপাদিত্যপত্যনাম (নি ঘ০ ২।২।১৩) পুত্রং 'প্রিয়ং' অস্মাকং 'চেতিষ্ঠং' অতিশয়েন জ্ঞাতারং প্রজ্ঞাপকং বা 'অরতিং' গন্তারং স্বামিনং বা 'স্বধ্বরং' শোভন যজ্ঞং 'বিশ্বস্য' সর্ব্বস্য যজমানস্য 'দূতং' 'অমৃতং' নিত্যং 'অগ্নিং' 'এনা' এতেন 'নমসা' স্তোত্রেণ হে ঋত্বিগ্‌যজমানাঃ। 'বঃ' যুষ্মদর্থং 'আহুবে' আহ্বয়ামি ॥ ১ ॥

• • •

প্রথম (৭৪৯) সামের মর্ম্মার্থ।

এই সাম-মন্ত্রটীতে, মাত্র জ্ঞানাগ্নির গুণরাশি পরিবর্ণিত। এ মন্ত্র দ্বারা সাধক, দেবভাব-সমূহকে সম্বোধন করিয়া বলিতেছেন—'হে দেবভাবসমূহ! তোমাদিগকে লাভ করিবার নিমিত্ত জ্ঞানাগ্নিকে (হৃদ্দেশে) আহ্বান করিতেছি।' এ মন্ত্রের অর্থ-কল্পনা-পক্ষে যে শব্দ যে অর্থ দ্যোতনা করিতেছে, তৎপক্ষে ভাষ্যের সহিত আমাদের কোনরূপ মতদ্বৈধ নাই। কেবল, শেষাংশে 'বঃ' এই যুষ্মৎশব্দোৎপন্ন পদ থাকায়, এস্থলে ভাষ্যকার ঋত্বিক্ যজমানের সম্বন্ধ কল্পনা করিয়া 'স্তোতারঃ' পদ অধ্যাহার করিয়াছেন। আমরা পূর্ব্বাপর অর্থ-সঙ্গতির পক্ষে লক্ষ্য রাখিয়া, ঐ পদে 'দেবভাবনিবহ' অর্থ অধ্যাহৃত করিয়াছি।

এক্ষণে মন্ত্রস্থিত জ্ঞানাগ্নির বিশেষণ-কয়টীর প্রতি লক্ষ্য করুন। প্রথমেই তাঁহাকে বলা হইতেছে—'উর্জ্জঃ নপাতং'। ভাষ্যকার ঐ পদদ্বয়ের অর্থ করিয়াছেন—বলের পুত্র। আমরা ভাষ্যানুসরণেই অর্থ করিয়াছি—শুদ্ধসত্ত্বোৎপন্ন। সাধন-ক্ষেত্রে উত্তীর্ণ হইতে হইলে শুদ্ধসত্ত্বই একমাত্র প্রধান বল। সেই শুদ্ধসত্ত্ব হৃদয়ে প্রতিষ্ঠিত হইলে, জ্ঞানাগ্নি স্বভাবতঃই হৃৎপ্রদেশ অধিকার করে। অতএব শুদ্ধসত্ত্ব যে জ্ঞানের জনক, তাহাতে আর বিচিত্রতা কি আছে? তাহার পর, তাঁহাকে বলা হইয়াছে—'প্রিয়ং' অর্থাৎ তিনি সকলের প্রিয়। তিনি, 'চেতিষ্ঠং' অর্থাৎ অতিশয় জ্ঞানী—জ্ঞাপক। তিনি, ভগবানের স্বরূপ-তত্ত্ব জ্ঞাত আছেন এবং সাধককে তাহা জ্ঞাত করেন। তিনি, অধিপতি। তিনি, স্বযজ্ঞ অর্থাৎ—শোভন-যজ্ঞের নির্ব্বাহকর্ত্তা। জ্ঞানাগ্নি হৃদয়ে প্রজ্বলিত হইলে, সাধকের যজ্ঞ শোভন হয়; অথবা শোভনরূপে তাঁহার সকল যজ্ঞই সমাহিত হইয়া থাকে। তিনি (সাধকমাত্রের) অভীষ্টপূরক এবং তিনি নিত্য।

মন্ত্রস্থিত বিশেষণ-পদগুলিতে জ্ঞানাগ্নির শ্রেষ্ঠত্ব সর্ব্বতোভাবে পরিকীর্ত্তিত হইয়াছে। সাধনা-ক্ষেত্রে উন্নতি লাভ করিতে হইলে, জ্ঞানাগ্নিই যে প্রধান সহায় এবং শ্রেষ্ঠ অবলম্বন—

এ মন্ত্র তাহার জ্বলন্ত দৃষ্টান্ত। এবম্ভূত জ্ঞানাগ্নি হৃদয়ে অধিষ্ঠিত হইলেই দেবভাবসমূহ একে একে হৃদয়ে পরিস্ফুট হইয়া থাকে। তাই সাধক, দেবভাবসমূহকে উদ্দেশ করিয়া বলিতেছেন,—'হে দেবভাবসমূহ! তোমাদিগকে প্রাপ্ত হইবার জন্য অগ্রেই এবম্ভূত জ্ঞানাগ্নিকে আহ্বান করিতেছি। অর্থাৎ, জ্ঞানাগ্নি হৃদয়ে প্রজ্বলিত হইলেই তোমাদিগকে প্রাপ্ত হইব' (২অ ৪খ ১সূ ১সা)।

— • —

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২৩ক ২র
স যোজতে অরুষা বিশ্বভোজসা স দুদ্রবৎ স্বাহুতঃ।
৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
সুব্রহ্মা যজ্ঞঃ সুশমী বসূনাম্
৩ ২উ ৩ ১ ২
দেব৺ রাধো জনানাম্ ॥ ২ ॥*

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সঃ' (সঃ দেবঃ, ভগবান্) 'বিশ্বভোজসা' (বিশ্বরক্ষকেন) 'অরুষা' (আরোচমানেন, জ্যোতির্ম্ময়েন, স্বতেজসা) সাধকং 'যোজতে' (সংযোজতে); ভগবান্ সাধকং দিব্যজ্যোতিঃ প্রযচ্ছতি ইতি ভাবঃ; 'সুব্রহ্মা' (শোভনস্তুতিকঃ, সর্ব্বৈঃ স্তুতঃ) 'যজ্ঞঃ' (যজনীয়ঃ, সর্ব্বারাধনীয়ঃ) 'সুশমী' (শোভনকর্ম্মা, সৎকর্ম্মসাধনশক্তিদাতা ইত্যর্থঃ) 'সঃ' (সঃ দেবঃ) 'স্বাহুতঃ' (ঐকান্তিকতয়া আহূতঃ সন্) 'দুদ্রবৎ' (শীঘ্রং আগচ্ছতু - অস্মাকং হৃদি ইতি শেষঃ); 'বসূনাং' (ধনবতাং, পরমধনসম্পন্নানাং) 'জনানাং' (লোকানাং, সাধকানাং) 'রাধঃ' (ধনং, পূজারূপং ধনং) 'দেবং' (ভগবন্তং—প্রতি গচ্ছতি ইতি শেষঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। সর্ব্বারাধনীয়ঃ পরমজ্যোতির্দ্দায়কঃ ভগবান্ অস্মান্ প্রাপ্নোতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২অ-৪খ-১সূ-২সা)॥

• • •

বঙ্গানুবাদ।

ভগবান্ বিশ্বরক্ষক জ্যোতির্ম্ময় স্বতেজের দ্বারা সাধককে সংযোজিত করেন; ভগবান্ সাধককে দিব্যজ্যোতিঃ প্রদান করেন; সর্ব্বলোক কর্ত্তৃক স্তুত সর্ব্বারাধনীয় সৎকর্ম্মসাধনশক্তিদাতা সেই দেবতা ঐকান্তিকতার সহিত আহূত হইয়া আমাদিগের হৃদয়ে শীঘ্র আগমন করুন;

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (১অ—প্র ৫দ—১সা) প্রাপ্তব্য।

পরমধনসম্পন্ন সাধকদিগের পূজারূপ ধন ভগবানের প্রতি গমন করে। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—সর্ব্বারাধনীয় পরমজ্যোতিঃ-দায়ক ভগবান্ আমাদিগকে প্রাপ্ত হউন।) ॥ (২অ—৪খ—১সূ—২সা) ॥

⁂

সায়ণ-ভাষ্যং।

'সঃ' অগ্নিঃ 'অরুষা' আরোচমানৌ 'বিশ্বভোজসা' বিশ্বস্য পালয়িতারোবশ্বৌ 'যোজতে' স্বকীয়ে রথে 'যুনক্তু' (যদ্বা, 'বিশ্বভোজসা' বিশ্বস্য রক্ষকেণ 'অরুষা' আরোচমানেন তেজসা 'যোজতে' অযুজ্যত। তদনন্তরং সঃ অগ্নিঃ 'স্বাহুতঃ' স্তোতৃভিঃ সুষ্ঠু আহুতঃ সন 'দুদ্রবৎ' আনেতুং দেবান প্রতি ভৃশং দ্রবতু গচ্ছতু। কীদৃশঃ? সুব্রহ্মা শোভনস্তুতিকঃ শোভনান্নো বা যজ্ঞঃ যষ্টব্যঃ সুশমী শোভনকর্ম্মা চ ভবতি ; ততঃ বসূনাং বাসকানাং 'জনানাং যজমানানাং সম্বন্ধি 'রাধঃ' হবির্লক্ষণং-ধনং 'দেবং' দ্যোতমানমগ্নিম্প্রতি গচ্ছত্বিতিশেষঃ ॥ ২ ॥

⁂

দ্বিতীয় (৭৫০) সামের মর্ম্মার্থ।

জ্যোতিঃস্বরূপ ভগবান সাধকদিগের হৃদয়ে দিব্যজ্যোতিঃ প্রদান করেন। সেই জ্যোতিঃ বিশ্বরক্ষাসমর্থ। আলোকই জীবন, অন্ধকারই মৃত্যু। জ্যোতিঃর প্রভাবেই জগৎ বাঁচিয়া আছে। ঐহিক ও পারত্রিক উভয় দিক দিয়াই জ্যোতিঃর বিশ্বরক্ষাশক্তি অনুভব করা যায়। বর্ত্তমান যুগের বৈজ্ঞানিকগণও তাঁহাদিগের জড়-বিজ্ঞানের সাহায্যে প্রত্যক্ষসিদ্ধ প্রমাণের বলে স্থির করিয়াছেন যে,—জ্যোতিঃ বা আলো না থাকিলে জীব-জগৎ, উদ্ভিদজগৎ থাকিত না। আলোকের অভাবে সমস্ত সৃষ্ট পদার্থ প্রাণহীন অবস্থায় পরিণত হইত। তাই নাস্তিক জার্ম্মান দার্শনিক হেকেল (Hackel) ঈশ্বর-পূজার প্রয়োজনীয়তা অস্বীকার করিয়াও জীবের জীবনদাতা বলিয়া আলোকের উৎস সূর্য্যদেবের নিকট মস্তক নত করিয়াছেন! এখন সম্ভবতঃ পাশ্চাত্য-ভাবে অনুপ্রাণিত হিন্দুদিগের নিকট হিন্দুর সূর্য্যোপাসনাটা নিতান্ত কুসংস্কার বলিয়া বিবেচিত নাও হইতে পারে!

কিন্তু উহা একটা দিকমাত্র! ইহাপেক্ষা বহুগুণ উচ্চ ও মহান ভাব এই 'বিশ্বভোজসা' পদের মধ্যে নিহিত আছে। মানুষ এই জ্ঞানালোক ব্যতীত মানুষই হইত না। এই দিব্যজ্যোতিঃ ব্যতীত জগৎ অধ্যাত্মজীবনহীন হইত। জ্ঞান-স্বরূপ ভগবান জ্ঞান-বলেই বিশ্বের সৃষ্টি স্থিতি প্রলয়ের নিয়ন্তা। তাই জ্ঞানাত্মা তাঁহাকে বিশ্বের রক্ষক বলিয়াছেন। ভগবান কৃপা করিয়া সাধককে সেই জ্ঞান-জ্যোতিঃ প্রদান করেন। মন্ত্রে এই সত্যই বিশেষভাবে প্রখ্যাপিত হইয়াছে। (২অ ৪খ—১সূ—২সা) ॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের ষোড়শ সূক্তের দ্বিতীয়া ঋক্ (পঞ্চম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

প্রথমসূক্তস্য গেয়-গানং ।

১র র র র র ১ ২ ৳৩ ৫ ২র র
১॥ এনাবোঅ । ঔহোহায়ি । গ্নায়িন্নামা ২ ৩ ৪ সা । উর্জ্জো-
র র১ ৫ ১ র ২
নপাতমাহুবে ২ ৩ ৪ হায়ি । প্রিয়ঞ্চেতিষ্ঠমরতি৺স্বধ্বরা ৬ ৪ ।
৩র ৪র ৫ ১ ৩ ৫ ২ ৩ ৫ ২ ১ ২
ঔহোবা । ইহা ২ ৩ ৪ হায়ি । উহুবা ২ ৩ ৪ রাম্ । বিশ্বস্য ।
১ ৭ ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
দূতমমা ৩ ৪ । ঔহোবা । ইহা ২ ৩ ৪ হায়ি । ঔহো ৩ ১ ২
৫র ৫ ২ র র ১ ২
৩ ৪ । তাম্ । এহিয়া ৬ হা ॥ (১) বিশ্বস্যদূঔহোহায়ি ।
৳ ৩ ৫ ২ ১ ৫ ১র র
তামামা ২ ৩ ৪ র্ত্তাম্ । সযোজা ২ ৩ ৪ হা । তেঅরুষাবিশ্ব-
র ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ২ ৩
ভোজা ৩ ৪ । ঔহোবা । ইহা ২ ৩ ৪ হায়ি । উহুবা ২ ৩ ৪
৫ ২ ১ ৩ ১ ৭ র ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫
সা । সদ্রুদ্র । বাৎস্বাহু ৩ ৪ । ঔহোবা । ইহা ২ ৩ ৪ হায়ি ।
৩র ২ ৫ ৎ র ৫ ২ র
ঔহো ৩ ১ ২ ৩ ৪ । তাঃ । এহিয়া ৬ হা ॥ (২) সমুদবা-
র ১ ২ ৳ ৩ ৫ ২ ১ ৫ ১
ঔ হাহায়ি । সূবাহু ২ ৩ ৪ তাঃ । সুব্রহ্মা ১ ২ ৪ হায়ি । যজ্ঞঃ-
র ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ২ ৩
সুশমীবসূ ৩ ৪ । ঔহোবা । ইহা ২ ৩ ৪ হায়ি । উহুবা ২ ৩ ৪
৫ ২র ১ ২র ১ ২ ৩র ৪র ৫ ১ ৩
নাম্ । দেব৺রা । ধোজনা ৩ ৪ । ঔহোবা । ইহা ২ ৩ ৪
৫ ৩র ১ ৫ৎ র ৫
হায়ি । ঔ হো ৩ ১ ২ ৩ ৪ । নাম্ । এহিয়া ৬ হা (৩) ॥
৪ র র ৪ ২ ৪ ৫ ১ র র
২। আহ্ ৫ য়িনা । বোআ ৩ গ্না ৩ য়িন্নমসা । উ । র্জ্জোনপাত-

র　র　১　২১　র২
মাহুবেপ্রিয়ঞ্চেতিষ্ঠমরতি৺স্বধ্বর।　রাম্।　ঔ২৩হোহায়ি।
১　২　৩র২　১ —　১　A
বিশ্বা২৩স্যদূ।　তমৌহো৩।　হুম্মা২।　মাহ২র্ত্তো৩৫
২　৩　৪ .২　৪ ৫　১
হায়ি॥　(১) বাহ৫য়িশ্ব।　স্যদূ৩তা৩মমৃতাম্।　গাঃ।
র　র　র　২র১　২　র২　১
যোজতেঅরুষাবিশ্বভোজ।　গা।　ঔ৩হোহায়ি।　সদূ২৩
২^　৩র২　১ —　১　২
২৩দ্রবাৎ।　সুগৌহো৩।　হুম্মা।　হূহ২তো৩৫হায়ি॥
৪　৪　২ ৪র　৫　১　র　র২র
(২) গা৫হহু।　দ্রবা৩ৎসূ৩বাহুতাঃ।　সু।　ব্রহ্মাযজ্ঞঃসুশমীবসূ।
১　র২　২র　র২^　৩র২
নাম্।　২ হোহায়ি।　দেবা　৺রাধাঃ।　জনৌহো৩।
১ —　১　^　২
হুম্মা২।　নাহ২গো৩৫হায়ি॥

* *

১র র —　১　২র　১র২১　২৩র২১
৩॥　এনাবোআ২গ্নিম্।　নমগোবা।　উর্জ্জোনপা।　তমাহুবায়ি।
২১২র১　২　১　র১　—　১
প্রিয়ঞ্চেতিষ্ঠমরতিং৺স্বধ্বরংবিশ্বস্যদূতম্।　আ২৩।　মৃগাউবা।
১র —　১ —　১　২১র২১　২৩
শ্রুধিয়া২॥ (১) বিশ্বস্যদূ৩তম্।　অমৃতোবা।　সযোজতে।　অরু-
২র১　র২র১　২　১　২　১র　-
ষাবায়ি।　বিশ্বভোজসানন্দ্রবৎসু।　আ২৩।　হুবাউবা।　শ্রুধিয়া২॥
১ —　র　১　২১২র১　২৩২১
(২) সত্তুদ্রবা২ৎসু।　আহুতোবা।　সুব্রহ্মায　জ্ঞঃসুশমায়ি।
র২রর১　র২র১　২　১র —
বসূনান্দেব৺রাধোজ।　না২৩।　নাউবা।　শ্রুধিয়া২॥ ১।২॥*

---

* এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত তিনটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—"বারবন্তীয়ম্", "মহাবামদেব্যম্" এবং "শ্রুধ্যম্।"

প্রথমং সাম।

১ ২ ৩ ২ ১ ২ ৩ ২ ৩ ২
প্রত্যু অদর্শ্যায়ত্যূ২৩উচ্ছন্তী দুহিতা দিবঃ।
১ ৩ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩
অপো মহীবৃণুতে চক্ষুষা তমো
১ ২ ২ ৩ ১ ২
জ্যোতিঃ কৃণোতি সূনরী ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দিবঃ দুহিতা' (দ্যুলোকস্য পুত্রী, জ্ঞানবৃত্তিঃ ইত্যর্থঃ) 'উচ্ছন্তী' (তমাংসি দূরং কুর্ব্বন্তী, মম অজ্ঞানতাং দূরং কৃত্বা ইত্যর্থঃ) 'অদর্শি উ' (অজ্ঞানং মাং প্রতি) 'প্রত্যায়াতি' (সম্যক্‌রূপেণ আগচ্ছতি, মম হৃদয়ে আবির্ভবতু ইত্যর্থঃ); সা জ্ঞানবৃত্তিঃ 'চক্ষুষা' (দৃষ্টিশক্ত্যা, জ্যোতির্দ্দানেন ইত্যর্থঃ) 'মহী তমো' (মহত্তমঃ, অন্ধকারং, অজ্ঞানান্ধকারং) 'অপোবৃণুতে' (নিবারয়তু); 'সূনরী' (জনানাং সুষ্ঠু নেত্রী, সা মোক্ষপথপ্রদর্শয়িত্রী) 'জ্যোতিঃ' (জ্ঞানং) 'কৃণোতি' (করোতি, মহ্যং প্রযচ্ছতু ইত্যর্থঃ); হে ভগবন্! অজ্ঞানায় মহ্যম্ পরাজ্ঞানং প্রযচ্ছত—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ-৪খ ২সূ ১সা) ॥

* *

বঙ্গানুবাদ।

জ্ঞানবৃত্তি আমার অজ্ঞানতা দূর করিয়া, অজ্ঞান আমার প্রতি আগমন করুন, অর্থাৎ আমার হৃদয়ে আবির্ভূত হউন; সেই জ্ঞানবৃত্তি জ্যোতিঃ দান করিয়া অজ্ঞানান্ধকার দূর করুন; সেই মোক্ষপথপ্রদর্শয়িত্রী আমাকে পরাজ্ঞান প্রদান করুন; (প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! অজ্ঞান আমাকে পরাজ্ঞান প্রদান করুন) (অ— খ—২সূ— সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'আয়তী' আগচ্ছন্তী 'উচ্ছন্তী' তমাংসি বিবাসয়ন্তী বর্জ্জয়ন্তী 'দিবঃ' দ্যুলোকস্য সূর্য্যস্য বা 'দুহিতা' পুত্রী, এবম্ভূতা উষাঃ 'প্রতি অদর্শি' জনৈঃ প্রত্যদৃশ্যতে। 'উ'—ইতি পূরণঃ; সৈষা 'মহী' মহৎ 'তমঃ' নৈশমন্ধকারং 'চক্ষুষা' দর্শনেন। 'অপ উ'—ইতি নিপাতদ্বয় সমুদায়ঃ অপেত্যস্যার্থে। 'বৃণুতে' নিবারয়তি। এবং কৃত্বা 'সূনরী' জনানাং সুষ্ঠু নেত্রী উষাঃ 'জ্যোতিঃ' প্রকাশং 'কৃণোতি' করোতিঃ। 'বৃণুতে চক্ষুষা'—'ব্যয়ন্তিচক্ষুষে' ইতি পাঠৌ ॥ ১ ॥

* * *

প্রথম (৭৫১) সামের মর্ম্মার্থ।

জ্ঞান ভগবানেরই দান। তিনি 'সত্যং জ্ঞানং অনন্তং'। তাঁহা হইতেই জ্ঞানের উৎপত্তি। হিন্দুদর্শন এক পরম চৈতন্য সত্তা হইতেই জগতের উৎপত্তি নির্দ্দেশ করিয়াছেন। তিনি জ্ঞানময়। তাই জ্ঞানকে 'দিবঃ দুহিতা' বলা হইয়াছে।

সূর্য্যোদয়ে যেরূপ অন্ধকার দূরে পলায়ন করে, জ্ঞানোদয়ের সঙ্গে সঙ্গে সেইরূপ অজ্ঞানতা তমঃ প্রভৃতি বিনষ্ট হয়। মানুষ ও অন্য সৃষ্ট পদার্থের সব চেয়ে বড় পার্থক্যের সৃষ্টি হইয়াছে—এই জ্ঞান লইয়া। মানুষ দেবত্বের অমৃতের অধিকারী। ভগবানের কৃপায় মানুষ জ্ঞানের সাহায্যে সেই অমৃত লাভ করে। তাই সেই জ্ঞানলাভের জন্য সাধক প্রার্থনা করিতেছেন।

মানুষ মোক্ষলাভের অধিকারী। সেই মোক্ষলাভ হয় জ্ঞানবলে। জ্ঞান ব্যতীত মোক্ষলাভ সম্ভবপর নয়। সাধক কর্ম্মমার্গ অথবা ভক্তিমার্গ অবলম্বন করিয়া প্রথমে সাধনায় প্রবৃত্ত হইতে পারেন, কিন্তু পরিণামে তাঁহাকে জ্ঞানতরণীর আশ্রয় গ্রহণ করিতেই হইবে। তাই শ্রুতিতে উক্ত হইয়াছে,—'ব্রহ্মবিৎ ব্রহ্মই হয়েন।' অজ্ঞানতা-তমসাচ্ছন্ন সাধনমার্গে পথ প্রদর্শন করেন এই জ্ঞানবৃত্তি। জ্ঞানই মানুষকে মোক্ষপথে নির্ব্বিঘ্নে পরিচালিত করিতে পারে।

মানুষের ভিতরে চৈতন্য-সত্তা আছে বলিয়াই মানুষ চৈতন্যের সন্ধান পায়। তাহার অন্তরস্থ প্রেরণা তাহাকে চরম-চৈতন্যের অনুসন্ধানে অনুপ্রাণিত করে। তাই সাধক প্রার্থনা করিতেছেন 'ওগো জ্ঞানময়! আমরা কিরূপে তোমার সন্ধান পাইব? সম্মুখে দুর্ভেদ্য অন্ধকাররাশি আমাদিগকে গ্রাস করিবার জন্য আসিতেছে। পথের সন্ধান কিরূপে পাইব? জ্যোতিঃ দাও, যেন পথভ্রান্ত না হই। এই অজ্ঞানতার মধ্যে, এই মোহ-পাপের মধ্যে, আমার মনে ভয় হয়, আমি আর বুঝি বা তোমার সন্ধান পাইব না। ওগো, তোমার স্বর্গদ্বার উন্মোচন কর, আমাদিগকে প্রবেশের অধিকার দাও।' সাধক যখন পথভ্রান্ত হইয়া, শ্রান্ত-ক্লান্ত মনে, নিরাশায় মুহ্যমান হইয়া পড়েন, তখন সেই পরম আশ্রয়ের জন্যই প্রার্থনা করেন।

জ্ঞানকে এখানে 'সূনরী'—লোকগণের নেত্রী বলা হইয়াছে। জ্ঞানই মানুষকে প্রকৃত ভাবে সৎপথে পরিচালিত করিতে পারে। জ্ঞান সাহায্যেই মানুষ সৎকর্ম্মের প্রকৃত মর্ম্ম বুঝিতে পারে। সৎকর্ম্মের দ্বারা পরিণামে মানুষ জ্ঞানলাভের অধিকারী হয় বটে; কিন্তু যে পর্য্যন্ত না জ্ঞান আসিয়া উপস্থিত হয়, সে পর্য্যন্ত অবিশ্বাস সন্দেহ মোহ প্রভৃতি নানাবিধ রিপুর সহিত সাধককে সংগ্রাম করিতে হয়। সে সংগ্রামে কখনও বা রিপু পরাজিত হয়, কখনও বা সাধক পরাজিত হন। কিন্তু জ্ঞানলাভের পর মোহে বিভ্রান্ত হইবার সম্ভাবনা থাকে না। জ্ঞান প্রকৃত পথে লইয়া যায়, পথভ্রান্ত ঘটিবার অবকাশ থাকে না। সেই জন্যই জ্ঞানবৃত্তিকে 'সূনরী' বলা হইয়াছে।

ভাষ্যে 'দিবঃ দুহিতা' পদদ্বয়ের অর্থ করা হইয়াছে 'দ্যুলোকস্য সূর্য্যস্য বা দুহিতা উষাঃ।' এখানে উষাকে সূর্য্যের দুহিতা বলা হইয়াছে। ব্যাপারটা এখানেই শেষ হয় নাই। ভাষ্যের এক টীকায় বলা হইতেছে,—'আদিত্যস্য প্রতিদিনমুষসঃ পশ্চাৎ ধাবমানত্বাৎ কন্যাবলাৎ-

কারাপবাদঃ।' এ বিষয়ে আর কিছু না বলাই ভাল। বেদের মহান উদার ভাবগুলি পরবর্ত্তী কালে কিরূপ জঘন্য আকার ধারণ করিয়াছে, তাহা প্রদর্শন করিবার জন্যই এইটুকুর উল্লেখ করা হইল। (২অ ৪খ—২সূ—১সা) ॥ *

—-∘—

দ্বিতীয়ং সাম।

২   ৩ ১ ২   ৩ ২ ৩ ১ ২ ৩ ১র ২র   ৩ ২
উৎ উস্রিয়াঃ সৃজতে সূর্য্যঃ সচা উদ্যৎ নক্ষত্রং অর্চ্চিবৎ।
১ ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
তবেদুষো ব্যুষি সূর্য্যস্য চ সং ভক্তেন গমেমহি ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সূর্য্যঃ' (সর্ব্বস্য প্রেরকঃ, জ্ঞানদেবঃ) 'উস্রিয়াঃ' (জ্ঞানকিরণান্, জ্ঞানকিরণৈঃ ইত্যর্থঃ) 'সচা' (সহ) 'উৎসৃজতে' (উদ্গময়তি, প্রাদুর্ভবতি, সাধকানাং হৃদয়ে ইতি ভাবঃ) তথা 'উদ্যৎ' (প্রাদুর্ভবন্) 'নক্ষত্রং' (জ্যোতিষ্কং, সাধকং ইতি ভাবঃ) 'অর্চ্চিবং' (দীপ্তিমৎ, জ্ঞানযুক্তং করোতি ইত্যর্থঃ) ; 'উষঃ' (জ্ঞানোন্মেষিকে হে দেবি !) 'তব' 'চ' (তথা) 'সূর্য্যস্য' (জ্ঞানদেবস্য) 'ব্যুষি'.(প্রকাশনে সতি) বয়ং 'ভক্তেন' (ভক্তিপূর্ণহৃদয়েন) ত্বাং 'ইৎ' (নিশ্চিতমেব) 'সঙ্গমেমহি' (গচ্ছেমহি, প্রাপয়াম) ; প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভক্তিসমন্বিতঃ জ্ঞানালোকঃ অস্মাকং হৃদি চিরং তিষ্ঠতু ভবতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (২অ - ৪খ—২সূ - ২সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানদেব জ্ঞানকিরণের সহিত সাধকদিগের হৃদয়ে প্রাদুর্ভূত হয়েন এবং প্রাদুর্ভূত হইয়া সাধকদিগকে জ্ঞানযুক্ত করেন ; জ্ঞানোন্মেষিকে হে দেবি ! আপনার এবং জ্ঞানদেবতার প্রকাশ হইলে আমরা ভক্তিপূর্ণহৃদয়ে যেন আপনাকে নিশ্চিতরূপে প্রাপ্ত হই। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভক্তিসমন্বিত জ্ঞানালোক আমাদিগের হৃদয়ে চিরস্থায়ী হউক।)। (২অ—৪খ—২সূ—২সা) ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩অ—৮খ ৮দ—১সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের একাশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (পঞ্চম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

‘সূর্য্যঃ’ সর্ব্বস্য প্রেরকঃ আদিত্যঃ ‘উস্রিয়াঃ’ রশ্মীন্ ‘সচা’ সহ যুগপদেব ‘উৎসৃজতে’ উদ্গময়তি, তথা ‘উদ্যৎ’ উদ্গচ্ছৎ প্রাদুর্ভবন্ ‘নক্ষত্রং’ নক্ষতি দৃশ্যমানং গ্রহনক্ষত্রাদিকং ‘অর্চ্চিবৎ’ দীপ্তিমৎ করোতি; সৌরেণ তেজসা হি নক্তং চন্দ্রপ্রভৃতীনাং নক্ষত্রাণি ভাসন্তে, ‘সুষুম্নঃ সূর্য্যরশ্মিশ্চন্দ্রমা গন্ধর্ব্বঃ’ - ইতি হি নিগমান্তরং। এবঞ্চ সতি হে ‘উষঃ’ উষোদেবতে। ‘তব’ ‘সূর্য্যস্য’ চ ‘ব্যুষি’ বিবাসনে প্রকাশনে সতি ‘ভক্তেন’ অন্নেন ‘সঙ্গমেমহি’ বয়ং গচ্ছেমহি। ‘ইৎ’—শব্দঃ পূরকঃ॥ (২অ—৪খ-২সূ—২সা।)।

* * *

দ্বিতীয় (৭৫২) সামের মর্ম্মার্থ।

জ্ঞানস্বরূপ ভগবানের কৃপাতেই মানুষ তাঁহার সেই অসীম অমৃতভাণ্ডারের সন্ধান পায়। তাঁহারা সেই অমৃতপানে নিজকে ধন্য করেন। ভক্তির সহিত, হৃদয়ের ঐকান্তিক প্রার্থনার সহিত, তাঁহার সেই জ্ঞানামৃত হৃদয়ে ধারণ করিতে হয়। ভক্তিশূন্য জ্ঞান শুষ্ক কঠোর, অথবা জ্ঞানের পরিপূর্ণতায় ভক্তি স্বতঃই না আসিয়া থাকিতে পারে না। জ্ঞানের প্রকাশে, মানুষ সেই অসীম জ্ঞানময়ের, মানবের পরমকল্যাণকারী দেবতার সন্ধান পায়। সুতরাং সত্যকার জ্ঞান হৃদয়ে সঞ্জাত হইলে মানুষ শ্রদ্ধাভক্তিপূর্ণ হৃদয়ে তাঁহার চরণে লুটাইয়া পড়ে। ভক্তিবারি সেচনে জ্ঞানবৃক্ষ বর্দ্ধিত হয় হৃদয়ে জ্ঞানবৃক্ষ শতবাহু বিস্তার করিয়া চিরস্থায়ী হয়। যাহাতে আমাদের হৃদয়ে ভক্তিযুত জ্ঞান চিরস্থায়ী হয়, মন্ত্রের মধ্যে এই প্রার্থনাই পরিদৃষ্ট হয়।

প্রচলিত ব্যাখ্যাদিতে ভিন্নভাব পরিদৃষ্ট হয়। কিন্তু এই প্রচলিত ব্যাখ্যা হইতেও এমন একটী বৈজ্ঞানিক তথ্যের পরিচয় পাওয়া যায়, যাহা পাশ্চাত্যজগতে অল্পদিনমাত্র হইল আবিষ্কৃত হইয়াছে। সেই তথ্য - ‘উদ্যন্নক্ষত্রমর্চ্চিবৎ’—সূর্য্যের দ্বারা নক্ষত্রসমূহ জ্যোতিষ্মান্ হয়। পৃথিবীর প্রাচীন সভ্যজাতিসমূহ গ্রহনক্ষত্রাদি সম্বন্ধে নানাবিধ অদ্ভুত ধারণা পোষণ করিতেন। কিন্তু অনাদিকাল হইতে বেদ এই বৈজ্ঞানিক সত্য জগতে প্রচার করিয়া আসিতেছেন। আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে দ্রষ্টব্য॥ (২অ-৪খ-২সূ—২সা)॥

দ্বিতীয়সূক্তস্য গেয়-গানং।

২ র র ১ ২ A ৩ ৫ ২ র র
১॥ প্রত্যুবদাওহোহায়ি। শীআয়া ২ ৩ ৪ ত্তায়ি। উচ্ছন্তীদুহিতা-
১ ৫ ১ র র র র ২ ৩র ৪র ৫
দায়িবো ২ ৩ ৪ হায়ি। অপোমহীবৃণুতেচক্ষুষাতা ৩ ৪। ওহোবা।
১ ৩ ৫ ২ ৩ ৫ ২র ১ ২ . ১ . ৭
ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ মাঃ। জ্যোতিষ্কৃ। ণোতি-

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের একাশীতিতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (পঞ্চম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)॥

র ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
সুনা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৬ ১ ২ ৩ ৪।
৫ র ৫ ২র র র ১ ২
হায়ি। এহিয়া ৬ হা॥ (১) জোতিষ্কৃণোঔহোহায়ি। ভাম্নি-
^ ৩ ৫ ২ ১ ৫ ১র র র ২
সুনা ২ ৩ ৪ রায়ি। উদুস্রো ৩ ৪ হা। যাঃসুজাতেসূরিয়ঃসা ৩ ৪।
৩র ৪র ৫ ১ ৩ ৫ ২ ৩ ৫ ২ ১ ২
ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ চা। উস্তম্ভ।
১ ৭ ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
স্কাত্রম্মর্চ্চা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৬ ১ ২ ৩ ৪।
৫র ৫ ২ র র ১ ২ ৩
বাৎ। এহিয়া ৬ হা॥ (২) উস্তম্ভস্কাঔহোহায়ি। ত্রোমর্চ্চা
৫ ২ ১ ৫ ১র র ২
২ ৩ ৪ য়িবাৎ। ভগেদূ ২ ৩ ৪ হায়ি। যোবিয়ুমিসূরিয়ঙ্কা ৩ ৪।
৩র ৪র ৫ ১ ৩ ৫ ২ ৩ ৫ ২ ১ ২র
ঔহোবা। ইহা ২ ৩ হায়ি। উহুবা ২ ৩ ৪ চা। দস্তুক্ষে।
১ ৭ র ২ ৩র৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
নাগমেমা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো
৫র ৫
৬ ১ ২ ৩ ৪। হায়ি। এহিয়া ৬ হা (৩)॥

* * *

৩ ৪ ২ ৪র ৫ ১ র র
৪। প্রাহ ৫ তু। অদা ৩ র্শা ৩ আয়ভায়ি। উ। চ্ছন্তীদুহিতা-
র র র র ২র ১ ২ র ২ ১র
দিবোঅপোমহীবৃণুতেচক্ষুষাত। মা। ঔ ৩ হোহায়ি। জ্যোতা ২ ৩
২র ৩ র ২ ১ — ১
ষ্কৃণো। তিগোহে ৩। ছুম্মা ২। নাহ ২ রো ৬ ৫
২ ৩ ৪ ২ ৪র ৫
হায়ি॥ (১) প্রোহ ৫ তিঃ। স্কৃণো ৬ তা ৩ য়িসূনরায়ি।
২ র র র ২ ১ ২ র ২ ১
উৎ। উস্রিয়াঃসৃজাতেসূ ৫ য়সূনাচা। ঔ ৩ হোহায়ি। উস্রা ২ ৩

২৲ ৩ র ২ ১ — ১ ২ ২
মক্ষ । ত্রমৌহো ৩ । হুম্মা ২ । চাহ্ ২ য়িনো ৩ ৫ হায়ি ॥ (২)

৩ ৪ . ২ ৩ ৫ ১ র র
উহ্ ৫ স্তং । নক্ষা ৩ ত্রা ৩ মর্চ্চিণাং । তা । বেহুমোন্নিয়ূপি-

র ২ ১ ২ র ২ ১ র ২৲
সুরিয়ক্ষ্য । চা । ঔ ৩ হোহায়ি । সম্ভা ২ ৩ কেনা ।

৩ র ২ ১ — ১ ২
গমৌহো ৩ । হুম্মা ২ । মাহ্ ২ কো ৩ ৫ হায়ি (৩) ।

* * *

১ র ১ ২ ১ ২র ১ ২ ২র ২ ১
৩ । প্রত্যুবদ্ধা ২ র্শি । আয়তোবা । উচ্ছন্তীদূ । হিতাদিবাঃ ।

র ২ ১র ২ র ১ ২র ১ ১র ১র ১ র ১ ২
অপোমহীবৃণু তচক্ষুষাতমোজ্যোতিষ্কৃণোতি । সূ ২ ৩ । নরাউবা ।

১র — ১র — র ১ ২ ১ ২ ১
শ্রুদিয়া ২ । (১) জ্যোতিষ্কৃণো ২ তি । সূনরোবা । উহুস্রিয়াঃ ।

৩ ৩ ২র ১ ২ র ১ ২ ১ ২
সুজতেসূ । রিয়ঃসচাউদ্যন্নক্ষত্রয় । আ ২ ৩ । বিবাউবা ।

১র — ১ — ১ ২ ১র ২ ১
শ্রুধিয়া ২ । উদ্যন্নক্ষা ২ ত্রম । অর্চ্চিবোবা । তবেদুষোঃ ।

২৩র২১ ২ ১ ২র ১
রিয়ু ষস্ । রিয়স্যচসম্ভক্তেনগ । মা ২ ৩ য়ি ।

২ ১র —
মহাউবা । শ্রুধিয়া ২ (৩) ১'২ । *

* * *

প্রথমং সাম ।

৩১ ২ ৩ ১২ ৩১ ২
ইমা উ বাং দিবিষ্টয় উস্রা হবন্ত অশ্বিনা ।

৩১ . ২৩ ১২ ৩ ১২ . ৩ ২র
অয়ং বামহ্বেবসে শচীবসূ বিশংবিশ৺ হি গচ্ছথঃ ॥ ১ ॥

---

* এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত ৩টী গেয়-গান আছে । উহাদের নাম, যথাক্রমে,—"বারবন্তীয়ম্", "বামদেব্যম্" এবং "শ্রুধ্যম্."

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'উস্রৌ' (আশ্রয়দাতারৌ রক্ষকৌ) 'অশ্বিনা' (আধিব্যাধিনাশকৌ হে দেবৌ) 'ইমাঃ' (অস্মাকং হৃদাস্থিতাঃ ইত্যর্থঃ) 'দিবিষ্টয়ঃ' (দিবমিচ্ছন্ত্যঃ সদ্বৃত্তয়ঃ ইত্যর্থঃ) 'বাং' (যুবাং) 'হবন্তে' (আহ্বয়ন্তি, অনুসরন্তি); অতঃ অস্মাসু সদ্বৃত্তয়ঃ ক্রিয়াশীলাঃ ভবন্তু—ইত্যেবং আকাঙ্ক্ষা ইতি ভাবঃ; 'শচীবসূ' (সৎকর্ম্মধনৌ, সৎকর্ম্মসাধনসামর্থ্যপ্রদাতারৌ হে দেবৌ) যুবাং 'হি' (নিশ্চয়ং) 'বিশং বিশং' (সর্ব্বান প্রার্থনাকারিণঃ প্রতি) 'গচ্ছথঃ' (প্রাপ্নুথঃ); 'অবসে' (মাং রক্ষণায় পাপাৎ ইতি যাবৎ) 'বাং' (যুবাং) 'অয়ং' (পাপী অহং ইত্যর্থঃ) 'অহ্বে' (আহ্বয়ামি); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে দেবৌ! কৃপয়া যুবাং মাং পাপাৎ রক্ষতঃ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২অ ৪থ ৩সূ ১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

আশ্রয়দাতা আধিব্যাধিনাশক হে দেবদ্বয়! আমাদিগের হৃদিস্থিত সদ্বৃত্তিসমূহ নিত্যকাল আপনাদিগকে অনুসরণ করে; (ভাব এই যে,—অতঃপর আমাদিগের মধ্যে সদ্বৃত্তিসমূহ ক্রিয়াশীল হউক—এই আকাঙ্ক্ষা); সৎকর্ম্মসাধনসামর্থ্য-প্রদাতা হে দেবদ্বয়! আপনারা নিশ্চয়ই সমস্ত প্রার্থনাকারীদিগের নিকট গমন করেন, অর্থাৎ তাহাদিগকে প্রাপ্ত হন; পাপ হইতে আমাকে রক্ষা করিবার জন্য, পাপী আমি আপনাদিগকে আহ্বান করিতেছি। (প্রার্থনার ভাব এই যে,—হে দেবদ্বয়! কৃপা করিয়া আপনারা আমাকে পাপ হইতে রক্ষা করুন।)॥ (২অ—৪থ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'ইমাঃ' 'দিবিষ্টয়ঃ' দিবমিচ্ছন্ত্যঃ প্রজা ঋত্বিজোহপি 'উ' ইতি চার্থে হে 'অশ্বিনা'! 'উস্রা' বাসকৌ উগ্রৌ বা 'হবন্তে' আহ্বয়ন্তি 'অয়ং' স্তোতাপি হে 'শচীবসূ' কর্ম্মধনৌ! 'বাং' যুবাং 'অবসে' অস্মদ্রক্ষণায় যুবয়োস্তর্পণায় বা 'অহ্বে' আহ্বয়ামি। কিমর্থং? এবং প্রজা অপি, অয়মপীত্যাদরোক্তিরিতি 'বিশং বিশং' হি গচ্ছথঃ। সর্ব্বাঃ স্তুতিকর্ত্রীঃ প্রজাঃ প্রতি যুবাং গচ্ছতঃ খলু, তস্মাদেবমুচ্যত ইতি॥ (২অ ৪থ-৩সূ—১সা)॥

* * *

প্রথম (৭৫৩) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী তিনভাগে বিভক্ত। প্রথম দুইভাগে এক নিত্য-সত্য তত্ত্ব প্রখ্যাপিত হইয়াছে, এবং শেষাংশে প্রার্থনা আছে।

এই মন্ত্রের প্রথম ভাগে বলা হইয়াছে যে, সম্বৃত্তিসমূহ দেবতারই অনুসরণ করে। জগতের একমাত্র উপাস্য সেই অনন্ত পূর্ণ স্বয়ং ভগবান। মানুষ, বিভিন্ন প্রকৃতির বশে, নানা ভাবে নানা উপায়ে, ভগবানের আরাধনা করে। কিন্তু পরিণামে সে পূজা তাঁহার চরণেই পৌঁছায়, যেহেতু জগতে সেই 'একমেবাদ্বিতীয়ং' পরমব্রহ্ম ব্যতীত আর দ্বিতীয় উপাস্য নাই। তাই সকল প্রকার সাধকের, নানা উপায়ের সাহায্যে যে পূজা, তাহা তিনিই পান। স্তুতি স্তুত সম্বৃত্তই সেই উপাসনার প্রবর্ত্তক।

সেই জগৎপিতা ভগবান্ ব্যতীত মানুষ আর কাহার নিকট যাইবে? কে মানুষের এই দুঃখ-যন্ত্রণা নিবারণ করিবে? মানুষের জন্য, জগৎবাসী জীবের জন্য, কার প্রাণ কাঁদে? দয়া করিয়া কে তাহাদিগকে পাপ মোহ প্রভৃতি রিপুগণের আক্রমণ হইতে রক্ষা করিবে? সেই পরম কারুণিক সর্ব্বশক্তিমান ভগবান ব্যতীত মানুষকে ভীষণ শত্রুকবল হইতে কে রক্ষা করিতে সমর্থ হইবে? সাধক জানেন যে সর্ব্বনিয়ন্তা ভগবান ব্যতীত জীবের আর অন্য গতি নাই। তাই তিনি সেই পরম আশ্রয়েরই সন্ধানে বাহির হন। জগতের আশ্রয়দাতা যিনি, নানা রূপে নানা ভাবে নানা বিভূতির মধ্য দিয়া বিশ্বকে যিনি পালন করিতেছেন, সেই পরম দয়ালের চরণেই তিনি শরণ গ্রহণ করেন।

মানুষ একদিন না একদিন সেই চরম আশ্রয়ের জন্য ব্যাকুল হইবেই। মানুষ যখন পৃথিবীর মিথ্যা প্রবঞ্চনায় জগতের প্রতি বিশ্বাস হারাইয়া ফেলে; দুঃখ তাপে জর্জ্জরিত হইয়া যখন জীবনে বীতস্পৃহ হইয়া যায়; মানুষের প্রীতি, জগতের প্রীতি, যখন তাহার আকর্ষণ থাকে না; যখন দুঃখের আগুনে পুড়িয়া তাহার ভিতরের খাঁটি সোনা উজ্জ্বল হইয়া উঠে; তখন সেই পরম আশ্রয়দাতার কথাই মনে হয়, তখন মানুষ অবসন্ন শ্রান্ত ক্লান্ত আত্মা লইয়া তাঁহারই দুয়ারে আসিয়া তাঁহাকেই ডাকিয়া থাকে। মানুষকে একদিন নিজের অপরাধের বোঝা লইয়া তাঁহার নিকটে উপস্থিত হইতে হইবেই যে!

দ্বিতীয়াংশে ভগবানের অসীম করুণার পরিচয় দেওয়া হইয়াছে। যে তাঁহাকে ডাকে, তাহার নিকটেই তিনি যান, তাহাকেই সৎ পবিত্র মহৎ করিবার জন্য ভগবান আপনার শক্তি তাহার মধ্যে সঞ্চারিত করেন। তাই ভগবানকে তাঁহার আধিব্যাধিনাশক ইন্দ্র বিভূতি-দ্বয়কে—'শচীবসু' বলা হইয়াছে। সৎকর্ম্মই যাঁহার ধন, তিনিই শচীবসু। তিনি তো নিজে অনন্ত সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ, তবে তাঁহাকে 'শচীবসু' বলা হয় কেন? পাপী তাপী মানবকে তিনি সৎকর্ম্ম-সাধন-সামর্থ্য প্রদান করেন, মানুষকে সৎকর্ম্মে প্রবর্ত্তিত করেন, এবং আপন সন্তানের এই উন্নতিতে নিজে আনন্দিত হয়েন। মানবকে তিনি সৎকর্ম্ম-সাধন-সামর্থ্য রূপ মহাধনের অধিকারী করেন। আর সেই ধন আসে তাঁহার নিকট হইতে। তাই তিনি 'শচীবসু।'

মানবই যে কেবল তাঁহার দুয়ারে যায়, তাহা নয়; বরং তিনিই মানুষের দুয়ারে আসেন— অর্গল-বদ্ধ হৃদয় দ্বারে আসিয়া আঘাত করেন। যাহারা তাঁহার আশ্রয় প্রার্থনা করে, তাহাদেরই নিকট তিনি গমন করেন তিনি যে বিশ্বের পিতা ও মাতা!

এই ভরসা পাইয়াই সাধক প্রার্থনা করিতেছেন, - ওগো দীনদুঃখী পাপী তাপীর বন্ধু, তুমি

তো সকলের প্রতিই দয়াশীল তুমি তো কাহাকেও ঘৃণা কর না জানি, তাই তোমাকে ডাকিবার সাহস পাইয়াছি। আমার দিন কি বৃথাই যাইবে? আমিই কি তোমায় পাইব না? ওগো!—পাপে মলিন হৃদয়, অজ্ঞানতা মোহে আবদ্ধ আমি, তোমাকে ডাকিতে সাহস পাইয়াছি এই ভরসায়, যে অধম পাপীও তোমার দয়ায় বঞ্চিত হয় না। ওগো অধমতারণ! কৃপা করিয়া কি এই মলিন হিয়ায় তুমি আসিবে?। (২অ—৪খ—৩সূ—১সা)।

—*—

দ্বিতীয়ং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ১ ২ ৩
যুবং চিত্রং দদথুর্ভোজনং নরা চোদেথা৺ সূনৃতাবতে।
৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অর্ব্বাগ্রথ৺ সমনসা নিযচ্ছতং পিবত৺
৩ ১ ২র
সোম্যং মধু ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'নরা' (সৎকর্ম্মনেতারৌ হে দেবৌ!) 'যুবং' (যুবাং) 'চিত্রং' (চায়নীয়ং, বিচিত্রং) 'ভোজনং' (পরমধনং) 'দদথুঃ' (ধারয়েথে); 'সূনৃতাবতে' (স্তুতিমতে, প্রার্থনাকারিণে মহ্যং) তদ্ধনং 'চোদেথাং' (প্রযচ্ছতং); 'সমনসা' (সমানমনস্কৌ, কৃপাপরায়ণৌ সন্তৌ) 'রথং' (যুবয়োঃ সম্বন্ধিনং সৎকর্ম্মরূপং যানং) 'অর্ব্বাক্ নিযচ্ছতং' (অস্মদভিমুখং স্থাপয়তং, অস্মভ্যং সৎকর্ম্মসাধনসামর্থ্যং প্রযচ্ছতং ইত্যর্থঃ), ততঃ সৎকর্ম্মসাধনেন উৎপন্নং 'সোম্যং' (সত্ত্বভাবময়ং) 'মধু' (অমৃতং) 'পিবতং' (গৃহ্নীতং)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। পরমদাতা ভগবান্ অস্মভ্যং পরমধনং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ-৪খ-৩সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মনেতা হে দেবদ্বয় আপনারা বিচিত্র পরমধন ধারণ করেন; প্রার্থনাকারী আমাকে সেই ধন প্রদান করুন; কৃপাপরায়ণ হইয়া আপনাদিগের সম্বন্ধীয় সৎকর্ম্মরূপ যান আমাদিগের অভিমুখে স্থাপন করুন, অর্থাৎ আমাদিগকে সৎকর্ম্মসাধনসামর্থ্য প্রদান করুন; তারপর সৎকর্ম্মসাধনে উৎপন্ন সত্ত্বভাবময় অমৃত গ্রহণ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—পরমদাতা ভগবান্ আমাদিগকে পরমধন প্রদান করুন।)। (২অ—৪খ—৩সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং

হে 'নরা' নেতারাবশ্বিনৌ! 'যুবং' যুবাং 'চিত্রং' চায়নীয়ং 'ভোজনং ধনং 'দদথুঃ' ধারয়েথে, তদ্ধনং 'সূনৃতাবতে' স্তুতিমতে স্তোত্রে 'চোদেথাং' প্রেরয়তং. তদর্থং 'সমনসা' সমানমনস্কৌ সন্তৌ 'রথং' যুবয়োঃ সম্বন্ধিনং 'অর্ব্বাগ্' অস্মদভিমুখং 'নিযচ্ছতং' নিয়মতং,] তথা কৃত্বা 'সোম্যং' সোমসম্বন্ধিনং 'মধু' মধুরসঞ্চ 'পিবতং'॥ (২অ—৪খ—৩সূ—২সা)।

দ্বিতীয়াধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ সমাপ্তঃ।

* * *

দ্বিতীয় (৭৫৪) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। পরমধন ও সৎকর্ম্মসাধনসামর্থ্য লাভের জন্য ভগবানের নিকট প্রার্থনা এই মন্ত্রে পরিদৃষ্ট হয়। নিম্নে একটী প্রচলিত ব্যাখ্যা উদ্ধৃত হইল। "হে অশ্বিদ্বয়! তোমরা যে চিত্রধন ধারণ কর, স্তুতিবান্ ব্যক্তির নিকট তাহা প্রেরণ কর। তোমরা একমনা হইয়া তোমাদের রথ আমাদের অভিমুখে প্রেরণ কর, সোমসম্বন্ধীয় মধু পান কর।" ব্যাখ্যাকার 'নরা' পদে 'অশ্বিদ্বয়' অর্থ করিয়াছেন। কিন্তু সহজ সরল (এবং ভাষ্যানুমোদিতও বটে) "নেতা" অর্থই সঙ্গত। ভাষ্যকার মন্ত্রটীকে প্রার্থনামূলক বলিয়াই ব্যাখ্যা করিয়াছেন। প্রার্থনা-মূলক ব্যাখ্যাতেই মূল মন্ত্রের ভাব অব্যাহত থাকে। আমরা প্রার্থনার অর্থই গ্রহণ করিয়াছি।

ভাষ্য প্রভৃতিতে 'সোম্যং মধু' পদদ্বয়ে সোমরস অর্থ গ্রহণ করা হইয়াছে। আমরা তাঁহাদের সহিত একমত হইতে পারি নাই। আমাদিগের মত মন্ত্রানুসারিণী ব্যাখ্যায় দ্রষ্টব্য। সৎকর্ম্মসাধনের দ্বারা হৃদয় পবিত্র হইলে সত্ত্বভাব উৎপন্ন হয়। সেই সত্ত্বভাবের দ্বারাই ভগবানের চরণে পুষ্পাঞ্জলি দিতে হয়। ভগবানের নিকট হৃদয়ের অর্ঘ্যই গৃহীত হয়। যাহাতে আমাদের পূজা তাঁহার চরণে পৌঁছায়, কৃপাপূর্ব্বক তিনি যাহাতে আমাদের পূজা গ্রহণ করেন, মন্ত্রের শেষাংশে এই প্রার্থনাই দেখিতে পাওয়া যায়। (২অ—৪খ—৩সূ ২সা)॥*

*

তৃতীয়সূক্তস্য গেয় গানং।

২র রর১২ ^৩ ৫ ২ র
১॥ ইআউবাওহোহায়ি। দায়িবিষ্টা ২৩৪য়াঃ। উস্রাহবস্তে-
১ ৫ ১ ২ র র২২
অশ্বায়িনো ২৩৪ হায়ি। আয়ংনাম হুবঅবসেশচাবা ৩৪।
৩র ৪র ৫ ১৩ ৫ ২ ৩ ৫ ২১২
ঔ হোবা। ইহা ২৩৪ হায়ি। উহুবা ২৩৪সূ। বিশংবা।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের চতুঃসপ্ততিতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (পঞ্চম অষ্টক, পঞ্চম অধ্যায় একবিংশ বর্গের অন্তর্গত)।

১ ৭ ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
সা৺হিগচ্ছা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১ ২ ৩ ৪।

৫র ৫ ২ র র ১ ২
বাঃ। এ'হয়া ৬ হা॥ (১) বিশঃবিশাঔহোহায়ি। হায়ি-

৩ ৫ :২ ৫ ১ র ২
গচ্ছা ২ ৩ ৪ বাঃ। সুবাক্ষা ২ ৩ ৪ য়িহায়ি। ক্রন্দৎথুর্ভোজনম্না ৩ ৪

৩র৪র ৫ ১ ৩ ৫ ২ ৩ ৫ ২র১র২র
ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ য়া। চোদেথায়ু।

১ ৭ র ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
সূনৃ৺বা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১ ২ ৩ ৪।

৫র ৫ ২র র র র র ১ ২
তায়ি। এ'হিয়া ৬ হা॥ (২) চোদেথা৺সূঔহোহায়ি।

^ ৩ ৫ ২ ১ ৫ ১
নার্ত্তাবা ২ ৩ ৪ তায়ি। অর্ব্বাগ্রা ২ ৩ ৪ হা। থ৺সমন-

র ২ ৩র ৪র ৫ ২ ১ ৪ ৫ ২ ৩
সানিষচ্ছা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪

৫ ২ ১ ২ ১ ৭ ২ ৩র ৪র ৫ ১ ৩
তায়ু। পিবতমু। গোঁময়ান্ম ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪

৫ ৩র ২ ৫র ৫ ৪ র
হায়ি। ঔহো ৩ ১ ২ ৩ ৪। ধূ। এ'হিয়া ৬ হা। হো ৫ ঈ। ডা (৩)॥

* * *

৩ র ৪ ২ ৪ ৫ ১ র র
২। আহ ৫ য়িবাঃ। উবা ৩ ন্দ ৩ য়িবিষ্টয়াঃ। উঁ। স্রাহবন্তে-

র র র র২১১ ২ র ২ ১ ০
ভ্যশ্বিনা অয়ংবামহেক্ষসবসোপচীব॥ স্থূ। ঔ ৩ হোহায়ি। বিশা ২ ৩

২^ ৩ র ২ ১ — ১ ^ ২
বিশায়ু। হিগোঁহো ৩। হুম্ম ২। হাহ ২ গো ৩ ৫ হায়ি॥ (১)

৩ ৪ ২ ৪ ৫ ১
বাহ ৫ য়িশমৃ। বিশা ৩ ৺হাহু ৩ য়িগচ্ছশাঃ। যূ। বক্ষিক্রন্দ-

র ২ ১ ২ র ২ ১র র ২^
দথুর্ভোজনম্ম। স্না ঔ ৩ হে হায়ি। চোদে ২ ৩ থা৺সূ।

৩ র ২ . ১ — ১ A ২
নৃচোহো ৩। হুম্মা ২। বাহ ২ ভো ৩ ৫ হায়ি ॥ (২)
৩ র ৪ ২ ৪ঃ ৫ ১ র্
চোক্ষ্ ৫ দে। থা৺সূ ৩ না ৩ র্ত্তাবতায়ি। আ। র্বাগ্রথ৺সমন-
র ২ ১ র ২ ১ ২A
সানিযচ্ছ। তাম্। ঔ ২ ৩ হোহায়ি। পিবা ২ ৩ ভ৺গো।
৩ র ২ ১ -- ১ ২
গিয়োহো ৩। হুম্মা ২। মা ২ ধো ৩ ৫ হায়ি (৩)॥
১ র — ১ . ২ ১র ২ ১ ২র ৩ ২ ১
৩॥ ইমাউবা ২ ন্দ্র। বিষ্টয়োবা। উস্রাহণা। ভেঅশ্বিনা।
২ ১ র ২ ১র ২র১ র ২ ২ ১ ২ ১ ২
অয়বামহেঁবসেশচীবসূবিশংবিশ৺হি। গা ২ ৩। চ্ছথাউ। বা।
১র — ১ ১ ২ ১ ২ ১
শ্রুধিয়া ২॥ (১) বিশংবিশা ২ ৺হি। গচ্ছথোবা। যুবঞ্চিত্রাম্।
২৩১ ১ ২র ১র র২র র১ ২
দদথুর্ভো। জনন্নরাচোদেথা৺সূনৃ। তা ২ ৩। বতাউবা।
১র — ১র রর — র ১ ২ ১র ২ ১
শ্রুধিয়া ২॥ (২) চোদেথা৺সূ ২ নৃ। তাবতোবা। অর্ব্বাগ্রথাম্।
২৩১২ ২ ১ ২ র ১ ২
সমনসা। নিযচ্ছতম্পিবত৺সোমি। য়া ২ ৩ ম্। মধাউবা।
১র — ১ ২A ১
শ্রুধিয়া ২। এ ২ ৩ হিয়া ৩ ৪ ৩। ঔ ২ ৩ ৪ ৫ ঈ। ডা॥ ১।২॥

* * *

পঞ্চমঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

৩ ২ ৩২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অস্য প্রত্নামনু দ্যুত৺ শুক্রং দুদুহ্রে অহ্রয়ঃ।
১ ২ ৩ ১র ২র
পয়ঃ সহস্রসাম্ ঋষিম্ ॥ ১॥

---

* এই খণ্ডান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত তিনটী গেয়-গান আছে। উহাদের নাম, যথাক্রমে,— "বারবন্তীয়ম্" "বামদেব্যম্" "শ্রুধ্যম্"।

মর্ম্মানুসারি-টীকা।

'অস্য' (অস্য দেবস্য, ভগবতঃ ইত্যর্থঃ) 'প্রত্নাং' (চিরন্তনং, নিত্যং) 'সহস্রসাং' (অভিলষিতস্য অপরিমিতফলস্য দাতারং, সর্ব্বার্থসাধকং ইত্যর্থঃ) 'ঋষিং' (সত্যদ্রষ্টারং, সত্যপ্রাপকং) 'দ্যুতং' (জ্যোতির্ম্ময়ং) 'শুক্রং' (দীপ্তং, দীপ্তিমন্তং) 'পয়ঃ' (অমৃতময়ং কারুণ্যং) 'অহ্রয়ঃ' (কবয়ঃ, জ্ঞানিনঃ) 'অনু' (সর্ব্বতোভাবেন) 'দুদুহ্রে' (দুহন্তি, লভন্তে) নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবৎকৃপয়া জ্ঞানিনঃ অমৃতং লভন্তে—ইতি ভাবঃ॥ (২অ—৫খ—১সূ—১সা)॥

বঙ্গানুবাদ।

ভগবানের নিত্য, সর্ব্বার্থসাধক, সত্যপ্রাপক, জ্যোতির্ম্ময়, দীপ্তিমান্ অমৃতময় করুণাধারা জ্ঞানিগণ সর্ব্বতোভাবে লাভ করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবৎ-কৃপায় জ্ঞানিগণ অমৃত প্রাপ্ত হয়েন।)॥ (২অ—৫খ—১সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'অস্য' সোমস্য 'প্রত্নাং' পুরাতনাং 'দ্যুতং' দ্যোতমানাং তন্তুং 'অনু' 'শুক্রং' দীপ্তং 'সহস্রসাং' অভিলষিতস্য অপরিমিতস্য ফলস্য দাতারং 'ঋষিং' অতীন্দ্রিয়কর্ম্মফলদ্রষ্টারং 'পয়ঃ' পাতব্যং 'অহ্রয়ঃ' কবয়ঃ 'দুদুহ্রে' দুহন্তি॥ (২অ ৫খ ১সূ-১সা)॥

প্রথম (৭৫৫) সামের মর্ম্মার্থ।

—§ * §—

মন্ত্রটী নিত্য-সত্য-প্রখ্যাপক। জ্ঞানিগণই অমৃতলাভের অধিকারী। যাঁহারা সাধনা বলে পরাজ্ঞান লাভ করেন, তাঁহারাই সর্ব্বার্থসাধক অমৃত লাভ করিয়া ধন্য হয়েন। অমৃত পানে তাঁহাদিগের তৃষ্ণা চিরদিনের জন্য নিবৃত্ত হয়, তাঁহাদের আকাঙ্ক্ষা পূর্ণ হয়। আকাঙ্ক্ষার বেড়াজালেই মানুষ আবদ্ধ হইয়া ঘুরিতে থাকে। সেই আকাঙ্ক্ষা—অমৃতলাভের আকাঙ্ক্ষা। মানুষ তাহা পূর্ণ করিবার উপায় খুঁজিয়া পায় না। তাই যাহাতে অমৃতের স্পর্শ আছে বলিয়া মনে করে, তাহারই পশ্চাতে ঘুরিতে থাকে। যখন সেই মরীচিকা অন্তর্হিত হয়, তখন আবার নূতন বস্তুর সন্ধানে ফিরিতে থাকে। বস্তুতঃ মানুষের মনে প্রকৃত কোনও কু অভিসন্ধি নাই বা থাকিতে পারে না। তাহার অন্তরের সেই অমৃতলাভের জন্যই দুর্নিবার আকাঙ্ক্ষা আছে। কিন্তু অজ্ঞানতাবশতঃ সেই অমৃত-লাভের পথ খুঁজিয়া পায় না বলিয়াই সে পথের সন্ধানে ফিরিতে ফিরিতে সহসা বিপথে চলিয়া নিজের অধঃপতন আনায়ন করে। মায়া-

মোহের বশে সে নিজের হৃদয়ের আকাঙ্ক্ষার ঠিক স্বরূপও বুঝিতে পারে না। তাই অবোধ শিশুর মত বাহ্যচাকচিক্যময় দেখে, তাহাকেই আপনার বাসনা পুরণের উপায়ভূত বলিয়া মনে করে। যখন তাহার জ্ঞানোদয় হয়, তখন মানুষ তাহার জীবনের চরম প্রার্থনীয় বস্তুর স্বরূপ উপলব্ধি করিতে পারে এবং তাহা লাভ করিবার জন্য যত্নপরায়ণ হয়। জ্ঞান সেই অমৃতলাভের প্রকৃত উপায় নির্দ্দেশ করিয়া দেয় এবং জ্ঞানী সাধক তদনুসরণে অমৃতপানে অমর হয়েন। মন্ত্রে এই সত্যই বিবৃত হইয়াছে। (২অ—৫খ—১সূ ১সা)। *

দ্বিতীয়ং সাম্।

৩ ১ ২ ১র ৩ ১ ৩ ১র ২র
অয়৺্ সূর্য্য ইব উপদৃগয়৺ সরা৺্সি ধাবতি।
৩ ২ ৩ ২র ৩ ১র ২র
সপ্ত প্রবত আ দিবম্॥ ২॥

* * *

অর্থানুসারিণী ব্যাখ্যা।

'সূর্য্যঃ' (জ্ঞানদেবতা) 'ইব' (তুল্যঃ, স্বরোচিষা সূর্য্যঃ যথা জগদ্ভাসয়তি তদ্বৎ) 'অয়ং' (অয়ং দেবঃ, পরমদেবঃ, যদ্বা সত্ত্বভাবঃ) 'উপদৃক্' (সর্ব্বতত্ত্বদ্রষ্টা, সর্ব্বজ্ঞঃ, যদ্বা সর্ব্বজ্ঞানদাতা — ভবতি ইতি শেষঃ); অয়ং (অয়ং দেবঃ) 'সরাংসি' (পয়োধারাণি, সাধকানাং হৃদয়ানি ইত্যর্থঃ) অভিলক্ষ্য 'ধাবতি' (প্রতিগচ্ছতি ইত্যর্থঃ); তথা 'দিবং' (দ্যুলোকং) তথা 'সপ্ত প্রবত' (সপ্তসিন্ধুং, সপ্তভুবনং, বিশ্বং ইত্যর্থঃ) 'আ' (আপ্নোতি, ব্যাপ্নোতি ইত্যর্থঃ) সর্ব্বব্যাপকঃ সর্ব্বজ্ঞঃ ভগবান্ সাধকহৃদয়ং প্রাপ্নোতি ইতি ভাবঃ॥ (২অ ৫খ ১সূ ২সা)॥

বঙ্গানুবাদ।

জ্ঞানদেবতুল্য, আপনার কিরণ দ্বারা সূর্য্যদেব যেমন জগৎকে উদ্ভাসিত করেন, সেইরূপ পরমদেব (অথবা সত্ত্বভাব) সর্ব্বজ্ঞ (অথবা সর্ব্বজ্ঞানদাতা) হয়েন; সেই দেবতা সাধকদিগের হৃদয়কে প্রাপ্ত হয়েন; এবং দ্যুলোক ও বিশ্বকে ব্যাপ্ত করেন। (ভাব এই যে,—সর্ব্বব্যাপক সর্ব্বজ্ঞ ভগবান্ সাধকহৃদয়কে প্রাপ্ত হয়েন।)॥ (২অ—৫খ—১সূ—২সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃপঞ্চাশৎ সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

'অয়ং' সোমঃ 'সূর্য্য ইব' যথা সূর্য্যঃ সর্ব্বস্য লোকস্যোপদ্রষ্টা, তথা কর্ম্মণাং 'উপদৃক্' উপদ্রষ্টা; অপিচ 'অয়ং' সোমঃ 'সরাংসি' ত্রিংশৎ উক্থপাত্রাণি ইতি কেচিৎ বদন্তি, অপরেতু ত্রিংশদহোরাত্রাণি সরাংসীতি, তানি 'ধাবতি' প্রতি গচ্ছতি। তথাচ যাস্কঃ—'তদ্যৈতদ্ যাজ্ঞিকা বেদয়ন্তে ত্রিংশদুক্থপাত্রাণি, মাধ্যন্দিনে সবনে একদেবতানি, তান্যেতস্মিন্ কালে একেন প্রতিধানেন পিবন্তি, তান্যত্র সরাংস্যুচ্যন্তে—ত্রিংশদপরপক্ষস্যাহোরাত্রাঃ ত্রিংশৎ পূর্ব্বপক্ষস্যেতি নৈরুক্তাঃ (৫।১১) ইতি। অপিচ অয়ং সোমঃ 'দিবং' অধিকৃত্য 'সপ্ত প্রবতঃ' সপ্ত নদীরাতিষ্ঠতি ॥ (২অ-৫খ-১সূ-২সা) ॥

দ্বিতীয় (৭৫৬) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটীর ব্যাখ্যা উপলক্ষে প্রচলিত ভাষ্যাদির সহিত আমাদিগের মতদ্বৈধ উপস্থিত হইয়াছে। অন্যান্য ব্যাখ্যাকারগণও তাঁহাদিগের নিজের ব্যাখ্যার সমীচীনতা সম্বন্ধে নিঃসন্দেহ নহেন। তাই তাঁহারা মন্ত্রের নানাবিধ ব্যাখ্যা করিয়াছেন। 'সরাংসি' পদের ব্যাখ্যায় কাহারও মতে ত্রিশসংখ্যক উক্থপাত্র বুঝায়, কাহারও মতে বা ত্রিশ অহোরাত্রি বুঝায়। তার পর, ভাষ্যকার, যাস্কের মত উদ্ধৃত করিয়া, ব্যাখ্যায় আরও একটু জটিলতা সম্পাদন করিয়াছেন। যাহা হউক, আমাদিগের মতে 'সরাংসি' পদে পবিত্রহৃদয়কে লক্ষ্য করে। পবিত্রহৃদয়েই দেবতা অথবা সত্ত্বভাব আবির্ভূত হয়। 'ধাবতি' পদেরও এই অর্থেই সার্থকতা পরিস্ফুট হয়।

ভগবান্ অথবা তাঁহার শক্তি-স্বরূপ সত্ত্বভাব দ্যুলোকভূলোক ব্যাপিয়া আছেন। সর্ব্বত্রই তাঁহার মহিমা পরিদৃষ্ট হয়। ভাষ্যকার 'অয়ং' পদে সোম অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু এই অর্থে 'সপ্ত প্রবত আ দিবং' পদসমূহের কোনও সার্থকতা থাকে না। 'সপ্ত নদী এবং সপ্ত স্বর্গে সোমরস বর্ত্তমান থাকে'—ইহার দ্বারা কোনও উচ্চ ভাবের ব্যঞ্জনা হয় না? যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (২অ ৫খ—১সূ—২সা)।

* * *

তৃতীয়ং সাম।

৩ ১র ২র ৩ ১র ২র ৩ ১ ২
অয়ং বিশ্বানি তিষ্ঠতি পুনানো ভুবনোপরি।
২ ২ ৩ ১র ২র
সোমো দেবো ন সূর্য্যঃ ॥ ৩ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃপঞ্চাশত্তম সূক্তের দ্বিতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! সমুদ্র যেমন জল দ্বারা সমস্ত পূর্ণ করে, সেইরূপ তুমি ভগবদারাধনার জন্য অমৃত দ্বারা আমাদিগকে পূর্ণ কর; চৈতন্যস্বরূপ পরমানন্দদায়ক তুমি নিত্যকাল জ্ঞানামৃতের সহিত অমৃতধারণসমর্থ আমাদিগের হৃদয়কে প্রাপ্ত হও। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমাদিগের হৃদয় সত্ত্বভাবপূর্ণ হউক।)। (২অ—৬খ—২সূ—১সা।)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'সোম'! ত্বং 'দেববীতয়ে' দেবানাং পানায় তদর্থং 'অর্ণসা' বসতীবর্য্যাখ্যোদকেন 'প্রপিপ্যে' প্রাপ্যায়সে তত্র দৃষ্টান্তঃ—'সিন্ধুঃ ন' যথা সিন্ধুঃ উদকেন প্রপিপ্যে প্রাপ্যায়সে তদ্বৎ (প্যায়তেলিটি 'লিড্যঙোশ্চ' (৬।১।২৯) ইতি পী—ভাবঃ) স ত্বং 'মদিরো ন' মদকরঃ সুরাদিরিব 'জাগৃবিঃ' জাগরণশীলঃ। যদ্বা, নেতি সম্প্রত্যর্থে। ইদানীং মদকরো জাগরণশীলশ্চ। 'অংশোঃ' লতাখণ্ডস্য 'পয়সা' রসেন 'মধুশ্চ্যুতং' মধুর-রসস্য ক্ষারয়িতারং 'কোশং' দ্রোণকলশং 'অচ্ছ' অভিগচ্ছসি॥ (২অ ৬খ—২সূ—১সা।)।

* * *

প্রথম (৭৬৭) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের অন্তর্গত 'সোম' পদের বিশেষণরূপে ব্যবহৃত কয়েকটী পদের প্রতি এবং তাহাদের প্রচলিত ব্যাখ্যার প্রতি লক্ষ্য করিলেই 'সোম' শব্দে কি বস্তু নির্দ্দেশ করে, আমরা তাহার একটা সুন্দর মীমাংসা পাইব। 'সোমঃ' পদের বিশেষণ 'জাগৃবিঃ'। তাহার ভাষ্যার্থ — "জাগরণশীলঃ" অর্থাৎ সর্ব্বদা সচেতন থাকাই যাহার স্বভাব। এখন জিজ্ঞাস্য এই যে, এমন মোহকারক অচেতনকারী মদিরা কিরূপে জাগরণশীল হইতে পারে? সুতরাং স্বতঃই

মনে হয়, ভাষ্যকার এবং প্রচলিত ব্যাখ্যাকারগণ সোমের সত্তা স্বরূপ ধরিতে পারেন নাই। তাঁহারা এক সঙ্গেই সোমকে মত্ততাউৎপাদক ও জাগরণশীল উভয় বিশেষণেই বিশেষিত করিয়াছেন। সুতরাং এই ব্যাখ্যায় অসঙ্গতি দোষ লক্ষিত হয়। আমরা 'জাগৃবিঃ' পদে 'জাগরণশীলঃ' অর্থই গ্রহণ করিয়াছি। আর সত্ত্বভাব সম্বন্ধে এই বিশেষণ সম্পূর্ণ উপযোগী, সত্ত্বভাব মানুষের মনে অনন্ত চৈতন্যের জাগরণ আনিয়া দেয়, মানুষ পরম চৈতন্য সত্তার সন্ধান পায়। তাই সত্ত্বভাব চির-জাগরণশীল।

'সিন্ধুঃ ন' উপমা দ্বারা সত্ত্বভাবের বিশেষত্ব প্রখ্যাপিত হইয়াছে। অসীম অনন্ত সমুদ্র-স্বরূপ এই সত্ত্বভাব বিশ্বব্যাপিয়া আছে। ইহার আদি নাই, অন্ত নাই। সত্ত্বভাবের উৎপত্তি বিলয় নাই—কারণ তাহা ভগবানেরই শক্তি এই সত্ত্বভাবামৃত লাভের জন্য মন্ত্রে প্রার্থনা পরিদৃষ্ট হয়। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে দ্রষ্টব্য। (২অ—৬খ—২সূ—১সা)। *

—*—

দ্বিতীয়ং সাম।

১ ১ ৩ ১র ২র ৩ ১ ২
আ হর্য্যতো অর্জ্জুনো অৎকে অব্যত
৩ ২ ৩ ১র ২র
প্রিয়ঃ সূনুর্ন মর্জ্জ্যঃ।
১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
তমী৺ হিন্বন্তি অপসো যথা রথং
৩ ১র ২র
নদীষু আ গভস্ত্যোঃ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'প্রিয়ঃ' 'সূনুঃ' (পুত্রঃ) 'ন' (ইব) 'মর্জ্জ্যঃ' (সংস্কৃতঃ, পবিত্রঃ, পরিত্রাণকারকঃ) 'হর্য্যতঃ' (প্রার্থনীয়ঃ) 'অর্জ্জুনঃ' (বিশুদ্ধঃ সত্ত্বভাবঃ) 'অৎকে' (বিচিত্রে) 'নদীষু' (অমৃতপ্রবাহেষু) 'আ অব্যত' (আ বৃণোতি, সম্মিলিতঃ ভবতি ইত্যর্থঃ) 'অপসঃ' (সত্ত্বভাবঃ) 'যথা' 'রথং' (সৎকর্ম্মরূপং যানং)—প্রাপ্নোতি ইতি যাবৎ, তদ্বৎ 'গভস্ত্যোঃ' (কিরণানি, জ্ঞানকিরণানি) 'তং' (সত্ত্বভাবং) 'ঈং' (নিশ্চিতং) 'হিন্বন্তি' (প্রেরয়ন্তি. সাধকানাং হৃদি ইতি শেষঃ), সত্ত্বভাবঃ জ্ঞানং তথা কর্ম্ম পরস্পরং সম্মিলিতং ভবতি; সাধকাঃ সত্ত্বভাবং লভন্তে ইতি ভাবঃ॥ (২অ—৬খ—২সূ—২সা)।

---

* উত্তরার্চ্চিকের এই সাম-মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ ৫দ ৪সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের দ্বাদশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, চতুর্দ্দশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

প্রিয়পুত্র তুল্য পবিত্র প্রার্থনীয় বিশুদ্ধ সত্ত্বভাব বিচিত্র অমৃতপ্রবাহে সম্মিলিত হয়েন; সত্ত্বভাব যেমন সৎকর্ম্মরূপ যানকে প্রাপ্ত হয়েন, তদ্বৎ জ্ঞানকিরণসমূহ সত্ত্বভাবকে নিশ্চিতরূপে সাধকদিগের হৃদয়ে প্রেরণ করেন। (ভাব এই যে,—সত্ত্বভাব জ্ঞান ও কর্ম্ম পরস্পর সম্মিলিত হয়; সাধকগণ সত্ত্বভাব লাভ করেন)। (২অ—৬খ—২সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'হর্য্যতঃ' স্পৃহণীয়ঃ 'প্রিয়ঃ' প্রীণয়িতা 'সূনুঃ' সূনুরিব 'মর্জ্যঃ' মার্জ্জনীয়ঃ 'অর্জ্জুনঃ' শ্বেতবর্ণঃ সোমঃ 'অৎকে' রূপে বিচিত্রে 'আ অব্যত' আবৃণোতি 'তং' 'ঈং' এনং সোমং অঙ্গুলয়ঃ 'নদীষু' নদমানাসু শব্দবতীষু 'গভস্ত্যোঃ' বাহ্বোঃ 'আ' আভিমুখ্যেন 'হিন্বন্তি' প্রেরয়ন্তি। তত্র দৃষ্টান্তঃ—'অপসঃ যথা' বেগবন্তঃ শূরাঃ জনাঃ 'রথং' সংগ্রামেষু প্রেরয়ন্তি তদ্বৎ। 'অর্জ্জুনং' 'অর্জ্জুন'—ইতি পাঠৌ। (২অ-৬খ—২সূ-২সা)।

* * *

দ্বিতীয় (৭৬৮) সামের মর্ম্মার্থ।

—— § :*: § ——

সাংসারিক মানব পুত্রপরিজনকে অত্যন্ত প্রিয় জ্ঞান করে। তাই কোন বিষয়ের উপমা দিবার জন্য সংসারী লোকের চিরপরিচিত বস্তুর উপমা দেওয়া হয়। পুত্র মানুষের অত্যন্ত প্রিয়। তাই সেই পরমবস্তুর প্রার্থনীয়তা প্রখ্যাপন করিবার জন্য সত্ত্বভাবের সহিত পুত্রের তুলনা দেওয়া হইয়াছে। অধিকন্তু সংসারী মানব পুত্রকে পুন্নামক নরক হইতে উদ্ধারের ও স্বর্গপ্রাপ্তির উপায় স্বরূপ মনে করেন। সাধরণ-প্রচলিত বিশ্বাস এই যে,—পুত্র জন্ম গ্রহণ না করিলে মুক্তি লাভ ঘটে না। তাই পুত্র মানুষের এত বেশী প্রিয়। তাই সত্ত্বভাবকে সেই প্রিয় ও পরিত্রাণ-দায়ক পুত্রের সহিত তুলনা করা হইয়াছে। ভাব এই যে,—পুত্র যেমন মুক্তির সোপান, সত্ত্বভাব ও সেইরূপ বা ততোধিক পরিমাণে মুক্তিদায়ক। সেই সত্ত্বভাবকে অত্যন্ত আগ্রহ ও যত্নের সহিত হৃদয়ে ধারণ করিতে হয়। মন্ত্রান্তর্গত উপমার ইহাই তাৎপর্য্য।

সত্ত্বভাব, জ্ঞান ও সৎকর্ম্ম সমস্তই একসূত্রে গ্রথিত। একটী লাভ হইলে অন্য গুলিও মানুষ সাধনবলে সহজেই লাভ করিতে পারে। মন্ত্রের শেষাংশে তাহাদের এই ঘনিষ্ঠ সম্বন্ধই সূচিত হইয়াছে। (২অ-৬খ ২সূ—২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের ত্রয়োদশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, চতুর্দ্দশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়স্কুক্স গেয়গানং।

৩ ১ ২ ৪ ৫ ২১ ৩ ৫ ১ ২
১। প্রণো ৩ ১। মা ৩ দে। বা। বায়িষ্ঠা ২ ৩ ৪ যায়ি। গায়িন্ধূ ৩ ঃ।

১ A ৩র ২ ৩ ৫ ২ ১ ২১ ২র
নপা ২ য়ি। পোত্ত্যা ৩ ৪ ৫। ণা ২ ৩ ৪ সা। অভ্‌ষোঃপয়া। গা।

১ n ৩২ ৩ ৫ ২ — ১ Λ
মন্দয়েঃ ২। নজ্ঞা ৩ ৪ ৫। গৃ ২ ৩ ৪ বীঃ। অছা ২। কোশা ২ ম্।

৩২ ৩ ৫ ৩ ২ ২ ৪
মধূ ৩ ৪ ৫। শ্চ ২ ৩ ৪ তাম্ ॥ (১) আচ্ছা ৩ ১। কো ৩ শম্।

৫ ২n৩ ৫ ১ ২ ১র n ৩২
ম। ধূশ্চ ২ ৩ ৪ তাম্। আচ্ছা ৩। কোশা ২ ম্। মধূ ৩ ৪ ৫।

৩ ৩ ২র১ ২ ১ ২ ২ র ^ ৩র ২
শ্চ ২ ৩ ৪ তাম্। আচার্যাতো। অ। র্জ্জ নোআ ২। ৎকেআ ৩ ৪ ৫।

৩ ৫ ১ — ১ n ৩২ ৩
ষ্যা ২ ৩ ৪ ভা। প্রিয়া ২ ঃ। সূনু ২ ঃ। নগা ৩ ৪ ৫। জী ২ ৩ ৪

৫ ৩ ২ ২ ৪ ৫ ২n৩ ৫
য়াঃ ॥ (২) প্রিয়া ৩ ১ ঃ। সূ ৩ নুঃ। ন। মার্জ্জা ২ ৩ ৪ য়াঃ।

১ ২ ১র n ৩২ ৩ ৫ ২১ ২১
প্রায়া ৩ ঃ। সূনু ২ ঃ। নম ৩ ৪ ৫। জী ২ ৩ ৪ য়াঃ। তমায়িভ্‌ হিবা।

২ ১ n ৩২ ৩ ৫ ২ —
তি। অপসো ২। যগা ৩ ৪ ৫। য়া ২ ৩ ৪ থায়। নদা ২ য়ি।

১ n ৩ ২ ৩
বৃণা ২। গভা ৩ ৪ ৫। স্তী ২ ৩ ৪ য়োঃ (৩) ॥

⁂

৪ ৩ ৫ ৩ ৫র ৩২ ৪ ৫ ২
২। প্রসো ৪ ম্। দা ৪ য়িবগী। তয়া ৩ য়ি। সাঃদিন্ধুঃ। নপায়ি।

র ১ ২ ১ র ২ ১র n ৩ ৫ র
গোঅর্ণসা ৩। আভ্‌ শোঃপয়া ৩। দামা ২ দা ২ ৩ ৪ য়িরাঃ। নজ্ঞা।

৩ ২ n ৩ ৫ র ৩র ২ n ৩ ৫ ৪
গৃণোপাও ২ ৩ ৪ বা। অছা। কোশোপাও ২ ৩ ৪ বা। মধু ৫।

৪ ৩ ৫র ৩ ৫ ৩ ২ ৪ ৫
শ্চ তাম্। (১) অচ্ছা ৪ কো। শা ৪ মধু। শ্চ তা ৩ ম্। আচ্ছা।

২র ১ ২ ১ ২ ১ n ৩ ৫
কোশাম্। মধুশ্চ তা ৩ ম্। আহর্য্যতো ৩। অর্জ্জ ২ নো ২ ৩ ৪ আ।

র ৩ ২ n ৩ ৫ ৩র ২n ৩ ৫
ৎকেঅ। বাজৌবাও ২ ৩ ৪ বা। প্রিয়ঃ। সুনৌগাও ২ ৩ ৪ বা।

৪ ৪ ৩ ৫র ৩ ৫ ৩ ২ ৪ ৫
নমা ৫ র্জ্জিয়াঃ ॥ (২) প্রিয়া ৪ ঃ স্। নূ ৪ ম্নম। জিয়া ৩ ঃ। প্রায়াঃ।

২র ১ ২ ১র ২ ১ A ৩
প্রায়াঃ। সূনূঃ। নমার্জ্জায়া ৩ ঃ। জাগী৺ হিম্বা ৩। ভিযা ২ পা ২ ৩ ৪

৫ র ৩ ২ n ৩ ৫ র ৩ ২ n ৩ ৫
দাঃ। যথা। ঝণৌবাঔ ২ ৩ ৪ বা। নদী। যুনৌগাও ২ ২ ৪ গা।

৪ ৪ ২
গম্বা ৫ স্তিয়োঃ। গো ৫ ঈ। ড' (৩)॥

* * *

৫ ৪ ২ ৪ ৫ ৪ ৫ ১ ২ র ১ ২ --
৩। প্রণো ৩ মা ৩ দেববৌ ৩ যোগা। সা৺স্কুম্রপি। পোঅর্ণা ১ গা ২।

১ র ২ ৩র ৪ ৫ ২ ১ ২ -- ১ ২
অ৺শোঃপয়া ৩ ১ ২ ২ ৩ ৪। সা৺দিরঃ। নজাগৃ ১ বী ২ ঃ। অচ্ছ্কো ১

n ৩ ২ ১ ৩ ১ ১ ১ ১
শা ২ ম্। মধু ৩। শ্চৃ ২ ৩ ৪ ৫। তা ২ ৩ ৪ ৫ ম্ (১)॥

* * *

৫ র ২ ৪র৫৪ ৫ ১ -- ১ র ২ ৪ ৫ ১ ১র
৪। প্রণোমা ৩ দেববীতয়াগ্নি। সাম্বিন্ধ্ ২ ঃ। নপিপ্যোআ ৩। পাদা। অ৺শোঃ-

র ১ n ৩ ২ ৪ ৫ ২ ১র ৩ ২
পয়দামদা ২ ৩ দ্রিরো ২। নজা ৩ গৃবীঃ। অ৺শোঃপয়সামদিরঃ। নজা ৩

৪ ৫ ২ র ২র ১ ২ ২ ১ ৫
গৃবীঃ। অচ্ছাকো। শা। ঔ ৩ হো। মধো ২ ৩ ৪ বা।

৪
শ্চৃ ৫ ভো ৬ হায়ি (১)॥

* * *

১ র ১ র১র২১ ২র ১ ২ ১ র র
৫। প্রণোমদেববীতয়াগ্নি। সিন্ধুর্মপিপ্যোঅর্ণা ২ ৩ সা। অ৺শোঃপয়সামদিরো-

২১র ২ ১র ২ ১ n ৩ ২
নজাগৃ ২ ৩ বীঃ। অচ্ছাকো ২ ৩ শা ৩ ম্। মা ২। ধুশ্চৃ ৩ ৪

৫র র ৩ ১ ১ ১ ১
ঔহোবা। তা ২ ৩ ৪ ৫ ম্ (১)॥

* * *

৫ র ২ ৪র৫৪র ৫ ১ — ১ ৩র২ ২ ৫ ২ ১র
৬। প্রগোষা ৩ দেৰবীতয়াগ্নি। সাম্নিক্ষ্ ২ঃ। বর্পপোষা ৩। পাসা। অভ্ শোঃ-
র ১ ন ৩২ ৪৫ ২ ১র র ৩২
পয়সামদা ২ ৩ ম্নিয়ো ২। নজা ৩ গৃ বীঃ। অভ্ শোঃপয়সামদিরঃ। মজা ৩
৪৫ ১ র ২র ১ ২ ২ ১ ৫ ৪
গৃ বীঃ। আচ্ছাকো। শা। ঔ ৩ হো। মগো ২ ৩ ৪ বা। শচ্ ৫ স্তো ৬
৫ ৫ র ২ ৪৫৪ ৫ ১ — ১র ৩২
হাগ্নি (১)। অচ্ছাকো ৩ শম্নধুশ্চ্ তাম। আচ্ছা ২। কোশম্নধু ৩।
৪ ৫ ২র১ র ১ ন ৩র২ ৪ ৫ ২র১ র
শচ্ তাম্। আংর্ষাভোঅর্জ্জুনা ২ ৩ আ ২। ৎকেশা ৩ ব্যাজা। আংর্ষান্তো-
র র২ ৪ ৫ ১ ২র ১ ২ ২ ১
অর্জ্জুনোঅ। ৎকেশা ৩ ব্যাস্তা। প্রায়ঃসু।-না। ঔ ৩ হো। নগো ২ ৩ ৪
৫ ৪ ৫ ৫ ২ ৪২ ৪ ৫ ১ —
বা। স্তা ৫ য়ো ৬ হাগ্নি॥ (২) প্রিয়ঃসু ৩ সুন্নর্মার্জ্জিয়াঃ। পায়াঃ ২ঃ।
১র ৩ ২ ৪ ৫ ২১র ১ ন ৩২ ৪৫
সুক্রুর্মঃ ৩। জায়াঃ। ভমীভ্ ভিম্বপ্তাপা ২ ৩ সো ২। যথা ৩ রাথাম।
২১র ৩২ ৪৫ ১র২ ১ ২ - ২
স্তমীভ্ ভিম্বস্তাপস্ঃ যথা ৩ রাথাম্। নাদীবু। আ। ঔ ৩ হো।
১ ৫ ৪ ৫
গস্তো ২ ৩ ৪ বা। স্তা ৫ য়ো ৬ হাগ্নি (৩)।

° . °

৩ ২ ২ ৪৫ ৫ ২ৎ ৩ ৫ ১ ২
৭। প্রসো ৩ ১। মা ৩ দেঃ বা। শাগ্নিতা ২ ৩ ৪ য়ায়ি। সাম্নিক্ষ্ ৩ঃ।
১ র ৎ ৩ ১ ১ ১ ১ ২ ১ ২ ১ ২র
নপাহ ২ য়ি। পোঅর্ণা ৩ ৪ ৫। সা ২ ৩ ৪ ৫। অভ্ শোপয়া। দা।
১ র ৩ ১ ১ ১ ১ ২ — ১
মদিরোহ ২। নজাগৃ ৩ ৪ ৫। বী ২ ৩ ৪ ৫ঃ। অচ্ছা ২। কোশাহ ২
ৎ ৩ ১ ১ ১ ১ ৩৩ ২
ম্। মধুশ্চ, ৩ ৪ ৫। তা ২ ৩ ৪ ৫ ম্। (১) অচ্ছা ৩ ১। কো ৩
৪ ৫ ২ন ৫ ৫ ১৩ ১র ন
শম্। ম। ধুশ্চ, ২ ৩ ৪ তাম্ঃ আচ্ছ ৩। কোশাহ ২ ম্। মধুশ্চ, ৩ ৪ ৫।
৩ ১ ১ ১ ১ ২র ১ ২ ১ ২ ১ র ন র ন
তা ২ ৩ ৪ ৫ ম্। আংঅর্ষাভো। অ।- জুনোআহ ২। ৎকেঅশা ৩ ৪ ৫।
৩ ১ ১ ১ ১ ২ — ১ ৎ
তা ২ ৩ ৪ ৫। প্রিয়া ২ঃ। সূনূঃ ২ঃ। নমর্জা ৩ ৪ ৫।

৩ ১ ১ ১ ১ ৩ ২ ২ ৪ ৫ ২১৩
য়া২৩৪৫ঃ॥ (২) প্রিয়া৩১ঃ। স্থ৩নুঃ। ন। মার্জ্জা২৩৪

৫ ১২ ১র ৩
য়াঃ। পায়া৩ঃ। স্থনুঃ২ঃ। নমর্জ্জা৩৪৫। য়া২৩৪৫ঃ।

২১ ২১ ২ ১ র ৩ ১ ১ ১ ১
ভমায়িষ্ব হিষা। ভি। অপসোহ২। যধারা৩৪৫। থা২৩৪৫ম্।

১ — ১ ২ ৩ ১ ১ ১ ১
নদা২ঘি। যৃগাহ২। গভস্তা৩৪৫। য়ো২৩৪৪ঃ (৩)॥

* * *

৫ র২ ৪র৫০র৫ ২ ২ র১২ n ৩ ২
৮। প্রসোমা৩ দেববীতয়ায়ি। সাহিন্ধুর্ন্নপি। পোঅর্ণা১সা২। অংশো৩ঃ।

S ২ ২ ১র র২ ১ ১ n
হৌ৩হো৩বা। পয়সামদিরোনজাগৃ১বী২ঃ। অচ্ছা২৩। কো২

৩ ৫র ২ ১ — n৩ ১ ১ ১ ১
শা২৩৪ ঔহোবা। এ৩। মধু২শ্চুতা২৩৪৫ম্॥ (১)

৫ র২ ৪৫৪ ৫ ১ র২র ১২ n
অচ্ছাকো৩৩শম্মধুশ্চুতাম্। আচ্ছাকোশম্। মধূশ্চ১তা২ম্।

৩র২ S ২ ২ ১র র ৭ ••
আহা৩। হৌ৩ হো৩। বা। যাতোঅর্জ্জুনোপৎকেঅব্যস্তা২।

১ ১n৩ ৫র র ২ ১ •• ১৩১১১১
প্রিয়া২৩ঃ। সূ২না২৩৪ ঔহোবা। এ৩ নমা২র্জ্জিয়া২৩৪৫ঃ॥

৫ ২ ৪৫২ ৫ ৫ ২র ১২ n ৩২
(২) প্রিয়ঃস্থ৩ন্নুর্মর্জ্জিয়াঃ। প্রায়ঃস্থনুঃ। নমার্জ্জা১য়া২ঃ। ভমা৩

৩ . S ২ ২ ১ র ২ — ১
য়িস। হৌ৩হো৩বা। বিশ্বস্তাপসোযধারা১থা২ম্। নদা২৩ঘি।

১n৩ ৫র র ২ ২ •• n৩ ১ ১ ১ ১
বৃ২বা২৩৪ ঔহোবা। এ৩। গভা২স্তিয়া২৩৪৫ঃ (৩)॥

* * *

৫ র২ ৪৫৫৪ ৫ ১ ২ র১২ — ১ —
৯। প্রসোমা৩দেববী৩য়াযি। সাহিন্ধুর্নপি। পোঅর্ণ১সা২। শাসা২।

১ র২ ১S ২ ১২ ১২১ ৫
অংশোঃপয়। সা। মদির৩। ২দিরো৩। নাজাগৃ২৩৪বী।

১২ র১ ২৩ ৫ ০ ৫র ২
আচ্ছাকোশাম্। মাধুশ্চু২৩৪তাম্। মধু৫শ্চুতাম্॥ (১) অচ্ছাকো৩

৪ ৫৪　৫　১ র ২র　১২　--　১　--　১ ২
আম্মধুশ্চ্ তাম।　আচ্ছাকোশম্ । মধুশ্চ্ ১ তা ২ ম। শ্চ্ তা ২ ম।　আহর্য্যত্ঃ।

১s　র　২　১ র ২　১২৩　৫　১
আ।　জুনো।　আ ৩।　জুনোআ ৩।　৫কেঅব্যা ২ ৩ ৪ তা।　প্রায়ঃ-

২র ১　১২৩　৫　৪　৫ ২　৪৫　৫
স্নুঃ।　নমার্জ্জা ২ ৩ ৪ য়াঃ। নমা ৫ র্জ্জিয়াঃ॥ (২) প্রিয়ঃস্ ৩ নুর্নমর্জ্জিয়াঃ।

১ ২র　১ ২　--　১ --　১ র ২　২s
প্রায় স্নুঃ।　নমার্জ্জা ১ য়া ২ ঃ।　জায়া ২ ঃ।　তামী৺ হিষা।　তারি।

২　১ ২　১২A৩　৫　১২র ১　২ ৩
অপগো ৩।　অপগো ৩।　যাপারা ২ ৩ ৪ থাম্।　নাদীবুধা।　গাভস্তা ২ ৩ ৪

৫　৪　৪
য়োঃ।　গভা ৫ স্তিয়োঃ।　হো ৫ ঈ।　ডা (৩)।

* * *

১ র র　—　র ১　র　র　২ ২
১০। প্রগোমদৌতো ২ ষিনবীতয়ারি।　সাম্রিক্ষুম্ন্পিপ্যোঅর্ণসা।　শোঃপা ৩ রা।

১র　২　১ —　১ র র　২ ১　৫
সামদিরো।　নজা ৩ হা।　গৃ বী ২ ঃ।　অচ্ছাকোশম্মঃধারা ৩ ও ২ ৩ ৪ বা।

৪A　৫　১ র র　--　১　র　র
শ্চ্ তো ৬ হায়ি॥ (১)　অচ্ছাকোশোহো ২ য়িমধুশ্চ্ তাম্।　আচ্ছাকো-

র ২　২　১ র　র ২　২　১ —
শম্মধুশ্চ্ তম্।　আতোর্য্যা ৩ ভো।　অর্জ্জুনোআ।　৫কেআ ৩ হা।　নাতা ২।

১ র　২　১　৫　৪　৫　১ ২
প্রিয়ঃস্নুর্নমোবা ৩ ও ২ ৩ ৪ বা।　জা ৫ য়ো ৬ হায়ি॥ (২)　প্রিয়ঃস্নু-

র　—　১　র　২　২
নোহো ২ য়িনমর্জ্জিয়াঃ।　প্রায়ঃস্নুর্নমর্জ্জিয়ঃ।　তমায়িহি৺ ষা ৩ িষা।

১　২　১ —　১ রর　২ ১
তিয়াপগো।　যপা ৩ তায়ি।　রাপা ২ ম্।　নদীবুধাগভোবা ৩ ও ২ ৩ ৪

৫　৪　৫
বা ঃ　স্তা ৫ য়ো ৬ হায়ি (৩)

* * *

২১র　৪র ২র　১　র　র　র　২
১১। প্রসোমা ২ ৩ দেববীতয়ায়ি।　সাম্রিক্ষুম্ন্পিপোঅর্ণসা৺ শোঃপয়সামদিরোহন-

৩র ২　১ —　১　২　১ র　র　২৩র ২　১ —
জোহো ৩।　হুম্মা ২।　গৃ ২ ৩ বীঃ।　অচ্ছাকোশাম্মদোহো ৩।　হুম্মা ২।

১ ৪ ৫ ২ ১র ৪ ৫
শ্চুতাম্। ঔ২ ৩ হোবা। (১) অচ্ছাকো৩ ২ ৩ শম্মধু শ্চুতাম্।

১ র র র র র S ২৩র২ ১ — ১
আচ্ছাকোশম্মশ্চুতমাহর্য্যাতোঅর্জ্জুনাআৎকঔগে। ৩। হুম্মা২। বা। ২ ৩

২ ১ র২ ৩র ১ — ১ ২ ৪ ৫
তা। প্রিয়সূনুর্ন্নমৌহো৩। হুম্মা২। প্রিয়া। ঔ২ হোবা। (২)

২১ ৪ ৫ ১ র র ২৩র২
প্রিয়ঃসূ২ ৩ নুনমর্জ্জিয়াঃ। প্রায়ঃসূনুর্ন্নমর্জ্জিয়স্তমীংহিন্বন্ত্যাপসোযথাঽহো৩।

১ ১ ২ ১র ২৩র২ ১ ১
হুম্মা২। রা২ ৩থাম্। নদীষুবাংগভৌহো৩। হুম্মা২। স্তিয়োঃ।

৪ ৪
ঔ২ ৩হোবা। হো ঃ ঈ। ডা (৩)।

* * *

২র র ১২র১র২১ ২১ ২ ১২ ২ র
১২। প্রাসোমদেববীতয়ায়ি। সিন্ধুর্ন্নপায়ি। পে্য৩ আর্ণা৩ সা। অংশোঃপয়-

র র র A৩ ৫র ২১র ৫ ২
সামদিরোনজাগৃবা২ ৩ ৪ এহি। আচ্ছাকো২ ৩ ৪ শাম্ মধা৩ ১

২ ২৩২ ২রর১র ২২১ ২১র
উবা২ ৩। এ৩। শ্চতমা। (১) আচ্ছাকোশম্মধুশ্চুতাম্। অচ্ছা-

র ২ ২ ২ র র র র A৩
কোশাম্। মা৩ ধুশ্চু৩ তাম্। আহর্য্যাতোঅর্জ্জুনোঅৎকেঅব্যাতা২ ৩ ৪

৫র ২ ১২ ২ র র ৩ ৫র
এহী। আ৩ হার্য্যা৩ তো। অর্জ্জুনোঅৎকেঅব্যাতা২ ৩ ৪ এহী।

২ ৫ ২ ২ ২৩২ ২র ১র২
প্রিয়ঃসূ২ ৩ ৪ নূঃ। মমা৩ ১ উবা২ ৩। এ৩। জম্বা। (২) প্রায়ঃসূনুর্ন্ন-

১২১ ২ ১র ২ ১২ ২ র র র
মর্জ্জিয়াঃ। প্রিয়ঃসূনূঃ। না৩ মার্জ্জা৩ য়াঃ। তমীংহিন্বন্ত্যাপসোযথা২ ৩ ৪

৫র ২ ১ ২ ২ র র ৩ ৫র
ঐহী। তা৩ মায়িংহা৩ স্ত্রিবা। তিয়পসোযথারথা২ ৩ ৪ ঐহী।

২১র ৫ ২ ২ ৩৩র২
নদীষ্ব২ ৩ ৪ বা। গভা৩ ১ উবা২ ৩। এ৩। স্তিয়াবা। ০

---

* এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত দ্বাদশটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—(১) "যৌপাজ্ঞম" (২) "সত্রা" (৩) "অভীবর্ত্ত" (৪) "গৌতমম্" (৫) "শুদ্ধাশুদ্ধীয়াশ্রম্" (৬) "গৌঙ্গবম্" (৭) "গৌপাত্তসে-ক্ষারাস্তম্" (৮) "বৈরূপম্" (৯) "পৌরুহন্মনম্" (১০) "হারায়ণম্" (১১) "বিহঙ্কারংবামদেব্যম্" (১২) "বন্ধরথন্তরম্"।

প্রথমং সাম।

১ ২র ৩ ২ ৩ ১ ১ ৩ ১ ৩
প্র সোমাসো মদচ্যুতঃ শ্রবসে নো মঘোনাম্।
৩ ২ ৩ ১ ২
সুতা বিদথে অক্রমুঃ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মদচ্যুতঃ' (পরমানন্দদায়কঃ) 'সুতাঃ' (অভিষুতঃ, বিশুদ্ধঃ, পবিত্রকারকঃ ইত্যর্থঃ) 'সোমাসঃ' (শুদ্ধসত্ত্বঃ) 'মঘোনাং' (হবিষ্মতাং, সৎকর্ম্মসাধনশীলানাং) 'নঃ' (অস্মাকং) 'বিদথে' (যজ্ঞে, সৎকর্ম্মণি ইত্যর্থঃ) 'শ্রবসে' (সিদ্ধিপ্রদানায়) 'প্রাক্রমুঃ' (প্রগচ্ছতু, প্রাপ্নোতু—অস্মান ইতি শেষঃ)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। সৎকর্ম্মণি সিদ্ধিলাভায় বয়ং শুদ্ধসত্ত্বং প্রার্থয়ামঃ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—৬খ—৩সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরমানন্দদায়ক পবিত্রকারক শুদ্ধসত্ত্ব সৎকর্ম্মসাধনশীল আমাদিগের সৎকর্ম্মসাধনে সিদ্ধিপ্রদানের জন্য আমাদিগকে প্রাপ্ত হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—সৎকর্ম্ম-সাধনে সিদ্ধিলাভের জন্য আমরা যেন শুদ্ধসত্ত্বকে প্রাপ্ত হই)। (২অ—৬খ—৩সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'সোমাসঃ' সোমাঃ 'মদচ্যুতঃ' মদস্রাবিণঃ 'সুতাঃ' অভিষুতাঃ সন্তঃ 'বিদথে' যজ্ঞে 'মঘোনাং হবিষ্মতাং 'নঃ' অস্মাকং 'শ্রবসে' অন্নায় কীর্ত্তয়ে বা 'প্র অক্রমুঃ' প্র গচ্ছন্তি। মঘোনাং—মঘোনঃ—ইতি পাঠৌ॥ (২অ—৬খ—৩সূ—১সা)।

* * *

প্রথম (৭৬৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। এই মন্ত্রে সত্ত্বভাব-প্রাপ্তির দ্বারা সৎকর্ম্ম-সাধনে-সিদ্ধিলাভ করিবার প্রার্থনা আছে। সৎকর্ম্ম-সাধনের দ্বারা হৃদয় পবিত্র না হইলে, হৃদয়ে বিশুদ্ধ সত্ত্বভাবের সঞ্চার না হইলে, সিদ্ধিলাভ সম্ভবপর নয়। সৎকর্ম্মসাধনের পরিণতি—মোক্ষলাভ। তাই সেই মোক্ষ বা পরাগতি প্রাপ্তির জন্য সত্ত্বভাব লাভের প্রার্থনা।

মন্ত্রের অন্তর্গত কয়েকটী পদের ব্যাখ্যা সম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। 'মদচ্যুতঃ' পদে ভাষ্যকার 'মদস্রাবিণঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা পূর্ব্বাপর সঙ্গতি রক্ষা করিয়া ঐ পদে 'আনন্দদায়কঃ' অর্থ গ্রহণ করিয়াছি। একখানা হিন্দি-ব্যাখ্যাতেও আমাদের পরিগৃহীত ঐ অর্থই পরিদৃষ্ট হয়। 'মঘোনাং' পদে ভাষ্যে 'হবিষ্মতাং' অর্থ দৃষ্ট হয়। সৎকর্ম্মসাধনই প্রকৃষ্ট হবিঃ। তাই ঐ পদে 'সৎকর্ম্মসাধনশীলানাং' অর্থ গ্রহণ করিয়াছি। 'শ্রবসে' পদে 'সিদ্ধিলাভায়' অর্থ পরিগৃহীত হইয়াছে। কার্য্যে সফলতা লাভ করিলেই খ্যাতি ও প্রসিদ্ধি লাভ হয়। তদনুসারে আমাদের ব্যাখ্যায় ঐ পদে 'সিদ্ধিলাভায়' অর্থ গ্রহণ করা হইয়াছে। 'বিদথ' শব্দে যজ্ঞ—সৎকর্ম্ম বুঝায়। তাই 'বিদথে' পদে 'সৎকর্ম্ম সাধনে' অর্থ আমরা গ্রহণ করিয়াছি॥ (২অ—৬খ—৩দ—১সা)। *

—— * ——

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২র ৩ ১ ২ ৩ ২
আদী৺ হ৺সো যথা গণং বিশ্বস্য অবীবশৎ মতিম্।
২ ৩ ১ ২র
অত্যো ন গোভিঃ অজ্যতে ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অত্যঃ' (শীঘ্রগামী, আশুফলদায়কং সৎকর্ম্ম ইত্যর্থঃ) 'ন' (যথা) 'গোভিঃ' (জ্ঞানকিরণৈঃ) 'অজ্যতে' (সিচ্যতে, সম্মিলিতং ভবতি ইত্যর্থঃ) 'হংসঃ যথা গণং' (সারগ্রাহী জনঃ যথা সাধুসঙ্ঘং প্রাপ্নোতি তদ্বৎ) 'ঈং' (ইদং, জ্ঞানং ইত্যর্থঃ) 'বিশ্বস্য' (সর্ব্বস্য—স্তোতৃণাং ইতি যাবৎ) 'মতিং' (বুদ্ধিঃ) 'আৎ' (নিশ্চিতং) 'অবীবশৎ' (বশং নয়তি প্রাপ্নোতি ইত্যর্থঃ); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। প্রার্থনাপরায়ণঃ সাধকঃ সৎকর্ম্মসম্মিলিতং জ্ঞানং লভতে—ইতি ভাবঃ॥ (২অ—৬খ—৩দ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

আশুফলদায়ক সৎকর্ম্ম যেমন জ্ঞানকিরণের সহিত মিলিত হয়, সারগ্রাহী জন যেমন সাধুসঙ্ঘকে প্রাপ্ত হয়েন, সেইরূপ জ্ঞান সকল স্তোতৃ-

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ—২খ—১সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বাত্রিংশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

গণের বুদ্ধিকে নিশ্চিত প্রাপ্ত হয়। (ভাব এই যে,—প্রার্থনাপরায়ণ সাধক সৎকর্ম্মসমন্বিত জ্ঞান লাভ করেন।)॥ (২অ—৬খ—৩সূ—২সা)॥

* *

সায়ণ-ভাষ্যং ।

'আৎ' অপি চ 'ঈং' অয়ং সোমঃ 'হংসো যথা' 'গণং' জনসংঘং স্বগতিবিশেষেণ স্বনেন বা প্রবিশতি, তদ্বৎ 'বিশ্বস্য' সর্ব্বস্য স্তোতৃজনস্য 'মতিং' স্তুতিং বুদ্ধিং বা 'অবীবশৎ' বশং নয়তি ; স চ সোমঃ 'অত্যো ন' অশ্ব ইব 'গোভিঃ' গব্যৈরুদকৈর্বা 'অজ্যতে' সিচ্যতে স্নিগ্ধীক্রিয়তে। (২—৬খ—৩সূ—২সা)॥

* *

দ্বিতীয় (৭৭০) সামের মর্ম্মার্থ ।

মন্ত্রের মধ্যে দুইটী উপমা ব্যবহৃত হইয়াছে। সারগ্রাহী ব্যক্তিগণ হংসের ন্যায় অসার বস্তু পরিত্যাগ করিয়া প্রকৃত মঙ্গলজনক বস্তু গ্রহণ করেন। জল হইতে দুগ্ধ পৃথক করিয়া লইবার অদ্ভুত প্রাকৃতিক শক্তি হংসের মধ্যে বর্ত্তমান আছে বলিয়া কথিত হয়। সাধকগণ সেইরূপ অসার সাংসারিক বিষয়ী লোকের সঙ্গ পরিত্যাগ করিয়া পরমার্থ-সাধক সাধুসঙ্গে অভিলাষী করেন। কিরূপে মঙ্গলসাধন হয়, কিরূপে আত্মার উন্নতি সাধিত হয়, তাহা তাঁহারা উপলব্ধি করিতে পারেন এবং সেই অনুসারে আপনাদের জীবনকে পরিচালিত করেন। 'হংসঃ' পদে তাই সারগ্রাহী সাধককে লক্ষ্য করে।

দ্বিতীয় উপমাতে জ্ঞান ও কর্ম্মের ঘনিষ্ট সম্বন্ধ সূচিত হইয়াছে। সৎকর্ম্মের ফলে সাধক জ্ঞানলাভ করেন। সেই জ্ঞান সাধকের বুদ্ধিবৃত্তিকে পরিচালিত করে। যাঁহারা প্রার্থনা-পরায়ণ, যাঁহারা সৎকর্ম্মান্বিত, তাঁহাদের উভয় শ্রেণীর সাধকই পরাজ্ঞান লাভ করিয়া ধন্য হয়েন। সৎকর্ম্মের ফলে যেমন জ্ঞানলাভ হয়, প্রার্থনা দ্বারাও সেইরূপভাবে জ্ঞানলাভ করিতে পারা যায়। প্রার্থনাও মানুষকে মোক্ষপথে প্রস্থাপিত করিয়া থাকে। মন্ত্রের মধ্যে এই ভাবই প্রকাশিত হইয়াছে।

প্রচলিত ভাষ্যাদিতে অন্যভাব পরিদৃষ্ট হয়। ভাষ্যের ভাব এই যে,—'সোম অশ্বের ন্যায় গব্যদ্রব্যের দ্বারা স্নিগ্ধ হয়।' ইহার অর্থ কি? অশ্ব গব্যের দ্বারা স্নিগ্ধ হয় কিরূপে? অন্য এক ব্যাখ্যাকার 'অত্যা নঃ' পদদ্বয়ের অর্থ পরিত্যাগ করিয়াছেন, যথা'—"হংস যেমন জলমধ্যে প্রবেশ করে, সোম সেইরূপ সমস্ত স্তোতাগণের মনকে বশ করে। এই সোম গব্য দ্বারা স্নিগ্ধ হয়।" আমাদের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (২অ—৬খ—৩সূ ২সা)।*

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বাত্রিংশ সূক্তের তৃতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
আৎ ঈং ত্রিতস্য যোষণো হরিঁ৲ হিন্বন্তি অদ্রিভিঃ।
২ ২ ১ ২ ৩ ১ ২
ইন্দুং ইন্দ্রায় পীতয়ে ॥ ৩ ॥

* *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ত্রিতস্য' (ত্রিগুণসাম্যাবস্থাপ্রাপ্তস্য জনস্য অধিগতঃ, তেন প্রাপ্তং ইত্যর্থঃ) যং 'ইন্দুং' (সত্ত্বভাবং) 'যোষণঃ' (স্তোতারঃ, সৎকর্ম্মসাধকাঃ) 'ইন্দ্রায়' (বলাধিপতিদেবায়, বলাধিপতি-দেবস্য ইত্যর্থঃ) 'আৎ' (নিশ্চিতং) 'পীতয়ে' (পানায়, গ্রহণায়) 'ঈং' (এনং, তং) 'হরিং' (পাপহারকং সত্ত্বভাবং ইতি যাবৎ) 'অদ্রিভিঃ' (কঠোরসাধনৈঃ) 'হিন্বন্তি' (প্রেরয়ন্তি, হৃদি উৎপাদয়ন্তি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সাধকঃ কঠোরসাধনেন ভগবৎপ্রাপকং সত্ত্বভাবং লভতে ইতি ভাবঃ। (২অ—৬খ—৩সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

ত্রিগুণসাম্যাবস্থাপ্রাপ্ত ব্যক্তির অধিগত অর্থাৎ তাঁহার দ্বারা প্রাপ্ত যে সত্ত্বভাব, সৎকর্ম্মসাধনকারী ব্যক্তি, বলাধিপ দেবতার নিশ্চিতরূপে গ্রহণের জন্য সেই পাপহারক সত্ত্বভাবকে কঠোর সাধনের দ্বারা হৃদয়ে উৎপাদন করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলকঃ। ভাব এই যে,—সাধক কঠোর সাধনের দ্বারা ভগবৎপ্রাপক সত্ত্বভাব লাভ করেন।) (২অ—৬খ—৩সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'আৎ' অপিচ 'ঈং' এনং 'হরিং' হরিতবর্ণং 'ইন্দুং' সোমং ত্রিতস্য ঋষেঃ 'যোষণঃ' অঙ্গুলয়ঃ 'অদ্রিভিঃ' গ্রাবভিঃ 'হিন্বন্তি'। কিমর্থং? 'ইন্দ্রায়' ইন্দ্রস্য 'পীতয়ে' পানার্থং। ৩।

* * *

তৃতীয় (৭৭১) সামের মর্ম্মার্থ।

যিনি সাধন-বলে ত্রিগুণাতীত অবস্থা প্রাপ্ত হইয়াছেন, যাঁহার হৃদয়ে অবিমিশ্র বিশুদ্ধতম শুদ্ধসত্ত্ব বিরাজিত, তিনিই জীবন্মুক্ত মহাপুরুষ। তিনিও মানুষ বটে, তবে সেই মানুষের মধ্যে দেবত্ব সম্পূর্ণরূপে প্রকটিত। অন্যান্য লোকও সাধনবলে সেই অবস্থা লাভ করিতে পারে। সেই সাধনের বিষয়ই মন্ত্রে উল্লিখিত হইয়াছে।

সত্ত্বভাব-প্রাপ্তি মোক্ষসাধনের হেতু। ভগবানের পূজার শ্রেষ্ঠ উপচার—হৃদয়ের সত্ত্বভাব। ভগবান তাহাই গ্রহণ করেন। ফুলচন্দন ভগবদারাধনার বাহ্যিক উপায় মাত্র। আবার সেই ফুলচন্দনের পশ্চাতে যদি হৃদয়ের পবিত্র ভাব না থাকে, তাহা হইলে সেই বাহ্য পূজা সম্পূর্ণ বিফল হয়। সুতরাং দেখা যাইতেছে যে, হৃদয়ের ভক্তি-ভাবই ভগবৎ-পূজার শ্রেষ্ঠতম উপকরণ, ফুলচন্দন বা প্রার্থনা প্রভৃতি হৃদয়ের সেই ভাবকে প্রকাশিত করিবার বাহ্যিক উপায় মাত্র। সাধকগণ কঠোর সাধনার দ্বারা, সৎকর্ম্ম সম্পাদনের দ্বারা, এই পরম মঙ্গলজনক বিশুদ্ধ সত্ত্বভাব লাভ করিবার চেষ্টা করেন এবং ভগবৎকৃপায় তাহা লাভ করিতেও সমর্থ হয়েন। মন্ত্রে এই সত্যই প্রকাশিত হইয়াছে।

মন্ত্রান্তর্গত 'যোষিণঃ' পদে ভাষ্যকার 'অঙ্গুলয়ঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। তদনুগত একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদত্ত হইল। "ইন্দ্র পান করিতে পারেন এই উদ্দেশ্যে এই হরিৎবর্ণ সোমকে ত্রিতের অঙ্গুলি সকল প্রস্তর দ্বারা আহুত করিতেছে।" আমরা 'যোষণঃ' পদে বিবরণকারের অনুসরণে 'ঋত্বিজাঃ—সৎকর্ম্মসাধকাঃ' অর্থ সঙ্গত বলিয়া গ্রহণ করিয়াছি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় দ্রষ্টব্য। (২অ ৩খ ৩সূ-৩সা)॥ ৩

তৃতীয়সূক্তস্য[†] গেয়-গানং।

১ র২র র　　　　১　　　২ — ১　　　২
১॥ প্রসোমাসোম। দা ২ চুতাঃ৪। অবা ২। সা ২ ৩ য়িনো।
১　　　　২　　　— ১　　৩র
স্রা ২ বোনায়ু। সূ ২ ৩ তাঃ। বা ২ য়িন্দ। বেধা ২ ৩।
২　　　　৫
হাউ৩া ৩। ক্রা ২ ৩ ৪ যুঃ (১)॥ *

* * *

১ র২র১র　　২　　২　　১ র ২　　১ র
২॥ প্রসোমাসোম। দচু ৩ তাঃ। শ্রোবসেনো ৩। মা ২
৩　　৫　　১ ২　　　A.　　৩র২
ঘো ২ ৩ ৪ নামূঃ। সুতা ১ য়িন্দ। যা ২। বেধা ৩।
২　　৫　　৫
ক্রা ২ ৩ ৪ মা ৬ হায়ি (১)॥ ৭

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বাত্রিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, দ্বাত্রিংশ বর্গের অন্তর্গত)।

† এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—(১) "সংহিতম্" ও (২) "শাঙ্গভার্গবম্"।

প্রথমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অয়া পবস্ব দেবয়ু রেভন্ পবিত্রং পর্য্যেষি বিশ্বতঃ।
২ ৩ ১ ২
মধোঃ ধারা অসৃক্ষত ॥ ১ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! ত্বং 'পবিত্রং' (পবিত্রহৃদয়ং—সাধকানাং ইতি যাবৎ) 'বিশ্বতঃ' (সর্ব্বতোভাবেন) 'পর্য্যেষি' (প্রাপ্নোষি); অতঃ 'দেবয়ুঃ' (দেবকামঃ, দেবত্বপ্রাপকঃ ইত্যর্থঃ) ত্বং 'রেভন্' (শব্দং কুর্ব্বন্, জ্ঞানং প্রযচ্ছন্ ইতি ভাবঃ) 'অয়া' (অনয়া, পবিত্রয়া ধারয়া) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি সমুদ্ভব); তথা 'মধোঃ' (অমৃতস্য) 'ধারাঃ' (প্রবাহং) 'অসৃক্ষত' (উৎপাদয়, সৃজয়—হৃদি ইতি শেষঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং অমৃতস্বরূপং সত্ত্বভাবং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২অ ৬খ—৪সূ—১সা)॥

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! আপনি সাধকদিগের পবিত্র হৃদয়কে সর্ব্বতোভাবে প্রাপ্ত হয়েন; দেবত্বপ্রাপক আপনি জ্ঞান প্রদান করতঃ পবিত্র ধারারূপে আমাদিগের হৃদয়ে উপস্থিত হউন এবং অমৃতের প্রবাহ হৃদয়ে সৃজন করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে সত্ত্বভাব প্রদান করুন।)॥ (২অ—৬খ—৪সূ—১সা)॥

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'দেবয়ুঃ' দেবান্ কাময়মানঃ ত্বং 'অয়া' অনয়া ধারয়া 'পবস্ব' ক্ষর। ততঃ 'রেভন্' শব্দায়মানঃ 'পবিত্রং' 'বিশ্বতঃ' 'পর্য্যেষি' পরিগচ্ছসি। অনন্তরং 'মধোঃ' মদকরস্য তব ধারাঃ আত্মীয়াঃ 'অসৃক্ষত' সৃজ্যন্তে। 'অত্র দ্বিতীয়-তৃতীয়-পাদৌ ব্যত্যয়েন পাঠৌ॥ ১॥

প্রথম (৭৭২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক ও নিত্যসত্য-প্রখ্যাপক। সত্ত্বভাব সাধকদিগের হৃদয়ে উপস্থিত হয়। দেবত্বপ্রাপক সেই সত্ত্বভাবকে লাভ করিবার জন্য মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রটীর অন্তর্ভাব লক্ষিত হয়। নিম্নোদ্ধৃত বঙ্গানুবাদ হইতে তাহা পরিস্ফুট হইবে। "হে সোম! তুমি এই ধারার আকারে ক্ষরিত হও; তোমার মধুপূর্ণ ধারা সমস্ত প্রস্তুত হইতেছে। তুমি চতুর্দ্দিকে শব্দ করিতে করিতে পবিত্র অতিক্রম করিতেছ।" মন্ত্রের ব্যাখ্যার প্রথমেই সোমরসের কল্পনা করা হইয়াছে। সুতরাং মন্ত্রের সমস্ত ব্যাখ্যাই তদনুরূপ কল্পিত হইয়াছে। এই ব্যাখ্যায় 'দেবয়ুঃ' পদের অর্থ প্রদত্ত হয় নাই। অন্যান্য বিষয়ও মূলানুগত অথবা ভাষ্যানুগত হয় নাই। অবশ্য আমাদিগের মত ভাষ্য বা প্রচলিত ব্যাখ্যাদি হইতে স্বতন্ত্র। তাহা মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় দ্রষ্টব্য। (২অ—৬খ—৪সূ—১সা)। *

——○——

প্রথমং সাম।

১ ২ ৩ ১উ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
পবতে হর্য্যতো হরিরতি হ্বরা৺সি র৺হ্যা।
৩ক ২র ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
অভ্যর্ষং স্তোতৃভ্যো বীরবৎ যশঃ॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'হর্য্যতঃ' (স্পৃহণীয়ঃ, পরমাকাঙ্ক্ষণীয়ঃ) 'হরিঃ' (পাপহারকঃ) সত্ত্বভাবঃ 'রংহ্যা' (বায়ুবেগেন, ক্ষিপ্রং) 'হ্বরাংসি' (কুটিলানি, অস্মাকং হৃদয়ানি ইতি যাবৎ) 'অতি পবতে' (অতীত্য গচ্ছতু, প্রাপয়তু); বয়ং পাপনাশকং সত্ত্বভাবং লভেম—ইতি ভাবঃ; হে দেব! ত্বং 'স্তোতৃভ্যঃ' (প্রার্থনাকারিভ্যঃ অস্মভ্যং) 'বীরবৎ' (বীর্য্যযুক্তং, আত্মশক্তিদায়কং ইত্যর্থঃ) 'যশঃ' (সৎকীর্ত্তিং, সৎকর্ম্মসাধনসামর্থ্যং ইত্যর্থঃ) 'অভ্যর্ষ' (প্রযচ্ছ); মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ। বয়ং ভগবৎকৃপয়া আত্মশক্তিং সৎকর্ম্মসাধনসামর্থ্যং লভেমঃ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২অ—৮খ—৫সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! পরম আকাঙ্ক্ষণীয় পাপহারক সত্ত্বভাব ক্ষিপ্রগতিতে আমাদিগের কুটিল হৃদয়কে প্রাপ্ত হউক; (ভাব এই যে,—আমরা যেন পাপনাশক সত্ত্বভাব লাভ করি); হে দেব! আপনি প্রার্থনাকারী আমাদিগকে আত্মশক্তিদায়ক সৎকীর্ত্তি অর্থাৎ সৎকর্ম্মসাধনসামর্থ্য প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়াধিকশততম সূক্তের চতুর্দ্দশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

যে,—আমরা যেন ভগবৎকৃপায় আত্মশক্তি এবং সৎকর্ম্মসাধনসামর্থ্য লাভ করি।)॥ (২অ—৬খ—৫সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'হর্য্যতঃ' স্পৃহণীয়ঃ 'হরিঃ' হরিতবর্ণঃ সোমঃ 'রংহ্যা' তৃতীয়ায়া আকারঃ সাধুবেগেন 'হ্বরাংসি' কুটিলানি অনুস্যূতানি পবিত্রাণি 'অতি পবতে' অতীত্য গচ্ছতি। কিং কুর্ব্বন্? স্তোতৃভ্যঃ 'বীরবৎ' পুত্রযুক্তং 'যশঃ' 'অভ্যর্ষন্' অভিগময়ন্ পবতে॥ (২অ—৬খ—৫সূ—১সা)॥

* * *

প্রথম (৭৭৩) সামের মর্ম্মার্থ।

মানুষ কর্ম্ম করিতে পারে বটে; কিন্তু ফললাভ ভগবানের কৃপার উপর নির্ভর করে। সৎকর্ম্ম সাধন দ্বারা মোক্ষপথে অগ্রসর হওয়া যায় সত্য; কিন্তু সেই সৎকর্ম্ম সম্পাদন করিবার শক্তিলাভ কয়জনের ভাগ্যে ঘটে! ভগবানের কৃপা না হইলে মানুষ সৎকর্ম্মে আত্মনিয়োগ করিতে পারে না। চারিদিকে যে ভীষণ রিপুকুল রহিয়াছে, তাহারা পদে পদে মানুষকে বাধা দেয়, প্রত্যেক কার্য্যে আলেয়ার আলো লইয়া আসিয়া গন্তব্য পথ ভুলাইয়া দেয়। এই আলেয়ার আলো, আপাতঃমনোহর প্রলোভন, নিজের অন্তরস্থ রিপুকুল প্রভৃতিকে জয় করিতে পারিলে অনায়াসে সৎপথে—মোক্ষমার্গে অগ্রসর হওয়া যায়। কিন্তু ভগবানের কৃপা না পাইলে তাহা সম্ভবপর নয়। শুধু মনে করিলেই সৎ হওয়া যায় না যদি না তাঁহার করুণাকণা লাভ করা যায়। তাই ভগবানের নিকট সৎকর্ম্ম সম্পাদন করিবার শক্তি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

মানুষ দুর্ব্বল। পদে পদে তাহার পদস্খলন হয়। শুধু দুর্ব্বল নয়, চারিদিকে রিপুর আক্রমণে সে বিব্রত। এই দুর্ব্বলতা, এই রিপুর আক্রমণ হইতে রক্ষা পাইতে হইলে তাঁহার চরণে শরণ গ্রহণ ব্যতীত উপায় নাই। তিনি কৃপা করিলে মানুষের হৃদয়ে ঐশীশক্তি সঞ্চার করিতে পারেন। সেই শক্তি লাভ করিয়া মানুষ বাধাবিঘ্ন অতিক্রম করিতে পারে, মোক্ষপথে অগ্রসর হইতে সমর্থ হয়। তিনিই পরমশক্তির আধার শক্তিদাতা। তাই তাঁহার চরণে আত্মশক্তি-লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে সোমরসের কল্পনা করিলেও কোনও কোনও অংশে মূলভাব রক্ষিত হইয়াছে। উদাহরণস্বরূপ নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। সেই বঙ্গানুবাদটী এই,—"অতি চমৎকার উজ্জ্বলধারী সোম দ্রুতবেগে কুটিল পবিত্রের মধ্য দিয়া ক্ষরিত হইতেছেন। তাঁহারা যাহাকে স্তব করে তাহাদিগকে তিনি লোকবল ও কীর্ত্তি প্রদান করিতেছেন।" মন্ত্রের শেষাংশের ব্যাখ্যার সহিত আমাদের ব্যাখ্যার মূলভাবগত বিশেষ কোনও পার্থক্য নাই। প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রটী নিত্যসত্য-খ্যাপন মূলক বলিয়া গৃহীত হইয়াছে। কিন্তু 'আভর' ক্রিয়াপদে স্পষ্টভাবে প্রার্থনার ভাবই পরিস্ফুট। অধিকন্তু

অনেকস্থলেই নিত্যসত্য-খ্যাপনের মধ্যে প্রার্থনার ভাব অন্তর্নিহিত থাকে। এই মন্ত্রে স্পষ্ট প্রার্থনা পরিদৃষ্ট হয়। ভাষ্যকারও এই মন্ত্রাংশে প্রার্থনামূলক ব্যাখ্যা প্রদান করিয়াছেন। তাই ভাষ্যকার 'অথ প্রত্যক্ষস্তুতিঃ' বলিয়া এই অংশের ব্যাখ্যা আরম্ভ করিয়াছেন।

মন্ত্রান্তর্গত দুই একটী পদের ব্যাখ্যা সম্বন্ধে আলোচনা করা প্রয়োজন। 'বীরবৎ' পদে ভাষ্যকার 'পুত্রযুক্ত' অর্থ গ্রহণ করিয়াছেন। উপরে উদ্ধৃত বঙ্গানুবাদে ঐ পদের অর্থ করা হইয়াছে—'লোকবল'। আমরা এই দুই ব্যাখ্যার কোনটীই গ্রহণ করিতে পারি নাই। 'বীর' শব্দে শক্তিকে লক্ষ্য করে। তাই ঐ পদে আমরা 'বীর্য্যযুতং' 'আত্মশক্তিদায়কং' অর্থই গ্রহণ করিয়াছি। যাহা দ্বারা হৃদয় সতেজ হয়, আত্মা সবল হয়, তাহাই প্রকৃত শক্তি। মন্ত্রে সেই শক্তি লাভের জন্যই প্রার্থনা করা হইয়াছে।

দ্বিতীয় পদ—'হ্বরাংসি'। উহার ভাষ্যানুমোদিত অর্থ—'কুটিলানি'। কিন্তু ভাষ্যের লক্ষ্যস্থ সোমরসের সহিত সম্বন্ধযুত করিতে যাইয়া এই বিশেষণ পদের শেষে 'পবিত্রাণি' পদ সংযোজনা করা হইয়াছে। মন্ত্রে সোমরসের কোনও উল্লেখ না থাকিলেও এখানে সোমরসকে টানিয়া আনা হইয়াছে এবং তদনুসারে মন্ত্রান্তর্গত অন্যান্য পদেরও ব্যাখ্যা করা হইয়াছে। আমরা মনে করি 'হ্বরাংসি' পদে আমাদিগের কুটিল অপবিত্র হৃদয়কেই লক্ষ্য করে। সেই কুটিল, অসরল হৃদয়েই ভগবানের করুণাধারা সর্ব্বাপেক্ষা বেশী প্রয়োজন। তাই আমাদিগকে উদ্ধার করিবার জন্য, হৃদয়ের মলিনতা দূর করিবার জন্য, হৃদয়ে শুদ্ধসত্ত্বের আবির্ভাব ঘটিলেই হৃদয় মন সরল হয়, মানুষ মোক্ষমার্গে অগ্রসর হইতে পারে। ইহাই মন্ত্রের তাৎপর্য্য বলিয়া আমরা মনে করি। (২অ ৬খ—৫সূ—১সা)॥ *

—— * ——

প্রথমং সাম।

১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১র ২র

প্র স্বন্বানায় অন্ধসো মর্ত্তো ন বষ্ট তৎ বচঃ।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১র ২র

অপ শ্বানং অরাধস৺ হতা মখং ন ভৃগবঃ॥ ১॥

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'মর্ত্তঃ' ন' (মনুষ্যঃ ইব, সাধকঃ যথা) 'স্বন্বানায়' (অভিষূয়মাণায়, বিশুদ্ধস্য ইত্যর্থঃ) 'অন্ধসঃ' (সত্ত্বভাবস্য, সত্ত্বভাবসম্বন্ধিনঃ) 'তৎ বচঃ' (প্রসিদ্ধং বচঃ, জ্ঞানং) 'প্রবষ্ট' (শৃণোতি, গৃহ্ণাতি) তথা 'ভৃগবঃ ন মখং' (সাধকাঃ যথা সৎকর্ম্ম সম্পাদয়ন্তি তদ্বৎ) হে মম

---

* উত্তরার্চ্চিকের এই সাম-মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ ১০খ - ১১সা) প্রাপ্তব্য। উক্ত ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়ধিকশততম সূক্তের ত্রয়োদশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত) ইহার শেষ গান তিনটী।

চিত্তবৃত্তয়ঃ! যূয়ং 'অরাধসং' (সাধনবিঘ্নকারিণঃ) 'শ্বানং' (রিপূন্) 'অপহত' (বিনাশয়ত, বিনাশ্য জ্ঞানসম্পন্নাঃ তথা সৎকর্ম্মসাধনরতাঃ ভবত ইত্যর্থঃ)। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধকঃ। বয়ং সৎকর্ম্মান্বিতাঃ তথা পরাজ্ঞানসম্পন্নাঃ ভবেম ইতি ভাবঃ। (২অ—৬খ—৬সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সাধক যেমন বিশুদ্ধ সত্ত্বভাব সম্বন্ধীয় জ্ঞান গ্রহণ করেন এবং সাধকগণ যেমন সৎকর্ম্ম সম্পাদন করেন, সেইরূপ হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমরা সাধনবিঘ্নকারী রিপুদিগকে বিনাশ কর, অর্থাৎ বিনাশ করিয়া জ্ঞানসম্পন্ন এবং সৎকর্ম্মসাধনরত হও। (মন্ত্রটী আত্মোদ্বোধক। ভাব এই যে,—আমরা যেন সৎকর্ম্মান্বিত এবং সত্‌জ্ঞানসম্পন্ন হই)॥ (২অ—৬খ—৬সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'শুম্ভানায়' ষষ্ঠ্যর্থে চতুর্থী (২।৩।৬২বা০) শুম্ভানস্য অভিষূয়মাণস্য 'অন্ধসঃ' অদনীয়স্য সোমস্য 'তৎ' প্রসিদ্ধং 'বচঃ' বচনং ঘোষং 'মর্ত্তঃ' মারকঃ কর্ম্মবিঘ্নকারী 'ন প্র বষ্ট' ন ভজতাং ন শৃণোত্বিতি যাবৎ। তথা হে স্তোতারঃ! 'অরাধসং' সাধককর্ম্মরহিতং 'শ্বানং' 'অপহত' তত্র দৃষ্টান্তঃ—'মখং ন' যথা পুরা অপরাদ্ধং মখং এতন্নামানং 'ভৃগবঃ' অপহতবন্তঃ তথা অপহতেত্যর্থঃ। 'প্রশুম্ভানায়' 'শুম্ভানস্য' 'বষ্ট' 'হত' ইতি পাঠৌ॥ ১॥

ইতি সামবেদার্থপ্রকাশে উত্তরার্চ্চিকে দ্বিতীয়স্যাধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ।

বেদার্থস্য প্রকাশেন তমোহার্দ্দং নিবারয়ন্।
পুমর্থাংশ্চতুরো দেয়াদ্বিদ্যাতীর্থ-মহেশ্বরঃ॥

ইতি শ্রীমদ্রাজাধিরাজ-পরমেশ্বর-বৈদিকমার্গপ্রবর্ত্তক-শ্রীবীরবুক্ক-ভূপাল-সাম্রাজ্যধুরন্ধরেণ
সায়ণাচার্য্যেণ বিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে
উত্তরার্চ্চিকে দ্বিতীয়োঽধ্যায়ঃ॥

* * *

প্রথম (৭৭৪) সামের মর্ম্মার্থ।

——:§*§:——

এই মন্ত্রটীর মধ্যে দুইটী উপমা ব্যবহৃত হইয়াছে। প্রথমটী 'মর্ত্তঃ ন' অর্থাৎ সাধকগণ যেমন জ্ঞান গ্রহণে আগ্রহান্বিত থাকেন অথবা যেমন জ্ঞান লাভ করেন, সেইরূপভাবে জ্ঞান লাভে আমরা যেন সচেষ্ট হই—ইহাই উপমার মর্ম্মার্থ। সাধকগণ তাঁহাদের সাধন বলে নিজের চিত্তবৃত্তিসমূহকে ভগবদভিমুখী করেন। সাধনপ্রভাবে তাঁহাদের হৃদয়ের মলিনতা দূরীভূত হয়। সেই সাধনাগ্নিপূত হৃদয়ে সত্ত্বভাব পরাজ্ঞান পূর্ণজ্যোতিতে আবির্ভূত হইয়া থাকে। মানবহৃদয়ই জ্ঞানের উৎপত্তিস্থল। উপযুক্ত সাধনাদ্বারা মানবমাত্রেই পরাজ্ঞানের অধিকারী হইতে পারেন। ভগবান্ কাহাকেও জ্ঞানদানে বিমুখ নহেন।

মন্ত্রের প্রার্থনা বিশ্বপ্রেমের দ্যোতনা করে। শুধু নিজের জন্য এই প্রার্থনা নয়, এই প্রার্থনা-বিশ্ববাসী সকলের মঙ্গলের জন্য। 'বিশ্ববাসী সকলে উন্নতি হউক, পবিত্র হউক, সকল লোক সৎকর্ম্মপরায়ণ হইয়া মোক্ষলাভের পথে অগ্রসর হউক; বিশ্বের সকল লোক চিরদিনের জন্য রিপুকবল হইতে উদ্ধার লাভ করুক';—মন্ত্রের মধ্যে এই বিশ্বজনীন প্রার্থনাই ফুটিয়া উঠিয়াছে।

'সূত্রে মণিগণা ইব' বিশ্ব একসূত্রে বাঁধা। এক অংশকে পরিত্যাগ করিয়া অন্য অংশের অগ্রসর হইবার উপায় কেউ নাই, কেহ কাহাকে ফেলিয়া যাইতেও সমর্থ নহে। কেবল একজন পূর্ণভাবে সৎকর্ম্মপরায়ণ হইতে পারে না। কারণ, তাহার পারিপার্শ্বিক অবস্থা তাহার উপর ক্রিয়া করে। পারিপার্শ্বিক অসৎ অবস্থার মধ্যে থাকায় সৎব্যক্তিরও কিয়ৎপরিমাণে অধঃপতিত হওয়ার সম্ভাবনা। সুতরাং নিজে শুধু সদ্ভাবান্বিত হইলে চলিবে না; সমগ্র বিশ্বকে সদ্ভাবে পূর্ণ করা চাই। তবেই নিরাপদে মুক্তিপথে অগ্রসর হইবার সম্ভাবনা থাকে। সেই জন্যই এই বিশ্বজনীন প্রার্থনা।

অন্যদিক দিয়াও এই বিশ্বজনীন প্রার্থনার সার্থকতা দেখিতে পাওয়া যায়। বিশ্ব ভগবানেরই বিকাশ। সুতরাং এই পরিদৃশ্যমান জগৎকে অবহেলা করিয়া সেই বিশ্বপ্রভুর সন্ধান পাওয়া যায় না। তিনি এই বিশ্বের মধ্যে ওতঃপ্রোতঃ বিরাজমান। তাই সাধক বলেন,—'বিভূপ্রেম পূর্ণ নয় বিশ্বপ্রেম বিনা।' বিশ্বপ্রেমের মধ্য দিয়া সেই বিশ্বপিতার সন্ধান লাভ সম্ভবপর। বিশ্ব যদি উন্নত হয়, আমিও উন্নত হইব। বিশ্বের শত্রু যদি বিনাশ পায়, তবে আমিও চিরদিনের জন্য রিপুকবল হইতে মুক্তিলাভ করিব। বিশ্বের মধ্যে আমি ডুবিয়া আছি। তাহার ভাব-প্রবাহ আমার হৃদয়কূলে আসিয়া আঘাত করে, তাহাতে তরঙ্গ তুলে। সুতরাং বিশ্ব যে ভাবে অনুপ্রাণিত হইবে, আমার মধ্যেও সেই ভাবের ছায়া পড়িবে। তাই বেদমন্ত্রের মধ্যে এই সার্ব্বজনীন প্রার্থনা। মন্ত্রে যে 'নঃ' পদ পরিদৃষ্ট হয়, সেই 'নঃ' পদেই বিশ্বভাবের দ্যোতনা করিতেছে। (৩অ ১খ ১সূ ১সা)॥ *

—*—

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
যস্য তে সখ্যে বয়ং সাসহ্যামপৃতন্যতঃ।
১ ২ ৩ ২ ২ ৩ ২
তবেন্দো দ্যুম্ন উত্তমে ॥ ২ ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটি ছন্দার্চ্চিকেও (৩প্র—৫অ—১খ—৩সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের ষড়বিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দো' (হে সত্ত্বভাব!) 'বস্ব' (মুক্তিপ্রাপকস্য) 'তে' (তব) 'সখ্যে' (সখিত্বে সংস্থ, সখিত্বং লব্ধ্বা ইত্যর্থঃ) 'বয়ং' (প্রার্থনাকারিণঃ বয়ং) 'পৃতন্যতঃ' (যুদ্ধমিচ্ছন্তঃ, রিপূন ইত্যর্থঃ) 'সাসহ্যাম' (অভিভবেম); তথা 'তব' 'উত্তমে' (শ্রেষ্ঠে, মুক্তিদায়কে) 'দ্যুম্নে' (জ্যোতিষি—বর্ত্তমানাঃ ভবেম ইতি শেষঃ; তব মুক্তিদায়কং জ্যোতিঃ লভেম ইত্যর্থঃ)। বয়ং মোক্ষদায়কং সত্ত্বভাবং সম্যক্প্রকারেণ লভেয়ুঃ—ইতি ভাবঃ॥ (৩অ—১খ ২সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে সত্ত্বভাব! মুক্তিপ্রাপক আপনার সখিত্ব লাভ করিয়া প্রার্থনাকারী আমরা যেন রিপুদিগকে অভিভব করিতে পারি; এবং আপনার মুক্তিদায়ক জ্যোতিঃতে যেন বর্ত্তমান থাকি অর্থাৎ আপনার মুক্তিদায়ক জ্যোতিঃ যেন লাভ করি। (ভাব এই যে,—আমরা যেন মোক্ষদায়ক সত্ত্বভাবকে সম্যক্প্রকারে লাভ করি।)॥ (৩অ—১খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দো' সোম! 'বস্ব' অস্মিন যাগে বর্ত্তমানস্য 'তে' তব 'সখ্যে' সখিত্বে সতি বয়ং স্তোতারঃ 'তব' ত্বদীয়ে 'উত্তমে' শ্রেষ্ঠে 'দ্যুম্নে' অন্নে তৃপ্তিং প্রাপ্তাঃ, তথাচ যাস্কঃ—'দ্যুম্নং দ্যোততের্যশো বান্নং বা' (নিরু• নৈ• ৫।৫) ইতি 'পৃতন্যতঃ' যুদ্ধমিচ্ছন্তঃ শত্রূন 'সাসহ্যাম' অভিভবেম। দ্বিতীয় তৃতীয় পাদৌ ব্যত্যয়েন পাঠৌ। (৩অ—১খ—২সূ—২সা)।

* * *

দ্বিতীয় (৭৭৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। মুক্তিদায়ক সত্ত্বভাব লাভ করিবার জন্য মন্ত্রের উভয় অংশে প্রার্থনা করা হইয়াছে।

সত্ত্বভাব মুক্তিদায়ক। মুক্তিদান করিবার শক্তিই সত্ত্বভাবের বৈশিষ্ট্য। তাই 'বস্ব' পদে সেই শক্তিকেই লক্ষ্য করা হইয়াছে। কোন কোনও ব্যাখ্যায় 'বস্ব' পদের ব্যাখ্যা পরিত্যক্ত হইয়াছে। আমরা তাহা সঙ্গত মনে করি না। বিশেষণ স্বরূপ ব্যবহৃত এই পদে মন্ত্রের বিশেষত্ব প্রকাশিত হইয়াছে। মন্ত্রের দ্বিতীয়াংশের 'উত্তমে' পদেও ঐ মুক্তিদায়ক ভাবকেই লক্ষ্য করে। মুক্তি বা মোক্ষের তুল্য শ্রেষ্ঠ বস্তু আর কিছুই হইতে পারে না। বিশেষতঃ 'উত্তমে' পদের সহিত সম্বন্ধযুক্ত বিশেষ্য 'দ্যুম্নে' পদও এই ভাবেরই পোষকতা করে। জ্ঞানজ্যোতিঃই মানুষকে মায়ামোহের, অজ্ঞানতার ঘনান্ধকার হইতে উদ্ধার করিয়া জীবনের শ্রেষ্ঠসম্পৎ লাভের পথে লইয়া যায়। সত্ত্বভাবের প্রভাবে রিপুগণও পরাজিত বিধ্বস্ত হয়।

মন্ত্রে সত্ত্বভাবের সখিত্ব লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। এই 'সখো' পদের দ্বারা হৃদয়ে সম্যক্‌ভাবে সত্ত্বভাবের আবির্ভাবকে লক্ষ্য করে। তাই প্রার্থনার মর্ম্ম এই যে, "আমরা যেন পূর্ণভাবে সত্ত্বভাব লাভ করিতে পারি, আমরা যেন সত্ত্বভাবময় হইয়া যাই। সত্ত্বভাব যেন পরম বন্ধুর মত আমাদিগের জীবনকে পরিচালিত করে, তাহা যেন আমাদিগের জীবনে ওতপ্রোতঃভাবে জড়িত হইয়া যায়। তাহার জ্যোতিতে যেন আমরা মোক্ষপথে চলিতে সামর্থ।" (৩অ—১খ—২সূ ২সা)।*

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩ ২ ৩ ১ ২
যা তে ভীমান্যায়ুধা তিগ্মানি সন্তি ধূর্ব্বণে।
১ ২ ৩ ২
রক্ষা সমস্য নো নিদঃ ॥ ৩ ॥

...

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'তে' (তব) 'যা' (যানি) 'ভীমানি' (শত্রূণাং ভয়ঙ্করাণি রিপুনাশকানি) 'তিগ্মানি' (তীক্ষ্ণাণি, যদ্বা মুক্তিদায়কানি) 'আয়ুধা' (আয়ুধানি, অস্ত্রশস্ত্রাণি যদ্বা জ্ঞানভক্ত্যাদীনি) 'ধূর্ব্বণে' (শত্রুনাশায়) 'সন্তি' (বর্ত্তন্তে) তৈঃ অস্ত্রশস্ত্রৈঃ যদ্বা জ্ঞানভক্ত্যাদীনি প্রযচ্ছন্ 'নঃ' (অস্মান্) 'সমস্য' (সর্ব্বস্য শত্রোঃ) 'নিদঃ' (নিন্দায়াঃ, আক্রমণাৎ ইত্যর্থঃ) 'রক্ষ' (পরিত্রায়স্ব)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্ জ্ঞানভক্ত্যাদীন্ প্রযচ্ছন্ অস্মান্ রিপুঞ্জয়িনঃ কুরু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ—১খ ২সূ ৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! আপনার যে সকল রিপুনাশক তীক্ষ্ণ (অথবা মুক্তিদায়ক) অস্ত্রশস্ত্র (অর্থাৎ জ্ঞানভক্ত্যাদি) শত্রুনাশের জন্য বর্ত্তমান আছে, সেই অস্ত্রশস্ত্রের দ্বারা (অথবা জ্ঞানভক্তি প্রদান করিয়া) আমাদিগকে সকল শত্রুর আক্রমণ হইতে পরিত্রাণ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! জ্ঞানভক্ত্যাদি প্রদান করিয়া আমাদিগকে রিপুজয়ী করুন।)॥ (৩অ—১খ—২সূ—৩সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের ঊনত্রিংশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

হে 'সোম'! 'তে' তব 'যা' যানি 'ভীমানি' শত্রূণাং ভয়ঙ্করাণি 'তিগ্মানি' তীক্ষ্ণানি 'আয়ুধা' আয়ুধানি 'ধূর্বণে' শত্রুবধার্থং সন্তি তৈঃ 'আয়ুধৈঃ' 'সমস্য' সর্বস্য শত্রোঃ 'নিদঃ' নিন্দায় 'নঃ' অস্মান্ 'রক্ষ' পালয়॥ (৩অ—১৭খ—২সূ-৩সা)॥

তৃতীয় (৭৮০) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। রিপুগণের আক্রমণ হইতে রক্ষা পাইবার জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে।

শব্দার্থ ও ভাবার্থ অনুসারে মন্ত্রটীর দ্বিবিধ ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে। কিন্তু উভয় ব্যাখ্যারই মূলতঃ এক, কেবলমাত্র শব্দ-প্রয়োগের বিভিন্নতায় দুই ব্যাখ্যা বলিয়া মনে হইতে পারে মাত্র। 'তিগ্মানি আয়ুধা' পদদ্বয়ের প্রাথমিক অর্থ 'তীক্ষ্ণ অস্ত্র-শস্ত্র'। সেই অস্ত্রাদি রিপুনাশের জন্য ব্যবহৃত হয়। মানবের ভীষণ রিপু অজ্ঞানতা পাপ মোহকে বিনাশ করিবার জন্য যে তীক্ষ্ণ অস্ত্র-শস্ত্র ব্যবহৃত হয়, তাহা জ্ঞান, ভক্তি, সদ্বৃত্তি প্রভৃতি ভিন্ন আর কিছুই নয়। এই অস্ত্র-সমূহের সাহায্যেই মানুষ আপনার অন্তঃস্থিত রিপুগণকে বিনাশ করিতে পারে,—শত্রুজয়ে সমর্থ হয়।

তাই সেই শত্রুনাশক অস্ত্রশস্ত্র জ্ঞানভক্ত্যাদি লাভ করিবার জন্য মন্ত্রে প্রার্থনা দৃষ্ট হয়। যাঁহার হৃদয়ে জ্ঞান ভক্তি প্রভৃতির পূর্ণ বিকাশ হইয়াছে, তিনি অনায়াসেই রিপুর আক্রমণ হইতে মুক্তিলাভ করেন রিপুগণ তাঁহাকে ভয় করে, তাঁহার নিকট হইতে দূরে পলায়ন করে। তাই সেই রিপুনাশক জ্ঞান ভক্ত্যাদি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। অন্যপক্ষে, রিপুগণকে বিনাশ করিয়া আমাদিগকে পরিত্রাণ করিবার জন্য ভগবানের নিকট প্রার্থনা পরিদৃষ্ট হয়। উভয়বিধ প্রার্থনারই এক লক্ষ্য—রিপুনাশ ও মুক্তি। মন্ত্রের এই দ্বিবিধ প্রার্থনায় একই সুর ধ্বনিত হইয়া উঠিয়াছে। (৩অ—১৭খ-২সূ-৩সা)॥

প্রথমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বৃষা সোম দ্যুমাঁ৺ অসি বৃষা দেব বৃষব্রতঃ।
২ ৩ ১ ২
বৃষা ধর্ম্মাণি দধ্রিষে॥ ১॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের ত্রিংশী ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'দ্যুমান্' (দীপ্যমান) ত্বং 'বৃষা' (লোকানাং অভীষ্টবর্ষকঃ) 'অসি' (ভবসি); 'দেব' (হে ভগবন!) 'বৃষব্রতঃ' (বর্ষণশীলঃ, অভীষ্টপূরণশীলঃ) ত্বং মাং প্রতি 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ—ভব ইতি শেষঃ); 'বৃষা' (কামানাং বর্ষকঃ, কামনাপূরকঃ) ত্বং 'ধর্ম্মাণি' (সর্ব্বেষাং হিতজনকানি কর্ম্মাণি, সর্ব্বেষাং মঙ্গলানি) 'দধ্রিষে' (ধারয়সি, ত্বমেব সর্ব্বমঙ্গলনিদানঃ, সর্ব্বমঙ্গলময় ইত্যর্থঃ); নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ অয়ং মন্ত্রঃ। হে ভগবন! মঙ্গলস্বরূপঃ ত্বং কৃপয়া অস্মাকং পরমাভীষ্টং পূরয়—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ ২খ—৩সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! দীপ্যমান্ আপনি লোকদিগের অভীষ্টবর্ষক হয়েন; হে ভগবন্! অভীষ্টপূরণশীল আপনি আমার প্রতি অভীষ্টবর্ষক হউন; কামনাপূরক আপনি সকলের মঙ্গল ধারণ করেন অর্থাৎ আপনিই সর্ব্বমঙ্গলের নিদান সর্ব্বমঙ্গলময়। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন! কৃপা করিয়া আমাদিগের পরমাভীষ্ট পূর্ণ করুন)॥ (৩অ—২খ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'সোম!' 'বৃষা' কামানাং বর্ষিতা ত্বং 'দ্যুমান্' দীপ্তিমান 'অসি'। অপিচ হে 'দেব' দ্যোতমান সোম! 'বৃষা' ত্বং 'বৃষব্রতঃ বর্ষণশীলকর্ম্মাসি। কিঞ্চ হে সোম! 'বৃষা' ত্বং 'ধর্ম্মাণি' দেবানাং মনুষ্যাণাঞ্চ হিতানি কর্ম্মাণি 'দধ্রিষে' ধারয়সি। 'দধ্রিষে'—'দধিষে' ইতি পাঠৌ। (৩অ-২খ ৩সূ-১সা)॥

* * *

প্রথম (৭৮১) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী তিন অংশে বিভক্ত। প্রথম ও শেষাংশ নিত্যসত্যপ্রখ্যাপক এবং দ্বিতীয় অংশ প্রার্থনামূলক। প্রথম দুই ভাগে জীবনের পরম অভীষ্ট পূরণের অর্থাৎ মোক্ষলাভের জন্য প্রার্থনা আছে। শেষাংশে ভগবানের মঙ্গলস্বরূপ প্রখ্যাপিত হইয়াছে।

ভগবান মঙ্গল-স্বরূপ। 'সত্যং শিবং সুন্দরং' তিনি। এখানে তাঁহার এই মঙ্গলময়-স্বরূপ ব্যক্ত হইয়াছে। জগৎ এক পরম মঙ্গলনীতির দ্বারা পরিচালিত হইতেছে। সেই মঙ্গলনীতির

মূলে আছেন - স্বয়ং তিনি। তাঁহার পদপ্রান্ত হইতে কল্যাণ মন্দাকিনীধারা প্রবাহিত হইয়া মানুষকে পরম শান্তির পথে লইয়া যাইতেছে। জগতের মধ্যে যাহা কিছু সুন্দর, যাহা কিছু পবিত্র তাহার মূলে বর্ত্তমান আছেন—সেই পরমশিব তিনি। তাই তাঁহার বিশ্বে অকল্যাণ, পাপ স্থায়ী হইতে পারে না। আজ যাহা আপাতঃদৃষ্টিতে অমঙ্গলজনক বলিয়া মনে হইতেছে, কাল তাহা তাঁহার মঙ্গলশক্তিপ্রভাবে অশেষ কল্যাণের আধার হইয়া দাঁড়ায়। ভগবানের মঙ্গলরূপের চিত্রই আমরা এই মন্ত্রে দেখিতে পাই।

তিনি কল্পতরু অভীষ্টবর্ষক। মানবের যাহা কল্যাণকর, পরম আকাঙ্ক্ষার বস্তু, তাহা ভগবানের কৃপায় লাভ হইয়া থাকে। আমরা এই মন্ত্রে তাঁহার সেই অভীষ্ট-বর্ষক রূপেরও পরিচয় পাই॥ (৩অ. ২খ ৩সূ—১সা)।

* * *

দ্বিতীয়ং সাম।

২ ২ ৩   ২ ৩   ২ ৩   ২ ৩   ২ ৩   ১ ২   ৩ ২
বৃষ্ণস্তে বৃষ্ণ্যং শবো বৃষা বনং বৃষা সুতঃ।
১র   ২র   ৩ ১র   ২
স ত্বং বৃষন্ বৃষেদসি ॥ ২ ॥*

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃষন্' (কামানাং বর্ষক, অভীষ্টপূরক হে দেব!) 'বৃষ্ণঃ' (অভীষ্টবর্ষকস্য) 'তে' (তব) 'শবঃ' (বলং, শক্তিঃ ইত্যর্থঃ) 'বৃষ্ণ্যং' (অভীষ্টপ্রাপকং ভবতু ইতি শেষঃ); তব 'বনং' (জ্যোতিঃ) 'বৃষা' (অভীষ্টবর্ষকং); তব শুদ্ধ 'সুতঃ' (বিশুদ্ধঃ সত্ত্বভাবঃ) 'বৃষা' (অভীষ্টপ্রাপকঃ); 'স ত্বং' (ত্বং এব) 'বৃষেদসি' (লোকানাং অভীষ্টবর্ষণশীলঃ ভবসি)। ভগবান্ হি লোকানাং অভীষ্টপ্রাপকঃ ভবতি—ইতি শেষঃ॥ (৩অ—২খ-৩সূ-২সা)।

* * *

মন্ত্রার্থানুবাদ।

কামনাপূরক হে দেব! অভীষ্টবর্ষক আপনার শক্তি অভীষ্টপ্রাপক হউক। আপনার জ্যোতিঃ অভীষ্টবর্ষক, আপনার বিশুদ্ধ সত্ত্বভাব অভীষ্টপ্রাপক; আপনি স্বয়ং লোকদিগের অভীষ্টবর্ষণশীল হয়েন। (মন্ত্রটী

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প ৫অ—৪খ-৮সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের প্রথমা ঋক (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ষট্‌ত্রিংশ বর্গের অন্তর্গত)।

নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবানই লোকদিগের অভীষ্টপূরণ করিয়া থাকেন।)॥ (৩অ—১খ—৩সূ—২সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে 'বৃষন্' কামানাং বর্ষক সোম! 'বৃষ্ণোঃ' বর্ষিতুঃ 'তে' তব 'শবঃ' বলং 'বৃষ্ণ্যং' বর্ষণশীলং ভবতি 'বনং' তব ভজনমপি 'বৃষা' বর্ষণশীলং 'সুতঃ' অভিষুতঃ তব রসোঽপি বৃষা বর্ষণশীলঃ 'স ত্বং' 'বৃষেদসি' বর্ষণশীল এবাসি ভবসি। 'সুতোমদঃ' ইতি, 'স ত্বং সত্যং'—ইতি চ পাঠৌ। (৩অ-১খ ৩সূ—২সা)।

• • •

দ্বিতীয় (৭৮২) সামের মর্ম্মার্থ।

——:০:——

মন্ত্রের মধ্যে ভগবানের অভীষ্টবর্ষণরূপ মহিমা প্রখ্যাপিত হইয়াছে। ভগবানের বিভিন্ন শক্তির প্রসঙ্গে এই এক মহিমার কথাই বিশদভাবে বিবৃত।

ভগবানই মানুষের অভীষ্ট পূরণ করেন। তিনি জগতের পিতা ও মাতা। জগৎ তাঁহা হইতেই সমুৎপন্ন হইয়াছে। তাঁহার মঙ্গলময় বিধানবশে তিনি জগৎকে পরিচালিত করিতেছেন। পিতার সুতীক্ষ্ণ দৃষ্টি লইয়া তিনি বিভ্রান্ত মানুষকে সত্যপথে আনিবার জন্য শাসন করেন বটে, কিন্তু সেই সঙ্গে মাতার সুকোমল স্নেহক্রোড়ও সাধক স্থান লাভ করেন। যাহার যাহা কামনা, তাহা তিনি পূর্ণ করিয়া মানবের আকাঙ্ক্ষার নিবৃত্তি করেন। তাঁহার জ্যোতিঃ মানুষের হৃদয়কে আলোকিত করে, তাই মানুষ আপনার জীবনের প্রকৃত মঙ্গল বাছিয়া লইতে পারে। সুতরাং তাহার বাসনা কামনাও সেই আলোকের সাহায্যেই পরিচালিত হয়। কাজেই তাহা অপূর্ণ থাকে না। তাই ভগবৎ-জ্যোতিঃকে অভীষ্টপূরক বলা হইয়াছে।

ভগবৎশক্তি বলেই মানুষ অভীষ্টসাধনে আত্মনিয়োগ করিতে পারে। জ্ঞানালোকে অভীষ্টের স্বরূপ নির্ণীত হয় বটে; কিন্তু সেই অভীষ্ট লাভ করিবার শক্তি আসে ভগবানের নিকট হইতে। ভগবৎশক্তি ব্যতীত মানুষ কোনও কর্ম্মেই সফলকাম হইতে পারে না। তাই ভগবৎশক্তি অভীষ্টদায়ক। তাঁহারই সম্বন্ধে নিয়োজিত সম্বল বলে মানুষ জীবনের চরম অভীষ্ট মোক্ষলাভে সমর্থ হয়, তাঁহারই কৃপায় মানুষ তাঁহার চরণে পৌঁছিতে পারে—তিনিই মানুষের একমাত্র অভীষ্ট প্রাপক পরমপুরুষ। বক্ষ্যমাণ মন্ত্রেও তাঁহারই মাহাত্ম্য পরিকীর্ত্তিত হইয়াছে দেখিতে পাই। (৩অ—১খ—৩সূ ২সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ষট্‌ত্রিংশ বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১র ১র ৩ ১ ২র
অশ্বো ন চক্রদো বৃষা সঙ্গা ইন্দো সমর্ব্বতঃ।
১ ২ ৩ ১র ২র
বি নো রায়ে দুরো বৃধি ॥ ৩ ॥

⁂

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'ইন্দো' (হে শুদ্ধসত্ত্ব!) 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ) ত্বং 'অশ্বঃ ন' (ব্যাপকজ্ঞানতুল্যাঃ) 'অর্ব্বতঃ' (শীঘ্রগামিনঃ, আশুমুক্তিদায়কান্ ইত্যর্থঃ) 'গাঃ' (জ্ঞানকিরণান্) 'সঞ্চক্রদঃ' (সম্যক্ বিতর, সম্যক্রূপেণ প্রযচ্ছ ইত্যর্থঃ), 'নঃ' (অস্মান্) 'রায়ে' 'দুরঃ' (পরমধনলাভোপায়ানি). 'সং' 'বিবৃধি' (সম্যক্রূপেণ বিবৃতানি কুরু, প্রদর্শয় ইত্যর্থঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ অস্মভ্যং পরাজ্ঞানং তথা পরমধনং প্রযচ্ছতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ—১খ—৩সূ—৩সা)॥

অথবা,

'ইন্দো' (জ্যোতিস্বরূপঃ হে ভগবন্)! ত্বং 'বৃষা' (অভীষ্টপূরকঃ) ভবসি ইতি শেষঃ। তস্মাৎ 'অশ্বঃ ন' (অশ্ব ইব, অশ্ব যথা ক্ষিপ্রগমনেন গচ্ছতি, তদ্বৎ ক্ষিপ্রবেগেন ইত্যর্থঃ) 'সঞ্চক্রদঃ' (আবির্ভব—অস্মাকং হৃদি ইতি ভাবঃ) 'তদনন্তরং' (অস্মাকং হৃদি অধিষ্ঠিতঃ সন্) 'অর্ব্বতঃ' (আশুমুক্তিপ্রদান্) 'গাঃ' (জ্ঞানকিরণান্ ইত্যর্থঃ) অস্মভ্যং প্রযচ্ছ ইতি ভাবঃ) অপিচ 'নঃ' (অস্মান্) 'রায়ে' (পরমধনপ্রদানায়) 'দুরঃ' (তৎসাধনভূতং পন্থানং ইতি ভাবঃ) 'বিবৃধি' (বিজ্ঞাপয়, প্রদর্শয় ইত্যর্থঃ)। মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ নিত্যসত্যপ্রখ্যাপকশ্চ। হৃদি অধিষ্ঠিতঃ সন্ অভীষ্টপূরকঃ ভগবান্ অস্মান্ মোক্ষপথি প্রতিষ্ঠাপয়তু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩অ—১খ—৩সূ—৩সা)॥

⁂

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! অভীষ্টবর্ষক আপনি ব্যাপকজ্ঞানতুল্য আশুমুক্তিদায়ক জ্ঞান সম্যক্রূপে প্রদান করুন, আমাদিগকে পরমধনলাভোপায় সম্যক্রূপে প্রদর্শন করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ আমাদিগকে পরাজ্ঞান এবং পরমধন প্রদান করুন।)। (৩অ—১খ—৩সূ—৩সা)॥

অথবা,

জ্যোতিঃস্বরূপ হে ভগবন্! আপনি অভীষ্টপূরক হয়েন। অতএব অশ্বের ন্যায় ক্ষিপ্রগতিতে আপনি আমাদের হৃদয়ে আসিয়া অধিষ্ঠিত হউন; তদনন্তর আশুমুক্তিপ্রদ জ্ঞানকিরণসমূহ আমাদিগকে প্রদান করুন; অপিচ, আমাদিগকে পরমধন-দানের নিমিত্ত তৎসাধনভূত উপায়পরম্পরা বিজ্ঞাপিত করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক ও নিত্য-সত্যপ্রখ্যাপক। প্রার্থনার ভাব এই যে,—হৃদয়ে অধিষ্ঠিত হইয়া অভীষ্টপূরক ভগবান্ আমাদিগকে মোক্ষপথে প্রতিষ্ঠাপিত করুন।)। (৬অ—১খ—৩সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দো' সোম! 'বৃষা' ত্বং 'অশ্বো ন' অশ্ব ইব 'সঙ্ক্রন্দঃ' সংক্রন্দসে। অপিচ 'গাঃ' পশূন্ 'অর্বতঃ' অশ্বাংশ্চ অস্মভ্যং সম্প্রযচ্ছসীতি শেষঃ। কিঞ্চ 'নঃ' অস্মাকং 'রায়ে' ধনায় 'দুরঃ' দ্বারাণি 'বিবৃধি' বিবৃতানি কুরু। (৩অ—১খ—৩সূ—৩সা)।

° ° °

তৃতীয় (৭৮৩) সামের মর্ম্মার্থ।

মানুষের আকাঙ্ক্ষণীয় সকল বস্তুই মানুষের সমক্ষে রহিয়াছে; ভগবানের করুণা অপ্রতিহতভাবে সর্ব্বত্রই সমভাবে বর্ষিত হইতেছে। যিনি ভাগ্যবান্ তিনিই তাহা উপভোগ করিতে সমর্থ হয়েন। যাহার সেই শক্তি নাই, তাহার নিকটে জগতের অপার্থিব সম্পৎরাশি অজস্রভাবে ঢালিয়া দিলেও তাহা তাহার কোন কাজে লাগে না। যাহার দৃষ্টিশক্তি নাই, তাহার নিকট স্বর্গীয় সুষমারাশি একেবারেই ব্যর্থ। যাহার স্বরজ্ঞান নাই তাহার নিকট ক্রন্দনসঙ্গীত বিকট শব্দপুঞ্জ বলিয়া মনে হয়। কোন বস্তু পাইলেই হয় না, তাহা ব্যবহার করিবার—উপভোগ করিবার সামর্থ্য থাকা চাই। মন্ত্রের মধ্যে এই সামর্থ্যলাভের প্রার্থনাই পরিস্ফুট হইয়াছে।

ভগবানের দান তো অজস্রধারে মানুষের দ্বারদেশে আসিয়া উপস্থিত হয়। কিন্তু সেই পরম বস্তুকে কিভাবে নিজ জীবনের মধ্যে গ্রহণ করিতে হয় তাহা জানা চাই। সেই দান জীবনের অংশীভূত না হইলে তাহা আমাদের কোন অভীষ্ট সিদ্ধ করিতে পারে না। আহার যেমন শরীরের অণুপরমাণুর সহিত, প্রাণশক্তির সহিত মিলিত হইলে, অর্থাৎ শরীরের অংশীভূত হইলে, তাহা আয়ুস্কর হয়, তেমনি ভগবৎশক্তি, অথবা তাঁহার দান পরমবস্তু আমাদিগের প্রাণশক্তির অংশীভূত হইলেই আমরা সম্যক্‌ভাবে সেই দান উপভোগ করিতে

পারি এবং তদ্দ্বারা আমাদিগের জীবনের চরম অভীষ্ট সাধনে সমর্থ হই। সেই শক্তি প্রাপ্তির উপায় লাভের জন্যই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। (৩অ—১খ—৩সূ—৩সা)॥ ০

* * *

প্রথমং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বৃষা হ্যসি ভানুনা দ্যুমন্তং ত্বা হবামহে।
১ ২ ৩ ১ ২
পবমান স্বর্দৃশম্॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্বস্বরূপ ভগবন! ত্বং 'হি' (নিশ্চিতং) 'বৃষা' (অভিমতফলবর্ষকঃ) 'অসি' (ভবসি) ; 'পবমান' (পবিত্রকারক হে দেব) 'স্বর্দৃশং' (সর্ব্বস্য দ্রষ্টারং, সর্ব্বজ্ঞং ইত্যর্থঃ) 'ভানুনা দ্যুমন্তং' (তেজসা দীপ্তিমন্তং, অতিশয়েন তেজস্বিনং - তেজোময়ং ইত্যর্থঃ) 'ত্বা' (ত্বাং) 'হবামহে' (আহ্বয়ামঃ, প্রার্থয়ামঃ ইত্যর্থঃ)। অয়ং মন্ত্রঃ নিত্যসত্যপ্রকাশকঃ প্রার্থনামূলকশ্চ। বয়ং ভগবৎপরায়ণাঃ ভবেম ; ভগবান্ অস্মান্ পরিত্রায়তু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ।)। (৩অ - ১খ - ৪সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

শুদ্ধসত্ত্বরূপ হে ভগবন্! আপনি নিশ্চিতই অভিমতফলবর্ষক হয়েন। পবিত্রকারক হে দেব! সর্ব্বজ্ঞ তেজোময় আপনাকে প্রার্থনা করিতেছি। (মন্ত্রটী নিত্যসত্যপ্রকাশক ও প্রার্থনামূলক। ভাব এই যে, আমরা যেন ভগবৎপরায়ণ হই ; ভগবান্ আমাদিগকে পরিত্রাণ করুন।)॥ (৩অ—১খ—৪সূ—১সা।)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! ত্বং 'বৃষাসি হি' অভিমত-ফলানাং বর্ষিতা ভবসি খলু। তস্মাৎ। হে 'পবমান' পূয়মান বা সোম! 'স্বর্দৃশং' সর্ব্বস্য সূর্য্যস্য বা দ্রষ্টারং সর্ব্বৈঃদ্রষ্টব্যং বা

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্ঠীতম সূক্তের তৃতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ষড়্ত্রিংশ বর্গের অন্তর্গত)।

'ভানুনা' তেজসা 'দ্যুমন্তং' দীপ্তিমন্তং অতিশয়েন তেজস্বিনমিত্যর্থঃ স্তুতিমন্তং বা 'ত্বা' ত্বাং বয়ং 'হবামহে' যজ্ঞেষু আহ্বয়ামহে ॥ (৩অ—১খ-৪সূ—১সা)।

প্রথম (৭৮৪) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। প্রথম অংশ নিত্যসত্যপ্রকাশক এবং অপরাংশ প্রার্থনামূলক। ভগবান্ মানবের সর্ব্বাভীষ্ট পূর্ণ করেন—এই নিত্যসত্য প্রথমাংশে বিবৃত হইয়াছে। তিনিই জীবের একমাত্র গতি। তাঁহার অফুরন্ত ভাণ্ডার হইতে মানবের উপর করুণাধারা অবিশ্রান্তভাবে প্রবাহিত হইতেছে। সেই কল্পতরুমূলে যে যাহা প্রার্থনা করে, সে তাহাই প্রাপ্ত হয়। তিনি মানবের সর্ব্বাভীষ্টপূরক।

মানবের এমন হিতৈষী যে দেবতা, কাহার মন না তাঁহার প্রতি আকৃষ্ট হয়! কিন্তু মোহমায়ায় আচ্ছন্ন মানুষ; সেই পরম দেবতাকে ভুলিয়া যায়, তাঁহার আরাধনায় মন-প্রাণ সমর্পণ করিতে পারে না। মানুষ দুর্ব্বল, অপিচ চারিদিকে রিপুগণের দ্বারা আক্রান্ত। তাই তাঁহাকে ভুলিয়া থাকে। যাহাতে সেই পরম দেবতার চরণে আশ্রয় গ্রহণ করিতে পারি, রিপুগণ আমাদিগকে যাহাতে পথ ভুলাইয়া না দেয়, মন্ত্রে সেই প্রার্থনা করা হইতেছে। ভগবৎচরণে প্রার্থনা-পরায়ণ হইলে আর রিপুগণ সহজে আক্রমণ করিতে পারে না—অনায়াসেই মোক্ষপথে অগ্রসর হওয়া যায়। তাই প্রার্থনাপরায়ণ হইবার উপযোগী শক্তি ও মনোবৃত্তি লাভের জন্য এই প্রার্থনার সূচনা ॥ (৩অ—১খ—৪সূ—১সা) ॥ •

§ * §

দ্বিতীয় সাম।

২ ৩ ১ ২ ২ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যৎ অদ্ভিঃ পরিষিচ্যসে মর্ম্মৃজ্যমান আয়ুভিঃ
১ ২ ৩ ২ ৩ ১ ২
দ্রোণে সধস্থং অশ্নুষে ॥ ২ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! ত্বং 'আয়ুভিঃ' (সৎকর্ম্মসাধনশক্তিভিঃ) 'যৎ' (তথা) 'অদ্ভিঃ' (অমৃতপ্রবাহৈঃ) 'মর্ম্মৃজ্যমানঃ' (পরিশোধ্যমানঃ, বিশুদ্ধঃ সন্ ইত্যর্থঃ) 'দ্রোণে' (পাত্রে, অস্মাকং

• উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ-২খ—৪সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টিতম সূক্তের চতুর্থী ঋক (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)।

হৃদয়ে ইত্যর্থঃ) 'পরিষিচ্যসে' (পরিতঃ বিদ্যমানঃ ভব, সম্যক্রূপেণ আবির্ভব ইত্যর্থঃ); ত্বং 'সধস্থং' (স্থানং, বিশ্বং) 'অশ্নুষে' (ব্যাপ্নোষি); মোক্ষসাধকং সত্ত্বভাবং বয়ং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ—১খ—৪সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! আপনি সৎসাধনশক্তি এবং অমৃতপ্রবাহের দ্বারা বিশুদ্ধ হইয়া আমাদিগের হৃদয়ে সম্যক্রূপে আবির্ভূত হউন; আপনি বিশ্বকে ব্যাপ্ত করেন। (প্রার্থনার ভাব এই যে,—মোক্ষসাধক সত্ত্বভাবকে আমরা যেন লাভ করিতে পারি।) (৩অ—১খ—৪সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! ত্বং 'আয়ুভিঃ গন্তৃভিঃ ঋত্বিগ্ভিঃ মৃজ্যমানঃ' অভিষবেণ শোধ্যমানঃ সন্ 'অক্তিঃ' গমনশীলাভিরঙ্গুলিভিঃ যদ্ যদা 'পরিষিচ্যসে' পরিতঃ ষিচ্যসে তদানীং 'দ্রোণে' দ্রোণকলশেন গৃহ্যমাণঃ সন্ 'সধস্থং' সহ তিষ্ঠন্ত্যস্মিন্নিতি সধস্থং স্থানং চমসাদিকং 'অশ্নুষে' ব্যাপ্নোষি। 'মৃজ্যমান আয়ুভিঃ' মৃজ্যমানো গভস্ত্যোঃ ইতি, 'দ্রোণে'—'দ্রুণা'—ইতি চ পাঠৌ॥ (৩অ-১খ—৪সূ-২সা)।

* * *

দ্বিতীয় (৭৮৫) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাব 'সধস্থং অশ্নুষে' বিশ্বকে ব্যাপ্ত করে অর্থাৎ সত্ত্বভাব বিশ্ব ব্যাপিয়া বিরাজিত আছে। বিশ্বের অস্তিত্বের সহিত সত্ত্বভাব ওতপ্রোতভাবে জড়িত। যদি সর্ব্বত্রই সত্ত্বভাব বর্ত্তমান থাকে, তবে মানববিশেষের হৃদয়ে তাহা পাইবার জন্য প্রার্থনা করার অর্থ কি?

সূর্য্যকিরণ তো সর্ব্বত্রই সমভাবে পতিত হয়, সূর্য্যালোক জগতের অন্ধকার দূরীভূত করে, কিন্তু তাহা কি সকলে উপভোগ করিতে পারে? যে অন্ধ তাহার নিকট আলোক ও অন্ধকার একই বস্তু। বিমল জ্যোতিতে জগৎ উদ্ভাসিত হইলেও অন্ধের নিকট তাহার মূল্য নাই। কারণ সেই আলোকসম্ভোগ করিবার তাহার শক্তি নাই। সেই সত্ত্বভাবের বলে জগৎ পরিচালিত হইতেছে বটে, সর্ব্বত্রই সত্ত্বভাব বিরাজিত আছে বটে, কিন্তু সকলে তো তাহা উপভোগ করিতে পারে না, তদ্দ্বারা আপনাকে উন্নত পবিত্র করিতে পারে না। সকলের সেই শক্তি নাই। তাই সেই বিশ্বব্যাপী সত্ত্বভাবকে উন্নতির, ভগবৎপ্রাপ্তির উপায়রূপে পাইবার জন্য মন্ত্রের মধ্যে প্রার্থনা করা হইয়াছে। (৩অ—১খ—৪সূ—২সা)।

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টিতম সূক্তের ষষ্ঠী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১ ৩ ১ ২
আ পবস্ব সুবীর্য্যং মন্দমানঃ স্বায়ুধঃ।
৩ ১ ১ ৩ ১ ২
ইহো ষু ইন্দব আগহি॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'স্বায়ুধ' (শ্রেষ্ঠায়ুধযুক্ত রিপুনাশায় শক্তিধারক) হে শুদ্ধসত্ত্ব! 'মন্দমানঃ' (পরমানন্দদায়কঃ) ত্বং 'আ' (আভিমুখ্যেন, অস্মান অভিলক্ষ্য, অস্মাকং ইত্যর্থঃ) 'সুবীর্য্যং' (শোভনবীর্য্যং, আত্মশক্তিং) 'পবস্ব' (প্রাপয়); 'ইন্দো' (হে সত্ত্বভাব!) 'সু' (সুষ্ঠু, সম্যক্‌রূপেণ) 'ইহ উ' (ইহৈব, অস্মাকং হৃদি ইত্যর্থঃ) 'আগহি' (আগচ্ছ)। প্রার্থনামূলকোঽয়ং। বয়ং পরমানন্দদায়কং সত্ত্বভাবং লভেম ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ—১খ ৪সূ ৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

রিপুনাশের জন্য শ্রেষ্ঠ আয়ুধযুক্ত হে শুদ্ধসত্ত্ব! পরমানন্দদায়ক আপনি আমাদিগকে আত্মশক্তি প্রাপ্ত করান; হে সত্ত্বভাব! সম্যক্‌রূপে আমাদিগের হৃদয়ে আগমন করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরমানন্দদায়ক সত্ত্বভাব লাভ করি)। (৩অ—১খ—৪সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'স্বায়ুধ'! যজ্ঞে স্ফ্য-কপালাদীন্যায়ুধানি—ইত্যভিধীয়ন্তে, শোভনানি তানি যস্য স তথোক্তঃ। যদ্বা বজ্রাদীন্যায়ুধানি যস্য সঃ তাদৃশ হে সোম! ত্বং 'মন্দমানঃ' মোদমানঃ সন্ অস্মদীয়স্তোত্রৈঃ দেবান্ স্বয়ং মাদয়ন্ 'সুবীর্য্যং' শোভনবীর্য্যোপেতং পুত্রাদিকমস্মাকং 'আ পবস্ব' পবতির্গত্যর্থঃ আ প্রাপয়। কিঞ্চ হে ইন্দো! গ্রহেষু চমসেষু ক্ষরণশীল সোম! 'ইহ উ' ইহৈব অস্মদীয়ে যজ্ঞে 'সু আগহি' সুষ্ঠু আগচ্ছ। (৩অ-১খ—৪সূ—৩সা)॥

* * *

তৃতীয় (৭৮৬) সামের মর্ম্মার্থ।

সত্ত্বভাব পরমানন্দদায়ক। অবিমিশ্র সুখ অথবা আনন্দই মানুষ অন্বেষণ করে। যে পর্য্যন্ত না মানুষ সেই পরিপূর্ণ সুখলাভ করে, যে পর্যন্ত না সেই 'তমসের' পরপারে পৌঁছিতে পারে, সে পর্য্যন্ত মানুষ স্থির থাকিতে পারে না। তাহার অন্তরস্থ আনন্দ লাভের আকাঙ্ক্ষা, পূর্ণত্বের তৃষ্ণা, তাহাকে ঠেলিতে থাকে, মানুষ তাই স্থির থাকিতে পারে না। হয় সম্মুখে, না হয় তো পশ্চাতে,—তাহাকে চলিতেই হয়। মানুষ আপনার জীবনের সেই পরম অভীষ্ট লাভের সন্ধানেই ঘুরিতেছে। কিন্তু তাহা লাভ করিবার উপায় সকলে খুঁজিয়া পায় না। তাই কায়ার পরিবর্ত্তে ছায়ার পশ্চাতে ঘুরিতে থাকে, ক্রমশঃ হতাশ হইয়া, আপনাকে বিপথে চালিত করিয়া, মৃত্যুর পথে অগ্রসর হয়। সেই মৃত্যু হইতে, আত্মহত্যা হইতে, মানুষকে রক্ষা করিতে পারে—সত্ত্বভাব। সত্ত্বভাবের কল্যাণে মানুষ সেই পরম আনন্দের, যাহার জন্য মানুষ চিরজীবন ঘুরিয়া বেড়ায়, সেই পূর্ণানন্দের অনুভূতি লাভ করিতে পারেন। যিনি এই অমৃতের স্বাদ একবার গ্রহণ করিতে সমর্থ হইয়াছেন তিনি আর কখনও বিপথে পদার্পণ করেন না। সত্ত্বভাব মানুষকে সেই অমৃতময় পরমানন্দ দান করে। এই পরম কল্যাণকারী সত্ত্বভাব প্রাপ্তির জন্যই মন্ত্রে প্রার্থনা পরিদৃষ্ট হয়॥ (৩অ—১খ—৪সূ—৩সা।)*

— ০ —

প্রথমঃ সাম

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
পবমানস্য তে বয়ং পবিত্রং অভ্যুন্দতঃ।
৩ ১ ২র
সখিত্বং আ বৃণীমহে॥ ১॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেব! 'পবিত্রং' (পবিত্রহৃদয়ং) 'অভ্যুন্দতঃ' (অভিষিক্তং কুর্ব্বতঃ—স্নেহবারিণা ইতি যাবৎ) 'পবমানস্য' (পবিত্রকারকস্য) 'তে' (তব) 'সখিত্বং' (সখ্যং) 'বয়ং' (প্রার্থনাকারিণঃ বয়ং) 'আ বৃণীমহে' (প্রার্থয়ামহে, প্রাপ্নুয়াম ইতি ভাবঃ)। প্রার্থনামূলকোঽয়ং। বয়ং সম্যক্‌রূপেণ ভগবৎপরায়ণাঃ ভবেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ - ১খ - ৫সূ—১সা।)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্ঠীতম সূক্তের পঞ্চমী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

হে দেব! পবিত্রহৃদয়কে স্নেহবারি দ্বারা অভিষিক্তকারী পবিত্রকারক আপনার সখিত্ব, প্রার্থনাকারী আমরা যেন লাভ করি। (মন্ত্রটী প্রার্থনা-মূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন সম্যক্‌রূপে ভগবৎ-পরায়ণ হই।)॥ (৪অ—১খ—৫সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'পবিত্রং অভ্যুন্দতঃ' পবিত্রমভিদয়তঃ 'পবমানস্ত' ক্ষরতশ্চ 'তে' তব 'সখিত্বং' সখ্যং বয়ং অসহীয়বঃ আঙ্গিরসাঃ স্তোতারঃ 'আ বৃণীমহে' প্রার্থয়ামহে॥ ১॥

. . .

প্রথম (৭৮৭) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। ভগবানকে সখারূপে, বন্ধুরূপে পাইবার জন্য মন্ত্রে প্রার্থনা পরিদৃষ্ট হয়।

সত্ত্ব-স্বরূপ ভগবান সাধকের হৃদয়কে স্নেহবারি দ্বারা অভিষিঞ্চিত করেন। মানুষের শুষ্ক মরুভূমি সদৃশ হৃদয় তাঁহারই অমৃতবারি সিঞ্চনে সরস সতেজ হয়। তাহাতে দেবপ্রবৃত্তি-সমূহ পূর্ণরূপে বিকশিত হয়। মানুষ নানাবিধ অস্বস্তি অশান্তির মধ্যে থাকিয়া, অজ্ঞানতাবশে, মায়ামোহের প্রলোভনে, নিজের মনকে বিক্ষিপ্ত ও চঞ্চল করিয়া রাখে। সেই জন্য তাহার হৃদয় হইতে সরস দিব্যভাবসমূহ বিদায় গ্রহণ করে। ক্রমশঃ সেই শুষ্ক মরুভূমি, মানবের প্রকৃত উন্নতির শ্মশানমাত্রে পরিণত হয়। মানুষ শুষ্কহৃদয় ও তজ্জনিত বিক্ষিপ্তচিত্ত লইয়া, ক্রমে ক্রমে অধঃপতনের চরম সীমায় উপস্থিত হয়,—আত্মহত্যা করে। এই আত্মহত্যা হইতে মানুষকে রক্ষা করিতে পারেন—ভগবান। তিনি অপার করুণাবশে মানবের হৃদয়ে স্নেহবারিবর্ষণ করিয়া তাহার অশান্ত শুষ্ক হৃদয়কে শান্ত সরস করেন, তাই মানুষ আপনাকে ভগবানের স্নেহপাত্র বলিয়া অনুভব করিতে পারেন। সেই পরমানন্দময় অনুভূতি মানুষকে সর্ব্বপ্রকার পাপতাপের হাত হইতে রক্ষা করে। ভগবানের করুণা লাভ করিলে, তাঁহাকে প্রিয়তম বলিয়া ভাবিতে পারিলে, মানুষ সর্ব্ববিধ শোকদুঃখের অতীত রাজ্যে গমন করেন। ভগবানের সখ্য! সেই পরম পুরুষের বন্ধুতা! এই মহৎ সৌভাগ্যের ধারণাই মানবকে উন্নত ও পবিত্র করিবার পক্ষে যথেষ্ট। সেই সৌভাগ্য পূর্ণভাবে লাভ করিবার জন্য, ভগবানের সখ্যলাভের জন্যই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে॥ (৩অ-১খ—৫সূ—১সা)॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্ঠীতম সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, অষ্টাদশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যে তে পবিত্রং ঊর্ম্ময়ঃ অভিক্ষরন্তি ধারয়া।
১ ২
তেভিঃ নঃ সোম মৃড়য় ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'তে' (তব) 'যে ঊর্ম্ময়ঃ' (যে অমৃতপ্রবাহাঃ) 'ধারয়া' (ধারারূপেণ, প্রভূতপরিমাণেন) 'পবিত্রং' (পবিত্রহৃদয়ং—সাধকানাং ইতি যাবৎ) 'অভিক্ষরন্তি' (অভিষিঞ্চন্তি) 'তেভিঃ' (তৈঃ অমৃতপ্রবাহৈঃ) 'নঃ' (অস্মান্) 'মৃড়য়' (সুখয়, পরমানন্দং প্রযচ্ছ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। সাধকলভ্যং অমৃতময়ং সত্ত্বভাবং বয়ং লভেমহি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৩অ—১খ—৫সূ—২সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! আপনার যে অমৃতপ্রবাহ প্রভূতপরিমাণে সাধকদিগের পবিত্রহৃদয়কে অভিষিক্ত করে, সেই অমৃতপ্রবাহের দ্বারা আমাদিগকে পরমানন্দ প্রদান করুন। (ভাব এই যে,—সাধকলভ্য অমৃতময় সত্ত্বভাব আমরা যেন লাভ করি) ॥ (৩অ—১খ—৫সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'তে' তব 'যে' ঊর্ময়ঃ তরঙ্গাঃ 'পবিত্রং' 'ধারয়া' 'অভিক্ষরন্তি' তেভিঃ তৈঃ ঊর্ম্মিভিঃ 'নঃ অস্মান্ মৃড়য়' সুখয় ॥ (৩অ—১খ—৫সূ—২সা)।

* * *

দ্বিতীয় (৭৮৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। সেই প্রার্থনার ভিতর দিয়া একটী মহৎ নিত্যসত্যও প্রকটিত হইয়াছে। সাধকগণ সত্ত্বভাবজনিত যে অমৃতের অধিকারী হয়েন, সেই পরম কল্যাণদায়ক অমৃতপ্রবাহ প্রাপ্তির জন্যই মন্ত্রে প্রার্থনা পরিদৃষ্ট হয়।

সত্ত্বভাবকে সম্বোধন করিয়াই প্রার্থনা করা হইয়াছে। শক্তি ও শক্তিমানের অভেদত্ব লক্ষ্য করিয়া সদ্গুণের আধার সেই পরমপুরুষের নিকটেই প্রার্থনা নিবেদন করা হইয়াছে। "হে সত্যস্বরূপ মঙ্গলময় দেব! আপনি যে অমৃতধারায় সাধকের হৃদয়কে অভিষিক্ত করেন, কৃপাপূর্ব্বক সেই অমৃতের এক কণা বিতরণ করিয়া আমাদিগকে ধন্য, কৃতার্থ করুন। আমরা অজ্ঞান, কিরূপে আপনার পূজা করিতে হয়, তাহা জানি না। আপনি আমাদিগের অন্তরের দেবতারূপে তাহা আমাদিগকে শিখাইয়া দিন। আমরা দুর্ব্বল, চারিদিকে রিপুর আক্রমণে বিব্রত। আপনি কৃপাপূর্ব্বক আমাদিগকে রিপুকবল হইতে উদ্ধার করুন। (৩অ-১খ-৫সূ-২সা)। ০

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
স নঃ পুনান আভর রয়িং বীরবতীমিষম্।
২ ৩ ১ ২
ঈশানঃ সোম বিশ্বতঃ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'বিশ্বতঃ' (সর্ব্বস্য জগতঃ, বিশ্বস্য) 'ঈশানঃ' (অধীশ্বরঃ) 'পুনানঃ' (পবিত্রকারকঃ) 'সঃ' (প্রসিদ্ধঃ ত্বং) 'নঃ' (অস্মভ্যং) 'রয়িং' (পরমধনং) তথা 'বীরবতীং' (আত্মশক্তিযুতাং) 'ইষং' (সিদ্ধিং) 'আ ভর' (আহর, প্রযচ্ছ)। হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং পরমধনং প্রযচ্ছ – ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ-১খ-৫সূ-৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! বিশ্বের অধীশ্বর, পবিত্রকারক প্রসিদ্ধ আপনি, আমাদিগকে পরমধন এবং আত্মশক্তিযুত সিদ্ধি প্রদান করুন। (প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরমধন প্রদান করুন।)॥ (৩অ—১খ—৫সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'বিশ্বতঃ' সর্ব্বস্য জগতঃ 'ঈশানঃ' ঈশ্বরঃ 'সঃ' অভিষুতঃ 'পুনানঃ' পূয়মানঃ ত্বং 'নঃ' অস্মভ্যং 'রয়িং' ধনং 'বীরবতীং' পুত্রাদ্যুপেতং 'ইষং' অন্নং 'আভর' আহর॥ ৩॥

তৃতীয়স্যাধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ সমাপ্তঃ॥ ১॥

---

০ এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের পঞ্চমী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, অষ্টাদশ বর্গের অন্তর্গত)॥

তৃতীয় (৭৮৯) সামের মর্ম্মার্থ।

পবিত্রতার আধার ভগবান বিশ্বের একমাত্র নিয়ন্তা। তাঁহা হইতে জগৎ উদ্ভূত হইয়াছে, তাঁহার শক্তিতেই জগৎ পরিচালিত হইতেছে, আবার তাঁহাতেই বিলীন হইবে। অনন্তকাল হইতে এই সৃষ্টি স্থিতি প্রলয় লীলা চলিতেছে। প্রতি কল্পে এইরূপ সৃষ্টি স্থিতি প্রলয় সংঘটিত হয়। এই বিশ্বলীলার একমাত্র নায়ক ভগবান। আপনার মহিমায় আপনি বিভোর, আপনার খেলায় আপনি তন্ময় হইয়া, এই অনন্ত শিশু, অনন্তকাল ধরিয়া ভাঙ্গা গড়া খেলা খেলিতেছেন। সুতরাং এই বিশ্ব যে তাঁহার 'করতল'স্থিত আমলকবৎ' বলিয়া কথিত হইবে, তাহাতে আশ্চর্য্যের বিষয় কি আছে? তিনি শুধু বিশ্বের অধীশ্বর নহেন, তিনি ব্যতীত জগতের অস্তিত্বই সম্ভবপর হইত না। তাই বলা হইয়াছে, "বিশ্বতঃ ঈশানঃ"। মানুষের হৃদয়ে সত্ত্বভাবের আবির্ভাব হইলে, তাঁহার হৃদয় ভগবৎশক্তিজনিত পবিত্রতায় পূর্ণ হয়। তাই সত্ত্বভাবকে পবিত্রকারক বলা হইয়াছে॥ (৩অ—১খ—৫সূ-৩সা)॥ ৩

* * *

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

৩ ২ ৩ ১ ৩ ১ ২ ৩ ১ ২
অগ্নিং দূতং বৃণীমহে হোতারং বিশ্ববেদসম্।
৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অস্য যজ্ঞস্য সুক্রতুম্॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অস্য' (অস্মাকং অনুষ্ঠীয়মানস্য) 'যজ্ঞস্য' (যাগাদি সৎকর্ম্মণঃ) 'সুক্রতুং' (সুসম্পাদকং) 'হোতারং' (দেবানাং দেবভাবানাং বা আহ্বাতারং) 'বিশ্ববেদসং' (সর্ব্বধনোপেতং, সর্ব্বজ্ঞম্বা) 'দূতং' (বার্ত্তাবহং, সত্ত্বপ্রাপকং) 'অগ্নিং' (অগ্নিদেবং জ্ঞানদেবং) 'বৃণীমহে' (সম্ভজামঃ, বরামহে) বয়মিতি শেষঃ। সঙ্কল্পমূলকোঽয়ং মন্ত্রঃ। সৎকর্ম্মসাধকং সর্ব্বতত্ত্বজ্ঞং জ্ঞানদেবং বয়ং সম্যক্ পূজয়ামঃ—বয়ং জ্ঞানানুসারিণঃ ভবাম ইতি ভাবঃ। (৩অ—২খ-১সূ—১সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের ষষ্ঠী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, ঊনবিংশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

আমাদিগের অনুষ্ঠিত যাগাদি সৎকর্ম্মের সুসম্পাদক, সকল দেবগণের অথবা দেবভাবসমূহের আহ্বানকর্ত্তা, সকলধনোপেত অথবা সর্ব্বতত্ত্বজ্ঞ, বার্ত্তাবহ অর্থাৎ সত্ত্বপ্রাপক দূতস্বরূপ অগ্নিদেবকে (জ্ঞানদেবকে) এই যজ্ঞে আমরা সম্যক্‌রূপে ভজনা করিতেছি। (মন্ত্রটী সঙ্কল্পমূলক। ভাব এই যে,—সৎকর্ম্মসাধক সর্ব্বতত্ত্বজ্ঞ জ্ঞানদেবতাকে আমরা যেন সর্ব্বথা পূজা করি—আমরা যেন জ্ঞানানুসারী হই॥ (৩অ—২খ—১সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

(অগ্নের্দূতত্বমেতন্মন্ত্রব্যাখ্যানে তৈত্তিরীয়ব্রাহ্মণে সমাম্নায়তে অগ্নির্দেবানাং দূত আসীদুশনা কাব্যোঽসুরাণাম্—ইতি) তাদৃশং দেবং 'দূতং' অগ্নিং অস্মিন্ কর্ম্মণি 'বৃণীমহে' ভজামঃ। কীদৃশং 'হোতারং' দেবানামাহ্বাতারং 'বিশ্ববেদসং' সর্ব্বধনোপেতং বহুব্রীহৌ বিশ্বং সংজ্ঞায়াং (৬।২।১০৬) ইতি পূর্ব্বপদান্তোদাত্তত্বং। 'অস্য' প্রবর্ত্তমানস্য যজ্ঞস্য নিষ্পাদনেন 'সুক্রতুং' শোভন-কর্ম্মাণং শোভনপ্রজ্ঞং বা॥ (৩অ—২খ—১সূ—১সা)॥

* * *

প্রথম (৭৯০) সামের মর্ম্মার্থ।

এই সামের অর্থ দুই ভাবে নিষ্পন্ন হয়। এক ভাবে 'অগ্নিং দূতং বৃণীমহে' এইরূপ পদান্বয়ে 'অগ্নিদেবকে দূতরূপে বরণ করিতেছি' অর্থ পরিগ্রহ করা হইয়া থাকে। অন্য অর্থ আমরা বঙ্গানুবাদেই প্রকাশ করিয়াছি। সে অর্থ তাঁহাকে ভজনা করিতেছি।

দুই রূপ অর্থের কোনও অর্থই অসঙ্গত নহে। যাঁহারা দ্বৈতভাবের ভাবুক, তাঁহারা সহজে অগ্নি মধ্যে আহুতি-দানে অপরাপর দেবাদির নিকট অগ্নিদেব সে আহুতি পৌঁছাইয়া দিবেন, মনে করিতে পারেন। পরন্তু যাঁহারা অগ্নির মধ্যেই সর্ব্বদেবের সমাবেশ দেখিতে পান, তাঁহারা সকল বিশেষণই তাঁহার সম্বন্ধে প্রযুক্ত বলিয়া মনে করিতে পারেন। সুতরাং রুচির তারতম্যানুসারে অর্থের ভাবান্তর অসঙ্গত নহে। দুই শ্রেণীর উপাসকের পক্ষে দুইরূপ অর্থই বিহিত হইতে পারে।

এই মন্ত্রের অন্তর্গত 'বিশ্ববেদসং' এবং 'দূতং' এই শব্দ দুইটী বিশেষভাবে লক্ষ্য করিবার বিষয়। 'বিশ্ববেদসং' শব্দে তিনি বিশ্বের সর্ব্বপ্রকার ধনের অধিকারী বা তিনি সর্ব্বতত্ত্বজ্ঞ, এইরূপ অর্থ নির্দ্দিষ্ট হয়। অর্থাৎ, তোমার যাহা কিছু প্রার্থনীয় আছে, সকলই তিনি দান করিতে প্রস্তুত আছেন—এই ভাব বুঝিতে পারি। মানুষের ধ্যান-ধারণা একেবারে তাঁহার সেই স্বরূপ আয়ত্ত করিতে সমর্থ হয় না। সুতরাং মন্ত্র বলিতেছেন—'তিনি দূত-স্বরূপে তোমার প্রার্থনা ভগবৎ-সমীপে পৌঁছাইয়া দিতে পারিবেন; তাঁহার দ্বারাই তোমার ইষ্ট

লাভিত হইবে।' দূত-রূপেও তিনি, আবার সর্ব্বধনের অধিস্বামীরূপেও তিনি;—তুমি যে ভাবে তাঁহাকে দেখিতে চাও, সেই ভাবেই তাঁহাকে দেখিতে আরম্ভ কর। দেখিতে—দেখিতে, অবশ্যই সুফল প্রাপ্ত হইবে। (৩অ—২খ ১সূ ১সা) ॥ ক

— * —

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অগ্নিমগ্নিং হবীমভিঃ সদা হবন্ত বিশ্পতিম্।
৩ ১ ২ ৩ ২
হব্যবাহং পুরুপ্রিয়ম্ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিশ্পতিং' (সর্ব্বেষাং লোকানাং পালকং, জগতাং অধিপতিঃ ধারকং বা, বহ্বা—বিশ্বপালকমিতি ভাবঃ) 'হব্যবাহং' (হবির্ব্বহনকর্ত্তারং, শুদ্ধসত্ত্ববাহকং—অর্চনাকারিণাং হৃদি, ভগবৎসমীপে বেতি ভাবঃ) 'পুরুপ্রিয়ং' (বহূনাং প্রীতাস্পদং, লোকানাং প্রিয়সাধকং) 'অগ্নিমগ্নিং' (প্রকারভেদেন বহুরূপধারিণং জ্ঞানদেবং) 'হবীমভিঃ' (আহ্বানকরৈর্ম্মন্ত্রৈঃ, শুদ্ধসত্ত্বপ্রভাবৈঃ) 'সদা' (নিরন্তরমেব) 'হবন্ত' (হবন্তু, আহ্বয়ন্তি, প্রাপ্নুবন্তীতি ভাবঃ) সৎকর্ম্মানুষ্ঠাতারঃ ইতি শেষঃ। সর্ব্বলোকপালকঃ সর্ব্বজনশ্রেয়ঃসাধকঃ জ্ঞানদেবঃ লোকানাং সৎকর্ম্মণা সহ প্রকাশতো ভবতি—ইতি ভাবঃ॥ (৩অ—২খ·১সূ·২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সর্ব্বলোকপালক, শুদ্ধসত্ত্বপ্রদায়ক, লোকসমূহের প্রিয়সাধক, বহুরূপে প্রকাশমান জ্ঞানদেবতাকে সৎকর্ম্মানুষ্ঠাতৃগণ শুদ্ধসত্ত্বের প্রভাবেই নিরন্তর প্রাপ্ত হইয়া থাকেন। (ভাব এই যে,—সর্ব্বলোকপালক, সকলের শ্রেয়ঃসাধক জ্ঞানদেবতা মনুষ্যগণের সৎকর্ম্মের দ্বারাই প্রকাশিত হয়েন।)॥ (৩অ—২খ—১সূ—২সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

(বহ্ব্যপ্যগ্নিঃ স্বরূপেণৈক এব তথাপি প্রয়োগভেদাদাহবনীয়াদিস্থানভেদাচ্চ বহুবিধত্বমভিপ্রেত্য) 'অগ্নিং অগ্নিং'—ইতি বীপ্সা। তং 'হবীমভিঃ' আহ্বানকরৈর্ম্মন্ত্রৈঃ 'সদা হবন্ত' নিরন্তরমনুষ্ঠাতার আহ্বয়ন্তি। কীদৃশং? 'বিশ্পতিং' বিশাং প্রজানাং হোত্রাদীনাং পালকং

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার প্রথম মণ্ডলের দ্বাদশ সূক্তের প্রথমা ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায় দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

'হব্যবাহং' যজমান-সমর্পিতস্য হবিষঃ দেবান্ প্রতি বোঢ়ারং অতএব 'পুরুপ্রিয়ং' বহুনাং দেবানাং প্রীত্যাস্পদং। অগ্নিমগ্নিং—'নিত্যবীপ্সয়োঃ (৮।১।৪)' ইতি বীপ্সায়াং দ্বির্ভাবঃ; 'তস্য পরমাম্রেড়িতং (৮।১।২)' ইত্যাম্রেড়িত সংজ্ঞায়াং 'অনুদাত্তঞ্চ (৮।১।৩)'—ইত্যনুদাত্তত্বং। হবীমভিঃ - হ্বেঞ স্পর্দ্ধায়াং শব্দে চ (ভ্বা., উভ.); আহ্বানকরণভূতেষু মন্ত্রেষু স্বব্যাপারস্বাতন্ত্র্যাৎ কর্ত্তৃত্ববিবক্ষয়া 'অন্যেভ্যোঽপি দৃশ্যন্তে (৩।২।৭৫)'—ইতি কর্ত্তরি মনিন্; তস্য ছান্দস ইডাগমঃ; 'বহুলং ছন্দসি (৬।১।৩৪)' ইতি ধাতোঃ সম্প্রসারণং; পরপূর্ব্বত্বং গুণাবাদেশৌঃ নিত্ত্বাদাদ্যুদাত্তত্বং (৬।১।১৯৭)। সদা 'সর্ব্বৈকান্যেত্যাদিনা (৫।৩।১৫)' সর্ব্বশব্দাদ্দা প্রত্যয়ঃ সর্ব্বস্য সোঽন্যতরস্যাং (৫।৩।৬)—ইতি স-আদেশঃ; প্রত্যয়স্বরেণান্তোদাত্তত্বং (৩।১।৮৫)। হবস্ব হ্বেঞো লট্ থস্য অন্থাদেশঃ (৭।১।৯); 'টেরেত্বাম্ছন্দসঃ (৬।৪।৭৬)' অপি 'বহুলং ছন্দসি (৬।১।৩৪)' ইতি সম্প্রসারণং; 'তিঙ্ঙতিঙঃ (৮।১।২৮)'—ইতি নিঘাতঃ। বিশ্পতিং—পত্যাবৈশ্বর্য্যে (৬।২।১৮) ইতি পূর্ব্বপদপ্রকৃতিস্বরে প্রাপ্তে, পরাদিশ্ছন্দসি (৬।২।১৯৯) - ইত্যুত্তরপদাদ্যুদাত্তত্বং। হব্যবাহং—বহ প্রাপণে (ভ্বা., উভ.) বহশ্চ (৩।২।৬৪)—ইতি ণ্বি প্রত্যয়ঃ; কৃদুত্তরপদপ্রকৃতিস্বরত্বং (৬।২।১৩৯)। পুরুপ্রিয়ং—সমাসান্তোদাত্তত্বং (৬।১।২২৩)। (৩অ ২খ - ১সূ - ২সা)।

* * *

দ্বিতীয় (৭৯১) সামের মর্ম্মার্থ।

যজ্ঞের দিক দিয়া, অগ্নিকুণ্ডে আহুতি প্রদান করিয়া অগ্নিদেবতারই পূজা করা হয়। আবার, অগ্নি-রূপে যিনি প্রকাশমান, সেই সর্ব্ব-স্বরূপের প্রতি যখন মনোমধ্যে স্থান পায়, তখনও বুঝিতে পারা যায়, যে নামে যাঁহারই অর্চ্চনা কর না কেন, সে অর্চ্চনা তাঁহাতেই গিয়া পৌঁছিয়া থাকে। সুতরাং সদাকাল যেখানে যে পূজা-অর্চ্চনা চলিয়াছে, মানুষ যেরূপে যে ভাবেই তাঁহার উদ্দেশ্যে কর্ম্মানুষ্ঠান করিয়া থাকে, তিনি বিভিন্নরূপে প্রকাশমান থাকিলেও সে সকলই সেই এক তাঁহাকেই প্রাপ্ত হইতেছে।

মন্ত্রে তাঁহাকে 'হব্যবাহং' বলা হইয়াছে। একভাবে দেখিবার অধিকার সকলের নাই। ভিন্ন ভাবে ভিন্ন দেবতার উপাসনা বিভিন্ন মনুষ্য সমাজে তাই প্রচলিত দেখি। এখানে ইঙ্গিতে তাঁহাদের অভিন্নত্ব প্রতিপন্ন হইতেছে। বলা হইতেছে—'অগ্নিদেব হব্যবাহ।' তোমার যাহা কিছু দিবার আছে, তাঁহার গর্ভে প্রদান কর; তোমার প্রদত্ত সামগ্রী তিনি তোমার অভীষ্ট দেবতা সমীপে পৌঁছাইয়া দিবেন। তিনি দূতের কার্য্য করেন, তিনি তোমার প্রদত্ত হবিঃ—তোমার হৃদয়ের শুদ্ধসত্ত্বভাব, তোমার ইষ্টদেবের নিকট পৌঁছাইয়া দেন। অগ্নিদেব—জ্ঞানদেবতা, হৃদয়ে সেই শুদ্ধসত্ত্বভাব উৎপাদন করেন, আবার তিনি হৃদয়ের সেই শুদ্ধসত্ত্ব-ভাবকে ভগবানের নিকট পৌঁছাইয়া দেন। এতদুভয় অর্থেই 'হব্যবাহং' বিশেষণ পদের সার্থকতা। (৩অ ২খ ১সূ ২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের দ্বাদশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ৩ ১ ২
অগ্নে দেবাঁ ইহাবহ জজ্ঞানো বৃক্তবর্হিষে।
২ ৩ ১ ২ ৩ ১ ২
অসি হোতা ন ঈড্যঃ॥ ৩॥

∴

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অগ্নে' (হে জ্ঞানদেব) ত্বং 'জজ্ঞানঃ' (কর্ম্মণা জ্ঞানেন বা উৎপন্নঃ ভবসি ইতি শেষঃ); হে দেব! 'বৃক্তবর্হিষে' (বৃক্তেন ছিন্নেন বর্হিষা কুশেন বৃক্তায় হৃদয়ায়, রিপুভিঃ নির্য্যাতিতায় বিচ্ছিন্নীকৃতায় বা অস্মাকং ইতি ভাবঃ) 'ইহ' (অস্মিন্ কর্ম্মণি হৃদি বেতি ভাবঃ) 'দেবান্' (দীপ্তিদানাদিযুক্তান্ সর্ব্বান্ দেবভাবান্ বা) 'আবহ' (আনয়); ত্বং হি 'নঃ' (অস্মাকং) 'ঈড্যঃ' (স্তুত্যঃ) 'হোতা' (যতঃ অস্মৎপক্ষে দেবানাং আহ্বানকর্ত্তা, হৃদি দেবভাবানাং আনয়নকর্ত্তা) 'অসি' (ভবসি)। আত্মোদ্বোধকঃ অয়ং মন্ত্রঃ। অস্মাকং ইষ্টসিদ্ধিনিমিত্তং জ্ঞানদেবং আহ্বাতব্যং ইতি ভাবঃ। (৩অ ২খ—১সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে জ্ঞানদেব! কর্ম্মের দ্বারা বা জ্ঞানের দ্বারা আপনি উৎপন্ন হন; হে দেব! রিপুগণকর্তৃক নির্য্যাতিত বিচ্ছিন্নীকৃত আমাদিগের এই কর্ম্মে (অথবা হৃদয়ে) আপনি দেবভাবসমূহকে আনয়ন করুন। আপনিই আমাদিগের পূজ্য; যেহেতু আপনি হৃদয়ে দেবভাবের আনয়নকর্ত্তা হয়েন। (মন্ত্রটী আত্মোদ্বোধক। ভাব এই যে,—আমাদিগের ইষ্টসিদ্ধি নিমিত্ত জ্ঞানদেবকে আহ্বান করা কর্ত্তব্য।)॥ ৩অ—২খ—১সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'অগ্নে'! 'জজ্ঞানঃ' অরণ্যোরুৎপন্নঃ ত্বং 'বৃক্তবর্হিষে' আস্তরণার্থং ছিন্নেন বর্হিষা যুক্তায়। ত্বং 'যজমানমনুগ্রহীতুং' 'ইহ' কর্ম্মণি হবির্ভুজো দেবানাবহ—'নঃ' অস্মদর্থং 'হোতা' দেবানামাহ্বাতা ত্বং 'ঈড্যোহসি' স্তুত্যো ভবসি॥ (৩অ-২খ ১সূ—৩সা)॥

* * *

তৃতীয় (৭১২) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের প্রথম এক 'জজ্ঞানঃ' পদ লইয়া বিতণ্ডার অবধি নাই। অরণীতে অরণীতে অর্থাৎ কাষ্ঠে কাষ্ঠে সংঘর্ষণে যে অগ্নি উৎপন্ন হয়, এখানে সেই অগ্নিকে লক্ষ্য করা হইয়াছে—

উহাই ভাষ্যকারগণের সিদ্ধান্ত। কিন্তু 'অজ্ঞানঃ' শব্দের প্রকৃতার্থ 'উৎপন্ন'। যে অগ্নি জাজ্বল্যমান-রূপে প্রত্যক্ষীভূত হয়, তাহাকেই অরণ্যাদি (কাষ্ঠাদি) সম্ভূত বলিতে পারি। আর, যে অগ্নি অন্তরের অন্ধকার দূর করে, তাহা জ্ঞান হইতে সমুৎপন্ন।

কাষ্ঠে কাষ্ঠে সংঘর্ষণে যে অগ্নি উৎপন্ন হয়, তাহার কি সাধ্য যে, তোমার ইষ্টসাধক দেবগণকে আনিতে পারে অথবা তোমার হইয়া তাঁহাদিগকে আহ্বান করিতে সমর্থ হয়? সে এক জ্ঞানাগ্নি ভিন্ন অন্য কিছুই নহে—সুধীরা ইহাই অবগত হন। তবে ঐ অরণী উদ্ভূত অগ্নির পূজা করিতে করিতে, অগ্নির স্বরূপ উপলব্ধ হইতে হইতে, ঐ অগ্নি কাহার জ্যোতিঃবিভূতি তাহা বুঝিতে বুঝিতে, স্বরূপ জ্ঞান সঞ্চার হইতে পারে। তাই, কর্ম্মে প্রবৃত্তি আনয়নের জন্য, প্রথম অবস্থার সাধকের নিমিত্ত পূর্ব্বোক্ত অর্থেরও সার্থকতা স্বীকার করা হয়। নচেৎ, মূল লক্ষ্য যে ব্রহ্মজ্ঞান, তাহা বলাই বাহুল্য। মন্ত্রের অর্থ এইরূপ-ভাবেই অনুধাবন করা বিধেয়। (৩অ ২খ ১সূ ৩সা)। *

প্রথমং সাম।

৩ ২ ৩১ ২ ৩ ১২৩ ১ ২
মিত্রং বয়৺ হবামহে বরুণ৺ সোমপীতয়ে।
২ ৩ ২ ৩১২
যা জাতা পূতদক্ষসা ॥ ১ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বয়ং' (প্রার্থনাকারিণঃ) 'মিত্রং' (মিত্রস্থানীয়ং মিত্রদেবং) 'বরুণং' (অভীষ্টবর্ষকং বরুণদেবং) 'সোমপীতয়ে' (সত্ত্বভাবগ্রহণায়, অস্মাকং যজ্ঞে কর্ম্মণি বা সম্মিলনায় ইত্যর্থঃ) 'হবামহে' (আহ্বয়ামঃ, অনুসরেম ইত্যর্থঃ); 'যা জাতা' (স্বপ্রকাশৌ যৌ দেবৌ তৌ ইত্যর্থঃ) অস্মাকং 'পূতদক্ষসা' (পবিত্রকারকৌ, পুণ্যপ্রদৌ) ভবতাং ইতি শেষঃ। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধকঃ প্রার্থনামূলকশ্চ। বয়ং ভগবৎপরায়ণাঃ ভবেম; স পরমদেবঃ অস্মান্ পরিত্রায়তু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩অ—২খ—২সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

প্রার্থনাকারী আমরা মিত্রদেবকে ও বরুণদেবকে সত্ত্বভাব-গ্রহণের জন্য অর্থাৎ আমাদিগের যজ্ঞে বা কর্ম্মে সম্মিলিত হইবার জন্য আহ্বান করিতেছি—যেন অনুসরণ করি; স্বপ্রকাশ যে দেবদ্বয়, তাঁহারা

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের দ্বাদশ সূক্তের তৃতীয়া ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

আমাদিগের পবিত্রকারক হউন। (মন্ত্রটী আত্মোদ্বোধক ও প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবৎপরায়ণ হই; সেই পরমদেবতা আমাদিগকে পরিত্রাণ করুন।) (৩অ—২খ—২সু—১সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

'বয়ং' অনুষ্ঠাতারঃ 'সোমপীতয়ে' সোমপানার্থং (দাসীভারাদিত্বাৎ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং) 'মিত্রং' 'বরুণং' চ উভাবাহ্বয়ামঃ। কীদৃশাবুভৌ? 'যা জাতা' যৌ জাতৌ সন্তৌ প্রদেশং প্রাদুর্ভবন্তৌ, 'পূতদক্ষসা' শুদ্ধবলৌ। পূঞ্ পবনে (ক্র্যা০, উভ০); নিষ্ঠা (৩২।১০২)-ইতি ক্তঃ, শ্র্যুকঃ কিতি (৭।২।১১)—ইতি ইট্ প্রতিষেধঃ। পূতং দক্ষো যয়োস্তৌ 'বহুব্রীহৌ প্রকৃত্যা (৬২১)-ইতি পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। 'যা জাতা' 'জজ্ঞানা' ইতি পাঠৌ। (৩অ-২খ-২সূ—১সা)॥

* * *

প্রথম (৭৯৩) সামের মর্ম্মার্থ।

——§:•:§——

সোমপানের (পূজাগ্রহণের ভক্তিসুধাপানের, কর্ম্মের সহিত সম্মিলনের) জন্যই মিত্র ও বরুণ দেবতাদ্বয়কে আহ্বান করা হইয়াছে। তবে এখানে তাঁহাদের যে দুইটী বিশেষণ আছে, তদ্বিষয় অনুধাবন করা আবশ্যক বলিয়া মনে করি। বলা হইয়াছে—তাঁহারা 'জজ্ঞানা'। জ্ঞানমূলক 'জ্ঞা' ধাতু হইতে ঐ পদ ব্যুৎপন্ন। আমরা মনে করি, উহার অর্থ—জ্ঞানস্বরূপ; যাঁহা হইতে জ্ঞান উৎপন্ন হয়, তাহাই 'যজ্ঞান' অর্থাৎ জ্ঞানের জন্ম বা উৎপত্তি-স্থান। তাহা হইতে 'জ্ঞানপ্রদ' অর্থ আসে। 'পূতদক্ষসা'; 'পূত' অর্থাৎ পারদর্শী। তাহা হইতেই 'পবিত্রকারী' এই ভাব আমরা গ্রহণ করিতে পারি। দেবতারাই পবিত্রতালাভের জন্য দেবদ্বারে শরণাপন্ন হও,—হৃদয়ে দেবতার বা দেবভাবের প্রতিষ্ঠা কর; তাহাতেই পরিত্রাণ লাভ করিবে। ইহাই এখানকার মর্ম্মার্থ। (৩অ ২খ—২সূ—১সা)॥ •

— ০ —

দ্বিতীয়ং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ঋতেন যাবৃতাবৃধাবৃতস্য জ্যোতিষস্পতী।
২ ৩১র ২র
তা মিত্রাবরুণা হুবে॥ ২॥

• এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের ত্রয়োবিংশ সূক্তের চতুর্থী ঋক্। (প্রথম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)।

CC0. In Public Domain. Śri Śri Anandamayee Ashram Collection, Varanasi

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যৌ' (দেবৌ) 'ঋতেন' (সত্যেন সৎকর্ম্মণা বা) 'ঋতাবৃধৌ' (সত্যসংরক্ষকৌ সুফলপ্রদৌ বা।) 'ঋতস্য' (সত্যস্য, সৎকর্ম্মণঃ বা) 'জ্যোতিষঃ' (প্রকাশরূপস্য আত্মজ্ঞানস্য) 'পতী' (সম্বর্দ্ধকৌ), 'তা' (তৌ) 'মিত্রাবরুণা' (মিত্রবরুণৌ দেবৌ) 'হুবে' (আহ্বয়ামি, অনুসরণং করবাণি ইত্যর্থঃ)। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধকঃ সঙ্কল্পাত্মকঃ চ। মিত্রবরুণদেবৌ সত্যরক্ষকৌ আত্মজ্ঞানবর্দ্ধকৌ; সত্যজ্ঞানলাভায় তাবহং অনুসরণং করবাণি—ইতি ভাবঃ॥ (৩অ ২খ—২সূ ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

যে দেবতাদ্বয় সত্যের দ্বারা বা সৎকর্ম্মের দ্বারা সত্য-সংরক্ষক বা সুফলপ্রদ, সত্যের বা সৎকর্ম্মের প্রকাশ-রূপ আত্মজ্ঞানের প্রতিপালক ও প্রবর্দ্ধক, সেই মিত্র ও বরুণ-দেবদ্বয়কে আমি আহ্বান করিতেছি—যেন অনুসরণ করি। (মন্ত্রটী আত্মোদ্বোধক ও সঙ্কল্পাত্মক। ভাব এই যে,—মিত্র ও বরুণ দেবতাদ্বয় সত্য-সংরক্ষক ও আত্মজ্ঞান-বর্দ্ধক; সত্যজ্ঞান-লাভের জন্য তাঁহাদিগকে আমি যেন অনুসরণ করি।)॥ (৩অ—২খ—২সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'যৌ' মিত্রাবরুণৌ 'ঋতেন' সত্যবচনেন যজমানানুগ্রহকারিণা ঋতাবৃধৌ ঋতমংক্ষুন্তাবিতয়া সত্যং কর্ম্মফলং তস্য বর্দ্ধকৌ 'ঋতস্য' সত্যস্য প্রশস্তস্য 'জ্যোতিষঃ' প্রকাশস্য 'পতী' পালকৌ শ্রুত্যন্তরে মিত্রাবরুণয়োরদিতি পুত্রত্বেন শ্রুতত্বাৎ দ্বাদশাদিত্যান্তর্ভূতত্বেন জ্যোতিষঃ পালকত্বং যুক্তং শ্রুত্যন্তরে চ অষ্টৌ পুত্রাসো অদিতেরিত্যুপক্রম্য মিত্রশ্চ বরুণশ্চেত্যাদিকমাম্নাতং তৌ মিত্রাবরুণৌ: তথাবিধৈর্ম্মিত্রাবরুণৈঃ সুপাং সুলুগিতি (৭।১।৩৯) পূর্ব্বসবর্ণদীর্ঘ আকারঃ) 'হুবে' আহ্বয়ামি। হ্বেঞ আত্মনেপদোত্তমপুরুষৈকবচনে সম্প্রসারণে (৬।১।৩৪) পূর্ব্বরূপত্বে চ (৬।১।১০৮) বহুলং ছন্দসি (২।৪।৭৩) ইতি শপোলুক্; টেরেত্বং (৩।৪।৩৯) গুণে প্রাপ্তে ক্ঙিতি চ (১।১।৫)—ইতি প্রতিষেধঃ; উবঙাদেশঃ (৬।৪।৭৭) তিঙ্ঙতিঙঃ (৮।১।২৮) ইতি নিঘাতঃ॥ (৩অ—২খ—২সূ—২সা)।

* * *

দ্বিতীয় (৭৯৪) সামের মর্ম্মার্থ।

—§ * §—

মন্ত্রের মর্ম্মার্থ এই যে,—'মিত্র ও বরুণদেবদ্বয় সত্যের পালক, সৎকর্ম্মকারীর সংরক্ষক, তাঁহাদিগের অনুকম্পায় সত্য ও জ্ঞান পরিবর্দ্ধিত হয়; সত্যসহযুত কর্ম্মের এবং আত্মজ্ঞান-সঞ্চারের পক্ষে তাঁহারা সহায়তা করেন। আমি সেই দেবদ্বয়কে আহ্বান করিতেছি; অর্থাৎ, সেই দেবদ্বয় আমাদিগকে সত্যপর ও সৎকর্ম্মশীল করুন—এই প্রার্থনা জানাইতেছি।' যে

গুণে গুণান্বিত হইলে—যে ভাবে ভাবান্বিত হইলে, দেবতারা আমাদিগকে রক্ষা করিবেন, আমরা যেন সেই গুণ সেই ভাব প্রাপ্ত হই,—ইহাই এ মন্ত্রের প্রার্থনার অভিপ্রায়। আমরা যেন সৎকর্ম্মশীল হই,—ইহাই এই মন্ত্রের উদ্বোধন ॥ (৩অ-২খ-২সূ—২সা)॥ *

—•—

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ২ ১র ২র ৩ ১ ২
বরুণঃ প্রাবিতা ভুবন্মিত্রো বিশ্বাভিঃ ঊতিভিঃ।
১ ২ ৩ ১ ২
করতাং নঃ সুরাধসঃ ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বরুণঃ' (বরুণদেবঃ) 'মিত্রঃ' (মিত্রদেবঃ) 'বিশ্বাভিঃ' (সর্ব্বাভিঃ) 'ঊতিভিঃ' (রক্ষাভিঃ, মঙ্গলসাধনৈঃ) 'নঃ' (অস্মাকং) 'প্রাবিতা' (রক্ষকঃ, পরিত্রাণকর্ত্তা) 'ভুবৎ' (ভবতু), তৌ দেবৌ 'নঃ' (অস্মান্) 'সুরাধসঃ' (পরমধনযুক্তান্, আত্মজ্ঞানসম্পন্নান্) 'করতাং' (কুরুতাং)। প্রার্থনায়াঃ ভাবঃ—হে দেবৌ, তয়োঃ রক্ষাপ্রভাবেণ বয়ং পরমধনং লভামহে—ইত্যেনং অনুগ্রহং কুরুতাং। (৩অ-২খ-২সূ-৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

বরুণদেব এবং মিত্রদেব সর্ব্বপ্রকার মঙ্গলসাধন দ্বারা আমাদিগের রক্ষক (পরিত্রাণকর্ত্তা) হউন; আর তাঁহারা আমাদিগকে পরমধনযুক্ত অর্থাৎ আত্মজ্ঞানসম্পন্ন করুন। (প্রার্থনার ভাব এই যে,—হে দেবদ্বয়! আপনাদিগের রক্ষাপ্রভাবে আমরা যেন পরমধন প্রাপ্ত হই—এইরূপ অনুগ্রহ করুন।)। (৩অ—২খ—২সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অয়ং 'বরুণঃ' দেবঃ অস্মাকং 'প্রাবিতা ভুবৎ' প্রকর্ষেণ রক্ষকো ভবতু। 'মিত্রঃ' চ 'বিশ্বাভিঃ ঊতিভিঃ সর্ব্বাভিঃ প্রাবিতা ভুবৎ। তাবুভাবপি 'নঃ' অস্মান্ 'সুরাধসঃ' প্রভূতধনযুক্তান্ 'করতাং' কুরুতাং। ডুকৃঞ্ করণে (উভ০) ভৌবাদিকঃ লোটস্তস্ তসস্তাং, অকর্ত্তরি শপ্ গুণোরপরত্বং, শপঃ পিত্ত্বাদনুদাত্তত্বং (২।১।৪) তিঙশ্চ লসার্ব্বধাতুক স্বরেণ (৬।১।১৮৬) ধাতুস্বরং (৬।১।১৬২) শিষ্যতে। (৩অ—২খ—২সূ—৩সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের ত্রয়োবিংশ সূক্তের পঞ্চমী ঋক্ (প্রথম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, নবম বর্গের অন্তর্গত)।

তৃতীয় (৭৯৫) সামের মর্ম্মার্থ।

—:§*§:—

এ মন্ত্রে পরিত্রাণ ও আত্মজ্ঞান লাভের প্রার্থনা আছে। কিন্তু প্রচলিত ব্যাখ্যা-সমূহে প্রকাশ,—'এখানে অনার্য্য-শত্রু হইতে আত্মরক্ষার এবং প্রভূত ধনপ্রাপ্তির কামনা প্রকাশ পাইতেছে।' কিন্তু 'ঊতি' শব্দের রক্ষণার্থক ভাব এবং প্র-পূর্ব্বক 'অব' ধাতু হইতে নিষ্পন্ন 'প্রাবিতা' (প্র-অবিতা)—ঐ দুই পদ অসাধারণ রক্ষা বা পরিত্রাণ অর্থই দ্যোতনা করে। তার পর, 'সুরাধসঃ' পদ; 'রাধ' শব্দে যে ধন বুঝায়, তাহার বিষয় আমরা পুনঃ পুনঃ আভাস দিয়াছি। এখানে আবার তাহার সঙ্গে 'সু' বিশেষণ আছে। ফলতঃ এ মন্ত্রে বলা হইয়াছে,—'হে দেবদ্বয়! আপনারা আমাদিগকে পরিত্রাণদায়ক 'সুরাধসঃ' দান করুন.' (৩অ—২খ-২সূ—৩সা)॥ *

—*—

প্রথমঃ সাম :

২ ৩ ২ ৩ ১ ২ ৩১ ২র ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দ্রম্ ইৎ গাথিনো বৃহৎ ইন্দ্রম্ অর্কেভিঃ অর্কিণঃ।
২ ৩ ১ ২
ইন্দ্রং বাণীঃ অনূষত॥ ১॥

*

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গাথিনঃ' (উদ্গাতারঃ, সামগাঃ) 'বৃহৎ' (বৃহতা, মহতা) 'উক্থেন' (সামমন্ত্রেণ) 'ইন্দ্রং ইৎ' (ইন্দ্রমেব) 'অনূষত' (অনাবিষুঃ, স্তুতবন্তঃ) 'অর্কিণঃ' (ঋঙ্মন্ত্রোচ্চারণকারিণো হোতারঃ) 'অর্কেভিঃ' (ঋঙ্মন্ত্রৈঃ) ইন্দ্রং (ইন্দ্রমেব) অনূষত ইতি শেষঃ। 'বাণীঃ' (বাণ্যা, যজুর্ম্মন্ত্রৈঃ অধ্বর্য্যব ইতি ভাবঃ) ইন্দ্রং (ইন্দ্রমেব) অনূষত ইতি শেষঃ। সর্ব্বে অর্চ্চনাকারিণঃ ভগবন্তং ইন্দ্রদেবং অর্চ্চয়ন্তি ইতি ভাবঃ। (৩অ—২খ-৩সূ-১সা)।

* * *

বঙ্গানুবাদ।

সামগানকারী উদ্গাতৃগণ মহৎ সামগানে ইন্দ্রদেবেরই স্তব করেন; ঋগ্বেদীয় হোতৃগণ ঋঙ্মন্ত্রে ইন্দ্রদেবেরই স্তব করেন; যজুর্ব্বেদীয় অধ্বর্য্যুগণ যজুর্ম্মন্ত্রে ইন্দ্রদেবেরই স্তব করেন। (ভাব এই যে,—অর্চ্চনাকারী সকলেই ভগবান্ ইন্দ্রদেবের অর্চ্চনা করিয়া থাকেন)॥ (৩অ—২খ—৩সূ—১সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের ত্রয়োবিংশ সূক্তের ষষ্ঠী ঋক্ (প্রথম অষ্টক, দ্বিতীয় অধ্যায় নবম বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

'গাথিনঃ' গীয়গান-সামযুক্তা উদ্গাতারঃ 'ইন্দ্রমিৎ' ইন্দ্রমেব 'বৃহৎ' 'ত্বামিদ্ধি হবামহে' (ছ° আ° ৩।১।৫।২) ইত্যস্যামৃচ্যুৎপন্নেন বৃহন্নামকেন (আ° গা° ১।১ ২৭) সাম্না 'অনূষত' স্তুতবন্তঃ ণু স্তুতৌ তু° প°) 'ণো নঃ' (৬ ১ ৬৫)—ইতি নত্বং; লুঙি সাভায়েনাত্মনেপদং (৩।১।৮৫) ঝস্য অদাদেশঃ (৭।১।৫); সিচ ইড়ভাবঃ উকারস্য দীর্ঘত্বং ছান্দসং (৬।১।১৩৩) ধাতোঃ কুটাদিত্বাৎ সিচো ডিত্ত্বেন (১ ২ ১) গুণাভাবঃ (১ ১ ৫) 'অর্কিণঃ' অর্চ্চনহেতু মন্ত্রোপেতা হোতারঃ 'অর্কেভিঃ' উক্থলক্ষণৈর্মন্ত্রৈরনূষত। যে স্তবশিষ্টা অধ্বর্যবঃ তে 'বাণীঃ' বাগভিঃ। যজুরূপাভিঃ ইন্দ্রং অনূষত অর্কস্য মন্ত্রপরত্বং যাস্কেনোক্তং (৫।৪) অর্কোমন্ত্রোবদনেনার্চ্চন্তীতি। (৩প—২খ—৩সূ—১সা)।

• • •

প্রথম (৮৯৬) সামের মর্ম্মার্থ।

বর্ত্তমান মন্ত্রে বলা হইয়াছে,—'হে ইন্দ্রদেব! ত্রয়ী (বেদ) তোমারই স্তুতিগানে বিনিযুক্ত আছে।' তাঁহার নামের অন্ত নাই, তাঁহার কর্ম্মেরও অন্ত নাই। অনন্তকর্ম্মী বলিয়াই অনন্ত রূপ-গুণে তাঁহাকে বিভূষিত করা হয়। প্রতি নামে, রূপে, প্রতি ভাবে, তাই তাঁহাকে উদ্ভাসিত দেখি।

দৃষ্টির তারতম্যানুসারেই পার্থিব দ্রব্য-সামগ্রী ও বিভিন্নরূপে প্রতিভাত হইয়া থাকে। পরিদৃশ্যমান যে জগৎ, তৎসম্বন্ধেই যখন এতাদৃশ বিরুদ্ধ মত-ভাবের আভাস হয়, তখন যিনি অবাঙ্মনসগোচর, তাঁহার সম্বন্ধে তাঁহার প্রাপ্তি সম্বন্ধে যে বহু মতবাদ উপস্থিত হইবে, তাহাতে আর আশ্চর্য্য কি?

উদ্দেশ্য এক—লক্ষ্য অভিন্ন; অথচ, জ্ঞানের বা শক্তির তারতম্যানুসারে বিভিন্ন পথ পরিগ্রহণ আবশ্যক হয়। ইহাই অধিকার-বাদ। আমাদের শাস্ত্রগ্রন্থ-সমূহ যে কঠোর কঠিনভাবে অধিকারী অনধিকারীর স্তর পর্য্যায় নির্দ্দেশ করিয়া গিয়াছেন, তাহার কারণ, তাঁহাদিগের পক্ষপাতিত্ব বা একদেশদর্শিতা নহে। সে কেবল—জ্ঞান বৃদ্ধির সঙ্গে সঙ্গে গভীর বিষয়ে অভিনিবেশ পক্ষে উপদেশ দান উদ্দেশ্য মাত্র। (৩প—২খ—৩সূ—১সা)। *

— • —

দ্বিতীয় সাম।

১ ২ ২উ ৩ ২৩ ১ ২৩ ১ ২ ৩১২
ইন্দ্র ইদ্ধর্য্যোঃ সচা সংমিশ্ল আ বচোযুজা।
১ ২ ৩ ১ ২৩১২
ইন্দ্রো বজ্রী হিরণ্যয়ঃ ॥ ২ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের সপ্তম সূক্তের প্রথমা ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

'বচোযুজা' (বচোযুজয়োঃ, বচসা ভগবদ্বাক্যানুরূপেণ কর্ম্মণা যুজয়োঃ যুক্তয়োঃ শাস্ত্রানুসারিকর্ম্মসংযুক্তয়োঃ) 'হর্য্যোঃ' (জ্ঞানভক্তিরূপদিব্যকিরণয়োঃ) 'সচা' (সহ) 'ইন্দ্র ইৎ' (ভগবান্ ইন্দ্রদেবো নিশ্চিতমেব) 'আ সম্মিশ্লঃ' (সম্যক্ মিলিতো ভবতীতি শেষঃ) ; ইন্দ্রঃ (ভগবান ইন্দ্রদেবঃ) 'বজ্রী' (বজ্রযুক্তঃ, বজ্রধারী, কঠোরভাবাপন্নঃ) 'হিরণ্যয়ঃ' (হিরণ্ময়ঃ, স্বর্ণাভরণভূষিতঃ, দয়াদাক্ষিণ্যাদিগুণভূষিতঃ, করুণাসম্পন্নঃ ইতি ভাবঃ)। সৎকর্ম্মণা সহ ভগবতঃ সম্বন্ধঃ অবিচ্ছিন্নঃ। ভগবান্ দুর্জ্জনানাং শাসকঃ সজ্জনানাং পালকঃ ইতি ভাবঃ ॥ (৩অ—২খ—৩সূ—২সা) ॥

* * *

বঙ্গানুবাদ ।

ভগবদ্বাক্যানুরূপ (শাস্ত্রানুসারী) কর্ম্মের দ্বারা যুক্ত (প্রাপ্ত) জ্ঞান-ভক্তিরূপ-দিব্যকিরণ সহ ভগবান্ ইন্দ্রদেব নিশ্চয় সম্মিলিত হয়েন ; তিনি বজ্রের ন্যায় কঠোর ; তিনি সুবর্ণের ন্যায় কমনীয় (স্নেহশীল)। (ভাব এই যে,—সৎকর্ম্মের সহিত ভগবানের অবিচ্ছিন্ন সম্বন্ধ। তিনি দুর্জ্জনের দমনকারী এবং সজ্জনের প্রতিপালক। (৩অ—২খ—৩সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

'ইন্দ্রইৎ' ইন্দ্র এব হর্য্যোঃ' হরিনামকয়োরশ্বয়োঃ—'সচা' সহ যুগপৎ 'আ সম্মিশ্লঃ' সর্ব্বতঃ সম্যক মিশ্রয়িতা। কীদৃশয়োর্হর্য্যোঃ 'বচোযুজা' ইন্দ্রস্য বচনমাত্রেন রথে যুজ্যমানয়োঃ সুশিক্ষিতয়োরিত্যর্থঃ। অয়ং 'ইন্দ্রঃ' 'বজ্রী' বজ্রযুক্তঃ 'হিরণ্যয়ঃ সর্ব্বাভরণভূষিতঃ ইত্যর্থঃ ॥ ২ ॥

* * *

দ্বিতীয় (৭৯৭) সামের মর্ম্মার্থ ।

এই সামের অর্থ-সঙ্গতি বিষয়ে বড়ই সমস্যা দেখিতে পাই। সায়ণ-ভাষ্যের অনুসরণে অর্থ হয়,—'ইন্দ্রেরই বাক্য মাত্রে হরি নামক অশ্বদ্বয় তাঁহার রথে সংযুক্ত হয়। ইন্দ্র বজ্রযুক্ত এবং স্বর্ণাদিনির্ম্মিত ভূষণে ভূষিত।'

'তাঁহার বচন মাত্রে বা ইঙ্গিত মাত্রে অশ্বদ্বয় সংযুক্ত হয়' - এরূপ উক্তির কি মূল্য আছে, অথবা এরূপ উক্তিতে সেই দেবরাজ ইন্দ্রের যে কি গৌরব বৃদ্ধি হয়, আমরা তাহা বুঝিয়া উঠিতে পারি না। অশ্বের সহিত 'আ সম্মিশ্লঃ' অর্থাৎ 'সম্যক্‌রূপে মিশ্রিত হওনই' বা কি ?

মন্ত্রে বিশেষ নিগূঢ় ভাব ব্যক্ত আছে। 'হরি' শব্দের অর্থ যে 'কিরণ' জ্যোতিঃ', এ বিষয় আমরা পূর্ব্বেই বুঝাইয়াছি। দ্বিবচনান্ত 'হরী' শব্দে যে 'জ্ঞান ভক্তির দিব্য জ্যোতিঃ' বুঝায়, তাহাও পূর্ব্বেই প্রতিপন্ন করিয়াছি। এখানে একটী নূতন শব্দ—'বচোযুজা' (বচোযুজয়োঃ)। এ শব্দের অর্থ আমরা মনে করি—'ভগবানের বাক্য বা উপদেশানুরূপ বিহিত কর্ম্মানুষ্ঠান

দ্বারা যুক্ত বা প্রাপ্ত।' এ মন্ত্রে তাই বলা হইয়াছে,—'ভগবানের উপদেশানুরূপ কর্ম্মের দ্বারা সঞ্জাত (প্রাপ্ত) যে জ্ঞান-ভক্তি, তাহারই সহিত শ্রীভগবান্ সম্যক্-রূপে মিলিত হন।' মন্ত্রের ইহাই প্রকৃত তাৎপর্য্যার্থ। (৩অ—২খ ৩সূ—২সা)। *

* * *

তৃতীয়ং সাম।

২ ৩   ১ ২   ৩ ১ ২
ইন্দ্র বাজেষু নোব সহস্রপ্রধনেষু চ।
৩ ১   ৩ ১ ২   ৩ ২
উগ্র উগ্রাভিঃ ঊতিভিঃ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) ত্বং 'উগ্রঃ' (শত্রূণাং ভয়ঙ্করঃ, অপ্রধৃষ্যঃ) 'উগ্রাভিঃ' (অপ্রতিহতাভিঃ, অপ্রধৃষ্যাভিঃ) 'ঊতিভিঃ' (তব রক্ষাশক্তিভিঃ) 'বাজেষু' (সংগ্রামেষু) সহস্রপ্রধনেষু' (সহস্রাণি প্রধনানি নিধনানি লোকক্ষয়া যেষু তেষু, মহাসংগ্রামেষ্বিতি ভাবঃ), 'নঃ' (অস্মান্) 'অব' (রক্ষ)। প্রার্থনায়াঃ ভাবঃ—ইহ সংসারে বিষমরিপুসমরে বয়ং নির্য্যাতনগ্রস্তাঃ; অমিতপ্রভাবশালিন্ হে দেব! অস্মান্ রক্ষ॥ (৩অ—২খ ৩সূ ৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! আপনি অজেয় (শত্রুদিগের ভয়প্রদ); সমরে ও মহাসমরে, আপনার অপ্রতিহত রক্ষা-শক্তির দ্বারা, আপনি আমাদিগকে রক্ষা করুন। (ভাব এই যে,—ইহসংসারে বিষমরিপুসমরে আমরা নির্য্যাতনগ্রস্ত; অমিত-প্রভাবশালী হে দেব, আপনি আমাদিগকে রক্ষা করুন)। (৩অ—২খ—৩সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্র!' 'উগ্রঃ' শত্রুভিরপ্রধৃষ্যঃ ত্বং 'উগ্রাভিঃ' অপ্রধৃষ্যাভিঃ 'ঊতিভিঃ' অস্মদ্দ্বেষ্যাপর-পক্ষাভিঃ 'বাজেষু' যুদ্ধেষু 'নঃ' অস্মান্ 'অব' রক্ষ। তথা 'সহস্রপ্রধনেষু চ সহস্র-সংখ্যাক-গজাশ্বাদি-লাভযুক্তেষু মহাযুদ্ধেষ্বপি রক্ষ॥ (৩অ—২খ—৩সূ—৩সা)॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৪প—৬অ—২খ ৩সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের সপ্তম সূক্তের দ্বিতীয়া ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)।

তৃতীয় (৭১৮) সামের মর্ম্মার্থ।

ভাষ্যের অনুসরণে এ মন্ত্রের অর্থ নিষ্পন্ন করা হয়,—'আপনি যুদ্ধে আমাদিগকে রক্ষা করুন, এবং অশ্বগজাদি লাভযুক্ত মহাযুদ্ধে আমাদিগকে রক্ষা করুন।' এ হিসাবে সাধারণ যুদ্ধ একটা এবং মহাযুদ্ধ একটা। যুদ্ধ—অন্তরে ও বাহিরে দুই দিকে বাধিয়াছে। বহির্যুদ্ধের তুলনায় অন্তর্যুদ্ধই ভীষণতর। বহির্যুদ্ধে পৃথিবীর অল্প প্রাণীই নিহত হয়; কিন্তু অন্তর্যুদ্ধে অতি বড় রথিগণও ধরাশায়ী হন। 'বাজেষু' ও 'সহস্রপ্রধনেষু চ' পদে—এই জন্যই দুই যুদ্ধের বিষয় উক্ত হইয়াছে। ঐতিহাসিকের দৃষ্টিতে মন্ত্রের আরও এক ভাব কল্পনা করা হইয়া থাকে। কথিত হয়, পুরাকালে অসুরগণ যজ্ঞ নষ্ট করিত। যাজ্ঞিক জন-সাধারণ দেবরাজ ইন্দ্রের শরণাপন্ন হয়। তিনি যজ্ঞ রক্ষা করেন। তাহা হইতেই এই মন্ত্রের প্রবর্ত্তনা।

সে অর্থ—সে ভাব গ্রহণ করিতে গেলেও, আমরা বলি,—পুরাকালেই বা কেন, চির কালই অসুরগণ যজ্ঞ নষ্ট করিতেছে, চিরকালই যাজ্ঞিকগণ দেবরাজের শরণাপন্ন হইতেছে। মন্ত্র সেই নিত্যসত্য প্রার্থনার ভাবই বক্ষে ধারণ করিয়া আছে। (৩অ-২খ-৩সূ—৩সা)। *

চতুর্থং সাম।

১ ২ ৩ ২৩ ১২৩ ১র ২র ৩ ২
ইন্দ্রো দীর্ঘায় চক্ষস আ সূর্য্য৺ রোহয়দ্দিবি।
২উ ৩ ১ ২
বি গোভিঃ অদ্রিমৈরয়ৎ ॥ ৪ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'দীর্ঘায়' (নিরন্তরায়) 'চক্ষসে' (লোকানাং দর্শনায়, সংজ্ঞানং প্রদানায়) 'দিবি' (দ্যুলোকে, স্বর্লোকবাসিনাং সাধূনাং হৃদি ইতি যাবৎ) 'সূর্য্যং' (আদিত্যদেবং, জ্ঞানময়ং দেবং) 'আরোহয়ৎ' (স্থাপিতবান্); জ্ঞানদেবঃ সঃ সূর্য্যঃ 'গোভিঃ' (স্বকীয়রশ্মিভিঃ, জ্ঞানজ্যোতিভিঃ) 'অদ্রিং' (পর্ব্বতপ্রমুখং সর্ব্বং জগৎ) 'ব্যৈরয়ৎ' (বিশেষেণ প্রেরিতবান্, প্রকাশিতবান্, জ্ঞানান্বিতং কৃতবান্ ইত্যর্থঃ) – মন্ত্রো বহুভাবদ্যোতকঃ। অস্মাকং ব্যাখ্যায়াং দ্বৌ ভাবৌ প্রকাশেতে। একার্থঃ—ভগবান্ সূর্য্যস্য প্রতিষ্ঠাতা ; অন্যার্থঃ – ভগবান্ জ্ঞানপ্রদাতা। (৩অ—২খ—৩সূ – ৪সা) ॥

বঙ্গানুবাদ।

লোক-সকলকে নিরন্তর দর্শনশক্তি-দানের (সদ্‌জ্ঞান-প্রদানের) নিমিত্ত ভগবান্ ইন্দ্রদেব দ্যুলোকে সূর্য্যকে প্রতিষ্ঠিত রাখিয়াছেন ; অথবা, সাধুগণের হৃদয়ে জ্ঞানাধারকে প্রতিষ্ঠিত করিয়াছেন। জ্ঞানদেব সেই সূর্য্য স্বকীয় রশ্মিপ্রভাবে (জ্ঞানজ্যোতির দ্বারা) পর্ব্বত-প্রমুখ সর্ব্বজগৎকে বিশেষ প্রকারে প্রকাশিত (জ্ঞানান্বিত) করিতেছেন।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের সপ্তম সূক্তের চতুর্থী ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)।

(ব্যাখ্যায় এখানে দুই ভাব প্রকাশমান। ভগবান্ যে দৃশ্যমান সূর্য্যের বা জ্ঞানের প্রতিষ্ঠাতা, তাহাই এখানে প্রখ্যাত ॥ (৩অ—২খ—৩সূ—৪সা) ॥

* * *

সায়ণ ভাষ্যং

অয়ং 'ইন্দ্রঃ' 'দীর্ঘায়' প্রৌঢ়ায় নিরন্তরায় 'চক্ষসে' দর্শনায় 'দিবি' দ্যুলোকে 'সূর্য্যমারোহয়ৎ' পুরা বৃত্রাসুরেণ জগতি যদাপাদিতং তমস্তন্নিবারণেন প্রাণিনাং দৃষ্টিসিদ্ধ্যর্থং আদিত্যং দ্যুলোকে স্থাপিতবানিত্যর্থঃ। স চ সূর্য্যঃ 'গোভিঃ' স্বকীয়রশ্মিভিঃ 'অদ্রিং' মেঘং 'ব্যৈরয়ন্' বিশেষেণ দর্শনার্থং প্রেরিতবান্ প্রকাশিতবানিত্যর্থঃ অথবা ইন্দ্র এব 'গোভিঃ' জলৈর্নিমিত্তভূতৈঃ 'অদ্রিং' মেঘং 'ব্যৈরয়ন' বিশেষেণ প্রেরিতবান্ পঞ্চদশসংখ্যাকেষু রশ্মিনামসু 'স্বেদয়ঃ' (১) 'কিরণাঃ' (২) 'গাবঃ' (৩) – ইতি পঠন্তি (নিঘ০ ১।৫) ত্রিংশৎসংখ্যাকেষু মেঘনামসু 'অদ্রিঃ' (১) 'গ্রাবা' (২)—ইতি পঠিতং (নিঘ৪ ১।১০)। (৩অ—৩খ - ৩সূ - ৪সা) ॥

* * *

চতুর্থ (৭৯৯) সামের মর্ম্মার্থ।

সূর্য্যদেবকে প্রাণিগণের দৃষ্টিশক্তি বিকাশ জন্য, ইন্দ্রদেবই দ্যুলোকে স্থাপন করিয়াছেন—সামে ইহাই প্রতিপন্ন হইতেছে। অথচ সূর্য্যার্ঘ্য দানের মন্ত্রে দেখি সূর্য্যদেব পরব্রহ্মস্বরূপ বলিয়া উক্ত হইয়াছেন। যথা,—

"ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে। জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে ॥"

সূক্ষ্মভাবে দেখিতে গেলে ইন্দ্রদেব সূর্য্যকে স্থাপন করিয়াছেন বলিলে দোষ থাকে না, আবার সূর্য্যদেব ইন্দ্রকে স্থাপন করিয়াছেন বলিলেও দোষের হয় না। নারায়ণ হইতে ব্রহ্মা উৎপন্ন হন, ব্রহ্মা হইতে নারায়ণ উৎপন্ন হন,—এবংবিধ পরস্পর বিরুদ্ধ বাক্যেরও সঙ্গতি রক্ষা করা যাইতে পারে। ব্রহ্মের সম্বন্ধে আপাতঃ বিরুদ্ধ নানা শ্রুতি বাক্য আছে।

মন্ত্রের মর্ম্মানুসরণে মনোমধ্যে আর এক মহনীয় ভাবের উন্মেষ হইতে পারে। 'ইন্দ্রই সূর্য্যকে স্থাপন করিয়াছেন,' 'সূর্য্য দ্বারাই সূর্য্যদেব প্রত্যক্ষীভূত হন,' 'আলোক সাহায্যেই আলোককে দেখা যায়"—এবম্বিধ উক্তিসমূহ সম-পর্য্যায়ভুক্ত। এখানে কার্য্য-কারণ-সম্বন্ধে অভিন্নত্ব প্রতিপন্ন হয়। 'অগ্নি দ্বারা অগ্নি প্রজ্বালিত করিলাম'—এতদুক্তি যেমন যুক্তিযুক্ত; যে অগ্নি প্রজ্বালিত করিল এবং যে অগ্নি প্রজ্বালিত হইল—সেই দুই অগ্নিতে যেমন প্রভেদ নাই, তেমনিই 'নারায়ণ হইতে ব্রহ্মা এবং নারায়ণই ব্রহ্মা' এতদুক্তিতেও অসামঞ্জস্য দেখিতে পাই না। এতাদৃশ দৃষ্টিতে একের দ্বারা অন্যের—ইন্দ্রের দ্বারা সূর্য্যের প্রতিষ্ঠার বিষয়—কেন-না অঙ্গীকার করা যাইবে? সেই জন্যই শাস্ত্রের উপদেশ,—'দেখ, দেখিতে আরম্ভ কর; বুঝ, বুঝিতে আরম্ভ কর; স্তরে স্তরে অগ্রসর হও। বৃথা বিতর্কে ফল নাই। স্বরূপ তত্ত্ব অবগত হইবার চেষ্টা কর। সর্ব্বজগৎ—আলোককারী জ্যোতিরশ্মির ন্যায় তিনি হৃদয়ে প্রকাশমান হইবেন। এ মন্ত্রের ইহাই মর্ম্মার্থ ॥ (৩অ—২খ—৩সূ—৪সা) ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের সপ্তম সূক্তের তৃতীয়া ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)।

প্রথমং সাম।

১　২　৩ ১র　২র　৩ ১　২ ৩ ১র　২র
ইন্দ্রে অগ্না নমো বৃহৎ সুবৃক্তিমেরয়ামহে।
৩ ১র　২র　৩ ১ ২
ধিয়া ধেনা অবস্যবঃ॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অবস্যবঃ' (রক্ষাভিলাষিণঃ বয়ং) 'ইন্দ্রে অগ্না' (বলাধিপতিদেবে তথা জ্ঞানদেবে, তৌ অভিলক্ষ্য ইত্যর্থঃ) 'নমঃ' (প্রণামং, হৃদ্জাতাং ভক্তিং) তথা 'বৃহৎ' (মহতীং, ঐকান্তিকাং) 'সুবৃক্তিং' (প্রার্থনাং) 'এরয়ামহে' (প্রেরয়ামঃ, নিবেদয়ামঃ); 'ধিয়া' (প্রজ্ঞয়া, সৎকর্ম্মণা বা যুক্তং) 'ধেনাঃ' (জ্ঞানং) বয়ং প্রার্থয়ামঃ—ইতি শেষঃ। প্রার্থনামূলকোঽয়ং। হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং সৎকর্ম্মান্বিতং জ্ঞানং প্রদেহি ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ ২খ ৪সূ-১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

রক্ষাভিলাষী আমরা বলাধিপতি দেবতা এবং জ্ঞানদেবতাকে হৃদ্জাত ভক্তি এবং ঐকান্তিক প্রার্থনা নিবেদন করিতেছি; প্রজ্ঞাযুক্ত (অথবা সৎকর্ম্মসমন্বিত) জ্ঞান আমরা প্রার্থনা করিতেছি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে সৎকর্ম্ম-সমন্বিত জ্ঞান প্রদান করুন।)॥ (৩অ—২খ—৪সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'অবস্যবঃ' রক্ষণকামাঃ বয়ং 'ইন্দ্রে' দেবে অগ্না 'অগ্নৌ' চ 'বৃহৎ' বৃংহণং বর্দ্ধকং 'নমঃ' হবির্লক্ষণমন্নং 'সুবৃক্তিং' সুপ্রবৃত্তাং স্তুতিঞ্চ 'আদরীয়ামহে' প্রেরয়ামঃ। তথা চ 'ধিয়া' কর্ম্মণা যুক্তা 'ধেনাঃ' বাঙ্নামৈতৎ (নিঘ০ ১।১১।৩৯) স্তুতিরূপা বাচঃ অভিপ্রেরয়ামঃ॥ (৩অ—২খ—৪সূ—১সা)॥

* * *

প্রথম (৮০০) সামের মর্ম্মার্থ।

"আমার যা কিছু আছে এনেছি তোমার কাছে,
লহ প্রভো! লহ উপহার।

যদিও আমার বলিতে কিছু নাই, আমার বলিতে যাহা আছে, সকলই তোমারি দেওয়া, তথাপি তোমার দেওয়া সম্বল লইয়াই তোমার চরণে উপস্থিত হইয়াছি। তুমিই তোমার

চরণে উপস্থিত হইবার উপায় বিধান করিয়া দাও, আর তোমার সেই দান সম্বল করিয়াই আমরা তোমার পথে চলিতে সমর্থ হই। তুমি আমাদের হৃদয়ে যে আকাঙ্ক্ষা দিয়াছ, তাহাই তোমাকে পাইবার জন্য আমাদিগকে উদ্বুদ্ধ করে; তুমি আমাদিগকে যে শক্তি দিয়াছ, তাহারই স্ফুরণে আমরা তোমার অন্বেষণে চলিতে পারি। তুমিই হৃদয়ে ভক্তিরূপে, জ্ঞানরূপে, কর্ম্মপ্রেরণারূপে, আমাদিগকে চালিত করিতেছ। তাই মনে ভরসা হয়, এই অকিঞ্চনের প্রার্থনা সফল হইবে। সেই আশায় প্রবুদ্ধ হইয়াই তোমার চরণে প্রার্থনা নিবেদন করিতেছি। তুমিই 'হৃদয়ে থেকে হৃদয় নাথ! বাজাও তোমার মোহন বাশী।' সেই বাশীর আহ্বানেই আমরা তোমার পদে অঞ্জলি দিতে ছুটিয়া আসিয়াছি। ওগো করুণানিধান! আমাদিগের এই অর্ঘ্য গ্রহণ কর, আমাদিগকে তোমার স্নেহময় কোলে স্থান দাও। তোমার জ্ঞান লাভ করিয়া যেন আমরা তোমাতে আত্মসমর্পণ করিতে পারি। তোমার দেওয়া সৎকর্ম্মসামর্থ্য লাভ করিয়া যেন তোমার পূজায় আত্মনিয়োগ করিতে পারি। দেহ জ্ঞান, ভক্তি দেহ, শুষ্কচিত্তে বরিষ স্নেহ,—জীবন ধন্য হউক, তোমার পতিতপাবন নাম প্রচারিত হউক।" মন্ত্রের মধ্যে প্রার্থনার এই ভাবই আমরা লক্ষ্য করি। (৩অ—২খ—৪সূ—১সা)॥ •

— • —

দ্বিতীয় সাম।

র   ২র ৩   ১ ২   ৩ ১র   ২র   ৩ ১ ২
তা হি শশ্বন্ত ঈড়ত ইত্থা বিপ্রাস উতয়ে।
৩ ২ ৩   ১ ২
সবাধো বাজসাতয়ে॥ ২॥

• . *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'শশ্বন্তঃ' (বহবঃ, সর্ব্বে) 'বিপ্রাসঃ' (মেধাবিনঃ জনাঃ, প্রাজ্ঞাঃ সাধকাঃ) 'সবাধঃ' (বাধাপ্রাপ্তাঃ, রিপুভিঃ আক্রান্তাঃ সন্তঃ ইত্যর্থঃ) 'উতয়ে' (রক্ষণায়, রিপুকবলাৎ ইতি যাবৎ) তথা 'বাজসাতয়ে (আত্মশক্তিলাভায়) 'ইত্থা' (অনেন প্রকারেণ, ঐকান্তিকতয়া ইত্যর্থঃ) 'তা হি' (তৌ দেবৌ এব, জ্ঞানবলাধিপতিং দেবং এব) 'ঈড়তে', স্তুবন্তি, প্রার্থয়ন্তি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। রিপুজয়ায় তথা আত্মশক্তিলাভায় সাধকাঃ ভগবতঃ শরণং গচ্ছন্তি—ইতি ভাবঃ। (৩অ—২খ—৪সূ—২সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের, চতুর্ণবতিতম সূক্তের চতুর্থী ঋক্ (পঞ্চম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

সকল প্রাজ্ঞ সাধক রিপুগণকর্ত্তৃক আক্রান্ত হইয়া রিপুকবল হইতে রক্ষা পাইবার জন্য এবং আত্মশক্তি লাভের জন্য ঐকান্তিকতার সহিত জ্ঞানবলাধিপতি দেবতাকেই স্তব করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—রিপুজয়ের এবং আত্মশক্তিলাভের জন্য সাধকগণ ভগবানের শরণ গ্রহণ করেন।) ॥ (৩অ—২খ—৪সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'তা হি' তৌ খলু ইন্দ্রাগ্নী 'শশ্বন্তঃ' বহবঃ 'বিপ্রাসঃ' মেধাবিনঃ জনাঃ 'উতয়ে' রক্ষণায় 'ইত্থং' অনেন প্রকারেণ 'ঈড়তে' স্তুবন্তি। তথা 'সবাধঃ' সমানং পরস্পরং বাধ্যমানা জনাঃ 'বাজসাতয়ে' অন্নসাতয়ে অন্নলাভায় তাবিন্দ্রাগ্নী ইড়তে। যদ্বা 'বাজসাতিঃ—ইতি সংগ্রামনাম (নিঘ॰ ২।১৩।৩৬) সংগ্রামার্থং ॥ (৩অ—২খ—৪সূ—২সা) ॥

দ্বিতীয় (৮০১) সামের মর্ম্মার্থ।

——:০:——

ভগবান্ বলিয়াছেন,—

"মামেকং শরণং গচ্ছ সর্ব্বভাবেন ভারত।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যঃ মোক্ষয়িষ্যামি মা শোচ।

—তুমি সর্ব্বতোভাবে আমার শরণ গ্রহণ কর, আমাতে আত্মসমর্পণ কর, তাহা হইলে তোমার আর কোন ভাবনা থাকিবে না। আমি তোমাকে সর্ব্ববিধ পাপের আক্রমণ হইতে রক্ষা করিব। পাপ, রিপু তোমার ছায়া স্পর্শও করিতে পারিবে না।" যিনি সাধক, যিনি জ্ঞানী, তিনি এই ভগবদ্বাক্যের অনুসরণ করিয়া আপনাকে নিরাপদ করেন, ভগবানের রক্ষা-কবচ ধারণ করিয়া নির্ব্বিঘ্নে উন্নতি পথে অগ্রসর হইতে পারেন। সাধকদিগকেও রিপুগণ আক্রমণ করে, কিন্তু যাঁহারা প্রজ্ঞাবান তাঁহারা ভগবৎচরণে শরণ গ্রহণ করেন, তাঁহার অভেদ্য করুণাদুর্গে আশ্রয় লাভ করিয়া নিরাপদ হয়েন। জ্ঞানী সাধকগণ আত্মরক্ষার, আত্মোন্নতির উপায় নির্দ্দেশ করতঃ তদনুযায়ী সাধনায় আত্মনিবেশ করেন। রিপুর আক্রমণ হইতে উদ্ধার পাইবার উপায়—ভগবৎচরণে প্রার্থনা। আত্মশক্তি লাভ করিলেও রিপুগণ সাধককে আক্রমণ করে বটে, কিন্তু তাঁহাদিগের কোন অনিষ্ট সাধনে সমর্থ হয় না। ভগবৎরক্ষিত পরমশক্তিশালী সাধকগণের নিকট ভীষণ রিপুকুল পরাজিত ও বিধ্বস্ত হয়। মন্ত্রে এই সত্যই প্রকাশিত দেখিতে পাওয়া যায় ॥ (৩অ—২খ-৪সূ—২সা) ॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুর্ণবতিতম সূক্তের পঞ্চমী ঋক্ (পঞ্চম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত।)

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ১২
তা বাং গীর্ভিঃ বিপন্যবঃ প্রয়স্বন্তো হবামহে।
৩ ১২ ৩ ১২
মেধসাতা সনিষ্যবঃ ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে বলাধিপতিজ্ঞানদেবৌ! 'সনিষ্যবঃ' (ধনমিচ্ছন্তঃ, পরমধনকামিনঃ) বয়ং 'মেধসাতা' (মেধসাতয়ে, প্রজ্ঞাপ্রাপ্তয়ে, পরাজ্ঞানলাভায়) 'বিপন্যবঃ' (স্তোত্রমিচ্ছন্তঃ, প্রার্থনাপরায়ণাঃ) 'প্রয়স্বন্তঃ' (প্রকর্ষেণ গচ্ছন্তঃ, পূজাপরায়ণাঃ—সন্তঃ ইতি যাবৎ) 'তা' (তৌ প্রসিদ্ধৌ, মুক্তিদায়কৌ) 'বাং' (যুবাং) 'গীর্ভিঃ' (স্তুতিভিঃ) 'হবামহে' (আহ্বয়াম, অনুসরণং করবাম); বয়ং পরমধনলাভায় প্রার্থনাপরায়ণাঃ ভবেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ-২খ—৪সূ-৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

বলাধিপতি ও জ্ঞানদেব! পরমধনকামী আমরা পরাজ্ঞান প্রাপ্তির জন্য, প্রার্থনাপরায়ণ এবং পূজাপরায়ণ হইয়া যেন মুক্তিদায়ক আপনাদিগকে স্তুতিদ্বারা অনুসরণ করি। (প্রার্থনার ভাব এই যে,—আমরা পরমধন-লাভের জন্য যেন প্রার্থনাপরায়ণ হই।)॥ (৩অ—২খ—৪সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'বিপন্যবঃ' স্তোতুমিচ্ছন্তঃ 'প্রয়স্বন্তঃ' চরুলক্ষণেনান্নেনোপেতাঃ 'সনিষ্যবঃ' সনিং ধনমাত্মন ইচ্ছন্তঃ বয়ং 'মেধসাতা' মেধানাং যাগানাং সাতৌ সম্ভজনে নিমিত্তভূতে সতি হে—ইন্দ্রাগ্নী! 'তা' তৌ—'বাং' যুবাং 'গীর্ভিঃ' স্তুতিভিঃ 'হবামহে।' 'বিপন্যবঃ'—'বিপন্যবে'—ইতি পাঠৌ॥ (৩অ—২খ-৪সূ-৩সা)॥

* * *

তৃতীয় (৮০২) সামের মর্ম্মার্থ।

ভগবৎ-পরায়ণতাই মুক্তিলাভের উপায়। ভগবানই একমাত্র মুক্তিদাতা। তাঁহার করুণাতেই মানব তাঁহার চরণে পৌঁছিতে পারে। তিনিই তাঁহাকে পাইবার উপায় বিধান করেন। তাই তাঁহার চরণেই মোক্ষলাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

প্রার্থনার সঙ্গে সৎকর্ম্মের সংযোগ থাকা নিতান্ত আবশ্যক। শুধু মুখের কথায় স্বর্গলাভ হয় না। প্রার্থনার সঙ্গে হৃদয়ের ঐকান্তিক ইচ্ছার মিলন না হইলে, এবং তদনুরূপ সৎকর্ম্মে আত্মনিয়োগ না করিলে, মুখে শুধু দুইটী কথা উচ্চারণ করিলেই সত্যিকার প্রার্থনা হয় না, আর সেই প্রার্থনায় কল্যাণও সাধিত হওয়া সম্ভবপর নহে। তাই প্রার্থনার স্বরূপকে লক্ষ্য করিয়াই বলা হইয়াছে—"প্রয়স্বন্তঃ"—পূজাপরায়ণতার সহিত। ভগবানের পূজা কি? হৃদয়ের পবিত্রভাবরূপ অর্ঘ্য তাঁহার চরণে নিবেদন করাই ভগবদারাধনা। সেই পবিত্রভাব উৎপন্ন হয় সাধনা দ্বারা। এই প্রাথমিক স্তর অতিক্রম করিলে পরাজ্ঞান বা মোক্ষলাভের আশা করা যায়। তাই প্রার্থনা করা হইয়াছে—পরাজ্ঞান প্রাপ্তির জন্য, প্রার্থনাপরায়ণ এবং পূজাপরায়ণ হইয়া যেন আপনাদিগের অনুসরণ করিতে পারি। প্রার্থনা-মূলক এই মন্ত্রটীর মধ্যে মোক্ষপ্রাপক প্রার্থনার স্বরূপও বিবৃত হইয়াছে॥ (৩অ-২খ-৪সূ—৩সা)। *

—— ॰ ——

তৃতীয়ঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
বৃষা পবস্ব ধারয়া মরুত্বতে চ মৎসরঃ।
২ ৩ ১ ২ ৩ ১ ২
বিশ্বা দধান ওজসা॥ ১॥

∴

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃষা' (অভিমতফলবর্ষক, অভীষ্টপূরক বা) হে শুদ্ধসত্ত্ব! ত্বং 'মৎসরঃ' (আনন্দদায়কঃ) সন্ 'মরুত্বতে' (বিবেকজ্ঞানদানায়) 'ধারয়া' (ধারারূপেণ, প্রভূতপরিমাণেন) 'পবস্ব' (পরিক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব ইত্যর্থঃ); 'চ' (অপিচ) 'ওজসা' (আত্মশক্ত্যা) 'বিশ্বা' (বিশ্বানি, সর্ব্বাণি ধনানি, পরমধনং ইত্যর্থঃ) 'দধানঃ' (প্রযচ্ছন্, অস্মান্ প্রযচ্ছ ইত্যর্থঃ)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। বয়ং সত্ত্বভাবসমন্বিতাঃ সন তৎপ্রভাবেণ পরমধনং মোক্ষং প্রাপ্নুয়েম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩অ—৩খ—১সূ—১সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুর্ণবতিতম সূক্তের ষষ্ঠী ঋক্ (পঞ্চম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, সপ্তবিংশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

অভিমতফলবর্ষক অথবা অভীষ্টপূরক হে শুদ্ধসত্ত্ব! তুমি আনন্দদায়ক হইয়া বিবেকজ্ঞান-প্রদানের জন্য ধারারূপে আমাদিগের হৃদয়ে আবির্ভূত হও; অপিচ আত্মশক্তির দ্বারা পরমধন আমাদিগকে প্রদান কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা সত্ত্বভাবসমন্বিত হইয়া যেন পরমধন মোক্ষ প্রাপ্ত হই)॥ (৩অ—৩খ—১সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! ত্বং ‘বৃষা’ স্তোতৄণামভিমত-ফলস্য বর্ষকঃ সন্ ‘ধারয়া’ ত্বদীয়য়া ‘পবস্ব’ দ্রোণকলশমাগচ্ছ; পবতির্গতিকর্ম্মা (নিঘ০ ২।১৪।১০৮) আগতস্ত্বং যদা-অস্মাভিঃ ইন্দ্রায় দীয়সে তদা ‘মরুত্বতে’ সহায়া মরুতো যস্য সন্তি তস্মৈ ইন্দ্রায় ‘মৎ সরঃ’ মদকরশ্চ ভব। কীদৃশঃ? ‘বিশ্বা’ বিশ্বানি সর্ব্বাণি ব্যাপ্তানি বা ধনানি ‘ওজসা, আত্মীয়েন বলেন যুক্তঃ সন্ স্তোতৃভ্যঃ তানি ‘দধানঃ’ প্রযচ্ছংস্ত্বং মাদয়িতা ভবেতি সমন্বয়ঃ॥ ১॥

* * *

প্রথম (৮০৩) সামের মর্ম্মার্থ।

*

সত্ত্বভাব মানবের অভিমতফলবর্ষক—অভীষ্টপূরক। মানব জীবনের চরম উদ্দেশ্য—মুক্তিলাভ। সেই পরম আকাঙ্ক্ষার ধন মুক্তি দিতে পারে—শুদ্ধসত্ত্বভাব। হৃদয়ে সত্ত্বভাবের উপজন হইলে মানুষ পাপপঙ্কিলতার হস্ত হইতে নিস্তার পায়; সুতরাং সহজেই উন্নতির পথে অগ্রসর হইতে পারে। তখন মানুষের মন হইতে হীন-কামনা-বাসনা দূরীভূত হয়। সুতরাং কামনার অপূর্ণতা হেতু তাহাকে আর দুঃখ পাইতে হয় না। দুঃখের অভাবই—সুখ বা আনন্দ। তাই সত্ত্বভাবের আবির্ভাবে মানুষ আনন্দ লাভ করে। অপিচ, সত্ত্বগুণ-জনিত যে শক্তি, তাহাই প্রকৃত মহাশক্তি। সত্ত্বভাবের সঙ্গে সঙ্গে মানুষ সেই মহাশক্তির অধিকারী হয়। মানুষের তখন অপ্রাপ্য কিছুই থাকে না। বিশ্ব তখন তাহার আপনার হইয়া যায়, সে তখন বিশ্বের সারভূত পরমধনের অধিকারী হয়। এই মন্ত্রে সেই পরমধন লাভের উপায়ভূত হৃদয়ে সত্ত্বভাব সঞ্চারের জন্য প্রার্থনা আছে। প্রার্থনার ভাব—আমরা যেন পরমসম্পৎ সেই সত্ত্বভাব লাভে কৃতার্থ হই, পরমানন্দের অধিকারী হইয়া যেন আমরা পরাশান্তির পথে অগ্রসর হইতে পারি।” (৩অ—৩খ—১সূ—১সা)॥*

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ—১খ—৩সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্ঠীতম সূক্তের দশমী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত)।

দ্বিতয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ১২ ৩ ১ ২
তং ত্বা ধর্ত্তারমোণ্যোঃ২ ৩ ২ পবমান স্বর্দ্দৃশম্।
৩ ১র ২র ৩ ১ ২
হিন্বে বাজেষু বাজিনম্ ॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পবমান' ((পবিত্রকারক হে দেব!) 'ওণ্যোঃ' (দ্যুলোকভূলোকস্য) 'ধর্ত্তারং' (ধারকং ধারণকারিণং) 'স্বর্দ্দৃশং' (সর্ব্বস্য দ্রষ্টারং) সর্ব্বজ্ঞং, যদ্বা—স্বর্গপ্রাপকং) 'বাজিনং' (বলবন্তং, আত্মশক্তিদায়কং ইত্যর্থঃ) 'তং' (প্রসিদ্ধং) 'ত্বা' (ত্বাং) 'বাজেষু' (আত্মশক্তিলাভায়) অহং 'হিন্বে' (প্রেরয়ামি, আহ্বয়ামি)। প্রার্থনামূলকোঽয়ং। হে ভগবন্! কৃপয়া মহ্যং আত্মশক্তিং প্রদেহি ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ—৩খ—১সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রকারক হে দেব! দ্যুলোকভূলোকের ধারণকারী সর্ব্বদ্রষ্টা (অথবা স্বর্গপ্রাপক) আত্মশক্তিদায়ক প্রসিদ্ধ আপনাকে আত্মশক্তিলাভের জন্য আমি আহ্বান করিতেছি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন! কৃপাপূর্ব্বক আমাকে আত্মশক্তি প্রদান করুন।)। (৩অ—৪খ—১সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং

হে 'পবমান' পূয়মান পুনান বা সোম! 'ওণ্যোঃ' দ্যাবাপৃথিব্যৌ নামৈতৎ (নি০ ৪।৩০।১৫) তয়োঃ 'ধর্ত্তারং ধারকং' অতএব 'স্বর্দ্দৃশং সূর্য্যেব সর্ব্বস্য দ্রষ্টারং, সর্ব্বৈর্দ্রষ্টব্যং বা। 'বাজিনং' বলবন্তং তং পূর্ব্বোক্তগুণং প্রসিদ্ধঞ্চ 'ত্বা' ত্বাং বাজেষু—সংগ্রামেষু ত্বাং প্রেরয়ামি যদ্বা 'বাজেষু' বিষয়েষু প্রেরয়ামি, অস্মাদিকং প্রযচ্ছেত্যর্থঃ ।২॥

* * *

দ্বিতীয় (৮০৪) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটি প্রার্থনা-মূলক। আত্মশক্তিলাভের জন্য প্রার্থনা-ব্যপদেশে মন্ত্রে ভগবানের মহিমাও পরিকীর্ত্তিত হইয়াছে।

তিনি দ্যুলোক-ভূলোকের ধারণকারী। তিনি শুধু দ্যুলোকভূলোকের ধারণকারী নহেন, সমগ্র বিশ্ব তাঁহাতেই অবস্থিত আছে। ভগবদুক্তিতেই প্রকাশিত—"ইদং কৃৎস্নমেকাংশেন স্থিতং জগৎ—এই সমগ্র বিশ্ব আমার একাংশে অবস্থিত।" অন্যত্র শ্রুতিও বলিতেছেন—"স ভূমিঃ সর্ব্বতো বৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং।" তিনি এই সমগ্র বিশ্বে ব্যাপিয়া রহিয়াছেন এবং তিনি বিশ্ব হইতেও বৃহত্তর ও মহত্তর, মন্ত্রাংশে এই ভাবই প্রকটিত হইয়াছে।

তিনি সর্ব্বজ্ঞ। সাধারণ দৃষ্টিতেও ইহা প্রতীত হয় যে, যাঁহার মধ্যে সমগ্র বিশ্ব রহিয়াছে, তিনি তো সর্ব্বজ্ঞ হইবেনই। কিন্তু এই সর্ব্বজ্ঞতার মূলে আরও গভীরতর সত্য নিহিত আছে। মানুষের শরীরের মধ্যে অনেক বস্তু আছে বটে; কিন্তু মানুষ তাহার সমস্ত বিষয়ণ জানে না। বস্তুনির্ম্মাতাও তাহার প্রস্তুত বস্তু বিষয়ে সমস্ত তথ্য অবগত নহে। সুতরাং দেখা যাইতেছে যে, এই সর্ব্বজ্ঞতার মূলে আরও গূঢ়তর কারণ বিদ্যমান আছে। সেই কারণ বিশ্ব-চৈতন্য। ভগবান্ চৈতন্য-স্বরূপ। তিনি শুধু বিশ্বের নির্ম্মাতা বা উপাদান কারণ নহেন,—তিনি কারণজ্ঞ, তত্ত্বজ্ঞ। তিনিই বিশ্ব-চৈতন্য। তাই জগতের ভূত ভবিষ্যৎ বর্ত্তমান তাঁহার নিকট এক অনন্ত বর্ত্তমান মুহূর্ত্ত মাত্র। মন্ত্রে তাঁহার এই সর্ব্বজ্ঞতাই পরিকীর্ত্তিত হইয়াছে। সেই পরমশক্তিশালী দেবতার নিকটে শক্তিলাভের জন্য প্রার্থনা এই মন্ত্রে পরিদৃষ্ট হয়। (৩অ—৩খ—১সূ—২সা)। *

* * *

তৃতীয়ং সাম।

৩২ ৩ ২ ৩২উ ৩ ১ ২ ৩ ১ ২
অয়া চিতো বিপানয়া হরিঃ পবস্ব ধারয়া।
২ ৩ ১ ২
যুজং বাজেষু চোদয় ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে সত্ত্বভাব! 'হরিঃ' (পাপহারকঃ) 'চিতঃ' (বিশুদ্ধঃ ত্বং) 'অয়া' (অনয়া, অস্মাকং ঐকান্তিকতয়া) 'বিপানয়া' (প্রার্থনয়া) প্রীতঃ সন—ইতি যাবৎ 'ধারয়া' (ধারারূপেণ) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি সমুদ্ভব); 'বাজেষু' (বাজায়, আত্মশক্তিলাভায়) 'যুজং' (যোগ-সাধকং, ভগবৎপ্রাপকং—জ্ঞানভক্ত্যাদি ইতি যাবৎ) 'চোদয়' (প্রেরয়, অস্মভ্যং প্রযচ্ছ ইত্যর্থঃ); হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং সত্ত্বভাবং তথা আত্মশক্তিং প্রযচ্ছ—ইতি ভাবঃ। (৩অ—৩খ—১সূ—৩সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম্ মণ্ডলের পঞ্চষষ্টিতম সূক্তের একাদশী ঋক্, (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

হে সত্ত্বভাব! পাপহারক বিশুদ্ধ আপনি আমাদিগের ঐকান্তিক প্রার্থনা দ্বারা প্রীত হইয়া ধারারূপে আমাদিগের হৃদয়ে উপজিত হউন; আত্মশক্তি লাভের জন্য ভগবৎপ্রাপক জ্ঞানভক্ত্যাদি আমাদিগকে প্রদান করুন (ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে—সত্ত্বভাব এবং আত্মশক্তি প্রদান করুন ॥ (৩অ—৩খ—১সূ—৩সা) ॥

⁂

সায়ণ-ভাষ্যং।

হে 'পবমান' সোম! 'অয়া' অয় পয় গতৌ (ভ্বা০ আ০) পচাদ্যচ্ (৩।১।১৩৪)। তৃতীয়ায়া আকারঃ (৭।১।৩৯) কর্ম্মার্থমিতস্ততো গচ্ছন্তীভিঃ 'বিপা' বিপ প্রেরণে (চু উভ০) হবীংষ্যগ্নৌ প্রেরয়ন্তীতি 'বিপঃ' অঙ্গুলয়ঃ। একবচনং ছান্দসং প্রত্যেক বিবক্ষয়া বা এতাভির্ম্মদীয়াভিরঙ্গুলিভিঃ 'চিতঃ' জাতঃ নির্গতঃ অভিষুতঃ হরিঃ হরিতবর্ণঃ ত্বং 'ধারয়া'—সন্ততয়া 'পবস্ব' দ্রোণকলশং গ্রহাংশ্চ গচ্ছ। কিঞ্চ 'যুজং' সখায়ম ইন্দ্রং 'বাজেষু' সংগ্রামেষু 'চোদয়' প্রেরয়। যদাস্মাভিরিন্দ্রার্থং সোমা দীয়ন্তে তদানীমিন্দ্রঃ স্বত্যাগেন হৃষ্টঃ সন শত্রূন্ হন্তীত্যর্থঃ। (৩অ—৩খ—১সূ—৩সা)।

⁂

দ্বিতীয় (৮০৫) সামের মর্ম্মার্থ।

—§ :*: §—

মন্ত্রটী প্রার্থনা-মূলক। সত্ত্বভাব ও আত্মশক্তি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। জ্ঞান ভক্তির সহিত সত্ত্বভাবের সংযোগ সাধিত হইলে মানুষ মুক্তির অধিকারী হয় সত্ত্বভাব, জ্ঞান, ভক্তি প্রভৃতি মানবের সহিত ভগবানের সংযোগ সাধন করে। ইহারাই ভগবানের সহিত মানবের মিলন-সূত্র। সত্ত্বময়, জ্ঞান-স্বরূপ ভগবানের সহিত মিলন সম্ভবপর হয়—জ্ঞান ও সত্ত্বভাবের মধ্যদিয়া। তাই ভগবৎ-প্রাপ্তির উপায়-স্বরূপ সত্ত্বভাব ও জ্ঞান ভক্ত্যাদি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে সম্পূর্ণ অন্যভাব লক্ষিত হয়। নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "হে সোম! এই অঙ্গুলিদ্বারা আমি তোমাকে স্পর্শ করিতেছি, তুমি হরিতবর্ণ আকারে ধারারূপে ক্ষরিত হও। তোমার সখাকে যুদ্ধের দিকে পাঠাইয়া দাও।" ব্যাখ্যাকার 'বিপানয়া' পদে অঙ্গুলি অর্থ গ্রহণ করিয়াছেন। এই অর্থ সাধন করিবার জন্য ভাষ্যকার যে ধাত্বর্থ প্রভৃতি প্রদান করিয়াছেন, তাহাতে অঙ্গুলি না বুঝাইয়া দেবপূজার উপকরণ প্রার্থনাকেই লক্ষ্য করে এবং তাহাতে মন্ত্রার্থ-সঙ্গতিও রক্ষিত হয়। আমরা প্রার্থনা অর্থই গ্রহণ করিয়াছি। 'যুজং' পদে, যোজক, যোগসাধক অর্থে—'ভগবৎপ্রাপকং জ্ঞান ভক্ত্যাদি'

ব্যাখ্যা গৃহীত হইয়াছে। জ্ঞানভক্তি প্রভৃতিই ভগবানের সহিত মানবের যোগ সাধনে সমর্থ। তাই ঐ অর্থই আমরা সঙ্গত বলিয়া মনে করি ॥ (৩অ—৩খ—১সূ—৩সা)॥০

প্রথমসূক্তস্য গেয়-গানং ॥

২র ১ ২ ১২ ১ ২ ১ A ৩ ৫
১। ঔহোহোহায়ি। বৃষা। পবস্বা ৩ ধারয়া ৫। মারু ২ ত্বা ২ ৩ ৪ তায়ি।

১ ৭ ^ ১ ^ ৩ ৫ ২র ১ ২ ১২
ওয়ি। চমা ২ ৩। চমা ২ ৎসা ২ ৩ ৪ রাঃ। ঔহোহোহায়ি। বিশ্বা।

১ ^ ৩ ৫ ২n৩ ৫র র ২র ১ ২
দধা ২ না ২ ৩ ৪ ও। জাসা ২ ৩ ৪ ঔহোবা॥ (১) ঔহোহোহায়ি।

১২ র ১ ২ ১ ^৩ ৫ ১ ৭
তন্ত্বা। ধর্ত্তারা ৩ মোণায়ো ৩ ঃ। পাবা ২ মা ২ ৩ ৪ না। ওয়ি। স্বা ২ ৩।

১ A ৩ ৫ ২র ১ ২ ১২ ১র ^ ৩
স্বা ২ র্দৃ ২ ৩ ৪ শাম্। ঔহোহোহায়ি। হিন্বায়ি। বাজা ২ য়িষু ২ ৩ ৪

৫ ২n ২n র ৫র ২র ১ ২ ১২ র
বা। জায়িনা ২ ৩ ৪ ঔহোবা॥ (২) ঔহোহোহায়ি। অয়া। চিত্তোবী ৩

১ ২ ১ ^ ৩ ৫ ১ ৭ ১ n
পানায়া ৩। হারা ২ য়িঃ। পা ২ ৩ ৪ বা। ও। স্বধা ২ ৩। স্বধা ২

৩ ৫ ২র ১ ২ ১২ ১র n ৩ ৫
রা ২ ৩ ৪ য়া। ঔহোহোহায়ি। যুজাম্। বাজা ২ য়িষু ২ ৩ ৪ চো।

২n৩ ৫র র ২ ৩২
দায়া ২ ৩ ৪ ঔহোবা। ওয়ি। অরজা (৩)॥

*

১ ২ ১ ২ ৫ ২ ১ ২র ৩২
২। বৃষাহাউ। পাবস্বধা ৩ ১ উবা ২ ৩। রা ২ ৩ ৪ য়া। মরুত্বতেচমৎসরা ১ ঃ।

২ ১ র২ ১ ৫ ১ র ১১র
বিশ্বাহাউ। দাধানও ৩ জাউবা ২ ৩। জা ২ ৩ ৪ সা॥ (১) তন্ত্বাধর্ত্তার-

২র ১র ২n ১৩১১১১ ১ ২ ১ র২
মোণ্যোঃপবমানস্বর্দৃশা ২ ৩ ৪ ৫ ম্। হিন্বেহাউ। বাজেষুবা ৩ ১ উবা ২ ৩।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চ ষষ্টিতম সূক্তের দ্বাদশী ঋক্. (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)।

৫ ২১র ২১র ২১র ২র১ ২ ১র ৩ ১ ১ ১ ১
জা ২ ৩ ৪ য়িনাম্॥ (২) অয়াচিত্তোবিপানয়াহরিঃপবস্বধারয়া ২ ৩ ৪ ৫।
১ ২ ১ র২ ১ ৫
যুজা৺হাউ। বাজেষুচো ৩ আউবা ২ ৩। দা ২ ৩ ৪ য়া (৩)॥

* * *

২র ১২ ১২n২ ৫ ২১২১ ৭ n ৩ ৫
৩। বৃষাপবোবা। স্বাধারা ২ ৩ ৪ য়া। মরুত্বতায়ি। চমা ২ ৎসা ২ ৩ ৪ রাঃ।
— ১ ২ ১২র.১ ২ ৪৫ ২র১ ২
বা ২ য়িশ্বা। দা ২ ৩ ধা। নাওজসা। ঔ ৩ হোবা। (১) তন্ত্বাধর্ত্তোবা।
১ ১ʌ৩ ৫ ২১২র১ ৭ n ৩ ৫ —
রামোণ্যা ২ ৩ ৪ য়োঃ। পবামানা। স্বা ২ র্দ্দৃ ২ ৩ ৪ শাম্। হা ২
২ ১২র ১ ৪৫ ২র ১২
য়িন্বে। বা ২ ৩ জায়ি। ষ্বাজিনাম্। ঔ ৩ হোবা। (২) অয়াচিত্তোবা।
১ ২n৩ ৫ ২১ ২১ ৭ ৩ / ৫ —১
বায়িপানা ২ ৩ ৪ য়া। হরায়িঃপবা। স্বধা ২ রা ২ ৩ ৪ য়া। যু ২ জাম্।
২ ১২র১ ২ ৪৫ ৪
বা ২ ৩ জায়ি। ষুচোদয়া। ঔ ৩ হোবা। হো ৫ ঈ। ডা (৩)॥

* * *

১২র ১২১ ২ — ১ র২১ ২ ১ —১
৪। বৃষাপবস্বধা। রয়া ২। মরুত্বতেচমৎসা ২ ৩ রাঃ। বায়িশ্বা ২ দাধা ২ ৩
২২ ৫ ৪ ৫ ১ র২১র২ ১. ২ —
নও ২ ৩ ৪ বা। জা ৫ সো ৬ হায়ি॥ (১) তন্ত্বাদর্ত্তারমো। ণিয়ো ২ঃ।
১ র ২১ ২ ১ —১ ২১ ৫
পবমানস্বর্দ্দৃ ২ ৩ শাম্। হায়িন্বে ২ বাজা ২ ৩ য়ি। ষুবো ২ ৩ ৪ বা।
৪ ৫ ২১র ২ র ২ ১ ২ — ১ ২১র
জা ৫ য়িনো ৬ হায়ি॥ (২) অয়াচিত্তোবিপা। নয়া ২। হরিঃপবস্বধারা ২ ৩
২ .১ —১ ২১ ৫ ৪ ৫
য়া। যুজা ২ বাজা ২ ৩ য়ি। ষুচো ২ ৩ ৪ বা। দা ৫ য়ো ৬ হায়ি (৩)।

* * *

৫ র২ ৪ ৫র ২১২ — ২ ১র২১
৫। বৃষোপা ৩ বস্বধারয়া। মরুত্বা ১ জা ২ য়ি। চমা ২.৩ ৎসরাঃ। বিশ্বাদধা।
২ ৫ র২ ৪র ৫র ২১
নও ২ ৩ জসাউ। বা ৬। (১) তন্ত্বাধা ৩ র্ত্তারমোণিয়োঃ। পবামা ১

— ১ ২ ১র২র১ ২
না ২। সুনা ২ ৩ দৃ শাম্। হিম্বাজামি। যুগা ২ ৩ জিনাউ। বা ৩। (২)

৫ র ২ ৪র ৫র ২ ১ ২ -- ১ ২ ১ ২র
অয়াচা ৩ ম্নিত্তোবিপানয়া। হরাম্নিঃপা ১ বা ২। স্বধা ২ ৩ রয়া। যুজঃবা-

১ ২ ২র ১ ১ ১ ১
জামি। যুচো ২ ৩ দয়াউ। না ৩। স্তৌমে ২ ৩ ৪ ৫ (৩)।

* * *

২র র র র ১ ২ ১ ২ ৩ ৫ ২ —
৬। হাউবৃষাপবস্বধারয়াহাউ। মরুত্বতা ৩ মি। চামৎসা ২ ৩ ৪ রাঃ। ঔ ২

২ ১ ২ ২ ১র A ৩ ৫র র
হো ১ আ ২ ৩ য়িহী। বিশ্বাদা ৩ ধা। নও। জা ২ না ২ ৩ ৪ ঔহোবা।

২র র র র র ১ র ২ ১ ২ ৫ ২ —
(১) হাউতস্থাধর্ত্তারমোণোর্হাউ। পবমানা ৩। স্বর্দৃ ২ ৩ ৪ শাম। ঔ ২

২ ১ ২ ২ ১র A ৩ ৫র র
হো ১ আ ২ ৩ য়িতী। হিম্বেবা ৩ জামি। যুগা। জা ২ য়িনা ২ ৩ ৪ ঔহোবা।

২র র র র র ১ ২ ১ ২n৩ ৫ --
(২) হাবয়াচিত্তোবিপানয়াহাউ। হরিঃপনা ৩। স্বাধারা ২ ৩ ৪ য়া। ঔ ২

২ ১ ২ ২ ১র
হো ১ আ ২ ৩ য়িহী। যুজাং বা ৩ জামি। যুচো।

A ৩ ৫র র ১ ৩ ১ ১ ১ ১
দা ২ য়া ২ ৩ ৪ ঔহোবা। হরিয়তে ২ ৩ ৪ ৫ (৩)।

* * *

২ র র ১ ২ ১ র ২ ১ n ৩ ৫
৭। বৃষাঔহোহোহায়ি। পব ৩ মানা ১ রায়া ৩। মারু ২ ত্বা ২ ৩ ৪ ত্যা।

৩ ২ ১ ৭ n ২ ৫ ২ ৫ র র ১ ২ ১ A
চমা ৩। ওয়ি। চমা ২ ৎসা ২ ৩ ৪ রাঃ। বিশ্বাঔহোহোহায়ি। দধা ২

৩ ৫ ১ A ৩ ৫র র ২ র র ১ ২ ৭s
না ২ ৩ ৪ ও। জা ২ না ২ ৩ ৪ ঔহোবা। (১) তস্থাঔহোহোহায়ি। ধর্ত্তা ৩

১ ২ ২ ১ A ৩ ৫ ৩ ২ ১ ৭ A
রামো ১ ণায়ো ৩ ঃ। পাবা ২ মা ২ ৩ ৪ না। স্বর্বা ৩। ওয়ি। স্বর্বা ২

৩ ৫ ২ র র ১ ২ ১র n ৩ ৫ ১ n
দৃ ২ ৩ ৪ শাম। হিষাঔহোহোহায়ি। বাজা ২ য়িষ্ ২ ৩ ৪ বা। জা ২

৩ ৫র র ২র র ১ ২ র S ১ ২
য়িনা ২ ৩ ৪ ঔহোবা॥ (২) অয়াঔহোহোহায়ি। চিত্তো ৩ বায়িপা ১

২ ১ n ২ ৫ ৩২ ১ ৭ ʌ
নায়া ৩। হায়া ২ য়িঃপা ২ ৩ ৪ বা। স্বধা ৩। ও। স্বধা ২ য়া ২ ৩ ৪

৫ ২র ৫ ১ ২ ১র n ২ ৫ ১ n ৩
য়া। যুজাঔহোহোহায়ি। বাজা ২ য়িষ্ ২ ৩ ৪ চো। দা ২ য়া ২ ৩ ৪

৫র র ২ ʌ ৩ ৫
ঔহোবা। ওয়ি। অ্ ২ ৩ ৪ বা (৩)॥

* * *

১ ২ ১ ২ ১ ২র ১ ৭ ২ ১ ২
৮। বৃষাপাবা। স্বধারায়া। মরুত্বতে। চামৎসা ২ ৩ রাঃ। বিশ্বাদাধা।

১র ২ ১ ২ ১ ২ ১ ২র ১ ৭
নওজা ২ ৩ সা ৩ ৪ ৩। (১) তত্ত্বাধার্ত্তা। রযোণায়োঃ পবমান। সুবর্দৃ ২ ৩

২ ২ ১র ২ ১ ২
শাম্। হিয়েবাজায়ি। য়ুগাজা ২ ৩ য়িনা ৩ ৪ ৩ ম্॥ (২) অয়াচায়িত্তো।

১ ২ ১ ২ ১২ ২ ১ ২ ১র
বিপানায়া। হরিঃপব। স্বাধা ১ রা ২ ৩ য়া। যুজাংবাজায়ি। য়ুচোদা ২ ৩

২ ১
য়া ৩ ৪ ৩। ও ২ ৩ ৪ ৫ ঈ। ডা (৩)॥

• • •

২র র ২ ৪৩ ৪র৫র ১ ৩ ৫ ১ ২
৯। বৃষাপবস্বধারা ৩ য়া। মরুত্বতেচমা। হুম্। ৎসা ২ ৩ ৪ রাঃ। বায়িশ্বা ৩

২ ১র ২১ ৫ ৪ ৫ ২র র
উবা। দধা নও ২ ৩ ৪ বা। জা ৫ সো ৬ হায়ি। (১) তত্ত্বধির্ত্তার-

র ২A ৩৪৫র র ১ ৩ ৫ ১ ২
যোণা ৩ য়া ৩ যোঃ। পবমানস্বুবা। হুম্। দৃ ২ ৩ ৪ শাম হায়িষঃ ৩

২ র ১র ২১ ৫ ৪ ৫ ২র র
উবা। বাজে। য়ুবো ২ ৩ ৪ বা। জা ৫ য়িনো ৬ হায়ি। (২) অয়াচিত্তো-

র ২A ৩৪ ৩৪৫র ১ ৩ ৫ ১২ ২
বিপানা ৩ য়া। হারঃপবস্বধা। হুম্। রা ২ ৩ ৪ য়া। যুজা ৩ উবা।

র ১র ২১ ৫ ৪ ৫
বাজে। য়ুচো ২ ৩ ৪ বা। দা ৫ সো হায়ি (৩)॥

• • •

২ ১ — ২র ১ — ২ ১ — ১
১০। বৃষাপবৌহো ২। ইয়া। স্বধারায়া ২। মরুত্বতৌহো ২। ইয়া।

২ ১ — র ১ — ১ ২১র ২
চমৎসারা ২ ঃ। বিশ্বাদধৌহো ২। ইয়া। নওজা ২ ৩ সা ৩ ৪ ৩ ॥ (১)

২র ১ — ১ ২র ১ — ২ ১র — ১
তস্থাধত্তাহো ২। ইয়া। রমোণায়ো ২ ঃ। পবমানৌহো ২। ইয়া।

২ ১ — র১র — ১ ২১র ২
সুবর্দ্দৃশা ২ ম্। হিন্বেবাজৌহো ২। ইয়া। সুনাজা ২ ৩ য়িনা ৩ ৪ ৩ ম্ ॥ (২)

২র ১ — ১ ২র ১ — ১ — ১ ২র ১ —
অয়াচিতৌহো ২। ইয়া। বিপানায়া ২। হরিঃপবৌহো ২। ইয়া। স্বধারায়া ২।

১র — ১ ২১র ২ ১
যুজবাজৌহো ২। ইয়া। সুচোদা ২ ৩ য়া ৩ ৪ ৩। ও ২ ৩ ৪ ৫ ঈ। ডা (৩)

২রর র ২ ২ ১ n ৩ ৫ ১
১১। হাহাউবৃষাপবা। হা ৩। হা ৩ যি। স্বাধা ২ রা ২ ৩ ৪ য়া। মরুত্ব-

র ২ ২ ২ র৩ ৫ ১ ২ ৪ র ৪
তেচমা ১ ৎসা ৩ রাঃ। বিশ্বাদা ২ ৩ ৪ ধা। ওমো ৩। নওবা। জা ৫

৫ ১ ʌ ৩ ৫ ১ র ২ ২ ৫
সো ৬ হায়ি ॥ (১) রামো ২ ণা ২ ৩ ৪ য়োঃ। পবমানস্তুবা ১ র্দ্দি ৩ শাম্।

র n ৩ ৫ ১ ২ ৪ ৪ ৫
হিম্বা ২ ৩ ৪ জায়ি। ওমো ৩। সুবোবা। জা ৫ য়িনো ৬ হায়ি ॥ (২)

২রর র ২ ১ n ৩ ৫ ১
হাহাবয়াচিত্তাঃ। হা ৩। হা ৩ য়ি। বায়িপা ২ না ২ ৩ ৪ য়া। হরিঃ-

২ ২ A ৩ ৫ ১ ২
পবস্বণা ১ রায়া। যুজংবা ২ ৩ ৪ জায়ি। ওমো ৩।

৪ ৫ ৪ ৫
সুচোবা। দা ৫ য়ো ৬ হায়ি (৩) ॥

* * *

১২র ১ ২১র২র ১২র ১ র — ১ র২১ — ১
১২। বৃষাপবস্বধারয়া। বৃষাপবা। স্বধারয়া ২। মরুত্বতেচমাহো ২। ৎসারা ২ ৩ ঃ।

২s ১ ২ ১র ৩ ৫র র
হাউবা। বিশ্বাদা ২ ৩ ধা। নও। জ্বা ২ সা ২ ৩ ৪ ঔহোবা। (১)

১২র২১র ১র ২র ১২র ১ র -- ১ র ২ ১ —
তস্থাধর্ত্তারমোণিয়োঃ। তস্থাধর্ত্তা। রমোণিয়ো ২ঃ। পবমানস্থবাহো ২।

১ ২র ১ ২ ১র ^ ৩
দৃশা ২ ৩ ম্। হাউবা। হিম্বেবা ২ ৩ জায়ি। যুবা। জা ২ য়ি। না ২ ৩ ৪

৫র র ১১র২ ১র২১র ২র ১২র ১ র -- ১
ঔহোবা। (২) অয়াচিত্তোবিপানয়া। অয়াচিত্তাঃ। বিপানয়া ২। হরিঃ-

২ ১ -- ১ ২র ১ ২ ১র
পবস্বধাহো ২। রায়া ২ ৩। হাউবা। যুজাংবা ২ ৩ জায়ি। যুচো।

^ ৩ ৫ র ২ ১ ১ ১ ১ ১
দা ২ য়া ২ ৩ ৪ ঔহোবা। হরী ৩ শ্রী ২ ৩ ৪ ৫ঃ (৩)।

* * *

১২র ১২১র র ২ ১ ২ ১
১৩। বৃষাপবস্বধো। হৌহোবাহায়ি। রয়া। মরুত্বতেচমৌ ২। হুবায়ি।

— ১ — ২র র২ — --
হুবা ২ য়ি। ৎসারা ২ঃ। বিশ্বাদধানঔ ২। হুবায়ি। হুবা ২ য়ি।

১ ১ র৩ ৫র ১ র২১র২১র র
জালা ২ ৩। হো ২ বা ২ ৩ ৪ ঔহোবা। (১) তস্থাধর্ত্তারমৌ। হৌহোবা-

২ ১ র ২ — ১ — ১ —
হায়ি। ণিয়োঃ। পবমানস্থবৌ ২। হুবায়ি। হুবা ২ য়ি। দৃশা ২ ম।

১ র র র২ ১ — ১ ১ ^ ৩
হিম্বেবাজেযুবৌ ২। হুবায়ি। হুবা ২ য়ি। জাসা ২ ৩। হো ২ বা ২ ৩ ৪

৫র র ২১র২ ১র ২ ১র র ২ ১ ২ —
ঔহোবা। (২) অয়াচিত্তোবিপৌ। হৌহোবাহায়ি। নয়া। হরিঃপবস্বধৌ ২।

১ -- ১ — ১ র র২ — ১ --
হুবায়ি। হুবা ২ য়ি। রায়া ২। যুজংবাজেযুচৌ ২। হুবায়ি। হুবা ২ য়ি।

১ ১ ^ ৩ ৫রর ২ ১র২^৩ ১ ১ ১ ১
দায়া ২ ৩। হো ২ বা ২ ৩ ৪ ঔহোবা। অগ্নিরাহুতা ২ ৩ ৪ ৫ঃ (৩)॥

* * *

১র — র ১ ২ ১ ২ ১ — ১ র ২ ১
১৪। বৃষাপবা ২ স্বধারয়া। মরুত্বতেচমৎসা ২ ৩ঃ রাঃ। রায়িশ্বা ২। দাধানও ২ ৩।

১ ২ ৫ ১ র — র ১ র
হুগ। জা ৩ ৪ ৫ সো ৬ হায়ি। (১) তস্থাধর্ত্তা ২ রমোণিয়োঃ। পবমান-

২ ১ ২ ১ — ১ ২ ১ ১ ২
সুবদ্ব ২ ৩ শাম। হায়িযে ২। বাজেষুবা ২ ৩। হুম। জা ৩ ৪ ৫ য়িনো ৬

৫ র ২ ১ র — র ১ ২ ১ র ২ ১ —
হায়ি। (২) অযাচিস্তো ২ বিপানয়া। হরিঃপবস্বধারা ২ ৩ য়া। যুজা ২ ম।

১ র ২ র ১ ২ ৫
বাজেষুচো ২ ৩। হুম। দা ৩ ৪ ৩ য়ো ৬ হায়ি (৩)। ১২।৩। *

—•—

প্রথমং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
বৃষা শোণো অভিকনিক্রদদ্গা।
৩ ১ ২ ৩ ২ ৩ ২
নদয়ন্ এষি পৃথিবীম্ উত দ্যাম্।
১ ২ ৩ ১ ২ র ৩ ১
ইন্দ্রস্যেব বগ্নুরা শৃণ্ব আজৌ
২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
প্রচোদয়ন অর্ষসি বাচম ইমাম্॥ ১॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃষা' (অভীষ্টবর্ষকঃ) 'শোণঃ' (বিচিত্রবর্ণঃ, বিচিত্রশক্তিসম্পন্নঃ দেবঃ) 'গাঃ' (জ্ঞানকিরণান্, জ্ঞানং) 'অভি কনিক্রদৎ' (উচ্চারয়তি, লোকান্ প্রযচ্ছতি ইত্যর্থঃ); হে দেব! 'নদয়ন্' (শব্দং কুর্ব্বন্, জ্ঞানং প্রযচ্ছন্ ইত্যর্থঃ) 'পৃথিবীং উত দ্যাং' (দ্যুলোকভূলোকৌ) 'এষি' (গচ্ছসি, প্রাপ্নোসি); 'ইন্দ্রস্য' (বলাধিপতিদেবস্য, উদ্দেশে উচ্চারিতাং) 'বগ্নুঃ' (স্তুতিং) 'ইব' (তুল্যং) 'ইমাং' (অস্মদীয়াং) 'বাচং' (প্রার্থনাং) 'শৃণ্বে' (শ্রুত্বা, গৃহীত্বা) 'আজৌ' (রিপুসংগ্রামে) 'প্রচোদয়ন্' (উদ্বোধ্য) 'অর্ষসি' (প্রাপয়—

---

* এই সূক্তান্তর্গত তিনটী সাম-মন্ত্রের একত্রগ্রথিত চতুর্দ্দশটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—(১) "যৌক্তাশ্বম্" (২) "সন্তনি" (৩) "ঐড়সৌপর্ণম্" (৪) "রোহিতকুলীয়োত্তরম্" (৫) "আমহীয়বম্" (৬) "হবিষ্মতম্" (৭) "যৌক্তাশ্বোত্তরম্" (৮) "আভিগম্" (৯) "স্বারসৌপর্ণম্" (১০) "সুরূপোত্তরম্" (১১) "ঋষভঃ পাবমানম্" (১২) "হরিশ্রীনিধনম্" (১৩) "গৌষূক্তম্" (১৪) "শাকলম্"।

অস্মান্—ইতি শেষঃ); নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ অয়ং মন্ত্রঃ। ভগবান্ হি জ্ঞানদায়কঃ ভবতি; সঃ পরমদেবঃ অস্মান্ প্রাপ্নোতু—ইতি ভাবঃ। (৩অ-৩খ—২সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

অভীষ্টবর্ষক বিচিত্রশক্তিসম্পন্ন দেব লোকদিগকে জ্ঞান প্রদান করেন; হে দেব! জ্ঞান প্রদান করিয়া আপনি দ্যুলোকভূলোককে প্রাপ্ত হয়েন; বলাধিপতি দেবতার উদ্দেশে উচ্চারিত স্তুতির তুল্য, আমাদিগের প্রার্থনা গ্রহণ করিয়া, রিপুসংগ্রামে উদ্বুদ্ধ করতঃ আমাদিগকে প্রাপ্ত হউন। (ভাব এই যে,—ভগবানই জ্ঞানদায়ক হয়েন; সেই পরম দেবতা আমাদিগকে প্রাপ্ত হউন।)॥ (৩অ—৩খ—২সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'শোণঃ' শোণবর্ণঃ 'বৃষা' কশ্চিদ্ বৃষভঃ 'গাঃ' পশূন্ 'অভি' লক্ষ্য 'কনিক্রদৎ' শব্দং করোতি এবং 'গাঃ' স্তুতীঃ 'অভি কনিক্রদৎ' অভিশব্দায়মানঃ। তদেবাহ 'নদয়ন্' শব্দমুৎপাদয়ন্ হে সোম! ত্বং 'পৃথিবীং' 'উত' অপিচ 'দ্যাং' এতৌ লোকৌ 'এষি' গচ্ছসি। কিঞ্চ 'বগ্নুঃ' বগ্নু বাঙ্‌নামৈতৎ (নিঘ০ ১।১২।২৫) তস্য বাক্যস্য শব্দঃ 'আজৌ' সংগ্রামে 'ইন্দ্রস্যেব' ইন্দ্রশব্দ ইব 'শৃণ্বে' সর্ব্বৈঃ শ্রূয়তে। ততঃ 'প্রচেতয়ন্' আত্মানং সর্ব্বেষাং প্রজ্ঞাপয়ন্ 'ইমাং' 'বাচং' 'অর্ষসি'। সমন্তাদাগময়সি উচ্চৈঃ শব্দায়ত ইত্যর্থঃ ॥ ১ ॥

* * *

প্রথম (৮০৬) সামের মর্ম্মার্থ।

প্রার্থনা ও নিত্যসত্যমূলক এই মন্ত্রটী একটু জটিলতাসম্পন্ন। ভাষ্যে যে ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে, তাহা সন্তোষজনক নয়—বিশেষতঃ ব্যাখ্যা মোটেই পরিষ্কার হয় নাই। সায়ণ-ভাষ্য দ্রষ্টব্য। প্রচলিত অন্যান্য ব্যাখ্যা সর্ব্বত্র ভাষ্যের অনুসরণ না করিলেও পরিষ্কার বা সঙ্গত হয় নাই। নিম্নে একটী বঙ্গানুবাদ প্রদত্ত হইল। "রসবর্ষণকারী উজ্জ্বল লোহিতবর্ণধারী সোম শব্দ করিয়া উঠিলেন। গাভীদিগকে শব্দ করাইতে করাইতে তিনি দ্যুলোক ও ভূলোকে গমন করে। ইন্দ্রের বজ্রের ন্যায় তাঁহার শব্দ শুনা যাইতেছে। তিনি আমাদিগের এই স্তুতিবাক্যের প্রতি কর্ণপাত করিতে করিতে যুদ্ধে যাইতেছেন।" "গাভীদিগকে শব্দ করাইতে করাইতে তিনি দ্যুলোক ও ভূলোকে গমন করেন"—এই বাক্যের অর্থ কি হইতে পারে? সোম গাভীদিগকে কিরূপে শব্দ করান? সমস্ত ব্যাখ্যাটীতে এইরূপ অসঙ্গতি লক্ষিত হয়।

ভগবান্ মানবকে জ্ঞান প্রদান করেন। রিপুসংগ্রামে মানুষ তাঁহারই কৃপায় জয়লাভ করিতে সমর্থ হয়। তাঁহারই উদ্দেশে মানুষ স্তুতি-বাক্য উচ্চারণ করে, জীবনের অভীষ্ট সাধনের জন্য তাঁহারই চরণে প্রণত হয়। মন্ত্রের মধ্যে এই সত্যই প্রখ্যাপিত হইয়াছে বলিয়াই আমাদের ধারণা॥ (৩অ-৩খ-২সূ-১সা)॥

—*—

দ্বিতীং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
রসায্যঃ পয়সা পিন্বমান

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ৩ ২
ঈরয়ন্নেষি মধুমন্তম্ অ৺শুম্।

১ ২ ৩ ১ ২ ৩ ১
পবমান সন্তনিমেষি কৃণ্বন্

২র ৩ ১ ২
ইন্দ্রায় সোম পরিষিচ্যমানঃ ॥ ২ ॥*

* * *

মর্ম্মানুসারি-নীব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'রসায্যঃ' (রসযুক্তঃ, যদ্বা পরমঃ আকাঙ্ক্ষণীয়ঃ ত্বং 'পয়সা' (অমৃতেন সহ) 'পিন্বমানঃ' (মিলিতঃ সন্) 'মধুমন্তং' (অমৃতযুক্তং, অমৃতময়ং) 'অংশুং' (জ্ঞানকিরণং, জ্ঞানং) 'ঈরয়ন্' (প্রেরয়ন, প্রযচ্ছন্) 'এষি' (প্রাপ্নোহি অস্মান্ ইতি শেষঃ); 'পরিষিচ্যমানঃ' (অমৃতেন পরিষিক্তঃ, অমৃতময়ঃ) 'পবমানঃ' (পবিত্রকারকঃ ত্বং) 'ইন্দ্রায়' (ইন্দ্রলাভায়, ভগবৎপ্রাপ্তয়ে) 'সন্তনিং কৃণ্বন্' (ধারাং কুর্ব্বন্, ধারারূপেণ ইত্যর্থঃ) 'এষি' (আগচ্ছ, 'অস্মাকং হৃদি সমুদ্ভব ইত্যর্থঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং ভগবৎপ্রাপকং অমৃতময়ং সত্ত্বভাবং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩অ-৩খ-২সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! রসযুক্ত (অথবা পরম আকাঙ্ক্ষণীয়) আপনি অমৃতের সহিত মিলিত হইয়া অমৃতময় জ্ঞান প্রদান করতঃ আমাদিগকে প্রাপ্ত

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের ত্রয়োদশী ঋক্, সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)।

হউন ; অমৃতময় পবিত্রকারক আপনি ভগবৎপ্রাপ্তির জন্য ধারারূপে আমাদিগের হৃদয়ে উপজিত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবৎপ্রাপক অমৃতময় সত্ত্বভাব লাভ করি।) ॥ (৬অ—৩খ—২সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'রসায্যঃ' রসেরৌণাদিক আয্যপ্রত্যয়ঃ (উ০ ৩.৯৬) আস্বাদ্যঃ 'পয়সা' 'পিষ্যমানঃ' ক্ষরংস্ত্বং 'ঈরয়ন্' 'মধুমন্তং' মাধুর্য্যোপেতং 'অংশুং' রসভাবং 'এষি' প্রাপ্নোষি 'অংশুমষ্টমাত্রো ভবতি'—ইতি যাস্কঃ (নিরু০)। অনেন সোমরসোঽভিধীয়তে। কিঞ্চ হে সোম! 'পরিষিচ্যমানঃ' অদ্ভিঃ পরিষিক্তো ভবংস্ত্বং 'পবমানঃ' পবিত্রে পূয়মানঃ সন্ 'সন্তনিং' তনু বিস্তরে (ত০ প০) ই-প্রত্যয়ঃ ; সন্ততাং ধারাং 'কৃণ্বন্' কুর্ব্বন্ 'ইন্দ্রায়' ইন্দ্রার্থং 'এষি' গচ্ছসি। (৬অ—৩খ—২সূ—২সা) ॥

* * *

দ্বিতীয় (৮০৭) সামের মর্ম্মার্থ।

অমৃতের সন্তান মানবের মনে অমৃতলাভের আকাঙ্ক্ষা নিত্য বর্ত্তমান। মানুষ সেই অমৃতময় পরমপুরুষ হইতে আসিয়াছে। তাই তাহার মনে কোন-না-কোন প্রকারে তাহার পূর্ব্বগৌরবের স্মৃতি জাগে। তাহার অন্তরস্থিত অমৃতের আকাঙ্ক্ষা পূর্ণ করিবার জন্য সে চারিদিকে ছুটিয়া বেড়ায়। অনেক সময় অজ্ঞানতা ও মোহবশে সে আপনার অন্তরের আকাঙ্ক্ষার স্বরূপ বুঝিতে পারে না। তাহার শুধু মনে হয়,—কি যেন ছিল, কি যেন নাই, কি যেন কোথায় হারাইয়া গিয়াছে। সে সেই বস্তুর অভাব অনুভব করিতেছে, কিন্তু বস্তুর স্বরূপ বুঝিতে পারিতেছে না। মানুষের মনে, যে যতই পতিত হউক না কেন, এই অভাববোধ জাগে, এবং ইহাই মানুষের আধ্যাত্মিক জীবনের সূত্রপাত করিয়া দেয়। যাঁহারা সৌভাগ্যবান, তাঁহারা এই অভাববোধের, এই অশান্তির, কারণ অনুসন্ধান করেন, প্রার্থনীয় বস্তুর স্বরূপ নির্ণয় করেন। আকাঙ্ক্ষণীয় বস্তুর স্বরূপ নির্ণীত হইলে এই অনির্দ্দেশ্য অস্বস্তি থাকে না, তখন সাধক সেই বস্তু লাভ করিবার জন্য প্রার্থনাদি উপায় অবলম্বন করেন। এই বস্তু—অমৃতত্ব। তাহা লাভ করিবার জন্য মানুষ ব্যাকুল হইয়া ছুটে। কিন্তু এই অবস্থায়ও বস্তুলাভের যথেষ্ট প্রতিবন্ধক বর্ত্তমান থাকে। পাপ, মোহ, রিপুগণ প্রভৃতির আক্রমণ তো আছেই, তদ্ব্যতীত অনেকে অমৃতলাভের উপায়ও নির্দ্ধারণ করিতে পারে না প্রকৃত বস্তু চিনিয়া লইতে পারে না। তাই, যাহাতে অমৃতের আভাষ আছে বলিয়া মনে করে, তাহারই পশ্চাতে ছুটিতে থাকে। জগৎজুড়ে অমৃতের প্রবাহ বহিতেছে

কিন্তু মানুষ তাহা ধরিতে পারে না! তাই সেই অমৃত, সত্ত্বভাব, লাভ করিবার জন্যই এই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। (৩অ-৩খ—২সূ—২সা)॥•

তৃতীয়ং সাম।

৩ ১   ২   ৩ ১র   ২র
এবা পবস্ব মদিরো মদায়
৩ ১ ২   ৩ ১ ২   ৩ ২
উদগ্রাভস্য নময়ন্ বধস্নুম্।
২ ৩ ২ ৩   ১ ২   ৩   ১ ২
পরি বর্ণং ভরমাণো রুশন্তং
৩ ১ ২   ৩ ১ ২   ৩ ২
গব্যুর্নো অর্ষ পরি সোম সিক্তঃ ॥ ৩ ॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'উদগ্রাভস্য' (উদকগ্রাহিণঃ, অমৃতকামিনঃ সাধকস্য) 'বধস্নুং' (নাশয়িতারং, রিপূন্ ইত্যর্থঃ) 'নময়ন্' (বিনাশয়ন্) 'মদিরঃ' (মদকরঃ, পরমানন্দদায়কঃ) ত্বং 'মদায়' (পরমানন্দদানায়) 'এব' (হি) 'আ' (সম্যক্‌রূপেণ) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি সমুদ্ভব); 'রুশন্তং বর্ণং' (উজ্জ্বলবর্ণং, দিব্যজ্যোতিঃ) 'পরি ভরমাণঃ' (ধারণকারী) 'সিক্তঃ' (সিচামানঃ—অমৃতেন ইতি যাবৎ) অমৃতময়ঃ ইত্যর্থঃ 'গবায়ুঃ' (অস্মাকং জ্ঞানমিচ্ছন্, জ্ঞানদায়কঃ ইত্যর্থঃ) ত্বং 'নঃ' (অস্মান্) 'পর্য্যর্ষি' (প্রাপয়); বয়ং পরমানন্দদায়কং সত্ত্বভাবং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩অ-৩খ-২সূ-৩সা)॥

⁂

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! অমৃতকামী সাধকের রিপুদিগকে বিনাশ করিয়া পরমানন্দদায়ক আপনি পরমানন্দদানের নিমিত্তই আমাদিগের হৃদয়ে সমুদ্ভূত হউন; দিব্যজ্যোতিঃধারণকারী অমৃতময়, জ্ঞানদায়ক আপনি

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের চতুর্দ্দশী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)॥

আমাদিগকে প্রাপ্ত হউন। (প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরমানন্দদায়ক সত্ত্বভাব লাভ করি)। (৩অ—৩খ—২সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'মদিরঃ' মদকরঃ ত্বং 'উদগ্রাভস্য' ক্রিয়া গ্রহণং কর্ত্তব্যং ইতি কর্ম্মণঃ সম্প্রদানসংজ্ঞা। চতুর্থ্যর্থে বহুলমিতি ষষ্ঠী; উদগ্রাভং উদকগ্রাহিণং মেঘং 'নময়ন্' বৃষ্ট্যর্থং প্রহ্বীকুর্ব্বন। কীদৃশং? 'বধস্নুং' বৃত্রবধেন প্রস্রবন্তং 'মদায়' মদার্থমেব 'পবস্ব' পাত্রেষু ক্ষর। কিঞ্চ 'রুশন্তং' আরোচমানং শ্বেতং 'বর্ণং' 'পরি তরমাণঃ' পরিতো বিভ্রৎ 'সিক্তঃ' পবিত্রে সিচ্যমানঃ ত্বং 'গব্যয়ুঃ' অস্মাকং গা ইচ্ছন্ 'পর্য্যেষি' পরিগচ্ছ। 'বধস্নুং'—'বধস্নৈঃ' ইতি পাঠৌ। (৩অ—৩খ—২সূ—৩সা।

তৃতীয়স্যাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ সমাপ্তঃ। ৩।

* * *

তৃতীয় (৮০৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। পরমানন্দদায়ক সত্ত্বভাব প্রাপ্তির জন্য মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। এই ব্যপদেশে সত্ত্বভাবের মহিমাও পরিকীর্ত্তিত হইয়াছে।

পরমানন্দলাভ সম্ভবপর হয়—সত্ত্বভাবের দ্বারা। দুঃখের আত্যন্তিক নিবৃত্তিই সুখ। যে পর্য্যন্ত কণামাত্র দুঃখও বিদ্যমান থাকিবে, সেই পর্য্যন্ত প্রকৃত সুখ লাভ অসম্ভব। সুখ বলিয়া দুঃখমিশ্রিত যে বস্তুর পশ্চাতে মানুষ বিভ্রান্ত চিত্তে ছুটিতে থাকে, উহা সুখ নয়, সুখের ছায়া, মরীচিকা মাত্র। এই মরীচিকার পশ্চাতে মানুষ ছুটিতে থাকে এবং অবশেষে শ্রান্তক্লান্ত হৃদয়ে হতাশ হইয়া দুঃখের নিকট আত্মবিসর্জ্জন করে। এই ভাবকেই লক্ষ্য করিয়া বলা হইয়াছে—"সুখের কথা বলোনা আর বুঝেছি সুখ কেবল ফাকি।" কিন্তু প্রকৃত সুখ—আনন্দং—ফাকি নয়, উহাই সত্য বস্তু, আর সকলই অবস্তু। দুঃখের সত্যিকার অস্তিত্ব নাই। দুঃখ সুখের মহিমা কীর্ত্তনের জন্যই বর্ত্তমান আছে। আনন্দের আবির্ভাবে দুঃখ সূর্য্যোদয়ে শিশিরকুহেলিকার মত অন্তর্হিত হয়। সুতরাং স্বরূপতঃ দুঃখের অস্তিত্ব নাই।

কিন্তু জগতে আমরা যে দুঃখ দেখিতে পাই তাহা কি? উহা মায়ার বিভ্রম, রিপুর ছলনা মাত্র। অজ্ঞান দুর্ব্বল মানুষকে রিপুগণ আনন্দের প্রলোভনে ক্রীড়াপুত্তলিকার মত নাচায়। তাই আনন্দের অভাবজনিত যে ভাব, তাহাকেই মানুষ দুঃখ বলিয়া মনে করে এবং যে পর্য্যন্ত সেই ভীষণ রিপুকুলের কবল হইতে উদ্ধার লাভ না করে, সেই পর্য্যন্ত দুঃখের অস্তিত্বে বিশ্বাস করিতে বাধ্য হয়। যখন সেই রিপুকুল ধ্বংস হয়, তখন এই মোহ থাকে না, দুঃখ অন্তর্হিত হয়। মানুষ বিমল আনন্দের অধিকারী হয়।

সত্ত্বভাব এই রিপুকুলকে বিনাশ করে। রিপুর, কামনার ও মায়ামোহের বিনাশে দুঃখেরও বিনাশ হয়—মানুষ 'ত্রিবিধং দুঃখং হেয়ং' হইতে উদ্ধার লাভ করে। সত্ত্বভাব

এই পরম মঙ্গল সাধন করে বলিয়াই জ্ঞানিগণ সত্ত্বভাবের জন্য লালায়িত। সত্ত্বভাবের দ্বারাই পরমানন্দ লাভ সম্ভবপর হয়। মন্ত্রে এই সত্যই বিবৃত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে সম্পূর্ণ অন্যভাব পরিদৃষ্ট হয়। নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "তুমি মত্ততার উৎপাদনকারী, মত্ততার জন্য ক্ষরিত হও। জলবর্ষণকারী মেঘকে আপনার নিয়মের বশীভূত কর। তোমাকে চতুর্দ্দিকে সেচন করা হইয়াছে, তুমি উজ্জ্বলবর্ণ ধারণ পূর্ব্বক গোধন লাভের নিমিত্ত আগমন কর।" সায়ণভাষ্যের সহিতও এই ব্যাখ্যার অনৈক্য দৃষ্ট হইবে। ভাষ্যকার আবার তাঁহার ব্যাখ্যায় বৃত্রবধ প্রভৃতির প্রসঙ্গ আনিয়া উপস্থিত করিয়াছেন। আমরা তাহার কোন সঙ্গত কারণ দেখিতে পাই না। যাহা-হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতে দ্রষ্টব্য। (৩ম - ৩প — ২দ ৩সা)। *

দ্বিতীয় সূক্তস্য গেয়-গানং।

১র২র৩২ ১ ৩২ ১র র ২ ১
১। ঔহোবাহা ৩ হোয়ি। ইহা। বৃষাশোণো। অভিক।

২৩৪৫ ২ ১ ২ ১ ২৩৪৫ ২ ১ র
নিক্রদদগাঃ। নদয়ন্নায়ি। মী ৩ পৃথি। বীমুতদ্যাম্। ইন্দ্রস্যেবা।

২ ১ র ২৩৪ ৫ ২ ১র ২ ১ ২
বগ্নূরা। শৃণ্বআজাউ। প্রচোদয়ান্। অর্ষসি। বা ৩ ৪ ৩।

২ ৪ ২ ১র ২ ১ র ২ ৩ ৪ ৫
চা ৩ মা ৫ য়িমা ৬ ৫ ৬ ম্ ॥ (১) রসায়িয়াঃ। পয়সা। পিন্বমানাঃ।

২র ১ ২ ১ ২ ৩ ৪ ৫ ২ ১ র ২ ১
ঈরয়ন্নায়িষী ৩ মধু। মন্তম৺ শূম্। পবমানা। সন্তনিম্।

২ ৩ ৪ ৫ ২ ১র ২ ১ ২ ২
এষিকৃণ্বান্। ইন্দ্রায়সো। মা ৬ পরি। ষা ৩ ৪ ৩ য়ি। চ্যা ৬

৪ ২র১র ২ ১ ২ ৩ ৪ ৫
মা ৫ না ৬ ৫ ৬ ঃ ॥ (২) এবাপবা। স্বা ৩ মদি। রোমদায়।

২ ১ র ২ ১ ২ র ২ ৫ ২ ১ ২ ১ র
উদগ্রাভা। স্যা ৩ নম। য়ন্বধস্নুম্। পরিবর্ণাম্। ভরমা।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তনবতিতম সূক্তের পঞ্চদশী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)।

২ ৩ ৪ ৫　২র ২র ৩　১　৩ ২　১ র　২
গোরুশস্তাম্ । ঔহোবা হা ৩ হোয়ি । ইহা । গব্যুর্ম্মোআ. ষা ৬

:　৪　২　৪
পরি । সো ৩ ৪ ৩ । ম্মা ৫ সা ৫ য়িক্তা ৬ ৫ ৬ঃ (৩) ॥

* * *

২　২　২　র ১র　২ ১　২ ৩ ৪ ৫
২ । ও ৫ হো ৩ হোয়ি । ব্রসাশোনো । অভির্ক । নিক্রদদ্গাঃ ।

২ ১　২　১　২ ৩ ৪ ৫　২ ১র　২ ১ র
নরয়ন্নায়ি । ষী ৩ পৃথি । বীমুক্তম্বাম্ । ইন্দ্রস্তোনা । বগ্নূরা ।

২ ২ ৪ ৫　২ র ১　২ ১　২　২　৪
শৃণ্বআজাউ । প্রচোদয়ান্ । অর্ষসি । না ৩ ৪ ৩ । চা ৩ না ৫

২ র ১　২ ১ র　২ ৩ ৪ ৫
য়িনা ৬ ৫ ৬ ॥ (১) রসায়িয়াঃ । পয়সা । পিন্বমানাঃ ।

২র ২　২　১　২ ৩ ৪　৫　২ ১র　২ ১
ঈরয়ম্নায়ি । ষী ৩ মধু । মন্তমস্শূম্ । পবমানা । সন্তানিম্ ।

২ ৩ ৪ ৫　২ ২ ১　২　১　২　২
এষিক্বণ্বান্ । ইন্দ্রায়সো । মা ৬ পরি । ষা ৫ ৪ ৩ য়ি । চ্যা ৬

৪　১রর ১　২　১　২ ৩ ৪ ৫
না ৫ না ৬ ৫ ৬ঃ ॥ (২) এবাপবা । স্বা ৩ মদি । রোমদায়া ।

২　১র　২　১　২ ৩ ৫　২　১　২ ১ র
উদগ্রাভ্ণা । স্ত্বা ৫ নম । ন্নম্বধস্নূম্ । পরিবণাম্ । ভরমা ।

২ ৩ ৪ ৫　২　২　২　১র　২　১
গোরুশস্তাম্ । ও ৩ হো ৩ হোয়ি । গব্যুর্ম্মোআ । ষা ৬ পরি ।

২　২　৪
সো ৩ ৪ ৩ । মা ৩ সা ৫ য়িক্তা ৬ ৫ ৬ঃ (৩) ॥ ১।২।৩ ॥ *

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে । উহাদের নাম যথাক্রমে,—"ইহবদ্বসিষ্টম্" ও "পার্থম্" ।

চতুর্থঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

১র ২র ৩ ১ ২র ৩ ১ ২
ত্বামিদ্ধি হবামহে সাতৌ বাজস্য কারবঃ।
২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২৩২উ ৩ ১ ২
ত্বাং বৃত্রেষু ইন্দ্র সৎপতিং নরস্ত্বাং কাষ্ঠাসু অর্ব্বতঃ॥১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'কারবঃ' (ইমে স্তোতারঃ বয়ং) 'বাজস্য' (সৎকর্ম্মণঃ, সৎকর্ম্মসাধনসামর্থ্যস্য) 'সাতৌ' (সম্ভজনায়, নিমিত্তায়) 'ত্বাং' (ভগবন্তং) 'ইৎ হি' (যেন, নিশ্চিতং) 'হবামহে' (আহ্বয়ামঃ); 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'সৎপতিং' (সাধূনাং পালকং) 'ত্বা' (ভবন্তং) 'নরঃ' (নেতারঃ, জ্ঞানিনঃ, সাধবঃ ইতি ভাবঃ) 'বৃত্রেষু' (অজ্ঞানতারূপেষু শত্রুষু) তথা 'অর্ব্বতঃ' (পাপস্য) 'কাষ্ঠাসু' (প্রভাবেষু, আত্মনঃ চতুর্দ্দিক্ষু ইতি ভাবঃ) প্রতিষ্ঠাপয়ন্তি ইতি শেষঃ। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধনমূলকঃ। অত্র ভাবঃ—রিপূণাং প্রভাবান্ অপসারণায় সাধবঃ যথা ভগবন্তং সদৈব আরাধয়ন্তি, সৎকর্ম্মসম্পাদনায় বয়ং তথৈব করবাম। (৩অ—৪খ—১সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! এই স্তোতৃগণ আমরা সৎকর্ম্মের (সৎকর্ম্মসাধনসামর্থ্যের) সম্ভজনার জন্য, আপনাকে যেন নিশ্চয় আরাধনা করি। হে ভগবন্ ইন্দ্রদেব! সাধুগণের পালক আপনাকে নেতৃস্থানীয় জ্ঞানিগণ অর্থাৎ সাধুগণ অজ্ঞানতা-রূপ শত্রুসমূহের মধ্যে এবং পাপের প্রভাব-সমূহের মধ্যে (আপনাদিগের চারিদিকে) প্রতিষ্ঠাপিত রাখেন। (এই মন্ত্রটী আত্মোদ্বোধনমূলক। এখানকার ভাব এই যে,—রিপুগণের প্রভাব অপসারণের নিমিত্ত সাধুগণ যেমন সদাকাল ভগবানের আরাধনা করেন, সৎকর্ম্ম সম্পাদনের নিমিত্ত আমরা যেন তাহাই করি।)। (৩অ—৪খ—১সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'কারবঃ' স্তোতারো বয়ং 'বাজস্য' অন্নস্য 'সাতৌ' সম্ভজনে নিমিত্তভূতে সতি, হে 'ইন্দ্র!' 'ত্বাং ইৎ হি' ত্বামেব 'হবামহে' স্তুতিভিরাহ্বয়ামহে। হে ইন্দ্র! 'সৎপতিং' সতাং পালয়িতারং

শ্রেষ্ঠং ত্বাং 'নরঃ' অন্যেঽপি মনুষ্যাঃ 'বৃত্রেষু' আবরকেষু শত্রুষু সৎসু 'হবন্তে' আহ্বয়ন্তি, তজ্জয়ার্থং। অপিচ 'অর্ব্বত' অশ্বস্য সম্বন্ধিনীষু 'কাষ্ঠাসু' যথা অশ্বঃ ক্রান্ত্বা তিষ্ঠতি তাসু 'কাষ্ঠাসু' সংগ্রামেষু যুদ্ধকামাশ্চ ত্বামেবাহ্বয়ন্তি, অতো বয়ং ত্বামেবাহ্বয়াম ইত্যর্থঃ। 'সাতৌ'—'সাতা'—ইতি পাঠৌ॥ (৩অ—৪খ—১সূ—১সা)।

প্রথম (৮০৯) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের প্রথম চরণের 'বাজস্য' পদের অর্থ-বিষয়ে ভাষ্যের ও প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের সামান্য মতান্তর আছে; নচেৎ, ঐ চরণের অর্থ-বিষয়ে সর্ব্বথা ঐকমত্যই প্রকাশ পায়। ঐ চরণের প্রার্থনার ভাব এই যে,—'হে ভগবন্! স্তোতৃগণ আমরা, আমাদিগের সৎকর্ম্মসাধন সামর্থ্যের জন্য (ভাষ্য ও অন্যান্য ব্যাখ্যা অনুসারে—'আমাদিগের অন্নের জন্য') আপনাকে আহ্বান করিতেছি।' আহ্বান বা পূজা কি জন্য? "বাজস্য সাতৌ" পদদ্বয়ে তাহাই পরিব্যক্ত। কিন্তু ঐ 'বাজস্য' পদে আপন-আপন অভিরুচির অনুরূপ অর্থ পরিগৃহীত হইতে দেখি।

প্রথম চরণের অর্থ-সম্বন্ধে ঐরূপ সামান্য মতান্তর ঘটিলেও দ্বিতীয় চরণের অর্থ-বিষয়ে কিন্তু সম্পূর্ণ মত-পার্থক্য ঘটিয়াছে। ঐ চরণে সমস্যামূলক তিনটী পদ দৃষ্ট হয়। তাহার একটী পদ 'বৃত্রেষু'; দ্বিতীয় পদ 'কাষ্ঠাসু'; তৃতীয় পদ—'অর্ব্বতঃ।' বৃত্র-শব্দে সাধারণতঃ বৃত্র-নামক অসুরের সম্বন্ধ প্রখ্যাপিত হয়। এখানে ভাষ্যকার 'বৃত্রেষু' পদের প্রতিবাক্যে "আবরকেষু শত্রুষু সৎসু" বাক্যাংশ গ্রহণ করিয়াছেন। তাহাতে বৃত্রাসুরের সম্বন্ধ বা ব্যক্তিত্ব লোপ পাইয়াছে; লক্ষ্যস্থল-সম্বন্ধে দ্বিধা আনয়ন করিয়াছে। 'কাষ্ঠাসু' পদে ভাষ্যে 'সংগ্রামেষু' প্রতিবাক্য পরিগৃহীত। 'অর্ব্বতঃ' পদে ভাষ্যকার অশ্বের সম্বন্ধ লক্ষ্য করিয়াছেন। তদনুসারে, অশ্ব-সম্বন্ধীয় যে যুদ্ধ, মন্ত্রের অন্তর্গত "কাষ্ঠাস্বর্ব্বতঃ" ব্যাক্যাংশে, সেই ভাব দাঁড়াইয়া গিয়াছে। এইরূপে শেষ-চরণের অর্থের জন্য দুইটী ক্রিয়াপদ অধ্যাহারের আবশ্যক হইয়া পড়িয়াছে; এবং বিভিন্ন ব্যাখ্যায় তাহার অর্থ বিভিন্ন প্রকার দাঁড়াইয়া গিয়াছে। মন্ত্রটির তিন ভাষার তিনটি প্রচলিত অনুবাদ নিম্নে উদ্ধৃত করিতেছি। তদ্দ্বারা সে সকল পার্থক্য অনুভূত হইবে। যথা;—

(১) "হে ইন্দ্র! আমরা স্তবকারী, আমরা অন্ন লাভার্থ তোমাকে আহ্বান করি। মানবগণ শত্রুজয়ার্থ এবং অশ্বসঙ্কুল সংগ্রামে তোমাকে আহ্বান করেন, কেন না তুমি সাধুগণের রক্ষাকারী।"

(২) "That we may win us wealth and power we
poets, verily, call on thee :
In war men call on thee, Indra, the hero's Lord, in the
steed's race-course call on thee."

(৩) "স্তুতি করনেবালে হম অন্নকে দানকে নিমিত্ত হে ইন্দ্র! আপকো হী স্তুতি যোঁসে পুকারতে হৈঁ. হে ইন্দ্র! সজ্জনোঁকে পালক আপকো অন্য মনুষ্যভী শত্রুওঁকে হোনেপর উনকো জীতনেকে নিমিত্ত আহ্বান করতে হৈঁ. ঔর অশ্বসম্বন্ধী সংগ্রামোঁমে যুদ্ধকী ইচ্ছাসে আপকো হী পুকারতে হৈঁ. ইস্ কারণ হমভী আপকো হী পুকারতে হৈঁ।"

আমাদিগের পরিগৃহীত অর্থ মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বোধগম্য হইবে। "বৃত্রেষু" "কাষ্ঠাসু" ও "অর্ব্বতঃ" পদত্রয়-সম্বন্ধে পূর্ব্বাপর একই অর্থ গ্রহণ করিয়া আসিতেছি। ঐ শব্দত্রয়ের বিষয় বিভিন্ন স্থানে আলোচনা করা গিয়াছে। তাহাতে 'বৃত্র' শব্দে 'জ্ঞানাবরক অজ্ঞানতা' অর্থ প্রাপ্ত হইয়াছি, 'অর্ব্বৎ' শব্দে 'পাপকে' লক্ষ্য করে বুঝিতে পারিয়াছি, 'কাষ্ঠা' শব্দে 'প্রভাব' বা 'দিক্‌সমূহ' অর্থ পাওয়া গিয়াছে। এই সকল বিষয় বিবেচনা করিলে, মন্ত্রের দ্বিতীয় চরণে ভগবানের একটী মাহাত্ম্য প্রকাশ পাইতেছে বলিয়া বুঝা যায়। তিনি সাধুগণের প্রতিপালক (সৎপতিং) তাই অজ্ঞানের ও পাপের প্রভাবে বেষ্টিত হইলে সাধুগণ ভগবানকে আহ্বান করিয়া থাকেন। পাপ হইতে—অজ্ঞানতার মোহ হইতে—সাধুদিগকে তিনি রক্ষা করেন। সাধুগণের সম্বন্ধে ভগবানের এইরূপ করুণার বিষয় স্মরণ করিয়াই, এই মন্ত্রে প্রার্থনাকারী ভগবানকে আহ্বান করিতেছেন। (৩অ ৪খ-১সূ-১সা)। •

—-•—

দ্বিতীয়ং সাম।

১য় ২র ৩ ২
স ত্বং নশ্চিত্র বজ্রহস্ত ধৃষ্ণুয়া

৩১ ২ ৩ ১ ২
মহঃ স্তবানো অদ্রিবঃ।

১ ২র ৩ ২র ৩ ১ ২
গাম্ অশ্ব৺ রথ্যমিন্দ্র সং কির

৩ ২উ ৩ ২ ৩ ১ ২
সত্রা বাজং ন জিগ্যুষে ॥ ২ ॥

• উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩অ—১খ ১দ ২সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের ষট্‌চত্বারিংশত্তম সূক্তের প্রথমা ঋক্ (চতুর্থ অষ্টক, সপ্তম অধ্যায়, ২য় সপ্তবিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'চিত্র' (বিচিত্র, বহুশক্তিযুত, সর্ব্বশক্তিমন্) 'বজ্রহস্ত' (রক্ষাস্ত্রধারিন্) 'ইন্দ্র' (বলাধিপতে হে দেব!) 'ধৃষ্ণুয়া' (শত্রূণাং ধর্ষয়িতা, রিপুনাশকঃ) 'মহঃ' (মহান্) 'অদ্রিবঃ' (রিপুনাশায় পাষাণকঠোরঃ) 'সঃ ত্বং' (প্রসিদ্ধঃ, মুক্তিদায়কঃ ত্বং) 'জিগ্যুষে' (জিতবতে পুরুষায়, রিপুজয়িনে সাধকায়) 'ন' (যথা) 'বাজং' (আত্মশক্তিং প্রযচ্ছসি ইতি যাবৎ) তদ্বৎ 'স্তবানঃ' (অস্মাভিঃ স্তুতঃ সন্) 'নঃ' (অস্মভ্যং) 'সত্রা' (প্রভূতং) 'গাং' (জ্ঞানকিরণং) তথা 'রথ্যং' (সৎকর্ম্মযুতং) 'অশ্ব্যং' (ব্যাপকজ্ঞানং) 'সং কির' (সম্যক্ প্রযচ্ছ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন! কৃপয়া অস্মভ্যং পরাজ্ঞানং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩অ—৪খ-১সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সর্ব্বশক্তিমন্, রক্ষাস্ত্রধারিন্, বলাধিপতি হে দেব! রিপুনাশক, মহান্, রিপুনাশে পাষাণকঠোর, মুক্তিদায়ক আপনি রিপুজয়ী সাধককে যেরূপ আত্মশক্তি প্রদান করেন, সেইরূপ আমাদিগের কর্ত্তৃক স্তুত হইয়া আমাদিগকে প্রভূতপরিমাণ জ্ঞানকিরণ এবং সৎকর্ম্মযুত ব্যাপকজ্ঞান সম্যক্‌রূপে প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞান প্রদান করুন।)॥ (৩অ—৪খ—১সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'চিত্র' চায়নীয়! 'বজ্রহস্ত' বজ্রবাহো! 'অদ্রিবঃ' বজ্রবন্ যদ্বা আদৃণাত্যনেনেত্যদ্রিরশনিস্তদ্বৎ এবম্ভূত হে ইন্দ্র! 'ধৃষ্ণুয়া' 'ধৃষ্ণুঃ শত্রূণাং ধর্ষয়িতা 'মহঃ' মহান্ স তাদৃশস্ত্বং 'স্তবানঃ' অস্মাভিঃ স্তূয়মানঃ সন্ গাং, 'রথ্যং' রথবাহং 'অশ্ব্যং' চ 'সং কির' সম্যক্ প্রযচ্ছ। 'জিগ্যুষে' জিতবতে পুরুষায় ভোগার্থং 'সত্রা' মহৎ প্রভূতং 'বাজং ন' অন্নমিব যথা শত্রূন্ জিতবতে ভোগার্থং বহু প্রযচ্ছসি তদ্বৎ॥ (৩অ ৪খ—১সূ—২সা)॥

* * *

দ্বিতীয় (৮১০) সামের মর্ম্মার্থ।

শক্তি বলেই সিদ্ধিলাভ সম্ভবপর হয়। জ্ঞান, ভক্তি প্রভৃতি এক শক্তিরই বিভিন্ন বিকাশ মাত্র। যখন জ্ঞান ভক্তি প্রভৃতি ভগবৎপ্রাপক সমস্ত শক্তি সাধকের মধ্যে সম্পূর্ণরূপে বিকাশ লাভ করে, তখনই তিনি মোক্ষলাভের অধিকারী হয়েন। শক্তির পূর্ণ বিকাশই-

আত্মশক্তি। আত্মা দ্বারাই আত্মলাভ হয়। আত্মার শক্তিকে বিকশিত করিতে পারিলে, সাধক স্বরূপস্থ হয়েন, আপনার স্বরূপ উপলব্ধি করিতে পারেন।

কিন্তু প্রশ্ন হইতে পারে—আত্মশক্তির দ্বারাই যদি মুক্তি লাভ হয়, তবে ভগবানের নিকট প্রার্থনার প্রয়োজন কি? ভগবানই মানুষের অন্তরস্থিত শক্তির বিকাশ সাধন করেন, সুতরাং সেই জন্য ভগবানের করুণা প্রার্থনা করা আবশ্যক। তাঁহার করুণায়ই মানুষ সাধন পথে অগ্রসর হইতে পারে, মুক্তিলাভে সমর্থ হয়।

সেই আত্মশক্তিরই বিভিন্ন শাখা জ্ঞান, সৎকর্ম্মসাধন শক্তি প্রভৃতি লাভের জন্য এই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। কিন্তু প্রচলিত ব্যাখ্যাদিতে গরু ঘোড়া প্রভৃতির জন্যই প্রার্থনা পরিদৃষ্ট হয়। (৩অ—৪খ—১সূ—২সা) ॥

—— • ——

প্রথম সূক্তস্থ গেয়-গানং।

২র র র ১ ২ n ৩ ৫ ২ র র
১। তুবামিদ্ধাঔহোহায়ি। হাবামা ২ ৩ ৪ হায়ি। সাতৌবাজস্য

র ১ ৫ ১র র ২ ৩র৪র ৫ ১ ৩
কারাবো ২ ৩ ৪ হায়ি। ত্বা' বৃত্রেষ্বিন্দ্রসৎপতিন্ন' ৩ ৪। ঔহোবা। ইহা

৫ ২ ৩ ৫ ২১র ২র ১ ৭ ২
২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ রাঃ। তুবাঙ্ক। ষ্ঠাস্বর্ব্বা ৩ ৪।

৩র৪র ৫ ১ ৩ ৫ ৩র ৫র
ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১ ২ ৩ ৪। তাঃ। এহিয়া

৫ ২র রর ১ ২ ৩ ৫ ২ ১
৬ হা ॥ (১) তুবাঙ্কাঔহোহায়ি। স্বর্ব্বা ২ ৩ ৪ তাঃ। সত্বান্না ২

৫ ১ ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ২
৩ ৪ হায়ি। চিত্রবজ্রহস্তধৃষ্ণু ২ ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহু-

৩ ৫ ২ ১ ১ ১ ৭র ২ ৩র৪র ৫ ১ ৩ ৫
বা ২ ৩ ৪ য়া। মহস্তু ১ বানে অদ্রা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি।

৩র ২ ১ ৫র ৫ ২ র র ১ ২
ঔহো ৩ ১ ২ ৩ ৪। বাঃ। এহিয়া ৬ হা ॥ (২) মহস্তবাঔহোহায়ি। নো

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের ষট্‌চত্বারিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (চতুর্থ-অষ্টক, সপ্তম অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত) ।

৩ ৫ ২র ১ ৫ ১ ২
ন্দ্রা ২ ৩ ৪ য়িবাঃ। গামশ্বা ২ ৩ ৪ ৫ হায়ি। রথিয়ন্মিন্দ্রসঙ্কা ৩ ৪।

৩র৪র ৫ ১ ৩ ৫ ২ ৩ র ২ ১র২র ১ ৭ ২
ঔহোবা ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ রা। সত্রাবা। জান্নজিগ্যু

৩র ৪র ৫ ১ ০ ৫ ৩র ২
৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১ ২ ৩ ৪। ষায়ি।

৫র ৫ ৪
এহিয়া ৬ হা। হো ৫ ঈঃ ডা (৩)॥

* * *

২র র র ২ ১ ২ ৩র ২
২। ঔহোতুবানিদ্ধা ৩ এ। হবামা ১ হা ২ ৩ ৪ য়ি। হাহোয়ি।

১ র ২র র ২ ২ ৩র ২ ১ ২
সাতৌবাজস্যকারবঃ। তুবাং বা ১ ত্রা ২ ৩ ৪। হাহোয়ি। স, ইন্দ্র-

১ ২ ৩র ২ ১ ২
সৎ। পতায়িম্না ১ রা ২ ৩ ৪ঃ। হাহোয়ি। তুবাঙ্কা ১ ষ্ঠা ২ ৩ ৪।

৩র২র ৩ ১ ১ ৫
হাহো। সুআ ৩ র্বা ২ ৩ ৪ তাঃ। উহুবা ৬ হাউ। বা॥ (১)

২র র র র ২ ১ ২ ৩র ২ ১ ২
ঔ.হোতুবাঙ্কাষ্ঠা ৩ এ। সুআর্বা ১ তা ২ ৩ ৪ঃ। হাহোয়ি। সাত্বন্নশ্চি।

১ ২ ৩র ২ ১ ২ ৩র ২
ত্রবাজ্রা ১ হা ২ ৩ ৪। হাহো। স্তধাষ্ণু ১ য়া ২ ৩ ৪। হাহোয়ি।

১ ২ ৩র ২র ৩র ২ ১
মহাস্তু ১ বা ২ ৩ ৪। হাহো। নো আ ৩। দ্রা ২ ৩ ৪ য়িবাঃ।

৫ ৫ ২র র ২ র ১ ২
উহুবা ৬ হাউ। বা॥ (২) ঔহোমহস্তবা ৩ এ। নোআদ্রা ১ য়িবা

৩র ২ ১ ২ ১ ২
২ ৪ঃ। হাহোয়ি। গামশ্বরথ্যম্। রথায়িয়া ১ মা ২ ৩ ৪।

৩র ২ ১ ২ ৩র ২ ১ ২
হাহোয়ি। দ্রাসাঙ্কা ১ য়িরা ২ ৩ ৪। হাহোয়ি। সত্রাবা ১ জা ২

৩র ২৲ ৩ ২ ১ ৫
৩ ৪ মৃ। হাহো। নজা ৩ য়ি। গ্যু ২ ৩ ৪ যায়ি। উহুবা ৬

৫
হাউ। বা (৩)॥ ১.২॥ *

* * *

প্রথমং সাম।

৩ ১র ২র ৩ ১ ১ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
অভি প্র বঃ সুরাধসম্ ইন্দ্রমর্চ্চ যথা বিদে।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যো জরিতৃভ্যো মঘবা পুরুবসুঃ সহস্রেণেব শিক্ষতি ॥১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মম চিত্তবৃত্তয়ঃ! 'পুরুবসুঃ' (প্রভূতধনোপেতঃ, পরমধনদায়কঃ ইত্যর্থঃ) 'মঘবা' (প্রভূতধনসম্পন্নঃ) 'যঃ' (যঃ দেবঃ) 'জরিতৃভ্যঃ' (স্তোতৃভ্যঃ, সাধকেভ্যঃ) 'সহস্রেণেব' (সহস্রসংখ্যাকেন ধনেন, প্রভূতপরিমাণং ধনং ইত্যর্থঃ) 'শিক্ষতি' (প্রযচ্ছতি) 'সুরাধসং' (শোভনধনদায়কং) তং 'ইন্দ্রং' (বলাধিপতিদেবং) 'যথা' (যেনপ্রকারেণ) 'বিদে' (বয়ং জ্ঞাতুং শক্নুমঃ) তথা 'বঃ' (যুয়ং) 'প্র' (প্রকৃষ্টরূপেণ) 'অভ্যর্চ্চ' (আরাধয়ত তং ইতি শেষঃ) মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধকঃ। ভগবৎপ্রাপ্তয়ে বয়ং আরাধনাপরায়ণাঃ ভবেম—ইতি ভাবঃ॥ (৩অ ৪থ—২সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে আমার চিত্তবৃত্তিসমূহ! পরমধনদায়ক, প্রভূতধনসম্পন্ন যে দেবতা সাধকদিগকে প্রভূতপরিমাণ ধন প্রদান করেন, শোভনধনদায়ক সেই বলাধিপতিদেবতাকে যে প্রকারে আমরা জানিতে সমর্থ হই, সেই প্রকারে তোমরা প্রকৃষ্টরূপে তাঁহাকে আরাধনা কর। (মন্ত্রটী আত্মোদ্বোধক। ভাব এই যে,—ভগবৎ-প্রাপ্তির জন্য আমরা যেন আরাধনা-পরায়ণ হই।)॥ (৩অ—৪থ—২সূ—১সা)॥

---

* এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—"বারবন্তীয়ম্" এবং "কণ্ববৃহৎ"।

সায়ণ-ভাষ্যং।

'পুরূবসুঃ' পশ্বাদিবহুধনোপেতঃ যজ্ঞবাহুল্যাৎ বহূনি বাসকো বা 'মঘবা' ধনবান্ 'যঃ' ইন্দ্রঃ 'জরিতৃভ্যঃ' স্তোতৃভ্যঃ অস্মভ্যঃ 'সহস্রেণেব' সহস্রসংখ্যাকেন ধনেনেব 'শিক্ষতি' শিক্ষতির্দ্দানকর্ম্মা (নিঘ০ ৩.২০।৮) পশ্বাদিবহুধনং অস্মভ্যঃ প্রযচ্ছতীত্যর্থঃ স ইন্দ্রঃ 'যথাবিদে' যথা অস্মাভির্ব্বিজ্ঞায়তে তথা হে ঋত্বিজঃ! 'বঃ' যূয়ং 'সুরাধসং' শোভনধনোপেতং 'ইন্দ্রং' ঐশ্বর্য্যযুক্তং দেবং 'অভি' আভিমুখ্যেন 'প্র অর্চ্চ' প্রকর্ষেণার্চ্চত ॥ ১ ॥

প্রথম (৮১১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী আত্মোদ্বোধনমূলক। ভগবৎপ্রাপ্তির জন্য আরাধনাপরায়ণ হইতে চিত্তবৃত্তিকে উদ্বোধিত করা হইয়াছে। এই প্রসঙ্গে ভগবানের মহিমাও পরিকীর্ত্তিত হইয়াছে। তিনি আরাধনাপরায়ণ মানবকে পরমধন প্রদান করেন। তিনি অনন্ত ঐশ্বর্য্যসম্পন্ন। তাঁহার অসীম অফুরন্ত ভাণ্ডার হইতে অমৃতলাভ করিয়া মানুষ কৃতার্থ ও ধন্য হয়। সাধককে তিনি তাঁহার আকাঙ্ক্ষণীয় বস্তু প্রদান করেন। এই সত্যতত্ত্ব প্রসঙ্গেই আত্মোদ্বোধনের অবতারণা করা হইয়াছে। সাধকগণ যে উপায় অবলম্বন করিয়া ভগবানের করুণালাভে সমর্থ হয়েন, আমরাও যেন সেই উপায় অবলম্বন করি। সেই আরাধনা-প্রার্থনারূপ উপায় অবলম্বন করিয়া আমরাও তাঁহার চরণে পৌঁছিতে সমর্থ হইব। আমরা যাহাতে তাঁহাকে জানিতে পারি। তাঁহার চরণ লাভ করিতে পারি, তাহার জন্যই মন্ত্রে আত্মোদ্বোধন পরিদৃষ্ট হয়। সেই উদ্দেশ্য সাধনের উপায়—মহাজননির্দ্দিষ্ট পন্থা, তাঁহাদের অনুকরণে আরাধনায় প্রবৃত্ত হওয়া। বেদ এই মন্ত্রে তাহাই নির্দ্দেশ করিতেছেন। (৩অ-৪খ-২য়—১সা)। *

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২　৩　১　২　৩ ১
শতানীকেব প্র জিগাতি ধৃষ্ণুয়া
২র ৩ ১ ২　৩ ১ ২
হন্তি বৃত্রাণি দাশুষে।
৩ ১ ২৩ ১র　২র　৩　৩
গিরেরিব প্র রসা অস্য পিন্বিরে
১ ২　৩ ১ ২
দত্রাণি পুরুভোজসঃ ॥ ২ ॥

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের ঊনপঞ্চাশত্তম সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, চতুর্থ অধ্যায়, চতুর্দ্দশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ধৃষ্ণুয়া' (ধর্ষণশীলঃ পুরুষঃ, রিপুজয়ীজনঃ) 'শতানীকেব প্র জিগাতি' (যথা অসংখ্যান শত্রূন জয়ার্থং প্রকর্ষেণ গচ্ছতি, যথা সর্ব্বশত্রূন পরাজয়তি ইত্যর্থঃ) তদ্বৎ ভগবান 'দাশুষে' (সাধকায়, সাধকহিতায় ইত্যর্থঃ) 'বৃত্রাণি' (জ্ঞানাবরকান্ রিপূন্) 'হন্তি' (বিনাশয়তি); 'গিরেরিব রসা' (পর্ব্বতাৎ যথা রসধারা প্রবহতি তদ্বৎ) 'পুরুভোজসঃ' (বহুধনস্য, পরমধনদায়কস্য) 'অস্য' (ভগবতঃ) 'দত্রাণি' (দানানি, পরমধনানি ইত্যর্থঃ) 'প্র' (প্রকর্ষেণ) 'পিন্বিরে' (সাধকার্থং প্রবর্ত্তন্তে, প্রবহন্তি)। ভগবান্ সাধকানাং রিপূন্ বিনাশ্য তেভ্যঃ পরমধনং প্রযচ্ছতি—ইতি ভাবঃ। (৩অ—৪খ—২সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

রিপুজয়ী ব্যক্তি যেমন সর্ব্বশত্রুকে পরাজয় করেন, সেইরূপ ভগবান্ সাধকের হিতের জন্য জ্ঞানাবরক রিপুদিগকে বিনাশ করেন; পর্ব্বত হইতে যেরূপ রসধারা প্রবাহিত হয়, সেইরূপ পরমধনদায়ক ভগবানের পরমধন প্রকৃষ্টরূপে সাধকদিগের জন্য প্রবাহিত হয় (ভাব এই যে,—ভগবান্ সাধকদিগের রিপুগণকে বিনাশ করিয়া তাঁহাদিগকে (অর্থাৎ সাধকদিগকে) পরমধন প্রদান করেন।)॥ (৩অ—৪খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'ধৃষ্ণুয়া' ধৃষ্ণুঃ ধর্ষণশীলঃ পুরুষঃ 'শতানীকেন' যথা শতসংখ্যাকানি শত্রুসৈন্যানি 'প্রজিগাতি' জয়ার্থং প্রকর্ষেণ গচ্ছতি তদ্বৎ; ইন্দ্রঃ 'দাশুষে' যজমানার্থং 'বৃত্রাণি' যজ্ঞবিঘাতকান্ শত্রূন্ প্র জিগাতি ততস্তান্ 'হন্তি'। কিঞ্চ 'পুরুভোজসঃ' বহুধনস্য 'অস্য' ইন্দ্রস্য সম্বন্ধীনি 'দত্রাণি' দত্তানি ধনানি 'প্র পিন্বিরে' যজমানার্থং প্রকর্ষেণ বর্ত্তন্তে। তত্র দৃষ্টান্তঃ—'গিরেরিব' যথা গিরেঃ সকাশাৎ 'রসাঃ' উদকানি 'পিন্বিরে' প্রবর্ত্তন্তে তদ্বৎ॥ ২॥

* * *

দ্বিতীয় (৮১২) সামের মর্ম্মার্থ।

অপার করুণানিধান ভগবান্ তাঁহার দুর্ব্বল সন্তানের মঙ্গলের জন্য চিরযত্নপরায়ণ। মানুষ চারিদিক হইতে রিপুর আক্রমণে বিব্রত—সপ্তরথীবেষ্টিত অস্ত্রহীন অভিমন্যুর মত সে নিরাশ হৃদয়ে মৃত্যুকে আলিঙ্গন করিতে যায়। কিন্তু মঙ্গলময় ভগবান তাঁহার অসহায় সন্তানকে রক্ষা করিবার জন্য ছুটিয়া আসেন, চঞ্চল মরণভীত মানুষকে অমৃতের আশ্বাস দেন, পরিণামে তাহাকে আপনার ক্রোড়ে আশ্রয় দান করেন। অজাতশত্রু সেই পরম দেবতা মানবের কল্যাণের জন্য রিপুসংগ্রামে রত হয়েন, তাই দুর্ব্বল মানুষ আপনাকে পাপমোহের আক্রমণ হইতে রক্ষা করিতে পারে।

তিনি পরমধনের অধিকারী। তিনি মানুষকে শুধু রিপুগণের আক্রমণ হইতে রক্ষা করেন না, পরমধন প্রদান করিয়া তাহাদিগের জীবনকে ধন্য করেন। তাঁহার স্নেহামৃত ধারায় অভিষিক্ত হইয়া মানুষ আপনার জীবনের চরম সার্থকতা লাভ করিতে সমর্থ হয়। মন্ত্রে এই ভাবই পরিব্যক্ত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে কোনও কোনও স্থলে এই ভাবের ব্যতিক্রম পরিলক্ষিত হয়। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল, "তিনি সগর্ব্বে গমন করিতেছেন, যেন শত্রু সেনার (গাত্র), তিনি হব্যদাতার জন্য বৃত্রবধ করিতেছেন। তিনি বহুলোকের পালক, তাঁহার উদ্দেশে প্রস্তুত রস পর্ব্বতের রসের ন্যায় প্রীত করে।" ভাষ্যকার কিন্তু এই মন্ত্রে 'বৃত্রাণি' পদে 'যজ্ঞবিঘাতকান্ শত্রূন্' অর্থ গ্রহণ করিয়াছেন; উক্ত বঙ্গানুবাদের ন্যায় বৃত্রাসুরকে টানিয়া আনেন নাই। যাহা হউক, আমাদিগের মত মন্ত্রানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (৩অ ৪খ ২হ-২সা)॥ *

দ্বিতীয় সূক্তের গেয়-গান।

৪৩ ৪৫র ৩২ ৩র৪র৫ ১ ২ ১৭
১। অভিপ্রবঃসুরা। ধসা ৩ ৪ ঔহোবা। আমিন্দ্রমর্চ্চ। যথাবিদা ৩ ৩ ৪ য়ি।

৫ ৫ ১র ২১২ ১ ২ ১ A ৩ ৫
ও ৬ হা। যোজারিতৃভ্যঃ। মাঘা ২ ৩ বা। পুরূ ২। বা ২ ৩ ৪ সূঃ।

২১ র ২ ২ ১ ন ৩ ৫রর
সহস্রেণায়িবা ৩ শা। হুম্মায়ি। ক্ষা ২ তা ২ ৩ ৪ ঔহোবা॥ (১)

৪৩ র৪র৫ ৩৩ ৩র৪র ১ ২র র ১ ৭
সহস্রেণেবশি। ক্ষতা ৩ ৪ ঔহোবা। সহস্রেণে। বশায়িক্ষতা ২ ৩ ৪ য়ি।

৫ ৫ ২১রর ২র ১ ২ ১ ন ৩ ৫
ও ৬ হা। শতানীকেব। প্রাজা ২ ৩ য়িগা। তিগা ২। ধৃ ২ ৩ ৪ য়া।

১ ২ ২ ১ ন ৩ ৫র র ৩ ৪ ৩র ৪৫র
হন্তিবৃত্রাণী ৩ দা। হুম্মায়ি। শূ ২ ষা ২ ৩ ৪ ঔহোবা॥ (২) হন্তিবৃত্রাণিদা।

৩ ২ ১ ৩র৭র৫ ১ ২র ১ ৭ ৫ ৫
শুষা ৩ ৪। ঔহোবা। হান্তিবৃত্রা।- নিদাশুষা ২ ৩ ৪ য়ি। ও ৬ হা।

২ ১র ২ ১ ২ ১ A ৩ ৫ ১র ২
গিরেরিবপ্র। রাসা ২ ৩ আ। স্যপা ২ য়ি। ন্বা ২ ৩ ৪ য়িরায়ি। দত্রাণিপূরু ৩

২ ১ ন ২ ৫র র ৩ ৫
ভো। হুম্মায়ি। জা ২ সা ২ ৩ ৪ ঔহোবা। বা ২ ৩ ৪ সূ (৩)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের একোনপঞ্চাশত্তম সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, চতুর্থ অধ্যায়, চতুর্দ্দশ বর্গের অন্তর্গত)।

সাম—৫৭ (৩০)

৫ ৪ ২ ৪ ৫র ০ ৫ ১ ২ ১ ২ --
২। অগ্না৩ ইয়া৩ বঃসুম্নায়বো। আ চক্রুর্চ্চ ঋণাবা১ য়িদা২ য়ি

১ ২ ৩র ৪৫র ২১ ২ -- ২ ম
যোজ্যরিতৃ৩ ১ ২ ৩ ৪। জ্যোবধরা। পূর্বা১ পূ২ঃ। সতাস্রে ১ ণা২

৩২ ১ ৩ ১ ১ ১ ১ ৫ ৪ ২
য়ি। বণা৩ য়ি। ক্ষা২ ৩ ৪ ৫। জা২ ৩ ৪ ৫ য়িঃ (১) সহা৩ স্রে ৩

৪ ৫ ৪ ৫ ১২র র ১ ২ -- ১ র ব ২
দেবাশক্ষতোবা। সাহস্রে ণ। বশা দ্বিষা১ স্থা২ য়ি। শাতানীকা৩ ১ ২ ৩

৩ ৪৫র ২১ ২ — ১ ২ A ৩২ ১
৪ য়ি। বগ্রাদগঃ। ভিদানু১ য়া২। হস্ত্যামবা১ র্জ্জা২। শিদা৩। শূ২ঃ।

৩ ১ ১ ১ ১ ৫ ৪ ১ ৪ ৫র ৪ ৫
৩ ৪ ৫। ষা২ ৩ ৪ ৫ য়িঃ (২) হস্তা৩ য়িবা৩ র্জ্জাশদাশুষো।

১ ২র ১২ - ১ র ২ ৩ ৪র ৫
হা জুবৃক্ষা। শিদাশূ১ ষা২ য়ি। গায়রোহিণা৩ ১ ২ ৩ ৪। অগ্নশান্ম।

২ ১ ২ — ১২ A ৩ ২ ১
স্তগায়ষা১ মিরা২ য়ি। দক্ষাণা১ য়িপূ২। ক্ষত্তো৩। জা২ ৩ ৪ ৫।

৩ ১ ১ ১ ১
গা২ ৩ ৪ ৫ঃ (৩)।

* * *

৪ ৩ ৪ ৫র ৩২ ৩র২র৫ ১ ২ ১ ৭
৩। অস্তিপ্রত্নঃস্বরা। ধনা৩ ৪ ঔহোবা। আয়ুষ্মর্চ্চ। বর্চ্চাবিদ্বা২ ৩ ৪ য়ি।

৫ ৫ র ২ ১ ২ ১২ ১ ২৩ ৫
ও ৬ হা। যো২ ৩ জা। দীতুভাঃ। মধ। বা। পুত্রণী২ ৩ ৪ পূঃ।

১ ২ ১র২১ ৫ ৩ ৫ ৪৩ র ৪ ৫
সা২ ৩ তা। স্রেণেনশো২ ৩ বা। ক্ষা২ ৩ ৪ তৌ। (১) সহস্রেণেবশ।

৩২ ৩র৪র৫ ১ ২র র ১ ৭ ৫ ৫
ক্ষতা৩ ৪ ঔহোবা। সাহস্রেণ। বশা যক্ষতা২ ৩ ৪ য়ি। ও ৬ হা।

১ ২ ১র২ ১২ ১ ২৩ ৫ ১
শা২ ৩ তা। মীকেব। প্রাজ। গা। ভায়িপাক্ষু২ ৩ ৪ য়া। তা২ ৩

২ ১র২২ ৫ ৩ ৫ ৩৪৩র৪৫র
ষ্ঠায়ি। বাজ্রাণিদো২ ৩ ৪ বা। শূ২ ৩ ৪ ষে। (২) দক্ষিবৃক্ষাণিদা।

৩২ ৩র৪৫র৫ ১ ২র ১৭ ৫ ৫ ১
ত্বষা৩ ৪ ঔ৩হোবা। তাংস্তবৃধা। দিবাশুষা২ ৩ ৪ য়ি। ও৬ হা। গা২৩

২ ১ ২ ১২ ১ ২৩ ৫ ১
য়িরেঃ। আয়াবঃ। প্রর। গাঃ। আ। স্বাপবা২ ৩ ৪ য়িরায়ি। দ্বা২৩

২ ১ ২১ ৫ ৩ ৫
ত্রো। ণ্যাংসুক্রভো২ ৩ ৪ বা। জা২ ৩ ৪ সাঃ (৩)।

⁂

২১ ২ ১র ৩২ ২১২
৪। অভী৩য়িপ্রাবা৩ ১ ২ ৩ ৪ঃ। সুরা। ধমা৩ ম। ইন্দ্রমধ্যা৩ ১ ২ ৩ ৪।

৫র ৩২ ২র ১ ২ ৩র ৪৫র র ৩২
যধা। দিবা৩ য়ি। যোধা। রত্৩ ১ ২ ৩ ৪। ভোমঘ্যাপুরা। বসূ৩ঃ।

২১ ২র ৪ ২১ ২
মহাস্রেণা৩ ১ ২ ৩ য়ি। বধা ৫ রিক্ষতাউ। (১) মহাস্রেণা৩ ১ ২ ৩ ৪

৫ ৩২ ২১২ ৫ ৩২
য়ি। বাশা। ক্ষতা৩ বি। মহস্রেণা৩ ১ ২ ৩ ৪য়ি। বাশ। ক্ষতা৩

২১ ২ ৩ ৪৫র ৩২ ২১
বি। শতানীকা৩ ১ ২ ৩ ৪ য়ি। বজ্রাদিগাঃস্থু। স্তুপা৩। হস্তাম্রি-

২ ৪১র ২১ ২
বার্দা৩ ১ ২ ৩। দিবা ৫ শুষাউ। (২) হস্তাম্রিবার্দা৩ ১ ২ ৩ ৪।

৫র ৩২ ২১২ ৫র ৩২
দি। বা। শুষা৩ য়ি। তাস্তবৃধা৩ ১ ২ ৩ ৪ দিবা। শুষা৩ য়ি।

২১ ২ ৩৪৫৫ ৩২ ২২ ২
ঋরেরায়িবা৩ ১ ২ ৩ ৪। প্রারমাঅস্তপি। ষিরা৩ য়িদক্ষাণাম্পু৩ ১ ২ ৩।

৪
রুতোঃ ৫ অসাউ। বা (৩)।*

প্রথমং সাম।

২ ৩১র ২র ৩ ১৩
ত্বামিদা হ্যো নরোঽপীপ্যন্ বজ্রিন্ ভূর্ণয়ঃ।

১ ২ ৩ ১ ২ ৩২ ৩ ২ ৩১২ ৩র ২
স ইন্দ্র স্তোমবাহস ইহ শ্রুধ্যুপস্বসরমাগহি ॥ ১॥

---

* এই গুচ্ছাপ্তগত তৃচটী মন্ত্রে এক এক গ্রন্থে চারটি গেয়গান আছে। উহাদের নাম যথাক্রমে, (১) "শ্রৌতম্" (২) "অভীবর্ত্ত" (৩) "শ্রৌতনৌধসম্" এবং (৪) "বাভ্রনিধনংক্রৌঞ্চম্"।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বজ্রিন্' (রক্ষাস্ত্রধারিন্ হে দেব) 'ভূর্ণয়ঃ' (তব পূজাপরায়ণাঃ) 'নরঃ' (সৎকর্ম্মণাং নেতারঃ, সৎকর্ম্মসমন্বিতাঃ সাধকাঃ) 'ইদা হ্যঃ' (পূর্ব্বস্মিংশ্চ, নিত্যকালং) 'ত্বাং' (ত্বাং, ত্বৎসম্বন্ধিনঃ দেবভাবান্ বা) 'অপীপান্' (পিবন্তু, প্রাপ্নুবন্তি); 'ইন্দ্রঃ' (বলৈশ্বর্য্যাধিপতে হে দেব) 'সঃ' (শ্রেষ্ঠঃ ত্বং) 'স্তোমবাহসঃ' (অস্মাকং প্রার্থনাকারিণাং স্তোত্রাণি) 'শ্রুধি' (শৃণু) তথা 'ইহ' (অস্মিন্ যজ্ঞে, কর্ম্মে বা) 'স্বসরং' (যজ্ঞগৃহং, অস্মাকং হৃদয়রূপং ইত্যর্থঃ) 'উপ' 'আগহি' (উপাগচ্ছ, আবির্ভব, প্রাপ্নুহি ইতি ভাবঃ); হে দেব! অস্মাকং হৃদয়ে দেবভাবং উপজনয় - ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৩অ ৪খ—৩সূ—১সা)॥

• • •

বঙ্গানুবাদ।

রক্ষাস্ত্রধারিন্ হে দেব! আপনার পূজাপরায়ণ সৎকর্ম্মান্বিত সাধকগণ নিত্যকাল আপনাকে (আপনার সম্বন্ধীয় দেবভাবসমূহকে) প্রাপ্ত হয়েন; বলৈশ্বর্য্যাধিপতে হে দেব! শ্রেষ্ঠ সেই আপনি প্রার্থনাকারী আমাদিগের স্তোত্রসমূহ শ্রবণ করুন এবং এই যজ্ঞকর্ম্মে আমাদিগের হৃদয়রূপ যজ্ঞগৃহে আবির্ভূত হউন; (প্রার্থনার ভাব এই যে,—হে দেব! আমাদিগের হৃদয়ে দেবভাব উৎপাদন করুন।)॥ (৩অ—৪খ—৩সূ—১সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে 'বজ্রিন্' বজ্রবন্নিন্দ্র! যঃ 'ত্বাং' 'ভূর্ণয়ঃ' হবির্ভরণশীলাঃ 'নরঃ' কর্ম্মণাং নেতারো যজমানাঃ 'ইদা' অদ্য 'হ্যঃ' পূর্ব্বেদ্যুশ্চ 'অপীপান্' সোমমপায়য়ন্। হে ইন্দ্র! 'সঃ' ত্বং 'স্তোমবাহসঃ' স্তোত্রবাহসঃ স্তোত্রবাহকস্য মম স্তোত্রং 'ইহ' যজ্ঞে 'শ্রুধি' শৃণু 'স্বসরং' গৃহং। 'হর্য্যাঃ (৯) স্বসরাণি (১০)—ইতি (নিঘ০ ৩।৪) গৃহনামসু পাঠাৎ 'উপাগহি' উপাগচ্ছ। 'স্তোমবাহসঃ'—ইতি ছন্দোগাঃ স্তোমবাহসাং—ইতি বহ্বৃচাঃ ॥ (৩অ ৪খ ৩সূ ১সা)॥

* * *

প্রথম (৮১৩) সামের মর্ম্মার্থ।

——§ : ০ : §——

মানুষ স্বরূপতঃ সমান হইলেও কর্ম্মই তাহাদিগকে পার্থক্য প্রদান করে। ভগবান্ সকলের মধ্যেই কর্ম্মশক্তি বুদ্ধিবৃত্তি দিয়াছেন। যে ব্যক্তি ভগবৎ-প্রদত্ত সেই শক্তির উপযুক্ত সদ্ব্যবহার করিয়া নিজেকে, নিজের বৃত্তিসমূহকে, ঈশ্বরাভিমুখী করেন; তিনি জীবনের চরম সার্থকতা লাভ করিতে পারেন; ভগবচ্চরণলাভ তাঁহার ভাগ্যেই ঘটে। হৃদয়স্থিত সদ্বৃত্তিরাজির স্ফূর্ত্তি-

সাধন, এবং তাহাদের চরম-বিকাশ সম্ভবপর হয়—সৎকর্ম্মের সাহায্যে। কর্ম্মই এক মানুষকে অন্য মানুষ হইতে পৃথক করিয়াছে। কর্ম্মই মানুষকে দেবতা করে; কর্ম্মই মানুষকে পশু করে। যিনি ভগবৎপ্রাপ্তির আকাঙ্ক্ষা হৃদয়ে পোষণ করেন, লক্ষ্য-প্রাপ্তির উপায়ভূত সৎকর্ম্মের সাধনায় তাঁহাকেও আত্মনিয়োগ করিতে হয়। হৃদয়ে আকাঙ্ক্ষা পোষণ করিলেই হয় না; শুধু ইচ্ছা থাকিলেই হয় না। ইচ্ছাকে কার্য্যে পরিণত করা চাই।

মানুষের মনে কত রকমেরই ইচ্ছা অনবরত উঠিতেছে, আবার উপযুক্ত কর্ম্মাভাবে অপূর্ণাবস্থাতেই বিলীন হইয়া যাইতেছে। 'উত্থায় হৃদি লীয়ন্তে দরিদ্রাণাং মনোরথাঃ' দরিদ্রের মনোরথ হৃদয়েই বিনাশ প্রাপ্ত হয়। যাহার কর্ম্মশক্তি নাই, আকাঙ্ক্ষা পূর্ণ করিবার উপযোগী সাধনা নাই। যে মনে মনে কেবল আকাশ-দুর্গই নির্ম্মাণ করে, তাহার মনোরথ পূর্ণ হইবে কিরূপে? এখানেই সাধক ও সাধারণ মানুষের পার্থক্য বুঝিতে পারা যায়। ভগবানের জন্য, ভগবানকে পাইবার জন্য, সকলেই হৃদয়ে আকাঙ্ক্ষা পোষণ করেন। কিন্তু কেহ বা তাঁহার মঙ্গলময় ক্রোড়ে আশ্রয়লাভ করিয়া ধন্য হন, আর কেহ বা শুধু নিজের অসমর্থতাজনিত হা-হুতাশ করিয়াই জীবন কাটাইয়া দেন। কেন?—ইহার কারণ কি? ভগবান কি তবে পক্ষপাতিতা-দোষ দুষ্ট? তাহা কখনই সম্ভবপর নয়। ভগবান মানুষকে শক্তিদান করেন সত্য, কিন্তু মানুষের কর্ম্মও এই শক্তিলাভের কারণ। ভগবানের নিয়ম মান্য করিয়া তাঁহার বিধিনিষেধানুসারে কর্ম্ম করিবার অধিকার ভগবানই মানুষকে দিয়াছেন। সুতরাং তাঁহার দেওয়া এই অধিকারের সদ্ব্যবহার না করিয়া ফলের আশা করা যায় কিরূপে? তাহা করা যায় না বলিয়াই বেদ বলিতেছেন 'ভূর্ণয়ঃ নরঃ ত্বাং অপীপ্যন্।' সাধকগণই ভগবানকে উপভোগ করিতে পারেন।

মন্ত্রের শেষাংশের প্রার্থনা—ভগবানকে হৃদয়ে পাইবার জন্য। ভগবান মানুষের হৃদয় দেখেন, হৃদয়ে অবস্থান করেন। তাই হৃদয়ে আবির্ভূত হইবার জন্য প্রার্থনা কেন? ভগবান তো সমস্ত বিশ্বে অনুস্যূত রহিয়াছেন, তবে তাঁহাকে হৃদয়ে আগমন করিবার জন্য আহ্বান করা যায় কিরূপে? এ প্রশ্নের উত্তরে বলা যায়, হৃদয়ে তাঁহার অনুভূতিই লক্ষ্য। এই প্রার্থনারও মর্ম্ম 'আমরা যেন ভগবানের আবির্ভাব হৃদয়ে অনুভব করিতে পারি।'

তিনি আমাদিগের হৃদয়েই বিরাজমান আছেন। মোহ অজ্ঞানতার জন্য, সাংসারিক নানাবিধ প্রলোভনের ও আকর্ষণ-বিকর্ষণের জন্য, আমরা তাঁহার আবির্ভাব হৃদয়ে অনুভব করিতে পারি না। আমাদিগের হৃদয় পবিত্র হউক; নির্ম্মল হউক। তাঁহার শ্রীচরণ ছায়া হৃদয়ে পতিত হইবে, আর আমরা তাহা অনুভব করিতে পারিব। সেই জন্য পাতঞ্জল দর্শন যোগের সংজ্ঞা নির্দ্দেশ করিয়াছেন 'যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ।' বাহিরের কোলাহল হইতে আত্মাকে সরাইয়া আনিয়া বিশুদ্ধভাবে তাহাকে থাকিতে দাও, বাহ্যেন্দ্রিয়ের সংস্রব হইতে তাহাকে পৃথক রাখ, সেই নির্ম্মলাত্মায় ভগবানের ছায়া প্রতিফলিত হইবে। কিন্তু মুখের কথায় চিত্তবৃত্তিনিরোধ হয় না—তজ্জন্য সৎকর্ম্মসাধন চাই। মন্ত্রের নিত্য-সত্য-খ্যাপন ও প্রার্থনার মধ্যে এই সামঞ্জস্য স্পষ্ট হইয়া উঠিয়াছে।

এই মন্ত্রের ব্যাখ্যা-কালে অনেক স্থলে আমরা ভাষ্যেরই অনুসরণ করিয়াছি। এক

সোমরসের কথা টানিয়া আনা ব্যতীত, ভাষ্যের সহিত অন্যত্র আমাদিগের বিশেষ কোনও মতানৈক্য ঘটে নাই। (৩অ-৪খ-৩সূ—১সা)॥ *

—— * ——

দ্বিতীয়ং সাম।

১ ২ ১
মৎস্বা সুশিপ্রিন্ হরিব-
২ ৩ . ১ ২ ৩ ১ ২
স্তমীমহে ত্বয়া ভূষন্তি বেধসঃ।
২ ৩ ১ ২ ৩ ১ ২
তব শ্রবাংস্যুপমান্যুক্থ্য
২ ১ ২
সুতেষ্বিন্দ্র গির্ব্বণঃ॥ ২॥

⁂

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'সুশিপ্রিন' (পরমজ্যোতির্ম্ময়) 'হরিবঃ' (হর্য্যুপেত, পাপহারকজ্ঞানভক্ত্যাদিদায়ক হে দেব!) 'তং' (ত্বাং) বয়ং 'ঈমহে' (প্রার্থয়াম আরাধয়াম ইত্যর্থঃ); 'বেধসঃ' (জ্ঞানিনঃ) 'ত্বয়া' (ত্বাং) 'আ' (সর্ব্বতোভাবেন) 'ভূষন্তি' (শ্লাঘাং কুর্ব্বন্তি, পূজয়ন্তি প্রার্থয়ন্তি বা ইত্যর্থঃ); ত্বং 'মৎস্ব' (পরমানন্দং প্রযচ্ছ অস্মভ্যং ইতি শেষঃ); 'উক্থ্য' (প্রশংসনীয়, স্তুতিযোগ্য) 'গির্ব্বণঃ' (গীর্ভির্ব্বননীয়, পরম আরাধনীয়) 'ইন্দ্র' (বলাধিপতে হে দেব!) 'সুতেষু' (বিশুদ্ধেষু সত্ত্বভাবেষু, শুদ্ধসত্ত্ব-উপজনায় ইত্যর্থঃ—সাধকানাং হৃদি ইতি যাবৎ) 'তব' 'শ্রবাংসি' (শক্তয়ঃ) 'উপমানি' (উপমাভূতাঃ, শ্রেষ্ঠতমাঃ—ভবন্তু ইতি শেষঃ। নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ অয়ং মন্ত্রঃ। শুদ্ধসত্ত্বদায়কং ভগবন্তং বয়ং আরাধয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৩অ ৪খ ৩সূ ২সা)॥

⁂

বঙ্গানুবাদ।

পরমজ্যোতির্ম্ময়, পাপহারকজ্ঞানভক্ত্যাদি-দায়ক হে দেব! আপনাকে আমরা যেন আরাধনা করিতে পারি; জ্ঞানিগণ আপনাকে সর্ব্বতোভাবে পূজা অর্থাৎ প্রার্থনা করেন; আপনি আমাদিগকে পরমানন্দ প্রদান করুন;

---

* উত্তরার্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকে (৩অ—৭খ ৭দ—১০সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের একোনশততম সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)।

স্তুতিযোগ্য, পরম আরাধনীয়, বলাধিপতি হে দেব! সাধকহৃদয়ে সত্ত্বভাব উৎপন্ন করিবার জন্য আপনার শক্তি শ্রেষ্ঠতম হয়। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক এবং প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন শুদ্ধসত্ত্বদায়ক ভগবানকে আরাধনা করি।) ॥ (৩অ—১খ—৬সূ—২স।) ॥

* * *

সায়ণ ভাষ্যং।

হে 'সুশিপ্রিন্' শোভনহনো! 'হরিবঃ' হরিনামকাশ্বোপেত! 'গির্ব্বণঃ' গীর্ভির্বননীয়েন্দ্র! 'ত্বয়া' ত্বয়ি 'বেধসঃ' পরিচারকাঃ 'আ ভূষন্তু' আভবন্তু, 'মৎস্ব' সোমেন মাদয় আত্মানং 'তৎ' তং ত্বা বয়ং 'ঈমহে' যাচামহে। কিং বাচাঃ হতাস্রাণ—'সুতেষু' সোমেষু অভিষুতেষু সৎসু, 'তব শ্রবাংসি' অন্নানি 'উপমানি' উপমানভূতানি, হে—'উক্থ্য' প্রশস্য! তব প্রসাদাৎ সন্তু। 'সুশিপ্রিন্'—'সুশিপ্র'—ইতি পাঠৌ ॥ ২ ॥

* * *

দ্বিতীয় (৮১৪) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটীর মধ্যে আত্মোদ্বোধন, প্রার্থনা, নিত্যসত্য প্রখ্যাপন—এই তিন ভাবেরই সমাবেশ আছে। ভগবৎপরায়ণ হইবার জন্য আত্মোদ্বোধন, পরমানন্দলাভের জন্য প্রার্থনা এবং ভগবন্মহিমাকীর্ত্তন এই মন্ত্রে পরিদৃষ্ট হয়।

মন্ত্রান্তর্গত কয়েকটী পদের ব্যাখ্যা সম্বন্ধে প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের মতানৈক্য ঘটিয়াছে। প্রথম পদ—'সুশিপ্রিন্'। ভাষ্যকার উহার অর্থ করিয়াছেন—'শোভনহনো'। ভাষ্যের অনুসরণে একজন ব্যাখ্যাকার অর্থ করিয়াছেন 'সুন্দর হনু বিশিষ্ট'। কিন্তু সুন্দর হনুর সহিত মন্ত্রার্থের কি সম্বন্ধ আছে, তাহা আমরা বুঝিতে অসমর্থ। আমরা ঐ পদে 'পরমজ্যোতির্ম্ময়' অর্থ গ্রহণ করিয়াছি। এই পদের ব্যাখ্যা সম্বন্ধে পূর্ব্বে বহুত্র আলোচনা করা গিয়াছে। বিশেষভাবে আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ সংহিতা (-ম নম্ব - ৩য়) দ্রষ্টব্য। 'হরিঃ' পদের অর্থ পাপহারক। জ্ঞান ভক্তি প্রভৃতি পাপহারক শক্তি যিনি প্রদান করেন, 'হরিবঃ' পদে সেই পরম পুরুষকেই লক্ষ্য করে। আমাদিগের ব্যাখ্যায় এই অর্থই গৃহীত হইয়াছে। 'বেধসঃ' পদের সরল সহজ অর্থ 'জ্ঞানী'; কিন্তু ভাষ্যাদিতে 'পরিচারকগণ' অর্থ দৃষ্ট হয়। স্বাভাবিক সঙ্গত অর্থ পরিত্যাগ করিবার কোনও কারণ দেখি না। 'বেধসঃ' পদে 'জ্ঞানিনঃ' অর্থই আমরা গ্রহণ করিয়াছি। 'মৎস্ব' পদে 'আমাদিগকে পরমানন্দ প্রদান করুন' অর্থই সরল ও সঙ্গত; কিন্তু ভাষ্যাদিতে 'মাদয় আত্মানং' অর্থ পরিদৃষ্ট হয়। অন্যান্য পদের ব্যাখ্যায় বিশেষ কোনও অনৈক্য ঘটে নাই। আমাদিগের মর্ম্মানুসারিণী ব্যাখ্যা দ্রষ্টব্য। (৩য় খণ্ড - ৩য় ২খা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার অষ্টম মণ্ডলের নবনবতিতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)।

তৃতীয়সূক্তের গেয়-গান।

৩র ৪৫র   ২ণ   ৩ ৪র ৫   ৫   ২ ১   ২ ১   ২৩
১। স্বাদিদা। হোয়ি। হিয়োনরা ৬ এ। অপাযিপ্যাখা। স্থায়িন্‌ ভূর্ণা ২ ৩ ৪
৫   ১ ২ ৪র ২র   ১ ২^   ৩র ২   ৩র২   ১ ২ণ
য়াঃ। সইন্দ্রস্তোমবাহনঃ। ইহাশ্রবা। ঔহো ৩ ৪ বাহায়ি। উপাস্বাসা।
৩র   ৩র ২   ১র   ২   ৩ ৪৫র   ২ণ
ঔহো ৩ ৪ বাহা। সমাগা ২ ৩ চা ৩ ৪ ৩ য়ি॥ (১) উপস্বসা। হো।
৩৪র ৫   ৫   ২ ১ ২১   ২^৩   ৫   ১র ২
সমাগহী ৬ এ। উপাস্বসা। রাযাগা ২ ৩ ৪ হী। মখাশুশিপ্রিন্‌ হরিবঃ।
১   ২^   ৩র ২   ৩র২   ১   ২   ৩র   ৩র ২   ১র
তমাযিমাহা। ঔহো ৩ ৪ বাহায়ি। স্বয়াভূমঃ। ঔহো ৩ ৪ বাহা। তিবেশা ২ ৩
২   ৩২র৫র   ২ণ   ৩ ৪র৫   ৫   ২ ১২র১
সা ৩ ৪ ৩ঃ॥ (২) স্বয়াভূষা। হো। তিধ্বেসা ৬ এ। স্বয়াভূষা।
২ণ৩   ৫   ১২ ১৫   ২ ১র   ২১   ২১   ৩র ২
তিবেধা ২ ৩ ৪ সাঃ। তবশ্রবাৎ স্থাপমা। নিষ কৃণায়া। ঔহো ২ ৩ ৪
৪র ২   ১   ২১   ৩র ২   ২   ১   ২
বাহায়ি। সুত্তায়িবৃবা। ঔহো ৩ ৪ বাহায়ি। দ্রাগর্ব্বা ২ ৩ গা ৩ ৪ ৩ঃ।
১
ও ২ ৩ ৪ ৫ ঈ। ডা (৩)॥

⁂

১   র ২১র র ২   ১   র   র   ৭ ২ র
২। হোবায়ি। স্বামিদাহোনরঃ। হোবায়ি। আপীপাস্বস্ত্রিনভূর্ণয়ঃ। সাইন্দ্রস্তো।
১৭র ২   ৭   ৩   ৫   ২ ১   ৩   ১ণ
মাবাহসা ৩ ১ঃ। ইহা ২ ২ ৩ ৪ শ্রধায়ি। উপাস্বা ২ ৩ সা ৩। রা ২
৩   ৫র র   ৩   ৫   ১   ২ ১ ২১র২
মা ২ ৩ ৪ ঔহোবা। গা ২ ৩ ৪ হী॥ (১) হোবায়ি। উপস্বসরমাগহি।
১   র   র ২   ৭ ২   ৭ ^
হোবায়ি। উপস্বসরমাগহি। মাংস্বশুশি। প্রাবিন্‌হরিবা ৩ ১ঃ। তমা ২
৩   ৫   ২ ১   ২   ১   ৩   ৫র র
য়িমা ২ ৩ ৪ হায়ি। স্বয়াভূ ২ ৩ বা ৩. তা ২ য়িবে ২ ৩ ৪ ঔহোবা।
৩   ৫   ১   র২র১ ২র১২   ১   র
ধা ২ ৩ ৪ সাঃ॥ (২) হোবায়ি। স্বয়াভূর্ষন্তিবেধসঃ। হোবায়ি। স্বায়া-
র   র   ৭২ র   ১ ৭ ২   ৭ ঢ ৩   ৫
ভুষস্তিবেধসঃ। তাবশ্রবা। সাউপমা ৩ ১। নিষৃ ২ কৃণা ২ ৩ ৪ য়া।
২ ১   ২   ১ণ ৩   ৫র র   ৩   ৫
সুতায়িযূ ২ ৩ বা ৩ য়ি। দ্রা ২ গা ২ ৩ ৪ ঔহোবা। বা ২-৩ ৪ পাঃ (৩)। ১২। *

---

* এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—"মাধুচ্ছন্দসম্‌" ও "মানবোত্তরম্‌"।

পঞ্চমঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যস্তে মদো বরেণ্যঃ তেনা পবস্ব অন্ধসা।
৩ ১ ২ ৩ ২
দেবাবীঃ অঘশ৺সহা ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! 'তে' (তব ত্বয়ি বা) 'দেবাবীঃ' (দেবকামঃ, দেবভাবপ্রদায়কঃ ইত্যর্থঃ) 'অঘশংসহা' (পাপনাশকঃ) 'বরেণ্যঃ' (সর্ব্বৈঃ বরণীয়ঃ, শ্রেষ্ঠতমঃ আকাঙ্ক্ষণীয়ঃ ইত্যর্থঃ) 'মদঃ' (পরমানন্দদায়কঃ) 'যঃ' (যঃ রসঃ, অমৃতং ইত্যর্থঃ) বিদ্যতে, 'তেন' 'অন্ধসা' (রসেন, অমৃতেনসহ) 'পবস্ব' (ক্ষর, অস্মান্ প্রাপয়); অয়ং মন্ত্রঃ প্রার্থনামূলকঃ। অস্মাকং হৃদি শুদ্ধসত্ত্বঃ সমুদ্ভবতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৩অ—৫খ—১সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! তোমাতে দেবভাবপ্রদায়ক, পাপনাশক, সর্ব্বলোক বরণীয়, সকলের আকাঙ্ক্ষণীয় পরমানন্দদায়ক যে রস আছে, সেই রসের—অমৃতের সহিত আমাদিগকে প্রাপ্ত হও। (মন্ত্রটী প্রার্থনা-মূলক; প্রার্থনার ভাব এই যে,—আমাদিগের হৃদয়ে শুদ্ধসত্ত্ব সমুদ্ভূত হউক)॥ (৩অ—৫খ—১সু—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'তে' তব 'দেবাবীঃ' দেবকামঃ 'অঘশংসহা' রাক্ষসানাং হন্তা 'বরেণ্যঃ' সর্ব্বৈর্ব্বরণীয়ঃ 'মদঃ' 'মদকরঃ' 'যঃ' রসঃ বিদ্যতে, 'তেন' 'অন্ধসা' অদনীয়েন 'পবস্ব' ক্ষর। ১।

* * *

প্রথম (৮৷১৫) সামের মর্ম্মার্থ।

'শবসস্পতে' (বলস্য পালক, পরাক্রমশালিন্, যদ্বা—শবস্বরূপাণাং অস্মাকং রক্ষক) 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'বাজিনঃ' (বলবতঃ, অন্নবতঃ) 'তে' (তব) 'সখ্যে' (অনুগ্রহপ্রদত্তে সখিত্বে) 'মা ভেম' (শত্রুভ্যো ভয়ং ন প্রাপ্নুমঃ, ভীতা মা ভূম); 'জেতারং' (জয়শীলং) 'অপরাজিতং' (পরাজয়রহিতং, অজেয়ং) 'ত্বাং (ইন্দ্রদেবং) 'অভিপ্রণোনুমঃ' (সর্ব্বতঃ প্রকর্ষেণ স্তুমঃ বয়মিতি শেষঃ)। ভগবতা ইন্দ্রদেবেন তদনুগ্রহপ্রদত্তে সখিত্বে সকল-শত্রুভীতির্দূরীকৃতা ভবতি অন্নসংস্থানং চ সম্পদ্যতে; অতঃ সর্ব্বত্রজয়শীলং অপরাজিতং তং ইন্দ্রদেবং প্রকৃষ্টরূপেণ বারম্বারং স্তুমঃ ইতি ভাবঃ॥ (৩অ ৬খ—২সূ-২সা)।

⁂

বঙ্গানুবাদ।

পরাক্রমশালী অথবা—এই শবস্বরূপ আমাদিগের রক্ষক, হে ভগবন্ ইন্দ্রদেব! শক্তিমান্ (অন্নদাতা) আপনার অনুগ্রহে আপনার সহিত সখ্য-সম্বন্ধ স্থাপিত হইলে, শত্রু-ভয়ে আর ভীত হইতে হয় না; সর্ব্বত্র-জয়শীল অজেয় আপনাকে আমরা বারংবার প্রণতিসহকারে স্তব করিতেছি। (ভাব এই যে,—ভগবান্ ইন্দ্রদেবের অনুগ্রহ-প্রদত্ত সখ্যতায় সকল শত্রুভয় বিদূরিত এবং অন্ন-সংস্থান সাধিত হয়;

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের একাদশ সূক্তের প্রথমা ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

অতএব আমরা সর্ব্বত্র জয়শীল অপরাজিত সেই ইন্দ্রদেবকে প্রকৃষ্টরূপে স্তব করি॥ (৩অ—৬খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'শবসস্পতে' বলস্য পালকেন্দ্র! 'তে' তব 'সখ্যে' অনুগ্রহপ্রযুক্তে সখিত্বে বর্ত্তমানা বয়ং 'বাজিনঃ' অন্নবন্তঃ ভূত্বা 'মা ভেম' শত্রুভ্যো ভীতিং প্রাপ্তা মা ভূম। অতঃ 'ত্বাং' অভয়হেতুং 'অভি প্র নোনুমঃ' সর্ব্বতঃ প্রকর্ষেণ স্তুমঃ ণু স্তবে (অদা॰ পা॰) 'ণোনঃ' (৬।১।৬৫)—ইতি নত্বং, যঙোলুক্ (২।৪।৩৪), প্রত্যয়লক্ষণেন (১।১।৬২) সন্যঙোঃ (৬।১।৯)—ইতি দ্বির্ভাবঃ, গুণো যঙ্লুকোঃ (৩।৪।৮২)—ইত্যভ্যাসস্য গুণঃ, প্রত্যয়লক্ষণেন ধাতুসংজ্ঞায়াং (৩।১।৩২) লটোমস্ (৩।৪।৭৮), অদাদিবদ্ভাবাৎ শপোলুক্ (২।৪।৭২)। কীদৃশং ত্বাং? 'জেতারং' যুদ্ধেষু জয়শীলং অপরাজিতং ক্বাপি পরাজয়রহিতং 'প্রনোনুমঃ' 'প্রণোনুমঃ' ইতি পাঠৌ॥ (৩অ ৬খ-২সূ-২সা॥

দ্বিতীয় (৮২৮) সামের মর্ম্মার্থ।

§ * §

এই সামের অন্তর্গত 'শবসস্পতে' পদে একটী নূতন ভাব গ্রহণ করিতে পারি। ঐ পদে এই শবতুল্য সৎকর্ম্মহীন আমাদিগেরও পালক তিনি, এই এক নূতন ভাব প্রাপ্ত হই। এই অধম অকর্ম্মণ্য আমাদিগকেও তিনি কৃপা করেন, আমরাও তাঁহার সখ্যতা লাভ করিতে পারি,—ঐ পদে, এই মন্ত্র সেই সন্ধান প্রদান করিতেছে। তাঁহার পূজায়, তাঁহাকে প্রণতি করিয়া, আমরা তাঁহার সখিত্ব পাইতে পারি। এইরূপে তাঁহার সহিত সখ্য-সম্বন্ধ স্থাপন করিতে পারিলে, তাঁহার অনুগ্রহে সে সখ্য সংস্থাপিত হইলে, সকল শত্রুভয় দূর হয়। অতএব, মানুষ, তুমি স্বতঃপরতঃ প্রযত্নপর হও,—কিসে তাঁহার অনুকম্পা লাভ করিতে পার। বারংবার প্রণত হও, বারংবার স্তবে প্রবৃত্ত হও, বারংবার অনুধ্যান কর,—তিনি তোমায় অবশ্যই কোল দিবেন। (৩অ—৬খ—২সূ—২সা)॥ *

তৃতীয়ং সাম।

৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২র ৩ ১ ২
পূর্ব্বীরিন্দ্রস্য রাতয়ো ন বিদস্যন্ত্যূতয়ঃ।
৩ ১র ২র৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
যদা বাজস্য গোমতঃ স্তোতৃভ্যো ম৺হতে মঘম্॥৩॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের একাদশ সূক্তের দ্বিতীয়া ঋক্-(প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্রস্য' (ভগবতঃ ইন্দ্রদেবস্য) 'রাতয়ঃ' (ধনদানানি) 'পূর্ব্বীঃ' (অনাদিকালসিদ্ধাঃ প্রভূতা বা, চিরপ্রসিদ্ধানি ইতি ভাবঃ); 'যদি' (স ভগবান যদি) 'স্তোতৃভ্যঃ' (প্রার্থনাকারিভ্যঃ) 'গোমতঃ' (জ্ঞানযুক্তস্য) 'বাজস্য' (শক্তিরূপস্য, সৎকর্ম্মসাধনসামর্থ্যযুতস্য, প্রকৃষ্টং ইতি যাবৎ) 'মঘং' (ধনং) 'মংহতে' (অতিশয়েন দদাতি) তদা (তর্হি) 'উতয়ঃ' (প্রার্থিনাং রক্ষাঃ) 'ন বিদস্যন্তি' (ন উপক্ষীয়ন্তে, তস্য কৃপয়া প্রার্থিনঃ চিররক্ষাং প্রাপ্নুবন্তি ইতি ভাবঃ); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান ইন্দ্রদেবোঽনাদ্যনন্তধনাধিকারী; তস্য ধনং কদাচিদপি ক্ষয়ং ন যাতি; স যদি অতিশয়েন ধনং বিতরতি, তথাপি প্রার্থনাকারিণাং রক্ষণায় তস্য বিপুলধনমস্তীতি ভাবঃ॥ (৩-৬খ—২সূ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

ভগবান্ ইন্দ্রদেবের ধনদান—চিরপ্রসিদ্ধ। সেই ভগবান্ যদি প্রার্থনাকারীদিগকে জ্ঞানযুক্ত ও সৎকর্ম্মসাধনসামর্থ্যযুক্ত প্রকৃষ্ট ধন অধিকপরিমাণে দান করেন, তাহা হইলে প্রার্থিগণের রক্ষা কদাচ ক্ষয়প্রাপ্ত হয় না, অর্থাৎ তাঁহার কৃপায় তাহারা চিররক্ষা প্রাপ্ত হয়। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ ইন্দ্রদেবই অনাদি অনন্ত ধনের অধিকারী; তাঁহার ধন কখনও ক্ষয় হয় না। তিনি যদি অত্যন্ত পরিমাণে ধন বিতরণ করেন তথাপি প্রার্থনাকারিগণের রক্ষার জন্য তাঁহার বিপুল ধন বর্ত্তমান থাকে।)॥ (৩—৬খ—২সূ— সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'ইন্দ্রস্য' সম্বন্ধিন্যঃ 'রাতয়ঃ' ধনদানানি 'পূর্ব্বী' অনাদি-কাল-সিদ্ধাঃ, অতেন্দ্রস্য সর্ব্বদা যষ্টৃভ্যো ধনদানমেব স্বভাবঃ ইত্যর্থঃ; এবং সতি ইদানীন্তনোঽপি যজমানঃ 'স্তোতৃভ্যঃ' ঋত্বিগ্‌ভ্যঃ 'গোমতঃ' গোসহিতস্য 'বাজস্য' অন্নস্য পর্য্যাপ্তং 'মঘং' ধনং 'যদা' 'মংহতে' দক্ষিণারূপেণ দদাতি, তদানীং 'রাতয়ঃ' বহু-ধন-দান-পূর্ব্বকাণীন্দ্রস্যাত্ম-বিষয়াণি রক্ষণানি 'ন বিদস্যন্তি' বিশেষেণ নোপক্ষীয়ন্তে। 'যদা' 'যদি'—ইতি পাঠৌ। 'মঘং' 'রেক্ণঃ' 'রিক্থং' ইত্যাদিষ্বষ্টাবিংশতি-সংখ্যাকেষু ধননামসু (নিঘ০ ২।১০) মঘশব্দঃ পঠিতঃ। 'দাতি'—'দাশতি'—ইত্যাদিষু দশসু দানকর্ম্মসু 'মংহতে'—ইতি পঠিতং (নিঘ০ ৩:২০।১০)। 'পূর্ব্বীঃ' পুরু-শব্দস্য 'বোতোগুণবচনাৎ (৪।১।৪৪) ইতিঙীষ আগ্নস্তোকারস্য দীর্ঘশ্ছান্দসঃ, জসি দীর্ঘাজ্জসিচ (৬।১.১০৫)—ইতি নিষেধং বাধিত্বা 'বা ছন্দসি (৬।১ ১০৬)—ইতি পূর্ব্বসবর্ণদীর্ঘত্বং। ঙীষঃ প্রত্যয়স্বরেণোদাত্তত্বং মংহতে শপঃ পিত্বাদনুদাত্তত্বং, তিঙশ্চ লসার্ব্ব-

ধাতুকস্বরেণ, 'তিঙ্ঙতিঙঃ' (৮।১।২৮)—ইতি নিঘাতো ন ভবতি 'নিপাতৈর্যদ্যদিহন্ত' (৮।১।৩০)—ইতি নিষেধাৎ॥ (৩অ-৬খ-২সূ-৩সা)॥

° ° °

ইতি শ্রীমদ্রাজাধিরাজ-পরমেশ্বর-বৈদিকমার্গপ্রবর্ত্তক-শ্রীবীরবুক্ক-ভূপাল-সাম্রাজ্যধুরন্ধরেণ
সায়ণাচার্য্যেণ বিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে
উত্তরার্চ্চিকে তৃতীয়োঽধ্যায়ঃ॥

° ° °

তৃতীয় (৮২৯) সামের মর্ম্মার্থ।

—— * ——

বড় আশ্চর্য্য রকমে এই মন্ত্রটীর অর্থব্যত্যয় ঘটিয়াছে। মূলে কোনও যজমান শব্দ নাই। অথচ, একটী যজমান শব্দ টানিয়া আনিয়া মন্ত্রের অর্থ করা হয়,—'ইন্দ্রদেবের ধনদান অনাদিকাল হইতেই চলিয়া আসিতেছে। অতএব, যজমানগণ যদি ঋত্বিক্‌দিগকে বহুধেনুযুক্ত অন্নাদি ধন দান করেন, তাহা হইলে যজমানদিগের রক্ষা-বিষয়ে ইন্দ্রদেবের ঐশ্বর্য্য ক্ষয় প্রাপ্ত হয় না অর্থাৎ তিনি যজমানদিকে রক্ষা করেন।'

কিন্তু এ অর্থ কিরূপে আসিতে পারে, আমরা তাহা বুঝিয়া পাইলাম না। সামের সাদাসিধা অর্থ এই যে,—'ইন্দ্রদেবের অনাদি অনন্ত ধনভাণ্ডার; অনাদি কাল হইতে দান করিয়াও তাহার নিঃশেষ নাই। তিনি যত অধিক ধনই বিতরণ করুন, কোনও প্রার্থীই তাঁহার নিকট হতাশ হইবার কারণ নাই; তিনি সকলেরই রক্ষার উপায়-বিধান করিতে সমর্থ আছেন; তাঁহার ধনের ক্ষয় নাই।'

পূর্ব্ব পূর্ব্ব সামে ও 'বাজস্য' ও 'গোমতঃ' ঐ দুই পদে 'অশ্ব ও গাভীযুক্ত ধন' অর্থাৎ, গরুর ও ঘোড়ার প্রার্থনা ছিল। আমাদের মতে, 'গোমতঃ' পদে জ্ঞান-রূপ ধনের এবং 'বাজস্য' শব্দে সৎকর্ম্মসাধন-সামর্থ্য-রূপ ধনের প্রার্থনাই সঙ্গত হইতেছে। (৩অ-৬খ ২সূ—৩সা)॥০

——*——

দ্বিতীয় সূক্তের গেয়-গান।

১ ২ ১২র র ১ ২ ১ ২ — ১ ২
১। ইন্দ্রংবিশ্বাঅবীবৃধন্। ঐয়াহায়ি। সমুদ্রাহ ১ ব্যা ২। চসাঙ্গা ১ য়িরা
১র ২ ১ ২ — ১
২৩ঃ। ঐয়া ২.৩ হায়ি। রথায়িতা ১ মা ২ ম্। রথায়িনা ২ ৩ ম্।
১র ২ র ১ ২ — ১ ২ ১র
ঐয়া ২.৩ হায়ি। বাজানা ১ ং সা ২ ৎ। পতায়িম্পা ১ তী ২ ৩ ম্। ঐয়া ২৩

---

*এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের একাদশ সূক্তের তৃতীয়া ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

২　২ ১র　২ র ১ ২　১ ২　র ১ ২　—
হা ৩ ৪ ৩ য়ি ॥ (১) নঃখোভইন্দ্রবাজিনঃ । ঔয়াহায়ি । মাভায়িমা ১ শ্যা ২ ।
১ ২　১র　২　১ ২　—　১ ২
বসাম্পা ১ ভা ২ ৩ য়ি । ঔয়া ২ ৩ হায়ি । তুবামা ১ ভী ২ । প্রনোনূ ১
১র　২　র ১ ২　—　১ ২
মা ২ ৩ ঃ । ঔয়া ২ ৩ হায়ি । জেতারা ১ মা ২ । পরাজা ১ য়িতা ২ ৩ ম ।
১র　২　২র ১র　২ র ১ ২　১ ২　১ ২
ঔয়া ২ ৩ হা ৩ ৪ ৩ য়ি ॥ (২) পূর্ব্বীরিন্দ্রস্তরাতয়ঃ । ঔয়াহায়ি । নবায়িদা ১
—　১ ২　১র　২　১ ২　—　১ ২
স্তা ২ । তিযূতা ১ য়া ২ ৩ ঃ । ঔয়া ২ ৩ হায়ি । যদাবা ১ জা ২ । স্তগোমা ১
১র　২　র ১ ২　—　১ ২
তা ২ ৩ ঃ । ঔয়া ২ ৩ হায়ি । স্তোতৃভ্যো ১ মা ২ । হভায়িমা ১ ঘা ২ ৩ ম্ ।
১র　২　১
ঔয়া ২ ৩ হা ৩ ৪ ৩ য়ি ঃ ও ২ ৩ ৪ ৫ ঈ । ডা (৩) ॥

* * *

১ ২ ১২র র　১র২র১র　২　২　১ ২　১
২ । ইন্দ্রংবিশ্বাঅবীবৃধন্নৈয়াদো । হো ৩ বা । সমুদ্রব্যাচসম্ । গায়িরা ২ ৩ ।
১র　১　র ২　১　২　১　১র
ঔয়া ২ ৩ ৎ । ঔ ২ ৩ হোবা । রথায়িতম৺ র । থায়িনা ২ ৩ ম্ । ঔয়া ২ ৩ ৎ ।
১　র ২　১র র২র ১　২　১　১র　১
ঔ ২ ৩ হোবা । বাজানা৺ সৎপতিম্ । পাতী ২ ৩ ম্ । ঔয়া ২ ৩ ৎ । ঔ ২ ৩
র ২　২ ১র২　র ১২১র২র১র　২　২　১র র২
হোবা ৩ ৪ ৩ ॥ (১) সখোতইন্দ্রবাজিনঔয়াদো । হো ৩ বা । মাভেমশ্বনসঃ ।
১　১র　১　র ২　১র২ ১ ২ র　১
পাভা ২ ৩ য়ি । ঔয়া ২ ৩ ৎ । ঔ ২ ৩ হোবা । ত্বামভিপ্রণো । নুমা ২ ৩ ঃ ।
১র　১　র ২　১র র২ ১ ২র　১　১র
ঔয়া ২ ৩ ৎ । ঔ ২ ৩ হোবা । জেতারমপরা । জায়িতা ২ ৩ ৎ । ঔয়া ২ ৩ ।
১　র ২　২র১র　২ র ১২১র২র১র　২　২
ঔ ২ ৩ হোবা ৩ ৪ ৩ । (২) পূর্ব্বীরিন্দ্রস্তরাতয়ঔয়াদো । হো ৩ বা ।
১　২ র　১　১র　১　র ২　১র র ২ র
নবিদস্যাস্তিযূ । ভায়া ২ ৩ ঃ । ঔয়া ২ ৩ ৎ । ঔ ২ ৩ হোবা । যদাবাজস্যগো ।
১　১র　১　র ২　র ১ ২র ১　২ র　১
মাতা ২ ৩ ঃ । ঔয়া ২ ৩ ৎ । ঔ ২ ৩ হোবা । স্তোতৃভ্যোম৺ হতে । মাঘা
১র　১　র ২　১
২ ৩ ম্ । ঔয়া ২ ৩ ৎ । ঔ ২ ৩ হোবা ৩ ৪ ৩ । ও ২ ৩ ৪ ৫ ঈ । ডা (৩) ॥

* * *

৫ ২ ৪র৫৪র ৫ ২১২১ ২৩২১ ২
৩। ইন্দ্রংবা ৩ য়িশ্বাঅবীবৃধান। সমুদ্রব্যা। চসঙ্গিরা ২ ৩ঃ। রথা ৩ য়ি।
১ ৫ ২ ২ ১র ৩র ২ ^ ২A ৫
তা ২ ৩ ৪। ম৺্র। থা ৩ য়িনাম্। বাজানা৺্গৌ। বা ৩ ৪ ৩ ও ৩ ৪ বা।
৪ ৫র ২ ৪৫৪র ৫ ২র১ ২১ ২৩২১
পতা ৫ য়িম্পতায়িম্॥ (১) সখ্যেতা ৩ ইন্দ্রবাজিনাঃ। মাভায়িমশা। বসম্পতা
২ ১ ৫র ২ ২ ১র ৩২
২ ৩ য়ি। তুবা ৩ ম। আ ২ ৩ ৪। ভিপ্রণো। নু ৩ মাঃ। জেতারমৌ।
^ ২র ৫ ৪ ৫র২ ৪৫৪র ৫
বা ৩ ৪ ৩ ও ৩ ৪ বা। পরা ৫ জিতাম্। (২) পূর্ব্বীরা ৩ য়িন্দ্রস্যরাতয়াঃ।
২১২১ ২৩র২৩ ৪ ২ ১ ৫র ২ ২
নবায়িদস্যা। ভিযূতয়া ২ ৩ঃ। যদা ৩। বা ২ ৩ ৪। জস্যগো। মা ৩ তাঃ।
১র ৩র ২ A ৫র ৫ ৪ ৪
স্তোতভ্যোমৌ। বা ৩ ৪ ৩ ও ৩ ৪ বা। হতা ৩ য়িমঘাম্। হো ৫ ঈ। ডা (৩)।

* * *

২ র র ২ ১ ২১ ২১২ ২ ১n
৪। ইন্দ্রংবিশ্বাঅবীবৃধা ৩ নে। স। মু। দ্রব্যা। চসাঙ্গা ৩ য়িরাঃ। রথা ৩
৩ ৫ ২১২n ৩রর ৫ ১ র৫
য়িতা ২ ৩ ৪ মাম্। রথায়িনাম্। ঔহোহো ২ ৩ ৪ বা। বা ২ ৩ ৪ জাহায়ি।
২র ১ ২n ৬রর ৫ ১ ৫র ৫
না৺্সাৎপাতা। ঔহোহো ২ ৩ ৪ বা। পা ২ ৩ ৪ তীম্। এহিয়া ৬ হা॥ (১)
২র র ২ র ১ ২ ১ ২১২ ২
সখ্যোতইন্দ্রবাজিনা ৩ এ। মা। ভায়ি। ম। শা। বসাম্পা ৩ তায়ি।
১ ^৩ ৫ ২১২ ৩রর ৫ ১
তুবা ৩ মা ২ ৩ ৪ ভী। প্রনোনুমা। ঔহোহো ২ ৩ ৪ বা। জা ২ ৩ ৪ য়ি
৫ ২১২n ৩রর ৫
৩ হায়ি। রমাপারা। ঔহোহো ২ ৩ ৪ বা। জা ২ ৩ ৪ য়িতাম্।
৫র ৫ ২রর র ২ ১ ২ ২
এহিয়া ৬ হা॥ (২) পূর্ব্বীরিন্দ্রস্যরাতয়া ৩ এ। ন। বায়ি। দ। স্যা।
২১২ ২ ১ ^ ৩ ৫ ৩১২n ৩রর ৫
ভিযূতা ৩ য়াঃ। যদা ২ বা ২ ৩ ৪ জা। স্যগোমাতা। ঔহোহো ২ ৩ ৪ বা।
১ ৫ ২র১ ২^ ৩রর ৫ ১
স্তো ২ ৩ ৪ তৃ হায়ি। ভ্যোমা৺্হাতা। ঔহোহো ২ ৩ ৪ বা। মা ২ ৩ ৪
৫র ৫ ৪
ঘাম। এহিয়া ৬ হা। হো ৫ ঈ। ডা (৩)॥ ১।২।৩॥

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত চারটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—(১) "আষ্টাদংষ্ট্রাদ্যম্" (২) "আষ্টাদংষ্ট্রোত্তরম্" (৩) "কালেয়ম্" এবং (৪) "নার্ম্মেধম্।"

ওঁ

সামবেদ-সংহিতা।

অথ চতুর্থোঽধ্যায়ঃ।

যস্য নিশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ।
নির্ম্মমে তমহং বন্দে বিদ্যাতীর্থ-মহেশ্বরং ॥ ১ ॥

* * *

প্রথমঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

৩ ১   ২ ৩ ১ ২   ৩ ২   ৩ ১ ২ ৩ ১ ২
এতে অসৃগ্রমিন্দবস্তিরঃ পবিত্রমাশবঃ।
১ ২ ৩ ১   ২র
বিশ্বান্যভি সৌভগা ॥ ১ ॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিশ্বানি' (সর্ব্বাণি) 'সৌভগা' (সৌভগানি, পরমধনানি) 'তিরঃ' (ত্বরয়া, শীঘ্রং) প্রাপ্তয়ে ইতি যাবৎ 'এতে' (প্রসিদ্ধাঃ, পরমধনদাতারঃ) 'আশবঃ' (শীঘ্রগামিনঃ, আশুমুক্তিদায়কাঃ) 'ইন্দবঃ' (সত্ত্বভাবাঃ) সাধকৈঃ তেষাং 'পবিত্রং অভি' (পবিত্রহৃদয়ং অভিলক্ষ্য, পবিত্রহৃদি ইতি ভাবঃ) 'অসৃগ্রং' (সৃজ্যন্তে, উৎপাদ্যন্তে); নিতসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ পরমধনদাতারং শুদ্ধসত্ত্বং লভন্তে—ইতি ভাবঃ ॥ (৪অ—১খ—১সূ—১সা)।

⁂

বঙ্গানুবাদ।

সর্ব্বপরমধন শীঘ্র প্রাপ্তির জন্য, পরমধনদাতা আশুমুক্তিদায়ক সত্ত্বভাব সমূহ সাধকগণ কর্তৃক তাঁহাদিগের পবিত্র হৃদয়ে উৎপাদিত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সাধকগণ পরমধনদাতা শুদ্ধসত্ত্বকে লাভ করেন।)। (৪অ—১খ—১সূ—১সা।)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'তিরঃ পবিত্রং' তির্য্যগ্ গচ্ছন্তঃ দশাপবিত্রং প্রতি 'আশবঃ' শীঘ্রগামিনঃ 'এতে' পবমানা 'ইন্দবঃ' সোমাঃ 'বিশ্বানি' সর্ব্বাণি 'সৌভগা' সোভগানি ধনানি 'অভিলক্ষ্য' 'অসৃগ্রম্' ঋত্বিগ্‌ভিঃ সৃজ্যন্তে॥ (৪অ - ১খ - ১সূ—১সা)।

* * *

প্রথম (৮৩০) সামের মর্ম্মার্থ।

- মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। সাধকগণ তাঁহাদের হৃদয়ে মোক্ষদায়ক সত্ত্বভাব লাভ করিয়া থাকেন। 'আশবঃ' পদটী 'ইন্দবঃ' পদের বিশেষণরূপে ব্যবহৃত হইয়াছে। 'আশবঃ' পদের ভাষ্যানুগত অর্থ—'শীঘ্রগামিনঃ' অর্থাৎ শীঘ্রগমনকারী। কোথায় গমন করে? 'পবিত্রং অভি' —পবিত্র হৃদয়ে। কিন্তু কিরূপে গমন করে?- সাধকগণ কর্ত্তৃক তাঁহাদের পবিত্র হৃদয়ে সত্ত্বভাব উৎপাদিত হয়। অর্থাৎ সাধকগণ তাঁহাদের সাধনপ্রভাবে হৃদয়ে শুদ্ধসত্ত্ব লাভ করেন। কি উৎপাদিত হয়? পরমধন প্রাপ্তির জন্য অর্থাৎ জীবনের চরম পরিণতি স্বরূপ ভগবৎচরণ প্রাপ্তির জন্য সাধকগণ হৃদয়ে সত্ত্বভাব উৎপাদন করেন। শুদ্ধসত্ত্ব প্রভাবেই মানুষ মোক্ষলাভে সমর্থ হয়। মন্ত্রের এই সত্যই বিবৃত হইয়াছে।

'আশবঃ' পদের অর্থ শীঘ্র গমনকারী। সাধন প্রভাবে সাধক হৃদয়ে ত্বরায় শুদ্ধসত্ত্বের আবির্ভাব হয় এবং শুদ্ধসত্ত্বের আবির্ভাবে সাধক আশুমুক্তিলাভ করিতে সমর্থ হয়েন। তাই 'আশবঃ' পদে 'আশুমুক্তিদায়কাঃ' অর্থই সঙ্গত। বিশেষতঃ মন্ত্রের অন্যান্য পদ এবং মন্ত্রের স্বাভাবিক ভাবও এই ব্যাখ্যা সমর্থন করে। 'তিরঃ' পদে 'ত্বরয়া' অর্থ গৃহীত হইয়াছে। এ সম্বন্ধে আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম—৬১সূ—৭ঋ) দ্রষ্টব্য। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে॥ (৪অ—১খ—১সূ—১সা)। •

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২ ৩২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বিঘ্নন্তো দুরিতা পুরু সুগা তোকায় বাজিনঃ।
১ ২ ৩ ২ ৩ ১ ২
ত্মনা কৃণ্বন্তো অর্ব্বতঃ ॥ ২ ॥

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বিষষ্টীতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, চতুর্ব্বিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বাজিনঃ' (বলবন্তঃ, সর্ব্বশক্তিমন্তঃ দেবাঃ) অস্মাকং 'পুরু' (বহূনি, সর্ব্বাণি ইত্যর্থঃ) 'দুরিতা' (দুরিতানি, রিপুশত্রূন্ ইতি ভাবঃ) 'বিঘ্নন্তঃ' (বিশেষেণ নাশয়ন্তু, সম্যক্‌রূপেণ বিনাশয়ন্তু); তে 'ত্মনা' (আত্মনা, স্বয়মেব) 'তোকায়' (অস্মাকং পুত্রপৌত্রাদিভ্যঃ, বংশানুক্রমেণ সর্ব্বেভ্যঃ, সর্ব্বেভ্যঃ লোকেভ্যঃ ইত্যর্থঃ) 'অর্ব্বতঃ' (শীঘ্রগামিনঃ, আশুমুক্তিদায়কানি) 'সুগা' (অতিসুখরূপাণি ধনানি, পরমধনানি ইত্যর্থঃ) 'কৃণ্বন্তঃ' (কুর্ব্বন্তু, প্রযচ্ছন্তু ইত্যর্থঃ)) প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং সর্ব্বে রিপুজয়িনঃ ভবেম ; বিশ্ববাসিনঃ সর্ব্বে লোকাঃ মোক্ষং লভন্তাম্—ইতি ভাবঃ॥ (৪অ—১খ—১সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সর্ব্বশক্তিমান্ দেবগণ আমাদিগের সকল রিপুশত্রুকে সম্যক্‌রূপে বিনাশ করুন ; তাঁহারা স্বয়ংই আমাদিগের বংশানুক্রমে সকলকে অর্থাৎ সকললোককে আশুমুক্তিদায়ক পরমধন দান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—আমরা সকল যেন রিপুজয়ী হই ; বিশ্ববাসী সকল লোক মোক্ষলাভ করুক।) (৪অ—১খ—১সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'বাজিনঃ' বলবন্তঃ সোমাঃ 'পুরু' বহূনি 'দুরিতা' দুরিতানি 'বিঘ্নন্তঃ' বিশেষেণ নাশয়ন্তঃ 'তোকায়' অস্মাকং পুত্রায় 'সুগা' অতিসুখরূপাণি ধনানি 'অর্ব্বতঃ' অশ্বাংশ্চ 'ত্মনা' আত্মনা স্বয়মেব 'কৃণ্বন্তঃ' দদত ইত্যর্থঃ। [illegible] সৃজন্তু ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। 'ত্মনা'—'তনা' ইতি—পাঠৌ, 'অর্ব্বতঃ'—অর্ব্বতে ইতি চ॥ (৪অ—১খ—১সূ—২সা)॥

* * *

দ্বিতীয় (৮৩১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী অতি উচ্চভাব-মূলক। এই মন্ত্রের প্রার্থনার মধ্যে কেবল নিজের জন্য নয়, পরন্তু বিশ্ববাসী সকলের জন্য প্রার্থনা করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে অশ্বলাভ, পুত্রোৎপত্তি প্রভৃতির জন্য প্রার্থনা পরিদৃষ্ট হয়। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল,—"এই সকল অতি তেজস্বী সোমরস যাবতীয় দুষ্কর্ম্ম নষ্ট করিতেছেন, আমাদিগকে সন্তান সন্ততি ও অশ্ব দিতে মনস্থ করিয়াছেন এবং আমাদিগকে চমৎকার বস্ত্রাদি দিতেছেন।" এই ব্যাখ্যার সহিত মন্ত্রের বা প্রচলিত ভাষ্যাদিরও কোন সামঞ্জস্য নাই। ব্যাখ্যাকার 'বস্ত্রাদি' কোথা হইতে সংগ্রহ করিলেন তাহা বুঝা যায় না। 'তোকায়' পদ চতুর্থ্যন্ত। বিভক্তি-ব্যত্যয় স্বীকার করিয়া উহাকে দ্বিতীয়ান্ত করায় অর্থাৎ

'কৃণ্বন্তঃ' ক্রিয়ার প্রধান কর্ম্মরূপে গ্রহণ করায়, কোনও অর্থসৌষ্ঠব বৃদ্ধি পায় নাই, অধিকন্তু মূলভাবের ব্যত্যয় ঘটিয়াছে। 'বাজিনঃ' পদে প্রচলিত ব্যাখ্যাদিতে সোমরসকে লক্ষ্য করা হইয়াছে। আমরা মনে করি সর্ব্বশক্তিমান ভগবানকেই ঐ পদে লক্ষ্য করে। বহু বিভূতির প্রকাশকে লক্ষ্য করিয়াই বহুবচনান্ত পদ ব্যবহৃত হইয়াছে। প্রকৃত শক্তির আধার ভগবান—তিনিই প্রকৃত শক্তিমান্। তিনিই মানুষকে মুক্তি দিতে পারেন, তাঁহার কৃপাতেই মানুষ পরমধন লাভ করিতে পারে। সুতরাং সমগ্র মন্ত্রের ভাবই ভগবানকে লক্ষ্য করিতেছে।

মন্ত্রান্তর্গত 'তোকায়' পদে সাধারণতঃ 'পুত্রপৌত্রাদি' অর্থই গৃহীত হয়। কিন্তু আমাদিগের ধারণা ঐ পদে শুধু আমাদিগের সন্তান সন্ততিকে বুঝায় না। আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম ৪৩সূ—২ঋ) দ্রষ্টব্য।

তারপর, যদি প্রচলিত ব্যাখ্যানুসারেই মনে করা যায় যে, উক্তপদে পুত্রপৌত্রাদিকে লক্ষ্য করে, তথাপি ঐ প্রার্থনার মধ্যে কত উচ্চভাব পরিদৃষ্ট হয়! পিতা মাতা, তাঁহাদের প্রিয় সন্তানগণের জন্য আর কি প্রার্থনা করিতে পারেন! পুত্র সৎ হউক, ভগবৎপরায়ণ হউক, ইহা প্রত্যেক সাধু পিতা মাতার আন্তরিক ইচ্ছা। সুতরাং সাধারণ পার্থিব অসার বস্তুর জন্য প্রার্থনা না করিয়া তাঁহারা যদি পুত্রের পারলৌকিক অক্ষয় মঙ্গলের জন্য প্রার্থনা করেন, তাঁহারা যদি সন্তানকে ভগবানের চরণে সমর্পণ করিতে পারেন, তবেই তাঁহাদিগের কর্ত্তব্য উপযুক্ত ভাবে সম্পাদন করা হয়। 'তোকায়' পদের প্রচলিত অর্থ গ্রহণ করিয়াও আমরা ধ্রুবজননী সুনীতি অথবা মদালসার পবিত্র চিত্র দেখিতে পাই। বেদের এই মহতী বাণীই এই অতুলনীয় চিত্রের সৃষ্টি করিতে সমর্থ। যাহা হউক, আমরা মন্ত্রটীকে যে ভাবে গ্রহণ করিয়াছি তাহা মর্ম্মানুসারিণী ব্যাখ্যা দৃষ্টেই অধিগত হইবে। (৪অ -১খ—১সূ -২সা)॥

—— • ——

তৃতীয়ং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ক ২র ৩ ২
কৃণ্বন্তো বরিবো গবেঽভ্যর্ষন্তি সুষ্টুতিম্।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইড়ামস্মভ্যং৺ সংযতম্ ॥ ৩ ॥*

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গবে' (জ্ঞানায়, পরাজ্ঞানপ্রদানায় ইত্যর্থঃ) দেবাঃ অস্মাকং 'সুষ্টুতিং' (শোভনাং স্তুতিং ঐকান্তিকাং প্রার্থনাং) 'অভ্যর্ষন্তি' (অভিমুখেন গচ্ছন্তু, গৃহ্লীত ইতি ভাবঃ);

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বিষষ্ঠীতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, চতুর্ব্বিংশ বর্গের অন্তর্গত)।

ততঃ প্রীতাঃ সন্তঃ 'অস্মভ্যং' (প্রার্থনাকারিভ্যঃ অস্মভ্যং) 'সংযতং' (শ্রেষ্ঠং) 'বরিবঃ' (পরমধনং) তথা 'ইড়াং' (শক্তিং, আত্মশক্তিং ইত্যর্থঃ) 'কৃণ্বন্তঃ' (কুর্ব্বন্তু, প্রযচ্ছন্তু ইতি ভাবঃ)। (প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মভ্যং পরাজ্ঞানং পরমধনং চ প্রযচ্ছতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ।)। (৪অ—১খ—১সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরাজ্ঞান প্রদানের জন্য দেবগণ আমাদিগের ঐকান্তিক প্রার্থনা গ্রহণ করুন; তাহাতে প্রীত হইয়া আমাদিগকে শ্রেষ্ট পরমধন এবং আত্মশক্তি প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞান এবং পরমধন প্রদান করুন।)। (৪অ—১খ—১সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

সোমাঃ অস্মাকং 'গবে' অস্মভ্যং চ 'সংযন্তঃ' যদস্মাৎ সংযচ্ছতি। তদ্ 'বরিবঃ' ধনং 'ইড়াং' অন্নঞ্চ 'কৃণ্বন্তঃ' কুর্ব্বন্তঃ 'সুষ্টুতিং' অস্মদীয়াং—শোভনাং স্তুতিং 'অভ্যর্ষন্তি' আভিমুখ্যেন গচ্ছন্তি। (৪—১খ—১সূ—৩সা)।

* * *

তৃতীয় (৮৩২) সামের মর্ম্মার্থ।

—:§*§:—

এই দ্বিধাবিভক্ত মন্ত্রটী প্রার্থনা-মূলক। ভগবান্ আমাদিগের প্রার্থনা গ্রহণ করুন, এবং আকিঞ্চন আমাদিগের এই পূজা গ্রহণ করতঃ আমাদিগকে পরাজ্ঞান ও পরমধন প্রদান করুন—ইহাই প্রার্থনার মর্ম্মার্থ।

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রটী ভাব অন্তরূপ ধারণ করিয়াছে। নিম্নোদ্ধৃত একটী বঙ্গানুবাদ হইতে তাহা উপলব্ধ হইবে। বঙ্গানুবাদটী এই,—"এই সকল সোমরস আমাদিগের নিমিত্ত এবং গোধনের নিমিত্ত চমৎকার পন্নবিধান করিতে করিতে আমাদিগের স্তুতি বাক্য গ্রহণ করিতেছেন।" প্রচলিত ব্যাখ্যাসমূহে 'গবে' পদে 'গোধনের নিমিত্ত' অর্থ গৃহীত হইয়াছে। কিন্তু ঐ পদে যে 'জ্ঞানলাভের নিমিত্ত' প্রভৃতি অর্থ সূচিত করে, তাহা পূর্ব্বে বহুত্র আলোচনা করিয়াছি। 'ইড়া' প্রভৃতি অনেকগুলি পদের ব্যাখ্যায় 'অন্ন' অর্থ গৃহীত হয়। কিন্তু এই 'অন্ন' শব্দে কি ভাব প্রকাশ করে, তাহা বুঝা দুষ্কর। বাংলা ভাষায় বর্ত্তমান সময়ে 'অন্ন' শব্দ যে ভাবের দ্যোতনা করে, 'ইড়া' 'বাজং' প্রভৃতি শব্দ সমূহের ব্যাখ্যায় সেই ভাবের প্রয়োগ করিলে ব্যাখ্যা শুধু জটিল হয় না, সঙ্গে সঙ্গে অবোধ্য অর্থহীন হইয়া উঠে। আমরা অনেক স্থলে লক্ষ্য করিয়াছি যে, সংস্কৃত ব্যাখ্যার অনুকরণে অনেক বাংলা এবং

হিন্দী ব্যাখ্যাতেও 'অন্ন' শব্দ অপরিবর্ত্তিতভাবে ব্যবহৃত হয়। তাহাতে ব্যাখ্যার কোন সার্থকতা সম্পাদিত হয় না। 'ইড়ঃ' 'বাজঃ' 'শ্রবঃ' প্রভৃতি শব্দের নির্দ্দিষ্ট অর্থ আছে, এবং ব্যাখ্যাকালে তাহাই ব্যবহার করা সঙ্গত বলিয়া মনে করি। 'ইড়া' শব্দের অর্থ 'শক্তি'—'আত্মশক্তি'। আমরা তাহাই গ্রহণ করিয়াছি॥ (৪অ—১খ—১সূ—৩সা)॥

* * *

প্রথমং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র
রাজা মেধাভিরীয়তে পবমানো মনাবধি।
৩ ১ ২ ৩ ১ ২
অন্তরিক্ষেণ যাতবে॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অধি রাজা' (অধীশ্বরঃ সর্ব্বলোকাধীশঃ) 'পবমানঃ' (পবিত্রকারকঃ পরমদেবঃ) 'মেধাভিঃ' (স্তুতিভিঃ, ধীশক্ত্যা—প্রীতঃ সন্ ইতি যাবৎ) 'মনৌ' (মনুষ্যে, সাধকহৃদয়ে সাধকহৃদয়ং যদ্বা সৎকর্ম্মণি, সাধকানাং সৎকর্ম্ম ইত্যর্থঃ) 'যাতবে' (যাতুং, প্রাপ্তুং, প্রাপ্তয়ে—ইতি ভাবঃ) 'অন্তরিক্ষেণ' (অন্তরিক্ষাৎ, দ্যুলোকাৎ) 'ঈয়তে' (গচ্ছতি, আগত্য তেষাং হৃদি আবির্ভবতি ইতি ভাবঃ)। নিত্যসত্য-প্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান প্রার্থনা-পরায়ণানাং সাধকানাং হৃদি আবির্ভবতি—ইতি ভাবঃ॥ (৪অ—১খ—২সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সর্ব্বলোকাধীশ পবিত্রকারক পরমদেবতা স্তুতিদ্বারা প্রীত হইয়া সাধকহৃদয়কে (অথবা সাধকদিগের সৎকর্ম্মকে) প্রাপ্তির জন্য দ্যুলোক হইতে আসিয়া তাঁহাদিগের হৃদয়ে আবির্ভূত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। ভাব এই যে,—ভগবান্ প্রার্থনাপরায়ণ সাধকদিগের হৃদয়ে আবির্ভূত হয়েন)॥ (৪অ—১খ—২সূ—১সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের দ্বিষষ্টিতম সূক্তের তৃতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, চতুর্বিংশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

'মনৌ অধি' মনুষ্যে যাগং কুর্ব্বাণে সতি। যদ্বা মনাবধি সৎকর্ম্মস্তবো যজ্ঞস্তস্মিন্ 'পবমানঃ' পূয়মানঃ পুনানো বা 'রাজা', রাজ-শব্দেন সোমোঽভিধীয়তে সোমং রাজানমকুর্ব্বন্ (য০সা০ ২৯।১২) ইত্যাদিষু দৃষ্টত্বাৎ, স রাজা; সোমঃ 'মেধাভিঃ' স্তোতৃভিঃ সহ 'ঈয়তে' গচ্ছতি। কুত্র? 'অন্তরিক্ষেণ' আকাশমার্গেণ দ্রোণকলশং প্রতি 'যাতবে' যাতুং। দ্রোণাভিগমনকালে হি স্তোতৃভিঃ স্তূয়তে খলু॥ (৪অ-১খ ২সূ-১সা)॥

প্রথম (৮৩৩) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটীর ব্যাখ্যাকালে ভাষ্যকার 'অন্তরিক্ষেণ' পদের ব্যাখ্যায় লিখিয়াছেন,—'আকাশ মার্গেণ'। তাহার পর 'দ্রোণকলশং প্রতি' পদদ্বয় অধ্যাহার করিয়াছেন। তাই উহার অর্থ দাঁড়াইয়াছে—'আকাশ মার্গে দ্রোণ কলশের প্রতি' ('যাতবে' যাইবার জন্য)। অন্য এক খানি বাংলা ব্যাখ্যায় লিখিত হইয়াছে—"ইনি আকাশের দিকে যাইবার জন্য রাজার ন্যায় মনুষ্যের প্রতি যাইতেছেন।" 'ইনি' পদে ব্যাখ্যাকার 'সোম রসকে' লক্ষ্য করিয়াছেন, তাহা ব্যাখ্যার অপরাংশ হইতে বুঝিতে পারা যায়। এই উভয় ব্যাখ্যায়ই একটা সমস্যার উদ্ভব হইয়াছে। দ্রোণকলসই হউক আর মনুষ্যই হউক, তাহারা সকলই পৃথিবীর বস্তু, এবং ব্যাখ্যাকারগণ বলেন যে, সোমরসও পৃথিবীতেই প্রস্তুত হইত। ভাষ্যকার বলিতেছেন,—সোমরস যখন দ্রোণ-কলশে যায়, তখন তাহাকে স্তুতি করা হয়। এই পৃথিবীর সোমরস, পৃথিবীরই দ্রোণকলশে যাইবার জন্য আকাশ মার্গে চলিলেন কেন, তাহার কি কোন সঙ্গত কারণ পাওয়া যায়? আর তাহা আকাশ মার্গে যাইবেই বা কিরূপে? সুতরাং প্রচলিত ব্যাখ্যা দ্বারা জটিলতা বৃদ্ধি হইয়াছে মাত্র। আমরা 'অন্তরিক্ষেণ' পদে বিভক্তিব্যত্যয় স্বীকার করিয়াছি সত্য, কিন্তু তাহাতে মূল ভাবের কোন ব্যত্যয় ঘটে নাই। গমনার্থক ক্রিয়াযোগে তৃতীয়া বা পঞ্চমী উভয় বিভক্তিই ব্যবহৃত হয়। মন্ত্রান্তর্গত 'মনৌ' পদে, আমরা যদ্বা অভিপ্রায়ে, সাধক ও সৎকর্ম্ম এই দুইটী অর্থ গ্রহণ করিয়াছি। ভাষ্যকারও দুইটী ব্যাখ্যা করিয়াছেন। উভয় অর্থেই এক ভাবকে লক্ষ্য করে। সাধকের হৃদয়ে ভগবান্ আবির্ভূত হয়েন; অথবা সাধকের সৎকর্ম্মরূপ পূজাকে প্রাপ্ত হয়েন অর্থাৎ পূজা গ্রহণ করেন, এই উভয় ব্যাখ্যা এক ভাবেরই দ্যোতনা করে। ভগবান কৃপাপূর্ব্বক প্রার্থনাপরায়ণ সাধকদিগের হৃদয়ে আগমন করেন, তাঁহাদিগের পূজা গ্রহণ করেন মন্ত্রে এই ভাবই সূচিত হইয়াছে। (৪অ-১খ ২সূ-১সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্ঠীতম-সূক্তের ষোড়শী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, চতুর্থ বর্গের অন্তর্গত)॥

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২র
আ নঃ সোম সহো জুবো রূপং ন বর্চ্চসে ভর।
৩ ২ ১ ২
সুষাণো দেববীতয়ে ॥ ২ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'সুষাণঃ' (অভিষুতঃ, বিশুদ্ধঃ) ত্বং 'দেববীতয়ে' (দেবত্বকামায়, অস্মাকং দেবত্বপ্রাপ্তয়ে, যদ্বা ভগবৎপ্রাপ্তয়ে) 'রূপং' (জ্যোতিঃ, দিব্যজ্যোতিঃ) 'ন' (তথা) 'বর্চ্চসে' (দীপ্ত্যৈ, দিব্যজ্যোতিঃলাভায় ইত্যর্থঃ) 'সহঃ' (রিপুজয়কারকং) 'জুবঃ' (শত্রূন্ প্রতি শীঘ্রগমনং, শত্রুনাশিকাং শক্তিং ইতি ভাবঃ) 'নঃ' (অস্মভ্যং) 'আ ভর' (প্রযচ্ছ) প্রার্থনামূলকঃ মন্ত্রোঽয়ং। হে ভগবন্! ত্বৎ কৃপয়া বয়ং রিপুনাশকং দিব্যজ্যোতিঃ লভেম — ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৪অ ১খ - ২সূ ২সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! বিশুদ্ধ আপনি আমাদিগের দেবত্ব প্রাপ্তির (অথবা ভগবৎপ্রাপ্তির) জন্য দিব্যজ্যোতিঃ, এবং দিব্যজ্যোতিঃলাভের জন্য রিপুজয়কারক শত্রুনাশক শক্তি আমাদিগকে প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনা-মূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আপনার কৃপায় আমরা যেন রিপুনাশক দিব্যজ্যোতিঃ লাভ করিতে পারি।)। (৪অ—১খ—২সু—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'সোম!' 'দেববীতয়ে' দেবানাং পানায় দেবানাং কামায় বা 'সুষাণঃ' অভিষুতো বা ত্বং 'সহঃ' শত্রুভির্ভবনসমর্থং বলং 'জুবঃ'। জু—ইতি গতার্থঃ শত্রূন্ প্রতি শীঘ্র-গমনং যদ্বা সর্ব্বতো-গমনশীলং বলং। কিঞ্চ 'ন' ইতি চার্থে 'বর্চ্চসে' বর্চ্চদীপ্তৌ (ভ্বা০ আ০) দীপ্ত্যৈ সর্ব্বত্র প্রকাশনায় রূপঞ্চ অস্মভ্যং 'আ ভর' আহর প্রযচ্ছ। ২।

• • •

দ্বিতীয় (৮৩৪) সামের মর্ম্মার্থ।

প্রার্থনা-মূলক এই মন্ত্রটীতে ভগবৎসাধনার একটী ক্রম পরিদৃষ্ট হয়। মোক্ষমার্গে অগ্রসর হইতে হইলে সর্ব্ব প্রথম রিপুজয় করিতে হয়। রিপুগণ মোক্ষার্থীকে পদে পদে বাধা প্রদান করে এবং তদ্বলে সাধককে অচিরাৎ অধঃপতনের পথে টানিয়া নেয়। তাই এই রিপুদিগকে পরাজয় করিবার উপযুক্ত শক্তি সঞ্চয় করা প্রয়োজন সেই জন্যই প্রথমে রিপুজয় করিবার উপযুক্ত শক্তি লাভের জন্য ভগবৎচরণে প্রার্থনা করা হইয়াছে। তিনিই শক্তির আধার। দুর্ব্বল মানুষ তাঁহার কৃপাকণা না পাইলে একপদও অগ্রসর হইতে সমর্থ হয় না। তিনিই মধুকৈটভারি। তাঁহার শক্তিবলেই রিপুকুল ধ্বংস হয়। সেই শমনদমন ভবভয়নিবারণ পরমদেবতাই মানুষকে সর্ব্ববিপদ জয় করিবার শক্তি দান করিতে পারেন।

রিপুজয়ের সঙ্গে সঙ্গে হৃদয় হইতে পাপ মোহ-কালিমা দূরীভূত হয়, হৃদয় দিব্যজ্যোতিঃতে পরিপূর্ণ হয়। সেই জ্যোতিঃই মানুষকে মোক্ষমার্গের আবরক অন্তরায় অন্ধতমসা দূর করিয়া দেয়, পথের সর্ব্ববিধ বিঘ্ন-বিপত্তি হইতে মানুষকে রক্ষা করে,। পরিশেষে তাহাই মানুষকে ভগবৎচরণে পৌঁছাইয়া দেয়। তাই এই মন্ত্রে শক্তি ও জ্যোতিঃলাভের প্রার্থনার ভিতরদিয়া ভগবৎচরণ প্রাপ্তির প্রার্থনাই স্পষ্টীকৃত হইয়াছে। (৪অ—১খ—২সূ—২সা)। *

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২৩ ২৩ ৩ ১ ২
আ ন ইন্দো শাতগ্বিনং গবাং পোষꣳ স্বশ্ব্যম্।
২৩ ১২ ৩১২
বহা ভগত্তিমূতয়ে ॥ ৩ ॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দো' (হে শুদ্ধসত্ত্ব!) 'ঊতয়ে' (রক্ষণায়, যদ্বা উদ্ধারায়, পাপকবলাৎ ইতি যাবৎ) 'নঃ' (অস্মান্) 'শতাগ্বিনং' (শতসংখ্যাতং, প্রভূতপরিমাণং ইত্যর্থঃ) 'গবাং' (জ্ঞানং) 'পোষং' (পোষণসমর্থং বলং, আত্মশক্তিং ইতি ভাবঃ) তথা 'স্বশ্ব্যং' (শোভনজ্ঞানযুতং পরাজ্ঞানযুতংইত্যর্থঃ) তথা 'ভগত্তিং (সম্ভজনীয়ং ধনং, পরমধনং) 'আ বহ' (প্রাপয়, প্রযচ্ছ ইত্যর্থঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মভ্যং পরমধনং পরাজ্ঞানং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ-১খ-২সূ—৩সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টীতম সূক্তের অষ্টাদশী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, চতুর্থ বর্গের অন্তর্গত)।

* . *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! পাপকবল হইতে রক্ষা পাইবার (অথবা উদ্ধার করিবার) জন্য আমাদিগকে প্রভূতপরিমাণ জ্ঞান, আত্মশক্তি এবং পরাজ্ঞানযুক্ত পরমধন প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক; প্রার্থনার ভাব এই যে,—কৃপাপূর্ব্বক ভগবান্ আমাদিগকে পরমধন পরাজ্ঞান প্রদান করুন।) ॥ (৪অ—১খ—২সূ—৩সা) ॥

* . *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দো' পাত্রেষু ক্ষরণশীল! দীপনশীল! বা হে সোম! শাতস্বিনং শতসহস্র-সংখ্যাকাভিঃ গীর্ভিঃ যুক্তং 'গবাং পোষং' গবাদীনাং পুষ্টিবর্দ্ধনং 'অশ্ব্যং' শোভনাশ্ব-সঙ্ঘ সহিতং 'ভগত্তিং' ভগদত্তিং ভজনীয়-ধন-দানঞ্চ 'উতয়ে' রক্ষণায় 'নঃ' অস্মাকং 'আবহ' প্রাপয়। গবাদীশ্চ তেষাং বৃদ্ধিং প্রযচ্ছেত্যর্থঃ ॥ (৪অ—১খ—২সূ—৩সা) ॥

* . *

তৃতীয় (৮৩৫) সামের মর্ম্মার্থ।

§ * §

প্রার্থনামূলক বেদমন্ত্রসমূহের প্রার্থনার মূলভাব—পারমার্থিক পরমধন প্রাপ্তি। এই সমস্ত বেদ মন্ত্রের মধ্যে নানাভাবে, নানা ছন্দে, সেই এক প্রার্থনার ধ্বনিই উত্থিত হয়। অনেক স্থলে একটী বস্তুকে বুঝাইবার জন্য বিভিন্ন শব্দ প্রয়োগ ও বিভিন্ন চিন্তাধারার প্রকাশ পরিদৃষ্ট হয়। সকল প্রার্থনারই এক চরম উদ্দেশ্য—ভগবৎপ্রাপ্তি বা মোক্ষ। বিভিন্ন স্তরের, বিভিন্ন ভাবের নরনারীর জন্য বিভিন্ন ভাবধারার প্রয়োগ আবশ্যক। কারণ সকল মানুষ সমান নয়, সকলের চিন্তার ও ভাবের স্ফূর্ত্তি বা বিকাশ একরূপ নয়। সুতরাং এই স্তর বিবেচনা করিয়া বেদ প্রত্যেক স্তরের মানবের জন্য তাহার সাধন পদ্ধতি ও প্রার্থনা প্রভৃতির ব্যবস্থা করিয়াছেন। বেদে এই সকল প্রকার সাধনা ধারারই স্থান আছে। বিভিন্ন স্তরের সাধক বিভিন্ন ভাবে আপনার চিন্তা ধারা প্রকাশ করেন বটে, কিন্তু তাঁহাদিগের সকলেরই চরম লক্ষ্য এক। সেই লক্ষ্য মোক্ষ। সুতরাং এই এক ভাব প্রকাশের জন্যই বিভিন্ন শব্দের প্রয়োগ পরিদৃষ্ট হয়। বাহ্য দৃষ্টিতে তাহা পুনরুক্তি বলিয়া মনে হইতে পারে, কিন্তু মন্ত্রের ভাব হৃদয়ঙ্গম করিলে, বেদ মন্ত্রের গূঢ়ার্থে প্রবেশ করিলে বুঝিতে পারা যায় যে, যাহা বাহ্য দৃষ্টিতে পুনরুক্তি বলিয়া মনে হইয়াছিল, তাহা পুনরুক্তি তো নয়ই অধিকন্তু উহা প্রার্থনার ঐকান্তিকতাই পরিব্যক্ত করিতেছে। অনেক স্থলে আপাতঃ প্রতীয়মান পুনরুক্তি সাধনার বিভিন্ন স্তর নির্দ্দেশ করিতেছে।

উদাহরণস্বরূপ বর্ত্তমান মন্ত্রটীকে গ্রহণ করা যাউক। মন্ত্রটী সরল প্রার্থনামূলক। পাপের কবল হইতে উদ্ধার পাইবার জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। উদ্দেশ্য —মুক্তি লাভ। সেই মুক্তি লাভের উপায় স্বরূপ পরাজ্ঞান আত্মশক্তি প্রভৃতি লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। প্রকৃত পক্ষে ইহাদের প্রত্যেকটীই মানুষকে মুক্তির পথে লইয়া যাইতে পারে। অধিকন্তু ইহারা দেবদূত,—পরস্পর পরস্পরের সহিত অচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ। ইহাদের একটীর উপস্থিতিতে অন্য গুলির উপস্থিতিও অনুমান করা যায়। সুতরাং বর্ত্তমান ক্ষেত্রে মন্ত্রে এতগুলি উপায়ের জন্য বিশিষ্টভাবে প্রার্থনা করায়, প্রার্থনার দৃঢ়তা ও ঐকান্তিকতা প্রকাশ পাইতেছে। এইরূপে প্রত্যেক মন্ত্রের অভ্যন্তরে প্রবেশ করিলে আমরা দেখিতে পাইব যে,—এই অসীম রত্নভাণ্ডারের প্রত্যেকটী রত্নই কৌস্তভ মণি। দৃষ্টির পার্থক্যবশতঃই তাহা বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নরূপে প্রতিভাত হয়।

এই মন্ত্রান্তর্গত 'শতগ্বিনং' পদে বিবরণকারের অনুসরণে 'শতসংখ্যাতং' অর্থ গৃহীত হইয়াছে। ভাষ্যকার 'উভয়ে' পদের ব্যাখ্যা প্রদান করেন নাই, তাহাতে মন্ত্রের মূলভাবই নষ্ট হইয়াছে বলিয়া আমরা মনে করি। (৪অ—১খ—২সূ—৩সা)। *

—*—

প্রথমং সাম।

১ ২ ৩ ২ ৩ ১২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
তং ত্বা নৃম্ণানি বিভ্রত৺ সধস্থেষু মহো দিবঃ।
১২ ৩ ১ ২
চারু৺ সুকৃত্যয়েমহে ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'মহোদিবঃ সধস্থেষু' (মহতঃ দ্যুলোকস্য স্থানে, স্বর্লোকে ইত্যর্থঃ—স্থিতং ইতি যাবৎ) 'নৃম্ণানি' (পরমধনানি) 'বিভ্রতং' (ধারয়ন্তং) পরমধনদাতা ইতি ভাবঃ, 'চারুং' (কল্যাণরূপং, মঙ্গলময়ং) 'তং' (প্রসিদ্ধং, মুক্তিদায়কং) 'ত্বা' (ত্বাং) বয়ং 'সুকৃত্যয়া' (শোভনক্রিয়য়া, সৎকর্ম্মসাধনেন ইত্যর্থঃ) 'ঈমহে' (যাচামহে, আরাধয়াম – ইতি ভাবঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং সৎকর্ম্মসমন্বিতাঃ তথা ভগবৎপরায়ণাঃ ভবেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ—১খ ৩সূ—১সা)।

---

* সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টিতম সূক্তের সপ্তদশী ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, চতুর্থ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

হে ভগবন্! স্বর্লোকেস্থিত পরমধনদাতা মঙ্গলময় মুক্তিদায়ক আপনাকে আমরা যেন সৎকর্ম্ম সাধনের দ্বারা আরাধনা করিতে পারি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন সৎকর্ম্ম সমন্বিত এবং ভগবৎপরায়ণ হই।)॥ (৪অ—১খ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'মহোদিবঃ' মহতো দ্যুলোকস্য 'সধস্থেষু' সহস্থানেষু স্থিতং, 'নৃমণানি ধনানি 'বিভ্রতং' অস্মদর্থং ধারয়ন্তং 'চারুং' কল্যাণং হে সোম! 'তং' তাদৃশং পবমান-লক্ষণং 'ত্বা' ত্বাং 'সুক্রতায়া' শোভনক্রিয়য়া 'ঈমহে' ধনানি যাচামহে। ১।

* * *

প্রথম (৮৩৬) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। ভগবানের চরণে তাঁহাকেই আরাধনা করিবার শক্তিলাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। মানুষ ইচ্ছা করিলেই ভগবল্লাভ করিতে পারে না। ভগবৎ-সাধনার উপযোগী শক্তি লাভ করা চাই। সেই শক্তিধারা ভগবৎচরণ হইতে নিসৃত হইয়া মানুষকে শক্তিশালী করে। এই সত্যকে লক্ষ্য করিয়াই শ্রুতি বলিতেছেন—'যমেবৈষ আত্মা বৃণুতে, তেন লভ্যঃ'—সেই পরম পুরুষ কৃপা করিয়া যাঁহাকে আপনার সেবকরূপে গ্রহণ করেন, সেই সৌভাগ্যবান ব্যক্তি ভগবল্লাভে সমর্থ হয়েন।

এখানে প্রশ্ন হইতে পারে—তবে কি মানুষের ভাগ্য-নিয়ন্ত্রন সম্পূর্ণরূপে ভগবানেরই দয়ার উপর নির্ভর করে? তাঁহার পূজা করিবারও স্বাধীন অধিকার কি মানুষের নাই? হাঁ, মানুষ সম্পূর্ণরূপেই তাঁহার দয়ার উপর নির্ভর করে। মানুষের আপেক্ষিক স্বাধীনতা (Relative independence) আছে বটে, কিন্তু তাহাও ত তাঁহারই দান। এই আপেক্ষিক স্বাধীনতা আছে বলিয়াই মানুষের উন্নতি অবনতি আছে, পাপ পুণ্য আছে। সেই জন্যই মানুষ যন্ত্রমাত্র নয়, মানুষ মানুষ। এই স্বাধীনতার জন্য মানুষ প্রার্থনা করিতে পারে, কিয়ৎপরিমাণে আপনার ভাগ্য-নিয়ন্ত্রন করিতে পারে। তাই ভগবৎপরায়ণ হইবার জন্য, আপনাকে মোক্ষপথে পরিচালনে শক্তিলাভের জন্য মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে।

এই মন্ত্রের ব্যাখ্যা প্রসঙ্গে প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের বিশেষ কোন মতদ্বৈধ ঘটে নাই। কেবল মাত্র ভাষ্যকার প্রভৃতি মন্ত্রের মধ্যে সোমরসের সম্বন্ধ কল্পনা করিয়াছেন। অন্যান্য বিষয়ে ভাবের বিশেষ কোন পার্থক্য ঘটে নাই। (৪অ—১খ—৩সূ—১সা)। *

এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টচত্বারিংশ সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

১ ২　　৩ক ২র　　৩ ১ ২ ৩　　১২
সংবৃক্তধৃষ্ণুমুক্থ্যং মহামহিব্রতং মদম্ ।

৩ ২　　২র　　৩ ১ ২
শতং পুরো রুরুক্ষণিম্ ॥ ২ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেব! 'সংবৃক্তধৃষ্ণুং' (রিপুনাশকং) 'উক্থ্যং' (উক্থার্হং সর্ব্বলোকপূজনীয়ং) 'মহামহিব্রতং' (মহামহিমান্বিতং) 'মদং' (পরমানন্দদায়কং) 'শতং পুরঃ' (বহূনি পুরাণি—শত্রূণাং ইতি যাবৎ) অসদ্বৃত্তীঃ ইত্যর্থঃ, 'রুরুক্ষণিং' (বিনাশয়ন্তং, বিনাশকারিণং) ত্বাং বয়ং আরাধয়াম—ইতি শেষঃ। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। বয়ং ভগবৎপরায়ণাঃ ভবেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ-১খ—৩সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে দেব! রিপুনাশক সর্ব্বলোকপূজনীয় মহামহিমান্বিত পরমানন্দদায়ক অসদ্বৃত্তিনাশকারী আপনাকে আমরা যেন আরাধনা করি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবৎপরায়ণ হই।)। (৪অ—১খ—৩সূ—২সা)।

• • •

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'সংবৃক্তধৃষ্ণুং' সংবৃক্তাঃ সাচ্ছন্নাঃ ধৃষ্ণবো ধর্ষণশীলাঃ শত্রবো যেনাসৌ সংবৃক্তধৃষ্ণুঃ তং, 'উক্থ্যং' উক্থার্হং প্রশস্যং 'মহামহিব্রতং' মহায়-বহুকর্ম্মাণং 'মদং' মদকরং 'শতং' বহূনি 'পুরঃ' শত্রূণাং পুরাণি 'রুরুক্ষণিং' বিনাশয়ন্তং, ত্বাং ধনানাং ঈমহে ইতি সম্বন্ধঃ ।২।

• • •

দ্বিতীয় (৮৩৭) সামের মর্ম্মার্থ।

——§ :*: §——

এই মন্ত্রটীও পূর্ব্বমন্ত্রের ন্যায় প্রার্থনামূলক। এই উভয় মন্ত্রের ভিতর দিয়া একসুরই ধ্বনিত হইয়া উঠিয়াছে। উভয় মন্ত্রেরই প্রার্থনার সারমর্ম্ম—আমরা যেন ভগবৎপরায়ণ হইতে পারি; আমরা যেন ভগবদারাধনার অধিকার ও শক্তি লাভ করিতে সমর্থ হই। এই প্রার্থনার মধ্যে প্রসঙ্গতঃ ভগবৎমহিমাও পরিকীর্ত্তিত হইয়াছে।

তিনি - 'সংবৃক্তধৃষ্ণু'। মানবের রিপুশত্রুদিগকে তিনিই বিনাশ করেন। 'ধৃষ্ণু' অর্থাৎ ধর্ষণশীল, ভয়ঙ্কর শত্রুদিগকেও যিনি বিনাশ করিতে পারেন তিনিই 'সংবৃক্তধৃষ্ণু'। জগতে পাপের, অধর্ম্মের তাণ্ডবনৃত্য নিবারণ করিয়া, তাহাদিগকে ধ্বংস করিয়া ধর্ম্মের রাজ্য, শান্তির রাজ্য স্থাপন করিতে একমাত্র ভগবানই সমর্থ। তাই তিনি 'সংবৃক্তধৃষ্ণু'।

'মহামহিব্রতং' - মহামহিমান্বিত তিনি। তাঁহার মহিমায় জগৎ মহিমান্বিত—তাঁহার জ্যোতিতে বিশ্ব জ্যোতিষ্মান। ভাষ্যকার উক্তপদে 'মহীয়-মহৎকর্ম্মাণং' অর্থ পরিগ্রহ করিয়াছেন। সেই ভাবও সঙ্গত। বিবরণকারও উক্ত পদের ব্যাখ্যা করিয়াছেন—

"মহেতি মহান্তং ব্রতং অন্নং কর্ম্ম বা যত্র, স মহিব্রতঃ"

এই ব্যাখ্যা বিশদীকৃত করিতে যাইয়া অন্য একজন ব্যাখ্যাকার টিপ্পনীতে লিখিয়াছেন—

"মহদর্থশব্দদ্বয় শ্রুতেঃ অভিমহত্ত্বং গম্যতে ইতি ভাবঃ।"

আমরা এই ভাবই গ্রহণ করিয়াছি। 'শতংপুরঃ' পদদ্বয়ের ভাষ্যানুমোদিত ব্যাখ্যা "বহুনি শত্রূণাং পুরাণি।" একজন ব্যাখ্যাকার তাহার অর্থ করিয়াছেন "শত্রুপুরের ধ্বংসকারী।" কথাটা সত্য। কিন্তু প্রচলিত ব্যাখ্যাদি হইতে অনুমান করা যায় যে, এখানে শত্রুদিগের দুর্গ প্রভৃতিকে লক্ষ্য করা হইয়াছে। আমরা এই পদদ্বয়ের অন্তর্নিহিত আরও একটী গভীরতর অর্থ উপলব্ধি করিতে পারি। মানবের প্রকৃত শত্রু অন্তরস্থ রিপুগণ। তাহারা মানবের অসদ্বৃত্তিকে আশ্রয় করিয়া বাস করে ও পরিবর্দ্ধিত হয়। ভগবান কৃপাপূর্ব্বক মানুষের সেই অসদ্বৃত্তিকে বিনাশ করেন। আমরা এই ভাবকে লক্ষ্য করিয়াই 'শতংপুরঃ' পদদ্বয়ে মানবের অন্তরস্থিত অসংখ্য অসদ্বৃত্তি অর্থই গ্রহণ করিয়াছি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় দ্রষ্টব্য॥ (৪অ-১খ—৩সূ ২সা)। *

* * *

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২৩ক ২র ৩ ১ ২ ৩ ২
অতস্ত্বা রয়িরভ্যয়দ্রাজান৺ সুক্রতো দিবঃ।
৩ ১ ২ ৩ ১ ৩
সুপর্ণো অব্যথী ভরৎ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুক্রতো' (শোভনকর্ম্মন্! মোক্ষদায়ক ইতি ভাবঃ) হে দেব! 'অব্যথী' (ব্যথারহিতঃ, রিপুজয়ী যদ্বা ত্রিগুণসাম্যাবস্থাপ্রাপ্তঃ) 'সুপর্ণঃ' (শোভন গতিশীলঃ, ঊর্দ্ধগতিসম্পন্নঃ সাধকঃ)

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টচত্বারিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, পঞ্চম বর্গের অন্তর্গত)।

'রাজানং' (পরমজ্যোতির্ম্ময়ং) 'ত্বা' (ত্বাং) 'ভরৎ' (আহরতি, প্রাপ্নোতি); ত্বং 'অতঃ দিবঃ' (অমুষ্মাৎ দ্যুলোকাৎ, স্বর্লোকাৎ) 'রায়ঃ অভি' (পরমধনং প্রতি, পরমধনং ইত্যর্থঃ) 'অয়ং' (আনয়স্ব, অস্মভ্যং প্রযচ্ছ ইতি ভাবঃ)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ অয়ং মন্ত্রঃ। ঊর্দ্ধগতিসম্পন্নাঃ সাধকাঃ ভগবন্তং প্রাপ্নুবন্তু; ভগবান্ অস্মভ্যং পরমধনং প্রযচ্ছতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৪অ—১খ—৩সূ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

শোভনকর্ম্মা, মোক্ষদায়ক হে দেব! (রিপুজয়ী অথবা ত্রিগুণসাম্যাবস্থাপ্রাপ্ত) ঊর্দ্ধগতিসম্পন্ন সাধক পরমজ্যোতির্ম্ময় আপনাকে প্রাপ্ত হয়েন; আপনি স্বর্লোক হইতে পরমধন আমাদিগকে প্রদান করুন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ আমাদিগকে পরমধন প্রদান করুন।)॥ (৪অ—১খ—৩সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'সুক্রতো' শোভনকর্ম্মন্ পবমান সোম! 'রয়িঃ' রয়িং ধনম্প্রতি 'অভি অয়ৎ' অভিগময়তি 'রাজানং' 'ত্বা' ত্বাং 'অতঃ দিবঃ' অমুষ্মাৎ দ্যুলোকাৎ 'অব্যথী' বাধারহিতঃ 'সুপর্ণঃ' শ্যেনবৎ 'ভরৎ' আহরৎ। তথাচ শ্রূয়তে 'আদায় শ্যেনোঅভরৎ সোমং' (তা॰ ব্রা) ইতি। অব্যথী—অব্যথিঃ,—ইতি পাঠৌ॥ (৪অ-১খ-৩সূ ৩সা)॥

* * *

তৃতীয় (৮৩৮) সামের মর্ম্মার্থ।

*

মন্ত্রটী দুই অংশে বিভক্ত। প্রথম অংশে নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে—ঊর্দ্ধগতিসম্পন্ন সাধকগণ ভগবৎচরণ লাভ করিতে সমর্থ হয়েন। দ্বিতীয় অংশে পরমধনলাভের জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে।

'সুক্রতো' পদে 'শোভনকর্ম্মন্—মোক্ষদায়ক' অর্থ গৃহীত হইয়াছে। ভগবান্ শোভনকর্ম্মা। তাঁহার নিজের কি কর্ম্ম থাকিতে পারে যে, তাহা শোভন অথবা অশোভন হইবে? তাঁহার নিজের কোন কর্ম্ম নাই সত্য, কিন্তু তাঁহার সন্তানগণের জন্য তিনি কর্ম্ম করেন—তাহাদের মুক্তিবিধান করেন। ইহাপেক্ষা শোভনকর্ম্ম কি হইতে পারে? এই কর্ম্মকে লক্ষ্য করিয়াই ভগবান ভগবদ্গীতাতে বলিয়াছেন—আমার নিজের কোন কর্ম্ম নাই বটে, কিন্তু লোকহিতার্থ আমি কর্ম্ম করিয়া থাকি। 'সুক্রতো' পদে ঐ লোকহিতার্থ আমি কর্ম্ম

করিয়া থাকি। 'সুক্রতো' পদে ঐ লোকহিতকর্মীকেই লক্ষ্য করিতেছে. তাই আমরা ঐ পদে 'মোক্ষদায়ক' অর্থ গ্রহণ করিয়াছি।

অব্যথী পদের অর্থ ব্যথারহিত। যাহার কোন প্রকার দুঃখ নাই, যিনি 'ত্রিবিধং-দুঃখং হেয়ং' হইতে মুক্ত, তিনিই অব্যথী। দুঃখের মূল কারণ কামনা বাসনা প্রভৃতি রিপুগণ। যিনি রিপুজয় করিতে সমর্থ তিনি দুঃখের হাত হইতে নিষ্কৃতিলাভ করিতে পারেন। অপিচ, প্রকৃতির গুণত্রয় হইতে দুঃখের উৎপত্তি হয়। যিনি এই ত্রিগুণের অতীত অবস্থায় উপনীত হইতে পারেন, তিনি প্রকৃতিকে জয় করিতে সমর্থ হয়েন। সুতরাং দুঃখের কারণ প্রকৃতি। যাহাতে চাঞ্চল্য উপস্থিত হইলে গুণত্রয়ের বিকাশ ঘটে, এবং সেই বিকাশের ফলে কামনা বাসনা প্রভৃতির সৃষ্টি হয়—সেই প্রকৃতিই সাধকের পদানত হইয়া যায়। সুতরাং দুঃখের অবসান হয়।

ভারতীয় দর্শন এই দুঃখনাশের উপায় নির্দ্ধারণ করিবার জন্য সৃষ্ট হইয়াছে। প্রত্যেকেরই চরম কথা, আত্মস্থ হও, প্রকৃতির উপরে যাও, স্বরূপজ্ঞান লাভ কর, দুঃখের অবসান হইবে—অব্যথী হইবে। বর্ত্তমান মন্ত্রে অব্যথী পদে সেই পরমসাধককেই নির্দ্দেশ করিতেছে।

'রাজানং' পদ দীপ্ত্যর্থক 'রাজ্' ধাতু নিষ্পন্ন। তাই ঐ পদে 'পরমজ্যোতিষ্মন্তং' অর্থ গৃহীত হইয়াছে॥ (৪অ.-১খ. ৩সূ ৩সা.)। *

—— ০ ——

চতুর্থং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২র ৩ ১ ২

অধা হিন্বান ইন্দ্রিয়ং জ্যায়ো মহিত্বমানশে।

৩ ১ ১র

অভিষ্টিকৃদ্বিচর্ষণিঃ ॥ ৪ ॥

০ ০ ০

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিচর্ষণিঃ' (সর্ব্বস্য দ্রষ্টা, সর্ব্বজ্ঞঃ যদ্বা আত্মোৎকর্ষসাধকঃ) 'অভিষ্টিকৃৎ' (সাধকানাং অভীষ্টদায়কঃ ভগবান্) সাধকান্ 'জ্যায়ঃ' (শ্রেষ্ঠং), 'ইন্দ্রিয়ং' (ইন্দ্রিয়সামর্থ্যং, সৎকর্ম্মসামর্থ্যং, জ্ঞানঞ্চ ইত্যর্থঃ) 'অধা' (তথা) 'মহিত্বং' (মহত্ত্বং, আত্মোৎকর্ষং ইতি ভাবঃ), 'হিন্বানঃ' (প্রেরয়ন্, প্রযচ্ছন্) অন 'আনশে' (প্রাপ্নোতি)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। অয়ং ভাবঃ—ভগবান্ হি কৃপয়া সাধকানাং মোক্ষং বিধাতি॥ (৪অ-১খ-৩সূ-৪সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টচত্বারিংশ সূক্তের তৃতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, পঞ্চম বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

সর্ব্বজ্ঞ (অথবা আত্মোৎকর্ষদায়ক) সাধকদিগের অভীষ্টদায়ক ভগবান্ সাধকদিগকে শ্রেষ্ঠ সৎকর্ম্মসামর্থ্য এবং জ্ঞান ও আত্মোৎকর্ষ প্রদান করিয়া তাঁহাদিগকে প্রাপ্ত হয়েন। মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—ভগবানই কৃপাপূর্ব্বক সাধকদিগের মোক্ষ বিধান করেন।)॥ (৪অ—১খ—৫সূ—৪সা)।

* * *

সায়ণ ভাষ্যং।

'অধা' অথ 'বিচর্ষণিঃ' কর্ম্মণাং বিদ্রষ্টা 'অভিষ্টিকৃৎ' যজমানানাং অভীষ্টফলস্য কর্ত্তা সোমঃ 'ইন্দ্রিয়ং' স্বকীয়ং বলং 'হিন্বানঃ' প্রেরয়ন। 'জ্যায়ঃ' প্রশস্ততরং 'মহিত্বং' মহত্বং 'আনশে' প্রাপ্নোতি। (৪অ—১খ ৫সূ—৪সা)॥

* * *

চতুর্থ (৮৩৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটীতে ভগবানের মহিমা পরিকীর্ত্তিত হইয়াছে। তিনিই কৃপা করিয়া মানুষের মোক্ষ প্রাপ্তির উপায় বিধান করেন তাঁহার অজ্ঞান দুর্ব্বল সন্তানের প্রতি উদাসীন ভাবে তিনি কেবলমাত্র আপনার মহিমায় আপনি বিরাজিত নহেন—তাহাদের মঙ্গলবিধানের জন্য, তাহাদিগকে আপনার মঙ্গলময় ক্রোড়ে গ্রহণ করিবার জন্য হস্ত প্রসারণ করিয়া আছেন। তিনিই করুণাবশে মানবের দুয়ারে আসিয়া অতিথি হয়েন, তাহাদের হৃদয়দ্বারে আঘাত করেন।

তিনি যদি দয়া না করেন, তবে মানুষের কি সাধ্য যে, তাঁহাকে অপনার হৃদয়ে বসাইবার জন্য অহ্বান করিতে পারে? কোন ভরসায় সে বলিতে সাহস করে - 'এস হৃদয়ের ধন, হৃদয়ে লুকিয়ে রাখি'! মানবের মনে যে চিরন্তন সত্য সাড়া দেয়, তাহাই আমরা বেদমন্ত্রের মধ্যে বিকাশিত দেখিতে পাই।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদের ব্যাখ্যার শব্দগত বিশেষ অনৈক্য না থাকিলেও ভাবগত যথেষ্ট অনৈক্য রহিয়াছে। প্রচলিত ব্যাখ্যার ভাব - 'তিনি মহত্ব লাভ করেন।' তিনি তো নিজেই মহত্বের আধার, তিনি আবার মহত্ব লাভ করিবেন কি! সাধকদিগকে—তাঁহার সন্তানগণকে তিনি মহত্ব, আত্মোৎকর্ষ প্রদান করেন—ইহাই সঙ্গতার্থ। তাই আমরা 'মহিত্বং' পদকে 'হিন্বানঃ' পদের কর্ম্মরূপে গ্রহণ করিয়াছি। 'ইন্দ্রিয়ং' পদে ইন্দ্রিয়সাধ্য জ্ঞান কর্ম্মাদিকে লক্ষ্য করে, তাই উক্ত পদে

সৎকর্ম্মসামর্থ্যং জ্ঞানঞ্চ' অর্থ গৃহীত হইয়াছে অন্যান্য পদের ব্যাখ্যার সহিত ভাষ্যের বিশেষ পার্থক্য নাই। (৪অ—১খ—৩সূ—৪সা) । *

পঞ্চমং সাম ।

১র ২ ৩ ১ ২ ১ ২র ৩ ১ ২
বিশ্বস্মা ইৎ স্বর্দ্দৃশে সাধারণং রজস্তুরম ।
৩ ২ ৩ ২ ৩ ১ ২
গোপামৃতস্য বির্ভরৎ ॥ ৫ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

সাধকঃ 'রজস্তুরং' (উদকস্য প্রেরকং অমৃতদায়কং) 'ঋতস্য' (সত্যস্য যদ্বা সৎকর্ম্মণঃ) 'গোপাং' (রক্ষকং) 'বিশ্বস্মৈ' (সর্ব্বস্মৈ) 'স্বর্দ্দৃশে' (দেবায়, দেবভাবলাভায়, ভগবৎ প্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'সাধারণং' (সমানং, উপযুক্তং উপায়ভূতং ইত্যর্থঃ) 'বিঃ' (ভক্ষণীয়ং, গ্রহণীয়ং, আকাঙ্ক্ষণীয়ং ইতি ভাবঃ) 'ইৎ' (পরাজ্ঞানং) 'ভরৎ' (আহরৎ, প্রাপ্নোতি ইত্যর্থঃ) । নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ । অয়ং ভাবঃ—সাধকাঃ দেবত্বপ্রাপকং পরাজ্ঞানং লভন্তে। (৪অ - ১খ - ৩সূ—৫সা) ॥

* * *

বঙ্গানুবাদ ।

সাধক অমৃতদায়ক, সত্যের (অথবা সৎকর্ম্মের) রক্ষক, সকল দেবভাব প্রাপ্তির অর্থাৎ ভগবৎপ্রাপ্তির উপায়ভূত, আকাঙ্ক্ষণীয় পরাজ্ঞান প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক । ভাব এই যে,—সাধকগণ দেবত্বপ্রাপক পরাজ্ঞান লাভ করেন) । (৪অ—১খ—৩সূ—৫সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

'রজস্তুরং' উদকস্য প্রেরকং 'ঋতস্য' যজ্ঞস্য গোপাং গোপয়িতারং 'বিশ্বস্মৈ' সর্ব্বস্মৈ 'স্বর্দ্দৃসে' দেবায় 'সাধারণং ইৎ' সমানং আবসন্তং সোমং 'বিঃ' পক্ষীশ্যেনো 'ভরৎ' স্বর্গাদাহরৎ ॥ (৪অ—১খ ৩সূ—৫সা) ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টচত্বারিংশ সূক্তের পঞ্চমী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, পঞ্চম বর্গের অন্তর্গত) ।

পঞ্চম (৮৪০) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটীও পূর্ব্বমন্ত্রের ন্যায় নিত্যসত্যপ্রখ্যাপক। পূর্ব্বমন্ত্রে ভগবানের মহিমা ও মানবের প্রতি তাঁহার অসীম দয়ার বিষয় কীর্ত্তিত হইয়াছে। তিনি নিজে আসিয়া মানুষকে তাহার কোলে তুলিয়া নেন। আর বর্ত্তমান্ মন্ত্রে সাধকের সৌভাগ্যের বিষয় বিবৃত হইতেছে। ভগবান যেমন মানবের দিকে অগ্রসর হয়েন, সৌভাগ্যসম্পন্ন সাধকও তেমনি আপনার সাধনাবলে ভগবানের দিকে অগ্রসর হইতে থাকেন। ভগবৎপ্রাপ্তির উপায়—পরাজ্ঞান। 'সত্যং জ্ঞানং' সেই পরম দেবতাকে লাভ করিতে হইলে তাঁহার শক্তিস্বরূপ পরাজ্ঞানের আশ্রয় গ্রহণ করা চাই। সাধক সেই পরাজ্ঞান লাভ করতঃ ভগবৎপদ প্রাপ্ত হয়েন—মন্ত্রে এই সত্যই প্রখ্যাপিত হইয়াছে।

মন্ত্রান্তর্গত কয়েকটী পদের ব্যাখ্যা-সম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। 'ঋত' শব্দের অর্থ 'সত্য' অথবা সৎকর্ম্ম। তাই 'ঋতস্য' পদে 'সত্যস্য যদ্বা সৎকর্ম্মণঃ' অর্থদ্বয় গৃহীত হইয়াছে। জ্ঞানই সত্যের অথবা সৎকর্ম্মের প্রকৃষ্ট রক্ষক। যিনি জ্ঞানী তিনিই সত্যের উপর আত্মপ্রতিষ্ঠা করিতে পারেন, তিনিই প্রকৃষ্টরূপে সৎকর্ম্মসাধনে সমর্থ হয়েন। সুতরাং 'ঋতস্য' পদে এই উভয় অর্থই সঙ্গত। 'বিঃ' পদে বিবরণকারের অনুসরণে আকাঙ্ক্ষণীয় অর্থ গৃহীত হইয়াছে। 'ইৎ' পদকে প্রচলিত ব্যাখ্যাদিতে পাদপূরক বলিয়া ধরা হইয়াছে। কিন্তু আমরা মনে করি উহা 'ভরৎ' ক্রিয়ার কর্ম্ম। উহার অর্থ 'জ্ঞান'। এ সম্বন্ধে আমরা পূর্ব্বে বহুত্র আলোচনা করিয়াছি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যার অনুসরণেই উপলব্ধ হইবে। (৪অ—১খ—৩সূ—৫সা)। *

প্রথমং সাম।

৩ ১　২ ৩　১ ২　৩ ১ ২ ৩　৩ ১ ২
ইষে পবস্ব ধারয়া মৃজ্যমানো মনীষিভিঃ।
১ ২　৩ ১　২র
ইন্দো রুচাভি গা ইহি॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দো' (হে শুদ্ধসত্ত্ব!) 'মনীষিভিঃ' (সাধকৈঃ, সাধকানাং সৎকর্ম্মভিঃ ইতি ভাবঃ) 'মৃজ্যমানঃ' (শোধ্যমানঃ, বিশুদ্ধঃ) ত্বং 'ইষে' (অন্নায়, শক্তিদানায়, অস্মভ্যং ইতি শেষঃ)

---

* এই সাম-মন্ত্রটি ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টচত্বারিংশ সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায় পঞ্চম বর্গের অন্তর্গত)।

'ধারয়া' (ধারারূপেণ) 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি সমুদ্ভব); তথা 'রুচা' (দীপ্ত্যা, জ্যোতিষা সহ) 'গাঃ' (জ্ঞানকিরণান্) 'অভি' (অস্মান্ অভিলক্ষ্য, অস্মভ্যং ইত্যর্থঃ) 'ইহি' (প্রাপয়); বয়ং জ্ঞানসমন্বিতং সত্ত্বভাবং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৪অ—১খ - ৪সূ—১সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! সাধকগণের সৎকর্ম্মের দ্বারা বিশুদ্ধ তুমি আমাদিগকে শক্তিদান করিবার জন্য ধারারূপে আমাদিগের হৃদয়ে উপজাত হও; এবং জ্যোতিঃর সহিত জ্ঞানকিরণসমূহ আমাদিগকে প্রাপ্ত করাও। (প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন জ্ঞানসমন্বিত সত্ত্বভাব প্রাপ্ত হই।) ॥ (৪অ—১খ—৮সূ—১সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দো' সোম! 'মনীষিভিঃ' ঋত্বিগ্ভিঃ 'মৃজ্যমানঃ' শোধ্যমানঃ ত্বং 'ইষে' অস্মাকং অন্নায় 'ধারয়া' 'পবস্ব' ক্ষর। 'রুচা' রোচমানেনাত্মনা 'গাঃ' পশূন্ 'অভীহি' অভিগচ্ছ ॥ ১ ॥

* * *

প্রথম (৮৪১) সামের মর্ম্মার্থ।

হীরকাদি মহামূল্য মণি অপরিষ্কৃত অবস্থায় খনির মধ্যে থাকে। খনি হইতে উত্তোলন করিয়া নানা প্রক্রিয়ার দ্বারা পরিষ্কৃত করিলে, তাহা ব্যবহারযোগ্য হয়। আমাদিগের হৃদয়ের মধ্যে ও এইরূপ বহুমূল্য রত্নরাজি আছে। সেই সমস্তকেও সৎকর্ম্ম প্রভৃতির দ্বারা আমাদিগের লক্ষ্যসাধনের উপযোগী করা যায়। সত্ত্বভাব জগৎকে ধারণ করিয়া আছে। উহা সর্ব্বত্রই বিদ্যমান। কিন্তু মোক্ষলাভের জন্য সৎকর্ম্ম সাধন দ্বারা তাহা বিশুদ্ধ করিয়া লইতে হয়। সাধকের নিজের হৃদয়ও বিশুদ্ধ হওয়া চাই। সাধকগণ সাধনপ্রভাবে তাঁহাদের অন্তর্নিহিত সত্ত্বভাবকে বিশুদ্ধ করেন। জ্ঞান ও সৎকর্ম্মসমন্বিত এই শুদ্ধসত্ত্বই মানুষকে মোক্ষপ্রদানে সমর্থ। 'মনীষিভিঃ মৃজ্যমানঃ' পদদ্বয়ে এই শুদ্ধসত্ত্বকেই লক্ষ্য করা হইয়াছে এবং এই মন্ত্রে সেই শুদ্ধসত্ত্ব লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

জ্ঞানসমন্বিত সত্ত্বভাব মোক্ষদায়ক। জ্ঞান ও সত্ত্বভাব অবিচ্ছিন্ন ভাবে জড়িত থাকে। যেখানে জ্ঞানের আলোকে হৃদয় উদ্ভাসিত হইয়াছে, সেখান হইতে পাপ অজ্ঞানতা প্রভৃতি দূরে পলায়ন করে। হৃদয় হইতে অজ্ঞানতা জনিত রজঃ ও তমঃ দূরীভূত হয়, সুতরাং মানুষ সত্ত্বভাবাপন্ন হয়। আবার, প্রথমে ভগবৎকৃপায় হৃদয়ে সত্ত্বভাবের উপজন হইলে,

সেখানে জ্ঞানেরও আবির্ভাব হয়। এই মন্ত্রে জ্ঞানসমন্বিত সত্ত্বভাবের জন্য প্রার্থনা করা হইয়াছে। (৪অ—১খ—৫সূ—১সা)। *

— * —

দ্বিতীয়ং সাম।

৩　১　২র ৩　৩　১ ২
পুনানো বরিবস্কৃধ্যূর্জ্জং জনায় গির্ব্বণঃ।
১ ২　৩ ২　উ ১ ২
হরে সৃজান আশিরম্ ॥ ২ ॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গির্ব্বণঃ' (গীর্ভির্ব্বননীয়, পরম আরাধনীয়) 'হরে' (পাপহারক হে দেব!) 'আশিরং' (ক্ষীরং, অমৃতং ইত্যর্থঃ) 'সৃজানঃ' (বিসৃজ্যমানঃ, প্রদাতা ইতি ভাবঃ) 'পুনানঃ' (পবিত্রকারকঃ) ত্বং 'জনায়' (জনার্থং, মহ্যং ইত্যর্থঃ) 'ঊর্জ্জং' (শক্তিং, আত্মশক্তিং) তথা 'বরিবঃ' (পরমধনং) 'কৃধি' (কুরু, প্রযচ্ছ ইতি ভাবঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া মহ্যং আত্মশক্তিযুতং পরমধনং প্রদেহি ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ—১খ—৪সূ—২সা)॥

⁂

বঙ্গানুবাদ।

পরম আরাধনীয় পাপহারক আপনি আমাকে আত্মশক্তি এবং পরমধন প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে আত্মশক্তিযুত পরমধন প্রদান করুন।) ॥ (৪অ—১খ—৪সূ—২সা)॥

⁂

সায়ণ-ভাষ্যং।

হে 'গির্ব্বণঃ' গীর্ভির্ব্বননীয়! 'হরে' হরিতবর্ণ সোম! 'আশিরং' ক্ষীরং প্রতি 'সৃজানঃ' বিসৃজ্যমানঃ 'পুনানঃ' পূয়মানঃ ত্বং 'জনায়' জনার্থং 'বরিবঃ' ধনং ঊর্জ্জং অন্নঞ্চ 'কৃধি' কুরু। (৪অ—১খ—৪সূ—২সা)॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ—৪খ—৯সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের ত্রয়োদশী ঋক্। (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, অষ্টাত্রিংশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয় (৮৪২) সামের মর্ম্মার্থ।

—:§*§:—

মন্ত্রটী প্রার্থনামূলক। মন্ত্রে আত্মশক্তি ও পরমধন প্রাপ্তির জন্য অমৃত-স্বরূপ ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে।

মন্ত্রটীকে প্রার্থনামূলক বলিয়া গ্রহণ করিলেও প্রচলিত ভাষ্যাদিতে মন্ত্রের ভাব পরিবর্ত্তিত হইয়াছে। ভাষ্যকার এবং প্রচলিত ব্যাখ্যাকারগণ মন্ত্রের ব্যাখ্যায় সোমরসের প্রসঙ্গ আনয়ন করিয়াছেন, যেন সোমরসকেই লক্ষ্য করিয়া প্রার্থনা করা হইয়াছে। কিন্তু এই মন্ত্রে সোম প্রসঙ্গের অবতারণা করিবার কোন আবশ্যকতা মনে করি না। প্রার্থনামূলক এই মন্ত্রটীতে ভগবানের ও মাহাত্ম্যও কীর্ত্তিত হইয়াছে। তিনি অমৃত প্রদান করেন। তাঁহার কৃপাতেই মানুষ অমৃতত্ব প্রাপ্ত হয়। তাঁহার কৃপাদৃষ্টিতে মানব চিত্ত নির্ম্মল হয়, পবিত্র হয়—তাই তিনি পবিত্র কারক। সেই পরমদেবতার নিকট আত্মশক্তি ও পরমধন প্রাপ্তির জন্য প্রার্থনা করা হইয়াছে।

মন্ত্রান্তর্গত কয়েকটী পদের ব্যাখ্যাসম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। 'হরে' পদে আমরা 'পাপহারক' অর্থ গ্রহণ করিয়াছি। ভাষ্যকারও কোন কোন স্থলে ঐ অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু বর্ত্তমান মন্ত্রে সোমরসের প্রসঙ্গ আনয়ন করিয়া 'হরে' পদে 'হরিৎবর্ণ' অর্থ গ্রহণ করিয়াছেন! যাহা হউক, আমরা উক্ত পদে 'পাপহারক' অর্থেই সঙ্গতি লক্ষ্য করি এবং সর্ব্বত্রই ঐ অর্থ গৃহীত হইয়াছে। বর্ত্তমান মন্ত্রেও ঐ অর্থের কোন ব্যত্যয় ঘটিয়াছে বলিয়া মনে করি না। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (৪অ ১৭—৪সূ ২সা)॥ *

—•—

তৃতীয়ং সাম।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
পুনানো দেববীতয় ইন্দ্রস্য যাহি নিষ্কৃতম্।
৩ ২ ৩ ১ ২ ৩ ২
দ্যুতানো বাজিভির্হিতঃ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে শুদ্ধসত্ত্ব! 'বাজিভিঃ' (আত্মশক্তিশালিভিঃ সাধকৈঃ) 'দ্যুতানঃ' (দীপ্যমানঃ, জ্যোতির্ম্ময়ঃ) 'পুনানঃ' (পূয়মানঃ, পবিত্রকারকঃ) 'হিতঃ' (হিতকরঃ, পরমমঙ্গলদায়কঃ)

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের চতুর্দ্দশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, অষ্টাত্রিংশ বর্গের অন্তর্গত)।

ত্বং 'দেববীতয়ে,' (দেবকামায়, তেষাং সাধকানাং ভগবৎপ্রাপ্তয়ে ইতি ভাবঃ) 'ইন্দ্রস্য' (পরমৈশ্বর্য্যশালিনঃ ভগবতঃ) 'নিষ্কৃতং' (স্থানং, চরণাশ্রয়ং ইত্যর্থঃ) 'যাহি' (গচ্ছসি, প্রাপ্নোষি ইত্যর্থঃ)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। শুদ্ধসত্ত্বঃ সাধকান্ পরমপদং প্রাপয়তি — ইতি ভাবঃ ॥ (৪অ—১খ—৪সূ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! আত্মশক্তিশালী সাধকদিগের দ্বারা জ্যোতির্ম্ময়, পবিত্রকারক পরম মঙ্গলদায়ক আপনি সেই সাধকদিগের ভগবৎপ্রাপ্তির নিমিত্ত পরমৈশ্বর্য্যশালী ভগবানের চরণাশ্রয় প্রাপ্ত হইয়া থাকেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—শুদ্ধসত্ত্ব সাধকদিগকে পরম পদ প্রাপ্ত করায়।)॥ (৪অ—১খ—৪সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'বাজিভিঃ' হবির্লক্ষণান্নযুক্তৈর্যজমানৈঃ সহ 'দ্যুতানঃ' দীপ্যমানঃ 'দেববীতয়ে' যজ্ঞার্থং 'পুনানঃ' পূয়মানঃ 'হিতঃ' হিতকরঃ ত্বং 'ইন্দ্রস্য' 'নিষ্কৃতং' স্থানং 'যাহি' গচ্ছ। 'হিতঃ' - 'যতঃ' ইতি পাঠৌ ॥ (৪অ - ১খ—৪সূ ৩সা)॥

* * *

তৃতীয় (৮৪৩) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। সাধকগণ সত্ত্বভাবের দ্বারা ভগবৎ চরণ প্রাপ্ত হয়েন। তাঁহাদিগের হৃদয়স্থ শুদ্ধসত্ত্ব তাঁহাদিগকে ভগবানের দিকে লইয়া যায়। সত্ত্বভাবের প্রেরণায় তাঁহারা সেই পরমপুরুষের অভিমুখে চলিতে থাকেন। ইহাই মন্ত্রের সারমর্ম্ম।

প্রচলিত ব্যাখ্যাসমূহ মন্ত্রটীকে নিত্যসত্য-প্রখ্যাপক বলিয়া গ্রহণ করিলেও তাহাতে ভাবের কিছু অসামঞ্জস্য আছে। উদাহরণ স্বরূপ নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। বঙ্গানুবাদটী এই,—"হে সোম! তোমার মূর্ত্তি দীপ্তশীল। বলশালী যজ্ঞকর্ত্তা ব্যক্তিগণ তোমাকে সংগ্রহ করিয়াছেন, যজ্ঞের জন্য তোমার শোধন হইতেছে, তুমি এক্ষণে ইন্দ্রের নিকট যাও।" 'দেববীতয়ে' পদে 'যজ্ঞের জন্য' অর্থ গৃহীত হইয়াছে। কিন্তু আমরা ঐ পদে 'দেবকামায়' 'ভগবৎ প্রাপ্তয়ে' প্রভৃতি অর্থেই সঙ্গতি লক্ষ্য করি। সত্ত্বভাব ভগবৎ-প্রাপ্তির শ্রেষ্ঠ উপায়। সত্ত্বভাব হৃদয়ে সমুৎপন্ন হইলে মানুষ ভগবানের দিকে অগ্রসর হইতে সমর্থ হয়। উহা ভগবদারাধনার শ্রেষ্ঠ সাধনাঙ্গ। তাই এখানে 'দেববীতয়ে' পদের সার্থকতা। 'বাজিভিঃ' পদে ভাষ্যকার "হবির্লক্ষণান্নযুক্তৈঃ যজমানৈঃ সহঃ" অর্থ গ্রহণ করিয়াছেন। তাহাতে ভাষ্যার্থ এই হয়—"যজমানগণের সহিত – তুমি ইন্দ্রের স্থানে যাও।" এই ব্যাখ্যার

ভাব আমরা হৃদয়ঙ্গম করিতে পারি নাই। সোম-রস যজমানগণের সহিত ইন্দ্রের নিকটে যাইবে কিরূপে? অবশ্য 'সোম' অর্থে যদি মাদকদ্রব্য সোমরস ব্যতীত অন্য কোন উচ্চভাবমূলক বস্তু নির্দ্দেশ করে, তবেই ঐ ব্যাখ্যার সার্থকতা প্রতিপন্ন হয়, এবং ভাবেরও সঙ্গতি রক্ষিত হয়। যাহা হউক আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ও বঙ্গানুবাদে বিবৃত হইয়াছে। (৪প—১খ—১সূ—৩সা)। *

দ্বিতীয়ঃ খণ্ড।

প্রথমং সাম।

৩ ২ ৩ ১ ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অগ্নিনাগ্নিঃ সমিধ্যতে কবির্গৃহপতির্যুবা।
৩ ২ ৩ক ২র
হব্যবাড্জুহ্বাস্যঃ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'কবিঃ' (মেধাবী, কর্ম্মকুশলঃ) 'গৃহপতিঃ' (লোকানাং রক্ষকঃ পালকো বা) 'যুবা' (নিত্যতরুণঃ, চিরনূতনঃ) 'হব্যবাট্' (হবির্ব্বহনকারী, সত্ত্বপ্রাপকঃ, ভগবৎসমীপে কর্ম্মবাহকঃ ইতি ভাবঃ) 'জুহ্বাস্যঃ' (প্রদীপ্তবদনঃ, মুখেন প্রকাশরূপেণ বা সত্যস্য জ্যোতিঃসম্পন্নঃ); 'অগ্নিঃ' (জ্ঞানদেবঃ, জ্ঞানাগ্নিঃ) 'অগ্নিনা' (জ্ঞানেন) 'সমিধ্যতে' (সম্যক্ দীপ্যতে, পরিবৃদ্ধির্জায়তে)। অয়ং ভাবঃ—আলোক-সাহায্যেন যথা আলোকো বিভাতি জ্ঞানসাহায্যেন তদ্বৎ জ্ঞানং বর্দ্ধতে। (৪অ—২খ—১সূ—১সা)।

বঙ্গানুবাদ।

মেধাবী, কর্ম্মকুশল, লোকসমূহের পালক বা রক্ষক, নিত্যতরুণ চিরনূতন, সত্ত্বপ্রাপক—ভগবৎসমীপে কর্ম্মবাহক, প্রকাশরূপে সত্য-জ্যোতিঃসম্পন্ন, জ্ঞানাগ্নি (জ্ঞানদেব); জ্ঞানের দ্বারাই সম্যক্ দীপ্যমান্ বা পরিবৃদ্ধপ্রাপ্ত হয়েন। (ভাব এই যে,—আলোক-সাহায্যে যেমন আলোক প্রকাশ পায়, জ্ঞানই সেইরূপ জ্ঞানের প্রকাশক হয়েন)। (৪অ—২খ—১সূ—১সা)

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চতুঃষষ্টিতম সূক্তের পঞ্চদশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, অষ্টাত্রিংশ বর্গের অন্তর্গত)।

CC0. In Public Domain. Sri Śri Anandamayee Ashram Collection, Varanasi

সায়ণ-ভাষ্যম্।

'অগ্নিঃ' আহবনীয়াখ্যঃ তস্মিন্ প্রক্ষিপ্যমাণেন 'অগ্নিনা' নির্ম্মন্থন-প্রণীতেন বা সহ 'সমিধ্যতে' সম্যগ্ দীপ্যতে কীদৃশোঽগ্নিঃ? 'কবিঃ' মেধাবী 'গৃহপতিঃ' যজমানগৃহস্য পালকঃ 'যুবা' নিত্য-তরুণঃ 'হব্যবাট্' হবিষো বোঢ়া বহতেঃ ষহশ্চ (৩।২।৬৪) ইতি ণ্বি প্রত্যয়ঃ; ণিস্বাদুপধাবৃদ্ধিঃ (৭ ২।১১৬) গতিকারকোপপদাৎ কৃৎ (৬।২।১৩৯) ইত্যুত্তর-পদ প্রকৃতিস্বরত্বং) 'জুহ্বাস্যঃ' জুহূরূপেণ মুখেন যুক্তঃ হূয়তে অনয়েতি জুহূঃ 'হুবঃ শ্লুবচ্চ (উ০, ২।৬১) ইতি ক্বিপ্; তৎসন্নিয়োগাদ্ (৩ ২ ১৭৮ বা০) দীর্ঘশ্চ; শ্লুবদ্ভাবাৎ দ্বির্ভাবঃ, চুত্ব জশত্বে; প্রাতিপাদক-স্বরেণান্তোদাত্তঃ (ফি০ ১।১); জুহূরাস্যং যস্যেতি বহুব্রীহৌ পূর্ব্বপদ প্রকৃতিস্বরত্বেন স এব শিষ্যতে (৮।২।১); শেষ-নিঘাতঃ; যণাদেশে উদাত্তস্বরিতয়োর্যণঃ স্বরিতোঽনুদাত্তস্য (৮।২।৪) - ইত্যাকার স্বরিতঃ। (৪অ - ২খ—১সূ—১সা)।

* * *

প্রথম (৮৪৪) সামের মর্ম্মার্থ।

উৎপন্ন-স্থান বিভিন্ন হইতে পারে; উৎপত্তির হেতুভূত নামেরও বিভিন্নতা ঘটিতে পারে; কিন্তু বস্তু সেই একই থাকে।

জল সেই একই,—বৃষ্টিরূপেই প্রাপ্ত হই, নদী-তড়াগাদিতেই প্রাপ্ত হই, নির্ঝর হইতেই আনয়ন করি, আর কূপ হইতেই উত্তোলন করি;—জল সেই একই। কূপের জলও জল, বৃষ্টির জলও জল, ঝরণার জলও জল, নদী-তড়াগাদির জলও জল। জল সেই একই।

বিভিন্ন পাত্রে উৎপন্ন বিভিন্ন আধারে অবস্থিত, বিভিন্ন আকারে প্রতীয়মান, বিভিন্ন নাম-সংজ্ঞায় অভিহিত, অগ্নি-সম্বন্ধেও সেই একই উক্তি প্রযুক্ত হইতে পারে। স্বরূপতঃ সর্ব্বত্র অগ্নি অভিন্ন,—ঐ মন্ত্র তাহারই আভাস দিলেন।

অগ্নিদেবের আর আর যে বিশেষণ, তৎসমুদায়ের অধিক আলোচনা বাহুল্য মাত্র। যজ্ঞ হবিঃ। প্রদানের পাত্র হইতে 'জুহ্বাস্যঃ' নামের উৎপত্তি বিষয়ে সায়ণ যাহা বলিয়াছেন, তাহা অযৌক্তিক নহে। কিন্তু বলিয়াছি তো, বস্তুপক্ষে সর্ব্বত্র যখন সেই একই লক্ষ্য রহিয়াছে, তখন আর সে বিতর্কে অভিলাষীর হৃদয়ে সংশয়ের ভাব দৃঢ় করায় কি সার্থকতা আছে? ফলতঃ, যদি অগ্নিদেবের কৃপা লাভ করিতে চাও, তাঁহার ন্যায় গুণসম্পন্ন হইতে চেষ্টা কর। হও—মেধাবী, হও—কর্ম্মকুশল, হও উৎসাহসম্পন্ন। আর হও—হব্যবাট্ ও জুহ্বাস্য, অর্থাৎ দানে মুক্তহস্ত হও এবং মুখে সত্যের জ্যোতিঃ বিচ্ছুরিত হউক। তাহা হইলেই বুঝিবে,—জ্ঞানাগ্নির অভিন্নতা সর্ব্বত্র, পার্থক্য কোথাও নাই। (৪অ—২খ—১সূ ১সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের দ্বাদশ সূক্তের ষষ্ঠী ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়বিংশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

১ . ২র ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যস্ত্বামগ্নে হবিষ্পতির্দ্দূতং দেব সপর্য্যতি।
১ ২ ৩ ১ ৩
তস্য স্ম প্রাবিতা ভব ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দেব' (দীপ্তিদানাদিগুণযুক্ত) 'অগ্নে' (হে জ্ঞানদেব) 'যঃ হবিষ্পতিঃ' (যো হবির্দ্দানকারী, ভগবদুদ্দেশে সৎকর্ম্মানুষ্ঠায়ী) 'দূতং' (বার্ত্তাবহং, ভগবতি মিলনসাধকং) 'ত্বাং' (জ্ঞানদেবঃ) 'সপর্য্যতি' (পরিচরতি, সেবতে) যং 'তস্য' (কর্ম্মকারিণঃ) 'প্রাবিতা' (প্রকৃষ্টরূপেণ রক্ষকঃ) 'ভব-স্ম' (ভবসি)। অয়ং ভাবঃ—জ্ঞানস্য আরাধনয়া অনুসরণেন বা নরঃ সৎকর্ম্মপরঃ সন্ শ্রেয়াংসি লভতে। (৪অ—২খ—১সূ - ২সা)।

* * *

বঙ্গানুবাদ।

দীপ্তিদানাদিগুণযুত হে জ্ঞানদেব! ভগবদুদ্দেশে সৎকর্ম্মানুষ্ঠায়ী (হবির্দ্দানকারী) যে জন ভগবানে মিলনসাধক সেই আপনাকে (জ্ঞানদেবতাকে) সেবা করেন, আপনি সেই সুকর্ম্মকারীর প্রকৃষ্ট রক্ষক হয়েন। (ভাব এই যে,—জ্ঞানের আরাধনায় এবং অনুসরণে সৎকর্ম্মপর হইয়া মানুষ শ্রেয়ঃ-সকল লাভ করে।)॥ (৪অ—২খ—১সূ—২সা।) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'অগ্নে'! 'দেব' 'যঃ' 'হবিষ্পতিঃ' যজমানঃ 'দূতং' 'ত্বাং' 'সপর্য্যতি' পরিচরতি। তস্য যজমানস্য 'প্রাবিতা' :'ভব স্ম' অগস্ত্যং রক্ষকো ভব। হুয়ত ইতি হবিঃ অর্চ্চিশুচি (উ০, ২।১।৭) ইত্যাদিনা ইসিঃ, প্রত্যয়স্বরেণ ইকার উদাত্তঃ (৩ ১।৩), হবিষঃ পতিঃ হবিষ্পতিঃ, নিত্যং সমাসেহনুত্তরপদস্থস্য (৮।৩।৪৫)—ইতি ষত্বং, পত্যাবৈশ্বর্য্যে (৬ ২।১৮)—ইতি পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। সপর্য্যতি—সপরশব্দাৎ কণ্ড্বাদিভ্যো যক্ (২।১।২৭) ইতি যক্, ধাতুপ্রকরণাৎ গুণপ্রতিষেধাদ্যর্থাৎ যকঃ কিত্বাচ্চ সপরশব্দস্য ধাতুত্বাত্ততোবিহিতস্য যক আর্দ্ধধাতুকত্বে সতি 'অতোলোপঃ (৬।৪।৪৮) - ইতি লোপঃ, 'সনাদ্যন্তা ধাতবঃ (৩।১।৩২) ইতি ধাতুসংজ্ঞায়াং তিপ্, কর্ত্তরি শপ্ (৩ ১।৬৮) তস্মিন্ পূর্ব্বস্য অতোগুণে (৬ ১।৯৬) ইতি পররূপত্বং, যকঃ প্রত্যয়-স্বরেণোদাত্তত্বং (৩ ৫।৩) শপা সহ একাদেশস্য

একাদেশউদাত্ত (৮।২।৫)—ইত্যুদাত্তত্বং, তিঙ্ তিঙঃ (৮।১।২৮)—ইতি নিঘাতো ন ভবতি যদ্বৃত্তান্নিত্যং (৮।১।৬৬) ইতি প্রতিষেধাৎ ॥ ২ ॥

* * *

দ্বিতীয় (৮৪৫) সামের মর্ম্মার্থ।

এ মন্ত্রে অন্তর্গত 'হবিষ্পতিঃ' 'দূতং' 'সপর্য্যতি' ও 'প্রাচিতা' শব্দ-চতুষ্টয় লক্ষ্য করিবার বিষয়।

'হবিষ্পতিঃ' শব্দে সাধারণভাবে যাজ্ঞিককে বুঝায়। হবির্দ্দানে যিনি পতিত্ব বা শ্রেষ্ঠত্ব লাভ করিয়াছেন, অর্থাৎ যিনি ভগবানের প্রীতিকর সৎকর্ম্মের অনুষ্ঠানে সতত নিযুক্ত থাকেন, তিনিই 'হবিষ্পতিঃ'। যজ্ঞাহুতি হবির্দ্দান নিষ্কাম-কর্ম্ম-মূলক। ভগবানের উদ্দেশ্যে যজ্ঞে অগ্নিতে আহুতি প্রদান করিতে করিতে সর্ব্বস্ব-দানের সামর্থ্য আসে। তখন আর 'রূপং দেহি জয়ং দেহি'—এ কামনা থাকে না; তখন ভগবানকে সর্ব্বস্ব দান ভিন্ন ভক্ত সাধকের পরিতৃপ্তি আসে না। তখন হৃদয়ে ত্যাগের মহান প্রেরণা আসিয়া সাধককে নিষ্কাম-কর্ম্মের দিকে লইয়া যায়। সেই নিষ্কাম-কর্ম্মানুষ্ঠানে প্রাধান্যের বিষয় 'হবিষ্পতিঃ' শব্দে বিজ্ঞাপিত করিতেছে।

এইবার 'দূতং' পদটির প্রতি লক্ষ্য করুন। অগ্নিকে, পুনঃপুনঃ দূত-রূপে ঘোষণা করা হইতেছে। ইহার একটী নিগূঢ় তাৎপর্য্য আছে। এই যে দৃশ্যমান্ অগ্নি, সত্যই ইনি তো ঈশ্বর বা ব্রহ্ম নহেন! ইনি ভগবানের অংশ বা বিভূতি মাত্র। ইঁহার মধ্য দিয়া, ইঁহাকে উপলক্ষ করিয়া, ইনি যাঁহার অঙ্গীভূত, ইঁহাতে যাঁহার একতম বিকাশ, তাঁহাতে পৌঁছিতে হইবে। এ হিসাবে এ অগ্নি যেন মধ্যস্থ স্থানীয়। তাই দূত বলিয়া তাঁহাকে আহ্বান করা হইয়াছে। সংসারে সকল কাজেই প্রথমে একটা মধ্যস্থের বা অবলম্বনের আবশ্যক হয়। শিশু দাঁড়াইতে শিখিবে; পিতামাতা, নয় অন্ততঃ একটা জড় প্রাচীর তাহার অবলম্বন হইবে। তুমি জ্ঞান-রাজ্যে প্রবেশ করিবে,—বিদ্যা-শিক্ষায় প্রবৃত্ত হইবে? শিক্ষকের বা গুরুর অর্থাৎ একজন মধ্যস্থের প্রয়োজন। জ্ঞানরাজ্যে প্রবেশের জন্য হিন্দুশাস্ত্রে তাই গুরুকরণ-প্রথার প্রবর্ত্তনা। এখানে পরিদৃশ্যমান্ অগ্নিকে সেই মধ্যস্থের আসন প্রদান করা হইয়াছে। বলা হইতেছে,—'হে দেব! তোমার সেবায়, তোমার মধ্য দিয়া, তুমি যাঁহার প্রকাশ - তাঁহাতে যেন পৌঁছিতে পারি। ভাব এই যে, জ্ঞানই ভগবানের স্বরূপ-প্রজ্ঞাপক জ্ঞানই মানুষকে ভগবানের নিকট পৌঁছাইয়া দেয়। জ্ঞান-সাহায্যেই মানুষ ভগবানকে লাভ করিতে সমর্থ হয়।

মন্ত্রের 'সপর্য্যতি ও 'প্রাচিতা' পদদ্বয়ে, 'তোমার সেবাপরায়ণ আমি, আমায় সর্ব্বতোভাবে রক্ষা কর',—এই ভাব ব্যক্ত হইতেছে। মানুষ একটা উদ্দেশ্য লইয়াই কর্ম্ম করে। এখানে সেবার উদ্দেশ্য—রক্ষা-প্রাপ্তি। ইহাই স্বাভাবিক। এই সকাম প্রার্থনাই নিষ্কাম অবস্থায় লইয়া যায়। (৪অ ২থ ১সূ—২সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের দ্বাদশ সূক্তের অষ্টমী ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যো অগ্নিং দেববীতয়ে হবিষ্মাঁ২ আবিবাসতি।
১ ২
তস্মৈ পাবক মৃড়য় ॥ ৩ ॥

* * *

অর্থানুসারিণী-ব্যাখ্যা।

'যঃ হবিষ্মান্' (যো হবির্দ্দানকারী যাজ্ঞিকঃ, যঃ সৎকর্ম্মকারী ইত্যর্থঃ) 'দেববীতয়ে' (দেবানাং পানার্থং প্রীত্যর্থং বা, দেবোদ্দেশে নিয়োজিতং, দেবভাবপরিবৃদ্ধিকরং ইতি ভাবঃ) 'অগ্নিং' (জ্ঞানদেবং) 'আবিবাসতি' (সম্যক্ পরিচরতি, অনুসরতি), 'পাবক' (পবিত্রকারক, জগৎপাবন) 'অগ্নে' (হে জ্ঞানদেব) ত্বং 'তস্মৈ' (যাজ্ঞিকায়, সুকর্ম্মকারিণে) 'মৃড়য়' (সুখয়, আনন্দং প্রদাস ইতি ভাবঃ)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। জ্ঞানানুসারিণো জনাঃ সদানন্দং লভন্তে ইতি তাৎপর্য্যার্থঃ। (৪অ-২খ-১সূ-৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মকারী যে জন দেবভাবের পরিবৃদ্ধিকর জ্ঞানদেবতাকে অনুসরণ করে, জগৎপাবন হে জ্ঞানদেব, আপনি সেই সুকর্ম্মকারীকে সুখী করেন —আনন্দ দেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—জ্ঞানানুসারী জনগণ সদানন্দ লাভ করিয়া থাকেন)। (৪অ—২খ—১সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'হবিষ্মান্' হবির্যুক্তো 'যঃ' যজমানঃ 'দেববীতয়ে' দেবানাং হবির্ভক্ষণহেতুযাগার্থং 'অগ্নিং' 'আবিবাসতি' অগ্নেঃ সমীপে নিষেবেণাগত্য পরিচর্য্যাং করোতি। হে 'পাবক' অগ্নে! 'তস্মৈ' 'মৃড়য়' তং যজমানং সুখয়। দেববীতয়ে—বী গতিপ্রজনকান্ত্যশন খাদনেষু (অদা০, উভ০) —ইত্যস্মাদশনার্থাৎ ক্তিন্, দেবানাং বীতির্যস্মিন্ যাগে স দেববীতিঃ বহুব্রীহৌ পূর্ব্বপদ প্রকৃতিস্বরত্বং, 'নব্বিষয়স্যানিসন্তস্য (ফি০ ২।৩) ইতি পর্য্যুদাসাদ্ধবিঃশব্দোদাত্তঃ, মতুপঃ সর্ব্বানুদাত্তত্বাৎ স এব শিষ্যতে। আবিবাসতি-বা গতি-গন্ধনয়োঃ (অদা০ প০)— অস্মাদন্তর্ভাবিত-ণ্যর্থাদাগময়িতুমিচ্ছতীত্যর্থে সন্, আহ্বানেচ্ছা; পরিচর্য্যায়াং পর্য্যবস্যতীতি বিবাসতি শব্দঃ পরিচর্য্যার্থে নিঘণ্টৌ (৩৫। ০) পঠিতঃ, দ্বির্ভাবঃ, অভ্যাসস্য হ্রস্বঃ (৭।৪।৫৯) 'সন্যতঃ' (৭।৪।৭৯) ইতি ইত্বং, এ.নিত্যাদির্নিত্যং (৬।১।১৯৭) ইত্যাদ্যুদাত্তত্বং, 'তিঙ্ঙতিঙঃ (৮।১।২৮)' ইতি নিঘাতো ন ভবতি 'যদ্বৃত্তান্নিত্যং (৮।১।৬৬)' ইতি প্রতিষেধাৎ।

তিঙি চোদাত্তবতী (৮।১।৭১) - ইত্যাদ্যো সহ সুপেত্যত্র (২।১।৪) সহেতি যোগবিভাগাদাত্ত তিঙা সহ সমাসে সমাসান্তোদাত্তত্বে প্রাপ্তে (৮ ১. ২২৩) পরাদিশ্ছন্দসি বহুলং (৬।২।১৯৯) উত্তরপদান্তোদাত্তত্বং। তস্মৈ - 'ক্রিয়াগ্রহণং কর্ত্তব্যং' (২।৩।১৩. বা০)—ইতি সম্প্রদানত্বাচ্চতুর্থী। ৩।

* * *

তৃতীয় (৮৪৬) সামের মর্ম্মার্থ।

এ মন্ত্রে অগ্নিদেবের একটী নূতন বিশেষণ দেখিলাম। তিনি 'পাবক' অর্থাৎ পবিত্রকারক লৌকিক ও অলৌকিক দ্বিবিধ ভাবেই এ বিশেষণের সার্থকতা উপলব্ধ হয়। কাঞ্চন অগ্নিসংযোগে ঔজ্জ্বল্য লাভ করে; সংসারের ক্লেদরাশি, অগ্নি-মধ্যে পড়িয়া ভস্মসাৎ হইয়া যায়। অগ্নি যে পাবক, প্রত্যক্ষতঃ এ দৃশ্য দেখিতে পাই। অগ্নিপক্ষে উপমার মধ্যে এই যে ভাব প্রকটিত, পক্ষান্তরে আবার, অগ্নি যে পাবক, তাঁহার সে অলৌকিকত্ব আপনার হৃদয়ের প্রতি লক্ষ্য করিয়া দেখুন। হৃদয়ে যেই জ্ঞানাগ্নি প্রজ্বলিত হইবে, অমনই সকল ক্লেদরাশি ভস্মীভূত হইয়া যাইবে, অমনই কষিত-কাঞ্চনের দ্যুতি প্রকাশ পাইবে। এই জন্যই অগ্নিকে 'পাবক' বলা হইয়াছে। জ্ঞানাগ্নির বিকাশে অজ্ঞান-আঁধার দূরীভূত হয়। জ্ঞানাগ্নির জ্বলনে পাপতাপ ভস্মীভূত হইয়া যায়। জ্ঞানাগ্নির উদয়ে নিষ্কলঙ্ক মানুষ শশীর ন্যায় প্রকাশ পায়। তাই অগ্নির নাম—পাবক। যিনি হবিষ্মান, ভগবৎকর্ম্মে উৎসৃষ্টপ্রাণ, অগ্নির পাবকত্ব তাঁহাতেই বিকাশমান। পবিত্রকারক অগ্নি তাঁহাকেই পবিত্র নির্ম্মল নিষ্কলঙ্ক করেন অর্থাৎ তাঁহাকেই সুখশান্তি দান করিয়া থাকেন। জ্ঞানই এখানে অগ্নি-নামের দ্যোতক। জ্ঞানের অনুসরণে জ্ঞানাধিকারী হইতে পারিলেই সকল দুঃখ দূরীভূত হয়, আলোক সাহায্যে আলোক লাভ হইলেই পরমানন্দ প্রাপ্ত হওয়া যায়;—ইহাই এই মন্ত্রের তাৎপর্য্যার্থ। (৪প—২খ—১স—৩সা)। *

প্রথমং সাম ॥

৩ ১   ২   ৩ ১ ২ ৩   ১ ২   ৩ ১ ২
মিত্রং হুবে পূতদক্ষং বরুণং চ রিশাদসম্ ॥

১ ২   ৩ ২ ৩   ১ ২
ধিয়ং ঘৃতাচীং সাধন্তা ॥ ১ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের দ্বাদশ সূক্তের নবমী ঋক্ (প্রথম অষ্টক প্রথম অধ্যায়, ত্রয়োদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পূতদক্ষং' (পবিত্রবলং) 'মিত্রং' (দেবং) 'রিশাদসং' (শত্রুনাশকং) 'বরুণং চ' (বরুণদেবং চ) 'হুবে' (আহ্বয়ামি, প্রার্থয়ামি) ; তৌ 'ঘৃতাচীং' (সত্ত্বভাবান্বিতাং) 'ধিয়ং' (অস্মাকং বুদ্ধিং) 'সাধন্তা' (সাধয়ন্তৌ, সম্পাদয়ন্তৌ, উপাসকানাং মনসি উত্তেজয়ন্তৌ)। 'সত্ত্বভাবান্বিতায়াঃ বুদ্ধেঃ প্রাপ্ত্যর্থং শত্রুনাশকং পবিত্রবলং দেবদ্বয়ং অহং প্রার্থয়ামি'—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৪অ - ২খ - ১সূ ১সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রবলযুক্ত মিত্রদেবকে এবং হিংসক-শত্রুনাশক বরুণদেবকে আহ্বান করিতেছি। সেই দেবদ্বয় আমাদিগের সত্ত্বভাবান্বিতা বিশুদ্ধা বুদ্ধিকে প্রেরণ করিয়া থাকেন। (প্রার্থনার ভাব এই যে,—সত্ত্বভাবান্বিত বুদ্ধি প্রাপ্তির জন্য শত্রুনাশক পবিত্রবল দেবদ্বয়কে আমি প্রার্থনা করিতেছি। (৪অ—২খ—২সূ—১সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং ॥

অস্মিন্ কর্ম্মণি হবিঃ-প্রদানায় 'পূতদক্ষং' পবিত্রবলং 'মিত্রং' 'হুবে' আহ্বয়ামি হ্বয়তেঃ বহুলং ছন্দসি (২।৪।৭৩) ইতি শপো লুকি সতি 'হবঃ' সম্প্রসারণং (৬।১।৩২)'-ইত্যনুবৃত্তৌ বহুলং ছন্দসি (৬।১।৩৪)—ইতি সম্প্রসারণে উবঙাদেশঃ, 'তিঙ্ঙতিঙঃ (৮।১।২৮)' ইতি নিঘাতঃ। তথা 'রিশাদসং' রিশানাং হিংসকানাং অদনমত্তারং 'বরুণঞ্চ' হুবে। কীদৃশৌ মিত্রাবরুণৌ? ঘৃতাচীং' ঘৃতমুদকমঞ্চতি ভূমিং প্রাপয়তি যা ধী যেন কর্ম্মণা তাং ঘৃতাচীং "ধিয়ং" "সাধন্তা" সাধয়ন্তৌ 'রাধ সাধ সংসিদ্ধৌ (দি. প.)' ইত্যস্মাদন্তর্ভাবিতণ্যর্থাল্লটঃ শত্রাদেশে (৬।১।১৬১) শ্নং বাধিত্বা ব্যত্যয়েন (৩।১।৮৫) শপ্ অদুপদেশত্বাৎ উপরি শতৃ প্রত্যয়স্য লসার্ব্বধাতুকানুদাত্তত্বং, দ্বিতীয়াদ্বিবচনস্য শপশ্চ অনুদাত্তৌ সুপিপতৌ (৩।১।৪) ইত্যনুদাত্তত্বে ধাতোঃ (৬।১।৩৯) ইতি ধাতুস্বর এব শিষ্যতে 'সুপাং' সুলুক্০ (৭।১।৩৯)—ইত্যাদিনা বিভক্তেরাকারাদেশঃ ॥ ১ ॥

* * *

প্রথম (৮৪৭) সামের মর্ম্মার্থ।

বৈজ্ঞানিক এ মন্ত্রের একরূপ অর্থ নিষ্কাষণ করিবেন; ভক্ত সাধকের চক্ষে এ মন্ত্রের অর্থ অন্যরূপ প্রতিভাত হইবে। বৈজ্ঞানিক দেখিবেন,—কিরূপে মিত্রের (সূর্য্যের) খরকরতাপে জল হইতে বাষ্প উত্থিত হইয়া আকাশে মেঘরূপে সঞ্চিত হইতেছে; আর কিরূপে সেই মেঘ

হইতে বারিবর্ষণ হইয়া পৃথিবীর উৎপাদিকা শক্তি বৃদ্ধি করিতেছে। লৌকিক হিসাবে, বরুণ-দেব ও সূর্য্যদেব উভয়ের সহযোগে বর্ষণ-ক্রিয়া সমাহিত হয়। যজ্ঞাদি দ্বারা, হবিরাদি আহুতি-প্রদানে, তাঁহারা পরিতুষ্ট হন (অর্থাৎ মেঘের সঞ্চার হয়) ; আর তাঁহাদের প্রসাদে (মেঘ-সঞ্চারে) যথাসময়ে সুবর্ষণ সুকর্ষণ ক্রিয়া সুসম্পন্ন হয়। বর্ষাকালে বারিবর্ষণ হইলে, ধরণী শস্যশ্যামলা হন। সুশস্য প্রভাবে সুপ্রজাদের উদ্ভব ঘটে। তাহাতে জনসমাজ শান্তিসুখে কালযাপন করিতে সমর্থ হয়।

এ মন্ত্রের অন্য অর্থ—জ্ঞান ও ভক্তি-মূলক। মন্ত্রে বলা হইতেছে,—'হে মিত্রদেব! হে বরুণদেব! আপনারা পবিত্র-বলশালী এবং হিংস্রস্বভাব শত্রুগণের বিনাশকারী। আপনাদের অনুগ্রহে আমরা যেন সেইরূপ ক্রিয়ার অনুষ্ঠান করিতে পারি যাহাতে অন্তরের শত্রু বিনাশ-প্রাপ্ত হয় এবং হৃদয় ভক্তিরসে আপ্লুত হইয়া উঠে। আর আমরা যেন অনুক্ষণ আপনাদের অনুধ্যানে রত থাকিতে পারি।'

এস্থলে মিত্র (সূর্য্যের) জ্ঞানের সহিত এবং বরুণ ভক্তির সহিত উপমিত হইয়াছেন। লৌকিক হিসাবে সূর্য্য যেমন বরুণের (জলের) জনয়িতা, সূর্য্যের রশ্মিসম্পাত ভিন্ন যেমন বারিবর্ষণ হয় না; আধ্যাত্মিক হিসাবে সেইরূপ জ্ঞান-ভক্তির জনয়িতা, জ্ঞানের উদয় ভিন্ন হৃদয়ে ভক্তির সঞ্চার হইতে পারে না। লৌকিক জগতে, মিত্রের প্রভাবে বরুণ যেমন অমৃত-ধারা বর্ষণ করিয়া ধরণীর উর্ব্বরতা বৃদ্ধি করিয়া থাকেন; আধ্যাত্মিক জগতে সেইরূপ জ্ঞান-প্রভাবে ভক্তির অমৃত উৎসারিত হইয়া হৃদয়ের সদ্বৃত্তিসমূহকে জাগরিত করিয়া তুলে। মন্ত্রে বলা হইয়াছে,—'হে মিত্রদেব! হে বরুণদেব! লৌকিক জগতে আপনারা সুবর্ষণ দ্বারা যেমন জনসমাজে শান্তিসুখ বর্দ্ধন করেন, সেইরূপ আপনারা উভয়ে আমাদের হৃদয়ে ভক্তির অনন্ত প্রস্রবণ উন্মুক্ত করিয়া তাঁহার সাযুজ্য-লাভে পরাশান্তি-দানে সহায় হউন।'

মন্ত্রের 'ধিয়ং' (ধিয়া) পদে—জানা বুঝা প্রভৃতি ভাব আসে। তাঁহাকে জানিতে হইলে—তাঁহাকে বুঝিতে হইলে, তাঁহার স্বরূপ বিষয়ে সম্যক্ জ্ঞান প্রয়োজন। তাঁহার জ্ঞান লাভ করিতে হইলে, তাঁহাকে বুঝিতে হইবে। কিন্তু সে জানা—কেমন জানা? সে বুঝা—কেমন বুঝা? তিনি যে সেই 'একমেবাদ্বিতীয়ং', তিনি যে সেই অক্ষর সদ্বস্তু;—এমনভাবেই তাঁহাকে জানিতে হইবে, এমন ভাবেই তাঁহাকে বুঝিতে হইবে। তবেই তাঁহার বিষয়ে প্রকৃত জ্ঞান তত্ত্বজ্ঞান লাভ করিতে পারিবে।

কিন্তু সে জ্ঞান কিরূপে লাভ হইবে? সে জ্ঞান লাভ করিতে হইলে—আত্মশ্লাঘা, দম্ভ, হিংসা প্রভৃতি শত্রুগণকে বিনাশ করিতে হইবে; সে জ্ঞান লাভ করিতে হইলে,—ক্ষমা, সরলতা, সদ্গুরুসেবা, বাহ্য এবং অন্তরের শৌচ, স্থিরচিত্ততা, দেহ এবং ইন্দ্রিয়সমূহের সংযম, শব্দস্পর্শাদি বিষয়ভোগে বিরক্তি, অহঙ্কার-ত্যাগ, পুত্রকলত্রাদির মায়া পরিবর্জ্জন, শুভাশুভ উভয়ে সমবুদ্ধি, জন্ম মৃত্যু জরা ব্যাধি প্রভৃতি দুঃখের দোষদর্শন, অনন্যা নিষ্ঠা দ্বারা ভগবানে ঐকান্তিকী ভক্তি, পরমাত্মবিষয়ক জ্ঞানে একনিষ্ঠা প্রভৃতির প্রয়োজন হইবে। অহঙ্কারাদি পরিহার করিয়া অনন্যা-নিষ্ঠা সহকারে জ্ঞেয়-বস্তুর স্বরূপ বুঝিতে পারিবেন। বুঝিতে পারিবেন,—সেই জ্ঞেয় বস্তু অনাদি অনন্ত,—তাঁহার আদি নাই, অন্ত নাই; বুঝিতে

পারিবেন,—তিনিই সর্ব্বস্রষ্টা,—তাঁহার কোনই স্রষ্টা নাই; বুঝিতে পারিবেন, তিনিই পর—সর্ব্বশ্রেষ্ঠ, তিনি সেই জ্ঞেয় ব্রহ্ম, তিনি ভিন্ন সংসারে আর কিছুই জ্ঞাতব্য নাই।

শ্রুতি (শ্বেতাশ্বতরোপনিষৎ—৬।৯।১৬) বলিয়াছেন,—

"য আত্মনি তিষ্ঠন্নাত্মনোঽন্তরো যমাত্মা ন বেদ। যস্যাত্মা
শরীরং। য আত্মানমন্তরো যময়তি। কারণং করণাধিপা
ধিপো ন চাস্য কশ্চিজ্জনিতা নচাধিপঃ।
প্রধানক্ষেত্রজ্ঞপতির্গুণেশঃ।"

অর্থাৎ,—'যিনি নিরন্তর আত্মাতে অবস্থিত থাকিয়াও আত্মার বিষয় অবগত নহেন; আত্মা যাঁহার শরীর; অন্তর্য্যামীরূপে যিনি আত্মাকে নিয়মিত করেন; অপিচ যিনি কারণসংযুক্ত কারণেরও অধিপতি; তাঁহার কেহই জনয়িতা নাই—তাঁহার অধিপতিও কেহ থাকিতে পারে না। তিনি প্রধান ক্ষেত্রজ্ঞপতি ও গুণেশ।'

ভক্ত সাধক যখন এই ভাবে তাঁহাকে জানিতে সমর্থ হন, তিনি যখন এই তত্ত্বজ্ঞান লাভ করেন; তখনই তিনি অমৃতরূপ ফল প্রাপ্ত হইয়া থাকেন। মন্ত্রে সাধক তাই প্রার্থনা জানাইতেছেন,—'হে মিত্রদেব! হে বরুণদেব! আমাদের সেই সামর্থ্য দাও যাহাতে আমরা দস্যুাদি শত্রুগণকে বিনাশ করিতে সমর্থ হই;—আমাদিগকে সেই প্রাণ প্রদান কর—যাহাতে আমরা তাঁহার স্বরূপ উপলব্ধি করিতে পারি।'

জ্ঞান-ভক্তির অনুসারী। ভক্তি ভিন্ন জ্ঞানের উদয় হয় না। আবার জ্ঞান ও ভক্তি উভয়ই অভিন্ন,—উভয়েরই ভিত্তি কর্ম্ম। ভক্তিতত্ত্ব নিরতিশয় দুরধিগম্য। সেই ভক্তিতত্ত্ব অবগত হইতে পারিলে, পর্য্যায়ক্রমে তাঁহার সাযুজ্য-লাভ পর্য্যন্ত অধিগত হয়। শ্রীভগবান গীতায় বলিয়াছেন, 'ভক্তি দ্বারাই ভক্ত আমার স্বরূপ-তত্ত্ব জানিতে পারে। আমার স্বরূপ-তত্ত্ব জানিতে পারিলেই সে আমাকে প্রাপ্ত হয়, অর্থাৎ মুক্তি লাভ করে।

"ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ।
ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্॥"

তিনি আরও বলিয়াছেন, 'যদি দুঃখনিবৃত্তি ও সুখশান্তি লাভ করিতে চাও, মদ্গতচিত্ত হও। আমার প্রতি ভক্তিপরায়ণ হইতে অভ্যাস কর; আমার উপাসনায় প্রবৃত্ত হও; আমাকে নমস্কার কর; এবম্প্রকারে আমার প্রতি নিষ্ঠাযুক্ত হইয়া আমার অনুসরণ করিলে, আমাকে প্রাপ্ত হইবে। আমাকে প্রাপ্ত হইলে,—তোমার সকল সন্তাপ দূরে যাইবে; তুমি পরমানন্দলাভে সমর্থ হইবে। আমার প্রতি নিষ্ঠাবান, আমার প্রতি শরণাগত ব্যক্তিগণ, আমার বিষয় চিন্তা করিতে করিতে, আমার প্রসঙ্গ আলোচনা করিতে করিতে, পরম সন্তোষ প্রাপ্ত হন এবং পরম আনন্দ লাভ করেন এবং পরিশেষে আমাতেই লীন হন।'

"মন্মনা ভব মদ্ভক্তো মদ্যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং মৎপরায়ণঃ॥
মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্।
কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ॥"

ভগবৎ-প্রসঙ্গের আলোচনা, ভক্তি-সহকারে তাঁহার ভজনা করা,—ভক্তির স্বরূপ উপলব্ধির ইহাই একমাত্র উপায়। শাস্ত্র তাই পুনঃপুনঃ সেই সচ্চিদানন্দ ভগবানের প্রতি মন সংন্যস্ত করিবার উপদেশ দিয়াছেন। শ্রীভগবান্ বলিয়াছেন,—'আমি সর্ব্বব্যাপী সচ্চিদানন্দ পুরুষ। আমার সেই স্বরূপ-তত্ত্ব একমাত্র ভক্তি দ্বারাই অবগত হওয়া যায়। আমার স্বরূপ-তত্ত্ব অবগত হইলে, সাধক সম্পূর্ণরূপে আমার জ্ঞানলাভ করিতে পারেন। আমার জ্ঞান লাভ করিলে, সাধক ও আমি অভিন্ন হই। সাধক আমার সারূপ্য প্রাপ্ত হন।' ফলতঃ, ভগবানের প্রতি ভক্তিমান হইতে পারিলেই সকল দুঃখের অবসান হয়।

ভগবানের স্বরূপ বুঝিতে হইলে, তাঁহার প্রতি ভক্তিমান হওয়া প্রয়োজন। ভক্তির স্বরূপ, লক্ষণ এবং ভক্তের কার্য্য প্রভৃতির বিষয় হৃদয়ঙ্গম হইলে, আর তাহা হৃদয়ঙ্গম করিয়া তদনুসারে তাঁহার প্রতি ভক্তিমান হইতে পারিলে, চিরসুখলাভ বা মুক্তি আপনিই অধিগত হয়। ভক্তি কি প্রথমে তাহাই বুঝিবার প্রয়োজন। ভক্তির নানা পর্য্যায়—নানা সংজ্ঞা নির্দ্দিষ্ট হয়। কিন্তু ভগবানের প্রতি ঐকান্তিক আনুরক্তিই প্রকৃত ভক্তি-পদবাচ্য। শাস্ত্রে ভক্তির বিবিধ লক্ষণ নির্দ্দিষ্ট আছে। কিন্তু যে সকল লক্ষণেরই সার তত্ত্ব—ঐকান্তিকতার সহিত, একপ্রাণতার সহিত, ভগবানের প্রতি আনুরক্তি। 'ভক্তিরসামৃতসিন্ধু' গ্রন্থে ভক্তির স্বরূপ নিম্নরূপ পরিবর্ণিত রহিয়াছে ; যথা,—

"অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা ॥"

শ্রীকৃষ্ণের—শ্রীভগবানের প্রীতিকর কর্ম্ম করিতে হইবে। সে কর্ম্ম 'অন্যাভিলাষিতাশূন্য' অর্থাৎ অন্য সর্ব্বপ্রকার অভিলাষ বা কামনা বর্জ্জিত হওয়া চাই। আর হওয়া চাই—'জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং', অর্থাৎ তাহা যেন জ্ঞান-কর্ম্মাদি দ্বারা আচ্ছন্ন না হয়। ভগবানের প্রতি যে ঐকান্তিকী ভক্তি, তাহা জ্ঞানের অধীন নয়, কর্ম্মেরও অধীন নয়। অর্থাৎ, 'জ্ঞান-কর্ম্ম সমস্ত পরিত্যাগ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণের প্রীতিকর যে কর্ম্মানুষ্ঠান, তাহাই উত্তমা ভক্তি।' শাণ্ডিল্য-সূত্রে আছে,—"সাপরানুরক্তিরীশ্বরে" ভগবানে অনুরাগই ভক্তি। ভগবানের প্রতি অনুরাগ আর কি হইতে পারে? ভগবানের প্রীতিকর সৎকর্ম্মের অনুষ্ঠানই তাঁহার প্রতি ভক্তি ও অনুরাগের নিদর্শন।

তাই ভগবান্ তারস্বরে ঘোষণা করিয়াছেন,—

"মৎকর্ম্মকৃন্মৎপরমো মদ্ভক্তঃ সঙ্গবর্জ্জিতঃ।
নির্ব্বৈরঃ সর্ব্বভূতেষু যঃ স মামেতি পাণ্ডব।"

কিন্তু 'যিনি আমার প্রিয়কর্ম্মের অনুষ্ঠান করেন, তিনি আমাকেই প্রাপ্ত হন। তাঁহার (ভগবানের) আবার প্রিয়কর্ম্ম কি? পণ্ডিতগণ বলেন—তাঁহার প্রিয়কর্ম্ম—তাঁহার উদ্দেশে বিহিত সৎকর্ম্ম। সৎকর্ম্মের অনুষ্ঠানে যে অনন্যা ভক্তি জন্মে, ভগবৎ-প্রাপ্তির তাহার একমাত্র উপায়। ভক্ত সাধক যখন ঐ অবস্থা প্রাপ্ত হন, তখনই তিনি সর্ব্বপ্রকারে সঙ্গবর্জ্জিত, সর্ব্বভূতে সমদর্শী ও নিত্যমুক্ত হইতে পারেন।

ভগবান্ বলিয়াছেন,—'আমি সর্ব্বভূতেই সমান। আমার দ্বেষ্য বা প্রিয় কিছুই নাই।

যাঁহারা ভক্তিসহকারে আমাকে ভজনা করেন, তাঁহারা আমাতেই থাকেন এবং আমিও সেই সকল ব্যক্তিতে থাকি।' যথা,—

"সমোহহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।
যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্॥"

শ্রীভগবান্ আরও বলিয়াছেন,—'যিনি আমার কর্ম্মের অনুষ্ঠান করেন, আমাকেই পরমপুরুষার্থ বলিয়া ভাবেন; যিনি ইন্দ্রিয়-বিষয়ে অনাসক্ত এবং সর্ব্বভূতে সমদর্শী; তিনিই আমার ভক্ত—তিনিই আমাকে প্রাপ্ত হন।'

ফলতঃ, ঐকান্তিকী ভক্তিই জীবের উদ্ধারের একমাত্র সহায়। যতক্ষণ না অনন্য-ভক্তির সঞ্চার হয়, ততক্ষণ কেহই তাঁহার স্বরূপতত্ত্ব জানিতে পারে না;—স্বরূপ-তত্ত্ব জানিতে না পারিলে কেহই তাঁহাতে আত্মলীন হইতে সমর্থ হয় না। প্রকৃত ভক্ত—প্রকৃত সাধক, কেবলমাত্র-দাসানুদাসরূপে ভগবৎসেবায় আত্মনিয়োগের আকাঙ্ক্ষা করেন। তিনি সাযুজ্য সামীপ্য প্রভৃতি অন্য কোনপ্রকার মুক্তিরই আকাঙ্ক্ষা করেন না।—'চিনি খাওয়ার চেয়ে চিনি হওয়া ভাল।'

ভক্ত সাধক মন্ত্রে সেই পরা-ভক্তি লাভেরই প্রার্থনা জানাইতেছেন। তিনি কহিতেছেন,—'হে মিত্রদেব! হে বরুণদেব! আপনাদের অনুধ্যানে—আপনাদের অনুস্মরণে, আমাদের মনে যেন ঐকান্তিকী ভক্তির সঞ্চার হয়; সেই ঐকান্তিকী ভক্তির প্রভাবে, জ্ঞানাগ্নির স্ফুরণে, আমার যেন তাহাতে অন্তরের শত্রুসমূহ—কাম-ক্রোধাদি রিপু-সমূহ আহুতি-প্রদানে সমর্থ হই। আপনাদের কৃপাকণা লাভ করিতে না পারিলে, আপনারা শক্তি-সামর্থ্য প্রদান না করিলে, কিরূপে শত্রুগণকে বিনাশ করিতে পারিব?

মন্ত্রে বলা হইয়াছে,—আপনারা "পূতদক্ষং রিশাদসং"—পবিত্র-বলশালী এবং হিংসক শত্রুনাশক। শক্তি তখনই পবিত্র হয়, বল তখনই কলুষশূন্য হয়, যখন তাহা সৎকর্ম্মে ভগবদুদ্দেশ্যে নিয়োজিত হয়। তাই প্রার্থনা হইতেছে,—'হে ইন্দ্রদেব! হে বরুণদেব আপনারা সেই সামর্থ্য প্রদান করুন, যেন আমাদের শক্তি যথার্থরূপে সেই সত্যের উদ্দেশে নিয়োজিত হয়,—যেন আমরা শ্রেষ্ঠ শক্তিবলে হিংস্রস্বভাব রিপুগণকে বিনষ্ট করিতে পারি। আপনাদের প্রসাদে রিপুনাশ হইলে, আপনাদের কৃপায় হৃদয় নির্ম্মল হইলে, চিত্তক্ষেত্রে তিনি উদ্ভাসিত হইবেন, তাঁহার স্বরূপ উপলব্ধি করিতে সমর্থ হইব। তাঁহার স্বরূপ উপলব্ধি করিলে, তাঁহাকে হৃদয়-সিংহাসনে বসাইতে পারিলে, তাঁহার পূজায় নিমগ্ন থাকিলে, তবে তো জীবন সার্থক হইবে! তাই ডাকি, এস দেব! মিত্ররূপে অন্তরে জ্ঞানবহ্নি প্রজ্বলিত কর; তাই ডাকি, এস দেব! বরুণরূপে হৃদয়ের অশান্তি-অনল নির্ব্বাপিত কর। ফলে, হৃদয়ে ভক্তির অনন্ত প্রস্রবণ প্রবাহিত হউক। তাঁহার দাসানুদাস-রূপে তাঁহার সেবায় আত্মনিয়োগ করিয়া তাঁহাতেই বিলীন হই।' ৪অ—২খ—২সূ—১সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের দ্বিতীয় সূক্তের সপ্তমী ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, চতুর্থ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২
ঋতেন মিত্রাবরুণাবৃতাবৃধাবৃতস্পৃশা।
১ ২ ৩ ১ ২
ক্রতুং বৃহন্তম্ আশাথে॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ঋতাবৃধৌ' (ঋতস্য জলস্য বৃধৌ বর্দ্ধিতারৌ, যদ্বা—ঋতস্য সত্যস্য যজ্ঞস্য বা পালকৌ), 'ঋতস্পৃশৌ' (ঋতানি জলানি স্পৃশন্তৌ সংযুক্তৌ, সংসারস্নিগ্ধকারিসলিলসংশ্রববিষ্টৌ, যদ্বা—ঋতানি সত্যানি যজ্ঞকর্ম্মাণি স্পৃশন্তৌ নিয়তৌ) 'মিত্রাবরুণৌ' (মিত্রাবরুণদেবৌ) 'বৃহন্তং (অঙ্গৈরুপাঙ্গৈশ্চাতিপ্রৌঢ়ং, বিস্তৃতং, সর্ব্ববিধং ইতি ভাবঃ) 'ক্রতুং' (যজ্ঞং, সৎকর্ম্ম) 'ঋতেন' (জলেন, সত্যেন, ফলেন বা) 'আশাথে' (আনশাথে, ব্যাপ্তবন্তৌ) যুবামিতি শেষঃ। প্রার্থনায়াঃ ভাবঃ—'হে দেবৌ! সত্যস্বরূপেণ অস্মাকং যজ্ঞং কর্ম্ম বা ব্যাপ্য তিষ্ঠতাং'—ইত্যেবং আকাঙ্ক্ষা।' (৪অ—২খ—২সূ—২সা।

* * *

বঙ্গানুবাদ।

হে ঋতাবৃধ (জলবৃদ্ধিকারী অর্থাৎ শস্যোৎপাদনে সহায়ক, অথবা সত্যের বা যজ্ঞের পালক) ঋতস্পৃশ (অর্থাৎ সংসার স্নিগ্ধকারী সলিলের সহিত সংশ্রব-বিশিষ্ট, অথবা সত্যের বা যজ্ঞের সহিত বিদ্যমান) মিত্রাবরুণ-দেবদ্বয়! আমাদিগের এই অঙ্গোপাঙ্গসমন্বিত বৃহৎ যজ্ঞে (সর্ব্ববিধ কর্ম্মে) অবশ্যম্ভাবী ফলের সহিত আপনারা পরিব্যাপ্ত (বিদ্যমান) আছেন। (প্রার্থনার ভাব এই যে,—হে দেবদ্বয়! আপনারা আমাদিগের সকল কর্ম্ম ব্যাপিয়া বিদ্যমান্ হউন।')॥ (৪অ—২খ—২সু—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'মিত্রাবরুণৌ' মিত্রশ্চ বরুণশ্চেতি মিত্রাবরুণৌ 'দেবতা দ্বন্দ্বে চ' (৬।৩।২৬) ইতি পূর্ব্বপদস্যানঙাদেশঃ, তাদৃশৌ যুবাং 'ক্রতুং' প্রবর্ত্তমানমিমং সোমযাগং 'আশাথে' আনশাথে ব্যাপ্নুবন্তৌ। ছন্দসি লুঙ্ লঙ্ লিটঃ (৩।৪।৬) ইতি বর্ত্তমানে লিট্ নুড্ভাবশ্ছান্দসঃ। কেন? 'ঋতেন' অবশ্যম্ভাবিতয়া সত্যেন ফলেন অস্মভ্যং ফলং দাতুমিত্যর্থঃ। কীদৃশৌ যুবাং? 'ঋতাবৃধৌ' ঋতমিত্যুদকনাম (নিঘ০ ১।১২।৬) সত্যং বা

যজ্ঞং বা ইতি যাস্কঃ। উদকাদীনামন্নুতমস্ত বর্দ্ধয়িতারৌ। অতএব 'ঋতস্পৃশা' উদকাদীন্ স্পৃশন্তৌ। কীদৃশং ক্রতুং? 'বৃহন্তং' অঙ্গৈরুপাঙ্গৈশ্চাতিপ্রৌঢ়ং ॥ ২ ॥

* • *

দ্বিতীয় (৮৪৮) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের অন্তর্গত কয়েকটী পদের বিশ্লেষণে মন্ত্রের তাৎপর্য্য হৃদয়ঙ্গম হইবে। মন্ত্রে মিত্র ও বরুণ দেবতাকে 'ঋতাবৃধৌ' ও ঋতস্পৃশৌ' এই গুণ-বিশেষণে বিশেষিত করা হইয়াছে। 'ঋতাবৃধৌ' ও 'ঋতস্পৃশৌ' শব্দদ্বয়ে কি ভাব ব্যক্ত হয়? 'মন্ত্র' শব্দ বহুভাবদ্যোতক। সাধারণ-ভাবে ঐ শব্দে 'জল' অর্থ উপলব্ধ হয়। 'ঋত' শব্দের আর এক অর্থ 'সত্য'। 'ঋত' শব্দে আর বুঝায়—'সত্যধর্ম্ম'। মরুদেশের অধিবাসী—যাহারা বারিবিন্দুর জন্য ব্যাকুল, তাঁহাকে জলাধিপতি জানিলে, তাঁহার নিকট তাহারা আকুল প্রার্থনা জানাইতে অগ্রসর হইবে না কি? যখন জলের অভাবে শস্যক্ষেত্রসমূহ শুষ্কতাপ্রাপ্ত হয়, বারিবর্ষণাভাবে জীবের জীবন ধারণের প্রধান উপাদান শস্যসমূহ যখন শুকাইয়া যায়, তখন জলাধিপতির শরণাপন্ন হওয়া ভিন্ন গত্যন্তর আর কি আছে? তিনি 'ঋতাবৃধ' বুঝিয়া, তিনি জলাধিপতি বুঝিয়া, সাধারণ মানুষ তাই তাঁহার নিকট বারিবর্ষণের প্রার্থনা করে। প্রথম-দৃষ্টিতে মন্ত্রের এইরূপ অর্থই বোধগম্য হয়।

কিন্তু একটু উচ্চস্তরের মানুষ যাঁহারা, তাঁহারা দেখেন,—তিনি কেবল এই সাধারণ জলের অধিপতি নহেন; তিনি যে শান্তিদাতা—স্নিগ্ধতা-প্রদানকর্ত্তা। সংসারের জ্বালামালায় অন্তর যখন জ্বলিয়া ক্ষার হইবার উপক্রম হয়, এই স্তরের মানুষ, তাঁহাকে স্নিগ্ধতা-গুণের আধার জানিয়া, তাঁহার শরণাপন্ন হইয়া থাকে। যাহার জলের অভাব, সে তাঁহার নিকট জলের আকাঙ্ক্ষায় প্রধাবিত হয়; আর যাহার অন্তর জ্বলিতেছে, সে তাঁহাকে শান্তিদাতা জানিয়া তাঁহার নিকট শান্তির প্রার্থনা করে। 'ঋতাবৃধৌ' পদ সংসারতাপতপ্ত ঐ দ্বিবিধ শ্রেণীর মনুষ্যের পক্ষে জলাধিপতি ও স্নিগ্ধকারী অর্থ সূচনা করিয়া থাকে।

আরও একটু উচ্চ স্তরের সাধক—সংসারের দৃঢ়গণ্ডী অতিক্রম করিয়া যিনি কিঞ্চিৎ ঊর্দ্ধক্ষেত্রে অগ্রসর হইয়াছেন,—তিনি বুঝিয়া থাকেন,—এ মিত্র ও বরুণদেব তাঁহারই নাম মাত্র;—যাঁহার নাম নাই, তাঁহার নাম; যাঁহার রূপ নাই, যিনি অরূপ, তাঁহাতে রূপের কল্পনা মাত্র। সেই সাধকের চক্ষে প্রতিভাত হয়—'ঋতাবৃধৌ' 'সত্যস্বরূপৌ' অর্থাৎ—তিনিই সৎ, তিনিই সত্যস্বরূপ। এ মিত্রদেব, এ বরুণদেব, তাঁহারই বিভূতি-বিকাশ যিনি সৎ, যিনি সত্য, যিনি সনাতন, যিনি অক্ষয়, যিনি অব্যয়, যিনি অনাদি, যিনি অনন্ত।

সৎস্বরূপ বোধগম্য হইলেই, তাঁহাকে সত্যধর্ম্মের আশ্রয়স্থান বলিয়া বুঝিতে পারা যায়। তিনি সৎস্বরূপ, তাঁহাতেই সত্যধর্ম্ম, তিনিই সত্যের রক্ষক, তিনিই সত্যধর্ম্মের প্রতিপালক,—এই ভাব-প্রবাহ যখন সাধকের চিত্তে প্রবাহিত হয়, তিনি যখন সত্যের ধারণায় সমর্থ হন, তখনই তিনি মিত্র-বরুণের স্বরূপ-তত্ত্ব উপলব্ধি করেন,—'ঋতাবৃধৌ', 'ঋতস্পৃশৌ' বিশেষণদ্বয়ের চরম লক্ষ্য তখনই তাঁহার হৃদ্গত হয়। সর্ব্বোচ্চ স্তরের সাধকেই এই ভাব প্রস্ফুটিত থাকে।

‘ঋতাবৃধৌ’ ও ‘ঋতস্পৃশৌ’ শব্দদ্বয় প্রায়ই একার্থমূলক ; অথচ, উভয়েই ভিন্নার্থদ্যোতক। প্রথম শব্দে ‘ঋতের’ বর্দ্ধক বা পালক ভাব আসিতেছে ; শেষোক্ত শব্দে ‘ঋতের’ সহিত সংযোগ বা নিরাত অর্থ সূচিত হইতেছে। একে দ্বৈতভাব, অপরে অদ্বৈতভাব। একে কর্ম্ম ও কর্ম্মকর্ত্তা—দুইয়ের সমাবেশ : অপরে দুই-ই এক হইয়া গিয়াছে! একে জল স্বতন্ত্র, সত্যধর্ম্ম স্বতন্ত্র ; অন্যে জলের মধ্যে যিনি, সত্যের মধ্যেও তিনি, সত্য-ধর্ম্মের মধ্যেও তিনি। অর্থাৎ - জলও তিনি, সত্যও তিনি, সত্যধর্ম্মও তিনি।

প্রথম স্তরের অধিকারী দেখিতেছেন,—মিত্রদেব ও বরুণদেব মেঘসঞ্চারের ও বৃষ্টিপাতের কর্ত্তৃস্থানীয় ; সুতরাং তাঁহারাই শস্যোৎপত্তির হেতুভূত। অদৃষ্টচক্রে বিঘূর্ণমান সংসারী যে সাধারণ মানুষ, পুত্রকলত্রাদির পরিপালনভারগ্রস্ত বিপন্ন যে জন—তার প্রার্থনা, তার আকাঙ্ক্ষা আর কতদূর উচ্চ হইতে পারে? তাহার জ্ঞান এই মাত্র যে, মিত্র ও বরুণদেব কৃপাপরবশ না হইলে, সুবর্ষণ-সুকর্ষণের অভাবে অন্নাদির উৎপত্তিপক্ষে বিঘ্ন ঘটে। অন্ন বিনা জীবের জীবন তিষ্ঠিতে পারে না, - জীবের জীবন ধ্বংসপ্রাপ্ত হয় ; তাই তাহারা জলের কামনায় বারিবর্ষণের আশায়, মিত্র ও বরুণ দেবতার আরাধনায় প্রবৃত্ত হয়। এই সাধারণ অর্থই সাধারণের মনে প্রথম প্রতিভাত হইয়া থাকে। ভ্রান্তিবশে মানুষ তাই বেদকে কামনাপর “কৃষকের গান” বলিয়া ঘোষণা করেন। মন্ত্রের নিগূঢ় তাৎপর্য্য স্তর-পর্য্যায়ের সকল সাধকের উপযোগী অর্থ, সাধারণ মানুষ সহসা উপলব্ধি করিতে পারে কি?

মন্ত্রের আর একটি শব্দ—‘ক্রতু’। ক্রতু শব্দের সাধারণ অর্থ—যজ্ঞ। ‘ক্রতু’ শব্দের আর অর্থ বাঞ্ছা, ইচ্ছা, বুদ্ধি, প্রজ্ঞা। যাঁহারা ‘যজ্ঞ’ অর্থ উপলব্ধি করেন, তাঁহারা বুঝেন,—‘হে মিত্রদেব! হে বরুণ-দেব! আপনারা ‘ঋতের’ (জলের, সত্যের বা যজ্ঞফলের) সহিত ব্যাপ্ত হউন। অর্থাৎ, আপনারা জল দান করুন, অথবা যজ্ঞফল ও সত্য দান করুন।’ এখানে জল পাইলেই অথবা অতি উচ্চ আকাঙ্ক্ষার বস্তু যজ্ঞফল প্রাপ্ত হইলেই, যাজ্ঞিক যেন কৃতকৃতার্থ। কিন্তু ঐ ‘ক্রতু’ শব্দে যদি বাঞ্ছা, ইচ্ছা, বুদ্ধি বা প্রজ্ঞা অর্থ সূচিত হয়, তাহা হইলে মন্ত্রের মধ্যে কি গভীর ভাব লুক্কায়িত রহিয়াছে,—বুঝিয়া দেখুন দেখি! ইচ্ছা হইলেই বুঝিতে হয় কিসের ইচ্ছা, কেমন ইচ্ছা। বাঞ্ছা, বাসনা—তাহাই বা কিসের বাঞ্ছা—কেমন বাসনা! বুদ্ধিই বা কিসের বুদ্ধি কেমন বুদ্ধি! তার পর প্রজ্ঞা! সে প্রজ্ঞা - কেমন প্রজ্ঞা! ইচ্ছা হয় তাঁহাকে জানি ; ইচ্ছা হয়—সেই সত্যময় সত্যস্বরূপকে যেন চিনিতে পারি! তবেই তো ইচ্ছার সার্থকতা! তবেই তো ইচ্ছার পরিপূর্ণতা! . বাঞ্ছা সেই হউক—যেন সত্যস্বরূপের সহিত মিলিতে পারি! মিলনের বাসনাই প্রকৃত বাসনা ; তদ্ভিন্ন অন্য বাসনা চির-অপূর্ণ রহিয়া যায়! আমার যজ্ঞে, আমার ইচ্ছায়, আমার বাসনায়, আমার বুদ্ধিতে, তোমরা ‘ঋতের’ সহিত ব্যাপ্ত হও অর্থাৎ সত্যের সহিত ও সরলতার সহিত ওতঃপ্রোত বিরাজমান থাক—এ বাঞ্ছা, এ ইচ্ছা, কাহার হৃদয়ে উদয় হয়? ‘ক্রতু’ শব্দের যে চরম অর্থ - প্রজ্ঞা, সেই প্রজ্ঞাসম্পন্ন জনেই তেমন আকাঙ্ক্ষার উদয় হইয়া থাকে। তদ্রূপ প্রজ্ঞাসম্পন্ন জনেই তেমন আকাঙ্ক্ষার উদয় হইয়া থাকে। তদ্রূপ প্রজ্ঞাসম্পন্ন জনই ‘স্থিতপ্রজ্ঞ’ নামে অভিহিত হন। যিনি স্থিতপ্রজ্ঞ, তিনি আত্মজ্ঞ-

সম্পন্ন। যখন অন্তরের সকল আশা-আকাঙ্ক্ষা, তৃষ্ণা-অভিলাষ এককালে বিসর্জ্জিত হয়, যখন কোনও বিষয়ে কোনও কামনা বাঞ্ছা বা তৃষ্ণা আদৌ থাকে না, যখন পরমার্থতত্ত্ব-রূপ আত্ম-সম্মিলনে চিত্তের সন্তোষ জন্মে, তখনই যজ্ঞফলের সহিত তিনি ব্যাপ্ত হন। মন্ত্রের চরম লক্ষ্য সেই মিলনের অবস্থা। এ মন্ত্রের নিগূঢ় উদ্দেশ্য—আত্ম-সম্মিলন।

মন্ত্রে বলা হইতেছে,—'হে মিত্রদেব! হে বরুণদেব! হৃদয়ে বিরাট্ যজ্ঞের আয়োজন হইয়াছে। কাম ক্রোধ লোভ প্রভৃতি রিপুসমূহ অহর্নিশ সে যজ্ঞ ধ্বংস করিবার প্রয়াস পাইতেছে। আপনারা আগমন করুন। আপনাদের আগমনের অবশ্যম্ভাবী ফল—ইন্দ্রিয়-নিরোধ। ইন্দ্রিয়-নিরোধে তাহাদের গতি-পথ রোধ হয়;—উচ্ছৃঙ্খলতা দমন হয়। ইন্দ্রিয়-নিরোধে—রিপু-দস্যুর দমনে, আত্মজ্ঞানের উন্মেষ-সাধন। আত্মজ্ঞানে আত্মসম্মিলন। হে দেব! আমরা সেই আকাঙ্ক্ষায়—সেই প্রতীক্ষায় আছি। আসুন—পরমশত্রু রিপুগণকে দমন করুন।' (৪অ—২খ—২সূ—২সা)॥ •

—— * ——

তৃতীয়ং সাম।

৩ ১   ২   ৩ ১ ২র   ৩ ১   ২ ৩ ১ ২
কবী নো মিত্রাবরুণা তুবিজাতা উরুক্ষয়া।
১ ২   ৩ ১ ২
দক্ষং দধাতে অপসম্ ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'কবী' (মেধাবিনৌ) 'তুবিজাতা' (তুবিজাতৌ) বহুব্যাপকতয়া প্রাদুর্ভূতৌ, জনহিত-সাধকৌ, আজন্ম-বলবন্তৌ) 'উরুক্ষয়া' (উরুক্ষয়ৌ বহুনামাশ্রয়স্থলৌ, বিস্তীর্ণস্থলবাসিনৌ) 'মিত্রাবরুণা' (মিত্রাবরুণৌ দেবৌ) 'নো' (অস্মভ্যং) 'অপসং' (কর্ম্ম, সৎকর্ম্মসম্বন্ধিনং জ্ঞানং) 'দক্ষং' (বলং, সৎকর্ম্মসাধনসামর্থ্যং চ; অপসং দক্ষং—কুশলবুদ্ধিমিতি শেষঃ) 'দধাতে' (শোধয়তং, ধারয়তং, দত্তং ইতি শেষঃ)। হে দেবৌ! অস্মাকং সৎকর্ম্মসাধন-সামর্থ্যং সদ্বুদ্ধিং চ প্রযচ্ছতং—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ—২খ—২সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

কবি (মেধাবী, প্রজ্ঞাসম্পন্ন), তুবিজাত (জনহিতসাধক, অথবা আজন্ম বহুবলশালী) উরুক্ষয় (বহুজনের আশ্রয়স্থল, অথবা বহুব্যাপী) হে মিত্র ও বরুণদেব! আপনারা আমাদিগকে সৎকর্ম্মসম্বন্ধী জ্ঞান

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের দ্বিতীয় সূক্তের অষ্টমী ঋক্। (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)।

এবং সৎকর্ম্মসাধন-সামর্থ্য অথবা কুশলবুদ্ধি প্রদান করুন। (প্রার্থনার ভাব এই যে,—হে দেবদ্বয়! আমাদিগকে সৎকর্ম্ম-সম্পাদনে সামর্থ্য ও সদ্বুদ্ধি প্রদান করুন।) ॥ (৪অ—২খ—২সূ—৩সা) ॥

⁂

সায়ণ-ভাষ্যং।

'মিত্রাবরুণা' মিত্রাবরুণৌ এতৌ দেবৌ 'নঃ' অস্মাকং 'দক্ষং' বলং 'অপসং' কর্ম্ম চ 'দধাতে' পোষয়তঃ। কীদৃশৌ? 'কবী' মেধাবিনৌ, 'তুবিজাতা' তুবিজাতৌ বহূনামুপকারকতয়া সমুৎপন্নৌ, 'উরুক্ষয়া' বহুনিবাসৌ মিত্রাবরুণৌ। মিত্রশব্দঃ প্রাতিপদিকস্বরেণান্তোদাত্তঃ (ফি ১।১), বরুণশব্দো নিৎস্বরেণাদ্যুদাত্তঃ (৬।১।১৯৭)। তুবিজাতৌ বহূনামুপকারকতয়া তৎসম্বন্ধিত্বেন জাতাবিতি। ষষ্ঠী-সমাসে সমাসান্তোদাত্তত্বং (৮।১।২২৩) চতুর্থীসমাসে হি ক্তে চ (৬।২।৪৫) ইতি ক্বচিৎ পূর্ব্বপদপ্রকৃতিস্বরঃ স্যাৎ। উরূণাং বহূনাং ক্ষয়ৌ উরুক্ষয়ৌ 'ক্ষি নিবাস-গত্যোঃ (তু· প·)' ইতি ধাতোঃ ক্ষিধস্ত্যাস্মিস্রিতিক্ষয় ইত্যাদিকরণে এব অচ্-প্রত্যয়ান্তস্য 'চিতঃ' (৬।১।১৬৩) ইত্যন্তোদাত্তত্বে প্রাপ্তে 'ক্ষয়ো নিবাসে (৬।১।২০১) ইত্যাদ্যুদাত্তত্বং বিহিতং সমাসে তু সমাসস্য (৮।১।২২৩) ইত্যন্তোদাত্তত্বং বাধিত্বা কৃত্তরপ্রকৃতিস্বরেণ (৬।২।১৩৯) প্রাপ্তমুত্তরপদাদ্যুদাত্তত্বং যদ্যপি থাথাদিস্বরেণান্তোদাত্তত্বেন বাধ্যতে তথাপি পরাদিশ্ছন্দসি বহুলং (৬।২।১৯৯) ইত্যুত্তরপদাদ্যুদাত্তত্বং দ্রষ্টব্যং॥ দক্ষঃ—দক্ষতেরুৎসাহকর্ম্মণো ক্রিয়াদাদ্যুদাত্তঃ (৬।১।১৯৭)। আপ্যতে ফলমনেনেত্যপঃ কর্ম্ম আপঃ কর্ম্মাখ্যায়াং হ্রস্বে নুট্ চ বা (উ ৪।১০৯ দৌ· বৃ·) ইত্যসুন্তস্য অপসম্পারে ইত্যাদৌ (৬।১।১৯৭) নিত্বা দাদ্যুদাত্তত্বাপসশব্দস্য ব্যত্যয়েন প্রত্যয়াদ্যুদাত্তত্বং (৬।১।৩)॥ (৪অ—২খ—২সূ—৩সা)॥

⁂

তৃতীয় (৮৪৯) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের মিত্র ও বরুণ দেবকে 'কবি' বলিয়া অভিহিত করা হইয়াছে। 'কবি' শব্দে 'প্রজ্ঞা-স্বরূপ' অর্থ সূচিত হয়। কবি ব্রহ্মা; কবি—সূর্য্য; কবি—জ্ঞানাধার। সাধারণ লোকে 'কবি' বলিতে মেধাবী, পণ্ডিত বা জ্ঞানী ব্যক্তিকে বুঝিয়া থাকে। মিত্রাবরুণ যখন মানুষ্যাকার-বিশিষ্ট দেবতারূপে সম্পূজিত হন, তখন তাঁহারা মেধাবী অর্থাৎ সাধারণ স্তরের মনুষ্য হইতে একটু উচ্চে প্রতিষ্ঠিত বলিয়া কল্পিত হয়েন। সম-অবস্থাপন্ন লোকের নিকট উপস্থিত অনায়াসসাধ্য। আপনার অপেক্ষা উচ্চ ব্যক্তির নিকট উপস্থিত হইতে হইলে একটু আয়াসের প্রয়োজন। সামান্য আয়াস-স্বীকারে যাঁহার নিকটে পৌঁছিতে পারা যায়, তাঁহার নিকট মানুষকে উপস্থিত করার পক্ষে বেদবাক্যের প্রথম প্রযত্ন দেখি। যদি মানুষ প্রথমে বুঝিতে পারে,—আমার আরাধ্য দেবতা আমার চিন্তার অতীত, আমার স্তবনীয়, আমার ধ্যান-ধারণার অনায়ত্ত; তখন সে আর সেদিকে অগ্রসর

হইতে চাহে না,—তখন সে হতাশে অবসন্ন হইয়া আরাধ্য বস্তুর আরাধনায় বিমুখ হয়। ইহাই মানুষের স্বাভাবিক প্রকৃতি। এক একটী মন্ত্রের মধ্যে, মন্ত্রের এক একটী শব্দের মধ্যে, সকল প্রকৃতির সকল স্তরের মানুষকে ভগবানের প্রতি আকৃষ্ট করিবার গূঢ় অভিপ্রায় প্রচ্ছন্ন রহিয়াছে দেখিতে পাই। ঐ 'কবি' শব্দে যখন সাধারণ মেধাবী বা পণ্ডিতজনের স্মৃতি মনোমধ্যে উদয় হইবে; তখন যাজ্ঞিকের প্রাণে কি একটু আশার সঞ্চার হইবে না? যাজ্ঞিক তখন নিশ্চয়ই মনে করিতে পারিবেন—'আমার দেবতা তো আমা হইতে বেশী দূরে নহেন? আমি তো একটু প্রযত্নপর হইলেই তাঁহার নিকট পৌঁছিতে পারি?' এই আশায় অনুপ্রাণিত হইয়া, যাজ্ঞিক যখন যজ্ঞে প্রবৃত্ত হইবেন; তখন, কর্ম্মানুষ্ঠানের সঙ্গে সঙ্গে, আপনার ভূয়োদর্শনের ও জ্ঞানবৃদ্ধির তারতম্য অনুসারে, ভগবানের ঐশ্বর্য্য-মহিমা উপলব্ধি করিবার পক্ষে তাঁহার সামর্থ্য আসিবে। তখন, ক্রমশঃ, যে 'কবি' শব্দে তাঁহাকে মেধাবী বা পণ্ডিত বলিয়া জ্ঞান হইয়াছিল, সেই শব্দেই তাঁহাকে প্রজ্ঞাস্বরূপ জ্ঞানময় বলিয়া বুঝিতে পারিবেন। সকল শ্রেণীর সাধক, সকল ভাবের মধ্য দিয়া জগদীশ্বরকে বুঝিতে পারিবেন, যেন এইরূপ লক্ষ্য করিয়াই এক একটী মন্ত্রের এক একটী শব্দ বিন্যস্ত হইয়াছে।

মন্ত্রের আর একটী শব্দ—'তুবিজাতৌ।' বহুজনের উপকারের জন্য যাঁহার জন্ম, তিনিই 'তুবিজাত।' অথবা জন্মাবধি যিনি বলশালী, তিনিই 'তুবিজাত।' এই দুই অর্থ তাঁহার প্রতি মানুষের চিত্ত আকৃষ্ট করে। তিনি বহুজনের জন্য; সুতরাং আমি যদি তাঁহার শরণাপন্ন হই, আমার উপকার তিনি অবশ্যই করিবেন। উপকার প্রত্যাশায় মানুষ সদাই লালায়িত। মানুষের সকল কর্ম্মানুষ্ঠানের মধ্যেই কিছু না কিছু উপকার বা ফল-প্রাপ্তির আকাঙ্ক্ষা আছেই। যাঁহার জন্মই সেই উপকার-বিতরণের জন্য, তাঁহার শরণাপন্ন হইলে সফলতা নিশ্চয়ই অধিগত হইবে। অন্ততঃ এই লক্ষ্যেও মানুষ ভগবানের আরাধনায় প্রবৃত্ত হউক, 'তুবিজাতৌ' শব্দের ইহাই উদ্দেশ্য। তিনি আজন্মবলশালী; তিনি আমার সহায় থাকিলে, আমার ন্যায় দুর্ব্বলের উপর প্রবলের পীড়নের আশঙ্কা থাকিবে না—এই লক্ষ্যেও মানুষ ভগবানের আরাধনায় প্রবৃত্ত হইতে পারে।

'তুবিজাত' শব্দের নিগূঢ় অর্থ অনুধাবন করিলে, যাঁহার উদ্দেশ্যে ঐ শব্দ প্রযুক্ত হইয়াছে, তাঁহাকে তখন আর সাধারণ বলিয়া মনে হয় না। সে অর্থ উপলব্ধি করিলে - সে অর্থ হৃদয়ঙ্গম হইলে, তিনি যে অসাধারণ তিনি যে সাধারণের ধ্যান-ধারণা চিন্তার অতীত, তিনি যে যোগিগণের বিজ্ঞান-ময় পরমপুরুষ, তাহাই বুঝিতে পারা যায়। জন্মিয়াই কে কোন কালে বলশালী হয়? জন্মমাত্রই কে কোন কালে বহুজনের উপকার করিতে সমর্থ হইয়া থাকে? এইখানেই অসাধারণত্ব প্রতিপন্ন হইতেছে না কি? তিনি সাধারণ হইয়াও অসাধারণ, তিনি ধারণার সামগ্রী হইয়াও ধারণার অতীত। ঐ একই শব্দ বিভিন্ন স্তরের উপাসকের পক্ষে তাঁহার বিভিন্ন বিভূতি ব্যক্ত করিতেছে।

এইরূপ 'উরুক্ষয়' শব্দ মিত্রাবরুণ দেবের প্রকৃষ্ট পরিচয় প্রদান করিয়াছে। তাঁহারা বহুজনের আশ্রয়স্থল, আবার তাঁহারা বহুব্যাপী। তাঁহারাই আশ্রয়, আবার তাঁহারাই আশ্রয়ভূত; তাঁহারাই ব্যাপ্ত, আবার তাঁহারাই ব্যাপক। এখানে মিত্রাবরুণ সেই সর্ব্বমূলা-

ধার পরমেশ্বর ভিন্ন অন্য কিছুই নহেন। তাঁহারা আমাদিগকে কর্ম্ম-সামর্থ্য প্রদান করুন, তাঁহারা আমাদিগকে কুশলবুদ্ধি প্রদান করুন; অর্থাৎ, আমরা যেন সেই কর্ম্ম করিতে পারি, যে কর্ম্মের ফলে তাঁহাদিগের স্বরূপ-জ্ঞানরূপ কুশলবুদ্ধি (মঙ্গলজনক বুদ্ধি) সঞ্জাত হয়। ভগবানের উদ্দেশে কর্ম্ম করিতে করিতে ভগবানের স্বরূপতত্ত্ব উপলব্ধ হইবে, তাঁহার কর্ম্ম দ্বারাই তাঁহাকে প্রাপ্ত হওয়া যাইবে,—ইহাই স্থূল মর্ম্ম। (৪অ-২খ ২সূ ৩সা)। *

—*—

প্রথমং সাম।

১ ২ ১ ৩ ২র ৩ ১ ২র
ইন্দ্রেণ সꣳ হি দৃক্ষসে সংজগ্মানো অবিভ্যুষা।
৩ ১ ২ ৩ ১ ২
মন্দূ সমানবর্চ্চসা ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে বিবেকরূপিণঃ দেবাঃ! যূয়ং 'হি' (নিশ্চিতং) 'ইন্দ্রেণ' (ইন্দ্রদেবেন, ভগবতা, পরব্রহ্মণা সহ ইতি যাবৎ) 'সম' (তুল্যাঃ, অভিন্নাঃ) 'দৃক্ষসে' (দৃশ্যেথাঃ, দর্শনীয়া ভবত), এবং 'সংজগ্মানঃ' (সম্মিলিতাঃ—অভিন্নভাবত্বাৎ) 'সমানবর্চ্চসা' (তুল্যদীপ্তিশালিনঃ) 'মন্দূ' (নিত্যহর্ষযুক্তাঃ, আনন্দদায়কাঃ) 'অবিভ্যুষা' (ভীতিরহিতাঃ, অমিতপরাক্রমশালিনঃ) প্রতীয়ত ইতি শেষঃ। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। ব্রহ্মণা সহ সর্ব্বেষাং দেবানামভিন্নত্বং সূচয়তি; অতঃ সর্ব্বেঽপি সমানৈশ্বর্য্যশালিনঃ প্রতীয়ন্তে ইতি ভাবঃ। (৪অ—২খ ২সূ-১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে বিবেকরূপী দেবগণ! আপনারা নিশ্চয়ই (ভগবানের—পরমব্রহ্মের) সহিত অভিন্নভাবে পরিলক্ষিত হয়েন; এবং (সেই) অভিন্নভাব হেতু আপনারা পরস্পর তুল্যদীপ্তিমান, আনন্দময় ও অমিতপরাক্রমশালী। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—ব্রহ্মের সহিত সকল দেবগণের অভিন্নত্ব সূচিত হইতেছে; সকল দেবতাই সমান ঐশ্বর্য্যশালী প্রতীত হয়েন)। (অ—খ—২সূ—১সা)

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার প্রথম মণ্ডলের দ্বিতীয় সূক্তের নবমী ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায় চতুর্থ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

হে মরুদ্গণ! ত্বং 'ইন্দ্রেণ' 'সঞ্জগ্মানঃ' সঙ্গচ্ছমানঃ 'সং' দৃক্ষসে 'হি' সম্যগ্ দৃশ্যেথাঃ খলু। অনন্তমস্মাভিরদ্রষ্টব্যমিত্যর্থঃ। কীদৃশেনেন্দ্রেণ? 'অবিভ্যুষা' ভীতিরহিতেন কীদৃশাবিন্দ্র-মরুদ্গণৌ? 'মন্দূ' নিত্যপ্রমুদিতৌ, 'সমানবর্চ্চসা' তুল্য দীপ্তৌ। পুরা কদাচিৎ বৃত্র-বধ দশায়াং ইন্দ্রস্য সখায়ঃ সর্ব্বে দেবা বৃত্রশ্বাসেনাপসারিতাস্তদানীমিন্দ্রস্য বৃত্রসম্বন্ধি-সকল-সেনা-জয়ার্থং মরুদ্ভিঃ সঙ্গমো ভূতঃ-সোঽয়মর্থো 'বৃত্রস্য শ্বসথায় (ছ° আ° ৪।১।৪।২ ।৯৬ পৃ°)' ইতি মন্ত্রে সংগৃহীতঃ; 'ইন্দ্রো বৈ বৃত্রং হনিষ্যন্' ইতি ব্রাহ্মণে (তা°) প্রপঞ্চিতশ্চ; ইন্দ্রশব্দঃ পরমৈশ্বর্য্যবন্তং মরুদ্গণঞ্চাভিধত্তে তদানীমিন্দ্রস্য সম্বোধনং বহিরেবাধ্যাহর্ত্তব্যং। তথা চেয়মৃক্ যাস্কেনৈবং ব্যাখ্যাতা ইন্দ্রেণ হি সন্দৃশ্যসে সঙ্গচ্ছমানোঽবিভ্যুষা গণেন মন্দূ মদিষ্ণূ যুবাং স্থোঽপি বা মন্দুনা তেনেতি স্যাৎ। সমানবর্চ্চসেত্যেতেন ব্যাখ্যাতং (৪।১২) ইতি।

সন্দৃক্ষসে—সম্পূর্ব্বাৎ দৃশেশ্চেতি বক্তব্যঃ (৭।১।৭ বা°) ইত্যাত্মনেপদং, দৃশেঃ লিঙর্থে লেট্ (৩।৪।৭) ইতি প্রার্থনায়াং লেট্. থাস্সে (৩।৪।৮০ (লেটোঽডাটৌ (৩।৪।৯৪)—ইত্যডাগমঃ, সিব্বহুলং লেটি (৩।১।৩৪) ইতি সিপ্, 'সংজ্ঞা পূর্ব্বকো বিধিরনিত্যঃ' (পা° শে°, ৯৩) ইতি গুণাভাবঃ ব্রশ্চাদিনা (৮ ২ ৩৬) ষত্বং 'ষঢোঃ কঃ সি (৮।২ ৪১)' ইতি কত্বং, আদেশ-প্রত্যয়য়োঃ (৮ ৩ ৬৯) ইতি সিপঃ ষত্বং, বহুল-গ্রহণাৎ সিপঃ পরস্তাচ্ছবপি ভবতি, সিপা ব্যবধানাৎ পশ্চাদেশো ন ভবতি, শপঃ পিত্ত্বাদনুদাত্তত্বং (৩।১।৪), উত্তরস্য লসার্ব্বধাতুকানুদাত্তত্বং (৬।১।১৮৬) ধাতুস্বর এব শিষ্যতে (৬ ১।১৬২), হি-শব্দ-যোগাৎ তিঙ্ঙতিঙঃ (৮।১ ২৮)—ইতি নিঘাতো ন ভবতি হি চ (স্ম ১।৩৪)—ইতি প্রতিষেধাৎ। সঞ্জগ্মানঃ। গমেঃ সম্পূর্ব্বাৎ ছন্দসি লুঙলঙলিটঃ (৩।৪।৬)—ইতি বর্ত্তমানে লিট্, সমো গম্যৃচ্ছি (১ ৩ ২৯)—ইত্যাত্মনেপদবিধানাৎ লিটঃ কানজাদেশঃ (৩।২।১০৬) দ্বির্ভাবঃ (৬ ১ ৮), হলাদি-শেষঃ (৭।৪।৬০), অভ্যাসস্য চুত্বং (৭ ৪।৬৯), গমহন° (৬।৪ ৯৮) ইত্যুপধা-লোপঃ, কানচশ্চিত্ত্বাদন্তোদাত্তত্বং। গতি সমাসে (২।২।১৮), কৃদুত্তরপদপ্রকৃতিস্বরত্বং (৬ ২।১৩৯)। অবিভ্যুষা। ञिভী ভয়ে (জু°, প°) পূর্ব্ববল্লিট্ (৩।৪।৬) শেষাৎ কর্ত্তরি (১ ৩।৭৮)—ইতি পরস্মৈপদং ক্বসুশ্চ (৩।২ ১০৭। ইতি লিটঃ ক্বস্বাদেশঃ, তস্য কিত্ত্বাদ্ গুণাভাবঃ (১ ১ ৫) অভ্যাসস্য হ্রস্ব-জশ্ত্বে (৭।৪।৬৯)—(৮।৪।৫৪) ক্র্যাদিনিয়মাৎ প্রাপ্ত ইট্ (৭।২ ১৬) বস্বেকাজাদ্ঘসাং (৭ ২ ৬ ৭)—ইতি নিয়মাৎ নিবর্ত্ততে নঞ্ সমাসে তৃতীয়ৈকবচনে ভত্বাদ 'বসোঃ সম্প্রসারণং' (৬ ১ ১৩১)—ইতি বকারস্য উকারাদেশঃ, সম্প্রসারণাচ্চ (৬।১।১০৮) ইতি পূর্ব্বরূপত্বং বাধিত্বা এরনেকাচ (৬।৪।২৮)—ইতি যণাদেশঃ, অব্যয় পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং (৬ ২।১৬৮) পূর্ব্বেণ সহ সংহিতায়ামোকারস্য এঙঃ পদান্তাদতি (৫।১।১০৯) ইতি—পররূপত্বে প্রাপ্তে প্রকৃত্যান্তঃ-পাদমব্যপরে (৬।১ ১০৯) ইতি প্রকৃতিভাবঃ। মন্দ মদ স্তুতি-মোদমদ স্বপ্ন-কান্তি-গতিষু (ভ্বা°, আ°) ইদিতো নুম ধাতোঃ (৭ ১ ৮ ৫)—ইতি নুমাগমঃ। কুরিতামুবৃত্তৌ খরুশঙ্কুপীয়ূনীলঙ্গু লগু (উ° ১।৩৬)—ইত্যত্রাবিভক্তিকনির্দ্দেশান্মন্দতেঽপ্যুরিতিবদ্ধাত্বন্তরাদপি কুরিত্যুক্তং, প্রত্যয়স্বরেণান্তোদাত্তঃ (৩।১।৩) দ্বিবচনে সৌ প্রথময়োঃ পূর্ব্বসবর্ণঃ (৬।২।১০৪)

তৃতীয়ৈকবচনে চ 'সুপাং সুলুক্' ইত্যাদিনা পূর্ব্বসবর্ণদীর্ঘত্বং। সমানং বর্চ্চো যয়োরিতি বা যস্তেতি বহুব্রীহিঃ দ্বিবচনে 'সুপাং সুলুক্' (৭।১।৩৯) ইত্যাকারঃ সমান পদস্য প্রাতিপদিকান্তোদাত্তত্বং (ফি° ১।১)। বহুব্রীহৌ পূর্ব্বপদ প্রকৃতিস্বরেণ (৮ ২।১), তদেবাবশিষ্যতে। (৪অ - ২খ—৩সূ—১সা)।

* • *

প্রথম (৮৫০) সামের মর্ম্মার্থ।

——§ : • : §——

এ মন্ত্রের সমালোচনায়, দেবগণের অভিন্নভাব উপলব্ধ হয়। অন্যান্য ব্যাখ্যাকারগণ এই মন্ত্রের অর্থ নানাভাবে ব্যক্ত করিয়াছেন। কেহ বলিয়াছেন,—'হে মরুদ্গণ! আপনারা ভয়রহিত ইন্দ্রের সহিত মিলিত হইয়া সুন্দর শোভা পাইতেছেন, আপনাদিগের তেজঃ সমান এবং আপনারা নিত্য হর্ষযুক্ত। আপনাদের মিলনে যোগ্যের সহিত যোগ্যের মিলন হইয়াছে।' কেহ আবার বলিয়াছেন, 'হে ইন্দ্রদেব! আপনি পরম ঐশ্বর্য্যবান্ মরুদ্গণের সাহিত সম্মিলিত হইয়া আমাদিগের দৃষ্টিগোচর হন।' নিরুক্তকার যাস্ক শেষোক্ত প্রকারেই এই মন্ত্রটীর ব্যাখ্যা করিয়াছেন। ফলতঃ, কেহ বা মরুদ্গণকে নানা গুণ-বিশেষণে বিশেষিত করিয়া, তাঁহাদের সহিত ইন্দ্রের মিলনে উভয়েই পরম রমণীয় রূপ প্রাপ্ত হইয়াছেন—অর্থ করিয়াছেন; কেহ বা, ইন্দ্রের (ব্রহ্মের) সহিত মিলনে মরুদ্গণ পরম ঐশ্বর্য্যশালী হইয়াছেন—ব্যাখ্যা করিতেছেন।

কিন্তু মন্ত্রের নিগূঢ় তাৎপর্য্য—আধ্যাত্মিক ভাব—সম্পূর্ণ অন্যরূপ বলিয়া প্রতীত হয়। মন্ত্রে সকল দেবতাকেই সমান বলা হইয়াছে। মন্ত্রে 'সমানবর্চ্চসা' এই যে একটী বিশেষণ আছে, উহাতেই ঐ ভাব পরিস্ফুট হয়। ঐ বিশেষণটীর অর্থ—'সমান হইয়াছে বর্চ্চঃ (তেজঃ) যাঁহাদের'। এস্থলে পরস্পরের তেজের অভিন্নতা স্বতঃই উপলব্ধ হইতেছে। মন্ত্রে আরও যে কয়েকটী বিশেষণ রহিয়াছে, তদ্দ্বারাও ব্রহ্মের সহিত দেবগণের অভিন্নভাব সূচনা করে।

মন্ত্রটির একটি বিশেষত্ব এই যে, উহা যেমন মরুদ্গণকে সম্বোধন করিয়া প্রযুক্ত হইয়াছে মনে করা যাইতে পারে, তেমনই উহা আবার ইন্দ্রদেবকে সম্বোধন করিয়া প্রযুক্ত হইয়াছে বলা যাইতে পারে; অপিচ, মন্ত্রটী সাধারণভাবে সর্ব্বদেবগণের সম্বোধন-সূচক বলিয়াও মনে করিতে পারি। এবম্প্রকার সম্বোধন যে দেবগণের পরস্পরের অভিন্নত্বজ্ঞাপক, তৎপক্ষে সন্দেহ নাই। আমরা মর্ম্মানুসারিণী ব্যাখ্যায় এই মন্ত্রের সম্বোধনে 'হে দেব!' এই একবচনের পদ প্রয়োগ করিয়াছি বটে; কিন্তু উহার ভাব—'হে সকল দেবতা।'

মন্ত্রের অন্তর্গত 'সংদৃক্ষসে' পদের মধ্যে এক গভীর ভাব লক্ষ্য করিতে পারি। 'সংদৃক্ষসে' পদে প্রতীত হয়—'যখন তোমরা সম্যক্ রূপে পরিদৃষ্ট হও', অর্থাৎ, 'যখন তোমাদের স্বরূপ সম্যক্ উপলব্ধি করিতে পারি।' তাহা হইলেই বুঝা যায়, মন্ত্র যেন বলিতেছেন,—'সেই অবস্থায় যখন তোমাদের সম্বন্ধে সম্যক্ জ্ঞান সঞ্জাত হয়—তখন, নিশ্চয়ই তোমাদিগকে সমান-দীপ্তিশালী অপ্রতিহত-প্রভাব-সম্পন্ন নিত্য-প্রমুদিত অভিন্ন বলিয়াই জানিতে পারি।' মন্ত্রে বুঝা গেল,

‘একটু অগ্রসর হইলেই, একটু জ্ঞান সঞ্চার হইলেই, তাঁহাদিগকে অভিন্ন বলিয়া প্রতীত হইবে।’ এই জন্যই শ্রুতি (স্তুতি) আছে,—

"ত্বং ব্রহ্মা ত্বং চ বৈ বিষ্ণুস্ত্বং রুদ্রস্ত্বং প্রজাপতিঃ।
ত্বমগ্নির্ব্বরুণো বায়ুস্ত্বমিন্দ্রস্ত্বং নিশাকরঃ॥
ত্বমন্নস্ত্বং যমস্ত্বং পৃথিবী ত্বং বিশ্বং ত্বমথাচ্যুতঃ।
স্বার্থে স্বাভাবিকেঽর্থে চ বহুধা সংস্থিতিস্ত্বয়ি॥
বিশ্বেশ্বর নমস্তুভ্যং বিশ্বাত্মা বিশ্বকর্ম্মকৃৎ।
বিশ্বভুগ্বিশ্বমায়ুস্ত্বং বিশ্বক্রীড়ারতিঃ প্রভুঃ॥
নমঃ শান্তাত্মনে তুভ্যং নমো গুহ্যতমায় চ।
অচিন্ত্যায়াপ্রমেয়ায় অনাদিনিধনায় চেতি"

এই জন্যই উক্ত হয়, তপস্যা দ্বারা কর্ম্মের দ্বারা তাঁহাকে জানিতে হইবে, জ্ঞানের দ্বারা তাঁহার স্বরূপ উপলব্ধি করিতে হইবে, তাঁহার স্বরূপ উপলব্ধ হইলেই পরাগতি প্রাপ্ত হইবে। শ্রুত্যুক্তি; যথা,—

"তপসা প্রাপ্যতে সত্ত্বং সত্ত্বাৎ সংপ্রাপ্যতে মনঃ।
মনসা প্রাপ্যতে হ্যাত্মা হ্যাত্মাপত্ত্যা নিবর্ত্ততে॥"

চাই—তপস্যা; চাই—সত্যজ্ঞান! তবে তো অভিন্নত্ব অভেদ-ভাব হৃদয়ে উদ্ভাসিত হইবে! 'অগ্রসর হও—অগ্রসর হও!' মন্ত্র পর্য্যায়ক্রমে এই উপদেশ প্রদান করিয়া যাইতেছেন। (৪অ—২খ—৩সূ—১সা)। *

দ্বিতীয়ং সাম।

১ ২র ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
আদহ স্বধামনু পুনর্গর্ভত্বমেরিরে।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
দধানা নাম যজ্ঞিয়ম্ ॥ ২ ॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'আদহ' (অনন্তরং, অজ্ঞানান্ধকারনাশাৎ পরং দিব্যজ্ঞানলাভাদনন্তরং) 'যজ্ঞিয়ং' (যজ্ঞার্হং, প্রকৃতযাজ্ঞিকং) 'নাম' (সংজ্ঞাং) 'দধানাঃ' (ধারয়ন্তঃ, প্রকৃত-যাজ্ঞিকজনা ইতি ভাবঃ)

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের ষষ্ঠ সূক্তের সপ্তমী ঋক্ (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাদশ বর্গের অন্তর্গত)।

‘স্বধাং’ (মন্ত্রং, মন্ত্ররূপব্রহ্ম) ‘অনু’ (অনুলক্ষ্য, ধ্যায়ন) ‘পুনর্গর্ভত্বং (নবজীবনত্বং, মুক্তপুরুষস্বরূপং) ‘এরিরে’ (সম্যক্প্রাপ্তাঃ)। ভাবার্থঃ—‘যো জ্ঞানবান্ স যাজ্ঞিকঃ; স হি ব্রহ্মস্বরূপং ধ্যাত্বা পরাং গতিং প্রাপ্নোতি’ (৪অ—২খ—৩সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

অজ্ঞানতান্ধকার-নাশের পর প্রকৃত যাজ্ঞিকনামধেয় জন, মন্ত্র-রূপ ব্রহ্মের অনুধ্যান-পূর্ব্বক, মুক্তপুরুষলক্ষণ নবজীবন লাভ করেন। (ভাব এই যে,—যিনি জ্ঞানবান্, তিনিই যাজ্ঞিক ; তিনি ব্রহ্মস্বরূপ ধ্যান করিয়া পরাগতি লাভ করেন।)॥ (৪অ—২খ—৩সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অহেত্যবধারণার্থঃ। ‘আৎ অহ’ বর্ষর্তোরনন্তরমেব ‘স্বধামনু’ ইতঃ পরং জনিষ্যমাণমন্নমুদকং বা অনুলক্ষ্য মহতো দেবাঃ ‘পুনঃ গর্ভত্বং আ ঈরিরে’ মেঘমধ্যে জাতস্য গর্ভাকারং প্রেরিতবন্তঃ (প্রতিসংবৎসর মেবং কুর্ব্বন্তীতি দর্শয়িতুং পুনঃশব্দঃ প্রযুক্তঃ)। কীদৃশা মরুতঃ? ‘যাজ্ঞিয়ং’ যজ্ঞার্হং ‘নাম’ ‘দধানাঃ’ ধারয়ন্তঃ। (সপ্তসু গণেষু মরুতামীদৃক্ বাভানামীদৃক্ চেত্যাদীনি যজ্ঞ-যোগ্যানি নামান্যত্রাম্নাতানি। ‘অন্ধঃ’—ইত্যাদিষট্‌বিংশতি সংখ্যাকেষন্ননামসু ‘উর্ক্’ (১৫), ‘রসঃ’ (১৬), ‘স্বধা’ (১৭) ইতি পঠিতং, (নিঘ ২।৭) ‘অর্ণঃ’—ইত্যাদিষ্বেকশত-সংখ্যাকেষূদক-নামসু চ ‘তেজঃ’ (৯৬), ‘স্বধা’ (৯৭) ‘অক্ষরং’ (৯৮) ইতি পঠিতং (নিঘ০ ১।১২) ‘আৎ’ ‘অহ’ নিপাতাবাদ্যুদাত্তৌ (ফি০ ৪।১২)। ‘স্বধা’ স্বং লোকং দধাতি পুষ্ণাতীতি স্বধা, আতোঽনুপসর্গে কঃ (৩।২।৩) কৃদুত্তর-প্রকৃতিস্বরত্বং (৬।২।১৩৯)। অনু-পুনঃ শব্দৌ নিপাতাবাদ্যুদাত্তৌ। (ফি০ ৪।১২)। গর্ভস্য ভাবো গর্ভত্বং প্রত্যয়স্বরঃ (৩।১।৩)। এরিরে অন্তর্ভাবিতণ্যর্থাৎ ইণ্ গতৌ (অদা০ প)—ইত্যস্মাদনুদাত্তেতঃ পরস্য লিটো ঝস্য ইরেচ, চিত্ত্বাদন্তোদাত্তঃ (৬।১।১৬২)। সহসুপা (২।১।৪)—ইত্যত্র ‘সুপা’ যোগবিভাগাদাঙা। সহ তিঙঃ ‘সমাসস্য’ (৮।১।২২৩)—ইত্যন্তোদাত্তত্বং, ‘ইজাদেশ্চ গুরুমতোঽনৃচ্ছঃ’ (৩।১।৩৬) ইত্যাং ন ভবতি মন্ত্রত্বাৎ অহ শব্দ—যোগান্নিঘাতাভাবঃ তু-পশ্য প্রভৃতিভিঃ পূজায়াং (৮।১।৩৯)—ইতি নিষেধাৎ। দধানাঃ—শানচশ্চিত্ত্বাদন্তোদাত্তত্বে প্রাপ্তে (৬।১।১৬২) অভ্যস্তানামাদিঃ (৬।১।১৮৯)—‘ইত্যাদ্যুদাত্তত্বং। যজ্ঞমর্হতি যাজ্ঞিয়ং, যজ্ঞর্ত্বিগ্ভ্যাং ঘ-খঞৌ (৫।১।৭১)—ইতি ঘঃ প্রত্যয়ঃ আয়নেয়ীনীয়িয়ঃ ফ-ঢ-খ-ছ-ঘাং প্রত্যয়াদীনাং (৭।১।২)—ইতীয়াদেশঃ প্রত্যয়স্বরেণ ইকার উদাত্তঃ (৩।১।৩)॥ ২॥

* * *

দ্বিতীয় (৮৫১) সামের মর্ম্মার্থ।

ভাষ্যকারগণের গবেষণার প্রভাবে এই মন্ত্রের অর্থ এতই জটিল হইয়া দাঁড়াইয়াছে যে, পূর্ব্বাপর সামঞ্জস্য রক্ষার পক্ষে দারুণ অন্তরায় ঘটিতেছে! মতামতি সায়ণাচার্য্যের অর্থের অনুসরণ করিলে একরূপ অর্থ নিষ্পন্ন হয়; আবার পাশ্চাত্য মতানুযায়ী অন্যান্য পণ্ডিতের মতে সে অর্থ অন্য আর একরূপ হইয়া দাঁড়ায়। সে সকল অর্থের একটু আভাষ প্রদান না করিলে, আমাদের অর্থের উপযোগিতা উপলব্ধ হইবে না। সুতরাং সংক্ষেপে প্রথমে সেই সকল ব্যাখ্যার একটু পরিচয় দিতেছি।

সায়ণের মতে—'আদহ' পদে, বর্ষা ঋতুর পর যে জল বা অন্ন উৎপন্ন হইবে, তাহাকেই লক্ষ্য করা হইয়াছে; 'স্বধা' অর্থে সেই অন্ন বা জল। প্রতি বর্ষার পরে মরুদ্দেবগণ কর্তৃক অন্ন বা জল পুনঃপুন- মেঘ মধ্যে গর্ভাকারে প্রেরিত হয়,—এ মতে মন্ত্রে সেই ভাব ব্যক্ত আছে। সায়ণভাষ্য ও তাহার বঙ্গানুবাদ উপরেই প্রকাশিত হইয়াছে। সুতরাং তাহার মর্ম্ম অনায়াসেই বোধগম্য হইবে। তার পর প্রচলিত দুইটী বঙ্গানুবাদ উদ্ধৃত করিতেছি। বুঝিয়া দেখুন, তাহাতেই বা কি ভাব প্রকাশমান।

এক অনুবাদ —"তাঁহার পর (মরুৎগণ) যজ্ঞার্থ নাম ধারণ করিয়া স্বীয় প্রকৃতি অনুসারে মেঘের মধ্যে গর্ভাকার রচনা করিলেন।"

আর এক অনুবাদ,—"অব্যবহিত পরেই ঈদৃঙ্, অন্যাদৃঙ্, প্রভৃতি যজ্ঞীয়নামধারী মরুৎসংজ্ঞক-দেবগণ, হবিরন্ন প্রাপ্তির উদ্দেশ্যে প্রতিদিন উৎপন্ন হয়েন।"

অন্যান্য কেহ আবার কহিয়াছেন—"আদহ স্বধামনু" এই মন্ত্রে যজ্ঞ সমাপন করিয়া যাজ্ঞিকেরা অগ্নিহোত্রী প্রভৃতি যজ্ঞীয় নাম গ্রহণ করিয়া আপনা'দগকে পুনর্জ্জাত বলিয়া ঘোষণা করেন। মন্ত্রে সেই ভাব ব্যক্ত রহিয়াছে।

আমরা কোনও অর্থেই উপেক্ষা প্রদর্শন করিতে পারি না। যিনি বারিবিন্দুর আশায় চাতকের ন্যায় মেঘপানে চাহিয়া আছেন, তিনি তো নিশ্চয়ই দেখিবেন—মেঘ-বাহনের কি অপার করুণার প্রভাবে তাঁহার ভবিষ্যতের ভরসা মেঘ-গর্ভে অন্ন-জলের সঞ্চার হইতেছে। দেখিয়া, তিনি আনন্দে আত্মহারা হইবেন,—ভগবচ্চরণে প্রণতি জানাইবেন। মন্ত্রে এ লক্ষ্য যে নাই, কে বলিতে পারে? আবার যিনি আনন্দের অনন্ত সমুদ্রে নিমগ্ন রহিয়াছেন, তাঁহার ভাব যে অন্যরূপ হইবে, তাহা বলাই বাহুল্য। অহঙ্কারবিমূঢ়াত্মা-জন, যজ্ঞাবশেষে আত্মম্ভরিতার পরিচয় দিতে প্রয়াস পাইবে, তাহাতেই বা আশ্চর্য্য আছে কি? অধিকারী অনুসারে প্রতি মন্ত্রেই যে বিভিন্ন রূপ অর্থের আগম হইবে, তাহা পূর্ব্বাপরই বলিয়া আসিতেছি! সুতরাং কোনরূপ অর্থেরই অসঙ্গতি প্রদর্শন করা আমাদের লক্ষ্য নহে। কি ভাব উপলব্ধি করিতে পারি, তাহাই বিবৃত করিবার প্রয়াস পাইতেছি।

মন্ত্রের প্রথম শব্দ—'আদহ'। ঐ শব্দের অর্থ 'অনন্তর'। ঐ অর্থে একটা আকাঙ্ক্ষা থাকে—কিসের বা কাহার? হৃদয় জ্ঞানালোকে উদ্ভাসিত হইলে, হৃদয়েশ্বরের

আবির্ভাব ঘটিলে, যে অবস্থা হয়, 'তাহার পর'—এই ভাব আসিতে পারে। 'দধানা নাম যজ্ঞিয়ং'—এই পাদে কোন অবস্থার সাধককে বুঝাইতেছে, তাহা স্বতঃই উপলব্ধ হয়। প্রকৃত যজ্ঞিক (যজ্ঞিয়ং) নাম পাইবার অধিকারী কোন জন? যিনি সাধনার উচ্চস্তরে আরোহণ করিতে পারিয়াছেন, যিনি পরব্রহ্মের স্বরূপ-তত্ত্ব হৃদয়ে উপলব্ধি করিতে পারিয়াছেন, 'যাজ্ঞিক' নাম তাঁহারই যোগ্য; তিনিই প্রকৃত যাজ্ঞিক (যজ্ঞিয়ং) নামের অধিকারী। 'স্বধাং' শব্দের প্রকৃত অর্থ—যিনি স্বকীয় লোককে ধারণ বা পোষণ করেন, (স্বং লোকং দধাতি পুষ্ণাতীতি বা স্বধা); অর্থাৎ,—যিনি সেই জগৎপাতা জগদীশ্বর, যিনি আপন সৃষ্টি আপনিই রক্ষা করিয়া থাকেন। এ স্থলে উক্ত 'স্বধা' শব্দে একমাত্র পরব্রহ্মকেই বুঝাইতেছে ব্যতীত আর কি বলিব? সেই স্বধাকে (পরব্রহ্মকে) অনুক্ষণ ধ্যান করিতে যিনি সমর্থ, তাঁহাতেই যিনি নিমজ্জমান আছেন, তিনি যে নবজীবন লাভ করিবেন, তিনি যে মুক্ত পুরুষলক্ষণ প্রাপ্ত হইবেন, তাহাতে আর বিচিত্রতা কি? (৪অ—২খ—৩সূ—২সা)। •

—— ০ ——

তৃতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বীড়ু চিদারুজত্নুভির্গুহা চিদিন্দ্র বহ্নিভিঃ।
১ ২ ৩ ২ ৩ ১ ২
অবিন্দ উস্রিয়া অনু ॥ ৩॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন ইন্দ্রদেব) 'বীড়ু চিৎ' (দৃঢ়মপি দুর্গমস্থানং) 'গুহা চিৎ' (গুহায়ামপি) 'বীড়ু চিৎ গুহা চিৎ' (রিপুদস্যুপরিরক্ষিতং নিভৃতহৃদয়কন্দরং ইতি ভাবঃ) 'বহ্নিভিঃ' (বজ্রাগ্নিভিঃ, তব জ্যোতির্ভিঃ, জ্ঞানাগ্নিভিঃ) 'আরুজত্নুভিঃ' (সম্যক্ উগ্রাংশুঃ ভেদকৃদ্ভিরিতি ভাবঃ) 'উস্রিয়াঃ' (গাঃ, সত্যধর্ম্মরূপাঃ, দিব্যজ্যোতিঃনিবহাঃ) 'অনু' (পশ্চাৎ) 'অবিন্দঃ' (লব্ধবান, বিকীর্ণবান, যথা—মাং প্রাপয়) ত্বমিতিশেষঃ। মন্ত্রোহয়ং ভগবন্মহিমাজ্ঞাপকো জ্ঞানলাভপ্রার্থনামূলকশ্চ। প্রথমার্থঃ—ভগবান্ অজ্ঞানতানাশকারী। দ্বিতীয়ার্থঃ—হে ভগবন্! মম অজ্ঞানতাং বিদূরয়। (৪অ—২খ—৩সূ—৩সা)।

⁂

বঙ্গানুবাদ।

হে ইন্দ্রদেব! গিরিগুহাবৎ দৃঢ়, রিপুদস্যু-পরিবৃত হৃদয়-কন্দর জ্ঞান রূপ বজ্রাগ্নি দ্বারা উদ্ভিন্ন করিয়া, আপনি তাহার মধ্যে সত্যধর্ম্মের

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের ষষ্ঠ সূক্তের চতুর্থী ঋক্। (প্রথম অষ্টক, প্রথম অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

দিব্যজ্যোতিঃ বিকীরণ করেন (অথবা—করুন)। (মন্ত্র, এক পক্ষে, ভগবন্মহিমাপ্রকাশক; অন্য পক্ষে, জ্ঞানলাভের প্রার্থনামূলক। প্রথমার্থ—ভগবান্ অজ্ঞানতা-নাশকারী; অন্য অর্থ—'হে ভগবন্! আপনি আমার অজ্ঞানতা দূর করুন)। (৪অ—২খ—১সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অস্তি কিঞ্চিদুপাখ্যানং—'পণিভির্দেবলোকাদ্ গাবোঽপহৃতাঃ অন্ধকারে প্রক্ষিপ্তাঃ তাশ্চেন্দ্রো মরুদ্ভিঃ সহাজয়ত' ইতি। এতচ্চ বহ্বৃচাঙ্গক্রমণিকায়াং সূচিতং—পণিভিরসুরৈর্নিগূঢ়া গা অন্বেষ্টুং সরমাদেবশুনীন্দ্রেণ প্রেষিতা তা আগত্য'ভিঃ পণয়োঽমিত্রীয়ন্তঃ প্রোচুঃ ইতি। মন্ত্রান্তরেঽপি দৃষ্টান্ততয়া সূচিতং—'নিরুদ্ধা আপঃ পণিনেব গাবঃ'—ইতি তদেব উপাখ্যানমভিপ্রেত্যোচ্যতে—হে 'ইন্দ্র'! 'বীড়ু চিৎ' দৃঢ়মপি দুর্গমস্থানং 'আরুজত্নুভিঃ' অভিভঞ্জদ্ভিঃ 'বহ্নিভিঃ' বোঢ়ৃভিঃ অন্যত্র নেতুং সমর্থৈঃ মরুদ্ভিঃ সহিতস্ত্বং 'গুহা চিৎ' গুহায়ামপি স্থাপিতা 'উস্রিয়াঃ' গাঃ 'অন্ববিন্দঃ' 'আবিন্দ্য' লব্ধবানসি। 'ভঞ্জঃ' (১) পাজঃ (২)—ইত্যাদিষষ্টাবিংশতি-সংখ্যাকেষু বলনামসু 'দক্ষঃ' (১৩) 'বীলু' (১৪) 'চোত্রং' (১৫)—ইতি পঠিতং। (৮৯) নবসংখ্যাকেষু গো নামসু 'অঘ্ন্যা' (১) 'উস্রা' (২) 'উস্রিয়া' (৩)—ইতি পঠিতং নিঘ০ (২।১)। বীড়ু প্রাতিপদিক স্বরঃ (ফি ১।১)। চিৎ—আদিরুদাত্তঃ। আরুজত্নুভিঃ—রুজো ভঙ্গে (তু০ প০) ইত্যস্মাদৌণাদিকঃ কত্নুচ্-প্রত্যয়ঃ, কিত্ত্বাৎ (১।১।৫) গুণাভাবঃ চিত্ত্বাদন্তোদাত্তত্বম্ (৬।১।১৬) সমাসে কৃদুত্তরপদ-প্রকৃতিস্বরত্বঞ্চ (৬।২।১৬)। গুহা—সপ্তম্যাঃ ডাদেশঃ (৭।১।৩৯)। গ্রামাদীনাঞ্চ (ফি০, ২।১৫)—ইত্যাদ্যুদাত্তঃ। বহ্নিভিঃ—বহি-শ্রি-শ্রু-যু-দ্রু-গ্লা-হা-ত্বরিভ্যো নিঃ (উ ৪।৫১)—নি-প্রত্যয়ঃ, নিত্ত্বাদাদ্যুদাত্তঃ। অবিন্দঃ—'শেমুচাদীনাং' (৭।১।৫৯) ইতি নুমাগমঃ, লুঙ্-লঙ্-লৃঙ্‌ক্ষ্বড়ুদাত্তঃ (৬।৪।৭১)। বসন্তীতি উস্রিয়াঃ বসেঃ কর্ত্তরি রক্ প্রত্যয়ঃ, যত্তাভাবশ্চ বাহুলকাদুণাদীয়ঃ (৩।৩।১৮৫) উক্তং হি যত্র পদার্থবিশেষমুক্তং প্রত্যয়তঃ প্রকৃতেশ্চ তৎ গ্রাহ্যং (৩।৩।১৮৫ ভা০)—ইতি, ইকারঃ প্রত্যয়স্বরেণান্তোদাত্তঃ (৩।১।৩)॥৩॥

* * *

তৃতীয় (৮৫২) সামের মর্ম্মার্থ।

এ মন্ত্রে আধ্যাত্মিক প্রকৃত ভাব পরিগ্রহণ বড়ই সঙ্কট-সমস্যা-পূর্ণ। সাধারণতঃ এ মন্ত্রের অর্থ নিষ্পন্ন করা যায়,—'যেন কতকগুলি গাভীকে অসুরগণ অতি দুর্গম গিরি গুহা মধ্যে লুকাইয়া রাখিয়াছিল। ইন্দ্রদেব বাহুদ্বারা বজ্রদ্বারা বা মরুৎগণের সহায়তায় সে গুহা ভেদ করিয়া গাভীগুলিকে উদ্ধার করেন।' মরুৎ-গণ-রূপ সাঙ্গোপাঙ্গের সাহায্যে গো-চোরের হস্ত হইতে গাভীর উদ্ধার-রূপ কৃতিত্ব প্রদর্শন। আর তজ্জন্য তাঁহার স্তব স্তুতি,—ইহাই হইল মন্ত্রের ব্যাখ্যা-বিবৃতি। প্রমাণক্ষেত্রে পুরাণের উপাখ্যান আনিয়া কতই রঙ্গ-রঞ্জিত করিয়া উপস্থাপিত

'ইন্দ্র' (বলৈশ্বর্য্যাধিপতে হে দেব) 'যৎ' (যদি) 'দ্যাবঃ' (দ্যুলোকাঃ) 'শতং' (অসংখ্যাঃ), 'উত' (এবং) 'ভূমীঃ' (ভূম্যঃ) 'শতং' (অসংখ্যাঃ) 'স্যুঃ' (ভবেয়ুঃ) তথাপি 'তে' (তব — পরিমাণায় অসমর্থাঃ ভবন্তি ইতি শেষঃ); 'বজ্রিন' (রিপুসংমর্দ্দনায় বজ্রধারিন হে দেব) 'সহস্রং' (অসংখ্যাঃ) 'সূর্য্যাঃ' অপি 'ত্বা' (ত্বাং) 'ন অনু' (নানুভবন্তি, ন প্রকাশয়ন্তি) ; 'জাতং' (পূর্ব্বমুৎপন্নং কিঞ্চিদপি) তথা 'রোদসী' (দ্যাবাপৃথিব্যৌ) অপি 'তে' (তব) 'ন অষ্ট' (পরিমাণং নিরূপয়িতুং ন সমর্থাঃ ভবন্তি ইতি শেষঃ)। ভগবান্ সর্ব্বেভ্যঃ অতিরিচ্যতে ; তৎসদৃশং কমপি বস্তু তং পরিমাতুং ন সমর্থং ভবতি ইতি ভাবঃ। (৪অ—৪খ—১সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

বলৈশ্বর্য্যাধিপতি হে দেব! যদি দ্যুলোক অসংখ্য হয় এবং পৃথিবী অসংখ্যা হয়, তথাপি তাহারা আপনার পরিমাণ করিতে অসমর্থ; হে বজ্র-

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রে একত্রগ্রথিত একটী গেয়-গান আছে উহার নাম—"গব্যুশম্।"

ধারিন্। অসংখ্য সূর্য্যও আপনাকে প্রকাশ করিতে পারে না; পূর্ব্বোৎপন্ন কিছুই এবং স্বর্গমর্ত্ত্যও আপনার পরিমাণ নিরূপণ করিতে সমর্থ হয় না; (ভাব এই যে,—ভগবান্ সকল হইতে শ্রেষ্ঠ; তাঁহার সৃষ্ট কোনও বস্তু তাঁহাকে পরিমাণ করিতে পারে না।)॥ (৫অ— খ—১সু ১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্র!' 'তে' তব প্রতিমানার্থং 'যদ্' যদি 'দ্যাবঃ' দ্যুলোকাঃ 'শতং' শতসংখ্যাকাঃ 'স্যুঃ' তথাপি নাশ্নুবন্তি। 'উত' অপিচ 'ভূমীঃ' ভূম্যঃ 'তে' তব মূর্ত্তি-প্রতিবিম্বায় শতং স্যুঃ তথাপি 'ন' অশ্নুবন্তি। হে 'বজ্রিন্' 'ত্বা' ত্বাং 'সহস্রং' 'সূর্য্যাঃ' অগণিতা অপি সূর্য্যাঃ 'ন' 'অনু' ভবন্তি ন প্রকাশয়ন্তীত্যর্থঃ। 'ন তত্র সূর্য্যো ভাতি (দ০ উপ০) ইতি শ্রুতেঃ। কিং বহুনা জাতং পূর্ব্বমুৎপন্নং কিঞ্চিৎ ত্বামনু 'নাষ্ট' নাশ্নুতে তথা, রোদসী' দ্যাবাপৃথিব্যৌ নাশ্নুবাতে সর্ব্বেভ্যোঽপ্যতিরিচ্যসে ইত্যর্থঃ। 'জ্যায়ান্ পৃথিব্যা জ্যায়ানন্তরিক্ষাদ্ দিবো জ্যায়ানেভ্যো লোকেভ্যঃ' ইতি (দ০ উপ০) শ্রুতেঃ॥ (৫অ ৪খ—১সূ—১সা)॥

* * *

প্রথম ৮৬২ সামেরমর্ম্মার্থ।

"যস্য নিশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ' সেই অনন্ত অসীম বিরাট্ পুরুষকে পার্থিব কোনও বস্তুর মাপ-কাঠির সাহায্যে পরিমাণ করা কি সম্ভবপর? যাঁহা হইতে জগৎ উৎপন্ন, যাঁহার "কৃৎস্নং একাংশেন স্থিতং জগৎ", তাঁহাকে জাগতিক বস্তুর সাহায্যে পরিমাণ করা অসম্ভব, আর পরিমাণ করিতে যাওয়া মানুষের শিশুবুদ্ধির পরিচায়ক। তাই উপনিষৎ 'নেতি' নেতি' বলিয়া তাঁহার পরিচয় দিবার চেষ্টা করিয়াছেন। 'সোঽস্তি' এ কথা ভিন্ন তাঁহার সম্বন্ধে বস্তুতঃ আর কিছুই বলা যায় না। শুদ্ধ অপাপবিদ্ধ পূর্ণ-স্বরূপ ভগবানের সম্বন্ধে কিছু বলিতে গিয়া পাছে নিজের অক্ষমতা-বশতঃ তাঁহার গৌরবহানি-জনক কিছু বলিয়া ফেলা হয়, এই ভয়ে প্রাচীন ঋষিগণ কেবল মাত্র 'সঃ অস্তি' বাক্যটীর ব্যবহার নিরাপদ মনে করিতেন। মানুষ, আপনার হৃদয়বৃত্তিদ্বারা চালিত হইয়া ভগবানকে নিকটে-নিকটতমভাবে পাইতে চায়। তাই তাহার পরিচিত জাগতিক পদার্থসমূহের সাহায্যে তাঁহাকে বুঝিতে চেষ্টা করে। সাধক জানেন যে, যতই জাগতিক পদার্থের উপমা ও মানবীয় ভাষা ব্যবহার করা যাউক না কেন, তিনি সচ্চিদানন্দ ভগবান্—এই সমস্তের বহু উর্দ্ধে। কিন্তু যে ব্যাকুল আকাঙ্ক্ষা মানুষকে তাঁহার দিকে ঠেলিয়া দেয়,—ভগবানকে অন্তরতর অন্তরতম রূপে পাইতে চায়, সেই আকাঙ্ক্ষাই ভগবানকে মানুষের নিত্য-পরিচিত জাগতিক বস্তুর ও সম্বন্ধের মধ্যে টানিয়া আনে। পাছে মানুষ হৃদয়ের পার্থিব প্রেরণাবশে ভগবানের স্বরূপ ভুলিয়া

শুদ্ধ আস্তিক সম্বন্ধের মধ্য দিয়া তাঁহাকে দেখে, সেই জন্য ঋষি মানুষকে সম্বোধন করিয়া বলিতেছেন—'তমেব ভান্তং অনুভাতি সর্ব্বং।' ভগবানের সেই অপার মহিমাই এই মন্ত্রে প্রখ্যাপিত হইয়াছে॥ (৪অ-৪খ-১সূ-১সা)॥ *

—— • ——

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২র ৩ ১ ২
আ পপ্রাথ মহিনা বৃষ্ণ্যা বৃষন্বিশ্বা
৩ ১ ২ ৩ ১
শবিষ্ঠ শবসা অস্মা৺।
২ ৩ ১ ২ ৩ ১ ১ ২র
অবমঘবন্ গোমতি ব্রজে বজ্রিন্
৩ ১ ২ ৩ ১ ২
চিত্রাভিরূতিভিঃ॥ ২॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃষন্' (অভীষ্টবর্ষক) 'শবিষ্ঠ' (পরমশক্তিসম্পন্ন হে দেব!) 'মহিনা' (মহত্তা) 'বৃষ্ণ্যা' (অভীষ্টফলেন, অভীষ্টদায়কেন) 'শবসা' (বলেন, আত্মশক্ত্যা ইত্যর্থঃ) 'বিশ্বা' (বিশ্বেন, সর্ব্বেণ, সর্ব্বতোভাবেন ইত্যর্থঃ) 'আ পপ্রাথ' (পূরয়, অস্মান্ ইতি যাবৎ); 'মঘবন্' (পরমধনদাতঃ) 'বজ্রিন্' (রক্ষাস্ত্রধারিন্ হে দেব।) 'গোমতি ব্রজে' (জ্ঞানযুক্তে আশ্রয়স্থলে, হৃদয়ে, অস্মাকং হৃদি পরাজ্ঞানোন্মেষণায় ইত্যর্থঃ) 'অস্মান্' 'চিত্রাভিঃ' (বিচিত্রাভিঃ) 'ঊতিভিঃ' (রক্ষাশক্তিভিঃ) 'অব' (রক্ষ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ অস্মভ্যং পরাজ্ঞানং পরমশক্তিং চ প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৪অ ৪খ-১সূ-২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

অভীষ্টবর্ষক পরমশক্তিসম্পন্ন হে দেব! মহৎ অভীষ্টদায়ক আত্মশক্তির দ্বারা সর্ব্বতোভাবে আমাদিগকে পূর্ণ করুন; পরমধনদাতা রক্ষাস্ত্র-

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩অ-৫খ-৫দ-৬সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের সপ্ততিতম সূক্তের পঞ্চমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, পঞ্চম অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)।

দায়ী হে দেব! আমাদিগের হৃদয়ে পরাজ্ঞান প্রদানের জন্য আমাদিগকে বিচিত্র রক্ষাশক্তিদ্বারা রক্ষা করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ আমাদিগকে পরাজ্ঞান এবং পরমশক্তি প্রদান করুন।)॥ (৪অ—৪খ—১সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'বৃষন্' অভিমতবর্ষকেন্দ্র! ত্বং 'আ পপ্রাথ' আ পুরয়সি ব্যাপ্নোষি। কানি? বিশ্বা সর্ব্বাণি 'বৃষ্ণ্যা' বর্ষকাণি বলানি শত্রুসম্বন্ধীনি। কেন সাধনেন? 'মহিনা' মহত্তা 'শবসা' বলেন স্বায়েন অথবা বৃষ্ণ্যোভোক্তচ্ছন্দো বিশেষণং। তথা সতি অভিমতবর্ষকেণ মহতা বলেন অস্মদীয়ানি বলানি পূরয়সীত্যর্থঃ। অথ প্রত্যক্ষকৃত্বা হে 'শবিষ্ঠ' বলবত্তম! 'গোমতি' বহুভিঃ গোভির্যুক্তে 'ব্রজে' শত্রুসম্বন্ধিনিমিত্তে সতি 'অস্মান্' 'অব' রক্ষ। হে 'মঘবন্' ধনবন্! 'বজ্রিন্' বজ্রযুক্তেন্দ্র! কৈঃ সাধনৈঃ? 'চিত্রাভিঃ' নানাবিধৈঃ 'ঊতিভিঃ' রক্ষণৈরিতি॥ (৪অ—৪খ—১সূ—২সা)॥

* * *

দ্বিতীয় (৮৬৩) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। মন্ত্রের প্রথমাংশে আত্মশক্তি লাভের জন্য এবং দ্বিতীয়াংশে পরাজ্ঞান প্রাপ্তির জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। প্রচলিত ব্যাখ্যাদিতেও মন্ত্রের শেষাংশকে প্রার্থনামূলক বলিয়া গৃহীত হইয়াছে, কিন্তু প্রথমাংশ নিত্যসত্যপ্রখ্যাপক-রূপে ব্যাখ্যাত হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। যথা,—"হে অভিলাষপ্রদ, অত্যন্ত বলবান, ধনবান, বজ্রবান ইন্দ্র! তুমি মহৎ বলের দ্বারা বল ব্যাপ্ত করিয়াছ। আমাদের গোসমূহের নিমিত্ত আমাদিগকে বিচিত্র রক্ষা কার্য্য দ্বারা রক্ষা কর।"

প্রধানতঃ দুইটী পদের ব্যাখ্যা উপলক্ষে প্রচলিত ভাষ্যাদির সহিত আমাদিগের পার্থক্য ঘটিয়াছে। 'গোমতি ব্রজে' পদদ্বয়ে ভাষ্যকার "বহুভিঃ গোভির্যুক্তে শত্রুসম্বন্ধিনিমিত্তে সতি" অন্য একখানা হিন্দি ব্যাখ্যাতে অর্থ করা হইয়াছে—"গরুপূর্ণ মাঠে।" বাঙ্গালা অনুবাদকার লিখিয়াছেন—'গোসমূহের নিমিত্ত'। এই সকল বিভিন্ন ব্যাখ্যা হইতে দেখা যাইতেছে যে,—সকলেই 'গোমতি' পদের সহিত 'গরুর' সম্বন্ধ স্থাপন করিয়াছেন, যদিও বিভক্তি সম্বন্ধে কাহারও সহিত অন্য কাহারও মিল নাই। 'ব্রজে' পদের ব্যাখ্যার সহিত প্রচলিত ব্যাখ্যাকারদিগের মধ্যে যথেষ্ট অনৈক্য আছে। 'গো' শব্দে জ্ঞান অথবা জ্ঞানকিরণকে লক্ষ্য করে, তাহা আমরা পূর্ব্বে বহুবার আলোচনা করিয়াছি। 'ব্রজ' শব্দেও 'আশ্রয়স্থল' 'হৃদয়' প্রভৃতি অর্থ প্রকাশ করে। তাই ঐ দুই পদে "জ্ঞানযুক্তে আশ্রয়স্থলে" অর্থাৎ "অস্মাকং হৃদি পরাজ্ঞানপ্রদানায়" অর্থ গ্রহণ করিয়াছি। ইহার পরেই 'ঊতিভিঃ অব'

পদদ্বয় থাকাতে উপরোক্ত পদদ্বয়ের চতুর্থ্যন্ত ব্যাখ্যা গ্রহণ সমর্থিত হইতেছে। অন্যান্য বিষয়ে প্রচলিত ব্যাখ্যার সহিত বিশেষ অনৈক্য ঘটে নাই। (৪অ—৪খ—১সূ—২সা)। *

* * *

প্রথম সূক্তের গেয়-গানং।

১র ২১ ২ র ১ ২ ১ ২র র ১ ২
যদ্দ্যাবওহায়ি। ইন্দ্রতেশতোবা। শতংভূমীঃ। উতাস্যো ১ য়ূ ২
১ ২ ২ ১ র ২ ১ ২ ১র ২ ১ ২
৩ঃ। হোবা ৩ হায়ি। নত্বাবজ্রিন্ সহস্রং সূ। র্য্যাআ ১ নু
১ ২ ২ ১ ২ ১ ২ ২
২ ৩। হোবা ৩ হায়ি। নজাতা ১ মা ২ ৩। হোবা ৩ হা।
১র A ৩ ৫র র ১ র ২ ১ ২ র
ষ্টারো। দা ২ সী ২ ৩ ৪ ঔহোবা। (১) নজাতমোহা ষ্টরো-
১ ২ ১ র ২ ১ ২ ১ ২
দসোবা। নাজাতম। ষ্টরোদা ১ সা ২ ৩ য়ি। হোবা ৩
২ ১র ২র র ১ ১ ২
হায়ি। আপপ্রাথমহিনায়। বৃষ্ণয়াবা ১ র্ষা ২ ৩ ন্। হোবা ৩
২ ১ ২ ১ ২ ২ ১ A
হায়ি। বিশ্বাশা ১ বা ২ ৩। হোবা ৩ হা। ষ্ঠশ। বা ২
৩ ৫র র ১ র ২ ১ ২ ১ ২
সা ২ ৩ ৪ ঔহোবা। (২) বিশ্বাশবোহায়ি। ষ্ঠশবোবা।
১ র ২ ১ ২ ১ ২ ২ ১র
বাবিশ্বাশবি। ষ্ঠশাবা ১ সা ২ ৩ হোবা ৩ হায়ি। অস্মাঁ৺-
২ র ১ ২ ১ ২ ২
অবমঘবন্গো। মতীব্রা ১ জা ২ ৩ য়ি। হোবা ৩ হায়ি।
১ ২ ১ ২ ২ ১র A
বজ্রায়িঞ্চা ১ ত্রিত্রা ২ ৩। হোবা ৩ হায়ি। ভিরূ। তা ২
৩ ৫র র
য়িভা ২ ৩ ৪ ঔ হাবা ॥ ৩।২ ॥ †

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার অষ্টম মণ্ডলের সপ্ততিতম (অথবা বালখিল্য সূক্ত বাদে উনষষ্ঠীতম) সূক্তের ষষ্ঠী ঋক (ষষ্ঠ অষ্টক, পঞ্চম অধ্যায়, নবম বর্গের অন্তর্গত)।

† এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম "মহাবৈষ্টম্ভম্"।

প্রথমং সাম।

৩১ ২ ৩১২৩ ২ ৩ ২ ৩১২
বয়ং ঘ ত্বা সুতাবন্ত আপো ন বৃক্তবর্হিষঃ।
৩ ১২ ৩ ১২ ৩ ১ ২
পবিত্রস্য প্রস্রবণেষু বৃত্রহন্পরি
৩ ১ ২
স্তোতার আসতে॥ ১॥

* * *

মন্ত্রার্থানুসারিণী-ব্যাখ্যা।

'বৃত্রহন্' (বহিরন্তঃশত্রুনাশক হে ভগবন্!) 'ত্বা' (ত্বাং, ভবৎপ্রীতিসাধনায় ইতি ভাবঃ) 'বয়ং' (তব অনুগ্রহাকাঙ্ক্ষিণঃ বয়ং) 'ঘ' (খলু, নিশ্চিতং) 'সুতাবন্তঃ' (শুদ্ধসত্ত্বং ভক্তিসুধাং অভিষুতবন্তঃ—ভবেম ইতি যাবৎ, হৃদি সঞ্চয়সমর্থাঃ ভবেম ইতি ভাবঃ); 'আপো ন' (সাগরগামিনং জলমিব, জলানি যথা জলাধারেণ বারিনিধিনা সহ মিলনায় তদভিমুখং ধাবন্তি অপিচ জলানি যথা সমুদ্রে প্রবিশন্তি তদ্বৎ অস্মাকং হৃদি উপজাতং শুদ্ধসত্ত্বং (ভক্তিসুধাং বা) শুদ্ধসত্ত্বস্বরূপেণ ভবতা সহ সম্মিলনং লভতু ইত্যর্থঃ; ভাবঃ চ, তেন শুদ্ধসত্ত্বপ্রভাবেন বয়ং সাগরগামিনং জলমিব ভবতা সহ সম্মিলিতাঃ তিষ্ঠেম; জলানি যথা স্বতএব সাগরসঙ্গমং আশ্রয়ন্তি, তদ্বৎ অস্মাকং কর্ম্মাণি ভগবৎপরায়ণানি ভবন্তু ইত্যেবং আকাঙ্ক্ষা। ভবতা সহ সম্মিলনায় 'পবিত্রস্য' (বিশুদ্ধস্য শুদ্ধসত্ত্বস্য, ভক্তিসুধায়াঃ ইত্যর্থঃ) 'প্রস্রবণেষু' (প্রস্রবণবৎ স্বতঃপ্রবহমানেষু অপ্রতিহতগমনেষু স্রোতোঽভিমুখেষু ইত্যর্থঃ) 'বৃক্তবর্হিষঃ' (আত্মোৎকর্ষেণ বন্ধনযুক্তাঃ, যদ্বা—পরমাত্মনি স্বীয় আত্মসম্মিলনাভিলাষিণঃ ইতি ভাবঃ) 'স্তোতারঃ' (উপাসকাঃ সাধবঃ ইত্যর্থঃ) ত্বাং 'পরি আসতে' (পর্য্যুপাসতে, উপাসনাং কুর্ব্বন্তি যদ্বা ভবন্তং প্রাপ্তুকামাঃ সন্তঃ আত্মানঃ প্রেরয়ন্তি ইতি ভাবঃ) মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধকঃ; ভাবঃ হি—বিশ্ববাসিনঃ সর্ব্বে এব আত্মোৎকর্ষসাধনায় ভগবন্মুক্তিং প্রণতাঃ ভবন্তু; হে আত্মন্! ত্বমপি বিশ্বান্তর্গতত্বাৎ তাদৃশো ভব; নদ্যঃ যথা বারিনিধিনা সহ সম্মিলনায় জলরূপং আত্মানং প্রেরয়ন্তি, তদ্বৎ ভগবতি আত্মসম্মিলনায় স্বাত্মানং নিয়োজয়। (৪অ—৪প—২দ—১সা।)॥

* * *

বঙ্গানুবাদ।

বহিরন্তঃশত্রুনাশক হে ভগবন্! আপনার প্রীতিসাধনের জন্য ভবদনুগ্রহাকাঙ্ক্ষী আমরা শুদ্ধসত্ত্বকে (ভক্তিসুধাকে) নিশ্চিত যেন অভিষুত করি অর্থাৎ সঞ্চিত করি; সাগরগামী জলের ন্যায় অর্থাৎ জলসমূহ যেমন জলাধার বারিনিধির সহিত মিলিবার জন্য তাহার অভিমুখে প্রধাবিত

হয় সেইরূপ, আমাদিগের হৃদয়ে উপজিত শুদ্ধসত্ত্ব (ভক্তিসুধা) শুদ্ধসত্ত্বাধার আপনার সহিত সম্মিলিত হউক; (ভাব এই যে,—সেই শুদ্ধসত্ত্ব-প্রভাবে, আমরা সাগরগামী জলের ন্যায় যেন আপনার সহিত সম্মিলিত হই;—জল যেমন স্বতঃই সাগরসঙ্গম অভিলাষ করে, আমাদিগের কর্ম্ম-সমূহ সেইরূপ ভগবৎপরায়ণ হউক,—ইহাই আকাঙ্ক্ষা)। আপনার সহিত সম্মিলনের আশায়, বিশুদ্ধ শুদ্ধসত্ত্বের বা ভক্তিসুধার প্রস্রবণবৎ স্বতঃপ্রবহমান ও অপ্রতিহতগমন স্রোতোর্ম্মিসমূহে আত্মোৎকর্ষের দ্বারা বন্ধনমুক্ত অর্থাৎ পরমাত্মায় আত্মসম্মিলনের অভিলাষী সাধকগণ বা উপাসকগণ আপনাকে অর্চ্চনা করিতেছেন—আপনাকে পাইবার কামনায় আপনাদিগকে প্রেরণ করিতেছেন। (মন্ত্রটী আত্মোদ্বোধক; ভাব এই যে,—বিশ্ববাসী সকলেই আত্মোৎকর্ষ-লাভের জন্য ভগবানের উদ্দেশে প্রণত হইতেছে। হে আত্মন্! বিশ্বান্তর্গত তুমিও সেইরূপ হও। নদীসমূহ যেমন বারিনিধির সহিত মিশিবার জন্য স্বকীয় জলরাশি রূপ আত্মাকে প্রেরণ করে, সেইরূপ ভগবানে আত্মসম্মিলনের জন্য তুমিও তোমার আত্মাকে নিয়োজিত কর।)। (৪অ—৪খ—২সূ—১সা)।

⁂

সায়ণ-ভাষ্যং।

হে 'বৃত্রহন্' ইন্দ্র! 'ত্বা' ত্বাং 'বয়ং ঘ' বয়ং খলু 'সুতবন্তঃ' 'আপঃ ন' আপ ইব প্রবণমভিগচ্ছামঃ। 'পবিত্রস্য' সোমানাং প্রস্রবণেষু 'বৃক্তবর্হিষঃ' তীর্ণবর্হিষঃ স্তোতারশ্চ ত্বাং পর্য্যুপাসতে॥ (৪অ—৪খ—২সূ—১সা)।

⁂

প্রথম (৮৬৪) সামের মর্ম্মার্থ।

এই সাম-মন্ত্রটী একাধারে দ্বিবিধ ভাব লইয়া অবতীর্ণ। উহাতে এক দিকে যেমন ভগবানের অপার করুণার বিষয় প্রকাশিত হইতেছে, অন্য দিকে তেমনি আত্মার উদ্বোধনার ভাব প্রতীত হইতেছে। মন্ত্র কহিতেছেন, 'বারি হইতে পারিবে কি? বারি হইয়া বারিনিধির সহিত মিশিতে পারিবে কি? যদি পার, প্রস্তুত হও। বারি হইয়া বারিনিধির সহিত মিশিবার জন্য প্রস্তুত হও।' সমুদ্র যেমন এ বিশ্বসংসারের সকল বারিরাশিকে সকল নদনদীকে আপনার সহিত মিশাইতে আপনার সনে ধনী করিতে; আপনার নিজের মত করিয়া লইতে তরঙ্গনিকর-কর প্রসারিত করিয়া, কুলুকুলুধ্বনিতে উচ্চৈঃস্বরে ঘোষণা

করিতেছে,—'হে বিশ্বব্রহ্মাণ্ডের বারিরাশি! নদী হ্রদ তড়াগ-পুষ্করিণী—যে রূপেই তোমরা যে যেখানে বিদ্যমান থাক, যদি আমাকে পাইতে চাও, অগ্রসর হও—নত হও। আমি এ বিশ্বের সর্ব্বত্রই বিদ্যমান আছি; চারিদিকেই আমার অস্তিত্ব দেখিতে পাইবে। দিবারাত্রি অবিরাম গতিতে আমাকে লক্ষ্য করিয়া আমার দিকে ছুটিয়া আইস। সংসারের যত কিছু আবর্জ্জনা আছে, যত কিছু পঙ্কিলতা আছে, যত কিছু বাধাবিঘ্ন আছে, একাগ্রতার সহিত ছুটিতে পারিলে, সে সকলের মধ্য দিয়াও, সে সকল বাধাবিঘ্ন অতিক্রম করিয়াও, আমার সহিত মিশিতে পারিবে। অগ্রসর হও—অবিরাম গতিতে ছুটিতে থাক; বাধাবিঘ্ন আপনিই অপসারিত হইবে। তোমাদের অবাধ গতির নিকট সে বাধা কতক্ষণ তিষ্ঠিতে পারিবে?'

সর্ব্বব্যাপী সর্ব্বভূতাত্মন ভগবান বলিতেছেন, 'হে বিশ্ববাসী জীবগণ! তোমরা যদি আমার সহিত মিলিতে চাও, তাহা হইলে আমাতে আত্মসমর্পণ কর। তোমরা যদি আত্মার উৎকর্ষ সাধন করিতে চাও, সত্ত্বভাবসম্পন্ন হইতে চাও, আমার দিকে লক্ষ্য কর। সংসারের সকল ব্যস্ততার মধ্য দিয়া—সংসারের সকল কাজের ভিতর দিয়া—সংসারের নানা দুঃখ-দারিদ্র্যের মধ্য দিয়া—সংসারের সকল তাপ-জ্বালার মধ্য দিয়া—আমার দিকে ছুটিয়া আইস। যদি তাহা করিতে পার; সংসারের যত কিছু মায়া-মমতা, সংসারের যত-কিছু কামনা-বাসনা, সংসারের যত কিছু লোভ-প্রলোভন,—কেহই তখন আর তোমাকে বন্ধন করিতে পারিবে না,—তোমায় কদাচ কেহ লক্ষ্যভ্রষ্ট করিতে পারিবে না। যদি আমার সহিত মিশিবার অভিলাষ রাখ, দৃঢ়সঙ্কল্প স্থিরপ্রতিজ্ঞ হইয়া, অটল অচল মনে অগ্রসর হও; কেহই তোমার গতিরোধ করিতে পারিবে না।' তাই বলি—হও দৃঢ়সঙ্কল্প, হও অটল, হও অচল, হও আত্মোৎকর্ষ-সাধনে নিবিষ্টচিত্ত। লক্ষ্য কর—ভগবানকে; অর্চ্চনা কর ভগবানকে, বন্দনা কর—ভগবানকে, শরণ লও—ভগবৎ-চরণে। তোমার সাধনার ধন, নিদানের বন্ধু, অকূল ভবপারাবারের একমাত্র কাণ্ডারী সংসার-সাগর-তরী ভগবান, তোমাকে ভবপারে লইয়া যাইবেন,—অকূলে কূল দিবেন,—তোমার দুঃখতাপজ্বালা দূর করিয়া ক্রোড়ে স্থান দিবেন।

বক্ষ্যমাণ সাম-মন্ত্রটী পূর্ব্বোক্ত ভাব ব্যক্ত করিতেছে বলিয়াই মনে হয়। মন্ত্র আত্মোদ্বোধনার ছলে কহিতেছেন,—'নদীসমূহ, বিশ্বের সমস্ত জলরাশি, যেমন আপনা-আপনিই সাগরের অভিমুখে বারিনিধি-সঙ্গমে অগ্রসর হয়; আমাদিগের কর্ম্মসমূহও তেমনি সত্ত্বভাবাপন্ন হইয়া যেন আপনাতেই মিলিত হয়; অর্থাৎ, আমাদিগের কর্ম্মসমূহ, আপনার উদ্দেশে বিহিত সৎকর্ম্ম নিবহ—যেন আপনাকেই প্রাপ্ত হয়;—আমরা যেন আপনার প্রীতিকর কর্ম্মের অনুষ্ঠানে নিয়ত নিরত থাকি।'

মন্ত্রের অন্তর্গত দুই একটী পদ-সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা আবশ্যক মনে করি। 'সুতাবন্তঃ' পদের ভাষ্যকার অর্থ করিয়াছেন,—'সোমমভিষুতবন্তঃ' অর্থাৎ আমরা সোম অভিষুত করিয়াছি। 'সুত' পদের ব্যাখ্যা-ব্যপদেশে সর্ব্বত্রই সোমরস-রূপ মাদক দ্রব্যের সম্বন্ধ টানিয়া আনা হইয়াছে। তাহাতে মন্ত্রের ভাব দাঁড়াইয়াছে এই যে,—'আমরা আপনার জন্য সোমরস-রূপ মাদক দ্রব্য প্রস্তুত করিয়াছি; আপনি তাহা পান করুন; আমরা [illegible]

তার আপনার দিকে অগ্রসর হউ' আমরা মনে করি, 'সুতাবন্তঃ' পদের ও 'আপো ন' উপমার ভাব অনুরূপ। আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে এবং মন্ত্রার্থ-আলোচনার প্রারম্ভে তাহা প্রকাশ করিয়াছি। 'পবিত্রম্' ও 'প্রস্রবণেষু' পদদ্বয়ের ভাবও 'আপো ন' উপমার অনুরূপ। নদী প্রস্রবণ যেমন সকল বাধা অতিক্রম করিয়া সাগরসঙ্গমে প্রধাবিত হয়, অন্তরে সত্ত্বভাবের উদয় হইলে, হৃদয়ে ভক্তি-রস সঞ্চারিত হইলে, সে শুদ্ধসত্ত্বের ধারা, সে ভক্তির প্রস্রবণ, সংসারের সকল বাধাবিঘ্ন অতিক্রম করিয়া, ভগবানের প্রতি প্রধাবিত হয়।' (৪অ-৪খ-২সূ-১সা)।

—•—

দ্বিতীয়া সাম।

১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
স্বরন্তি ত্বা সুতে নরো বসো নিরেক উক্থিনঃ।
৩ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩
কদা সুতং তৃষাণ ওক
১ ২ ৩ ১ ২ ৩ ১ ৩ ১ ২
আ গমদিন্দ্র স্বব্দীব ব৺সগঃ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বসো' (পরমধনপ্রাপক হে দেব!) 'সুতে' (বিশুদ্ধে, পবিত্রে) 'নিরেকে' (জ্ঞানভক্তি যজ্ঞে, পরমধনদায়কে সৎকর্ম্মণি) 'উক্থিনঃ' (প্রার্থনাপরায়ণাঃ) 'নরঃ' (সৎকর্ম্মনেতারঃ) 'ত্বা' (ত্বাং) 'স্বরন্তি' (স্তুবন্তি, আরাধয়ন্তি); 'বংসগঃ' (অন্তরীক্ষগঃ, দ্যুলোকগামী, স্বর্গপ্রাপকঃ ইতি ভাবঃ) 'ইন্দ্রঃ' (বলাধিপতিঃ দেবঃ) 'স্বব্দীব' (শোভন-শব্দযুক্তঃইব, পরাজ্ঞানদায়কঃ ভূত্বা ইত্যর্থঃ) 'কদা' 'সুতং তৃষাণঃ' (পবিত্রং সত্ত্বভাবং কাময়মানঃ, অস্মাকং পূজোপচারগ্রহণায়) 'ওকঃ' (স্থানং, অস্মদীয়ং হৃদয়ং ইত্যর্থঃ) 'আগমৎ' (আগমিষ্যতি)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মাকং হৃদি আগচ্ছতু অস্মান্ কৃতার্থান্ করোতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ-৪খ-২সূ-২সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরমধনপ্রাপক হে দেব! পবিত্র পরমধনদায়ক সৎকর্ম্মে অর্থাৎ—সৎকর্ম্মসাধনে প্রার্থনাপরায়ণ সৎকর্ম্মনেতাগণ আপনাকে আরাধনা

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩অ—১খ—৩দ-৯সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের ত্রয়োত্রিংশ সূক্তের প্রথমা ঋক্) ষষ্ঠ অষ্টক, তৃতীয় অধ্যায় সপ্তম বর্গের অন্তর্গত)।

করেন; স্বর্গপ্রাপক বলাধিপতি দেব, পরমানন্দদায়ক হইয়া কখন আমাদিগের হৃদয়ে আগমন করিবেন? (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদের হৃদয়ে আগমন করতঃ আমাদিগকে কৃতার্থ করুন।)। (৪অ— খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'বসো' বাসয়িতরিন্দ্র! 'ত্বা' ত্বাং 'সুতে' অভিষুতে সোমে 'নিরেকে' নির্গমে 'উক্থিনঃ' 'নরঃ' নেতারঃ 'স্বরন্তি' শব্দায়ন্তে। অপিচেন্দ্রঃ 'সুতং' সোমং প্রতি 'তৃষাণঃ' তৃষ্যন্ 'স্বব্দীব' স্বভূত-শব্দী ইব 'বংসগঃ' বননীয়-গমনো বৃষভঃ শব্দং কুর্ব্বন্ 'কদা' 'ওকঃ' স্থানং 'আগমৎ' আগচ্ছেৎ॥ (৪অ—৪খ—২সূ - ২সা)।

* * *

দ্বিতীয় (৮৬৫) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। প্রথম ভাগে ভগবানের মহিমা প্রখ্যাপিত হইয়াছে। দ্বিতীয় ভাগে হৃদয়ে ভগবানের স্পর্শ লাভ করিবার জন্য প্রার্থনা আছে।

প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদিগের মতের যথেষ্ট অনৈক্য ঘটিয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। সেই বঙ্গানুবাদটী এই,—হে নিবাসপ্রদ ইন্দ্র! অভিষুত সোম নির্গত হইলে উক্থবিশিষ্ট নেতাগণ স্তোত্র করিতেছে। ইন্দ্র কখন সোমের জন্য তৃষ্ণার্ত্ত হইয়া বৃষভের ন্যায় শব্দ করতঃ (যজ্ঞ) স্থানে আগমন করিবেন?"

মন্ত্রান্তর্গত কয়েকটী পদের ব্যাখ্যা সম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। ভাষ্যকার 'বসো' পদে 'বাসয়িতার' অর্থাৎ 'নিবাসপ্রদ' অর্থ করিয়াছেন। অর্থ যে অসঙ্গত হইয়াছে তাহা বলা যায় না বটে, কিন্তু বিবরণকারের অনুসরণে 'ধনপ্রাপকঃ' অর্থই এখানে প্রকৃত ভাব আনয়ন করে বলিয়া মনে করি। 'নিরেকে' 'বংসগঃ' 'স্বব্দীব' পদ সমূহের অর্থ বিবরণকারের অনুসরণেই গৃহীত হইয়াছে। 'তৃষাণঃ' পদে, তৃষ্ণা - কামনাকে লক্ষ্য করে। ভগবানের কামনা—সাধকের হৃদয়প্রাপ্তি। মানব যেমন ভগবানের স্পর্শ লাভের জন্য ব্যাকুল, ভগবানও সেইরূপভাবে মানবকে আলিঙ্গন দিবার জন্য উৎসুক। তাই বলা হইয়াছে—"ভগবান কবে আমার হৃদয়ে আগমন করিবেন? আমি যে আশায় বাতি জ্বালাইয়া তাঁহারই প্রতীক্ষায় বসিয়া রহিয়াছি! কবে আমার সেই আশা পূর্ণ হইবে" মন্ত্রের মধ্যে এই ব্যাকুল প্রতীক্ষার সুরই ধ্বনিত হইয়াছে। (৪অ - ৪খ ২সূ ২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের ত্রয়োস্ত্রিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, তৃতীয় অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২র ৩ ১ ২
কণ্বেভিঃ ধৃষ্ণবাধৃষদ্বাজং দর্ষি সহস্রিণম্।
৩ ১ ২ ৩ ১ ২র
পিশঙ্গরূপং মঘবন্বিচর্ষণে মক্ষূ গোমন্তমীমহে॥ ৩॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ধৃষ্ণো' (হে ধর্ষক, শত্রুনাশক হে দেব!) ত্বং 'কণ্বেভিঃ' (মেধাবিভিঃ, প্রজ্ঞাসম্পন্নৈঃ জনৈঃ - স্তুতঃ সন্ ইতি যাবৎ) তেভ্যঃ 'সহস্রিণং' (বহুসংখ্যাকং, প্রভূতপরিমাণং) 'ধৃষৎ' (ধর্ষণসমর্থং, রিপুনাশকং) 'বাজং' (বলং, আত্মশক্তিং ইত্যর্থঃ) 'আ দর্ষি' (প্রযচ্ছসি); 'মঘবন্' (পরমধনদাতঃ) 'বিচর্ষণে' (বিদ্রষ্টঃ, সর্বজ্ঞ হে দেব!) তব 'গোমন্তং' (জ্ঞানযুতং, পরাজ্ঞানসমন্বিতং) 'পিশঙ্গরূপং' (হিরণ্যবর্ণং, হিরণ্ময়ং, অমূল্যং পরমধনং ইত্যর্থঃ) 'মক্ষু' (শীঘ্রং, সাম্প্রতং, নিত্যকালং ইত্যর্থঃ) 'ঈমহে' (যাচামহে, প্রার্থয়ামঃ বয়ং ইতি শেষঃ)। মন্ত্রোঽয়ং নিত্যসত্যপ্রখ্যাপকঃ তথা প্রার্থনামূলকঃ। পরমদাতা ভগবান্ কৃপয়া অস্মভ্যং পরাজ্ঞানযুতং পরমধনং প্রযচ্ছতু - ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৪অ ৪খ—২সূ ৩সা)॥

⁂

বঙ্গানুবাদ।

শত্রুনাশক হে দেব! আপনি প্রজ্ঞাসম্পন্ন জনদিগের দ্বারা স্তুত হইয়া তাঁহাদিগকে প্রভূতপরিমাণ রিপুনাশক আত্মশক্তি প্রদান করেন; পরমধনদাতা সর্বজ্ঞ হে দেব! আপনার পরাজ্ঞান সমন্বিত অমূল্য পরমধন নিত্যকাল আমরা প্রার্থনা করি। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—পরমদাতা ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞানযুত পরমধন প্রদান করুন)॥ (৪অ—৪খ—২সূ—৩সা)।

⁂

সায়ণ-ভাষ্যং।

হে 'ধৃষ্ণো' ধর্ষকেন্দ্র! 'কণ্বেভিঃ' কণ্বান্ মেধাবিনঃ স্তোতৄন্ অনুশিষ্য (নিরুক্তি-বাত্তায়াঃ—৩।১৮৫) 'সহস্রিণং' সহস্রসংখ্যাকং 'বাজং' 'আদর্ষি' প্রযচ্ছসি। হে 'মঘবন্' ধনবান্! 'বিচর্ষণে' বিদ্রষ্টরিন্দ্র! 'ধৃষৎ' ধৃষ্টং 'পিশঙ্গরূপং' 'গোমন্তং' বাজং 'মক্ষূ' শীঘ্রং 'ঈমহে' যাচামহে, ত্বামিতি শেষঃ॥ (৪অ—৪খ—২সূ ৩সা)।

⁂

তৃতীয় (৮৬৬) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। মন্ত্রের প্রথম অংশে ভগবানের পরমদান শক্তির মহিমা প্রখ্যাপিত হইয়াছে। তিনি সাধকদিগকে আত্মশক্তি প্রদান করেন, সেই শক্তির দ্বারা তাঁহারা রিপুনাশে সমর্থ হয়েন। রিপুনাশ করিবার শক্তি তাঁহারা ভগবানের কৃপাতেই লাভ করেন। মন্ত্রের দ্বিতীয়াংশে পরমধন লাভ করিবার জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। তিনিই পরমদাতা, মানুষ সমস্তই তাঁহার নিকট হইতে প্রাপ্ত হয়। তাই তাহারা তাঁহারই নিকটে আপনার সমস্ত কামনা বাসনা নিবেদন করে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের মতের অনৈক্য ঘটিলেও কোনও কোনও বিষয়ে মিল আছে। উদাহরণ স্বরূপ নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। অনুবাদটী এই,—"হে শত্রুদমনকারী ইন্দ্র! কণ্বগণকে সহস্রসংখ্যক অন্ন দান কর। হে মঘবা, বিচক্ষণ ইন্দ্র! আমরা ধ্রুব, পিশঙ্গরূপবিশিষ্ট ও গোমান্ (অন্ন) যাচ্ঞা করিতেছি।"

ভাষ্যকার 'কণ্বেভিঃ' পদে বিভক্তি-ব্যত্যয় স্বীকার করিয়া 'মেধাবিনঃ স্তোতৄন্' অর্থ গ্রহণ করিয়াছেন এবং উপরোক্ত অনুবাদক 'কণ্বগণ', অর্থাৎ কণ্ববংশীয় লোকসমূহ, এই অর্থ গ্রহণ করিয়াছেন। আমাদিগের মতে ভাষ্যকারই সঙ্গত ব্যাখ্যা করিয়াছেন যদিও বিভক্তিব্যত্যয় স্বীকারের কোনও আবশ্যকতা আমরা মনে করি না। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বিবৃত করা হইয়াছে, এবং অধিকাংশস্থলেই ভাষ্যাদির সহিত বিশেষ কোনও অনৈক্য হয় নাই। (৪অ—৪খ—২সূ · ৩সা)। *

দ্বিতীয় সূক্তের গেয়-গান।

২ ১ ২ র　　২র ২ ২　　১ র২　　১ ২
১। বয়ঙ্ঘ্বোহায়ি। সুতাবন্তোবা। আপোনর। ক্তবাহী। ১

১ ২　　২　　১ ২ ১ ২র　　১ ২
ষিষা ২ ৩ঃ। হোবা ৩ হায়ি পবিত্রস্যপ্রস্রবণে। বৃত্রা। ১

১ ২ ২　　২　　২
হা ২ ৩ ন্। হোবা ৩ হায়ি। পরায়িস্তো ১ তা ২ ৩।

১ ২　　২　　১র　　n ৩　　৫র র
হোবা ৩ হা। রথা। সা ২ তা ২ ৩ ৪ ঔহোবা॥ (১)

১ ২ ১　　২ র ১ ২　　১ ২ র র　　১ ২
স্বরান্তিত্বোহায়ি। সুতেনরোনা। বাশোনিরে। কউক্থ' ১

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের ত্রয়োত্রিংশ সূক্তের তৃতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, তৃতীয় অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

১ ২ ২ ১র ২ ১ ২র ১র ২ ১ ২
য়িনা২৩ঃ। হোবা৩হায়ি। কদাসুতন্তৃষাণওঃ। কআগা১

১ ২ . ২ ১ ২
মা২৩ঃ। হোবা৩হায়ি। ইন্দ্র। স্বা১ব্দী২৩।

১ ২ ২ ১ A ৩ ৫র র
হোবা৩হা। বা। মা২গা২৩৪। ঔহোবা॥ (২)

১ র২ ১ ২ র ১ ২ ১ ২ ১ ২
কণ্বেভির্ধৃষ্ণো। ধৃষা ধৃষোবা। বাজন্দর্ষি। সহস্রা১য়িণা

১ ২ ২ ১ ২র ১২
২৩ম্। হোবা৩হায়ি। পিশঙ্গরূপম্মঘবান্। বিচার্ষা২

A ১ ২ ১ ২ র ২
ণা২৩য়ি। হোবা৩হায়ি। মক্ষূগো১মা২৩। হোবা৩

২ ১র A ৩ ৫র র ৩ ৫
হা। ৩মা। মা২হা২৩৪ঔহোবা। ঈ২৩৪শাঃ ( )॥

• • •

৫র ১ ২ ১ ২ ২ ১n ৩ ৫
২। ঔ৩হোহোহায়ি। আয়িহী। বায়াম্। ঘা২৩৪ঙা।

২ A ৩ ৫ ২ n ৩ ৫ ২র ১
সুতাবা২৩৪ন্তাঃ। আপানা২৩৪বৃ। ক্তাবর্হিষাঃ।

২র ১ ৩ ৫ ২ ৩ ৫ ২ n ৩
ঐহোয়িং। আ২৩৪য়িহী। পাবিত্রা২৩৪স্যা। প্রাস্রাবা

৫ ২র ২ ২র ১ ৩ ৫
২৩৪ণে। মরুন্বহান্। ঐহোয়ি। আ২৩৪য়িহী।

২ ৩ ৫ ৩ ২ ৪
পারিষ্টো২৩৪ভা। রণ্বা৩গা৫ন্তা৬৫ঃয়ি॥ (১)

২র ১ ২ ১ ২ ১ ২A ২ ৫ ২ ৩
ঔ৩হোহোহায়ি। আয়িহী। স্বারা। ভা২৩৪ভা। সুতেনা

২ ২ n ৩ ৫ ২র ১ ২র ১
২৩৪রাং। বাগেনা২৩৪য়িরে। কাউক্থিনাঃ। ঐহোয়ি।

৩ ৫ ২ ৩ ৫ ২ n ৩ ৫
আ৩৪য়িহী কাদাসু২৩৪তাম্ ভার্যাণা২৩৪ওঃ।

২র ১র ২র ১ ৩ ৫ ২ ^
কাআগমাঃ। ঐহোযি। আ২৩৪য়িহী। আয়িন্দ্রাস্বা

৫ ৩২ ৪ ২র ১ ২
২৩৪ন্দা। ধবা৩ও্পা৫পা৬৫৬ঃ॥ (১) উহোহায়ি।

১ ২ ১ ২^ ৩ ৫ ২ ^ ৩ ৫
আয়াঙী। কাগ্নে ভা৩২য়ির্দ্ধা। স্বাবাদা২৩৪র্বাৎ।

১ ৩ ৫ ২র১ ২ ২র ১ ৩
বাজন্দ্বা২৩৪মী। গাহাস্রায়া। ঐহোয়ি। আ২৩৪

৫ ২ ৩ ৫ ২^৩ ৫ ২র১
য়িভী। পায়িশঙ্গা১৩রূ। পাস্মপা২৩৪বান্। বীর্য-

২র ১ ৩ ৫ ২ ৩
পায়ি। ঐহোয়ি। অ২৩৪য়িগী। মাক্ষ্যো২৩৪

৪ ৩২ ৪ ৩ ৫
মা। ঙমা৩য়িমা২হা৬৫৬য়ি। প২৩৪ভী (৩)॥

* * *

৫৫ ২ ৪ ৫র ৪৫ ১র ২ ১২
৩। বয়া৩ত্বা৩স্তুতাবাস্তাবা। আপোনব্র। স্তবহী১য়িষা

— ১ ২ ২৪ ৫র ২১২ —
২ঃ। পাবিত্রস্যা৩১২৩৪। প্রস্রবণে। যুবার্জা১হা২

১ ২ ^ ৩২ ১ ৩
ন্। পরায়িস্তো১ভা২। রথা৩। পা২৩৪৫। ভা

১১১১ ৫৪ ২ ৪ ৫র ৪৫ ১র ২র
২৩৪য়া (১) স্বা৩স্তা৩য়িহাস্থতেনয়োপা। বাসোনরে।

১ ২ — ১২ ২
কউকৃ১য়িনঃ২ঃ। কাদাস্থতা। ৩১২৩৪যা।

৩র ৪৫র ২১২ — ১২ ^ ৩২
ত্রেষাণও। কণ্বাগা১মা২ঃ। ইন্দ্রাস্বা১ক্বো২। ববা৩।

১ ৩১১১১ ৫৪ ২ ৪ ৫র
মা২৩৪৫। পা২৩৪৫ঃ॥ (২) কগ্নে৩ভা৩য়ির্দ্ধ স্বাবা-

৪৫ ১ ২ ১২ — ২
ধ্রুমাণা। বাজন্দ্বিষি। সহাস্রা১য়িণা২মূ। পায়িশঙ্গরূ

৩ ৪৫ ২১২ — ১২ ^
৩১ ২ ৩৪। শম্মঘবন্। বিচার্ষা ১ ণা ২ য়িঃ। সক্ষ্গো। মা ২।
৩২ ১ ৩ ১ ১ ১ ১
ঙমা ৩ য়ি। মা ২৩৪৫। হা ২ ৩ ৩ ৫ য়ি (৩) ॥ ১২৩ ॥

* * *

প্রথমং সাম।

৩ ১ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
তরণিরিৎ সিষাসতি বাজং পুরন্ধ্যা যুজা।
২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
আ ব ইন্দ্রং পুরুহূতং নমে গিরা।
৩ ১ ২র ৩ ১ ২
নেমিং তষ্টেব সুদ্রুবম্ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'তরণিঃ' (সংসারসাগরে তরণিবৎ উদ্ধারকারী সৎকর্ম্মনিবহঃ, সংসারসাগরত্রাণকারকঃ ভগবান্ ইত্যর্থঃ) 'ইৎ' (এব, নিত্যকালমেব) 'পুরন্ধ্যা' (সত্ত্যা ধিয়া, অস্মাকং কল্যাণসাধনেন ইতি যাবৎ) 'যুজা' (সংযুক্তঃ সন্, শুদ্ধসত্ত্বেন সহ সম্মিলিতঃ সন্ ইতি ভাবঃ, যদ্বা — অস্মান্ শুদ্ধসত্ত্বেন সহ সংযোজয়িত্বা, হৃদি শুদ্ধসত্ত্বং উৎপাদয়িত্বা বা ইত্যর্থঃ) 'বাজং' (অভীষ্টফলং) 'সিষাসতি' (প্রযচ্ছতি); সঃ কর্ম্মনিবহঃ 'তষ্টেব' (পরিত্রাণকারকঃ দেবঃ ইব) 'সুদ্রুবং' (পরিত্রাণসাধকং জ্ঞানভক্তিসংযুতং ইতি যাবৎ) 'নেমিং' (যানং ইত্যর্থঃ) অস্মান্ প্রাপয়তু প্রযচ্ছতু বা ইতি শেষঃ। অপিচ, হে মম চিত্তবৃত্তয়ঃ (আত্মসম্বোধন)! 'বঃ' (যুষ্মাকং চিত্তসাধনায়, যদ্বা — আত্মনাং পরিত্রাণায় ইত্যর্থঃ) 'পুরুহূতং' (অখিলব্রহ্মাণ্ডস্য আরাধিতং, জগৎপূজ্যং ইতি ভাবঃ) 'ইন্দ্রং' (তং পরমৈশ্বর্য্যশালিনং ভগবন্তং) 'গিরা' (ভক্তিসংযুতয়া স্তুত্যা, সৎকর্ম্মণা চ ইত্যর্থঃ) 'আ নমে' (অবনময়ামি, যুষ্মাসু অস্মাসু বা প্রতিষ্ঠাপয়ামি ইত্যর্থঃ)। প্রার্থনামূলকঃ আত্মোদ্বোধকশ্চ অয়ং মন্ত্রঃ। সংসারসমুদ্রে সৎকর্ম্মস্বরূপ ভগবান এব পরিত্রাণকারকঃ। সদ্ভাবেন সৎকর্ম্মণা চ সঃ হি কেবলং প্রাপ্তব্যঃ। তদনুগ্রহলাভায় বয়ং সদ্ভাবসম্পন্নাঃ সৎকর্ম্মপরায়ণাঃ ভবেম ইত্যেবং সঙ্কল্পঃ অত্র পরিলক্ষ্যতে। (৪অ-৪খ-৩সূ-১সা)।

• এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত তিনটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে, (১) "মহাবৈষ্টম্ভম্" (২) "অভিনিধনকাণ্বম্" (৩) "কাক্ষীবতম্"।

অথবা—

হে মম চিত্তবৃত্তয়ঃ! 'তরণিঃ' (সংসারসাগরত্রাণকারকঃ, সদাসৎকর্ম্মপরায়ণঃ জনঃ ইত্যর্থঃ) 'ইৎ' (এব, নিশ্চিতং খলু) 'পুরন্ধ্যা' (মহত্যা পরমার্থবুদ্ধ্যা) 'যুজা' (সংযুক্তঃ সন্ ইতি যাবৎ) 'বাজং' (অভীষ্টফলং) 'সিষাসতি' (সম্ভজতে, প্রাপ্নোতি ইতি ভাবঃ); 'তষ্টেব' (পরিত্রাণকারী দেবতা যথা) 'সুদ্রুবং' (জ্ঞানভক্তিসহযুতং) 'নেমিং' (সৎকর্ম্মরূপং যানং) প্রাপয়তি ইতি শেষঃ, তথা 'বঃ' (যুষ্মদর্থং, যুষ্মাকং উৎকর্ষসাধনায় ইত্যর্থঃ, অস্মাকং আত্মনাং হিতসাধনায় ইতি ভাবঃ) 'পুরুহূতং' (হুভিরাহূতং, জগৎপূজ্যং ইতি যাবৎ) 'ইন্দ্রং' (পরমৈশ্বর্য্যশালিনং ভগবন্তং ইন্দ্রদেবং) 'গিরা' (ভক্তিসহযুতয়া স্তুত্যা) 'আ নমে' (অবনময়ামি, আহ্বাতুং সমর্থঃ ভবামি ইত্যর্থঃ)। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধকঃ। সৎকর্ম্মপরায়ণঃ সাধকঃ ইব অহং ভগবন্তং অনুসরণায় সঙ্কল্পবদ্ধঃ ভবানি ইতি ভাবঃ॥ (৪অ-৪খ-৩সূ-১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সংসার-সাগরে তরণীর ন্যায় উদ্ধারকারী কর্ম্মনিবহ অর্থাৎ সংসার-সাগর-ত্রাণ-কারক ভগবান, মহতী বুদ্ধির সহিত নিত্যকাল আমাদিগের কল্যাণ সাধনের দ্বারা, শুদ্ধসত্ত্বের সহিত সম্মিলিত হইয়া অথবা আমাদিগকে শুদ্ধসত্ত্বের সহিত সংযোজিত করিয়া অর্থাৎ আমাদিগের মধ্যে শুদ্ধসত্ত্ব উৎপাদন করিয়া, অভীষ্টফল প্রদান করেন; পরিত্রাণকার দেবতার ন্যায়, সেই সৎকর্ম্মনিবহ আমাদিগকে পরিত্রাণ-সাধক জ্ঞানভক্তিসহযুত যানকে প্রাপ্ত করুন অর্থাৎ প্রদান করুন। আরও, হে আমার চিত্তবৃত্তিসমূহ (আত্মসম্বোধন)! তোমাদিগের হিতসাধনের জন্য অর্থাৎ আত্মার পরিত্রাণসাধন-কল্পে, অখিল-ব্রহ্মাণ্ডের আরাধ্য জগৎপূজ্য সেই পরমৈশ্বর্য্যশালী ভগবানকে ভক্তিসহযুত স্তুতির দ্বারা এবং সৎকর্ম্মের দ্বারা, তোমাদিগের অর্থাৎ আমাদিগের মধ্যে অবনমিত করিতেছি অর্থাৎ প্রতিষ্ঠিত করিতেছি। (মন্ত্রটী প্রার্থনা-মূলক ও আত্মোদ্বোধক। সংসারসমুদ্রে সৎকর্ম্মস্বরূপ ভগবানই একমাত্র পরিত্রাণকারক। সদ্ভাবের ও সৎকর্ম্মের দ্বারাই তিনি একমাত্র প্রাপ্তব্য। তাঁহার অনুগ্রহ-লাভের জন্য আমরা যেন সদ্ভাব-সম্পন্ন এবং সৎকর্ম্মপরায়ণ হই।)॥ (৪অ—৪খ—৩সূ—১সা)॥

* * *

অথবা—

হে আমার চিত্তবৃত্তিসমূহ! সংসার-সাগর-ত্রাণকারক অর্থাৎ সদা-সৎকর্ম্মপরায়ণ জনই, মহতী পরমার্থবুদ্ধি-সংযুত হইয়া, অভীষ্টফলকে সম্ভজনা করেন অর্থাৎ প্রাপ্ত হন। পরিত্রাণকারক দেবতা যেমন জ্ঞানভক্তিসহযুত সৎকর্ম্মরূপ যানকে প্রাপ্ত করান, সেইরূপ তোমাদের জন্য অর্থাৎ তোমাদিগের উৎকর্ষসাধনের অথবা আমাদিগের আপনার মঙ্গল সাধনের নিমিত্ত, জগৎপূজ্য পরমৈশ্বর্য্যশালী ভগবান্ ইন্দ্রদেবকে ভক্তিসহযুত স্তোত্র দ্বারা যেন আহ্বান করিতে সমর্থ হই। (মন্ত্রটী আত্মোদ্বোধক। ভাব এই যে,—সৎকর্ম্মপরায়ণ সাধকের ন্যায় আমি যেন ভগবানের অনুসরণে সঙ্কল্পবদ্ধ হই।)॥ (২অ—৩খ—৩সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'তরণিরিৎ' যুদ্ধাদৌ কর্ম্মণি ত্বরিত এব পুমান্ 'পুরন্ধ্যা' মহত্যা ধিয়া 'যুজা' সহায়ভূতয়া 'বাজং' অন্নং 'সিষাসতি' সম্ভজতে। 'পুরুহূতং' বহুভিরাহূতং 'ইন্দ্রং' 'গিরা' স্তুত্যা হে যজমানাঃ 'বঃ' যুষ্মদর্থং অহং 'আ নমে' আনতমভিমুখং কুর্ব্বে। তত্র দৃষ্টান্তঃ—'নেমিং' চক্রস্য বলয়ম্ 'সুদ্রুবং' শোভনদারুং 'তষ্টেব' যথা বর্দ্ধকিঃ দারুণো নমনময়তে তদ্বদিত্যর্থঃ ॥ ১ ॥

* * *

প্রথম (৮৬৭) সামের মর্ম্মার্থ।

*

এই মন্ত্রের অন্তর্গত 'বঃ' ও 'তরণিঃ' পদদ্বয় এবং 'নেমিং তষ্টেব সুদ্রুবং' মন্ত্রাংশ, মন্ত্রার্থ-নিষ্কাশনে নানা সমস্যা উপস্থিত করিয়াছে। ভাষ্যের ভাবে এবং তদনুসরণে প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রের অর্থ যেরূপ প্রচারিত হইয়াছে, আমাদিগের পরিগৃহীত অর্থ তাহা হইতে স্বতন্ত্র মূর্ত্তি পরিগ্রহ করিয়াছে।

মন্ত্রটী আত্মোদ্বোধক। মন্ত্রের অন্তর্গত 'বঃ' পদে ঋত্বিগ্‌যজমানের প্রতি লক্ষ্য আছে। ভাষ্যে 'বঃ' পদের অর্থ 'যুষ্মদর্থং' অর্থাৎ 'তোমাদিগের নিমিত্ত' পরিকল্পিত হইয়াছে। আমাদের ব্যাখ্যায় ঐ পদের লক্ষ্য—চিত্তবৃত্তিসমূহ। ভাব এই যে,—'চিত্তবৃত্তির উৎকর্ষের জন্য অর্থাৎ আমাদিগের আপনার মঙ্গল সাধনের নিমিত্ত'। আত্মার উৎকর্ষ সাধন হয়—চিত্তবৃত্তির উৎকর্ষ-সাধনে। 'বঃ' পদে এখানে সেই আত্মার বা আপনার মঙ্গল-সাধনের প্রতিই লক্ষ্য করা হইয়াছে। 'তরণিঃ' পদের ভাষ্যানুসারী অর্থ - 'যুদ্ধাদৌ কর্ম্মণি ত্বরিত এব' অর্থাৎ যুদ্ধাদি-ব্যাপারে ত্বরিতগতি'; ভাবার্থ—যুদ্ধাদিতে পারদর্শী। কিন্তু যুদ্ধাদি-ব্যাপারে পারদর্শী ব্যক্তির যে শ্রেয়ঃ লাভ

হয়, তাহা ভগবৎপরায়ণ জনের কামনার সামগ্রী হইতে পারে কি? 'তরণিঃ' পদের সেরূপ অর্থও সর্ব্বথা সিদ্ধ হয় না। 'তরণিঃ' পদের সাধারণ অর্থ—নৌকা বা ভেলা, যদ্দ্বারা নদী প্রভৃতি উত্তীর্ণ হওয়া যায়। তাহা হইতে ভাবগ্রহণ করিতে পারি—"সংসার-সমুদ্রত্রাণকারকঃ।' অভিজ্ঞ কর্ণধার যেমন তরণীর সাহায্যে বিপদসঙ্কুল সমুদ্র অনায়াসে উত্তীর্ণ হইতে সমর্থ হয়; সেইরূপ সৎকর্ম্মপরায়ণ ব্যক্তি আপনার সৎকর্ম্মরূপ তরণীর সহায়তায় সংসার-রূপ মহা-সমুদ্র অনায়াসে পার হইয়া থাকেন। এই ভাব হইতেই আমরা 'তরণিঃ' পদের 'সংসারসমুদ্রত্রাণকারকঃ, সদসৎকর্ম্মপরায়ণঃ জনঃ'—এই ভাব গ্রহণ করিয়াছি। তাহাতে মন্ত্রের প্রথমাংশের যে ভাব দাঁড়াইয়াছে, তাহা আমাদিগের মর্ম্মানুসারিণী ব্যাখ্যায় এবং বঙ্গানুবাদে পরিদৃষ্ট হইবে। সে হিসাবে মন্ত্রের প্রথমাংশ 'তরণিরিৎ' হইতে 'যুজা' পর্য্যন্ত অংশে এক নিত্যসত্য প্রকটিত হইয়াছে। সৎকর্ম্মের শুভফল যে অবশ্যম্ভাবী, পরমার্থবুদ্ধিযুক্ত হইলে যে সর্ব্বাভীষ্ট সিদ্ধ হয়, মন্ত্রের ঐ অংশ সেই নিত্য-সত্য-তত্ত্ব প্রকাশ করিতেছে বলিয়া আমরা মনে করি।

তার পর 'নেমিং ত্বষ্টেব সুদ্রুবং'—এই উপমা-বাক্যাংশের বিষয় অনুধাবন করুন। মন্ত্রের এই অংশে কোনও ক্রিয়াপদ নাই। ভাষ্যে 'আনময়তে' ক্রিয়াপদ অধ্যাহার করা হইয়াছে; অর্থ হইয়াছে 'ত্বষ্টা যেমন উত্তম কাষ্ঠ-বিশিষ্ট নেমিকে নমিত করেন।' তাহার সহিত সমন্বয়ে দ্বিতীয় পদের অবশিষ্ট অংশের অর্থ দাঁড়াইয়াছে—'সেইরূপ, স্তুতির দ্বারা পুরুহূত ইন্দ্রকে নমিত করিব।' উপমার এইরূপ অর্থে, মন্ত্রাংশে কোনও সুষ্ঠু সাত্ত্বিক ভাব প্রকটিত হইয়াছে বলিয়া মনে হয় না। আমাদের মতে 'ত্বষ্টা' পদে 'ত্রাণকারী দেবতার' প্রতি লক্ষ্য আছে। পূর্ব্বে অনেক স্থলে এতদর্থেই 'ত্বষ্টা' পদ পরিগৃহীত হইয়াছে। এস্থলেও আমরা 'ত্বষ্টা' পদের ঐ অর্থই অব্যাহত রাখিলাম। 'সুদ্রুবং' পদের ভাষ্যানুসারী অর্থ—'শোভনদারুং'। আমাদের মতে, 'সুদ্রুবং' পদে 'জ্ঞানভক্তিসহযুতং' অর্থ অধ্যাহৃত হইয়াছে। 'নেমি' পদে 'কর্ম্মরূপ যানকে' লক্ষ্য করা হইয়াছে বলিয়া মনে করি। কর্ম্ম সুশোভন হয় তখনই, যখন তাহা জ্ঞান ও ভক্তির দ্বারা পরিচালিত হয়। মন্ত্রাংশের ভাব এই যে, শোভনদারুবিশিষ্ট অর্থাৎ সুদৃঢ় যান যেমন সকল বাধাবিঘ্ন অতিক্রম করিয়া অনায়াসে আরোহীকে গন্তব্য-স্থানে লইয়া যায়; সেইরূপ ভগবানের অনুগ্রহে জ্ঞানসংযুত হইলে সৎকর্ম্ম-সাধনের দ্বারা ও সজ্‌জ্ঞানের সাহায্যে মানুষ অনায়াসে সংসার-সমুদ্র উত্তীর্ণ হইতে পারে। আমরা মনে করি, 'নেমিং ত্বষ্টেব সুদ্রুবং' মন্ত্রাংশে এই ভাবই পরিব্যক্ত হইতেছে। এ হিসাবে মন্ত্রের অপরাংশের যে সুষ্ঠু সঙ্গত অর্থ হয়, আমাদের ব্যাখ্যাদি-দৃষ্টে তাহা উপলব্ধ করুন।

ভাষ্যানুসরণে মন্ত্রের অর্থ হয়,—"ত্বরাবান্ ব্যক্তিই মহৎ কর্ম্মের বলে অন্ন ভজনা করে। ত্বষ্টা যেমন উত্তম কাষ্ঠ-বিশিষ্ট নেমিকে নমিত করেন, সেইরূপ স্তুতি দ্বারা পুরুহূত ইন্দ্রকে নমিত করিব।' এই ব্যাখ্যার সহিত আমাদের ব্যাখ্যার যে স্বাতন্ত্র্য সাধিত হইয়াছে, উভয় ব্যাখ্যা মিলাইয়া পাঠ করিলেই তাহা উপলব্ধ হইবে। মন্ত্রটী, আমরা মনে করি,—ভগবন্মাহাত্ম্য প্রকাশক এবং নিত্যসত্য-জ্ঞাপক। মন্ত্রে উদ্বোধনার এবং সঙ্কল্পের ভাবও প্রকাশ পাইয়াছে।

প্রার্থনাকারী সঙ্কল্প করিতেছেন,—'সৎকর্ম্মপরায়ণ সাধক যেমন অনায়াসে ভগবানের অনুগ্রহ লাভ করিতে সমর্থ হন; আমিও যেন সেইরূপ সৎকর্ম্ম-সাধনের দ্বারা ভগবানের অনুগ্রহ লাভ করিতে পারি।' উপমার ভাব-বিশ্লেষণে বুঝা যায়, ভগবদনুগ্রহে জ্ঞান-ভক্তিসংযুত সৎকর্ম্ম আপনিই অধিগত হয়। প্রার্থনা এই যে,—'আমিও যেন আমার মঙ্গলের নিমিত্ত জ্ঞানভক্তিসহযুত সৎকর্ম্মরূপ স্তুতির দ্বারা ভগবদনুগ্রহলাভে সমর্থ হই।

প্রথম প্রকার অন্বয়েও মন্ত্রের ভাব অপরিবর্ত্তিত রহিয়াছে। সাধারণ দৃষ্টিতে উভয়বিধ অন্বয়ে পার্থক্য অনুমিত হইলেও ভাবের কোনও পরিবর্ত্তন সাধিত হয় নাই। প্রথমবিধ অন্বয়ে মন্ত্রের ভাবের একটু উৎকর্ষ সাধিত হইয়াছে। 'যুজা' পদের এক সুষ্ঠু সঙ্গত অর্থ পাওয়া গিয়াছে। ঐ পদের অর্থ হইয়াছে,—'শুদ্ধসত্ত্বেন সহ সম্মিলিতঃ সন্' উহার আর এক অর্থ হইতে পারে,—'শুদ্ধসত্ত্বেন সহ সংযোজয়িত্বা, যদ্বা, হৃদি শুদ্ধসত্ত্বং উৎপাদয়িত্বা ইতি যাবৎ।' এইরূপে মন্ত্রের প্রথমাংশে 'তরণিরিৎ' হইতে 'সিষাসতি' পর্য্যন্ত অংশে নিত্যসত্যমূলক ভগবানের অপার করুণার বিষয় প্রকাশ পাইয়াছে। 'মানুষের কল্যাণ সাধন জন্য করুণাময় ভগবান্ তাহাদের শুদ্ধসত্ত্বের সহিত মিলিত হইয়া, অথবা মানুষকে শুদ্ধসত্ত্বে যোজিত করিয়া, কিংবা তাহাদের হৃদয়ে শুদ্ধসত্ত্বের সঞ্চার করিয়া তাহাদের অভীষ্ট পূরণ করেন।' এই সত্যের প্রতি লক্ষ্য রাখিয়া মানুষ যদি সৎকর্ম্মপরায়ণ হয়, ভগবান তরণীর ন্যায় তাহাদিগের উদ্ধার সাধন করেন। বিপদসঙ্কুল সমুদ্রে তরণীই যেমন মানুষকে রক্ষা করে; ঘোর সংসাররূপ সমুদ্রে সৎকর্ম্মস্বরূপ ভগবানও তেমনই মানুষের পরিত্রাণ সাধন করেন। সে ক্ষেত্রে প্রথমতঃ সৎকর্ম্মশীল হইতে হইবে, সদ্ভাবের বিকাশ করিতে হইবে। তাহা হইলেই ভগবানের অনুগ্রহলাভের অধিকার জন্মিবে। মন্ত্রের এ অংশের তাই উপদেশ,—'মানুষ, তুমি সৎকর্ম্মশীল হও, সদ্ভাবে মণ্ডিত হও। তাহা হইলেই ভগবান তোমার সর্ব্বাভীষ্ট পূরণ করিবেন।' তার পরই, প্রার্থনার ভাব প্রকাশ পাইয়াছে. 'ভগবান যখন এবম্বিধ করুণাপরায়ণ, সুতরাং ভবাব্ধিপারের একমাত্র সহায় পরিত্রাণসাধক জ্ঞানভক্তি-সমন্বিত সৎকর্ম্মরূপ তরণীকে আমাদিগকে প্রাপ্ত করান। ভাব এই যে,—তাঁহার অনুগ্রহে যেন আমরা সদ্ভাব-সমন্বিত হইয়া সত্যজ্ঞান লাভ করিয়া সৎকর্ম্ম-সাধনে সমর্থ হই; আর, সেই সৎকর্ম্মই যেন আমাদিগের ভবজলধি উত্তরণের সহায় হয়। পরবর্ত্তী অংশ আত্মসম্বোধনমূলক বলিয়া মনে করি। উহাতে সঙ্কল্পের ভাবও প্রকাশ পাইতেছে। বলা হইতেছে,—'এমন যে করুণাময় ভগবান্। আমরা আমাদের সৎকর্ম্মের দ্বারা, জ্ঞানভক্তিসহযুত হইয়া, তাঁহাকে যেন হৃদয়ে প্রতিষ্ঠিত করিতে সমর্থ হই। তাঁহার অনুগ্রহ লাভ করিলে, সংসার-বন্ধনের ভয় আর থাকিবে না। পরমার্থ-লাভে আমরা কৃতার্থ হইব।' (৪প—৪খ—৩সূ—১সা) ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩অ—১খ ১দ—৬সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের দ্বাত্রিংশ সূক্তের বিংশী ঋক্ (পঞ্চম অষ্টক, তৃতীয় অধ্যায়, বিংশ বর্গের অন্তর্গত)।

১র র ২ ১২ ২ ১
নেমিন্তস্টেবণা ২ ৩ উহাই। ওহা ৩ উবা। দ্রুণাম্। ঔ
৪ ৫ ২র র ১ ৫ ১
২ ৩ হোবা॥ (১) নেনিস্তঙ্গেণা ৩ সুদ্ধ্র ২ ৩ ৪ ণাম্। নামি-
র র র n ৩ ২ ২২
মিস্তস্টেবসুদ্রুণমন্তুষ্ট তিভ্রির্ণেণা দেবুণা ২ স্যন্তায়ি। ওণা ৩
২ ১র s ২ ১২ ২
উবা। নস্ত্রেণস্তাৎরয়া ২ ৩ য়িহায়া ওহা ৩ উবা।
১ ৪৫ ২র ১
নশাৎ ঔ ২ ৩ হোবা॥ (২) নস্ত্রেণস্তৎরা ৩ য়িম্মা
৫ ১ র
২ ৩ ৪ শাৎ। নাহস্ত্রেণস্তৎরয়িম্মশৎসুশাস্তারিম্মঘণস্ত-
n ৩ ২ ১২ ২ ১র র ২
জ্যম্মা ২ ণভায়ি। ওহা ৩ উবা। দেক্ষুযৎপারিয়া ২ ৩ য়িহায়ি।
১২ ২ ১ ২ ৩ ৫ ৪
ওহা ২ উবা। দিবা। ঔ ৩ হোবা। হো ৫ ঈ। ডা (৩) ॥১২॥ *

* * *

পঞ্চমঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১২
তিস্রো বাচ উদীরতে গাবো মিমন্তি ধেনবঃ।
১ র ৩ ১ ২
হরিরেতি কনিক্রদৎ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'তিস্রঃ বাচঃ' (ত্রিবিধাঃ, বাচঃ, ঋক্‌যজুঃ-সামভিঃ ইত্যর্থঃ) 'উদীরতে' (গায়ন্তি, প্রার্থয়ামঃ—বয়ং ইতি শেষঃ); তেন 'গাবঃ' (জ্ঞানকিরণাঃ) 'মিমন্তি' (উদ্দীপ্তাঃ ভবন্তু যথা দীপয়ন্তু—অস্মাকং হৃদি ইতি যাবৎ) অপিচ, 'ধেনবঃ' (জ্ঞানরশ্ময়ঃ) 'কনিক্রদৎ' (উদ্বোধয়ন্তু অস্মাকং চিত্তবৃত্তীঃ) ইত্যর্থঃ) 'হরিঃ' (পাপহারকঃ-সত্ত্বভাবঃ ইতি ভাবঃ) 'এতি'

---

* এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে উহার নাম—"রৌরবম্।"

(আগচ্ছতু—অস্মাকং হৃদি ইত্যর্থঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্ত্বভাবসমন্বিতং জ্ঞানং বয়ং লভেম ইতি ভাবঃ। (৪অ - ৫খ -১সূ—১সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

ঋক্-যজুঃ-সাম মন্ত্রের দ্বারা আমরা প্রার্থনা করিতেছি ; তদ্দ্বারা জ্ঞান-কিরণসমূহ আমাদিগের হৃদয়ে উদ্দীপিত হউক; অপিচ, জ্ঞানরশ্মিসমূহ আমাদিগের চিত্তবৃত্তিকে উদ্বোধিত করুক; পাপহারক সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে আগমন করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—সত্ত্বভাব-সমন্বিত জ্ঞান আমরা যেন লাভ করি।) ॥ (৪অ—৫খ—১সূ—১সা) ॥

• • •

সায়ণ-ভাষ্যং।

'তিস্রোবাচঃ' ঋগাদিভেদেন 'উদীরতে' প্রোদ্যায়ন্তি ঋত্বিজঃ। 'ধেনবঃ' আশিরেণ শ্রীণয়িত্র্যো 'গাবঃ' 'মিমন্তি' শব্দায়ন্তি দোহার্থং, 'হরিঃ' হরিতবর্ণঃ সোমশ্চ 'কনিক্রদৎ' শব্দং কুর্ব্বন্ 'এতি' গচ্ছতি দ্রোণকলশং ॥ (৪অ ৫খ—১সূ - ২সা) ॥

* * *

প্রথম (৮৬৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। এই মন্ত্রে জ্ঞান ও সত্ত্বভাব লাভের প্রার্থনা বিদ্যমান।

মন্ত্রান্তর্গত কয়েকটী পদসম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। 'গাবঃ' ও 'ধেনবঃ' পদদ্বয়ে যথাক্রমে আমরা জ্ঞানকিরণ ও জ্ঞানরশ্মি অর্থ গ্রহণ করিয়াছি। উভয় পদই একার্থক, কেবলমাত্র প্রার্থনার দৃঢ়তা বুঝাইবার জন্য দুইটী বিভিন্ন পদ ব্যবহৃত হইয়াছে। এই উভয় পদের অর্থ সম্বন্ধে আমরা পূর্ব্বে বহুবার আলোচনা করিয়াছি। সুতরাং এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। 'হরিঃ' পদে 'যিনি পাপ হরণ করেন' এই ভাবে 'পাপহারক' অর্থ নিষ্পন্ন হয়। শুদ্ধসত্ত্ব বা সত্ত্বভাবসমূহ পাপ বিনষ্ট করে, কলুষ বিদূরিত করিয়া মানুষকে পবিত্র করে। তাই মন্ত্রে সত্ত্বভাবলাভের জন্য প্রার্থনা আছে।

প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদিগের ব্যাখ্যার কিঞ্চিৎ অনৈক্য দৃষ্ট হইবে। প্রচলিত ব্যাখ্যায় প্রাচীন ভারতের গার্হস্থ্য জীবনের একটী চিত্র অঙ্কিত হইয়া থাকে। ঋষিগণের মধ্যে কেহ কেহ বেদগানে দ্যুলোক-ভূলোক পূর্ণ করিতেছেন,—পবিত্র করিতেছেন; কেহ বা পবিত্র সোমরস প্রস্তুত করিতেছেন এবং তাহারই অদূরে দাঁড়াইয়া পয়স্বিনী গাভীগণ হাম্বারবে দিক মুখরিত করিতেছে, যেন তাহারা তাহাদের অসীম স্নেহের দান গ্রহণ করিবার জন্য ঋষিগণকে আহ্বান করিতেছে। (৪অ—৫খ—১সূ—১সা)। *

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ—১খ - ৫সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের ত্রয়োবিংশতিতম সূক্তের চতুর্থী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

১ ২৩ ১২ ৩ ১২ ৩
ন দুষ্টুতির্দ্রবিণোদেষু শস্যতে
১ র ২র ৩ ১২
ন স্রেধন্তং রয়ির্নশৎ।
৩ ২ ৩ ১ ২ ৩ ২৩ ১২
সুশক্তিরিন্মঘবন্ তুভ্যং মাবতে
৩ ১র ২র ৩ ২
দেষ্ণং যৎপার্য্যে দিবি ॥ ২ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দ্রবিণোদেষু' (ধনদাতৃষু, পরমধনদাতরি ভগবতি, তৎসম্বন্ধিনি ইত্যর্থঃ) 'দুষ্টুতিঃ' (অসমীচীনা স্তুতিঃ, অনুপযুক্তা, ভক্তিবিহীনা প্রার্থনা ইতি ভাবঃ) 'ন শস্যতে' (নাভিধীয়তে, ভগবন্তং ন প্রাপ্নোতি ইতি ভাবঃ); 'রয়িঃ' (পরমধনং) 'স্রেধন্তং' (হিংসন্তং, যদ্বা সৎকর্ম্মরহিতং জনং) 'ন নশৎ' (ন ব্যাপ্নোতি, ন প্রাপ্নোতি); 'মঘবন্' (পরমধনদাতঃ হে দেব!) 'পার্য্যেদিবি' (পারণীয়ে দ্যুলোকে, পরমাকাঙ্ক্ষণীয়স্বর্লোকপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'তুভ্যং' (ত্বত্তঃ, সকাশাৎ) 'দেষ্ণং' (দাতব্যং, অস্মাকং প্রাপ্তব্যং) 'যৎ' (যৎ পরমধনং—অস্তি ইতি যাবৎ) তদ্ধনং 'সুশক্তিরিৎ (শোভন-স্তুতিক এব, প্রার্থনাপরায়ণায় ইত্যর্থঃ) 'মাবতে' (মৎসদৃশায় জনায়, মহ্যং ইত্যর্থঃ প্রযচ্ছ ইতি শেষঃ)। মন্ত্রোঽয়ং নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ। ভগবান কৃপয়া মহ্যং মোক্ষপ্রাপকঃ পরমধনং প্রযচ্ছতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৪অ—৪খ—৩সূ—২সা)॥

• * •

বঙ্গানুবাদ।

পরমধনদাতা ভগবানে অর্থাৎ তাঁহার সম্বন্ধে অনুপযুক্ত ভক্তিবিহীন প্রার্থনা ভগবানকে প্রাপ্ত হয় না; পরমধন সৎকর্ম্মরহিত ব্যক্তিকে প্রাপ্ত হয় না; পরমধনদাতা হে দেব! পরমাকাঙ্ক্ষণীয় স্বর্লোক প্রাপ্তির জন্য আপনার নিকট হইতে আমাদিগের প্রাপ্তব্য যে পরমধন আছে সেইধন প্রার্থনাপরায়ণ আমাকে প্রদান করুন। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক এবং প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বকআমাকে মোক্ষপ্রাপক পরমধন প্রদান করুন।)॥ (৪অ—১খ—১সূ—২সা)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

'দ্রবিণোদেষু' ধনদাতৃষু পুরুষেষু 'দুষ্টুতিঃ' অসমীচীনা স্তুতিঃ 'ন শস্যতে' নাভিধীয়তে। কিঞ্চ 'স্রেধন্তং' হিংসন্তং ধনদাতৃবিষয়-স্তুত্যাদি-কর্ম্মাণ্যকুর্ব্বন্তমিত্যর্থঃ, এবম্ভূতং জনং 'রয়িঃ' ধনং 'ন নশৎ' ন ব্যাপ্নোতি। তথা হে 'মঘবন্' ধনবন্নিন্দ্র! 'পার্য্যে দিবি' দৌত্যে দিবসে 'মাবতে' মৎসদৃশায় স্তোত্রে 'দেষ্ণং' দাতব্যং 'যৎ' ধনমস্তি তৎ 'তুভ্যং' ত্বত্তঃ সকাশাৎ "সুশক্তিরিৎ' শোভনস্তুতিক এব স্তোতা লভত ইতি শেষঃ। 'নদুষ্টুতির্দ্রবিণোদেষুশস্যতে'— ইতি ছন্দোগাঃ 'নদুষ্টুতীমর্ত্ত্যোবিন্দতেবসু' – ইতি বহ্বৃচাঃ ॥ ২ ॥

ইতি চতুর্থাধ্যায়স্য চতুর্থঃ খণ্ডঃ সমাপ্তঃ।

দ্বিতীয় (৮৬৮) সামের মর্ম্মার্থ।

§ :*: §

মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। মোক্ষ বা মুক্তি সৎকর্ম্মসাধনের দ্বারা লাভ করা যায়। যাহারা সৎকর্ম্মসাধনে পরাঙ্মুখ, অথবা যাহারা সৎকর্ম্মবিদ্বেষী, যাহারা অসার কার্য্যে অমূল্যজীবন নষ্ট করিতেছে, তাহারা কখনও পরমসম্পদের অধিকারী হইতে পারে না। "নায়মাত্মা বলহীনেন লভ্যঃ"—দুর্ব্বলাত্মগণ, অসৎকর্ম্মান্বিত অথবা সৎকর্ম্মবিহীন ব্যক্তিগণ, কখনও আত্মলাভ করিতে পারে না। মন্ত্রে তাহাই পরিব্যক্ত হইয়াছে।

মন্ত্রের অপরাংশে পরমধনলাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। ভগবানই পরমধনদাতা সেই ধনভাণ্ডার তাঁহার সন্তানগণের জন্যই আছে। তাই বলা হইয়াছে, 'তুভ্যং দেষ্ণং'—'অর্থাৎ আপনি মানবকে যে ধন প্রদান করেন।' ইহা দ্বারা মানবের পরম আকাঙ্ক্ষণীয় মুক্তিকেই লক্ষ্য করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত দু'এক স্থল ব্যতীত বিশেষ কোনও অনৈক্য ঘটে নাই। উদাহরণ-স্বরূপ নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। বঙ্গানুবাদটী এই,—"মর্ত্ত্য মন্দ স্তুতি দ্বারা ধনলাভ করিতে পারেনা। ধন হিংসাকারীর নিকট যায় না। হে মঘবন্। দ্যুলোকে ও দিবসে মৎসদৃশ লোকের প্রতি তোমার যাহা দাতব্য আছে, তাহা সুকর্ম্মা ব্যক্তিই লাভ করে।" কোন কোনও স্থলে অনৈক্য ঘটিলেও মূলভাবের সঙ্গে এই ব্যাখ্যার অনেক সাদৃশ্য আছে। 'পার্য্যেদিবি' পদদ্বয়ে বিবরণকারের অনুসরণে "পারণীয়ে দ্যুলোকে" অর্থ গ্রহণ করিয়াছি। (৪অ–৪খ ৩সু–২সা)। *

— • —

তৃতীয় সূক্তের গেয়-গান।

২ ১ ৫ ১ র র
তরণিরিৎসা ৩ য়িষাসা ২ ৩ ৪ তী। বাহুজম্পুরন্ধ্যায়ুজাবইন্দ্র-
র ৮ ৩ ২ ১ ২ ২ ২র র ২
স্পুরুহূতমম্। ২ হ্নিগিরা ওহা ৩ উবা। নেমিস্তষ্টেরসূ ২ ৩ হাই।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের দ্বাত্রিংশ সূক্তের একবিংশী ঋক্ (পঞ্চম অষ্টক, তৃতীয় অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! আপনি প্রার্থনাকারী আমাদিগকে পরমধন সম্বন্ধীয় চতুঃ-সমুদ্র অর্থাৎ প্রভূতপরিমাণ পরমধন প্রদান করুন; প্রভূতপরিমাণ পরমধন প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে পরমধন প্রদান করুন।) (১অ—৪খ—১সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'রায়ঃ' ধনস্য সম্বন্ধিনশ্চ 'চতুরঃ সমুদ্রান্' মণিমুক্তাদি-ধনপূর্ণানিত্যর্থঃ। তাদৃশীন্ সমুদ্রান্ 'অস্মভ্যং' অর্থায় হে 'সোম!' 'বিশ্বতঃ' সর্ব্বতঃ 'আ পবস্ব'। তথা 'সহস্রিণঃ' অপরিমিতান কামান্ আপবস্ব প্রযচ্ছ চতুঃসমুদ্রস্য ধন-বিশেষ-প্রাপ্তৌ তন্মধ্যগত ধন-ভূমি-স্বামিত্বমন্তরেণ। সম্ভবাৎ চতুঃসমুদ্র-সহিত-ভূমণ্ডল স্বামিত্বমেবাশাস্তে যজমানঃ॥ ৩॥

* * *

তৃতীয় (৮৭১) সামের মর্ম্মার্থ।

§ * §

মন্ত্রটী প্রার্থনামূলক। প্রচলিত ব্যাখ্যাদিতেও মন্ত্রটীকে প্রার্থনামূলক বলিয়া গ্রহণ করা হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদত্ত হইল। "হে সোম! ধনসম্বন্ধীয় চারিটী সমুদ্রকে চারিদিক্ হইতে আমাদের নিকট আনয়ন কর এবং অপরিমিত অভিলাষ-সমূহকেও আনয়ন কর।" এই ব্যাখ্যাটী প্রায় ভাষ্যানুসারী। ভাষ্যকার 'সহস্রিণঃ' পদে 'অপরিমিতান্ কামান্' অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু মন্ত্রে কামনা বা অভিলাষের কোন উল্লেখ নাই। আমরা মনে করি 'সহস্রিণঃ' পদে মন্ত্রের মধ্যে বিবৃত পরমধনকেই লক্ষ্য করিতেছে। অবশ্য উহাতে দ্বিরুক্তি দোষ ঘটে বলিয়া আপাততঃ মনে হইতে পারে। কিন্তু প্রকৃতপক্ষে এই পুনরুক্তি প্রার্থনার ব্যাকুলতার নিদর্শন মাত্র।

এখানে একটী মন্ত্রের ব্যাখ্যা বিশেষ ভাবে দ্রষ্টব্য। 'পবস্ব' পদে ভাষ্যকার কোন প্রতিশব্দ প্রদান করেন নাই। আমরা পূর্ব্বানুরূপ, 'প্রযচ্ছ' অর্থই গ্রহণ করিয়াছি। অন্যান্য স্থলে সোমকে তরলদ্রব্য রূপে গ্রহণ করিয়া ভাষ্যকার 'পবস্ব' পদের ব্যাখ্যা করিতেন-'ক্ষরিত হও'। কিন্তু বর্ত্তমান মন্ত্রে তাহা অসঙ্গত হইবে ভাবিয়া ভাষ্যকার 'প্রক্ষর' প্রতিশব্দ প্রদান করেন নাই; ঐ পদের ব্যাখ্যা সম্বন্ধে তিনি নীরব। কিন্তু অন্বয়ের দ্বারা তাহার ভাব স্পষ্ট হইয়াছে সে ভাব-আমাদিগের জন্য প্রদান কর।' 'পবস্ব' পদের এই অর্থ আমরা পূর্ব্বাপরই গ্রহণ করিয়া আসিতেছি। অন্যান্য বিষয়েও ভাষ্যের সহিত বিশেষ অনৈক্য ঘটে নাই॥ (৪অ—৫খ—২সূ—৩সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রয়োত্রিংশ সূক্তের ষষ্ঠী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

প্রথম সূক্তের গেয়-গান।

১ র র — র১ ২র১র ২১র ২ —
১। তিস্রোবাচা ২ উদীরতায়ি গাবো মিমন্তিধেনবঃ। হরিয়া ২ ৩ য়িতী। কণৌ ২।

১ s ২ ১ n ৩ ৫র র ১ —
হুবায়ি। হো ৩ বা ৩। ক্রা ২ দা ২ ৩ ৪ ঔহোবা॥ (১) অভিব্রহ্মা ২ য়ি

র১ ২১র র ২ — ১
রনূষতা। যহ্বীর্ঋতস্যমাতরঃ। মর্জ্জয়া ২ ৩ ন্তীঃ। দিবো ২। হুবায়ি।

S ২ ১ ২ ৫র র ১র —র ১
হো ৩ বা ৩। শা ২ য়িশা ২ ৩ ৪ ঔহোবা॥ (২) রায়ঃসমূ ২ দ্রা৺শ্চতুরাঃ।

২১ র র ২ — ১ s ২
অস্মভ্যা৺সোমবিশ্বতাঃ। আপবা ২ ৩ স্বা। সহো ২। হুবায়ি। হো ৩ বা।

১ n ৩ ৫র র ২র১২
স্রা ২ য়িণা ২ ৩ ৪ ঔহোবা। হাওবা। ওবা ২ ৩ ৪ ৫ (৩)।

* * *

৪ ৩ র ৪ ২৩র৫ ১ র ২ ১ ২
২। তিস্রোহ্ ৫ বা। চা ৩ উদীরতায়ি। গাবোমিম। তিধায়িতা ১ বা ২ ৩ঃ।

২ ২ ১ ২ ১২ ২ ১ A
হোবা ৩ হায়ি। হরায়িয়া ১ য়িতী ২ ৩। হোবা ৩ হায়ি। কর্নি। ক্রা ২

৩ ৫র র ৪৩ ৪ ২৩র৫ ১ র ২
দা ২ ৩ ৪ ঔহোবা। (১) অভাহ্ ৫ য়িব্র। হ্মা ৩ য়িরনূষতা। যাহ্বীর্ঋত।

১২ ১২ ২ ১ ২ — ১২
স্যমাতা ১ রা ২ ৩ঃ। হোবা ৩ হায়ি। মর্জ্জায়া ১ ন্তী ২ ৩ঃ। হোবা ৩

২ ১ n ২ ৫র র ৪র৩ ৪
হায়ি। দিবঃ। শা ২ য়িশা ২ ৩ ৪ ঔহোবা॥ (২) রায়াহ্ ৫ ঃ সম্। উ ৩

২র ৩৫ ১ ২ র ২ ২ ১২ ২
দ্রা৺শ্চতুরাঃ। অস্মাভ্যা৺সো। মবায়িশ্বা ১ তা ২ ৩ঃ। হোবা ৩ হায়ি।

১র ২ ১২ ২ ১ n ৩ ৫র র
আপাবা ১ স্বা ২ ৩। হোবা ৩ হায়ি। সহ। স্রা ২ য়িণা ২ ৩ ৪ ঔহোবা।

৩ ৫
দী ২ ৩ ৪ শাঃ (৩)।

* * *

দ্বিতীয়ং সাম।

৩ র　　২র　　　৩ ২　　৩ ১ ২　৩ ১ ২
অভি ব্রহ্মীরনূষত যহ্বীঃ ঋতস্য মাতরঃ।
৩ ১ ২　　৩ ১　　২র
মর্জ্জয়ন্তীর্দ্দিবঃ শিশুম্ ॥ ২ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ব্রহ্মীঃ' (ব্রহ্মপরায়ণৈঃ প্রেরিতাঃ উচ্চারিতাঃ বা ইত্যর্থঃ) 'যহ্বীঃ' (মহত্যঃ) 'মার্জ্জয়ন্তীঃ' (পাবয়ন্তীঃ পবিত্রকারিণ্যঃ ইত্যর্থঃ) 'ঋতস্য মাতরঃ' (সত্যস্য মাতৃস্থানীয়াঃ, প্রার্থনাঃ ইতি ভাবঃ) 'দিবঃ শিশুং' (দ্যুলোকস্য শিশুস্থানীয়ং স্বর্গজাতং দেবভাবং ইতি যাবৎ) 'অভ্যনূষত' (স্তুবন্তি, কাময়ন্তি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবৎপরায়ণাঃ সাধকাঃ দেবভাবং প্রার্থয়ন্তি—ইতি ভাবঃ। (৪অ—৫খ—১সূ ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

ব্রহ্মপরায়ণগণ কর্ত্তৃক প্রেরিত অর্থাৎ উচ্চারিত মহৎ পবিত্রকারক সত্যের মাতৃস্থানীয় প্রার্থনা স্বর্গজাত দেবভাবকে কামনা করে। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবৎপরায়ণ সাধকগণ দেবভাব প্রার্থনা করেন।)। (৪অ—৫খ—১সূ—২স)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'ব্রহ্মীঃ' ব্রাহ্মণ—প্রেরিতাঃ 'যহ্বীঃ' মহত্যঃ 'যহ্বঃ'-ইতি মহন্নাম (নিঘ০ ৩।৩।১৩) 'ঋতস্য' যজ্ঞস্য 'মাতরঃ' নির্ম্মাত্র্যঃ স্তুতয়ঃ 'দিবঃ' দ্যুলোকাৎ 'শিশুং'-স্থানীয়ং সোমং 'মর্জ্জয়ন্তীঃ' পাবয়ন্তীঃ 'অভ্যনূষত' স্তুবন্তি (তৃতীয়স্যামিতোদিবি সোম আসীদিত্যাদি শ্রুতেঃ দ্যুশিশুত্বং তস্য)। 'মর্জ্জয়ন্তীঃ'—'মর্ম্মৃজানে'-ইতি পাঠৌ॥ (৪অ—৫খ—১সূ—২সা)॥

* * *

দ্বিতীয় (৮৭০) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্য-মূলক। ভাষ্যাদিতেও তাহা নিত্যসত্যমূলক বলিয়াই ব্যাখ্যাত হইয়াছে। অধিকাংশ স্থলে ভাষ্যাদির ব্যাখ্যার সহিত আমাদিগের ব্যাখ্যার শব্দগত মিল আছে। কিন্তু ভাষ্যকার এবং প্রচলিত ব্যাখ্যাকারগণ 'সোম' পদ অধ্যাহার করায় মন্ত্রের ভাব

সম্পূর্ণ পরিবর্ত্তিত হইয়াছে। নিম্নে প্রদত্ত একটী প্রচলিত বঙ্গানুবাদ হইতে বিষয়টী উপলব্ধ হইবে। বঙ্গানুবাদটী এই,—"স্তোতাকর্ত্তৃক প্রেরিত যজ্ঞের মাতৃস্বরূপ, বহু স্তুতি উচ্চারিত হইতেছে এবং দ্যুলোকের শিশুসদৃশ সোম মার্জ্জিত হইতেছেন।" এখানে 'সোম'কে দ্যুলোকের শিশু বলা হইয়াছে। কিন্তু 'সোম' কিরূপে দ্যুলোকের শিশু হয়েন, তাহা আমরা বুঝিতে অসমর্থ। দেবভাবই স্বর্গজাত, স্বর্গেই বিশুদ্ধ সত্ত্ব বা দেবভাবের জন্ম, সুতরাং 'দিবঃ শিশুং' বলিতে স্বর্গজাত দেবভাবকেই লক্ষ্য করে বলিয়া আমরা মনে করি।

অন্যান্য পদের ব্যাখ্যার সহিত ভাষ্যার্থকেই আমরা সমীচীন বলিয়া গ্রহণ করিয়াছি। 'ঋতস্য মাতরঃ' পদদ্বয়ে ভাষ্যকার প্রার্থনাকে লক্ষ্য করিয়াছেন। আমরাও তাহা সঙ্গত মনে করি। প্রার্থনা দ্বারাই সত্য লাভ হয়, প্রার্থনার শক্তিতেই সত্য-জ্যোতিঃ হৃদয়ে আবির্ভূত হয়। সুতরাং উক্ত পদদ্বয়ে প্রার্থনাকেই লক্ষ্য করিতেছে। 'ব্রহ্মীঃ' পদে বিবরণকার অর্থ করিয়াছেন—"ব্রহ্মণা যাঃ যাঃ সৃজ্যন্তে তা ব্রহ্মীঃ"। বিবরণকারের মত ভাষ্যাপেক্ষা অধিকতর সঙ্গত হইলেও তাহা বর্ত্তমান ক্ষেত্রের উপযোগী বলিয়া মনে হয় না। বিশেষতঃ 'ব্রহ্ম' পদে বেদে অনেকস্থলে প্রার্থনা অর্থ প্রকাশ করে। তাই আমরা 'ব্রহ্মীঃ' পদে 'ব্রহ্ম'পরায়ণৈঃ প্রেরিতাঃ অর্থ গ্রহণ করিয়াছি। (৪অ—৫খ—১সূ—২সা)। *

—— • ——

তৃতীয়ং সাম।

৩ ১ ২ ৩২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
রায়ঃ সমুদ্রা৺্শ্চতুরোঽস্মভ্য৺্ সোম বিশ্বতঃ।
১ ২ ৩ ১ ২
আ পবস্ব সহস্রিণঃ ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) ত্বং 'অস্মভ্যং' (প্রার্থনাকারিভ্যঃ অস্মভ্যং) 'রায়ঃ' (পরমধন-সম্বন্ধিনঃ) 'চতুরঃ সমুদ্রান্' (চতুঃসমুদ্রান্, সমুদ্রবৎ অসীমং, প্রভূতপরিমাণং, প্রভূত-পরিমাণং পরমধনং ইত্যর্থঃ) 'বিশ্বতঃ' (সর্ব্বতোভাবেন) 'আপবস্ব' (প্রক্ষর, প্রযচ্ছ); 'সহস্রিণঃ' (সহস্রসংখ্যাকং প্রভূতপরিমাণং—পরমধনং প্রযচ্ছ ইতি ভাবঃ)। প্রার্থনা-মূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মভ্যং পরমধনং প্রযচ্ছতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ—৫খ—১সূ—৩সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্রয়োত্রিংশ সূক্তের পঞ্চমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

১ র২র — ১ ২র — ১ ২ ১
৩। তিস্রোবাচউৎ। আ২ য়িরতায়ি। গাবো২। মা২৩য়িমা। ত্তিধা২

১ ২ — ১ ৭ ২
য়িনাবাঃ। হা২৩য়ীঃ। আ২য়িতায়ি। কনা২৩। হাউবা৩। ক্রা

৫ ২১ ১র ১ ২ — ১ ২
২৩৪দাৎ॥ (১) অভিব্রহ্মীয়। নূ২ষতা। যহ্বা২য়িঃ। আ২৩র্ত্তা।

১ ১ ২ —১ ৭ ২
স্তমা২ তায়াঃ। মা২৩র্জ্জা। যা২স্তারিঃ। দিবা২৩ঃ। হাউবা৩।

৫ ২র ২র — ১ ১ — ১
সা২৩৪য়িশূন্॥ (২) রায়ঃসমুদ্রান্। চা২তুরাঃ। অস্মা২। ভ্যা

২ ১ — ১ ২ —১ ৭
২৩৮দো। য়বা২য়িশা তাঃ। আ২৩পা। বা২স্বা। নহা২৩।

৩ ৫
হাউবা৩। স্রী২৩৪ণাঃ (৩)॥

* * *

১ র২র ২১র ২ ১র র ২ ২ ২
৩। তিস্রোবাচো। হায়ি। উদীরা২৩তায়ি। গাবোমিমন্তিধা১য়িণা৩বাঃ।

৩ ৫ ১২ ১ ৪৫
হরিরেতী২৩৪হায়ি। কানা৩য়িতায়ি। ক্রদাৎ। ঔ২৩হোবা। (১)

১ ২১ ২১র ২ ১র ২ ৩ ২ ৩
অভিব্রহ্মো। হায়ি। অনূষা২৩তা। যহ্বীর্ঋতস্যমা১তা৩রাঃ। মর্জ্জয়ন্তো

৫ ১ ২ ২ ১ ৪৫ ২র১
২৩হায়ি। দায়িবা৩হায়ি। শিশূম্। ঔ২৩হোবা। (২) রায়ঃসমো।

২র ১ ২ ১ র ২ ২ ২ র ৩
হায়ি। দ্রা৮শ্চতু২৩রাঃ। অস্মভ্যা৮সোমাবা১য়িশ্বা৩তাঃ। আপবস্বো

৫ ১২ ২ ১ ২ ৪
২৩৪হায়ি। সহা৩হা। স্ত্রিণা। ঔ৩হোবা। হো৫ঈ। ডা (৩)

* * *

১ ২র র ১ ২১র ২ ১ র ২ ১র ২
৫। তিস্রোবাচাঃ। উদীরা২৩তায়ি। গাবোমিম। তিধনা২৩বাঃ।

১ ১ ২ ১ ২র ১ ৫
হরায়িরা৩য়িতা৩য়ি। কানা২৩য়িহা৩৪৩য়ি। ক্রা২৩৪দো৬

৫ ১ ২ ১ ২১র ২ ১ র২ ১র
হায়ি। (১) অভিব্রহ্মায়িঃ। অনূষা২৩তা। যাহ্বীর্ঋত। স্তমাতা২৩

২ ১ ২ ২ ১ ২ ১ ৫
রাঃ। মর্জ্জায়া ৩ স্তী ৩ঃ। দায়িবা ২ ৩ হা ৩ ৪ ৩ য়ি। শা ২ ৩ ৪ য়িণো ৬
৫ ১র২ ২ ১ ২ ১ ২ র ১
হায়ি॥ (২) রায়ঃসমু। ত্রাঽশ্চতু ২ ৩ রাঃ। অস্মভ্যাঽংসো। মবিশ্বা ২ ৩
২ ১র ২ ২ ১ ২উ ১
স্তাঃআপাবা ৩ স্বা ৩। সাহা ২ ৩ তা ৩ ৪ ৩ য়ি। স্রা ২ ৩ ৪
৫ ৫
য়িণো ৬ তায়ি (৩)

* * *

২ ১র ৫ ২ ১ ২ ২ ১র ন৩ ৫
৬। ভিদ্রোণা ২ ৩ ৪ চাঃ। উদাগ্নিয়া ৩ ত্তা ৩ য়ি। গাবো ২ মা ২ ৩ ৪ য়িধা।
১ ২ —১ ১ র২ ৫রর ২১
স্তাবিধে ১ নাবা ২ঃ। হরা ২ ৩ য়িঃ। এত্তা ৩ ৪ ঔহোবা। কনি-
২A৩ ১ ১ ১ ১ ২ ১ ৫ ২ ১ ২ ২ ১ ন
ক্রদা ২ ৩ ৪ ৫ ৭॥ (১) অভিক্রা ২ ৩ ৪ ক্ষাঃ। স্বনূপা ৩ ত্তা ৩। যহ্বা ২
৫ ১২ — ১ ২ ৫রর
য়িরা ২ ৩ ৪ র্ত্তা। স্থমা ১ তারা ২ঃ। মর্জ্জা ২ ৩। য়স্থা ৩ ৪ ঔহোবা।
২ ১ ২ ৩ ১ ১ ১ ১ ২ ১ ৫ ২র ১২ ২
দিবঃশিশূ ২ ৩ ৪ ৫ ম্॥ (২) রায়ঃসা ২ ৩ ৪ মূ। ত্রাঽশ্চতূ ৩ রা ৩ঃ।
১ ন৩ ৫ ১৭ ১র ২ন
অস্মা ২ ভ্যা ২ ৩ ৪ ঽংসো। মাবিশ্বাস্তা ২ঃ। আপা ২ ৩। বস্বা ৩ ৩
৫রর ২ ১ ২ ৩ ১ ১ ১ ১
ঔহোবা। সহস্রিণা ২ ৩ ৪ ৫ঃ (৩)॥ ১২৩॥

* * *

প্রথমং সাম।

৩২ ৩ ১২ ৩ ২৩ ১২ ৩ ১২
সুতাসো মধুমত্তমাঃ সোমা ইন্দ্রায় মন্দিনঃ।
৩ ১২ ৩১ ২
পবিত্রবন্তো অক্ষরং দেবান্ গচ্ছন্তু
৩ ১২
বো মদাঃ॥ ১॥

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত ছয়টী গেয় গান আছে। উহাদের নাম যথাক্রমে,—(১) "পাষ্টৌহব" (২) "ক্ষুল্লকবৈষ্টম্ভ" (৩) "সাংহিতম্" (৪) "ঐড়সৈন্ধুক্ষিতম্" (৫) "গায়ত্রৌশনস" (৬) "বৈরূপম্"।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

'মধুমত্তমাঃ' (অতিশয়েন মাধুর্য্যোপেতাঃ, অমৃতোপমাঃ) 'সুতাসঃ' (অভিষুতাঃ, শুদ্ধাঃ) 'মন্দিনঃ' (পরমানন্দদায়কাঃ) 'পবিত্রবন্তঃ' (পরমপবিত্রাঃ, পবিত্রকারকাঃ) 'সোমাঃ' (সত্ত্বভাবাঃ) 'ইন্দ্রায়' (ইন্দ্রলাভায়, ভগবৎ-প্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'ক্ষরন' (ক্ষরন্তু, অস্মাকং হৃদি সমুদ্ভবন্তু ইত্যর্থঃ); বয়ং সত্ত্বভাবং লভেম ইতি ভাবঃ; হে সত্ত্বভাবাঃ। অস্মাকং হৃদয়স্থিতানাং 'বঃ' (যুষ্মাকং) 'মদাঃ' (পরমানন্দদায়কাঃ রসাঃ) 'দেবান' (দেবান অভিলক্ষ্য, ভগবদভিমুখেন) 'গচ্ছন্তু' (ঊর্দ্ধং গচ্ছন্তু ইত্যর্থঃ); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং ভগবন্তং প্রাপ্নুয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ ৫খ ২সূ ১সা)।

* * *

বঙ্গানুবাদ ।

অমৃতোপম বিশুদ্ধ পরমানন্দদায়ক পবিত্রকারক সত্ত্বভাবসমূহ ভগবৎপ্রাপ্তির জন্য আমাদিগের হৃদয়ে ক্ষরিত হউন; (ভাব এই যে—আমরা যেন সত্ত্বভাব লাভ করি); হে সত্ত্বভাব! আমাদিগের হৃদয়স্থিত আপনাদিগের পরমানন্দদায়ক রস ভগবদভিমুখে ঊর্দ্ধগমন করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন ভগবানকে প্রাপ্ত হই)॥ (৪অ—৫খ—২সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

'মধুমত্তমাঃ' অতিশয়েন মাধুর্য্যোপেতাঃ অতএব 'মন্দিনঃ' মদকরাঃ 'সুতাসঃ' অভিষুতাঃ সোমাঃ 'পবিত্রবন্তঃ' পবিত্রে বর্ত্তমানাঃ সন্তঃ 'ইন্দ্রায়ঃ' ইন্দ্রার্থং 'অক্ষরন্' পাত্রেষু ক্ষরন্তি। অথ প্রত্যক্ষকৃতঃ—'বঃ' যুষ্মাকং 'মদাঃ' মদহেতবঃ রসাঃ 'দেবান্' ইন্দ্রাদীন 'গচ্ছন্তু' ॥ ১ ॥

* * *

প্রথম (৮৭২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুইভাগে বিভক্ত। উভয় অংশেই প্রার্থনা আছে। প্রথম অংশে হৃদয়ে সত্ত্বভাব উপজনের জন্য এবং দ্বিতীয় অংশে প্রত্যক্ষভাবে সত্ত্বভাবকে সম্বোধন করিয়া তাহার সাহায্যে ভগবৎপ্রাপ্তির জন্য প্রার্থনা পরিদৃষ্ট হয়।

প্রথমে হৃদয়ে সত্ত্বভাব প্রাপ্তি ও তৎপরে ভগবৎচরণ লাভ। সত্ত্বভাবের দ্বারা হৃদয় ভগবানের অভিমুখে পরিচালিত হয়। সেই সত্ত্বস্বরূপ পরম দেবতাও কৃপা করিয়া সাধকের

দিকে অগ্রসর হয়েন। ক্ষুদ্র তরঙ্গিণী যেমন কুলকুলস্বরে হৃদয়সঙ্গীত গাহিয়া আপনার পরম আশ্রয় সাগরে গিয়া আত্মসমর্পণ করে, তেমনি ক্ষুদ্র সত্ত্বভাবকণা বৃহৎ অসীম সত্ত্বসমুদ্রে বিলীন হয়। আপনার বলিতে তাহার আর কিছু তখন থাকে না। যাঁহা হইতে উৎপত্তি তাঁহাতেই বিলয় প্রাপ্ত হয়। ইহাই মানবের—জগতের একমাত্র পরিণতি! প্রথমে হৃদয়ে ভগবৎভক্তির উদ্দীপনা, তারপর তাঁহার চরণে আত্মবিলয়। আমরা এই মন্ত্রে সাধনা ও সিদ্ধির এই ক্রমেরই অভিব্যক্তি দেখিতে পাই॥ (৪অ—৫খ—২সূ—১সা)॥

—•—

দ্বিতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ১
ইন্দুরিন্দ্রায় পবত ইতি দেবাসো অব্রুবন্।
৩ ১ ২র ৩ ২৩ ১২৩ ১২
বাচস্পতির্মখস্যতে বিশ্বস্যেশান ওজসঃ ॥ ২ ॥

* * *

মর্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দুঃ' (শুদ্ধসত্ত্বঃ) 'ইন্দ্রায়' (ভগবতে, ভগবৎপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'পবতে' (ক্ষরতি, লোকানাং হৃদি সমুদ্ভবতি ইতি ভাবঃ) 'দেবাসঃ' (দেবত্বং কাময়মানাঃ, দেবত্বাভিলাষিণঃ সাধকাঃ) 'ইতি' (এবংরূপং) 'অব্রুবন্' (ব্রুবন্তি); 'বিশ্বস্য' (সর্বস্য) 'ওজসঃ' (শক্তেঃ) 'ঈশানঃ' (অধিপতিঃ) 'বাচস্পতিঃ' (শব্দস্য স্বামী, জ্ঞানাধিপতিঃ দেবঃ ইত্যর্থঃ) 'মখস্যতে' (স্তুতিভিঃ পূজামিচ্ছতি, প্রার্থনাযুক্তে সৎকর্মাণি সাধকান্ প্রবর্তয়তি ইত্যর্থঃ); নিত্য-সত্য-মূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ হি লোকান্ মোক্ষমার্গানুসারিণঃ করোতি—ইতি ভাবঃ॥ (৪অ—৫খ—২সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

"শুদ্ধসত্ত্ব ভগবৎপ্রাপ্তির জন্য লোকদিগের হৃদয়ে সমুদ্ভূত হয়েন" —দেবত্বাভিলাষী সাধকগণ এরূপ বলেন; সকল শক্তির অধিপতি জ্ঞানাধিপতি দেবতা প্রার্থনাযুক্ত সৎকর্মে সাধকদিগকে প্রবর্তিত করেন।

---

* উত্তরার্চিকের এই মন্ত্রটী ছন্দার্চিকেও (৩প—৫অ—৮খ ৩সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতা নবম মণ্ডলের একাধিকশততম সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)।

(মন্ত্রটী নিত্যসত্য-মূলক। ভাব এই যে,—ভগবানই লোকদিগকে মোক্ষমার্গানুসারী করেন।)॥ (৪অ—৫খ— সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'ইন্দুঃ' সোমঃ 'ইন্দ্রায়' ইন্দ্রার্থং 'পবতে' কলশে ক্ষরতি 'ইতি' 'দেবাসঃ' স্তুতিকারিণঃ স্তোতারঃ 'অব্রুবন' বদন্তি; যদা স্তোতার এবং ব্রুবন্তি তদানীং 'বাচঃ' স্তুতেঃ 'পতিঃ' পালয়িতা যদ্বা শব্দস্য স্বামী অত্যন্তং শব্দায়মান ইত্যর্থঃ. তাদৃশঃ সোমঃ 'মখস্যতে' স্তুতিভিঃ পূজামিচ্ছতি (লালসায়াং সুগাগমঃ) কীদৃশঃ? 'ওজসঃ' বলবতঃ 'বিশ্বস্য' সর্বস্য 'ঈশানঃ' প্রভুঃ॥ 'ওজসঃ' - 'ওজসা' – ইতি পাঠৌ। (৪অ—৫খ—২সূ - ২সা)॥

* * *

দ্বিতীয় (৮৭৩) সামের মর্ম্মার্থ।

——§ : • : §——

নিত্যসত্য-প্রখ্যাপক এই মন্ত্রটী দুই অংশে বিভক্ত। প্রথম অংশে সত্ত্বভাবের শক্তি বর্ণিত হইয়াছে. এবং দ্বিতীয় অংশে ভগবানের লোকপ্রীতি পরিকীর্ত্তিত হইয়াছে।

যাঁহার হৃদয়ে সত্ত্বভাব আবির্ভূত হয়, তিনি অনায়াসেই মোক্ষ লাভ করিতে পারেন, ভগবানের চরণে পৌঁছিতে সমর্থ হয়েন। দেবত্বাভিলাষী ব্যক্তিগণ এই সত্য অবগত আছেন এবং সেই জন্য তাঁহারা শুদ্ধসত্ত্ব লাভের জন্য প্রাণপণ চেষ্টা করিয়া থাকেন। কারণ শুদ্ধসত্ত্বের প্রভাবেই তাঁহারা দেবত্বলাভ করিতে সমর্থ হয়েন।

ভগবানই মানুষকে সৎকর্ম্মে প্রবর্ত্তিত করেন। তিনি অন্তরের দেবতারূপে মানুষকে সুপথে পরিচালিত করেন। তাঁহার আদেশেই মানুষ আপনার জীবনের উদ্দেশ্য সাধনে ব্রতী হয়। তিনি মানবের মধ্যে যে অনন্ত উন্নতির বীজ দিয়াছেন, যে অনন্ত জীবনের আকাঙ্ক্ষা দিয়াছেন, তাহাই মানুষকে ঊর্দ্ধদিকে লইয়া যায়। ভগবৎশক্তি মানুষকে মোক্ষমার্গে পরিচালন করে। মন্ত্রের দ্বিতীয়াংশে ইহাই বিবৃত হইয়াছে।

মন্ত্রান্তর্গত 'মখস্যতে' পদে আমরা প্রায় ভাষ্যানুযায়ী অর্থই গ্রহণ করিয়াছি। ঐ পদের ভাষ্যানুযায়ী ব্যাখ্যা—"স্তুতিভিঃ পূজামিচ্ছতি" অর্থাৎ সাধকগণের নিকট হইতে প্রার্থনা সমন্বিত পূজা পাইতে ইচ্ছা করেন। সেই ইচ্ছা সাধকের জীবনে সৎকর্ম্মরূপে পর্য্যবসিত হয়। তাই উক্তপদে আমরা, ভাষ্যের অনুসরণে, 'প্রার্থনাযুতে সৎকর্ম্মণি সাধকান্ প্রবর্ত্তয়তি' অর্থ গ্রহণ করিয়াছি॥ (৪অ—৫খ - ২সূ - ২সা) *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একাধিকশততম সূক্তের পঞ্চমী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
সহস্রধারঃ পবতে সমুদ্রো বাচমীঙ্খয়ঃ।
২ ৩ ১ ২ ৩ ১ ২র ৩ ১
সোমস্পতী রয়ীণা৺ সখেন্দ্রস্য দিবেদিবে ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সমুদ্রঃ' (সমুদ্রবৎ) 'সহস্রধারঃ' (বহুধারোপেতঃ) 'বাচমীঙ্খয়ঃ' (স্তুতীনাং প্রেরয়িতা ভগবদ্ভক্তিদায়কঃ ইত্যর্থঃ) 'রয়ীণাং পতি' (ধনানাং স্বামী, পরমধনপ্রদাতা) 'ইন্দ্রস্য সখা' (ভগবতঃ মিত্রভূতঃ, ভগবৎপ্রাপকঃ, ভগবৎশক্তি-স্বরূপঃ ইত্যর্থঃ) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'দিবে দিবে' (প্রত্যহং, নিত্যকালং ইত্যর্থঃ) 'পবতে' (ক্ষরতু, অস্মাকং হৃদি আবির্ভবতু); মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ। বয়ং ভগবৎপ্রাপকং শুদ্ধসত্ত্বং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ—৫খ—২সূ ৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

সমুদ্রবৎ বহুধারোপেত ভগবদ্ভক্তিদাতা পরমধনপ্রদাতা ভগবৎ-শক্তি-স্বরূপ সত্ত্বভাব নিত্যকাল আমাদিগের হৃদয়ে আবির্ভূত থাকুক (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে আমরা যেন ভগবৎপ্রাপক শুদ্ধসত্ত্ব লাভ করি।)। (৪অ—৫খ—২সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'সহস্রধারঃ' বহুবিধারোপেতঃ 'সোমঃ' 'পবতে' ক্ষরতি। কীদৃশঃ? 'সমুদ্রঃ' সমুদ্দ্রবন্তি 'রসাঃ' রসস্থানীয়ঃ 'বাচমীঙ্খয়ঃ' (ঈঙ্খতের্ণ্যন্তস্য সুপ্যুপপদে খশ্‌ প্রত্যয়ঃ) স্তুতীনাং প্রেরয়িতা 'রয়ীণাং' ধনানাং 'পতিঃ' প্রভুঃ (যদ্বা 'রয়ীণাং' হবিষোদাতৄণাং যজমানানাং 'পতিঃ' পালয়িতা) 'দিবেদিবে' প্রত্যহং 'ইন্দ্রস্য' 'সখা' মিত্রভূতঃ সোমঃ পবতে। 'সোমস্পতিঃ'—'সোমঃপতিঃ' ইতি পাঠৌ। (৪অ ৫খ—২সূ ৩সা)॥

* * *

তৃতীয় (৮৭৪) সামের মর্ম্মার্থ।

প্রথমেই এই মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদান করিতেছি। তাহা এই,—"দিন দিন সোম সহস্রধারায় ক্ষরিতেছেন, ইনি সমুদ্রবৎ, ইহা হইতে বাক্যের স্ফূর্ত্তি হয়, ইনি ধনের অধিপতি এবং ইন্দ্রের বন্ধু।"

এই বঙ্গানুবাদ অনেকটা ভাষ্যের অনুযায়ী। ভাষ্যকার 'সমুদ্রং' পদে 'সমুদ্রবন্তি রসঃ, 'রসস্থানীয়ঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা এখানে 'সমুদ্র' পদের অর্থব্যত্যয় ঘটাইবার কোন কারণ খুঁজিয়া পাই না। আমাদের মনে হয়, 'সমুদ্রং' পদে এখানে সত্ত্বভাবের অসীমত্ব, ও বহুশক্তির প্রতি লক্ষ্য করা হইয়াছে। 'সহস্রধারঃ' পদে এই ভাবেরই সমর্থন করিতেছে। সত্ত্বভাব 'বহুধারোপেতঃ'—বহুশক্তিসম্পন্ন, সর্ব্বব্যাপক। তাই সত্ত্বভাব সম্বন্ধে এই দুইটী বিশেষণ উপযুক্ত ভাবেই ব্যবহৃত হইয়াছে।

'বাচমীঙ্খয়ঃ' পদের ভাষ্যানুগত ব্যাখ্যা 'প্রার্থনার প্রেরক।' মানুষের হৃদয়ে যখন ভক্তির সঞ্চার হয়, তখন তিনি ভগবানের চরণে প্রার্থনাপরায়ণ হয়েন। তাই বাচমীঙ্খয় পদে 'ভগবদ্ভক্তিদায়ক' অর্থ গ্রহণ করা হইয়াছে। সত্ত্বভাবই ভগবানের পরম শক্তি-স্বরূপ। অধিকন্তু উহাই মানুষ ও ভগবানের মধ্যে যোগসূত্র। ভগবানের মঙ্গলময় নীতি অনুসারে জগৎকে পরিচালনা করে এই সত্ত্বভাব। তাই শুদ্ধসত্ত্বকে 'সখেন্দ্রস্য' বলা হইয়াছে। অন্যান্য পদের ব্যাখ্যা সম্বন্ধে ভাষ্যাদির সহিত আমাদের বিশেষ কোন অনৈক্য ঘটে নাই। (৪অ—৫খ ২সূ ৩সা)।

—*—

দ্বিতীয় সূক্তের গেয়-গান।

৫র ৩র২ ৪ ৫ ১রর র ১ ২
১। সুতা। সোমা ৩। ধুমন্তমাঃ। সোমাইন্দ্রায়মন্দিনা ২ ৩ঃ। পাবিত্রবা ৩ ১

৪র ১ র ২ ৪র ৫ ৪
২ ৩। ন্তোআ ৫ ক্ষরান। দায়িবানগচ্ছা ৩ ১ ২ ৩। তুবোবা। মা ৫ দো ৬

৫ ৫ ৩ ২ ৪ ৫ ১ র র র
হায়ি॥ (১) ইন্দ্রঃ। ইন্দ্রা ৩। য়্রপবতায়ি। ইতিদেবাসো অব্রুা ২ ৩

৫ ১ ২ ৪ ২ ১ ১ র২
ন। বাচস্পতা ৩ ১ ২ ৩ য়িঃ। মখা ৫ স্যতায়ি। বায়িশ্বস্যেশা ৩ ১ ২ ৩।

৪ ৫ ৪ ৫ ৫ ৩ ২ ৪ ৫
নওবা। জা ৫ সো ৬ হায়ি॥ (২) সহ। স্রধা ৩। রঃপবতায়ি।

১ র র র ১ ২ ৪ ১ র ২
সমুদ্রোবাচমীঙ্খয়া ২ ৩ঃ। সোমস্পতা ৩ ১ ২ ৩ য়ি। রয়া ৫ য়িণাম্। সাখেন্দ্রস্যা

৪ ৫ ৪ ৫
৩ ১ ২ ৩। দিবোবা। দা ৫ য়িবো ৬ হায়ি (৩)॥

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একাধিক শততম সূক্তের ষষ্ঠী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বিতীয় বর্গের অন্তর্গত)।

২র র ২ ১র ২ ২ ২ ২৩২
২। সুতাসোমা। ধুমা ৩ ত্তমাঃ। সোমাইন্দ্রা ৩ য় মা ৩। এ ৩। দিনআ।

১ ২ ২ ২ ২৩২. ১ ২ ২ ২
পবায়িত্রবা ৩ ন্তো ৩। এ ৩। ক্ষরন্না। ন্দায়িবানুগচ্ছা ৩ ন্তুবা ৩ঃ। এ ৩।

২৩র২ ২ ২ ২র র ৫ ২
মদাআ॥ (১) ইন্দুরিন্দ্রা। য়পা ৩ বত্তায়িদেবা ৩ সো ৩। এ ৩।

২ ৩২ ১র ২ ২ ২ ২ ৩ ২ ১ ২র
ব্রুবন্না। বাচস্পতা ৩ য়ির্ম্মখা ৩। এ ৩। স্য ৩ আ। বিশ্বস্যেশা ৩

২ ২ ২৩২ ২ ২
ন ও ৩। এ ৩। জসআ॥ (২) সহস্রধা। রঃপা ৩ বতায়ি।

১ ২র ২ ২ ২৩২ ১র ২ ২
সমুদ্রোবা ৩ চমা ৩ য়ি। এ ৩। খয়আ। সোমাস্পতা ৩ য়িরয়া ৩ য়ি।

২ ২ ২ ১ ২ ২ ২ ২৩২
এ ৩। ণা ৩ মা। সথেন্দ্রস্যা ৩ দিনা ৩ য়ি। এ ৩। দিনআ (৩)॥

* * *

২র র ২ ১রর র ২ ১ —
৩। সুতাসোমধুমা ১ ত্তামাঃ। সোমাই। দ্রায়া ২ ৩ ভা। হুম্মা ২ ১ ২ ২।

১ ২১২র ৩১১১১ ১ ২ ২ —১
দিনঃপবিত্রবন্তো অক্ষরা ২ ৩ ৪ ৫ ন। দায়িবা ৩ উবা। গা ২ চ্ছা। তু ২ ৩

২ ১ ২ ৪৫ ২ র ২ ১ র
বো। মদা। ঔ ৩ হোবা॥ (১) ইন্দুরিন্দ্রায়পা ১ বাত্তায়ি। ইতিদে।

র ২ ১ — ১২র১ ৩১১১১
বাসো ২ ৩ আ। হুম্মা ২ ১ ২ ২। ব্রুবন্বাচস্পতির্ম্মখস্যতা ২ ৩ ৪ ৫ য়ি।

১ ২ ২ —১ ১ ১ ২ ৪৫
বায়িশ্বা ৩ উবা। স্যা ২ য়িশা। না ২ ৩ ঔ। জসা। ঔ ৩ হোবা॥ (২)

২ র ২ ১ র ২ ১ —
সহস্রধারঃপা ১ বাত্তায়ি। সমুদ্রঃ। বাচা ২ ৩ মা। হুম্মা ২ ১ ২ ২।

১ র২১র২৩র২ ২ ২ —১ ২ ১
খয়ঃসোমস্পতীরয়ীণা ১ ম্। সাখা ৩ উবা। ন্দ্রা ২ স্যা। দা ২ ৩ য়িবে দিবা।

২ ৪৫ ৪
ঔ ৩ হোবা। হো ৫ ঈ। ডা (৩)॥

* * *

১ ২ ২A ৩২১ — ১ র২ ২Λ ৩২র১ = ১র ২
৪। সহস্রধা ৩ হা। রঃপবাতা ২ য়ি। সমুদ্রোবা ৩ হা। চমীঙ্খায়া ২ঃ সোমস্তা ৩
২ ১ — ১র ২ ২A ৩২ ১ ৫
য়িহায়ি। রয়ায়িণা ২ ম্। সখেন্দ্রস্তা ৩ হায়ি। দিবা ৩ হো ২ ৩ ৪। বা।
৪ ৫
দা ৫ য়িসো ৬ হায়ি (৩)॥

* * *

১ র র ২ ২n ৩২১ — ১বর ২ ২n ৩২১ —
৫। স্তুতাসোমা ৩ হা। ধুমত্তামা ২ঃ। সোমাইন্দ্রা ৩ হা। য়মন্দায়িনা ২।
১ ২ ২n ৩র২১ — ১রর ২ ২n ৩২ ১
পবিত্রবা ৩ হা। ভোঅক্ষায়া ২ ন। দেবানগচ্ছা ৩ হা। তুবো ৩ হো ২ ৩ ৪।
৫ ৪ ৫ ১ ২ ২Λ ৩২১ —
বা। যা ৫ দো ৬ হায়ি॥ (১) ইন্দুরিন্দ্রা ৩ হা। য়পবাতা ২ য়ি।
১ র২ ২A ৩র২১ — ১র ২ ২ ৩২১ —
ইতিদেবা ৩ হা। সোঅব্রুবা ২ ন। বাচস্পতা ৩ য়িহায়ি। মখস্তাতা ২ য়ি।
১ র২ ২u ৩২ ২ ৫ ৪ ৫
বিশ্বস্তেশা ৩ হা। নও ৩ হো ২ ৩ ৪। বা। জা ৫ সো ৬ হায়ি॥ (২)
১ ২ ২n ৩২১ — ১ র২ ২n ৩২র১
সহস্রধা ৩ হা। রঃপবাতা ২ য়ি। সমুদ্রোবা ৩ হা। চমীঙ্খায়া ২ঃ।
১র ২ ২ ১ — ১র২ ২n ৩২
সোমস্পতা ৩ য়িহায়ি। রয়ায়িণা ২ ম্। সখেন্দ্রস্তা ৩ হায়ি। দিবা ৩
১ ৫ ৪ ৫
হো ২ ৩ ৪। বা। দা ৫ য়িবো ৬ হাই (৩)॥

* * *

৫র ৩র২ ২ ২ ৩২১ র৫র ৩২
৬। সুস্তা। সোমা ৩। হা ৩ হা। ধুমত্তামা ২ ৩ ৪ঃ। সোমাঃ। ইন্দ্রা ৩।
২ ২n ৩২১ ৫ ৩২ ২ ২n ৩র২
তা ৩ হা। য়মন্দায়িনা ২ ৩ ৪ঃ। পবি। ত্রবা ৩। হা ৩ হা। ভোঅ-
১ — র৫র ৩২ ২ ২A ৩২ ১
ক্ষায়া ২ ৩ ৪ ন্। দেবান্। গচ্ছা ৩। হা ৩ হা। তুবো ৩ হো ২ ৩ ৪।
৫ ৪ ৫ ৫ ৩২ ২ ২n ৩২১
বা। যা ৫ দো ৬ হায়ি॥ (১) ইন্দুঃ। ইন্দ্রা ৩। হা ৩ হা। য়পবাতা ২ ৩ ৪
৫ ৩র২ ২ ২Λ ৩র২১ র৫
য়ি। ইতি। দেবা ৩। হা ৩ হা। সোঅব্রুবা ২ ৩ ৪ ন্। বাচঃ।

৩ ২ -২ ২n ৩২ ১ ৫ ৩র ২
পতা ৩ য়িঃ। হা ৩ হায়ি। মথস্তার্ত্তা ২ ৩ ৪ য়ি। বিশ্ব। স্তেশা ৩।

২ ২n ৩২ ২ ৫ ৪ ৫ ৫
হা ৩ হা। নও ৩ হো ২ ৩ ৪। বা। জা ৫ সো ৬ হায়ি॥ (২) সহ।

৩২ ২ ২n ৩ ২ ১ ৫ ৩র২ ২ ২n
স্রধা ৩। হা ৩ হা। রঃপবাতা ৩ ৬ ৪ য়ি। সম্। দ্রোণা ৩। হা ৩ হা।

৩২র ১ র ৫ ৩ ২ ২ ২n ১
ফমোজ্ঝায়া ২ ৩ ৪ ঃ সোমঃ। পন্তা ৩ য়ি। হা ৩ হায়ি। রয়ায়িণা ২ ৩ ৪

৫ ৩ ২ ২ ২ ৩ ২ ১
ম্। সথে। ব্রস্তা ৩। হা ৩ হায়ি। দিবা ৩ হো ২ ৩ ৪।

৫ ৪ ৫
বা। দা ৫ য়িবো ৬ হায়ি (৩)॥

* * *

২ ১র২র১ ২ ২ -- ৫ n ৩২ ৩ ৫
৭। সুতাসোমধুমত্তগাঃ। সোমা ২ ৩ ইন্দ্রা ২। য়মা ৩ ৪ ৫। দী ২ ৩ ৪ নাঃ।

২ ১ ২ র ^৩ ১ ১ ১ ৩র র ২ ১ ২ ১র ২n
পবিত্রবন্তোঅক্ষরা ২ ৩ ৪ ন্। দেবানগচ্ছা। ভুবোমা ২ ৩ দা ৩ ৪ ৩ ঃ॥ (১)

১২ ১র ১ — ১র A ৩র ২ ৩ ৫
ইন্দুরিন্দ্রায়পবতায়ি। আয়িত্তা ২ য়িদেণা ২। সোত্মা ৩ ৪ ৫। ত্র ২ ৩ ৪ বান্।

২র১ ২ A ৩ ১ ১ ১ ১ ৩ ২র ১ ২১র ২n
বাচম্পতির্ম্মথস্তা ২ ৩ ৪ ৫ য়ি। বিশ্বস্তেশা। নওজা ২ ৩ সা ৩ ৪ ৩ ঃ॥ (২)

২১ ২র ১ — ১র ^ ৩ ২ ৩ ৫
সহস্রধারঃপবতায়ি। সামু ২ দ্রোবা ২। চমা ৬ ৪ ৫ য়ি। খা ২ ৩ ৪ য়াঃ।

১র২ ১৩র২৩৫২ ৩ র২ ১ ২১র
সোমস্তীরয়ীণা ১ ম্। সথেপ্রস্থা। দিবেদা ২ ৩

২n ১
য়িবা ৩.৪ ৩ য়ি। ও ২ ৩ ৪ ৫ ঈ (৩)॥

* * *

৫ র ২ ২ ৫৪ ৫ ২র ১ ২ ১ n ৩২ ৩ ৫
৮। সুতাসো ৩ সাহধুমন্তমাঃ। সোমাইন্দ্রা ২। য়মা ৩ ৪ ৫। দী ২ ৩ ৪ নাঃ।

২ ১ ২ র n৩ ১ ১ ১ ১ ১ ২^৩ ৫ ১ ২n৩
পবিত্রবন্তোঅক্ষরা ২ ৩ ৪ ৫ ন্। দায়িবাও ২ ৩ ৪ ৫ বা। গাচ্ছাও ২ ৩ ৪

৫ ৪ ৫ র ৪s৫৫ ৫ ২ ১ ২র১ n
বা। ভুবো ৫ মদাঃ॥ (১) ইন্দুরা ৩ য়িন্দ্রোয়পবত্তায়ি। ইত্তায়িদেবা ২।

৩র২u ৩ ৫ ২র১ ২ n ৩ ১ ১ ১ ১
সোআ ৩ ৪ ৫। ব্রু ২ ৩ ৪ বান। বাচস্পতির্ম্মখস্তা ২ ৩ ৪ ৫ য়ি।

১ ২^ ৫ ঃ ২^৩ ৫ ৪ ৫ ২
বায়িশাও ২ ৩ ৪ বা। স্যায়িষাও ২ ৩ ৪ বা। নও.৫ জসাঃ॥ (২) সহস্রা ৩

৪s৫ ৪ ৫ ২১২র ১ ^ ৩২ ৩ ৫ ১র
ধারঃপবস্তায়ি। সমুদ্রোবা ২। চয়া ৩ ৪ ৫ য়ি। খা ২ ৩ ৪ য়াঃ। সোম-

১ র ২৩র২ ২ ৩ ৫ ১ ২n৩ ৫ ৪
স্পতীরয়িণা ১ য়। সাখাও ২ ৩ ৪ যা। দ্রাস্যাও ২ ৩ ৪ বা; দিবে ৫

৪
দিবায়ি। ভো ৫ ঈ। ডা (৩)॥

* * *

৩২ ২ ৪ ৫ ২ ৫ ১ র
৯। স্তুতা ৩ ১। সো ৩ মাহ। ধুম। তা ৩ ম। এহিয়া। সো। মাইন্দ্রায়া।

২ ১ — ১র — ১ ২ ৪ ৫
ম। দিনা ২ঃ। এহিয়া ২। পবিত্রবাস্তো ৩ আ ৩। ক্ষা ২ ৩ ৪ রান্।

১র — ১র — র র ১ ২ ৪ ২
ঔহা ২ য়ি। এহিয়া ২। দেবানগাচ্ছাস্ত, ৩ বোত। মা ৩ ৪ ৫ দো ৬

৫ ৩ ২ ২ ৪s ৫ ২ ৪র ৫ ৯
হায়ি। ইন্দু ৩ ১ঃ। আ ৩ য়িন্দ্রা। য়প। বা ৩ তে। এহিয়া। আয়ি।

র র ২ ১ -- ১র -- র ১ ২ ৪
ভিদেবাসো। অ। ক্রবা ২ ন। এহিয়া ২। বাচস্পতায়ির্ম্মা ৩ খা ৩।

৫ ২র — ১র -- ১র ২ ৪ ২
স্তা ২ ৩ ৪ তায়ি। ঔহা ২ য়ি। এহিয়া ২। বিশ্বস্তেশানা ৩ ও ৩। জা ৩ ৪ ৫

৫ ৩ ১ ২ ৪s. ৫ ২ ৪র ৫
সে ৬ হায়ি॥ (২) সহা ৩ ১। স্রা ৩ ধা। রঃপা। বা ৩ তে। এহিয়া।

১ র র ২র ১ -- ১র — র ১ ২ ৪
সাগ্। উদ্রোবাচাম্। ঈ। থয়া ২ঃ। এহিয়া ২। সোমস্পাতী ৩ রা ৩।

৫ ১র — ১র -- র ১ ২ ৪
য়া ২ ৩ ৪ য়িণাম্। ঔহা ২ য়ি। এহিয়া ২। সখেন্দ্রস্যাদা ৩ য়িবে ৩।

২A ৫
দা ৩ ৪ ৫ য়িবো ৬ হায়ি (৩)।

* * *

২১র ২র ১ ২ ১ ১ ১র ২র ১ ২
১০। সুতাসোমোহায়ি। ধুমত্তমোবা। সোমাইন্দ্রা। য়মান্দা ১ য়িণা ২ ৩ঃ।

১ ২ ২ ১ ২ র ১ ২ ১ ২ ২ ১র
হোবা ৩ হায়ি। পবিত্রব। ন্তোআক্ষা ১ রা ২ ৩ ন্। হোবা ৩ হায়ি। দেবান্

২ ১ ২ ২ ১ A ৩ ৫রর
গা ১ চ্ছা ২ ৩। হোবা ৩ হা। তুবঃ। মা ২ দা ২ ৩ ৪ ঔহোবা ॥ (১)

১ ২ ১ ২ ১ ২ ১ ২রর ১র ২ ১ ২
ইন্দুরিন্দ্রোতা। য়পবত্তোবা। আয়িত্তিদেবা। সোআক্রা ১ বা ২ ৩ ন্। হোবা ৩

২ র ১ ২ ১ ২ ১ ২ ২ ১ ২
হায়ি। বাচস্পতিঃ। মখাস্যা ১ ভা ২ ৩ য়ি। হোবা ৩ হায়ি। বিশ্বাস্যে ১

১ ২ ২ ১র A ৩ ৫র র ১ ২ ১
শা ২ ৩। হোবা ৩ হা। নও। জা ২ সা ২ ৩ ৪ ঔহোবা ॥ (২) সহস্রধোতা

২ ১ ২ ১ ২র র ১ ২ ১ ২ ২ ১র
রঃপবত্তোবা। সামুদ্রোবা। চমায়িঙ্খা ১ য়া ২ ৩ঃ। হোবা ৩ হায়ি। দিবে

n ৩ ৫রর ৩ ৫
বা ২ য়িবা ২ ৩ ৪ ঔহোবা। দী ২ ৩ ৪ শাঃ (৩) ॥ *

* * *

প্রথমং সাম ॥

৩ ১ ২ ৩ ১ ২
পবিত্রং তে বিততং ব্রহ্মণস্পতে

৩ ১ ২র ৩ ১ ২ ৩ ১ ২
প্রভুঃ গাত্রাণি পর্য্যেষি বিশ্বতঃ।

১ ২ ৩ ২উ ৩ ১ ২
অতপ্ততনূর্ন তদামো অশ্নুতে

৩ ২ ৩ ১ ২র ৩ ১ ২র
শৃতাস ইদ্বহন্তঃ সং তদাশত ॥ ১ ॥

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দশটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,---(১) "গৌরীবিতম্" (২) "তৃতস্বাষ্ট্রীসাম" (৩) "আন্ধীগবম্" (৪) "স্বারত্বাষ্ট্রীসাম" (৫) "স্বারত্বাষ্ট্রীসাম" (৬) "দ্বিরভ্যস্থাষ্ট্রীসাম্" (৭) ঊর্দ্ধত্বাষ্ট্রীসাম্" (৮) "সাক্ষম্" (৯) "শ্যাবাশ্বম্" (১০) "মহাবৈষ্টম্ভম্"।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ব্রহ্মণস্পতে' (হে জ্ঞানাধিপতে, হে পরমব্রহ্ম) 'তে' (তব) 'পবিত্রং' (পবিত্রসত্ত্বা) 'বিততং' (সর্ব্বত্র বিস্তৃতা ব্যাপ্তা—ভবতি ইতি শেষঃ); 'প্রভুঃ' (সর্ব্বস্য অধীশ্বরঃ) ত্বং 'বিশ্বতঃ' (সর্ব্বতোভাবেন, যদ্বা বিশ্ববাসিনঃ সর্ব্বান্) 'গাত্রাণি' (অস্মাকং সর্ব্বাঙ্গাণি, অস্মান্ ইত্যর্থঃ) 'পর্য্যেষি' (প্রগচ্ছ, প্রাপ্নুহি); সর্ব্বে লোকাঃ ভগবন্তং প্রাপ্নুবন্তু ইতি ভাবঃ; 'আমঃ' (অপরিপক্কঃ, অপরিপক্কমতিঃ জনঃ) 'তৎ' (পবিত্রং) 'অতপ্ততনুঃ' (শীতলং, শান্তিদায়কং ত্বাং) 'ন অশ্নুতে' (ন ভুঙ্‌ক্তে, ন লভতে ইত্যর্থঃ); 'শৃতাসঃ' (সত্যশীলাঃ) 'ইৎবহন্তঃ' (জ্ঞানং বহন্তঃ, জ্ঞানিনঃ) 'তৎ' (ত্বাং) 'সমাশত' (প্রাপ্নুবন্তি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সত্যেন জ্ঞানেন চ ভগবল্লাভঃ ভবতি—ইতি ভাবঃ। (৪অ—৫খ—৩সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে পরমব্রহ্ম! আপনার পবিত্র সত্ত্বা সর্ব্বত্র ব্যাপ্ত আছে; সকলের অধীশ্বর আপনি সর্ব্বতোভাবে আমাদিগকে (অথবা বিশ্ববাসী সকলকে), প্রাপ্ত হউন; (ভাব এই যে,—সকল লোক ভগবানকে প্রাপ্ত হউন); অপরিপক্কমতি জন শান্তিদায়ক আপনাকে লাভ করে না; সত্যশীল জ্ঞানিগণই আপনাকে প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সত্যদ্বারা জ্ঞানদ্বারা ভগবৎপ্রাপ্তি হয়।) (৪অ—৫খ—৩সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ব্রহ্মণস্পতে' মন্ত্রস্য স্বামিন্ সোম! 'তে' 'পবিত্রং' শোধকমঙ্গং 'বিততং' সর্ব্বত্র বিস্তৃতং। সঃ 'প্রভুঃ' প্রভবিতা ত্বং 'গাত্রাণি' পাতুরঙ্গানি 'পর্য্যেষি' পরিগচ্ছসি 'বিশ্বতঃ' সর্ব্বতস্তেন তৎ পবিত্রং 'অতপ্ততনুঃ' পয়োব্রতাদিনা অসন্তপ্তগাত্রঃ 'আমঃ' অপরিপক্কঃ 'ন অশ্নুতে' ন ব্যাপ্নোতি। 'শৃতাসঃ ইৎ' 'শৃতা এব' পরিপক্কা এব বহন্তঃ যাগং নির্ব্বহন্তঃ 'তৎ' পবিত্রং 'সমাশত' ব্যাপ্নুবন্তি। 'সন্তদাশত' 'তৎসমাশত' ইতি পাঠৌ ॥ ১ ॥

* * *

প্রথম (৮৭৫) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী প্রার্থনা-মূলক ও নিত্যসত্য-প্রখ্যাপক। পরমব্রহ্ম এই বিশ্বব্রহ্মাণ্ড ব্যাপিয়া আছেন। এই বিশ্ব তাঁহারই বিভূতির বহিঃপ্রকাশমাত্র। যাহা কিছু হইয়াছে, যাহা কিছু হইবে, সমস্তই তাঁহার বিভূতি। তিনি বিশ্বের অধীশ্বর, জগতের নিয়ন্তা। সত্যশীল জ্ঞানিগণ সেই পরমপুরুষকে লাভ করিতে সমর্থ হয়েন। অদূরদর্শী ব্যক্তিগণ আপাত-মনোহর সুখের সন্ধানে ধাবিত হয়, তাই সেই পরম বস্তু লাভ করিতে পারে না।

মন্ত্রের মধ্যে একটী বিশ্বজনীন ভাব আছে। বিশ্বের সকলেই যাহাতে মোক্ষলাভ করিতে পারে, তজ্জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। এখানে একটী প্রশ্ন উঠিতে পারে যে, ভগবান যদি সর্ব্বত্র বিদ্যমান থাকেন, তাহা হইলে সকলে তাঁহাকে পায়না কেন? এই প্রশ্নের উত্তর আর একটী প্রশ্নের দ্বারা দেওয়া যায়। তাহা এই—সূর্য্যকিরণ তো সকল বস্তুর উপরই পতিত হয়, তবে কেবল সূর্য্যকান্তমণিই সূর্য্যকিরণসংস্পর্শে অগ্নিবিকীরণ করে কেন? ভগবান সর্ব্বত্রই বিদ্যমান আছেন সত্য, কিন্তু তাঁহাকে দর্শন করিবার উপযোগী চক্ষু থাকা চাই; তাঁহাকে ধারণ করিবার উপযোগী হৃদয় থাকা চাই। তবেই তাঁহাকে লাভ করা যায়। সকলের সেই চক্ষু বা হৃদয় নাই বলিয়াই তো এই বিশ্বজনীন প্রার্থনা! (৪অ ৫খ—৩সূ -১সা)। *

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ২৩ ১২ ৩২ ৩ ১
তপোষ্পাবিত্রং বিততং দিবস্পদে
১ ৩ ২ ৩ ২ক ২র
অর্চ্চন্তো অস্য তন্তবো ব্যস্থিরন্।
১২ ৩ ১ ২ ৩ ১ ২
অবন্ত্যস্য পাবিতারমাশবো
৩ ২ ৩ ১ ২র ৩ ১ ২
দিবঃ পৃষ্ঠমধি রোহন্তি তেজসা ॥ ২ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'তপোঃ' (তাপকস্য, শত্রুনাশকস্য) 'অস্য' (শুদ্ধসত্ত্বস্য) 'পবিত্রং' (পবিত্রতাসাধকস্য) 'দিবস্পদে (দ্যুলোকে) 'বিততং' (ব্যাপকং—অমৃতং ইতি যাবৎ) 'ব্যস্থিরন্' (বর্ত্তন্তে, সাধকহৃদি ইতি যাবৎ) 'অস্য' 'অর্চ্চন্তঃ' (দীপ্যমানাঃ) 'আশবঃ' (শীঘ্রগামিনঃ, আশুমুক্তিদায়কাঃ) 'তন্তবঃ' (অংশবঃ, কিরণাঃ, জ্ঞানজ্যোতিঃ ইত্যর্থঃ) 'পবিতারং' (পবিত্রহৃদয়ং, সাধকান্ ইত্যর্থঃ) 'অবন্তি' (রক্ষন্তি সর্ব্ববিপদাৎ ইতি যাবৎ); তে সাধকাঃ (তয়া শক্ত্যা) 'দিবঃ পৃষ্ঠং' (দ্যুলোকস্য উন্নতস্থানং, স্বর্লোকং ইত্যর্থঃ) 'অধি রোহন্তি' 'তেজসা' (প্রাপ্নুবন্তি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ জ্ঞানসমন্বিতং মোক্ষপ্রাপকং সত্ত্বভাবং প্রাপ্নুবন্তি—ইতি ভাবঃ। (৪অ—৫খ—৩সূ—২সা)।

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ—৯খ—১২সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্র্যশীতিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

শত্রুনাশক শুদ্ধসত্ত্বের পবিত্র, দ্যুলোকে বিস্তৃত, অমৃত সাধকদিগের হৃদয়ে বর্ত্তমান থাকে; ইহার দীপ্যমান আশুমুক্তিদায়ক জ্ঞানজ্যোতিঃ সাধকদিগকে সর্ব্ববিপদ হইতে রক্ষা করেন; সেই সাধকগণ সেই শক্তি দ্বারা স্বর্লোক প্রাপ্ত হয়েন (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সাধকগণ জ্ঞানসমন্বিত মোক্ষপ্রাপক সত্ত্বভাব প্রাপ্ত হয়েন।)। (৪অ—৫খ—৩সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'তপোঃ' শত্রূণাং তাপকস্য সোমস্য 'পবিত্রং' শোধকমঙ্গং 'দিবস্পদে' দ্যুলোকস্যোচ্ছ্রিতে স্থানে 'বিততং' বিস্তৃতং 'তৃতীয়স্যামিতো দিবি সোম আসীৎ' ইতি ব্রাহ্মণং; 'অস্য' 'তন্তবঃ' অংশবঃ 'অর্চ্চন্তঃ' দীপ্যমানাঃ 'ব্যস্থিরন্' বিবিধং তিষ্ঠন্তি পৃথিব্যাং হবির্দ্ধানে বা 'অস্য' সোমস্য 'আশবঃ' শীঘ্রগামিনঃ রসাঃ 'পবিত্তারং' পাবয়িতারং যজমানং 'অবন্তি' রক্ষন্তি হোমদ্বারা পশ্চাদ্ভূত্বা 'দিবঃ' দ্যুলোকস্য 'পৃষ্ঠং' পৃষ্ঠভাগং উন্নতদেশং 'তেজসা' স্বপ্রকাশেন সার্দ্ধং 'অধিরোহন্তি' আরোহণং কুর্ব্বন্তি। 'অর্চ্চন্তঃ' 'শোচন্তঃ' ইতি পাঠৌ, 'অধিরোহন্তি-তেজসা' আধিতিষ্ঠন্তিচেতসা' পাঠৌ। (৪অ ৫খ-৩সূ-২সা)।

* * *

দ্বিতীয় (৮৭৬) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটীর ব্যাখ্যা সম্বন্ধে প্রচলিত ব্যাখ্যাকারদিগের মধ্যে নানাবিধ মতভেদ আছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত করিলাম। "উত্তপ্ত সোমরস শোধনের জন্য শোধন যন্ত্র (ছাকুনী) বিস্তারিত আছে। ইহার প্রতানগুলি (ডাঁটা) অগ্নি-স্থানের উপর নিক্ষিপ্ত হইয়া দীপামানভাবে গগনাভিমুখে যাইতেছে। তাহারা চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়া যজ্ঞকর্ত্তা ব্যক্তিকে রক্ষা করিতেছে। তাহারা সতেজভাবে আকাশের দিকে উঠিতেছে।" ভাষ্যের সহিত এই ব্যাখ্যার কোন সাদৃশ্য নাই। শুধু তাই নয়, অধিকাংশ স্থলে মূলভাবের সহিতও কোন সামঞ্জস্য লক্ষিত হয় না। বিশেষতঃ, 'উত্তপ্ত সোমরস' মন্ত্রান্তর্গত কোনও পদের ব্যাখ্যা হইতে পারে, তাহা আমরা খুঁজিয়া পাই নাই। প্রচলিত ব্যাখ্যানুসারে সোমরস নামক মাদক দ্রব্য প্রস্তুতের যে প্রণালী বিবৃত হয়, তাহাতেও সোমরসকে উত্তপ্ত করিবার কোনও কথা নাই। সুতরাং ব্যাখ্যাতে 'উত্তপ্ত সোমরস' কোথা হইতে আসিল, তাহা আমরা বুঝিতে পারি নাই। আমাদিগের মতে ভাষ্যকার মন্ত্রের মূলভাব অনেক পরিমাণে রক্ষা করিয়াছেন। কিন্তু সর্ব্বত্র আমরা ভাষ্যকারের সহিত একমত হইতে

পারি নাই। যাহা হউক আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ও বঙ্গানুবাদে প্রদত্ত হইয়াছে। (৪অ—৫খ—৩সূ—২সা)।

তৃতীয়ং সাম।

১ ২ ৩২৩ ১ ১ ২ ৩
অরূরুচদুষসঃ পৃশ্নিরগ্রিয়
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
উক্ষা মিমেতি ভুবনেষু বাজয়ুঃ।
৩ ১ ২ ৩ ১ ২
মায়াবিনো মমিরে অস্য মায়য়া
৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
নৃচক্ষসঃ পিতরো গর্ভমাদধুঃ ॥ ৩ ॥ *

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'উষসঃ' (জ্ঞানোন্মেষিকায়াঃ দেব্যাঃ) 'অগ্রিয়ঃ' (মুখ্যঃ, দিব্যঃ) 'পৃশ্নিঃ' (কিরণঃ, জ্যোতিঃ) 'অরূরুচৎ' (রোচয়তি, জগদ্ভাসয়তি ইত্যর্থঃ); 'উক্ষা' (সেক্তা, অমৃতবর্ষকঃ দেবঃ) 'ভুবনেষু' (সমগ্রে বিশ্বে) 'মিমেতি' (মিনোতি, সিঞ্চতি, অমৃতং প্রযচ্ছতি ইতি ভাবঃ); 'অস্য' (অস্য দেবস্য, ভগবতঃ) 'মায়য়া' (প্রজ্ঞয়া) 'বাজয়ুঃ' (শক্তিকামিনঃ, আত্মশক্তিকামিনঃ) 'মায়াবিনঃ' (প্রজ্ঞাবন্তঃ, সাধকাঃ) 'মমিরে' (নির্ম্মিতবন্তঃ, সৃষ্টাঃ ভবন্তি); তথা 'অস্য মায়য়া' (ভগবতঃ প্রজ্ঞয়া) 'নৃচক্ষসঃ' (সর্ব্বস্য দ্রষ্টারঃ, জ্ঞানবন্তঃ) 'পিতরঃ' (পিতৃস্থানীয়াঃ. লোকপালকাঃ দেবাঃ ইত্যর্থঃ) 'গর্ভং' (উৎপত্তিনিলয়ং, উৎপত্তিকারণং, সৃষ্টিং ইতি ভাবঃ) 'আদধুঃ' (ধারয়ন্তি, রক্ষন্তি)। মন্ত্রোঽয়ং নিত্যসত্য-মূলকঃ। ভগবান্ হি সর্ব্বময়ঃ; তস্য শক্ত্যা জগৎ সৃষ্টং ভবতি। ভগবান্ হি জগৎ ধারয়তি, রক্ষতি চ—ইতি ভাবঃ। (৪অ—৫খ—৩সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানোন্মেষিকা দেবীর দিব্যজ্যোতিঃ জগৎকে উদ্ভাসিত করে; অমৃতবর্ষক দেব সমগ্র বিশ্বে অমৃত প্রদান করেন; ভগবানের প্রজ্ঞা দ্বারা আত্মশক্তিকামী প্রজ্ঞাবান সাধক সৃষ্ট হয়েন; এবং ভগবানের প্রজ্ঞায়

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্র্যশীতিতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)।

জ্ঞানবান লোকপালক দেবগণ সৃষ্টি ধারণ করেন—রক্ষা করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবানই সর্ব্বময়। তাঁহার শক্তির দ্বারা জগৎ সৃষ্ট হয়; ভগবানই জগৎ ধারণ করেন এবং রক্ষা করেন।)॥ (৪অ—৫খ—৩সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'উষসঃ' সম্বন্ধি 'পৃশ্নিঃ' আদিত্যঃ 'পৃশ্নিরাদিত্যো ভবতি প্রাশ্নুত এনং বর্ণঃ'—ইতি নিরুক্তং (২।১৪) 'অগ্রিয়ঃ' মুখ্যঃ সোঽয়ং 'অরূরুচৎ' রোচয়তি। স 'উক্ষা' জলস্য সেক্তা 'ভুবনেষু' ভূতজাতেষু 'মিমেতি' মিনোতি উদকং প্রক্ষিপতীত্যর্থঃ। 'বাজয়ুঃ' তেষামন্নমিচ্ছন্ 'মায়াবিনঃ' মায়া প্রজ্ঞা তদ্বন্তঃ দেবাঃ 'অস্য' সোমস্য 'মায়য়া' প্রজ্ঞয়া 'মমিরে' নির্ম্মিতবন্তঃ সোমস্যৈ কৈকাংশপানবলা অগ্ন্যাদয়ঃ স্ব-স্ব-ব্যাপারেণ জগৎ সৃজন্তীত্যর্থঃ। তথা 'অস্য' মায়য়া 'নৃচক্ষসঃ' নৃণাং দ্রষ্টারঃ 'পিতরঃ' পালকাঃ দেবাঃ অঙ্গিরসঃ পিতরো বা 'গর্ভং' 'আদধুঃ' ধারয়ন্তি ওষধীষু চ। অত্র সূর্য্যাত্মকঃ সোমঃ স্তূয়তে। সূর্য্যরশ্ম্যনুগমাধীনবর্দ্ধনাচ্চন্দ্রস্য অয়মুষসঃ পৃশ্নিঃ সবিতা অরূরুচৎ রোচতে রোচয়তি বা সর্ব্বং শিষ্টং সমানং তৎসম্বন্ধিনঃ নৃচক্ষসঃ নৃণাং দ্রষ্টারঃ। পিতরো জগদ্রক্ষকা রশ্ময়ো গর্ভমাদধুঃ বৃষ্ট্যর্থং। 'মিমেতি ভুবনেষু' বিভর্ত্তিভুবনানি—ইতি পাঠৌ॥ (৪অ—৫খ—৩সূ—৩সা)॥

ইতি চতুর্থাধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ সমাপ্তঃ॥ ৩॥

* * *

তৃতীয় (৮৭৭) সামের মর্ম্মার্থ।

§ * §

এই নিত্যসত্য-মূলক মন্ত্রটীতে ভগবানের মহিমা প্রখ্যাপিত হইয়াছে। ভগবানই বিশ্বের উৎপত্তির মূলকারণ, তাঁহা হইতেই জগৎ সৃষ্ট হইয়াছে, তাঁহার শক্তিবলেই জগৎ বিধৃত ও পরিচালিত হইতেছে। তাঁহার করুণা-বলেই মানব জ্ঞানলাভ করে, অমৃত লাভে ধন্য হয়। সাধকগণ তাঁহার কৃপাতেই প্রজ্ঞা লাভ করেন, অস্ত্রশক্তির অধিকারী হয়েন। মন্ত্রে এই সত্যই বিবৃত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রের ভাব পরিবর্ত্তিত হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "ইনি (সোমরস) প্রভাত কালেই সর্ব্বাগ্রে সূর্য্যের ন্যায় দীপ্তি পাইয়াছেন। ইনি অভিষেককারী অর্থাৎ জলাত্মক। ইনি অন্নবিতরণ কর্ত্তা, ইহার প্রভাবে ভুবন রক্ষা হয়। ইহার অদ্ভুত ক্ষমতা, যখন পূর্ব্ব পুরুষদিগকে সমাবৃত করিল তখন তাঁহারা সন্তান উৎপাদন করিলেন, তাঁহারা অনেক মনুষ্য সৃষ্টি করিলেন।" এই ব্যাখ্যার সহিত ভাষ্যের যথেষ্ট অনৈক্য দৃষ্ট হইবে। ভাষ্যকারও মন্ত্রটীকে সোমের মাহাত্ম্যসূচক বলিয়া গ্রহণ করিয়াছেন বটে, কিন্তু সেই সঙ্গে ইহাও বলিয়াছেন যে, এখানে সোম বলিতে সূর্য্যকে

বুঝাইতেছে। শুধু তাই নয়, এখানে সোমের সূর্য্য অর্থ গ্রহণ করিলে 'সমগ্র মন্ত্রটীর দ্বারা কি ভাব পাওয়া যাইতে পারে, অথবা সূর্য্যপক্ষে এই মন্ত্রের কি ব্যাখ্যা হইতে পারে, তাহাও বিবৃত করিয়াছেন। সেই দিক দিয়া অন্যান্য পদেরও অর্থ অনুরূপ দাঁড়াইয়াছে। যথা 'পিতরঃ' পদের অর্থ করিয়াছেন—"জগদ্রক্ষকাঃ রশ্ময়ঃ"—ইত্যাদি। সূর্য্যপক্ষের অর্থের ভাব এই যে,—সূর্য্যরশ্মি দ্বারা বৃষ্টি হয়, এবং তদ্দ্বারাই জগৎ রক্ষিত হয়।

কিন্তু মূলমন্ত্রে 'সোমরসের' আদৌ কোন উল্লেখ নাই। প্রচলিত ব্যাখ্যাদিতে 'অস্য' পদের ব্যাখ্যা করা হইয়াছে 'সোমস্য'। এখানে সোমরসের প্রসঙ্গের অবতারণা করিবার কোন প্রয়োজন দেখিনা। আমরা মনে করি 'অস্য' পদে এখানে ভগবানকেই লক্ষ্য করে। এবং এই অর্থে মন্ত্রের সঙ্গতার্থ পাওয়া যায়। 'সোম' পক্ষে যে প্রকৃত অর্থ সূচিত হয় না, তাহা অনুভব করিয়াই ভাষ্যকার লিখিয়াছেন,—"অত্র সর্ব্বাত্মকঃ সোমঃ স্তূয়তে" অর্থাৎ এখানে সর্ব্বাত্মক সোমের স্তুতি হইতেছে। যাহা হউক, আমরা দেখিতে পাইলাম যে, 'সোম' বলিতে ভাষ্যকার সর্ব্বত্র সোমরস নামক মাদকদ্রব্যকে বুঝান না। ঋগ্বেদের কোন কোন স্থলে সোমকে 'চন্দ্র' বলা হইয়াছে এবং অথর্ব্ববেদের অনেক স্থলে 'সোম' চন্দ্রের একটী নামান্তর মাত্র। এবং এই জন্য চন্দ্রের 'অমৃতকিরণ' 'সুধাকর' প্রভৃতি নাম হইয়াছে বলিয়া অনেকের ধারণা। চন্দ্রে 'সোম' অর্থাৎ 'অমৃত' আছে! তাহা হইলে দেখা যাইতেছে যে নানাবিধ পরিবর্ত্তনের মধ্যদিয়া 'সোমের' অর্থ দাঁড়াইয়াছে 'অমৃত।' আমাদের ব্যাখ্যাও তাহাই—অর্থাৎ শুদ্ধসত্ত্বরূপ-অমৃত। ভাষ্যকার এবং প্রচলিত ব্যাখ্যাকারগণও যে ক্রমশঃ আমাদের ব্যাখ্যার দিকে অগ্রসর হইতেছেন তাহাই প্রদর্শন করিবার জন্য এতটুকু আলোচনা করিতে হইল। যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই প্রদত্ত হইয়াছে। (৪অ ৫খ-৩সূ ৩সা)। *

* * *

তৃতীয় সূক্তের গেয়-গান।

২ র ১ ২   ১ র   ২ ১ ২ --   ১ স
১। পবোতোবা। ত্রস্তেবিততংব্রা। হ্মণস্পা তা ২ য়ি। প্রভুর্গাত্রাণিপরিয়ায়ি।
২ ১   ২ ১ ২   ৪ ৫   ২উ ৩   ৫   ২ক   ৩র ২ ৫ ৩
বিবিশ্বাতা ২ ৩ঃ। আতা ৩ প্তাতা। নূর্ন্নাতা ২ ৩ ৪ দা। তো। মোআশ্নু
৫   ২   ১ ২   ০ ৫   ২   ৩ ৫   ৫   ২উ
২ ৩ ৪ তায়ি। হো ৩ য়ি। শার্ত্তা ৩ সাঈৎ। বাহস্তো ২ ৩ ৪ ঃ সা। হাৎ।
৩২   ৪   .   ২ র ১ ২   ১   ২ ১ —
তদা ৩ শা ৫ তা ৬ ৫ ৬। (১) তপোতোবা। পবিত্রংবিততাম। দিবস্পাদা ২

এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ত্র্যশীতিতম সূক্তের তৃতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)।

১ ব ২ ১ ১২ ৪৫ ২ন২
য়ি। অর্চ্চন্তোঅস্তুতস্তবো। বিয়স্যাহিয়া ২ ৩ ম্। আবা ৩ স্তীয়া। স্থাপানী

৫ ২ন ৩২ন৩ ৫ ২ ১ ২ ৪৫
২ ৩ ৪ ভা। হো। রগাংগা ২ ৩ ৪ বাঃ। হো ৩ য়ি। দায়িবা ৩ঃ পার্ষ্টায়ি।

২ ২ ৫ ২ন ৩২ ৪ ২ ১ ২
আদীরো ২ ৩ ৪ হা। হো। ভিতা ৩ য়িজ্ঞা ৫ পা ৬ ৫ ৬ঃ (২) অরোহোবা।

১ ২ ১ — ১র র ২র১
রূচত্বষণঃপা। শ্রিরগ্রায়ঃ ২ঃ। উক্ষামিমেতিভুঁবানায়ি। যুগাজায়ু ২ ৩ঃ।

১২ ৪৫৫ ১র ৩ ৫ ২ ৩২৫৩ ৫ ২
আয়া ৩ বায়িণী। মাগীরে ২ ৩ ৪ আ। হো। স্বদায়া ২ ৩ ৪ য়া। হো ৩

১২ ৪৫ ২ র৩ ৫ ২ন
য়ি। নার্চ্চা ৩ ক্ষাসাঃ। পায়িহারো ২ ৩ ৪ পা। হো।

৩৩ ৪
মংমা ৩ দা ৫ ধু ৬ ৫ ৬ঃ (৩)॥

* * *

২১ র ৩১ — ১ র র
। পবোনা। ত্রস্তেবিততংত্রা। স্কাণস্থা। তা ২ য়ি। প্রভুগর্গাত্রাণিপরিয়ায়ি।

২ ১ — ১ র র ১ ১২ ৪
ষিবিশ্বাস্তা ২ঃ। অতপ্ততনূর্ন্নতদা। মোঅশ্নুতা ২ ৩ য়ি। শার্ত্তা ৩ সাঈৎ।

২ ১ ১২ ৪ ১২
বতস্থাঃণা ২ ৩ ম। তাদা ৩ শা ৫ তা ৬ ৫ ৬ঃ (১) তপোনা।

২ ১ — ১ র ২ ১ —
পবিত্রংবিততাম্। দিবস্পাদা ২ য়ি। অর্চ্চন্তোঅস্তুতন্তবো। বিয়স্তায়িরা ২ ম।

১ ২র১ ১ ২ ৪৫ ২ র
অবস্তাঙ্গপবিতা। রমাশাবা ২ ৩া। দায়িবা ৩ঃ পাষ্টায়ি। অধিরোহা ২ ৩

র ২ ২ ১
ভায়িতা ৩ য়িজ্ঞা ৫ সা ৬ ৫ ৬ঃ (১) অরোনা। রূচত্বষসঃপা। শ্রিরগ্রায়া

— ১র র ২র১ — ১রর র র রর১
২ঃ। উক্ষামিমেতিভুবনায়ি। যুগাজায়ু ২ঃ। মায়াবিনোমমিরেআ। স্বমায়ায়া

১২ ৪৫ ২ ১ ১২
২ ৩। নার্চ্চা ২ ক্ষাগাঃ। পিতরোগা ২ ৩। ভামা ৩ দা ৫ ধূ ৬ ৫ ৬ঃ (৩)॥

* * *

২ ৩ ৪ ২ ৪ ৫ ১ র র র
৩। সাসাহ ৫ য়িত্রম্। তা ৩ য়িবা ৩ য়িততংত্রা। স্যাণস্পতেপ্রভুর্গাত্রাণি। পরিয়ায়ি।

২ ১ ২ ২ ১ —১ র র র র ২ ১
যী ৩ বায়িশ্বা ৩ তাঃ। অতা ২ প্ততনূর্ন্ন তদামোঅশ্নু। তেশা ২ ৩ র্ত্তা। হুম্মায়ি।

২ ২ ২ n ৩২ ১২ ১র
সা ৩ ঈৎ। বাহন্তঃসন্তদা ২ শতাউ। (১) তাভা। পোপ্পবিত্রংবিততন্দি-

র র ২ ২ র ১ ২ র র
বস্পদের্চ্চস্তোঅন্তত্তস্তবো। বা ৩ রাস্থা ৩ য়িরান্। অসা ২ স্যাস্তপবিতারমাশ্ব।

র ২ ১ ২ ২ ১s র A ৩২
বোদা ২ ৩ য়িবাঃ। হুম্মায়ি। পা ৩ ষ্টাম্। আদিরোহন্তিতা ২ য়িজসাউ।

১২ ১র র র ২ ১২ ২
(২) সাম্মা। রুরুচত্রসঃপৃশ্নিরগ্রিয়উক্ষামিমেতিভুবনায়ি। য ৩ বাজা ৩ য়ূঃ।

১র —১র র র ২ ১ ২ ২
মায়া ২ বিনোমমিরেজসামায়। যাণা ২ ৩ র্চ্চা। হুম্মায়ি। ক্ষা ৩ দাঃ।

১ র n৩২ ২ʌ ১ ১ ১
পায়িভরোগর্ভমা ২ দধাউ। বা ৩ ৪ ৫ (৩)॥ ১.২।৩॥ *

* * *

ষষ্ঠঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

১ ২র ৩ ১ ২ ৩ ২৩ ১ ২
প্র মংহিষ্ঠায় গায়ত ঋতাব্নে বৃহতে শুক্রশোচিষে
৩০ ১ ২ ৩ ১ ২
উপস্তুতাসো অগ্নয়ে ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'স্তুতাসঃ' (হে অর্চ্চনাকারিণঃ মম চিত্তবৃত্তিনিবহাঃ) যূয়ং 'উপ' (সমীপাগতায়, হৃদি অধিষ্ঠিতায়) 'মংহিষ্ঠায়' (দাতৃতমায়, জনহিতকারিণে) 'ঋতাব্নে' (সত্যবতে, সৎস্বরূপায় ইতি যাবৎ) 'বৃহতে' (মহতে, ষড়ৈশ্বর্য্যশালিনে) 'শুক্রশোচিষে' (দীপ্ততেজসে, প্রভূত-প্রজ্ঞায়) 'অগ্নয়ে' (জ্ঞানদেবায়) 'প্র' (প্রকৃষ্টরূপেণ) 'গায়ত' (স্তুবত, অর্চ্চয়ত, ভজ

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত তিনটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—(১) "স্বারসাম্" (২) "কাবম্" (৩) "পবোবা"।

অনুসারিণঃ ভবত)। আত্মোদ্বোধনমূলকোঽয়ং মন্ত্রঃ। অত্র সাধকঃ জ্ঞানার্জ্জনায় আত্মনঃ চিত্তবৃত্তিনিবহান্ উদ্বোধয়তি। (৪অ—৬থ—১সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে অর্চ্চনাকারী আমার চিত্তবৃত্তিনিবহ! তোমরা হৃদয়াধিষ্ঠিত দাতৃশ্রেষ্ঠ, সৎস্বরূপ, ষড়ৈশ্বর্য্যশালী, দীপ্ততেজঃসম্পন্ন জ্ঞানদেবতার উদ্দেশে প্রকৃষ্টরূপে স্তব কর—তাঁহার অনুসারী হও। (মন্ত্রটী আত্মোদ্বোধন-মূলক। এখানে সাধক জ্ঞানার্জ্জনে আপনার চিত্তবৃত্তিনিবহকে উদ্বুদ্ধ করিতেছেন।)॥ (৪অ—৬থ—১সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'উপস্তুতাসঃ' উপস্তোতারঃ! যূয়ং 'মংহিষ্ঠায়' দাতৃতমায় 'ঋতাবনে' ঋতবতে-যজ্ঞবতে বা 'বৃহতে' মহতে 'শুক্রশোচিষে' দীপ্ততেজসে 'অগ্নয়ে' 'প্র গায়ত' স্তোত্রং পঠত॥ (৪অ—৬থ—১সূ—১সা)॥

* * *

প্রথম (৮৭৮) সামের মর্ম্মার্থ।

*

এই সাম-মন্ত্রের প্রার্থনা সরল ও সহজ-বোধ্য। মন্ত্রে জ্ঞানদেবতার স্বরূপ পরিব্যক্ত হইয়াছে। জ্ঞানদেব যে সেই সচ্চিদানন্দ সৎস্বরূপেরই অংশীভূত, বিশেষণ-সমূহে তাহাই প্রকাশ পাইয়াছে। জ্ঞানের দাতৃত্ব-শক্তি অপরিসীম। আত্মজ্ঞানসম্পন্ন ভগবদ্ভক্তজনের ভগবৎ-প্রাপ্তিই তাহার প্রকৃষ্ট নিদর্শন। সৎস্বরূপ ভগবানের সহিত সম্বন্ধযুত বলিয়া সদ্‌জ্ঞান ভগবৎ-প্রাপ্তির হেতুভূত। তাই সে জ্ঞান সৎ—সে জ্ঞান সৎসম্বন্ধযুত বলিয়া সদ্‌জ্ঞান ভগবৎ-প্রাপ্তির হেতুভূত। যে জ্ঞান ষড়ৈশ্বর্য্যশালী ভগবানের সহিত আত্ম-সাক্ষাৎকার লাভ করায়, তাহাই ষড়ৈশ্বর্য্যসম্পন্ন। সেই জন্যই সৎস্বরূপ জ্ঞানদেব 'বৃহতে' বিশেষণে বিশেষিত।

মন্ত্রের প্রার্থনার ভাব এই যে,—যদি তাঁহাকে পাইতে চাও, তাঁহার ন্যায় গুণবিশেষণে বিশেষিত হইতে চেষ্টা কর; তাঁহার ধ্যানে, তাঁহার চিন্তায় উৎসৃষ্ট-প্রাণ হও। তিনি নির্গুণ গুণাতীত; আবার তিনি সগুণ গুণময়। তিনি নিরাকার, আবার তিনি সাকার, আবার তিনি একাকার। তোমাকে তৎসন্নিকর্ষে পৌছিতে হইবে, তোমাকে তদ্ভাবে ভাবান্বিত হইতে হইবে, তোমাকে তদ্‌গুণে গুণান্বিত হইতে হইবে। আগে গুণের অধিকারী হও; তবে তো গুণাতীত অবস্থায় উপনীত হইতে পারিবে! গুণ-বিশেষণ দেখিয়া, গুণ-বিশেষণের অধিকারী হও; তবে তো গুণময়ের সন্নিকর্ষ লাভ করিবে! বিশেষণ দেখিয়া বিশেষণের

অধিকারী হইতে হইবে। তিনি দাতৃশ্রেষ্ঠ; সুতরাং তোমাকেও দাতা-শিরোমণি হইতে হইবে। তোমাকে প্রাণ খুলিয়া পরোপকারে নিযুক্ত হইতে হইবে। তিনি সৎস্বরূপ। তাঁহাকে পাইতে হইলে, সেই আদর্শে অনুপ্রাণিত হইতে হইবে; তোমাকেও সৎকর্ম্ম সাধনে, সচ্চিন্তায় জীবন উৎসর্গ করিতে হইবে। এইরূপ নির্গুণ গুণাতীতে যে সকল গুণ-বিশেষণ আরোপিত হয়, তোমাকেও সেই সকল গুণ-বিশেষণের অধিকারী হইতে হইবে। তবে তো তুমি সেই সৎ-স্বরূপের সহিত সম্মিলিত হইতে পারিবে!

ভক্ত সাধক তাই আপন হৃদয়ের বৃত্তি-সমূহকে সম্বোধন করিয়া কহিতেছেন,—'হে চিত্ত-বৃত্তিনিবহ! তোমরা কেন বিভ্রান্ত হইয়া ঘুরিয়া মরিতেছ? তোমাদের মধ্যেই তিনি বিদ্যমান আছেন। তোমরা মোহঘোরে ইতস্ততঃ কেন বৃথা তাঁহার অন্বেষণ করিয়া বেড়াইতেছ? তোমরা তাঁহার আদর্শে অনুপ্রাণিত হও, তাঁহার ভাবে ভাবিত হও, তাঁহার চিন্তায় উদ্বুদ্ধ হও তিনি আপনি তোমাদের মধ্যে প্রকাশিত হইবেন। অজ্ঞানতার মোহঘোর দূরে অপসারিত কর, জ্ঞানের দিব্য-জ্যোতিঃতে হৃদয় উদ্ভাসিত হউক। তিনি আপনিই হৃদয়ে উদয় হইবেন।

ভাষ্যানুসরণে মন্ত্রের যে বঙ্গানুবাদ প্রচলিত আছে নিম্নে তাহা উদ্ধৃত করিতেছি; যথা,—"হে স্তোতাগণ! তোমরা সর্ব্বাপেক্ষা দাতা, মহত্বান্, বৃহৎ, দীপ্ততেজোবিশিষ্ট অগ্নির উদ্দেশে স্তোত্র পাঠ কর" (৪অ—৬খ—১সূ—১সা)।

—— ০ ——

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
আ ব৺সতে মঘবা বীরবদ্যশঃ সমিদ্ধো দ্যুম্ন্যাহুতঃ।
৩ ১ ২ ৩ ১ ২র ৩ ২ ২ ৩ ১ ২
কুবিন্নো অস্য সুমতির্ভবীয়স্যচ্ছ বাজেভিরাগমৎ॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মঘবা' (পরমধনসম্পন্নঃ) 'দ্যুম্নী' (জ্যোতির্ম্ময়ঃ) 'সমিদ্ধঃ' (উজ্জ্বলঃ তেজোস্বরূপঃ) 'আহুতঃ' (আরাধিতঃ, আরাধনীয়ঃ ইত্যর্থঃ) পরমদেবঃ ইতি শেষঃ, সাধকেভ্যঃ 'বীরবৎ' (বীরত্বযুতাং, আত্মশক্তিযুতাং) 'যশঃ' (সুখ্যাতিং, সৎকর্ম্মসাধনজনিতাং সুখ্যাতিং) 'আবংসতে' (সম্যকরূপেণ প্রযচ্ছতি); 'অস্য' (অস্য দেবস্য, তস্য পরমদেবস্য ইতি ভাবঃ) 'ভবীয়সী' (অস্মাসু অতিশয়েন ভবিতুং যোগ্যা, পরমমঙ্গলদায়িকা ইত্যর্থঃ) 'সুমতিঃ'

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (১অ—১প্র ১২খ ১২দ ১সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের উনবিংশ সূক্তের ত্রিংশী ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, চতুস্ত্রিংশ বর্গের অন্তর্গত)।

(সদ্বুদ্ধিঃ, পরাজ্ঞানং ইত্যর্থঃ) 'বাজেভিঃ' (আত্মশক্তিভিঃ সহ) 'নঃ' (অস্মান্) 'অচ্ছ' (প্রতি) 'কুবিৎ' (সহস্রারং, সততং, নিত্যকালং ইতি ভাবঃ) 'আগমৎ' (আগচ্ছতু)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ অয়ং মন্ত্রঃ। ভগবান্ সাধকেভ্যঃ পরমধনং প্রযচ্ছতি; সঃ কৃপয়া অস্মভ্যং তদ্ধনং পরাজ্ঞানং প্রযচ্ছতু—ইতি ভাবঃ। (৪অ—৬খ—১সূ ২সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরমধনসম্পন্ন জ্যোতির্ম্ময় তেজোস্বরূপ আরাধনীয় পরমদেবতা সাধকদিগকে আত্মশক্তিযুত সৎকর্ম্মসাধনজনিত সুখ্যাতি সম্যক্‌রূপে প্রদান করেন; সেই পরম দেবতার পরমমঙ্গলদায়ক পরাজ্ঞান আত্মশক্তির সহিত আমাদের প্রতি নিত্যকাল আগমন করুক। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক এবং প্রার্থনামূলক। ভাব এই যে,—ভগবান্ সাধকদিগকে পরমধন প্রদান করেন; তিনি কৃপাপূর্ব্বক আমাদিগকে সেই ধন—পরাজ্ঞান প্রদান করুন।)॥ (৪অ—৬খ—১সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'মঘবা' ধনবান্ 'তাম্রী' অন্নবান্ যশস্বী বা। (তথাচ যাস্কঃ 'তান্নং' স্তোততের্যশো বান্নং বা (৫।৫)—ইতি 'সমিদ্ধঃ' সম্যগ্ দীপ্তঃ 'আহুতঃ' আভিমুখ্যেন হুতঃ অগ্নিঃ 'বীরবৎ' পুত্রবৎ 'যশঃ' যশস্করং অন্নং 'আবংসতে' যজমানেভ্যঃ আ প্রযচ্ছতি তস্য 'অস্তু' অগ্নে 'ভবীয়সী' অস্মাসু অতিশয়েন ভাবিতং যোগ্যা 'সুমতিঃ' অনুগ্রহবুদ্ধিঃ 'নঃ' অস্মান্ 'অচ্ছ' প্রতি 'বাজেভিঃ' অন্নৈঃ সহ 'কুবিৎ' বহুলমিলং (কুবিদিতি বহুনাম-নিঘ০ ৩।১।১২) 'আগমৎ' আগচ্ছতু 'ভবীয়সী' 'নবীয়সী'-ইতি পাঠৌ। (৪অ ৬খ ১সূ-২সা)।

* * *

দ্বিতীয় (৮৭৯)-সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুই অংশে বিভক্ত। প্রথম অংশে ভগবানের মহিমা কীর্ত্তিত হইয়াছে। তিনি মানুষকে,—সাধকদিগকে পরমধন প্রদান করিয়া থাকেন। ভগবানের এই করুণার কথা স্মরণ করিয়াই মানুষের মনে আশার সঞ্চার হয়, পাপীতাপী হৃদয়ে শক্তিলাভ করে। ভগবানের করুণার উপর নির্ভর করিয়া মানুষ তাঁহার নিকট প্রার্থনায় নিযুক্ত হয়। মন্ত্রের দ্বিতীয় অংশে তাই পরমধন পরাজ্ঞান লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

এই মন্ত্রের প্রচলিত ব্যাখ্যাদিতে অগ্নি সম্বন্ধ সূচিত হইয়াছে। উদাহরণস্বরূপ নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "ধনবান্ অন্নবান্ অগ্নি সমিদ্ধ ও আহুত হইয়া যশস্কর

অন্ন প্রদান করেন, উহার নূতন অন্নগ্রহণবুদ্ধি অন্নের সহিত বহুবার আমাদের অভিমুখে আগমন করুক।" 'আহুতঃ' পদে ভাষ্যকার অর্থ করিয়াছেন—"অভিমুখেন হুতঃ" কিন্তু আমরা মনে করি আহ্বানার্থক 'হ্বে' ধাতুমূলক এই পদে ভগবানের আহ্বান অর্থাৎ আরাধনাকেই বুঝাইতেছে। 'বীরবৎ' পদে 'বীরত্বযুতং, আত্মশক্তিযুতং' অর্থই সঙ্গত। এখানে ঐ পদে পুত্রসম্বন্ধ স্থাপনের কোন কারণ দেখা যায় না। অন্যান্য পদের ব্যাখ্যাসম্বন্ধে ভাষ্যের সহিত আমাদিগের ভাবগত বিশেষ কোন অনৈক্য হয় নাই। (৪অ ৬খ—১সূ ২সা)। *

* * *

প্রথম সূক্তের গেয়-গান।

৫ র ৪র ৫র ২১ -- ১ র ২
১। প্রম৺হা ৩ য়িষ্ঠায়গায়তা। ঋতাবে২। বৃহতে শুক্রা ৩
৪ ৫ ২১২ ২ ১ ২
শো ৩। চা ২ ৩ ৪ য়িষায়ি। উপাঔ ৩ হো। স্তোতাসো
৪ ২ ৫ ৫ ২
৩ আ ৩। গ্না ৩ ৪ ৫ য়ো ৬ হায়ি॥ (১) উপস্তু ৩
৩র র ৫ ২র১ -- ১২ ২ ৪
তাসোঅগ্নয়ায়ি। আব৺সাতা ২ স্থি। মঘবানায়িরা ৩ বা
৫ ২১২ ২ ১ ২ ৪
৩ ৫। য ২ ৩ ৬ শাঃ। সমাঔ ৩ হো। ধোদ্যুম্নী ৩ য়া
২ ৫ ৫ ২ ৪ ৫র
৩। হু ৩ ৪ ৫ তো ৬ হায়ি॥ (২) সমিদ্ধো ৩ দ্যুম্নীয়া
২১ -- ১ ২ ৪
হুতাঃ। কুবায়িন্নো ২। অস্যসুমতাভর্ভা ৩ বী ৩। য়া
৫ ২১২ ২ ১র ২ ৪
২ ৩ ৪ সায়ি। অচ্ছাঔ ৩ হো। বাজায়িভী ৩ রা ৩।
২ ৫
গা ৩ ৪ ৫ মো ৬ হায়ি (৩)॥ ১২॥ †

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের ত্র্যধিকশততম (অথবা বালখিল্য সূক্ত বাদে) দ্বিনবতিতম সূক্তের নবমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায় চতুর্দ্দশ বর্গের অন্তর্গত)।

† এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম—"প্রমংহিষ্ঠীয়ম্"।

প্রথমং সাম।

২ ৩ ১২ ৩১২৩ ১ ২ ৩ ২
তং তে মদং গৃণীমসি বৃষণং পৃক্ষু সাসহিম্।
৩ ২ ১২ ৩ ১২
উ লোককৃত্নুমদ্রিবো হরিশ্রিয়ম্॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অদ্রিবঃ' (পাপনাশায় অদ্রিবৎ পাষাণ-কঠোর হে দেব) 'তে' (তব) 'বৃষণং' (অভীষ্ট-বর্ষকং) 'পৃক্ষু' (রিপূণাং সংগ্রামে) 'সাসহিং' (শত্রুজয়িনং) 'লোককৃত্নুং' (লোকস্য কর্ত্তারং ধারকং বা, লোকানাং রক্ষকং) 'উ' (তথা) 'হরিশ্রিয়ং' (জ্ঞানভক্তিসঞ্চারকং) 'তং' (প্রসিদ্ধং, মোক্ষ-সাধকং ইত্যর্থঃ) 'মদং' (পরমানন্দং) 'গৃণীমসি' (প্রশংসামঃ, প্রার্থয়ামঃ) বয়মিতি শেষঃ। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। প্রার্থনায়াঃ ভাবঃ, হে ভগবন্! কৃপয়া অস্মভ্যং মোক্ষ-সাধকং পরমানন্দং প্রযচ্ছ॥ (৪অ ৫খ - ৪সূ - ১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পাপনাশে বজ্রবৎ পাষাণকঠোর হে দেব! আপনার অভীষ্টবর্ষক রিপু-সংগ্রামের শত্রুজয়কারী লোক-সমূহের রক্ষক এবং জ্ঞানভক্তি-সঞ্চারকারী, মোক্ষসাধক সেই পরমানন্দ আমরা প্রার্থনা করিতেছি। (মন্ত্রটী প্রার্থনা-মূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপা করিয়া আমাদিগকে মোক্ষসাধক পরমানন্দ প্রদান করুন।)॥ (৪অ—৬খ—২সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'অদ্রিবঃ' বজ্রবন্ ইন্দ্র! 'তে' ত্বদীয়ং তং 'মদং' সোমপান-জনিতং, হর্ষং 'গৃণীমসি' গৃণীমঃ প্রশংসামঃ (গৄ শব্দে ক্র্যাদিঃ 'প্বাদীনাং হ্রস্বঃ—৭।৪।৮০) ইদন্তো মসি (৭।১।৪৬) ইতি মস ইগাগমঃ)। কীদৃশং? 'বৃষণং' বর্ষিতারং কামানাং 'পৃক্ষু' পৃতনাসু সংগ্রামেষু 'সাসহিং' শত্রূণাং অভিভবিতারং 'লোককৃত্নুং' লোকস্য স্থানস্য কর্ত্তারং 'হরিশ্রিয়ং' হরিভ্যাং অশ্বাভ্যাং 'শ্রয়ণীয়ং' সেব্যং ('উ' শব্দ এবঃ সমুচ্চয়ে পাদপূরণে বা) 'পৃক্ষু'—'পৃৎস্ব' ইতি পাঠৌ। ১।

* * *

প্রথম (৮৮০) সামের মর্ম্মার্থ।

*

প্রার্থনা-মূলক এই মন্ত্রে পরমানন্দ লাভের প্রার্থনা আছে। ভগবান পরমানন্দের উৎস। তিনি সাধকের হৃদয়ে তাঁহার আনন্দ-স্বরূপের অনুভূতি জাগাইয়া দেন। অথবা তাঁহার নিকট হইতে আসিয়াছে বলিয়া মানুষের অন্তরে সেই আনন্দের ক্ষীণ স্মৃতি জাগরিত হয়।

সংসারের আবর্ত্তে, পাপের প্রলোভনে মানুষ সে পুণ্য-স্মৃতি একেবারে বিস্মৃত হয় না। তাই মানুষ যতই অধঃপতিত হউক না কেন, তাহার হৃদয়ের নিভৃতস্থানে কোন-না-কোনও সময়ে, সেই আনন্দরাগিণীর ক্ষীণ ধ্বনি তাহার হৃদয়-তন্ত্রীতে বাজিয়া উঠে। সংসার মায়ায় মুগ্ধ হইয়া আত্মবিস্মৃত হইলেও সময় সময় মানুষের মনে স্বপ্নস্মৃতির ন্যায় সেই আনন্দের অনুভূতি জাগিয়া উঠে ; দূরাগত মধুর বংশীধ্বনির ন্যায় সেই আনন্দরাগিণী ক্ষীণভাবে হৃদয়ের নিভৃত তারে ঝঙ্কৃত হয়। তাই মানুষ সেই আনন্দের সন্ধানে বাহির হয়। কেহ বা ভগবানের কৃপায় তাহা লাভ করে, কেহ বা পথ ভুলিয়া, গোলকধাঁধায় পড়িয়া, ঘোরাফেরা করে কিন্তু পবিত্র নির্ম্মল হৃদয়ে আনন্দের সেই অনুভূতি জাগরূক হইলে, সাধক তাহার উৎসের সন্ধানে আত্মনিয়োগ করেন। সেই আনন্দস্বরূপের চরণে আত্ম-নিবেদন করিয়া সকল-চাওয়া-পাওয়ার পরিসমাপ্তি করিয়া দেন। এই মন্ত্রে সাধক আনন্দ প্রস্রবণ সেই ভগবানের নিকট পরমানন্দ লাভের প্রার্থনা জ্ঞাপন করিতেছেন।

এই মন্ত্রের মধ্যে সেই আনন্দের স্বরূপ ব্যক্ত করা হইয়াছে। সেই আনন্দ—অভীষ্ট-বর্ষক। মানবের চরম অভীষ্ট মুক্তি, মোক্ষ। যিনি পরমানন্দ লাভ করিয়াছেন, তিনি মুক্তির অধিকারী। সুতরাং একদিক দিয়া মোক্ষ ও আনন্দ অভেদার্থক। ভগবান 'সচ্চিদানন্দ'; যিনি কেবলমাত্র আনন্দ স্বরূপের উপাসনায় মুক্তিলাভ করিতে চাহেন, তিনি পরমানন্দকেই মুক্তি বলিয়া গ্রহণ করেন সুতরাং একদিক দিয়া আনন্দপ্রাপ্তিই মুক্তি।

আনন্দ শত্রুক্ষয়কারী। যিনি আনন্দ লাভ করিয়াছেন শত্রু তাঁহাকে আক্রমণ করিবে তো দূরের কথা, শত্রুগণ তাঁহার ভয়ে পলায়ন করে। 'আনন্দং ব্রহ্মণঃ বিদ্বান ন বিভেতি কুতশ্চন.' যিনি পরমানন্দ লাভ করিয়াছেন, জগতে তাঁহার ভয় করিবার কিছু থাকে না। তাঁহার হৃদয়-মন আনন্দে ভরপুর। তাঁহার নিকট বহির্জগৎ অন্তর্জগৎ আনন্দপূর্ণ। (৪অ—৬খ-২দ ১সা)। *

—— * ——

দ্বিতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যেন জ্যোতী৺ষ্যায়বে মনবে চ বিবেদিথ।
৩ ২ ৩২ ৩ ২ ৩ ১ ২
মন্দানো অস্য বর্হিষো বি রাজসি ॥ ২ ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৪প্র ৪খ ৪দ-৩সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চদশ সূক্তের চতুর্থী ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, সপ্তদশী বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! ত্বং 'যেন' (যয়া কৃপয়া) 'আয়বে' (আয়ুষ্কামিনে, সৎকর্ম্মজনিতদীর্ঘজীবনকামিনে ইত্যর্থঃ) 'মনবে' (মনুষ্যায়, সাধকায় ইত্যর্থঃ) 'জ্যোতীংষি' (জ্ঞানকিরণান্, পরাজ্ঞানং) 'বিবেদিথ' (প্রকাশিতবানসি, প্রকাশয়সি, প্রযচ্ছসি ইত্যর্থঃ) 'চ' (তথা, তৎকৃপয়া ইতি ভাবঃ) ত্বং 'অস্য' (তস্য সাধকস্য ইত্যর্থঃ) 'বর্হিষঃ' (হৃদয়াসনস্য, হৃদয়স্য) 'মন্দানঃ' (পরমানন্দদায়কঃ সন্) 'বিরাজসি' (বিশেষেণ রাজসি)। মন্ত্রোঽয়ং নিত্যসত্যমূলকঃ। ভগবান্ কৃপয়া সাধকেভ্যঃ পরাজ্ঞানং তথা পরমানন্দং প্রযচ্ছতি—ইতি ভাবঃ॥ (৪অ-৬খ ২সূ-২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! আপনি যে কৃপাবশে আয়ুষ্কামী অর্থাৎ সৎকর্ম্মজনিত দীর্ঘজীবনকামী সাধককে পরাজ্ঞান প্রদান করেন, সেই কৃপাবশে আপনি সেই সাধকের হৃদয়ের পরমানন্দদায়ক হইয়া বিশেষরূপে বিরাজ করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক সাধকদিগকে পরাজ্ঞান এবং পরমানন্দ প্রদান করেন)। (৪অ—৬খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র! 'যেন' আত্মীয়েন মদেন 'আয়বে' ঔর্ব্বশেয়ায় 'মনবে' বিবস্বতঃ পুত্রায় চ 'জ্যোতীংষি' সূর্য্যাদীনি বৃত্রাদিভিরাবৃতানি তদ্বধেন 'বিবেদিথ' অলম্ভয় প্রজ্ঞাপিতবান্ প্রকাশিতবানসীত্যর্থঃ, তেন মদেন 'মন্দানঃ' মোদমানস্ত্বং 'অস্য বর্হিষঃ' বৃদ্ধস্য যজ্ঞস্য 'বিরাজসি' বিশেষেণ দীপ্যসে যদ্বা অস্যেতি (তৃতীয়ার্থে ষষ্ঠী) অনেন বর্হিষা বৃদ্ধেন মদেন হৃষ্যন্ বিরাজসি বিশেষেণ দীপ্যসে। (৪অ—৬খ-২সূ-২সা)।

* * *

দ্বিতীয় (৮৮১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভগবান্ কৃপাপূর্ব্বক সাধকের হৃদয়ে পরাজ্ঞান প্রদান করেন। যিনি প্রকৃত পক্ষে উন্নত জীবন লাভ করিতে চাহেন, তিনি ভগবানের কৃপায় ঊর্দ্ধমার্গে গমন করিতে সমর্থ হন। তাঁহার হৃদয় জ্ঞানালোকে প্রদীপ্ত হইয়া উঠে! সেই আলোকে তিনি আপনার গন্তব্য পথ নিরূপণ করিতে সমর্থ হন। হৃদয়ের পরম আনন্দলাভ তাঁহার

আবির্ভাবেই সম্ভবপর হয়। তিনি যেখানে পদার্পণ করেন, সেখানেই চিরবসন্ত বিরাজ করে, পারিজাত প্রস্ফুটিত হয়, মলয়বায়ু বহিতে থাকে। আনন্দস্বরূপ সেই পরমদেবতা যখন কৃপা করিয়া মানবের হৃদয়ে আবির্ভূত হয়েন, তখন মানুষ চিদানন্দরসে আপ্লুত হইয়া যান, জীবনের সকল দুঃখ গ্লানি দূরীভূত হয়। কারণ তিনি সত্যং শিবং সুন্দরং। মন্ত্রে তাঁহার এই স্বরূপের পরিচয়ই ব্যক্ত করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের ব্যাখ্যার যথেষ্ট অনৈক্য ঘটিয়াছে। ভাষ্যকার ‘আয়বে’ ও ‘মনবে’ পদদ্বয়ে যথাক্রমে ‘ঔর্ব্বশেয়ায়’ এবং ‘বিবস্বতঃ পুত্রায়’ অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু অন্য একজন ব্যাখ্যাকার উক্তপদদ্বয়ে যথাক্রমে ‘আয়ু’ এবং ‘মনু’ অর্থ গ্রহণ করিয়াছেন। শেষোক্ত ব্যাখ্যায় ‘আয়ু’ এবং ‘মনু’ দুই জন মানুষের নাম। এই ব্যাখ্যাটী নিম্নে উদ্ধৃত হইল,—"হে ইন্দ্র! যে হর্ষদ্বারা আয়ু এবং মনুকে সূর্য্যাদি দান করিয়াছিলে, সেই হর্ষে হৃষ্ট হইয়া তুমি প্রবৃদ্ধ যজ্ঞের কর্ত্তা হইয়াছ।" কিন্তু ‘আয়বে’ পদে আয়ুষ্কামী ব্যক্তিকেই লক্ষ্য করে, যিনি আয়ু কামনা করেন। ‘মনবে’ পদের সাধারণ অর্থ ‘মানুষ’। এখানে ‘আয়বে’ পদের সহিত সংযুক্ত হওয়ায় উহার অর্থ দাঁড়াইয়াছে—‘সাধক’। আমরা এই দৃষ্টিতেই শব্দার্থ গ্রহণ করিয়াছি।

পূর্ব্বোদ্ধৃত ব্যাখ্যা সম্বন্ধে ইহাও বক্তব্য যে, এই ব্যাখ্যা দ্বারা কি ভাব প্রকাশ করে, তাহা বুঝা দুষ্কর। উক্ত ব্যাখ্যার অন্তর্গত "সূর্য্যাদি দান করিয়াছিলেন" অংশের কি অর্থ হইতে পারে? যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যা ও বঙ্গানুবাদে বিবৃত হইয়াছে। এখানে তাহার পুনরালোচনা নিষ্প্রয়োজন॥ (৪অ ৬খ—২সূ—২সা)॥ *

— ০ —

তৃতীয়ং সাম ॥

২ ৩ ১ ৩ ৩ ১ ২র ৩ ১ ২
তদদ্যা চিত্ত উক্থিনোঽনুষ্টুবন্তি পূর্ব্বথা ॥
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বৃষপত্নীরপো জয়া দিবেদিবে ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! ‘উক্থিনঃ’ (স্তোতারঃ, প্রার্থনাপরায়ণাঃ সাধকাঃ) ‘পূর্ব্বথা’ (যথাপূর্ব্বং); ‘অদ্যাচিৎ’ (তদ্বৎ অদ্যাপি নিত্যকালং ইত্যর্থঃ,) ‘তে’ (ত্বদীয়ং) ‘তৎ’ (প্রসিদ্ধং মাহাত্ম্যং ইতি ভাবঃ) ‘অনুষ্টুবন্তি’ (ক্রমেণ প্রশংসন্তি, বিশেষেণ প্রখ্যাপয়ন্তি); ‘বৃষপত্নীঃ’ (অভীষ্টবর্ষকস্য দেবস্য পত্নীস্বরূপিণীঃ, অভীষ্টদাতারং ইত্যর্থঃ) ‘অপঃ’ (অমৃতপ্রবাহং) ত্বং ‘জয়’

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চদশ সূক্তের পঞ্চমী ঋক্ (ষষ্ঠ অষ্টকের, প্রথম অধ্যায়ের, সপ্তদশ বর্গের অন্তর্গত)।

(স্বায়ত্তং কুরু, অস্মভ্যং প্রযচ্ছ ইতি ভাবঃ); মন্ত্রোঽয়ং নিত্যসত্যপ্রখ্যাপকঃ তথা প্রার্থনামূলকঃ। অয়ং ভাবঃ,—সাধকাঃ নিত্যং ভগবন্মাহাত্ম্যং কীর্ত্তয়ন্তি; ভগবান্ কৃপয়া অস্মভ্যং অমৃতং প্রযচ্ছতু॥ (৪অ-৬খ ২সূ ৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! প্রার্থনাপরায়ণ সাধকগণ পূর্ব্ববৎ অদ্যাপি অর্থাৎ নিত্যকাল আপনার প্রসিদ্ধ মাহাত্ম্য বিশেষরূপে প্রখ্যাপন করেন; অভীষ্টদাতা অমৃতপ্রবাহকে আপনি আমাদিগকে প্রদান করুন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। ভাব এই যে,—সাধকগণ নিত্যকাল ভগবন্মাহাত্ম্য কীর্ত্তন করেন; ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে অমৃত প্রদান করুন।)। (৪অ—৬খ—২সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র! 'তে' ত্বদীয়ং 'তৎ' প্রসিদ্ধং বলং 'অদ্যাচিৎ' অদ্যাপি 'পূর্ব্বথা' পূর্ব্বস্মিন্ কালে ইব 'উক্থিনঃ' শস্ত্রিণঃ, স্তোতারঃ 'অনুষ্টুবন্তি' ক্রমেণ প্রশংসন্তি। স ত্বং 'বৃষপত্নীঃ' বৃষা বর্ষন্তঃ পর্জ্জন্যাঃ পতির্যাসাং তাদৃশীঃ অপঃ 'দিবে দিবে' প্রতিদিবসং 'জয়' স্বায়ত্তং কুরু॥ (৪অ—৬খ—২সূ—৩সা)॥

* * *

তৃতীয় (৮৮২) সামের মর্ম্মার্থ।

আমরা মন্ত্রটীকে দুই ভাগে বিভক্ত করিয়াছি। প্রথম অংশে নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে এবং অপরাংশে আছে—অমৃত লাভের প্রার্থনা।

সাধকগণ নিত্যকাল ভগবন্মাহাত্ম্য কীর্ত্তন করেন। তাঁহারা ভগবানের মহিমা জীবনে উপলব্ধি করেন, তাই স্বভাবতঃই সেই মহিমা কীর্ত্তনে রত হয়েন। শুধু তাই নয়, ভগবন্মহিমা কীর্ত্তন, শ্রবণ ও আলাপনে মানুষ পবিত্র হয়-মোক্ষপথে অগ্রসর হয়। ভগবানের গুণানুকীর্ত্তনে মানুষ তাঁহার প্রতি আকৃষ্ট হয়, তাহার প্রতি অনুরাগ জন্মে। ভগবৎপ্রেমের অপেক্ষা শ্রেষ্ঠ সম্পৎ মানুষের পক্ষে আর কি হইতে পারে? সেই মহাপ্রেমের সঞ্চার হয়,—তাঁহার নামগানে, গুণানুকীর্ত্তনে। তাই সাধকগণ ভগবানের মহিমা কীর্ত্তনে আত্মনিয়োগ করেন। প্রচলিত ব্যাখ্যাদিতেও মন্ত্রের এই অংশের ব্যাখ্যা বিশেষ পরিবর্ত্তিত হয় নাই। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। যথা,—"হে ইন্দ্র! পূর্ব্বকালের

ন্যায় অন্যও উক্থ মন্ত্রোচ্চারণকারিগণ তোমার সেই বলের প্রশংসা করে। তুমিও পর্জ্জন্য যাহাদের স্বামী প্রতিদিবস সেই জল জয় কর।' মন্ত্রের শেষাংশের 'জয়' পদের ভাষ্যার্থ— 'স্বায়ত্তং কুরু' – উপরোক্ত অনুবাদার্থ 'জয় কর'। কিন্তু জলকে জয় করার কোন সঙ্গতার্থ হয় না। 'অপঃ' অর্থাৎ অমৃতপ্রবাহ, আমাদিগকে প্রদান কর এই অর্থেই ভাবসঙ্গতি রক্ষিত হয়। ভগবানের অজেয়, অথবা জেতব্য কিছুই নাই; তিনি যাহা করেন, তাহা লোকহিতার্থে। এই দৃষ্টিতেই আমরা পদসমূহের ব্যাখ্যা গ্রহণ করিয়াছি। (৪অ ৬খ ২সূ—৩সা)॥

———•———

দ্বিতীয় সূক্তের গেয়-গান।

১ র — র ১ ´ ২ ১ ২ ২
১। তাংতমদ্দা২ গৃণীমসায়ি। বার্ষণংপৃ। ৎসুসাসা৩ হী৩ম্।
১ ২ ২ ১ ১ ২ ১ ২ ২
হোবা৩ হায়ি। উলোক্কা৩ কৃ৩। হোবা৩ হা।
১ ^ ৩ ৫র র ২ ১ ১ ১ ১ ১
ত্নুম। দ্রা২ য়িবা২৩৪ ঔহোবা। হারিশ্রিয়া২৩৪৫
১র র — র ১ ২র
ম্॥ (১) যেনজ্যোতী২ ষ্যা৩য়িবাপবায়ি। মানবেচ।
১ ২ ২ ১ ২ ২ ১ ২ ২
বিবায়িদী৩ থা৩। হোবা৩ হায়ি। মন্দানো৩ অা৩।
২ ২ ২ ১ ৫ ৩ ৫র র
হোবা৩ হা। স্যব। হা২ য়িষা২৩৪ ঔহোবা।
২ র ১ ১ ১ ১ ১ ১ র — ১
বিরাজসা২৩৪৫য়ি॥ (২) তদদ্যাচা২ য়িত্তউক্থিনাঃ।
২ ২ ২ ২ ১ ২ ১ ১ ২ ২
আনুষ্টুব। ন্তিপূর্ব্বা৩ থা৩। হোবা৩ হায়ি। বৃষাপত্নী
১ ২ ২ ১ ৫ ৩ ৫র র
৩ঃ। হোবা৩ হায়ি। অপঃ জা২ য়া২৩৪ ঔহোহা।
২ র ২ ১ ১ ১ ১
দিবেদিবা২৩৪৫য়ি (৩)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চদশ সূক্তের ষষ্ঠী ঋক্ (ষষ্ঠ অষ্টক, প্রথম অধ্যায়, অষ্টাদশ বর্গের অন্তর্গত)॥

২ র র র ১ ২ ন ৩ ৫ ২ ১
২। ত্বন্তেমদাওঁহোওয়ি। গার্ণায়িমা ২ ৩ ৪ গায়ি। ম্নমাণা ২ ৩ ৪

৫ ১ র র২ ৩র ৪র ৫ ১৩
৬ হায়ি। পৃক্ষ,দামহিগূলোকা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪

৫ ১ ৩ ৫ ২ ১ ২ ১ ৭ ২
হায়ি। উহুবা ২ ৩ ৪ কৃ। ত্নুমাদ্র। বোহরিশ্রা ৩ ৪।

৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১ ২ ৩ ৪। য়াগৃ।

৫র ৫ ২ ২ র র র র ১ ২ ন ৩
এহিয়া ৬ হা॥ (১) যেনজ্যোতা। ঔহোওয়ি। মীগায়া

৫ ২ ১ ৫ ১ র র ২
২ ৩ ৫ বায়ি। মন্নাবা ২ ৩ ৪ ঈওয়ি। চণিবোদিথনন্দানা

২র ৪র ৫ ১ ৩ ৫ ২ ৩ ৫
৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ আ।

২ ১ ২ ১ ৭ র ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫
স্যার্হি। মোবিয়াজা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি।

৩র ২ ৫র ৫ ২ র র
ঔহো ৩ ১ ২ ৩ ৪। গায়ি। এহিয়া ৬ হা॥ (২) তদস্যাচা

র ১ ২ ৩ ৫ ২ ১ ৫
ঔ হাহায়ি ভাউচ্ছ ২ ৩ ৫ ঈনাঃ অনূষ্ট ২ ৩ ৪ হা।

১ র র ২ ৩র ৪র ৫ ১ ৩ ৫
বাস্তপূর্ব্বিণাবৃষণঃ ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি।

২ ৩ ৫ ২ ১ র ২ ১ ৭ র ২
উহুবা ২ ৩ ৪ ত্নুঃ। অপোজা। য়াদদেবা ৩ ৪।

৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২
ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১ ২ ৩ ৪।

৫র ৫
বায়। এহিয়া ৬ হা (৩)॥

৫ ৪ ২ ৪ ৫র ৪ ৫ ১ ২ — ১ ৭
৩। তস্তা ০ য়িমা ৩ দঙ্ গৃণীমসোবা ব্রমণংপৃক্ষুণাসা ২ হায়িমুলো।
১ ৩ ৫ ১ S ২
২ ৩। হো। কা ২ ৩ ৪ ক্। তুমিন্দ্রিবঃ। হরা ৩ য়িহা ৩
১A ৩ ৫র র ৫র ৪ ২
য়ি। শ্রা ২ য়া ৩ ৩ ৪ ঔহোবা॥ (১) যোনা ৩ স্যো ৩
৪ ৫র ৪৫ ১ র র ১৭ ১
তীঁ৺ষি আয়বোবা। মনবেচর্ষিবেদা ২ য়িথাসন্দা ২ ৩। হো।
৩ ৫ ১ S ২ ১ A
নো ২ ৩ ৪ আ। স্তুর্গিমঃ। বিরা ৩ হা ৩ য়ি। স্তা ২
৩ ৫র র ৫ ৪ ২ ৪ ৫ ৪ ৫
সা ২ ৩ ৪ ঔহোবা॥ (২) তদা ৩ স্তা ৩ চিত্তউক্থিনোবা।
১ র ১ ৭ ১ ৩ ৫
অনুষ্টুবন্তিপূর্ব্বা ২ থান্নুষা ২ ৩। হো। পা ২ ৩ ৪ স্ত্রীঃ
১ র র ১ ২ ১ র ৩ ৫র ৭
অপোজয়া। দিবে ৩ ক্বা ৩ হি। দা ২ য়িবা ২ ৩ ৪ ঔহোবা।
৩ ১ ১ ১ ১
উ ২ ৩ ৪ ৫ (৩)॥ ১।২।৩॥

* * *

প্রথমং সাম।

৩ ১ ২র ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২
শ্রুধী হবং তিরশ্চ্যা ইন্দ্র যস্ত্বা সপর্য্যতি।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
সুবীর্য্যস্য গোমতো রায়স্পূর্দ্ধি মহাঁ৺ অসি॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলৈশ্বর্য্যাধিপতে হে দেব) 'তিরশ্চ্যা' (দিগ্‌ভ্রান্তস্য, বিপথগামিনঃ মম) 'হবং' (প্রার্থনাং) 'শ্রুধী' (শৃণু); 'যঃ' (যঃ জনঃ) 'ত্বা' (ত্বাং) 'সপর্য্যতি' (আরাধয়তি, অনুসরণং করোতি) 'সুবীর্য্যস্য' (উত্তমবীর্য্যস্য, আত্মশক্ত্যাঃ) তথা 'গোমতঃ রায়ঃ'

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্র-গ্রথিত তিনটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—(১) ও (২) "হরিবর্ণ," (৩) "সৌভরম"।

(জ্ঞানাবর্দ্ধনঃ ধনস্য, পরাজ্ঞানস্য-দানেন ইতি ভাবঃ) ত্বং তং 'পূর্দ্ধি' (পাপূর্দ্ধিরসি); ত্বং 'মহান্' (মহান্) 'অসি' (ভবসি); মন্ত্রোঽয়ং প্রার্থনামূলক। হে ভগবন্! 'দিগ্‌ভ্রান্তঃ মাং পরাজ্ঞানং প্রদেহি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৪অ—৬খ—৩সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

সর্বৈশ্বর্য্যাধিপতি হে দেব! দিগ্‌ভ্রান্ত (বিপথগামী) আমার প্রার্থনা শ্রবণ করুন; যে জন আপনাকে আরাধনা করে—আপনার অনুসরণ করে, আত্মশক্তি এবং পরাজ্ঞান দান করিয়া আপনি তাহাকে প্রবর্দ্ধিত করেন; আপনি মহান্ হয়েন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে—হে ভগবন্! এই প্রার্থনাকারী দিগ্‌ভ্রান্ত আমাকে পরাজ্ঞান প্রদান করুন।)॥ (৪অ—৬খ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র! যঃ 'ত্বা' ত্বাং 'সপর্য্যতি' যজমানঃ কর্ম্মাদিভিঃ হবির্ভিঃ পরিচরতি। তাদৃশস্য 'তিরশ্চ্যাঃ'-এতন্নামকস্য ঋষের্ম্মম 'হবং' স্তুতিরূপমাহ্বানং 'শ্রুধি' শৃণু শ্রুত্বা চ হে ইন্দ্র! ত্বং 'সুবীর্য্যস্য শোভন-বীর্য্যোপেতস্য যথা, বীরে পুত্রে ভবং বীর্য্যং, সুপুত্রবতঃ 'গোমতঃ' গবাদি পশুমতঃ 'রায়ঃ' ধনস্য দানেন অস্মান্ 'পূর্দ্ধি' পূরয়। এতৎসামর্থ্যং কুত ইত্যত আহ ত্বং 'মহান্' গুণাধিকঃ শ্রেষ্ঠশ্চ 'অসি' ভবসি খলু। (৪অ—৬খ—৩সূ—১সা)॥

* * *

প্রথম (৮৮৩) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। কিন্তু উভয় অংশের মধ্যে অবিচ্ছিন্ন সম্বন্ধ রহিয়াছে। উভয় অংশে এক প্রার্থনাই করা হইয়াছে।

হে ভগবন্! আমার প্রার্থনা শ্রবণ করুন। সকলের প্রার্থনাই তো তিনি শ্রবণ করেন। তবে আমার সম্বন্ধে বিশেষভাবে উল্লেখ কেন? আমি যে পতিত দিগ্‌ভ্রান্ত! তাই মনে হয়—আমার প্রার্থনা বুঝি তাঁহার চরণে পৌঁছে না, আমি বুঝি পতিতই থাকিব। তাই আমার প্রার্থনা শ্রবণ করিবার জন্যই প্রার্থনা করিতেছি। আমি জানি না—কিরূপে প্রার্থনা করিতে হয়; আমি জানি না—কি উপাচারে তাঁহার পূজা করিতে হয়; তাই তাঁহাকেই আমার অক্ষমতা জানাইতেছি। আর নিজের অজ্ঞানতার বশে ভাবিতেছি—আমার প্রার্থনা কি তাঁহার চরণে পৌঁছিবে? তাই নিজের ব্যাকুলতায় তাঁহাকে ডাকিতেছি—'ওগো আমার প্রার্থনা কি তোমার চরণে পৌঁছায়? পাপীর ক্রন্দন কি তুমি শুনিতে পাও?'

কি আমার প্রার্থনা? আমি দিগ্‌বিভ্রান্ত, পতিত; আমাকে উদ্ধার করিবার জন্য, আমাকে সেই পরমধন দাও—যে ধন পাইলে আমি আমার গন্তব্য পথে চলিতে পারিব, আমি আমার চরম লক্ষ্যসাধনের দিকে অগ্রসর হইতে পারিব। আমাকে 'গোমতঃ রায়ঃ'

—পরাজ্ঞান দাও ; আমি যেন সেই জ্ঞানালোকের সাহায্যে, এই ঘনান্ধকারের মধ্যে আমার পথ চিনিয়া লইতে পারি, চিরদিনের জন্য যেন আমার ভ্রান্তি টুটিয়া যায়। তাই দিগ্‌ভ্রান্ত আমি তাঁহার চরণে শরণ লইতেছি - সেই ধ্রুবতারার দিকে লক্ষ্য রাখিয়া যেন আমি মোক্ষমার্গে অগ্রসর হইতে পারি।

এই মন্ত্রের ব্যাখ্যা-কালে কোনও কোনও স্থলে ভাষ্যের সহিত আমাদিগের অনৈক্য হইয়াছে। প্রথমতঃ 'তিরশ্চ্যা' পদ। ভাষ্যকার উহার অর্থ করিয়াছেন—'এতন্নামকস্য ঋষের্ম্মম'। এই সাম-মন্ত্রের ঋষি 'তিরশ্চী আঙ্গিরস'; তাই ভাষ্যকার তিরশ্চ্যা পদে মন্ত্রের ঋষিকেই নির্দ্দেশ করিতেছেন। আমাদিগের মত ভিন্ন। 'তিরশ্চী' এখানে কোন নামবাচক পদ নয়, পরন্তু উহা বিশেষণ পদ। 'তিরশ্চী' পদে 'তির্য্যক্ ভাবে গমনকারী' বুঝায়; অর্থাৎ সহজপথে যে চলে না বা চলিতে পারে না। ঐ অর্থ হইতে, 'দিগ্‌ভ্রান্ত' (বিপথগামী) এই ভাব প্রাপ্ত হই। তাই এই 'তিরশ্চ্যা' পদে আমরা "দিগ্‌ভ্রান্তস্য বিপথগামিনঃ মম" অর্থ গ্রহণ করিয়াছি। 'সুবীর্য্যস্য' পদে ভাষ্যকার দুইটী অর্থ করিয়াছেন। আমরা তাঁহারই অনুসরণে অর্থ গ্রহণ করিয়াছি। 'হবং' পদে ভাষ্যকার এখানে অর্থ করিয়াছেন—'স্তুতিং'।' এখানে আর পুরোডাশাদির উল্লেখ নাই। আমরা পূর্ব্বাপরই 'হব' 'হবি' প্রভৃতি পদের 'পূজা' 'আরাধনা' 'প্রার্থনা' ইত্যাদি অর্থ গ্রহণ করিয়া আসিতেছি। এখানে দেখা যাইতেছে যে, ভাষ্যকারও ক্রমশঃ মত পরিবর্ত্তন করিতেছেন। 'গোমতঃ' পদেও আমরা পূর্ব্ব-সঙ্গতি ও অর্থের সামঞ্জস্য রক্ষা করিয়া জ্ঞানযুক্তধন' অর্থাৎ পরাজ্ঞান অর্থ গ্রহণ করিয়াছি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণীর অনুসরণেই উপলব্ধ হইবে। মন্ত্রে প্রত্যক্ষস্তুতি থাকায় 'পূর্দ্ধি' পদে প্রবর্দ্ধয়সি অর্থ গ্রহণ করা হইয়াছে। (৪অ-৬খ-৩সূ-১সা।)* •

—— • ——

দ্বিতীয়ং সাম।

১২ ৩ ১২ ৩ ১ ২ ৩১ ২র
যস্ত ইন্দ্র নবীয়সীং গিরং মন্দ্রমজীজনৎ।
২ ১২ ৩ ১২ ৩২৩১২ ৩১২
চিকিত্বিন্মনসং ধিয়ং প্রত্নামৃতস্য পিপ্যুষীম্ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলাধিপতে হে দেব!) 'যঃ' (যঃ সাধকঃ) 'নবীয়সীং' (নবতরাং, পুনঃপুনঃ ক্রিয়মাণাং, সর্ব্বকালং ইত্যর্থঃ) 'তে' (তব সম্বন্ধিনীং) 'মন্দ্রাং' (আনন্দদায়িকাং 'গিরং' (স্তুতিং, প্রার্থনাং) 'অজীজনৎ' (উৎপাদয়তি, করোতি, উচ্চারয়তি ইত্যর্থঃ)

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩অ ১২খ—১২দ ৫সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চনবতিতম সূক্তের চতুর্থী ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, ত্রিংশ বর্গের অন্তর্গত)।

তস্মৈ সাধকায় ত্বং 'ঋতস্য' (সত্যস্য) 'প্রত্নাং' (পুরাতনীং, নিত্যাং) 'পিপ্যুষীং' (প্রবৃদ্ধাং) 'চিকিত্বিন্মনসং' (অতীন্দ্রিয়ার্থদর্শিকাং, পরাজ্ঞানদায়িকাং) 'ধিয়ং' (বুদ্ধিং) প্রযচ্ছসি ইতি শেষঃ। মন্ত্রোঽয়ং নিত্যসত্যমূলকঃ। ভগবান্ সাধকেভ্যঃ পরাজ্ঞানদায়িকাং শ্রেষ্ঠাং বুদ্ধিং প্রযচ্ছতি—ইতি ভাবঃ। (৪অ—৬খ—৩সূ—২সা।)।

* * *

বঙ্গানুবাদ।

বলাধিপতি হে দেব! যে সাধক সর্ব্বকাল আপনার সম্বন্ধীয় আনন্দদায়ক প্রার্থনা উচ্চারণ করেন সেই সাধককে আপনি সত্যের নিত্য প্রবৃদ্ধ পরাজ্ঞানসম্পন্ন বুদ্ধি প্রদান করেন। মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ সাধকদিগকে পরাজ্ঞানদায়ক শ্রেষ্ঠ বুদ্ধি প্রদান করেন।)। (৪অ—৬খ—৩সূ—২সা।)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্র!' 'যঃ' যজমানঃ 'নবীয়সীং' নবতরাং পুনঃপুনঃ ক্রিয়মাণত্বাৎ 'মন্দ্রাং' মদকরীং 'গিরং' স্তুতিলক্ষণাং বাচং 'তে' ত্বদর্থং 'অজীজনৎ' উদপীপদৎ অকার্ষীদিত্যর্থঃ। তস্মৈ 'স্তোত্রে' ত্বং 'প্রত্নাং' পুরাতনীং 'ঋতস্য' সত্যস্য সম্বন্ধি (যদ্বা তৃতীয়ার্থে ষষ্ঠী ২।৩।৬৩) সত্যেন 'পিপ্যুষীং' প্রবৃদ্ধ (লিড্যঙোশ্চ ৬।১।২৯)—ইতি প্যায়তেঃ পীভাবঃ তাদৃশং 'চিকিত্বিন্মনসং' 'কিত জ্ঞানে' ক্বসৌ রূপং, আকারস্তকারশ্ছান্দস চিকিত্বানি জ্ঞানানি সর্ব্বেষাং হৃদয়ানি সংবেত্তি অভয়ঃক্রিয়মাণং সত্তং রক্ষণং তৎ সর্ব্বেষাং হৃদয়ঃ প্রজ্ঞাপয়তীতি। ততঃ অতীন্দ্রিয়ার্থদর্শকাং 'ধিয়ং' ত্বদীয়ং রক্ষণাখ্যং কর্ম্ম তস্মৈ কুরু 'যজ্ঞঃ ত্বু' 'ইন্দ্রয়ন্তে' ইতি—শাতায়েন পাঠো। (৪অ-৬খ-৩সূ-২সা।)॥

* * *

দ্বিতীয় (৮৮৪) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্যমূলক। প্রচলিত ব্যাখ্যাদিতেও অধিকাংশস্থলে মন্ত্রটীকে নিত্যসত্যমূলক বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে। কিন্তু ভাষ্যকার মন্ত্রকে প্রার্থনামূলক বলিয়া গ্রহণ করিয়াছেন। তাহাতে ভাব দাঁড়াইয়াছে 'হে ইন্দ্র! প্রার্থনাকারী যজমানদিগের রক্ষার জন্য অতীন্দ্রিয়দর্শিকা বুদ্ধি বা কর্ম্ম করুন।' 'ধিয়ং' কর্ম্মপদের ক্রিয়াটী সকলকেই অধ্যাহার করিতে হইয়াছে। ভাষ্যকার 'কুরু' পদ অধ্যাহার করিয়াছেন। আমরা 'প্রযচ্ছসি' পদ গ্রহণ করিয়াছি। কিন্তু প্রচলিত ব্যাখ্যাদিতে এই অধ্যাহৃত ক্রিয়াপদের সহিত রক্ষা কার্য্যের সম্বন্ধ সংস্থাপিত করিয়াছেন। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "হে ইন্দ্র! যে ব্যক্তি তোমার উদ্দেশে নুতন মদকর বাক্য উৎপাদন করে,

সেই স্তোতার উদ্দেশে তুমি পুরাতন সত্যযুক্ত প্রবন্ধ সকলের হৃদয়ঙ্গম রক্ষাকার্য্য সম্পাদন কর।" আমাদের ব্যাখ্যার সহিত এই ব্যাখ্যার অতি সামান্য অনৈক্য আছে মাত্র।

এখানে দু'একটী পদের ব্যাখ্যা সম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। 'নবীয়সীং' পদের ব্যাখ্যায় আমরা 'সর্ব্বকালং' অর্থ গ্রহণ করিয়াছি। সত্য পুনঃ পুনঃ করা হয়, যাহা সর্ব্বদা অনুষ্ঠিত হয়, তাহার সহিত সর্ব্বকালের একটা নিত্যসম্বন্ধ আছে বলিয়া আমরা উক্ত পদে 'সর্ব্বকালং' অর্থ গ্রহণ করিয়াছি। 'চিকিত্বিন্মনসং' পদের ভাষ্যানুযায়ী ব্যাখ্যাই গ্রহণ করিয়াছি। অধিকাংশ স্থলেই ভাষ্যের সহিত আমাদিগের ব্যাখ্যার মূল ভাবগত ঐক্য আছে। (৪অ ৬খ-৩সূ-২সা)। *

* * *

তৃতীয়ং সাম।

১২ ৩ ২র ৩ ১২৩ ১২ ৩২
তমু ষ্টবাম যং গির ইন্দ্রমুক্থানি বাবৃধুঃ।
৩১ ২৩ ২ ৩ ১২
পুরূণ্যস্য পৌংস্যা সিষাসন্তো বনামহে॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যং ইন্দ্রং' (যং বলাধিপতিং দেবং, ভগবন্তং ইত্যর্থঃ) সাধকানাং 'গিরঃ' (স্তুতয়ঃ) তথা 'উক্থানি' (স্তোত্রাণি, প্রার্থনাঃ) 'বাবৃধুঃ' (প্রবর্দ্ধয়ন্তি, যস্য মহিমানং প্রখ্যাপয়ন্তি ইতি ভাবঃ) 'তং উ' (তমেব ভগবন্তং) বয়ং 'স্তবামঃ' (আরাধয়াম); 'অস্য' (ভগবতঃ) 'পুরূণি' (বহূনি, প্রভূতপরিমাণানি) 'পৌংস্যা' (পৌংস্যানি, বীর্য্যাণি, শক্তিং ইত্যর্থঃ) 'সিষাসন্তঃ' (কাময়মানাঃ সন্তঃ বয়ং ইতি ভাবঃ) 'বনামহে' (ভগবন্তং আরাধয়াম); প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং সর্ব্বলোকপূজ্যং ভগবন্তং আরাধয়াম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৪অ ৬খ ৩সূ ৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

যে বলাধিপতি দেবতাকে অর্থাৎ ভগবানকে সাধকগণের স্তুতি ও প্রার্থনা প্রবৃদ্ধ করে, অর্থাৎ যাঁহার মহিমা প্রখ্যাপন করে, সেই ভগবানকেই যেন আমরা আরাধনা করি; ভগবানের প্রভূতপরিমাণ শক্তি কামনাকারী হইয়া আমরা যেন ভগবানকে আরাধনা করি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন সর্ব্বলোকপূজ্য ভগবানকে আরাধনা করি।)॥ (৪অ—৬খ—৩সূ—৩সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চনবতিতম সূক্তের পঞ্চমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, ত্রিংশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

হে ঋষয়ঃ 'তং' পরস্পরমাহূতং পূর্ব্বোক্তলক্ষণং 'উ' ইত্যবধারণে তমেব 'ইন্দ্রং' স্তবাম স্তুতিভিঃ স্তুমঃ 'যম্' ইন্দ্রং 'গিরঃ' অস্মাকং স্তুতয়ঃ 'উক্থানি' শস্ত্রাণি চ 'বাবৃধুঃ' প্রাবর্দ্ধয়ন্ তং স্তুমঃ। ততো বয়ং 'অস্য' ইন্দ্রস্য 'পুরূণি' বহূনি 'পৌংস্যা' পৌংস্যানি বীর্য্যাণি 'সিষাসন্তঃ' (ষণ সম্ভক্তৌ সনীড়ভাবপক্ষে আদেশে কৃতে রূপং সনোতেরনঃ—৮ ৩ ১০৮) ইতি সাংহিতিকং ষত্বং; তানি বীর্য্যাণি সম্ভক্তুমিচ্ছন্তঃ সন্তো 'বনামহে' তমিন্দ্রং স্তুতিভিঃ সম্ভজামহে। ৩।

ইতি সামবেদার্থপ্রকাশে উত্তরার্চ্চিকস্য তৃতীয়াধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ।

বেদার্থস্য প্রকাশেন তমোহার্দ্দং নিবারয়ন্।
পুমর্থাংশ্চতুরো দেয়াদ্ বিদ্যাতীর্থ-মহেশ্বরঃ॥

* * *

ইতি শ্রীমদ্রাজাধিরাজ-পরমেশ্বর-বৈদিকমার্গপ্রবর্ত্তক-শ্রীবীরবুক্ক-ভূপাল-সাম্রাজ্যধুরন্ধরেণ
সায়ণাচার্য্যেণ বিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে
উত্তরার্চ্চিকে চতুর্থোঽধ্যায়ঃ॥

* * *

তৃতীয় (৮৮৫) সামের মর্ম্মার্থ।

§ :*: §

মন্ত্রটী প্রার্থনামূলক। ভাষ্যাদি প্রচলিত ব্যাখ্যার সহিত আমাদিগের বিশেষ কোন অনৈক্য হয় নাই। মন্ত্রে সর্ব্বলোকপূজিত ভগবানের আরাধনা করিবার জন্য আত্মোদ্বোধনা আছে। ভাব এই যে, সাধকগণ তাঁহার আরাধনা করেন মহাজনদিগের অনুসৃত পন্থা অবলম্বন করিয়া আমরাও যেন ভগবানের পূজায় ব্রতী হই।

শক্তির আধার ভগবান্। সুতরাং তাঁহার নিকট হইতে মানুষ শক্তি লাভ করিতে পারে। তাই বলা হইয়াছে—'পৌংস্যা সিষাসন্তঃ' অর্থাৎ তাঁহার শক্তি কামনা করিয়া যেন আমরা তাঁহার পূজা করি। ভগবান বাঞ্ছাকল্পতরু; তিনি অবশ্যই আমাদিগের প্রার্থনা কামনা পূর্ণ করিবেন। তাই তাঁহার চরণেই আমাদিগের প্রার্থনা নিবেদন করিতেছি। মন্ত্রের মধ্যে এই ভাবই আমরা দেখিতে পাই॥ (৪অ ৬খ—৩সূ—৩সা)।

*

তৃতীয় সূক্তের গেয়-গান।

৫ ২ ৪৫৪ ৫ ২ ২১ ২৩২১ ৫র ৩২^
১। শ্রুধীহা ৩ -তির'শ্চয়াঃ। ইন্দ্রায়স্ত্বা। সপর্য্যাতা ২৩৪ য়ি। সুবী। রিয়া।
৩ ৫ ১ — ১ ২ ২ ২ ৪
স্যা ২৩৪ গো। মা ৩ ২ঃ রা'য়াস্পূর্দ্ধী ৩· হা ৩ ভায়ি। মহা ৫ ৬ অসী॥ (১)

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চনবতিতম সূক্তের পঞ্চমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, ষষ্ঠ অধ্যায়, ত্রিংশ বর্গের অন্তর্গত)।

৫ ২ ৪৫৪র৫ ২১২১ ২৩র২১ ৫ ৩২^
যত্তআ ৩ য়িন্দ্রনবীয়সীয়িম্। গিরাম্মন্দ্রাম্অজীজনা ২ ৩ ৪ ৎ। চিকি। ত্বিন্মা।
৩ ৫ ১ — ১ ২ ২ ২ ৪
না ২ ৩ ৪ সাম্। ধায়া ২ য়ম্। প্রত্নামার্ত্তা ৩। হা ৩ হা। স্যপাই ৫
৫ ২ ৪র ৫৪ ৫ ২ ১ ২ ১ ২৩র২১
য়িপ্‌পুষীম্। (২) তমুষ্টা ৩ বামযঙ্গিরাঃ। ইন্দ্রামুক্‌থা। নিবাবৃধু ২ ৩ ৪ঃ।
৫র ৩২^ ৩ ৫ ১ — ১ ২ ২ ২
পুরূ। ণিয়া। স্যা ২ ৩ ৪ পৌ। সায়া ২। সিষাসান্তা ৩ঃ। হা ৩ হায়ি।
৪ ২ ৪
বনা ৫ মহায়ি। হো ৫ ঈ। ডা (৩)॥

* * *

২র রর১২ ৩ ৫ ২ র২ ৫
২। শ্রুধীহবাঔহোহায়ি। তাঈরশ্চা ২ ৩ ৪ য়াঃ। ইন্দ্রযস্ত্বাসপর্য্যাতো ২ ৩ ৪ হায়ি।
১র র২ ৩র৪র৫ ১৩ ৫ ২ ৩ ৫
সুবীর্য্যস্যগোমা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ তাঃ।
২র১২র ১ ৭ র ২ ৩র৪র৫ ১৩ ৫ ৩র২
রায়স্পূ। র্ধায়িমহা৺স্যা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১
৫র ৫ ২ রর১২ ॥
২ ৩ ৪। সায়ি। এহিয়া ৬ হা॥ (১) যত্তইন্দ্রাঔহোহায়ি। নবীয়া ২ ৩ ৪
৫ ২ র র১ ৫ ১ ২ ৩র৪র৫
সীয়িম্। গিরম্মন্দ্রামজীজানো ২ ৩ ৪ হায়ি। চিকিত্বিন্মানসন্ধা ৩ ৪। ঔহোবা।
১৩ ৫ ২ ৩ ৫ ২১র২ ১ ৭ ২ ৩র৪র৫
ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা ২ ৩ ৪ য়াম্। প্রত্নামৃ। তাস্যপিপ্যু ৩ ৪ ঔহোবা।
১৩ ৫ ৩র২ ৫র ৫
ইহা ২ ৩ ৪ হায়ি। ঔহো ৩ ১ ২ ৩ ৪। ষীম্। এহিয়া ৬ হা। (২)
২ রর১২ ৩ ৫ ২ র ১
তমুষ্টবাঔহোহায়ি। মায়ঙ্গা ২ ৩ ৪ য়িরাঃ। ইন্দ্রমুক্‌থানিবাবার্ধো ২ ৩ ৪
৫ ১র র ২ ৩র৪র৫ ১৩ ৫ ২ ৩
হায়ি। পুরূণ্যস্যপৌ৺স্যা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি। উহুবা
৫ ২১র২ ১৭র২ ৩র৪র৫ ১৩ ৫
২ ৩ ৪ য়া। সিষাস। ন্তোবনামা ৩ ৪। ঔহোবা। ইহা ২ ৩ ৪ হায়ি।
৩র২ ৫র ৫ ৪
ঔহো ৩ ১ ২ ৩ ৪। হবি। এহিয়া ৬ হা। হো ৫ ঈ। ডা (৩) ॥১,২,৩॥

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—"তৈরশ্চাম্" এবং "বারবন্তীয়ম্"।

ওঁ

সামবেদ-সংহিতা।

উত্তরার্চ্চিকে—পঞ্চমোঽধ্যায়ঃ।

যস্য নিশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ।
নির্ম্মমে তমহং বন্দে বিদ্যাতীর্থ-মহেশ্বরঃ। ৫।

* * *

প্রথমঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ২
প্র ত আশ্বিনীঃ পবমান ধেনবো
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
দিব্যা অসৃগ্রন্ পয়সা ধরীমণি।
র ২র ৩ ১ ২ ৩
প্রান্তরিক্ষাৎস্থাবিরীস্তে অসৃক্ষত
১ ৩ ৩ ১ ২ ৩ ১ ২
যে ত্বা মৃজন্ত্যৃষিষাণ বেধসঃ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পবমান' (পবিত্রকারক হে শুদ্ধসত্ত্ব!) 'তে' (তব) 'আশ্বিনীঃ' (ব্যাপ্তাঃ, সর্ব্বব্যাপকাঃ 'দিব্যাঃ' (দিবিভবাঃ, দ্যুলোকজাতাঃ) 'ধেনবঃ' (জ্ঞানকিরণাঃ) 'পয়সা' (অমৃতেন সহ) 'ধরীমণি' (ধারকে পাত্রে, অস্মাকং হৃদি ইত্যর্থঃ) 'প্র অসৃগ্রন' (প্রকর্ষেণ গচ্ছন্তু, আবির্ভবন্তু); 'যে বেধসঃ' (যে জ্ঞানিনঃ) 'ঋষিষাণ' (ঋষিভিঃ সন্তক্তং, সাধকলভ্যং) 'ত্বা' (ত্বাং) 'মৃজন্তি' (পরিশোধয়ন্তি) 'তে' (জ্ঞানিনঃ) 'অন্তরিক্ষাৎ'

(দ্যুলোকাৎ, দ্যুলোকজাতান্ ইত্যর্থঃ) 'স্থাবিরীঃ' (স্থবিরাঃ, ধারাঃ, প্রবাহান্, অমৃতপ্রবাহান্) 'প্র অসৃক্ষত' (সৃজন্তু, লভন্তে ইতি ভাবঃ)। মন্ত্রোঽয়ং নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ। অয়ং ভাবঃ—জ্ঞানিনঃ অমৃতং লভন্তে; বয়ং জ্ঞানসমন্বিতং অমৃতং লভেম—ইতি ভাবঃ॥ (৫অ ১খ ১সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রকারক হে শুদ্ধসত্ত্ব। আপনার সর্ব্বব্যাপক দ্যুলোকজাত জ্ঞানকিরণসমূহ অমৃতের সহিত আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউক; যে জ্ঞানিগণ সাধকলভ্য আপনাকে পরিশোধন করেন, সেই জ্ঞানিগণ দ্যুলোকজাত অমৃতপ্রবাহ লাভ করেন (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। ভাব এই যে,—জ্ঞানিগণ অমৃত লাভ করেন; আমরা যেন জ্ঞানসমন্বিত অমৃত লাভ করি) (৫অ—১খ—১সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'পবমান' সোম! 'তে' তব 'আশ্বিনীঃ' ব্যাপ্তাঃ (অশূ ব্যাপ্তৌ স্বা০ আ০ তস্মাদৌণাদিকো বিনিঃ, ততোহণ, ব্যত্যয়েনাদ্যুদাত্ত) 'ধেনব.' প্রীণয়িত্র্যঃ 'দিব্যাঃ' দিবি ভবাঃ দিবঃ পতন্ত্যো ধারাঃ 'পয়সা' যুক্তাঃ 'ধরীমণি' ধারকে দ্রোণকলশে 'প্র অসৃগ্রন্' গচ্ছন্তি 'যে' 'বেধসঃ' বিধাতারঃ ঋত্বিজঃ হে সোম! 'ঋষিষাণ' ঋষিভিঃ সম্ভক্তত্বাৎ 'ত্বা' ত্বাং 'মৃজন্তি' অভিষুণ্বন্তি, 'তে' বেধসঃ 'স্থাবিরীঃ' স্থবিরা ধারাঃ 'অন্তরিক্ষাৎ' সকাশাৎ 'প্র অসৃক্ষত' পাত্রং প্রতি সৃজন্তু। 'ধেনবঃ' 'ধীজুবঃ' ইতি পাঠৌ 'প্রান্তরিক্ষাৎস্থাবিরীস্তে অসৃক্ষত'—'প্রাতর্ঋষয়ঃ স্থাবিরীরসৃক্ষত' - ইতি চ। (৫অ—১খ ১সূ ১সা)।

* * *

প্রথম (৮৮৬) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুইভাগে বিভক্ত। প্রথম ভাগে ভগবানের নিকট পরাজ্ঞানযুত অমৃতলাভের জন্য প্রার্থনা আছে। দ্বিতীয় অংশে সেই প্রার্থনার কারণস্বরূপ যেন বলা হইয়াছে—জ্ঞানিগণ দ্যুলোকজাত অমৃতপ্রবাহ লাভ করেন। ইহার ভাব এই যে,—জ্ঞানের সাহায্যে মানুষ অমৃতত্ব লাভ করিতে সমর্থ হয়, সুতরাং আমরা যদি জ্ঞান লাভ করি, তাহা হইলে সেই জ্ঞানের প্রভাবে অমৃতত্বও লাভ করিতে পারিব। তাই প্রার্থনা আমরা যেন জ্ঞানসমন্বিত অমৃত লাভ করি।

মন্ত্রের ভাষ্যে 'ধরীমণি' পদে 'ধারকে, দ্রোণ কলশে' অর্থ গৃহীত হইয়াছে। উক্তপদের 'ধারকে' অর্থ হইতে 'দ্রোণকলশে' অর্থ আনয়ন করা হইয়াছে। কিন্তু আমাদের ধারণা

এই যে, বর্ত্তমান স্থলে, 'ধরীমণি' পদের 'ধারকে' অর্থই সঙ্গত, কিন্তু তদ্দ্বারা দ্রোণকলশকে বুঝায় না। যাহাতে সত্ত্বভাব, সন্তান ধারণ করা যায়, তাহা মানুষের হৃদয়। তাই ভাষ্যের মূলার্থ গ্রহণ করিয়াও আমরা শেষ পর্য্যন্ত তাহার সহিত একমত হইতে পারি নাই। 'অন্তরীক্ষ পদে' 'দ্যুলোকঃ, স্বর্গ' অর্থ গৃহীত হয়। কিন্তু ভাষ্যকার বর্ত্তমান স্থলে তাঁহার চিরাচরিত প্রথা পরিত্যাগ করিয়া উক্তপদে 'সকাশাৎ' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা 'দ্যুলোকাৎ' অর্থাৎ 'দ্যুলোক জাত' অর্থরই সঙ্গত দেখি। এই মন্ত্রের ব্যাখ্যা করিতে গিয়া ভাষ্যকার 'সোম' পদ অধ্যাহার করিয়াছেন। কাজেই এই সোমরসের সঙ্গে সঙ্গতি রাখিবার জন্য তাহাকে তদনুরূপ ব্যাখ্যা করিতে হইয়াছে। ভাষ্যের সহিত আমাদের মূল পার্থক্য এই খানে। অন্যান্য বিষয়ে বিশেষ কোনও পার্থক্য ঘটে নাই। (৫অ—১খ—১সূ—১সা)। *

—— • ——

দ্বিতীয়ং সাম।

৩   ২৩   ১২   ৩ ১ ২
উভয়ত পবমানস্য রশ্ময়ো
৩ ১ ২   ৩ ১   ২র   ৩ ১ ২
ধ্রুবস্য সতঃ পরিযন্তি কেতবঃ।
১২   ৩ ২ ৩   ১ ২   ৩ ২   ৩   ২ ৩
যদী পবিত্রে অধি মৃজ্যতে হরিঃ
২ ৩   ১র   ২র   ৩ ১ ২
সত্তা নি যোনৌ কলশেষু সীদতি॥ ২॥

∴

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পবমানস্য' (পবিত্রকারকস্য) 'ধ্রুবস্য' (অবিচলিতস্য, নিত্যস্বরূপস্য) 'সতঃ' (বিদ্যমানস্য, সত্যস্বরূপস্য দেবস্য) 'কেতবঃ' (প্রজ্ঞাপকাঃ, জ্ঞানদায়কাঃ) 'রশ্ময়ঃ' (কিরণাঃ) 'উভয়তঃ' (ইতশ্চামুতশ্চ, সর্ব্বত্র) 'পরিযন্তি' (পরিতঃ গচ্ছন্তি, ব্যাপ্নুবন্তি); 'যৎ' (যদা) 'হরিঃ' (পাপহারকঃ সত্ত্বভাবঃ) সাধকৈঃ তেষাং 'পবিত্রে' 'যোনৌ' (স্থানে, হৃদি ইত্যর্থঃ) 'অধি মৃজ্যতে' (পরিশোধ্যতে) 'ঈ' (তদা) 'সত্তা' (সৎস্বরূপঃ দেবঃ) তেষাং সাধকানাং ইতি যাবৎ) 'কলশেষু' (গাত্রেষু, হৃদয়েষু ইত্যর্থঃ) 'নিষীদতি' (নিষণ্ণো ভবতি, অধিতিষ্ঠতি)। মন্ত্রোঽয়ং নিত্যসত্যমূলকঃ। সাধকানাং হৃদি যদা শুদ্ধসত্ত্বঃ আবির্ভবতি তদা তে মোক্ষং লভন্তে—ইতি ভাবঃ। (৫অ—১খ—১সূ ২সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়শীতিতম সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, দ্বাদশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

পবিত্রকারক নিত্যস্বরূপ সত্যস্বরূপ দেবতার জ্ঞানদায়ক কিরণসমূহ সর্ব্বত্র ব্যাপ্ত হয়; যখন পাপহারক সত্ত্বভাব সাধকগণ কর্ত্তৃক তাঁহাদিগের পবিত্র হৃদয়ে পরিশোধিত হয়, তখন সৎস্বরূপ দেব সেই সাধকদিগের হৃদয়ে অধিষ্ঠান করেন। (মন্ত্রটী নিত্যসত্য-মূলক। ভাব এই যে,—সাধকদিগের হৃদয়ে যখন শুদ্ধসত্ত্বের আবির্ভাব হয়, তখন তাঁহারা মোক্ষলাভ করেন।) (৫অ—১খ—১সূ—২সা)॥

⁂

সায়ণ-ভাষ্যং।

'পবমানস্য' পূয়মানস্য 'ধ্রুবস্য' স্বয়মবিচলিতস্য 'সতঃ' বিদ্যমানস্য সোমস্য 'কেতবঃ' প্রজ্ঞাপকাঃ রশ্ময়ঃ 'উভয়তঃ' ইতশ্চামুতশ্চ 'পরিযন্তি' পরিতো গচ্ছন্তি অভিষবসময়ে এবং ভবতি। 'যদি' যদা 'পবিত্রে' দশাপবিত্রে 'হরিঃ' হরিতবর্ণোঽয়ং সোমঃ 'অধি মৃজ্যতে' তদানীং 'সত্তা' সদনশীলোঽয়ং 'যোনৌ' যোনিষু স্থানেষু কলশেষু' দ্রোণকলশাদিপাত্রেষু 'নিষীদতি' নিষণ্ণো ভবতি। 'যোনৌ' 'যোনা' - ইতি চ পাঠৌ। ২॥

⁂

দ্বিতীয় (৮৮৭) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্য-মূলক। মন্ত্রে সত্ত্বভাবের মহিমা পরিকীর্ত্তিত হইয়াছে। শুদ্ধসত্ত্বের প্রভাবে মানুষ ভগবৎচরণ লাভ করিতে পারে, ভগবান্ পবিত্র হৃদয়ে অধিষ্ঠান করেন, মন্ত্রে এই সত্যই বিবৃত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে 'সোম' পদ অধ্যাহার করিয়া মন্ত্রার্থের ভিন্ন রূপ প্রদান করা হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল,—"যখন সোম নিষ্পীড়িত হয়েন, তখন তিনি নিজে একস্থানবর্ত্তী সুস্থির, কিন্তু তাহার কিরণপুঞ্জ চতুর্দ্দিকে ছড়াইয়া পড়ে। যখন তিনি হরিদ্বর্ণ ধারণপূর্ব্বক মেষলোমের পবিত্রে শোধিত হয়েন, তখন তিনিও উপবেশনকর্ত্তা হইয়া নিজ বাসস্থান কলসের মধ্যে উপবেশন করেন।" এখানে সোমকে কিরণপুঞ্জ বিতরণকর্ত্তা বলা হইয়াছে। অপিচ, সোম সুস্থির। মূল পদ 'ধ্রুব' অর্থাৎ যাহা কখনও বিচলিত হয় না। সোমের সম্বন্ধে এই বিশেষণ সত্য কি? শুধু তাই নয়, সোমের 'রশ্ময়ঃ' অর্থাৎ কিরণপুঞ্জ—'কেতবঃ' অর্থাৎ প্রজ্ঞাপক—জ্ঞানদায়ক। সোমের এই বিশেষণ একেবারেই দুর্ব্বোধ্য। সোম যে কিরূপে জ্ঞানদায়ক হয়, কিরূপে যে তেজপুঞ্জ সমন্বিত হইতে পারে, তাহা আমরা বুঝিতে পারি নাই আমরা মনে করি, ভগবানের মহিমাই এই শব্দসমূহে প্রকাশিত হইয়াছে। এই দৃষ্টিতেই আমরা মন্ত্রার্থ নিষ্কাশনে চেষ্টা

করিয়াছি। মন্ত্রের দ্বিতীয়াংশে ভগবানের কৃপার কথাই আলোচিত হইয়াছে। আমাদের মর্ম্মানুসারিণী ব্যাখ্যা ও বঙ্গানুবাদ দৃষ্টেই তাহা উপলব্ধ হইবে। (৫অ-১খ-১সূ-২সা)।

তৃতীয়ং সাম।

২ ৩　১ ২　৩　১ ২
বিশ্বা ধামানি বিশ্বচক্ষঃ ঋভ্বসঃ
৩ ১ ২　৩ ১র　২র　৩ ১ ২
প্রভোষ্টে সতঃ পরিযন্তি কেতবঃ।
৩ ১ ২　৩ ১ ২ ৩
ব্যানশী পবসে সোম ধর্ম্মণা
২ ৩ ১ ২ ৩　১ ২
পতির্ব্বিশ্বস্য ভুবনস্য রাজসি ॥ ৩ ॥

∴

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিশ্বচক্ষঃ' (সর্ব্বস্য দ্রষ্টঃ, সর্ব্বজ্ঞ হে শুদ্ধসত্ত্ব!) 'প্রভোঃ' (জগতঃ অধীশ্বরস্য) 'সতঃ' (সৎস্বরূপস্য) 'তে' (তব) 'ঋভ্বসঃ' (মহান্তঃ) 'কেতবঃ' (জ্ঞানরশ্ময়ঃ) 'বিশ্বা' (বিশ্বানি, সর্ব্বাণি) 'ধামানি' (তেজঃস্থানানি, দেবভাবান্ ইত্যর্থঃ) 'পরিযন্তি' (পরিতঃ গচ্ছন্তি, প্রকাশয়ন্তি ইত্যর্থঃ); 'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'ব্যানশী' (সর্ব্বব্যাপকঃ ত্বং) 'ধর্ম্মণা' (ধারকেণ, জগদ্ধারণেন) 'পবসে' (পবিত্রং করোষি জগৎ ইতি যাবৎ); তথা 'বিশ্বস্য' (সর্ব্বস্য) 'ভুবনস্য' (জগতঃ অখিলব্রহ্মাণ্ডস্য ইত্যর্থঃ) 'পতিঃ' (স্বামী, অধীশ্বরঃ) ত্বং 'রাজসি' (দীপ্যসে, জ্যোতিঃপ্রদাতা ভবসি)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। শুদ্ধসত্ত্বঃ দেবভাবানাং প্রকাশকঃ তথা সত্ত্বভাবেন জগতঃ স্থৈর্য্যসম্পাদনং ভবতি ---ইতি ভাবঃ ॥ (৫অ-১খ-১সূ-৩সা) ॥

⁂

বঙ্গানুবাদ।

সর্ব্বজ্ঞ হে শুদ্ধসত্ত্ব! জগতের অধীশ্বর সৎস্বরূপ আপনার মহান্ জ্ঞানরশ্মিসমূহ সকল দেবভাবকে প্রকাশিত করে। হে শুদ্ধসত্ত্ব! সর্ব্বব্যাপক আপনি জগদ্ধারণ করিয়া জগৎকে পবিত্র করেন এবং সকল জগতের অর্থাৎ অখিল ব্রহ্মাণ্ডের অধীশ্বর আপনি জ্যোতিঃপ্রদাতা

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের, ষড়শীতিতম সূক্তের ষষ্ঠী ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায় ত্রয়োদশ বর্গের অন্তর্গত)।

হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—শুদ্ধসত্ত্ব দেবভাবসমূহের প্রকাশক হয়; এবং সত্ত্বভাবের দ্বারা জগতের স্থৈর্য্য সম্পাদিত হয়॥ (৫অ—১খ—১সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'বিশ্বচক্ষঃ' সর্ব্বস্য দ্রষ্টঃ! সোম! 'প্রভোঃ' পরিবৃঢ়স্য 'সতঃ' 'তে' তব 'ঋভ্বসঃ', 'ঋভ্বা' - ইতি মহন্নাম মহান্তঃ 'কেতবঃ' রশ্ময়ঃ 'বিশ্বা' বিশ্বানি সর্ব্বাণি 'ধামানি' তেজঃস্থানানি দেবশরীরাণি 'পরিযন্তি' পরিতো গচ্ছন্তি প্রকাশয়ন্তীত্যর্থঃ। হে 'সোম!' 'ব্যানশী' ব্যাপনশীলস্ত্বং 'ধর্ম্মণা' ধারকেণ রসনিষ্পন্দেন 'পবসে' পূয়সে। কিঞ্চ 'বিশ্বস্য ভুবনস্য' 'পতিঃ' স্বামী ত্বং 'রাজসি' ঈশ্বরো ভবসি। 'প্রভোষ্টেসতঃ পরিয়ন্তি' 'প্রভোস্তেসতঃ পরিযন্তি'—ইতি পাঠৌ 'ব্যানশী'—'ব্যানশি' - ইতি, 'ধর্ম্মণা' – 'ধর্ম্মভিঃ' - ইতি চ ॥ ৩ ॥

* * *

তৃতীয় (৮৮৮) সামের মর্ম্মার্থ।

§ * §

মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। মন্ত্রে সত্ত্বভাবের মহিমা পরিকীর্ত্তিত হইয়াছে। প্রচলিত ভাষ্যাদির সহিত অধিকাংশ স্থলেই শব্দগত মিল থাকিলেও ভাষ্যে সোমরসের কল্পনা করায় ভাবগত বৈষম্য দাঁড়াইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল, তাহা হইতেই আমাদের ব্যাখ্যার সহিত ভাষ্যাদি প্রচলিত ব্যাখ্যার পার্থক্য অনুভূত হইবে। বঙ্গানুবাদটী এই,-"হে সোম! তুমি সর্ব্বদ্রষ্টা। তুমি প্রভু। তোমার চমৎকার কিরণপুঞ্জ সর্ব্বস্থানে গতিবিধি করে। তুমি বিশ্বজগতের পতি, সর্ব্বস্থানব্যাপী, সর্ব্বস্বের অবলম্বন-স্বরূপ। এইরূপে তুমি ক্ষরিত হও।" ভাষ্যের সহিত এই ব্যাখ্যার দু'এক স্থলে অনৈক্য আছে। 'পবসে' পদে এই ব্যাখ্যায় 'ক্ষরিত হও' অর্থ গৃহীত হইয়াছে। কিন্তু এখানে ভাষ্যার্থই সঙ্গত বলিয়া মনে হয়।

সোম পদের ব্যাখ্যা উপলক্ষেই প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের অনৈক্য ঘটিয়াছে। আমরা মনে করি, সত্ত্বভাবকে লক্ষ্য করিয়াই 'প্রভোঃ' 'সতঃ' প্রভৃতি বিশেষণ পদ ব্যবহৃত হইয়াছে। 'সতঃ' অর্থাৎ 'সৎস্বরূপস্য' বিশেষণটী সোমরসের পক্ষে কিরূপে প্রযোজ্য হইতে পারে? সোমরস কি সৎ? উহা যদি সৎ হয়, তবে জগতে অসৎ আর কি হইতে পারে? শুদ্ধসত্ত্বের দ্বারাই জগৎ পবিত্র হয়। সত্ত্বভাবের বলেই জগৎ বিধৃত আছে —বিশ্ব স্থৈর্য্য লাভ করিয়াছে। মানবের অন্তরস্থিত দেবভাবসমূহ শুদ্ধসত্ত্বের কল্যাণেই বিকাশ লাভ করে। মন্ত্রে তাই শুদ্ধসত্ত্বের মহিমা কীর্ত্তিত হইয়াছে বলিয়া আমাদের ধারণা॥ (৫অ—১খ-১সূ—৩সা)॥ •

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়শীতিতম সূক্তের পঞ্চমী ঋক্ (সপ্তম অষ্টক, তৃতীয় অধ্যায়, দ্বাদশ বর্গের অন্তর্গত)।

প্রথম সূক্তের গেয়-গান।

৩ ২ ৩র ৫ ১র ৪ ২র৩৫ ৩ ২র ৩ ৫
প্র৩আশ্বি। নীপবমা ২ ৩। না ৩ ধেনবঃ। দিব্যাঅসৃ।
১ ৪ ২র৩৫ ৩র২ ৩৫র ১র র
গ্রন্‌পয়সা ২ ৩। ধা ৩ রীমণি। প্রান্তরিক্ষাৎ। স্থাবিরীস্তে
৪ ২ ৩ ৫ ৩র২র৩৫ ১ ২
২ ৩। অা ৩ সৃক্ষত। যেত্বামৃজা। ন্তিঋষিষা ২ ৩। ণবা ৩
৪ ৩২A৩৫ ১ র ৪
য়িধা ৫ সা ৬ ৫ ৬ঃ ॥ (১) উভয়তঃ। পবমানা ২ ৩ স্যা ৩
২ ৩ ৫ ৩ ২ ৩ ৫ ১ ৪ ২র ৩ ৫
রশ্ময়ঃ। ধ্রুবস্যস। তঃপরিয়া ২ ৩। ন্তী ৩ কেতবঃ।
৩২র ৩ ৫ ১র ৪ ২র ৩ ৫ ৩২র ৩ ৫
যদীপবি। ত্রেঅধিমা ২ ৩। জ্যা ৩ তেহরিঃ। সত্তানিয়ো-
১র ২
নৌকলশা ২ ৩ য়ি। ষুসা ৩ য়িদা ৫ ত্যা ৬ ৫ ৬ য়িঃ (২)
৩২র৩৩র৫র ১ ৪ ২ ৩৫ ৩ ২র ৩র ৫
বিশ্বাধামা। নিবিশ্বচা ২ ৩ ক্ষা ৩ ঋভ্বসঃ। প্রভোস্তেস।
১ ৪ ২র ৩৫ ৩২র৩৩৫র ১ র
তঃপরিয়া ২ ৩। ন্তী ৩ কেতবঃ ব্যানশী পবসেসো ২ ৩।
৪ ২ ৩৫র ৩ ২ ৩ ৫ ১ ১
মা ৩ ধর্ম্মণা। পতিৰ্বিশ্ব। স্যভুবনা ২ ৩ স্যরা ৩
৪
জা ৫ সা ৬ ৫ ৬ য়ি (৩) ॥ ১।২।৩। *

*

প্রথমং সাম।

১ ২ ৩ ২ ৩ ১র ২র ৩ ২
পবমানো অজীজনদ্দিবশ্চিত্রং ন তন্যতুম্।
১ ২ ৩ ২ ৩ ২
জ্যোতির্ব্বৈশ্বানরং বৃহৎ ॥ ১ ॥

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয় গান আছে উহার নাম –"পৌশাস্থ্য"।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পবমানঃ' (পবিত্রকারকঃ—শুদ্ধসত্ত্বঃ ইতি যাবৎ) 'দেবঃ' (দ্যুলোকস্থ, দ্যুলোকসম্বন্ধিনঃ ইত্যর্থঃ) 'চিত্রং' (বিচিত্রং) 'তন্যতুং ন' (অশনিমিব, মহাতেজসম্পন্নং, মুক্তিদায়কং ইত্যর্থঃ) 'বৃহৎ' (মহৎ) 'বৈশ্বানরং' (বিশ্বব্যাপকং) 'জ্যোতিঃ' (তেজঃ, জ্ঞানালোকং) 'অজীজনৎ' (উৎপাদয়তি, সৃজয়তি)। ভগবান্ জগদ্ধিতায় মুক্তিপ্রদং জ্ঞানালোকং জগতি বিচ্ছুরতি—ইতি ভাবঃ॥ (৫অ—১খ—২সূ—১সা)॥

• . •

বঙ্গানুবাদ।

পবিত্রকারক শুদ্ধসত্ত্ব দ্যুলোকসম্বন্ধীয় বিচিত্র, মহাতেজসম্পন্ন, অর্থাৎ মুক্তিপ্রদ, মহৎ, বিশ্বব্যাপক জ্ঞানালোক সৃষ্টি করেন। (ভাব এই যে,—ভগবান্ জগতের হিতের জন্য মুক্তিদায়ক জ্ঞানালোক জগতে বিচ্ছুরিত করেন।)॥ (৫অ—১খ—২সূ—১সা)।

• . •

সায়ণ-ভাষ্যং।

'পবমানঃ' পূয়মান সোমঃ 'বৃহৎ' মহৎ 'বৈশ্বানরং' বৈশ্বানরাখ্যং 'জ্যোতিঃ' তেজঃ 'দিবঃ' দ্যুলোকস্য 'চিত্রং' বিচিত্রং 'তন্যতুং ন' অশনিমিব 'অজীজনৎ' অজনয়ৎ॥ ১॥

* * *

প্রথম (৮৮৯) সামের মর্ম্মার্থ।

জ্ঞান-স্বরূপ, ভগবান্ হইতে জ্ঞান-জ্যোতিঃ জগতে প্রকাশিত হয়। সেই জ্ঞান নিখিল বিশ্বে অনুস্যূত হইয়া রহিয়াছে। জ্ঞানই শক্তি। ভগবৎপ্রদত্ত সেই শক্তির বলে মানুষ আপনার অসীম উন্নতি সাধন করিতে পারে—আপনাকে ব্রহ্মপদে লইয়া যাইতে সমর্থ হয়। জ্ঞানের প্রভাবেই মানুষ দেবতা হয়, এবং দিব্যশক্তির অধিকারী হইয়া আপনার পরম মঙ্গলের সন্ধান করিতে পারে। সৃষ্টি-মূলে এই জ্ঞান বিদ্যমান। জ্ঞান হইতে জগতের উৎপত্তি। ভগবান্ ও মানুষের মধ্যে মিলন-সেতু - এই জ্ঞান। জ্ঞানের দ্বারা মানুষ আপনার স্বরূপ অবস্থা উপলব্ধি করিতে পারে।

ভগবান কৃপা করিয়া জগতের কল্যাণের জন্য এই স্বর্গীয় জ্ঞান জগতে প্রকাশিত করেন। জ্ঞানের সহায়তা ব্যতীত মুক্তিলাভ সম্ভবপর নয়। ভগবান তাঁহার সন্তানগণকে অধঃপতিত রাখিতে পারেন না। তাই তাহাদিগকে আপনার ক্রোড়ে তুলিয়া লইবার জন্য তাহাদিগের হৃদয়ে জ্ঞানালোক বিচ্ছুরিত করেন। সেই জ্ঞানালোকের সাহায্যে মানুষ আপনার চরম গন্তব্য

পথ নির্দ্ধারণ করে—মুক্তির পথে অগ্রসর হয়। মন্ত্রের মধ্যে ভগবানের এই অসীম করুণার কথাই বিবৃত হইয়াছে॥ (৫অ—১খ—২সূ ১সা)॥ *

—— · ——

দ্বিতীয়ং সাম।

১ ২　৩　২৩২৩　১ ৩　　　৩ ২
পবমান রসস্তব মদো রাজন্নদুচ্ছুনঃ।
২উ　২
বি বারমব্যমর্ষতি॥ ২॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'রাজন্' (দীপ্যমান, জ্যোতির্ম্ময়, যদ্বা বিশ্বাধিপতে) 'পবমান' (পূয়মান, পবিত্রকারক হে দেব!) 'তব' (ত্বদীয়ঃ) 'মদঃ' (মদকরঃ, পরমানন্দদায়কঃ) 'অদুচ্ছুনঃ' (রক্ষোবর্জ্জিতঃ, রিপুহীনঃ, রিপুনাশকং ইত্যর্থঃ) 'রসঃ' (অমৃতং) 'অব্যংবারং' (নিত্যজ্ঞানপ্রবাহং) 'বি অর্ষতি' (অভিগচ্ছতি, প্রাপ্নোতি, তেন সহ সম্মিলিতং ভবতি)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। ভগবতঃ অমৃতপ্রবাহং পরাজ্ঞানেন সহ মিলিতং ভবতি—ইতি ভাবঃ। (৫অ-১খ—২সূ ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

জ্যোতির্ম্ময় (অথবা বিশ্বাধিপতি) পবিত্রকারক হে দেব! আপনার পরমানন্দদায়ক রিপুনাশক অমৃত নিত্যজ্ঞানপ্রবাহকে প্রাপ্ত হয় অর্থাৎ তাহার সহিত সম্মিলিত হয়। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—ভগবানের অমৃতপ্রবাহ পরাজ্ঞানের সহিত মিলিত হয়। (৫অ—১খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'রাজন' দীপ্যমান! 'পবমান' পূয়মান! সোম! 'তব' ত্বদীয়ঃ 'মদঃ' মদকরঃ 'অদুচ্ছুনঃ' রক্ষোবর্জ্জিতঃ 'রসঃ' 'অব্যং' অবিময়ং 'বারং' বালং দশাপবিত্রং 'বি অর্ষতি' অভিগচ্ছতি। 'পবমানরসস্তব'—'পবমানস্য তে রসঃ'—ইতি পাঠৌ॥ ২॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ ২খ ৮সা) প্রাপ্তব্য উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্টিতম সূক্তের ষোড়শী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয় (৮৯০) সামের মর্ম্মার্থ।

—— ——§ : • : §—— ——

মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। পরাজ্ঞান অমৃতপ্রবাহের অনুগামী, একটী লাভ করিলে অন্যটীও লাভ হয়- মন্ত্রে এই সত্যই প্রখ্যাপিত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রটীকে নিত্যসত্যমূলক বলিয়া গ্রহণ করিলেও মন্ত্রার্থের ভাব অন্যরূপ পরিগ্রহণ করিয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল, তাহা হইতেই আমাদের বক্তব্য পরিস্ফুট হইবে। সেই বঙ্গানুবাদটী এই,-"হে জ্যোতির্ম্ময় সোম! তুমি ক্ষরিত হইতেছ, তোমার সেই আনন্দকর রস প্রবাহে মেষলোমের দিকে যাইতেছে।" ভাষ্যকারও 'অব্যং বারং' পদদ্বয়ে 'অবিময়ং বালং, দশাপবিত্রং' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা উক্ত পদদ্বয়ের ব্যাখ্যা সম্বন্ধে ইতিপূর্ব্বে (পবমান পর্ব্বে) আলোচনা করিয়াছি। বর্ত্তমান মন্ত্রেও তদনুসারে উক্ত পদদ্বয়ের অর্থ গৃহীত হইয়াছে। সুতরাং এখানে এই পদদ্বয়ের অর্থ সম্বন্ধে আর আলোচনা করিবার প্রয়োজন নাই।

মন্ত্রান্তর্গত 'অদুচ্ছুনঃ' পদ সম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন। ভাষ্যকার উক্ত পদে 'রক্ষোবর্জ্জিত' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরাও ঐ মত পোষণ করি বটে; কিন্তু উক্ত অর্থের ভাব সম্বন্ধে ভাষ্যের সহিত আমাদের মতবিরোধ আছে। আমরা মনে করি, উক্ত পদে 'রিপুনাশক' অর্থে অমৃতকে লক্ষ্য করে, এখানে সোম বা সোমরসের কোন প্রসঙ্গ নাই। বিশেষতঃ সোমরসের পক্ষে 'অদুচ্ছুনঃ' বিশেষণের কোন সার্থকতা নাই। অমৃত সম্বন্ধে তাহা প্রযোজ্য হইতে পারে এবং ঐ দৃষ্টিতেই আমরা মন্ত্রার্থ গ্রহণ করিয়াছি। (৫অ—১খ ২সূ-২সা)॥

—— ∘ ——

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
পবমানস্য তে রসো দক্ষো বি রাজতি দ্যুমান্।
২ ৩ ২ ৩ক ২র ৩ ২
জ্যোতির্বিশ্বং স্বর্দ্দৃশে ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'পবমানস্য' (পবিত্রকারকস্য) 'তে' (ত্বদীয়ং) 'দক্ষঃ' (শক্তিমৎ, আত্মশক্তিদায়কং) 'দ্যুমান্' (দীপ্তিমৎ, জ্যোতির্ম্ময়ং) 'রসঃ' (অমৃতং) 'বিরাজতি' (প্রকাশতে, সাধকহৃদি তিষ্ঠতি যাবৎ); ত্বং কৃপয়া তব 'বিশ্বং' (সর্ব্বং পূর্ণং) 'স্বর্জ্যোতিঃ' (দিব্যজ্যোতিঃ,

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একষষ্ঠীতম সূক্তের সপ্তদশী ঋক্ (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

দিব্যালোকং ইত্যর্থঃ) 'দৃশে' (দর্শনায়, পরাজ্ঞানলাভায় ইত্যর্থঃ) অস্মভ্যং প্রদেহি—ইতি শেষঃ। অয়ং মন্ত্রঃ নিত্যসত্য-প্রখ্যাপকঃ তথা প্রার্থনামূলকঃ। ভগবান্ কৃপয়া অস্মভ্যং পরাজ্ঞানং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ-১খ—২সূ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! পবিত্রকারক আপনার আত্মশক্তিদায়ক জ্যোতির্ম্ময় অমৃত সাধকহৃদয়ে প্রকাশিত হয়; আপনি কৃপাপূর্ব্বক আপনার পূর্ণ দিব্যালোক, পরাজ্ঞান লাভের জন্য আমাদিগকে প্রদান করুন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে পরাজ্ঞান প্রদান করুন।)॥ (৫অ—১খ—২সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে সোম! 'পবমানস্য' 'তে' ত্বদীয়ঃ 'রসঃ' 'দক্ষঃ' 'দক্ষঃ' 'দ্যুমান্' দীপ্তিমান্ 'বিরাজতি' প্রকাশতে। ন কেবলং স্বয়মেব প্রকাশতে কিন্তু 'বিশ্বং' ব্যাপ্তং 'স্বঃ' সর্ব্বং 'জ্যোতিঃ' তেজঃ 'দৃশে' দ্রষ্টুং করোতীতি শেষঃ। 'পবমানস্যতেরসঃ'—'পবমানরসস্তব'—ইতি পাঠৌ। ৩॥

* * *

তৃতীয় (৮৯১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। প্রথম অংশে নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে এবং অপরাংশে আছে - পরাজ্ঞান লাভের জন্য প্রার্থনা।

ভাষ্যাদি প্রচলিত ব্যাখ্যাতে 'সোম' পদ অধ্যাহার করা হইয়াছে। তাই আমাদিগের ব্যাখ্যার সহিত অনৈক্য ঘটিয়াছে। আমরা মনে করি উক্ত মন্ত্রে ভগবানকেই লক্ষ্য করে। 'সোম' পদ অধ্যাহার করায় মন্ত্রের যে ব্যাখ্যা দাঁড়াইয়াছে তাহা নিম্নে উদ্ধৃত হইল,—"হে সোম! তোমার অতি প্রবৃদ্ধ দীপ্তিশালী রস ক্ষরিত হইয়া সমস্ত ব্রহ্মাণ্ডকে দীপ্যমান করিয়া দৃষ্টিগোচর করিয়া দিতেছে।" এখানে দেখা যাইতেছে যে, সোমরসের শক্তিদ্বারা অপ্রকাশিত জগৎ প্রকাশিত হইতেছে, অর্থাৎ জ্ঞানের প্রকাশে অজ্ঞানতা দূরীভূত হইতেছে। তাহা কি 'সোমরস' নামক মাদক দ্রব্য দ্বারা সম্ভবপর? তাই ইহাই মনে করিতে হয় যে, ভাষ্যকার 'সোমরস' দ্বারা মাদকদ্রব্য ব্যতীত অন্য কোনও উচ্চতর দিব্যশক্তিসম্পন্ন বস্তুকে লক্ষ্য করিতেছেন, নতুবা আমাদের ধারণা এই যে, ভাষ্যকার মন্ত্রার্থের ভাবসঙ্গতি রক্ষা করিতে পারেন নাই।

এখন আমাদের পরিগৃহীত ব্যাখ্যার প্রতি দৃষ্টিপাত করা যাউক। আমাদের ব্যাখ্যায় মন্ত্রে ভগবানের প্রতি, ভগবানের অমৃতের প্রতি লক্ষ্য করা হইয়াছে। ভগবানের অমৃত, ভগবৎশক্তিই মানুষকে—বিশ্বকে অজ্ঞানতা হইতে রক্ষা করে। মন্ত্রে আমরা এই ভাবের বিকাশই লক্ষ্য করিয়াছি। (৫অ ১খ ২দূ ৩সা।)*

*

দ্বিতীয় সূক্তের গেয়-গান।

১ ২র র — ১ ২ — ১
১। পবমানোঅ। জা ২ য়িজনাৎ। দিবা ২ ঃ। চা ২ ৩

২ ১ — ১ ২ — ১
য়িত্রাগ্। নতা ২ ন্যাতৃগ্। জ্যো ২ ৩ তীঃ। বা ২ য়িশ্বা।

৭ ২ ৫ ১ ২র
নর' ২ ৩ম্ হাউবা ৩। বা ২ ৩ ৪ হাৎ; (১) পবমানর।

১ ২ — ১ ২ ১ — ১
সা ২ স্তবা। মদো ২। রা ২ ৩ জান্। অদূ ২ চ্ছুনাঃ।

২ — ১ ৭ ২
বা ২ ৩ য়িবা। রা ২ মা। ব্যমা ২ ৩। হাউবা ৩। ষা ২ ৩ ৪

৫ ১ ১ ২র — ১ ২ — ১
তী॥ (২) পবমানস্য। তা ২ য়িরসাঃ। দক্ষো। ২ বা ২ ৩

১ ১ — ১ ২ — ১
য়িরা। জতা ২ য়িদ্যুমান্। জ্যো ২ ২ তীঃ। বা ২ য়িশ্বাম্।

৭ ২ ৫
স্বুবা ২ ৩। হাউবা ৩। দৃ ২ ৩ ৪ শে (৩)॥

* * *

২ র ১ ২ ১ র ২ ১ ২২ ২ ১
২। পবমানোবা। অজীজনাৎ। দিবাশ্চা ২ ৩ য়িত্রাম্। নতন্যাতুম্।

র ২ ৪১ ৫ ৩ ২
জ্যোতায়ির্ব্বা ১ য়িশ্বা ২ ৩ না। রম্। বৃহো ১ ৪ ৫ ঈ।

২ র ১ ২ ১ ২ ১ ২ ১ ২
ড (১) পবমানোবা। রাসস্তবা। মদোরা ২ ৩ জান্।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের একষষ্টীতম সূক্তের অষ্টাদশী ঋক্, (সপ্তম অষ্টক, প্রথম অধ্যায়, একবিংশ বর্গের অন্তর্গত)।

১ ২ ৪s ৫ ৩ ২
অদুচ্ছুনাঃ। বিবায়· ১ মা ২ ৩ ব্যায়্। অ। মতো ৬ ৪ ৫
২ র ১ ২ ১ র ২ ১ ২ ১
ঈ। ডা॥ (২) পবমানোনা। স্যান্তেরসাঃ। দক্ষোবা ২ ৬
২ ১ র ২ ৪s
য়িরা। জতিদ্দ্যুমান্। জ্যোতায়ির্ব্বা ১ য়িশ্বা ২ ৩ ৮ সূহ।
৫ ৩ ২
বঃ। দৃশো ৩ ৪ ৫ ঈ। ডা (৩)॥

* * *

৫ ২ ৪র ৫র ১ ২র —
৩। পবমা ৩ নোঅজীজনাত। দিবশ্চিত্রন্নতন্যতুম্ জ্যোতৌ ২।
— ১ ১ ৫ ২ ১ ২
হৌ ২। হুবা ২ ৩ য়ি। বা ৩ ০ য়িশ্চা। নরম্বৃহাৎ॥ (১)
৫ ২ ৪ ৫ ১ র র ২ — —
পবমা ৩ নরসস্তঃ। মদোরাজন্নদুচ্ছুনাঃ। বিবৌ ২। হৌ ২।
১ ২ ৫ ২ ১ ২ ৫ ৫
হুবা ২ ৩ য়ি। রা ০ ৪ মা। ব্যমর্ষাতায়ি॥ (২) পবমা ৩
৪ ৫র ১ র র ২র — —
নস্যতেরসাঃ। দক্ষোবিরাজতিদ্যুমান্। জ্যোতৌ ২। হৌ ২।
১ ২ ৫ ২ ১ ২ র
হুবা ২ ৩ য়ি। বা ৩ ৪ য়িশ্বায়্। স্বর্দ্দৃশায়ি। ঐ।
— ১ ২ ৫র র ২
হ. ২ এ ৩ ৩। হিয়া ৩ ৪ ঔহোবা। এ ৩।
১ ২ ১ ১ ১ ১
উপা ২ ১ ২ ৩ ৪ ৫ (৩)॥ ১।২।৩॥

* * *

প্রথমং সাম।

২উ ৩ ১ ২র ৩ ২ ৩ ২ ৩ ১ ২
প্র যদ্গাবো ন ভূর্ণয়স্ত্বেষা অয়াসো অক্রমুঃ।
১ ২ ৩ ২উ ৩ ৩ ১
ঘ্নন্তঃ কৃষ্ণামপ ত্বচম্॥ ১॥

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত তিনটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—(১) "সংহিতম্" (২) "অয়োধীয়ম্" (৩) "ঔপগবোত্তরম্"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গাবঃ ন' (জ্ঞানরশ্ময়ঃ যথা জ্যোতিষা অজ্ঞ হৃদয়ং ক্ষিপ্রং উদ্ভাসয়ন্তি, অথবা, স্তুতিবাচঃ যথা স্তুত্যং ক্ষিপ্রং প্রাপ্নুবন্তি, তদ্বৎ) 'তূর্ণয়ঃ' (ত্বরণশীলাঃ, স্তোতৄণাং শোধকাঃ) 'ত্বেষাঃ' (দীপ্তাঃ, জ্যোতিষ্মন্তঃ) 'অয়াসঃ' (গমনকুশলাঃ, আশুমুক্তিদায়কাঃ) 'কৃষ্ণাং ত্বচং' (কৃষ্ণাবরণং, অজ্ঞানতান্ধকারং) 'অপঘ্নন্তঃ' (বিনাশকারিণঃ) 'যং' (যে সত্ত্বভাবাঃ ইতি যাবৎ) তে সত্ত্বভাবাঃ 'প্রাক্রমুঃ' (প্রবর্ত্তয়ন্তু, সৎকর্ম্মণি মোক্ষপথি চ অস্মান্ ইতি শেষঃ) প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। জ্ঞানসমন্বিতেন সত্ত্বভাবসহায়েন বয়ং মোক্ষং লভেম—ইতি ভাবঃ। (৫অ—১খ—৩সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানরশ্মিসমূহ যেমন জ্যোতির দ্বারা অজ্ঞহৃদয়কে উদ্ভাসিত করে, অথবা স্তুতিবাক্য যেমন ক্ষিপ্রভাবে সহজে স্তুত্যকে প্রাপ্ত হয়, সেইরূপ স্তোতৃদিগের শোধক, জ্যোতিষ্মান্, আশুমুক্তিদায়ক অজ্ঞানতান্ধকার বিনাশকারী যে সত্ত্বভাব, সেই সত্ত্বভাব আমাদিগকে সৎকর্ম্মে মোক্ষপথে প্রবর্ত্তিত করুক। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—জ্ঞানসমন্বিত সত্ত্বভাব সাহায্যে আমরা যেন মোক্ষলাভ করি।)। (৫অ—১খ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'যং' যে অভিষুতাঃ সোমাঃ 'গাবঃ ন' উদকানীব যানি যথা তূর্ণয়ঃ পতন্তি তদ্বৎ; গাব এব বোপমীয়ন্তে, তা যথা স্বং গোষ্ঠং প্রত্যাশু গচ্ছন্তি তদ্বৎ; অথবা গাবঃ স্তুতিবচনাঃ যথা স্তুত্যং প্রতি ক্ষিপ্রং প্রাপ্নুবন্তি তদ্বৎ, 'তূর্ণয়ঃ' ক্ষিপ্রাঃ, 'ত্বেষাঃ' দীপ্তাঃ 'অয়াসঃ' অয়াঃ গমনশীলাঃ, 'কৃষ্ণং' কৃষ্ণবর্ণং 'অপত্বচং' অপকৃষ্টাং ত্বচং 'ঘ্নন্তঃ' বিনাশয়ন্তঃ, ঈদৃগ্ভূতা যে সোমাঃ 'প্র অক্রমুঃ' তাং স্তুম ইতি শেষঃ। 'যং' 'যে'—ইতি পাঠৌ॥ ১॥

* * *

প্রথম (৮৯২) সামের মর্ম্মার্থ।

আলোকের আবির্ভাবে যেমন অন্ধকার পলায়ন করে, জ্ঞানের বিকাশে সেইরূপ অজ্ঞানতা দূরীভূত হয়। জ্ঞানসমন্বিত সত্ত্বভাবের সাহায্যে মানব মোক্ষপথে অগ্রসর হইতে পারে। সুতরাং আমরাও পরিণামে মোক্ষলাভে সমর্থ হইব। ইহাই প্রার্থনার সারমর্ম্ম।

মন্ত্রান্তর্গত 'গাবঃ' পদে পূর্ব্বাপর আমরা 'জ্ঞানং' অর্থ গ্রহণ করিয়াছি। টীকাতে 'গাবঃ' পদ 'পরম উদক' অর্থে প্রযুক্ত হইয়াছে। তাহা হইতেই বোধ হয় ভাষ্যকার অর্থ

করিয়াছেন,—'উদকানীব'। উদক যেমন ক্ষিপ্রগতিতে অধঃপতিত হয়, সোম তেমনি ক্ষিপ্রগতিতে যজ্ঞে প্রবর্ত্তিত হইয়া থাকে। ভাষ্যকার 'গাবো ন' উপমাবাক্যের ত্রিবিধ অর্থ গ্রহণ করিয়াছেন। একবিধ অর্থ পূর্ব্বেই উল্লেখ করিয়াছি। দ্বিতীয় অর্থ—গরু সকল যেমন ক্ষিপ্রগমনে স্বগোষ্ঠাভিমুখে গমন করে, এবং তৃতীয় অর্থ স্তুতিবাক্য যেমন ক্ষিপ্রগতিতে স্তোতার প্রতি প্রধাবিত হয়, সেইরূপ সোম-সমূহ যজ্ঞে প্রবর্ত্তিত হইয়া থাকে। আমরা প্রথম দুইটী অর্থের সার্থকতা উপলব্ধি করিতে পারি নাই। কারণ, আমাদের 'গাবঃ' এবং 'সোমাঃ' লৌকিক গোবংশ এবং সোমরূপ মাদকদ্রব্যের অতিরিক্ত এক স্বর্গীয় সামগ্রী। মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই আমাদের পরিগৃহীত ভাব পরিদৃষ্ট হইবে। ভাষ্যকারের তৃতীয় ব্যাখ্যা আমরা গ্রহণ করিয়াছি এবং তৎসঙ্গে আমাদের মন্তব্যও প্রকাশিত হইয়াছে। 'গাবঃ' পদে জ্ঞানকিরণ অর্থ আমরা পূর্ব্বাপর গ্রহণ করিয়াছি। এখানেও আমরা সেই অর্থেরই সার্থকতা উপলব্ধি করি। তাহাতে 'গাবো ন' উপমাবাক্যের অর্থ হয় এই যে,—'জ্ঞানরশ্মি-সমূহ যেমন আলোক দ্বারা অজ্ঞানজনকে উদ্ভাসিত করে, সেইরূপ আমাদের হৃদয় সত্ত্বভাবে পরিপূর্ণ হউক এবং সেই সত্ত্বভাবের প্রভাবে আমরা যেন সৎকর্ম্মে প্রবর্ত্তিত হই এবং মোক্ষপদ লাভ করি।' আবার 'গাবো ন' উপমাবাক্যের ভাষ্যকার-পরিগৃহীত তৃতীয় ব্যাখ্যা গ্রহণ করিলেও, একটা ভাব উপলব্ধ হইতে পারে। তাহাতে অর্থ হয়—স্তুতিসমূহ যেমন ক্ষিপ্রতার সহিত স্তোতাকে প্রাপ্ত হয়, সেইরূপ ক্ষিপ্রতার সহিত সত্ত্বভাবসমূহ আমাদিগকে প্রাপ্ত হউক, আমাদিগকে সৎকর্ম্মে প্রবর্ত্তিত করিয়া মোক্ষপথে স্থাপন করুক। 'গাবো ন' উপমাবাক্যের এই ভাবেরই সার্থকতা অনুভব করি।

মন্ত্রের অন্তর্গত 'ভূর্ণয়ঃ' পদ পোষণার্থক 'ভৃ' ধাতু হইতে উৎপন্ন। তদনুসারে আমরা 'ভূর্ণয়ঃ' পদে 'ভরণশীলাঃ, স্তোতৃণাং পোষকাঃ' অর্থ গ্রহণ করিয়াছি। বিবরণকারও 'ভরণশীলাঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। 'ভূর্ণয়ঃ' পদের 'ভ্রমণশীলাঃ' অর্থও গ্রন্থান্তরে পরিদৃষ্ট হয়। ভ্রমণশীল অর্থাৎ সর্ব্বত্রগতিবিশিষ্ট সর্ব্বত্রগ। সত্ত্বভাব সর্ব্বত্রগ বলিতে এই বুঝায় যে, উৎকর্ষ সাধিত হইলেই শুদ্ধসত্ত্বের অধিষ্ঠান অবশ্যম্ভাবী। যে হৃদয়ই শুদ্ধসত্ত্বগ্রহণের উপযোগী হয়, সেই হৃদয়েই শুদ্ধসত্ত্বের অধিষ্ঠান হইয়া থাকে। তাহাতে কালাকাল নাই, পাত্রাপাত্র জাতি ধর্ম্মের বিচার নাই। এই অর্থেই 'ভূর্ণয়ঃ' পদের 'ভ্রমণশীলাঃ' অর্থের সার্থকতা। 'কৃষ্ণাং ত্বচং' পদদ্বয়ে গাঢ়কৃষ্ণ আবরণ বুঝায়। যাহা ভেদ করিয়া আলোক আসিতে পারে না, তাহাই কৃষ্ণাবরণ। সুতরাং ঐ পদদ্বয়ে অন্ধতমসা অজ্ঞানতাকে লক্ষ্য করে। অজ্ঞানতার অপেক্ষা বস্তুর স্বরূপ-আবরণকারী আর কি হইতে পারে? অন্ধকারময়ী রজনীতে যেমন বস্তুর স্বরূপ উপলব্ধ হয় না, সেইরূপ অজ্ঞানতমসাচ্ছন্ন হৃদয়ে ভগবানের বা শুদ্ধসত্ত্বের আলোকরশ্মি তিষ্ঠিতে পারে না। জ্ঞানালোকে উদ্ভাসিত হইলেই তাহা ভগবদধিষ্ঠানের উপযোগী হইয়া থাকে। সুতরাং অজ্ঞানতাই যে 'কৃষ্ণাং ত্বচং' পদের লক্ষ্য, তাহা নানা ভাবে প্রতীত হয়। 'ত্বচং' পদে ভাষ্যকার 'সংবরণ' অর্থ গ্রহণ করিয়াছেন। আমাদের অর্থ অনুরূপ। আমাদিগের প্রকাশিত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে তাহা পরিদৃষ্ট হইবে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমরা একমত হইতে পারি নাই। নিম্নে এই মন্ত্রের একটী

প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল; যথা—"যে সোমসকল জলের ন্যায় শীঘ্র দীপ্তিযুক্ত ও গমনশীল হইয়া কৃষ্ণত্বক্‌দিগকে হনন করিয়া বিচরণ করেন তাহাদিগকে (স্তব কর)।" এই অনুবাদের টীকায় লিখিত হইয়াছে যে, 'কৃষ্ণত্বক্' বলিতে কৃষ্ণবর্ণ অনার্য্যদিগের উল্লেখ পাওয়া যায়। 'কৃষ্ণত্বক্' বলিলেই যদি অনার্য্যের উল্লেখ হয়, তাহা হইলে শ্রীকৃষ্ণ, অর্জ্জুন, দ্রৌপদী ভীম প্রভৃতিও তো অনার্য্য শ্রেণীভুক্ত হইয়া যান! এমন কি নবদূর্বাদলকান্তি রামচন্দ্রও এই দল হইতে বাদ পড়েন না। কবির ভাষায় তাঁহার বর্ণ ঘনশ্যাম আবরণ মাত্র। সুতরাং ব্যাখ্যাকারের এই সিদ্ধান্ত সমীচীন বলিয়া গ্রহণ করা অসম্ভব। (৫অ-১খ-৩সূ-১সা)।০

—•—

দ্বিতীয়ং সাম।

৩ ১২ ৩ ২ ৩ ১ ২ ৩ ক ২র
সুবিতস্য বনামহেঽতিসেতুং দুরাধ্যম্।
৩ ২ ৩ ১ ২ ৩ ২
সাহ্যাম দস্যুমব্রতম্॥ ২॥*

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুবিতস্য' (শোভনং প্রাপ্তস্য দেবস্য, ভগবতঃ সম্বন্ধিনং ইত্যর্থঃ) 'অতিসেতুং' (রক্ষোবিষয়ঃ বন্ধনং, অস্মাকং রিপুনাশঃ ইতি ভাবঃ) বয়ং 'বনামহে' (প্রার্থয়ামহে); ভগবান্ অস্মাকং রিপূন্ বিনাশয়তু-ইতি ভাবঃ; তৎকৃপয়া বয়ং 'দুরাধ্যং' (দুষ্প্রাপণীয়ং, দুর্দ্ধর্ষং) 'অব্রতং' (সৎকর্ম্মরহিতং, সৎকর্ম্মবিঘাতকং ইত্যর্থঃ) 'দস্যুং' (শত্রুং) 'সাহ্যাম' (অভিভবেম); মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ। ভগবৎকৃপয়া বয়ং রিপুজয়িনঃ ভবেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ ১খ ৩সূ ২সা)।

⁂

বঙ্গানুবাদ।

ভগবানের সম্বন্ধীয় আমাদিগের রিপুবিনাশ আমরা প্রার্থনা করিতেছি; (ভাব এই যে,—ভগবান আমাদিগের রিপুনাশ করুন); তাঁহার কৃপায় আমরা যেন দুর্দ্ধর্ষ সৎকর্ম্মবিঘাতক শত্রুকে অভিভব করিতে পারি (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবৎকৃপায় আমরা যেন রিপুজয়ী হইতে পারে)॥ (৫অ—১খ—৩সূ—২সা)॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প-৫অ ৩খ ৫সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একচত্বারিংশ সূক্তের প্রথমা ঋক্, (ষষ্ঠ অষ্টক একত্রিংশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

'সুবিতস্য' শোভনং প্রাপ্তস্য সোমস্য সম্বন্ধিনং 'অভিসেতুং' রক্ষোবিষয়ং বন্ধনং 'বনামহে সোমকর্ত্তৃকং রক্ষসাং বন্ধনং স্তুম ইত্যর্থঃ। কীদৃশং? দুরাধ্যং দুষ্প্রাপণীয়ং কিঞ্চ 'অব্রতং' যজ্ঞাদি-কর্ম্ম-রহিতং 'দস্যুং' শত্রুং 'সাহ্যাম' অভিভবেম। 'দুরাধ্যং' 'দুরাব্যং' 'সাহ্যাম'—'সাহ্বাংস'—ইতি পাঠৌ। (৫অ-১খ—৩দ ২সা)॥

* * *

দ্বিতীয় (৮৯৩) সামের মর্ম্মার্থ।

— — * - - —

মন্ত্রের কোথায়ও 'সোমের' উল্লেখ না থাকিলেও প্রচলিত ব্যাখ্যাদিতে সোমরসকে টানিয়া আনা হইয়াছে। তাহাতে মন্ত্রের অর্থ দাঁড়াইয়াছে এই,—"ব্রতরহিত দস্যুকে অভিভব করিয়া আমরা সুন্দর সোমের রাক্ষস-বন্ধন ও রাক্ষস-হনন ইচ্ছায় স্তব করি।" এই ব্যাখ্যার সহিত ভাষ্যেরও সম্পূর্ণ মিল হয় নাই, কারণ ভাষ্যকার 'বনামহে' এবং 'সাহ্যাম' এই দুইটীকে সমাপিকা ক্রিয়া রূপে গ্রহণ করিয়াছেন। কিন্তু অনুবাদকার কেবল মাত্র 'বনামহে' পদকেই সমাপিকা বলিয়া গ্রহণ করিয়াছেন এবং 'সাহ্যাম' ক্রিয়াপদ অসমাপিকা বলিয়া গৃহীত হইয়াছে। তাহাতে ভাষ্য ও অনুবাদে এই পার্থক্য দাঁড়াইয়াছে যে,—ভাষ্যানুসারে মন্ত্র দুই ভাগে বিভক্ত হইয়া দুইটী প্রার্থনার দ্যোতক হইয়াছে; এবং অনুবাদে উহা একটী প্রার্থনা প্রকাশ করিতেছে। অবশ্য উভয়েরই ভাব অভিন্ন তথাপি মন্ত্রের শব্দার্থের দিকে লক্ষ্য করিলে ভাষ্যানুমোদিত ব্যাখ্যাই অধিকতর সঙ্গত বলিয়া প্রমাণিত হইবে।

কিন্তু আমাদের ব্যাখ্যা উভয়ের ব্যাখ্যা হইতেই পৃথক্। কারণ বর্ত্তমান মন্ত্রের কোথায়ও 'সোমরসের' উল্লেখ নাই এবং মন্ত্রে উহার কোন স্থান আছে বলিয়া মনে করি না। আমরা মনে করি, মন্ত্র ভগবানকেই লক্ষ্য করিতেছেন এবং তদনুসারেই আমরা মন্ত্রার্থ নিষ্কাশনে চেষ্টা করিয়াছি। (৫অ—১খ—৩দ-২সা)॥ *

— • —

তৃতীয়ং সাম।

৩ ২   ৩ ১ ২   ৩ ১র   ২র   ৩ ১ ২
শৃণ্বে বৃষ্টেরিব স্বনঃ পবমানস্য শুষ্মিণঃ।
১ ২   ৩ ১   ২   ৩ ২
চরন্তি বিদ্যুতো দিবি॥ ৩॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একচত্বারিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, একত্রিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃষ্টেইব' (বৃষ্টেঃ ধারা ইব) 'পবমানস্য' (পবিত্রকারকস্য দেবস্য) 'স্বনঃ' (শব্দঃ, জ্ঞানং জ্ঞানধারাং ইত্যর্থঃ) 'শৃণ্বে' (সাধকৈঃ শ্রূয়তে, সাধকাঃ লভন্তে ইতি ভাবঃ; 'শুষ্মিণঃ' (পাপশোষকস্য, পাপনাশকস্য দেবস্য, যদ্বা পরমশক্তিসম্পন্নস্য দেবস্য) 'বিদ্যুতঃ' (দীপ্তয়ঃ, জ্যোতীংষি) 'দিবি' (দ্যুলোকে, স্বর্গে) 'চরন্তি' (বিদ্যমানাঃ ভবন্তি)। মন্ত্রোঽয়ং নিত্যসত্যপ্রখ্যাপকঃ। সাধকাঃ ভগবতঃ সম্বন্ধিনং জ্ঞানং লভন্তে - ইতি ভাবঃ। (৫অ—১খ-৩সূ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

বৃষ্টিধারার ন্যায় পবিত্রকারক দেবতার জ্ঞান অর্থাৎ জ্ঞানধারা সাধকগণ লাভ করেন; পাপনাশক (অথবা পরমশক্তিসম্পন্ন) দেবতার জ্যোতিঃ দ্যুলোকে বিদ্যমান আছে (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সাধকগণ ভগবানের সম্বন্ধীয় জ্ঞান লাভ করেন।)॥ (৫অ—১খ—৩সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'শৃণ্বে' 'শ্রূয়তে'। কঃ? 'স্বনঃ' কিমিব? 'বৃষ্টেঃ' বর্ষণস্য স্বন ইব; তস্য যথা মহান্ স্বনঃ শ্রূয়তে তদ্বৎ প্রভৃত-রস-পাত সময়ে শ্রূয়তে। কস্য স্বন ইতি? তত্রাহ 'পবমানস্য' পূয়মানস্য 'শুষ্মিণঃ' বলবতঃ তস্যৈব 'বিদ্যুতঃ' দীপ্তয়ঃ 'দিবি' অন্তরিক্ষে চরন্তি। (৫অ-১খ—৩সূ-৩সা)॥

* * *

তৃতীয় (৮৯৪) সামের মর্ম্মার্থ।

§ :*: §

মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। সাধকগণ ভগবৎজ্ঞান লাভ করেন, ভগবানের জ্যোতিঃই দ্যুলোকভূলোক আলোকিত করিয়া আছে—মন্ত্রের ইহাই সারমর্ম্ম।

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রের ভিন্নার্থ কল্পিত হইয়াছে। উদাহরণস্বরূপ নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। সেই বঙ্গানুবাদটী এই,—অভিষবকালে বলবান্ সোমের দীপ্তি সকল অন্তরীক্ষে বিচরণ করে এবং বৃষ্টির ন্যায় তাহার শব্দ শ্রুতিগোচর হয়।" সোমের সম্বন্ধে বর্ণনাটি সমীচীন না হইলেও ব্যাখ্যাকার সোমরসকেই মন্ত্রের লক্ষ্যস্থান রূপে গ্রহণ করিয়াছেন। শুধু তাই নয়। অভিষবকালে সোমরস দশাপবিত্র বা ছাকুনির ভিতর দিয়া বসতীবরী জলে পতনের সময় যে শব্দ হয়, সেই শব্দকে বৃষ্টিধারার শব্দের সহিত তুলনা করিয়াছেন বলিয়া প্রতীত হয়। কিন্তু এখানে মোটেই সোমরসের কোন প্রসঙ্গ নাই।

কাজেই এই ব্যাখ্যা আমরা গ্রহণ করিতে পারি নাই। আর 'সোম' শব্দ থাকিলেও তাহার ভিন্ন অর্থ হইত। যাহা হউক, আমরা মনে করি, মন্ত্রে ভগবৎ সম্বন্ধীয় জ্ঞানকেই লক্ষ্য করিতেছে। আমরা এই দৃষ্টিতেই মন্ত্রার্থ গ্রহণ করিয়াছি॥ (৫অ—১খ—৩সূ—৩সা)।*

চতুর্থং সাম।

১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২
আ পবস্ব মহীমিষং গোমদিন্দো হিরণ্যবৎ।
১ ২ ৩ ১ ২
অশ্ববৎ সোম বীরবৎ॥ ৪॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দো সোম' (হে বিশুদ্ধ সত্ত্বভাব!) ত্বং অস্মভ্যং 'গোমৎ' (গোযুক্তং, জ্ঞানযুক্তং ইত্যর্থঃ) 'বীরবৎ' (শক্তিযুক্তং, আত্মশক্তিদায়কং) 'অশ্ববৎ' (ব্যাপকজ্ঞানযুক্তং) 'হিরণ্যবৎ' (হিরণ্যোপেতং, হিতরমণীয়ং) 'মহীং' (মহৎ) 'ইষঃ' (অন্নং, সিদ্ধিং ইত্যর্থঃ) 'আ পবস্ব' (প্রক্ষর, প্রযচ্ছ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান কৃপয়া অস্মভ্যং পরমসিদ্ধিং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৫অ—১খ—৩সূ—৪সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে বিশুদ্ধ সত্ত্বভাব! আপনি আমাদিগকে জ্ঞানযুক্ত, আত্মশক্তিদায়ক, ব্যাপক জ্ঞানযুক্ত, হিতরমণীয়, মহৎ সিদ্ধি প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে পরমসিদ্ধি প্রদান করুন।)। (৫অ—১খ—৩সূ—৪সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দো!' 'সোম'!' অভিষুতঃ ত্বং 'মহীং ইষং' মহদন্নং 'আ পবস্ব'। কীদৃশং অন্নং? 'গোমদ্' গোভির্যুক্তং, 'হিরণ্যবৎ' সুবর্ণোপেতং, 'অশ্ববৎ' অশ্বোপেতং, 'বীরবৎ', পুত্রযুক্তং। 'অশ্ববৎ সোমবীরবৎ'—'অশ্বাবদ্বাজবৎসুতঃ'—ইতি পাঠৌ। ৪।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একচত্বারিংশ সূক্তের তৃতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, একত্রিংশ বর্গের অন্তর্গত)।

চতুর্থ (৮৯৫) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী সরল প্রার্থনা-মূলক। প্রচলিত ব্যাখ্যাদিতেও মন্ত্রটী প্রার্থনামূলক বলিয়া গৃহীত হইয়াছে সত্য, কিন্তু মন্ত্রান্তর্গত পদসমূহের ব্যাখ্যার সহিত আমাদের ব্যাখ্যার অনৈক্য ঘটিয়াছে। ভাষ্যাদিতে মন্ত্রটীকে সোমরসের নিকট প্রার্থনামূলক বলিয়া ব্যাখ্যা করা হইয়াছে। ভাষ্যানুযায়ী একটী বঙ্গানুবাদ নিয়ে প্রদত্ত হইল। "হে সোম! তুমি অভিষুত হইয়া গোযুক্ত, অশ্বযুক্ত এবং বলযুক্ত মহা অন্ন আমাদের অভিমুখে প্রেরণ কর।" কিন্তু 'সোমরস' নামক মাদকদ্রব্য কিরূপে আমাদিগকে 'মহাঅন্ন' দিতে পারে? শুধু তাই নয়, সেই অন্ন গোযুক্ত, অশ্বযুক্ত ও বলযুক্ত মাদকদ্রব্য পান করিলে অন্ততঃ সাময়িকভাবে একটু বল লাভ হয়—ইহা না হয় স্বীকার করা গেল। কিন্তু সেই সঙ্গে (ভাষ্যানুসারে) অশ্ব ও গো লাভ হইবে কিরূপে?

আমরা মন্ত্রটীর ভিন্নভাব গ্রহণ করিয়াছি। 'গো' এবং 'অশ্ব' শব্দদ্বয়ে কি অর্থ জ্ঞাপন করে তাহা পূর্ব্বে বহুত্র আলোচনা করা হইয়াছে। 'বীরবৎ' পদে ভাষ্যকার 'পুত্রযুক্তং' অর্থ গ্রহণ করিয়াছেন। 'বীর' শব্দে বীরত্বকে, শক্তিকে লক্ষ্য করিতে পারে কিন্তু এই শব্দ দ্বারা 'পুত্র' অর্থ কিরূপে আমনন করা যায়? যাহা হউক আমরা মনে করি, বর্ত্তমান মন্ত্রে গরু ঘোড়া প্রভৃতি কিছুরই জন্য প্রার্থনা নয়। এখানে সেই পরমধন পরাজ্ঞান, পরম সিদ্ধি লাভের জন্যই প্রার্থনা করা হইয়াছে। মন্ত্রান্তর্গত পদের ব্যাখ্যার জন্য আমাদিগের মর্ম্মানুসারিণী ব্যাখ্যা ও বঙ্গানুবাদ দ্রষ্টব্য॥ (৫অ ১খ—৩সূ-৪সা)।

* * *

পঞ্চমং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২র
পবস্ব বিশ্বচর্ষণ আ মহী রোদসী পৃণ।
৩ ২উ ৩ ২ ৩ ১ ২
উষাঃ সূর্য্যো ন রশ্মিভিঃ ॥ ৫ ॥*

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিশ্বচর্ষণে' (হে সর্ব্বস্য দ্রষ্টঃ, সর্ব্বজ্ঞ হে দেব!) ত্বং 'পবস্ব' (ক্ষর, অস্মাকং হৃদি আবির্ভব, যদ্বা অস্মাকং হৃদি অমৃতং প্রযচ্ছ); 'সূর্য্যঃ' (জ্ঞানদেবঃ) 'ন' (যথা) 'রশ্মিভিঃ' (জ্ঞানকিরণৈঃ) 'উষাঃ' (উষসঃ জ্ঞানোন্মেষিকাদেবাঃ) পূরয়তি, তথা সার্থকতাং

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একচত্বারিংশ মন্ত্রের চতুর্থ ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, একত্রিংশ বর্গের অন্তর্গত)।

সম্পাদয়ন্তি ইত্যর্থঃ তদ্বৎ ত্বং তব অমৃতেন 'মহী রোদসী' (মহত্যৌ দ্যাবাপৃথিব্যৌ, দ্যুলোকভূলোকৌ) 'আপৃণ' (আ পূরয়, সম্যক্‌রূপেণ পূরয়)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান কৃপয়া অস্মান—বিশ্বস্থিতান সর্ব্বান—অমৃতেন পূরয়তু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৫অ ১খ—৩সূ ৫সা)॥

* * *

মর্ম্মানুবাদ।

সর্ব্বজ্ঞ হে দেব! আপনি আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন (অথবা আমাদিগের হৃদয়ে অমৃত প্রদান করুন); জ্ঞানদেব যথা জ্ঞানকিরণের দ্বারা আলোন্মেষিকা দেবীকে পূর্ণ করেন অর্থাৎ তাঁহার সার্থকতা সম্পাদন করেন, সেইরূপ আপনি আপনার অমৃতের দ্বারা মহান্ দ্যুলোকভূলোককে সম্যক্‌রূপে পূর্ণ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে—বিশ্বস্থিত সকলকে—অমৃতের দ্বারা পূর্ণ করুন।)॥ (৫অ—১খ—৩সূ—৫সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'বিশ্বচর্ষণে' বিশ্বস্য দ্রষ্টঃ সোম! নঃ ত্বং 'পবস্ব' ক্ষর রসং। তথা কৃত্বা তেন রসেন 'মহী' 'রোদসী' দ্যাবাপৃথিব্যৌ 'আ পৃণ' আ পূরয়। 'উষাঃ' উষসঃ একদেশবাচিনোঽহঃ শংস্বনাশাদ্যাপলক্ষ্যাত্বে তৎপ্রাধান্যাৎ অহানি 'রশ্মিভিঃ' 'সূর্যো ন' সূর্য্য ইব। 'পবস্ববিশ্বচর্ষণে' 'পবস্ববিশ্বচর্ষণ'—ইতি পাঠৌ। (৫অ-১খ—৩সূ-৫সা)॥

* * *

পঞ্চম (৮৯৬) সামের মর্ম্মার্থ।

*

মন্ত্রটী অতি উচ্চভাবপূর্ণ প্রার্থনামূলক। উহা দুইভাগে বিভক্ত। প্রথমভাগে হৃদয়ে ভগবানের স্পর্শ লাভ করিবার জন্য প্রার্থনা করা হইয়াছে। এবং দ্বিতীয় অংশে সেই প্রার্থনাই বিশ্বব্যাপকরূপ পরিগ্রহ করিয়াছে। এই বিশ্বপ্রেম-মূলক ভাবই বর্ত্তমান প্রার্থনার বিশেষত্ব।

কেবল নিজের জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হয় নাই,—"দ্যুলোকভূলোকবাসী—বিশ্ববাসী সকলে অমৃতত্ব লাভ করুক, অমৃতসাগরে নিমজ্জিত হউক। অমৃতের অধিকারী মানব, অমৃতলাভে ধন্য ও কৃতার্থ হউক। বিশ্বের কেহই যেন অমৃতলাভে বঞ্চিত হয় না, বিশ্বে অমৃতস্রোত প্রবাহিত হউক, অমৃতপ্রবাহে জগৎ প্লাবিত হউক।" মন্ত্রে প্রার্থনায়

এই ভাবই ফুটিয়া উঠিয়াছে। বেদের বহুত্রও আমরা এই ভাবের দ্যোতনা দেখিতে পাই। উদাহরণস্বরূপ একটী প্রার্থনা মন্ত্র উদ্ধৃত হইল,—

"মধুমান্নো বনস্পতির্মধুমাঁ অস্তু সূর্য্যঃ মাধ্বীর্গাবো ভবন্তু নঃ।"

মন্ত্রের মধ্যে একটী উপমা ব্যবহৃত হইয়াছে। তাহার ভাব এই যে,—জ্ঞানদেবের কৃপাতেই জ্ঞানোন্মেষিকাবৃত্তির সার্থকতা সম্পাদিত হয়। মানুষের অন্তরে সর্ব্ববিধ বৃত্তিই আছে সত্য, কিন্তু ভগবানের কৃপা ব্যতীত তাহাদের বিকাশ হয় না, তাহাদের সার্থকতা লাভ ঘটে না—ইহাই উপমার ভাবার্থ। (৫অ—১খ—৩সূ ৫সা)।

—•—

ষষ্ঠং সাম।

১ ২   ৩ ২ ৩   ১ ২   ৩ ১ ২
পরি নঃ শর্ম্ময়ন্ত্যা ধারয়া সোম বিশ্বতঃ।
১ ২   ৩ ১ ২   ৩ ১ ২
সরা রসেব বিষ্টপম্ ॥ ৬ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'রসেব বিষ্টপং' (উদকং, জলং যথা ভূলোকং অভিষিঞ্চতি, যদ্বা অমৃতং যথা বিশ্বং অভিষিঞ্চতি) তদ্বৎ ত্বং তব 'শর্ম্ময়ন্ত্যা' (সুখদায়কেন, পরমমঙ্গলকারকেন) 'ধারয়া' (প্রবাহেন) 'নঃ' (অস্মান্) 'পরিসর' (পরিচর, অভিষিঞ্চ ইত্যর্থঃ)॥ প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মভ্যং পরমকল্যাণদায়কং শুদ্ধসত্ত্বং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ—১খ—৩সূ—৬সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! জল যথা ভূলোককে (অথবা অমৃত যথা বিশ্বকে) অভিষিঞ্চিত করে, সেইরূপ আপনি আপনার পরমমঙ্গলকারক প্রবাহের দ্বারা আমাদিগকে অভিষিঞ্চিত করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে পরমকল্যাণদায়ক শুদ্ধসত্ত্ব প্রদান করুন।)। (৫অ—১খ—৩সূ—৬সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একচত্বারিংশ সূক্তের পঞ্চমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, একত্রিংশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

হে সোম ! 'নঃ' অস্মভ্যং 'শর্ম্মযন্ত্যা' সুখয়ন্ত্যা ধারয়া 'বিশ্বতঃ' সর্ব্বতঃ 'পরিসর' পরিসর পরিচর। 'রসেব' রসেনেব 'বিষ্টপং' ভূলোকং যদ্বা রসা নদী স্থানং সা প্রবণরূপামিব। 'পরিসনঃ'—'পরিষণঃ'—ইতি পাঠৌ॥ (৫অ—১খ ৩সূ ৬সা)॥

ইতি পঞ্চমাধ্যায়স্য প্রথম খণ্ডঃ সমাপ্তঃ॥

* * *

ষষ্ঠ (৮৯৭) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। অমৃতময় শুদ্ধসত্ত্ব লাভ করিবার জন্য মন্ত্রে ভগবানের নিকট পরোক্ষভাবে প্রার্থনা করা হইয়াছে। শুদ্ধসত্ত্ব ভগবানেরই শক্তি, সুতরাং শুদ্ধসত্ত্বের নিকট প্রার্থনার অর্থই—ভগবানের নিকট প্রার্থনা।

মন্ত্রের মধ্যে একটী উপমা ব্যবহৃত হইয়াছে, তাহা 'রসেব বিষ্টপং'। ভাষ্যকার ইহার অর্থ করিয়াছেন,—'রসেনেব ভূলোকং যদ্বা রসানদী স্থানং সা প্রবণরূপমিদং'। অর্থাৎ যদ্বা অভিধায়ে ভাষ্যকার উক্ত উপমার দুইটী অর্থ করিয়াছেন। প্রথম ব্যাখ্যায় প্রথমান্ত 'রস' শব্দ স্থলে তৃতীয়া বিভক্তি গ্রহণ করিয়াছেন এবং দ্বিতীয় ব্যাখ্যায় সন্ধিবিচ্ছেদ করিতে গিয়া 'রস' শব্দের পরিবর্ত্তে 'রসা' শব্দ গ্রহণ করিয়াছেন। তাহাতে 'রসেব' পদের অর্থ দাঁড়াইয়াছে—'নদীতুল্য' অথবা 'নদীরমত' কিন্তু আমরা মনে করি 'রস' শব্দে এখানে 'জল অথবা 'অমৃত' অর্থ প্রকাশ করিতেছে, এবং এই উভয় মর্ম্মানুসারে আমরা উক্ত উপমাটীর দুই ব্যাখ্যা গ্রহণ করিয়াছি। 'রস' শব্দে অমৃত অথবা জল অর্থ প্রকাশ করে, তাহা পূর্ব্বে বহুত্র আমরা লক্ষ্য করিয়াছি। বর্ত্তমান মন্ত্রেও এই উভয় অর্থেই সঙ্গতি রক্ষিত হয়। আমাদের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ও বঙ্গানুবাদেই পরিস্ফুট হইয়াছে। (৫অ—১খ ৩সূ ৬সা)। *

*

দ্বিতীয় খণ্ডঃ।

প্রথমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২৩ ১ ২
আশুরর্ষ বৃহন্মতে পরি প্রিয়েণ ধাম্না।
১ ২ ৩ ২উ ৩ ১ ২
যত্রা দেবা ইতি ব্রুবন্ ॥ ১ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের একচত্বারিংশত্তম সূক্তের ষষ্ঠী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, একত্রিংশ বর্গে অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃহন্মতে' (মহামতে হে দেব) ত্বং 'প্রিয়েণ ধাম্না' (তব প্রিয়েণ স্থানেন, তব প্রিয়স্থানং ইত্যর্থঃ) দেবভাবসমন্বিতং সাধকহৃদয়ং ইতি ভাবঃ, 'আশুঃ' (শীঘ্রং, নিত্যং ইত্যর্থঃ) 'পর্য্যর্ষ' (পরিগচ্ছ প্রাপ্নোষি ইতি ভাবঃ); ভগবান্ পবিত্রে সাধকহৃদি অধিতিষ্ঠতি – ইতি ভাবঃ; 'যত্রা' (যত্র, যৎস্থানে) 'দেবাঃ' (দেবভাবাঃ – বর্ত্তন্তে যদ্বা সমুদ্ভবন্তি ইতি যাবৎ) 'ইতি' (তৎ) ত্বং অস্মভ্যং 'ব্রুবন্' (কথয়)। প্রার্থনামূলকঃ নিত্যসত্য-প্রখ্যাপকশ্চ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! যথা অস্মাকং হৃদি দেবভাবঃ সমুদ্ভবতু তথা অস্মান্ উপদিশ ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ—২খ—১সূ-১সা)।

* * *

বঙ্গানুবাদ।

মহামতি হে দেব! আপনি আপনার প্রিয়স্থান অর্থাৎ দেবভাবসমন্বিত সাধক হৃদয়কে নিত্যকাল প্রাপ্ত হয়েন; (ভাব এই যে,—ভগবান্ পবিত্র সাধক হৃদয়ে অধিষ্ঠান করেন); যে স্থানে দেবভাব বর্ত্তমান থাকে (অথবা সমুদ্ভূত হয়) তাহা আপনি আমাদিগকে বলুন। (মন্ত্রটী প্রার্থনামূলক এবং নিত্যসত্যপ্রখ্যাপক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! যেরূপে আমাদিগের হৃদয়ে দেবভাব সমুদ্ভূত হয়, সেইরূপ আমাদিগকে উপদেশ প্রদান করুন।)। (৫অ—২খ—১সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং

হে 'বৃহন্মতে' মহামতে সোম! 'প্রিয়েণ' দেবানাং 'প্রিয়তমেন 'ধাম্না' শরীরেণ 'ধারয়া' 'আশুঃ' শীঘ্রঃ সন্ 'পর্য্যর্ষ' পরিগচ্ছ, 'যত্র' 'দেবাঃ' 'ইন্দ্রাদয়ঃ বর্ত্তন্তে – 'ইতি' 'ব্রুবন্' উচ্চারয়ন্, তং দেশং গচ্ছামীতি ব্রুবন্নিত্যর্থঃ। (৫অ – ২খ ১সূ – ১সা)।

* * *

প্রথম (৮৯৮) সামের মর্ম্মার্থ

মন্ত্রটী দুইভাগে বিভক্ত। প্রথম অংশে নিত্যসত্য-প্রখ্যাপিত হইয়াছে। ভগবান্ সাধকের হৃদয়ে উপস্থিত হয়েন, সাধকের হৃদয়ই প্রকৃত বৈকুণ্ঠ। তাই তাঁহার শ্রীমুখনিঃসৃত বাণী—

> "নাহং তিষ্ঠামি বৈকুণ্ঠে যোগীনাং হৃদয়ে নচ।
> মদ্ভক্তাঃ যত্র তিষ্ঠন্তি তত্র তিষ্ঠামি নারদ॥"

—আমি বৈকুণ্ঠেও থাকি না, যোগীদিগের হৃদয়েও থাকি না। আমার ভক্তগণ যেখানে অবস্থান করেন, সেই স্থানই, বৈকুণ্ঠ, সেই স্থানই স্বর্গ। আমি আমার ভক্তদের সঙ্গসুখ উপভোগ করিবার জন্য ভক্তসান্নিধ্যরূপ স্বর্গেই অবস্থান করি।' এই মহাবাক্যে একদিকে যেমন সাধকের সৌভাগ্য বর্ণিত হইয়াছে, অন্যদিকে তেমনি ভগবানের অপার করুণা ও প্রকাশিত হইতেছে। বর্ত্তমান মন্ত্রের প্রথমাংশে একই সত্য প্রখ্যাপিত দেখি। ভগবান তাহার প্রিয়স্থান অর্থাৎ সাধক-হৃদয়েই অবস্থান করেন।

মন্ত্রের দ্বিতীয় অংশে ভগবানের প্রেরণা লাভ করিবার জন্য প্রার্থনা করা হইয়াছে। 'হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে পথ প্রদর্শন করুন, আমরা যেন আপনার প্রদর্শিত পথে চলিয়া আপনার পদ প্রান্তে পৌঁছিতে পারি।' মন্ত্রান্তর্গত প্রার্থনার ইহাই সারমর্ম্ম। মন্ত্রার্থ আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ও বঙ্গানুবাদেই পরিস্ফুট হইয়াছে॥ (৫অ ২খ ১সূ ১সা)।

— * —

দ্বিতীয় সাম।

৩ ১র ২র ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
পরিষ্কৃণ্বন্ননিষ্কৃতং জনায় যাতয়ন্নিষঃ।
৩ ২ ৩ ১ ১র
বৃষ্টিং দিবঃ পরিস্রব ॥ ২ ॥

* . *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! ত্বং 'অনিষ্কৃতং' (অপরিষ্কৃতং, অবিশুদ্ধং - লোকানাং হৃদয়ং ইতি যাবৎ) 'পরিষ্কৃণ্বন্' (সংস্কুর্ব্বন্, বিশুদ্ধং কৃত্বা ইত্যর্থঃ) 'জনায়' (লোকানাং হিতায়, জগদ্ধিতায়) সর্ব্বেভ্যঃ লোকেভ্যঃ 'ইষঃ' (সিদ্ধিং, আত্মশক্তিং বা) 'যাতয়ন্' (নির্গময়ন্, প্রযচ্ছ ইতি ভাবঃ); তথা 'দিবঃ' (দ্যুলোকাৎ) 'বৃষ্টিং' (বর্ষণং, করুণাধারাং) 'পরিস্রব' (বর্ষয়)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মভ্যঃ সর্ব্বলোকেভ্যঃ পরাসিদ্ধিং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ ২খ-১সূ-২সা)।

* . *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! আপনি লোকদিগের অবিশুদ্ধ হৃদয়কে বিশুদ্ধ করিয়া জগতের হিতের জন্য সকল লোকদিগকে সিদ্ধি (অথবা

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের উনচত্বারিংশত্তম সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, উনত্রিংশ বর্গের অন্তর্গত)।

আত্মশক্তি) প্রদান করুন ; এবং দ্যুলোক হইতে করুণাধারা বর্ষণ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে—সকল লোককে—পরাসিদ্ধি প্রদান করুন।)। ৫অ—২খ—১সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

'অনিষ্কৃতং' অসংস্কৃতং যজমানং স্থানং বা 'পরিষ্কৃণ্বন' সংস্কুর্ব্বন্ 'জনায়' 'ইষঃ' অন্নানি 'যাতয়ন্' নির্গময়ন 'দিবঃ' অন্তরিক্ষাৎ 'বৃষ্টিং পরিস্রব'। (৫অ—২খ—১সূ—২সা) ॥

* * *

দ্বিতীয় (৮৯১) সামের মর্ম্মার্থ ।

মন্ত্রটী সরল প্রার্থনা-মূলক। প্রচলিত ব্যাখ্যাদিতেও মন্ত্রটীকে প্রার্থনামূলক বলিয়া গ্রহণ করা হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল.। বঙ্গানুবাদটী এই,—"অসংস্কৃত স্থানকে সংস্কৃত করতঃ এবং যাগকারীকে অন্ন প্রদান করতঃ অন্তরীক্ষ হইতে বৃষ্টি ক্ষরিত কর।" ভাষ্যকার 'অনিষ্কৃতং' পদে 'অসংস্কৃতং যজমানং স্থানং বা' অর্থ গ্রহণ করিয়াছেন। অর্থাৎ তাঁহার মতে 'অনিষ্কৃতং' পদে যজমান অর্থাৎ যজমানের হৃদয় অথবা স্থান এই দুইটীকেই লক্ষ্য করে। আমরা মনে করি এই প্রার্থনাটী বিশ্বজনীন এবং 'অনিষ্কৃতং' পদে পাপতাপক্লিষ্ট মানবহৃদয়-মাত্রকেই লক্ষ্য করে। আমরা এই দৃষ্টিতেই মন্ত্রার্থ গ্রহণ করিয়াছি। 'বৃষ্টিং' পদেরও লক্ষ্যস্থল - ভগবানের করুণাধারা। তিনিই স্বর্গ হইতে তাঁহার করুণা প্রবাহে দুঃখতাপগ্রস্থ মানবের হৃদয়ের সকল মলিনতা পঙ্কিলতা বিধৌত করিয়া দেন। এই সত্যকেই উপলক্ষ্য করিয়া মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে,—

"বরিষ ধরামাঝে শান্তি বারি।
শুষ্ক হৃদয়ে, আছে দাঁড়াইয়ে, উর্দ্ধমুখে নরনারী।

—তোমার অমৃতধারা জগতে প্রবাহিত হউক. পাপতাপক্লিষ্ট মানব হৃদয় তোমারই করুণা কণা লাভের প্রত্যাশায় চাহিয়া আছে। ওগো শান্তিবিধাতা পরম দেবতা! কৃপা কর, জগতের পাপ-মলিনতা দূরীভূত কর, তোমার প্রেমপ্রস্রবণে জগৎ প্লাবিত হউক, জগদ্বাসী চিরশান্তি লাভ করুক।" (৫অ—২খ—১সূ ২সা) ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের উনচত্বারিংশত্তম সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, উনত্রিংশ বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

৩ ২উ   ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ২ ৩ ২
অয়ং৺ স যো দিবস্পরি রঘুয়ামা পবিত্র আ।
১ ২ ৩ ১ ২র
সিন্ধোরূর্ম্মা ব্যক্ষরৎ ॥ ৩ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যঃ' (যঃ দেবঃ) 'দিবস্পরি' (দ্যুলোকে) 'রঘুয়ামা' (লঘুগমনঃ, শীঘ্রগামী) আশুস্বর্গ-প্রাপকঃ, আশুমুক্তিদায়কঃ ইত্যর্থঃ ; 'অয়ং সঃ' (প্রসিদ্ধঃ সঃ দেবঃ, ভগবান্ ইত্যর্থঃ) 'পবিত্রে' (পবিত্রহৃদয়ে, - সাধকানাং ইতি যাবৎ) 'আ' (আগচ্ছতি) ; সঃ 'সিন্ধোঃ' (সমুদ্রস্য সত্ত্বসমুদ্রস্য) 'ঊর্ম্মা' (ঊর্ম্মিঃ, প্রবাহং ইত্যর্থঃ) 'ব্যক্ষরৎ' (ক্ষরতি লোকেভ্যঃ প্রযচ্ছতি)। নিত্যসত্য-প্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। মুক্তিদায়কঃ ভগবান্ সাধকেভ্যঃ শুদ্ধসত্ত্বং প্রযচ্ছতি —ইতি ভাবঃ ॥ (৫অ - ২খ - ১সূ - ৩সা) ॥

• • •

বঙ্গানুবাদ।

যে দেবতা দ্যুলোকে শীঘ্রগামী অর্থাৎ আশুমুক্তিদায়ক, প্রসিদ্ধ সেই দেবতা অর্থাৎ ভগবান্ সাধকদিগের পবিত্র হৃদয়ে আগমন করেন ; তিনি সত্ত্বসমুদ্রের প্রবাহ লোকদিগকে প্রদান করেন। (মন্ত্রটী নিত্যসত্য প্রখ্যাপক। ভাব এই যে,—মুক্তিদায়ক ভগবান্ সাধকদিগকে শুদ্ধসত্ত্ব প্রদান করেন।) ॥ (৫অ— ২খ—১সূ—৩সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'সঃ' 'অয়ং' সোমঃ 'পবিত্রে আ' সিচ্যমানঃ—ইতি শেষঃ 'সিন্ধোঃ' জলস্য 'ঊর্ম্মা' ঊর্ম্মৌ সঙ্ঘাতে 'বি অক্ষরন্' বিবিধং ক্ষরতি। স ইত্যুক্তং, কঃ? ইত্যাহ—'যঃ' 'দিবস্পরি' দ্যুলোকস্যোপরি 'রঘুয়ামা' লঘুগমনঃ দেবপ্রাপ্তৌ, সোয়মিতি সম্বন্ধঃ ॥ ৩ ॥

• • •

তৃতীয় (৯০০) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। মন্ত্রে ভগবানের সত্ত্বভাবদানের মহিমা পরিকীর্ত্তিত হইয়াছে। কিন্তু প্রচলিত ব্যাখ্যাদিতে সোমরসের সম্বন্ধ কল্পিত হইয়াছে। নিম্নোদ্ধৃত বঙ্গানুবাদ হইতেই তাহা উপলব্ধ হইবে। এই মন্ত্রের প্রচলিত বঙ্গানুবাদটী এই,—"এই সোম দশাপবিত্রে স্রুত-

হইয়া সিন্ধুর উর্ম্মিতে ক্ষরিত হইতেছে, ইনি স্বর্গের উপরে শীঘ্র গমন করিয়া থাকেন।” মন্ত্রে সোমরসের কোন উল্লেখ না থাকিলেও অনুবাদকার এবং ভাষ্যকার উভয়েই সোমের সম্বন্ধ কল্পনা করিয়াছেন। তারপর, সোমরস শীঘ্র স্বর্গের উপর গমন করিয়া থাকেন,—একথার অর্থ কি? 'সোম' স্বর্গে গমন করেন কিরূপে? আবার সিন্ধুর উর্ম্মিতেও রক্ষিত হয়েন! অহেতুক সোমরসের কল্পনা করায় এই সমস্যা উপস্থিত হইয়াছে। আমরা মনে করি 'অয়ং' পদে ভগবানকেই লক্ষ্য করে, তিনিই 'দিবস্পরি রঘুয়াযা' অর্থাৎ মানবকে তিনিই শীঘ্র স্বর্গপ্রাপ্ত করান, তাঁহার কৃপাতেই মানুষ স্বর্গলাভ করে অর্থাৎ মোক্ষপ্রাপ্ত হয়। তিনিই মানবের মঙ্গলের জন্য তাহাদিগকে শুদ্ধসত্ত্ব প্রদান করেন। 'সিন্ধোরূর্ম্মা ব্যক্ষরৎ' পদদ্বয়ে এই সত্যকেই নির্দ্দেশ করিতেছে। মানবের শুদ্ধসত্ত্বলাভের একমাত্র উপায়—ভগবান! অন্য কোন উপায়েই মোক্ষলাভের উপায় নাই। যে পথ অবলম্বনই করা যাউক না কেন, সমস্তই অবশেষে গিয়া ভগবানে পৌঁছে। মন্ত্রে এই সত্যই বিবৃত হইয়াছে—ভগবানের মহিমাই কীর্ত্তিত হইয়াছে। (৫অ ২খ—১সূ—৩সা)। *

চতুর্থং সাম।

৩ ১ ২ ৩ ২৩ ২উ ৩ ১২৩ ১২
সুত এতি পবিত্র আ ত্বিষিং দধান ওজসা।
৩ ১ ২ ৩ ১ ২
বিচক্ষাণো বিরোচয়ন্ ॥ ৪ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুতঃ' (অভিষুতঃ, পবিত্রঃ, পবিত্রতাস্বরূপঃ দেবঃ) 'পবিত্রে' (পবিত্রহৃদয়ে সাধকানাং ইতি যাবৎ) 'এতি' (গচ্ছতি); 'বিচক্ষাণঃ' (সর্ব্বংপশ্যন্ সর্ব্বজ্ঞঃ ইত্যর্থঃ) 'বিরোচয়ন্' (দীপয়ন্, জ্যোতির্ম্ময়ঃ ইত্যর্থঃ) সঃ দেবঃ 'ওজসা' (স্বশক্ত্যা) 'ত্বিষিং দধান' (জ্যোতিঃ ধারয়ন্, অস্মভ্যং জ্যোতিঃ প্রযচ্ছন্ ইতি ভাবঃ) 'আ' (আগচ্ছতু, অস্মাকং হৃদি ইতি যাবৎ); নিত্যসত্য-প্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ অয়ং মন্ত্রঃ। জ্যোতিঃস্বরূপঃ ভগবান্ কৃপয়া অস্মাকং হৃদি আগচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৫অ-২খ-১সূ-৪সা)॥

⁂

বঙ্গানুবাদ।

পবিত্রতাস্বরূপ দেব সাধকদিগের পবিত্র হৃদয়ে গমন করেন; সর্ব্বজ্ঞ জ্যোতির্ম্ময় সেই দেবতা স্বশক্তিদ্বারা আমাদিগকে জ্যোতিঃ প্রদান করিয়া

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের উনচত্বারিংশ সূক্তের চতুর্থী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, উনবিশ বর্গের অন্তর্গত)।

আমাদিগের হৃদয়ে আগমন করুন। (মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক এবং প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—জ্যোতিঃস্বরূপ ভগবান্ কৃপা-পূর্ব্বক আমাদিগের হৃদয়ে আগমন করুন ॥ (৫অ—২খ—১সূ—৪সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

'সুতঃ' অভিষুতঃ সন 'পবিত্রে' দশাপবিত্রে 'আ'—ইত্যনর্থকঃ 'ওজসা' বলেন 'শীঘ্রং' 'এতি' গচ্ছতি। কীদৃশঃ সন্? 'ত্বিষিং' দীপ্তিং 'দধানঃ' ধারয়ন্, 'বিচক্ষণঃ' সর্ব্বং পশ্যন্, 'বিরোচয়ন্' দীপয়ংশ্চ ; কিং? দেবানিতি শেষঃ ॥ (৫অ—২খ—১সূ—৪সা) ॥

* * *

চতুর্থ (৯০১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী দুই অংশে বিভক্ত। প্রথম অংশে নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে এবং দ্বিতীয় অংশে আছে—ভগবল্লাভের জন্য প্রার্থনা।

পবিত্রতাস্বরূপ ভগবান্ সাধকের পবিত্রহৃদয়েই অবস্থান করেন। পবিত্রতা, পবিত্রতারই অনুগামী। পবিত্র সাধকহৃদয় পবিত্রতার আধার ভগবানেরই অনুগামী হয়। তাই সহজেই ভক্ত ও ভগবানের মিলন হইয়া থাকে।

সাধকের, ভক্তের, সেই সৌভাগ্য দর্শন করিয়াই যেন মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে,—"হে প্রভো! জ্যোতির্ম্ময় দেবতা, অজ্ঞানতার অন্ধকারে নিমজ্জিত আমরা, আমাদিগকে তোমার দিব্যজ্যোতিঃ দানে কৃতার্থ কর। পবিত্রতাস্বরূপ পরমদেবতা! আমাদিগের মলিন পঙ্কিল হৃদয়কে তুমি তোমার মহিমাবলে পবিত্র উন্নত কর।"

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রটীর সম্পূর্ণ ভিন্ন অর্থ গৃহীত হইয়াছে। নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। সেই বঙ্গানুবাদটী এই,—"অভিযুত সোম দীপ্তি ধারণকরতঃ এবং সমস্ত পদার্থকে দর্শন ও দীপ্ত করতঃ শীঘ্র বেগে দশাপবিত্রে গমন করিতেছেন।" অবশ্য 'সোমকে' এই ব্যাখ্যায় অন্যত্র হইতে আনিতে হইয়াছে। তাই মন্ত্রে সোমের মাহাত্ম্য প্রখ্যাপিত হইয়াছে। সোম যে শুধু নিজে জ্যোতির্ম্ময় তাহা নয়, সোম অন্য পদার্থকেও জ্যোতির্ম্ময় করিয়া থাকেন! অবশ্য কি উপায়ে বা কি ভাবে এই জ্যোতিঃদান কার্য্য সম্ভবপর হয়, তাহা আমাদের দুর্ব্বোধ্য! আমরা মন্ত্রে সোমরসের সন্ধান পাই নাই। আমরা মনে করি মন্ত্রে ভগবানের মহিমা কীর্ত্তনই আছে। এই দৃষ্টিতেই আমরা মন্ত্রার্থ গ্রহণ করিয়াছি॥ (৫অ—২খ—১সূ—৪সা) ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের উনচত্বারিংশত্তম সূক্তের তৃতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, উনত্রিংশ বর্গের অন্তর্গত)।

পঞ্চমং সাম।

৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
আবিবাসন্ পরাবতো অথো অর্ব্বাবতঃ স্তুতঃ।
১ ২ ৩ ১ ২
ইন্দ্রায় সিচ্যতে মধু ॥ ৫ ॥

*

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পরাবতঃ' (দূরস্থান) 'অথঃ' (অপিচ) 'অর্ব্বাবতঃ' (অন্তিকস্থান) সর্ব্বান্ অপি দেবভাবান্ ইত্যভিপ্রায়ঃ, 'আ বিবাসন্' (কাময়মানঃ) 'মধু' (অমৃতস্বরূপঃ) 'সুতঃ' (বিশুদ্ধঃ—সত্ত্বভাবঃ ইতি যাবৎ) 'ইন্দ্রায়' (ইন্দ্রার্থং, ভগবল্লাভায় ইত্যর্থঃ) 'সিচ্যতে' (উৎপাদ্যতে,—সাধকৈঃ তেষাং হৃদি ইতি শেষঃ)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ ভগবৎপ্রাপ্তয়ে তেষাং হৃদি শুদ্ধসত্ত্বং সমুৎপাদয়ন্তি—ইতি ভাবঃ ॥ (৫অ—২খ—১সূ—৫সা)।

* * *

বঙ্গানুবাদ।

দূরস্থিত এবং নিকটস্থিত (অর্থাৎ সকল) দেবভাব কামনাকারী অমৃত-স্বরূপ বিশুদ্ধ সত্ত্বভাব ভগবৎপ্রাপ্তির জন্য সাধকগণ কর্ত্তৃক তাঁহাদিগের হৃদয়ে উৎপাদিত হয়)। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সাধকগণ ভগবৎপ্রাপ্তির জন্য তাঁহাদিগের হৃদয়ে শুদ্ধসত্ত্ব সমুৎপাদিত করেন।)॥ (৫অ—২খ—১সূ—৫সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'সুতঃ' অভিষুতঃ সোমঃ 'পরাবতঃ' দূরনামৈতৎ দূরস্থান 'অথো' অপিচ 'অর্ব্বাবতঃ' অন্তিকস্থাংশ্চ দেবান্ 'আ বিবাসন্' রসেন পরিরক্ষণায়েত্যর্থঃ। 'ইন্দ্রায়' ইন্দ্রার্থং 'মধু' মধুসদৃশঃ সোমঃ 'সিচ্যতে'॥ (৫অ—২খ—১সূ—৫সা)।

* * *

প্রথম (৯০২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রান্তর্গত 'পরাবতঃ' এবং 'অর্ব্বাবতঃ' পদদ্বয়ের সাধারণ অর্থ যথাক্রমে—'যাহারা দূরে আছে' এবং 'যাহারা নিকটে আছে'। 'পরাবতঃ' পদের আরও একটী অর্থ—'স্বর্গস্থ'। এই দিক দিয়া অর্ব্বাবতের অর্থ হয়—যাহা নিকটে অর্থাৎ এই পৃথিবীতে আছে। এই উত্তর

পক্ষে ইহজীবন এবং পরজীবনকেও লক্ষ্য করিতে পারে। অর্থাৎ একত্রে এই উভয়শব্দে 'সমগ্রত্ব' বুঝায়। আমরা বর্ত্তমান মন্ত্রে এই অর্থই গ্রহণ করিয়াছি।

মন্ত্রটী নিত্য-সত্য-প্রখ্যাপক। ভাষ্যাদিতেও মন্ত্রটী এই ভাবেই গৃহীত হইয়াছে বটে, কিন্তু মন্ত্রান্তর্গত পদসমূহের বিভিন্নার্থের জন্য মন্ত্রের মূলার্থের বিকৃতি ঘটিয়াছে। ভাষ্যাদিতে 'সুতঃ' পদকে সোমরসের বিশেষণরূপ গ্রহণ করিয়াছেন, সুতরাং সোমপক্ষেই মন্ত্রের অর্থ করা হইয়াছে। আমরা এই মত গ্রহণ করিতে পারিনা। আমরা মনে করি মন্ত্রে সত্বভাব ও দেবভাবের প্রতি লক্ষ্য আছে। শুদ্ধসত্ত্ব দেবভাবের নিত্যসহচর। তাই যে হৃদয়ে সত্বভাবের সঞ্চার হয়, সেই হৃদয় দেবত্বের অভিমুখে পরিচালিত হয়। তাই সত্বভাব দেবভাবকে "আবিবাসন্" অর্থাৎ কামনা করে বলা হইয়াছে।

দেবভাব ও শুদ্ধসত্ত্বের পূর্ণসংযোগ ঘটিলে মানুষ মোক্ষলাভ করে। তাই মোক্ষপ্রাপ্তির জন্য, ভগবৎপ্রাপ্তির জন্য, সাধকগণ হৃদয়ে শুদ্ধসত্ত্ব উৎপাদন করেন। মন্ত্রে এই সত্যই বিবৃত হইয়াছে। (৫অ - ২খ ১সূ—৫সা)।*

ষষ্ঠং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
সমীচীনা অনূষত হরিং হিন্বন্ত্যদ্রিভিঃ।
২ ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দুমিন্দ্রায় পীতয়ে ॥ ৬ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সমীচীনাঃ' (প্রাজ্ঞাঃ জনাঃ, জ্ঞানিনঃ) 'হরিং' (পাপহারকং দেবং) 'অনূষত' (স্তুবন্তি, আরাধয়ন্তি); 'অদ্রিভিঃ' (পাষাণৈঃ, পাষাণকঠোরেণ সাধনেন ইত্যর্থঃ) উৎপন্নং ইতি যাবৎ, 'ইন্দুং' (শুদ্ধসত্বং) 'ইন্দ্রায় পীতয়ে' (ইন্দ্রস্য পানায়, ভগবতঃ গ্রহণায় ইতি ভাবঃ) তে সাধকাঃ 'হিন্বন্তি' (প্রেরয়ন্তি)। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ ভগবল্লাভায় কঠোরসাধনেন হৃদি শুদ্ধসত্বং উৎপাদয়ন্তি—ইতি ভাবঃ॥ (৫অ - ২খ—১সূ—৬সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের, উনচত্বারিংশ সূক্তের পঞ্চমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, উনত্রিংশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

জ্ঞানীব্যক্তিগণ পাপহারক দেবতাকে আরাধনা করেন; পাষাণ কঠোর সাধনের দ্বারা উৎপন্ন শুদ্ধসত্ত্বকে ভগবানের গ্রহণের জন্য প্রেরণ করেন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক প্রার্থনার ভাব এই যে, সাধকগণ ভগবৎ-প্রাপ্তির জন্য কঠোরসাধনের দ্বারা হৃদয়ে শুদ্ধসত্ত্ব উৎপাদন করেন। (৫অ—২খ—১সূ—৬সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'সমীচীনাঃ' সম্যগঞ্চিতাঃ সঙ্গতাঃ স্তোতারঃ 'অনূষত' স্তুবন্তি কিঞ্চ সোমং 'হরিং' 'হরিতবর্ণং' 'হিন্বন্তি' প্রেরয়ন্তি গময়ন্তি 'অদ্রিভিঃ' গ্রাবভিঃ। কিমর্থং হিন্বন্তি? 'ইন্দুং' সোমং 'ইন্দ্রায়' ইন্দ্রস্য 'পীতয়ে' পানায়। (৫অ-২খ-১সূ-৬সা)॥

* * *

ষষ্ঠ (৯০৩) সামের মর্ম্মার্থ।

——§ : • : §——

মন্ত্রান্তর্গত 'সমীচীনাঃ' পদে ভাষ্যকার এবং ভাষ্যানুসারী ব্যাখ্যাকারগণ 'সম্যক মিলিত স্তোতা' অর্থ গ্রহণ করিয়াছেন। এই ব্যাখ্যায় মন্ত্রার্থের মূলভাবের কোন ব্যত্যয় না ঘটিলেও আমরা তাহা গ্রহণ করা সঙ্গত মনে করি নাই। 'সমীচীনাঃ' পদে সাধককে, জ্ঞানীকে, লক্ষ্য করে সত্য, কিন্তু তাহার সঙ্গে 'সম্যকমিলিত' বিশেষণ প্রয়োগ করিবার কোন প্রয়োজন দেখি না। শুধু তাই নয়। এই মন্ত্রের ব্যাখ্যা প্রসঙ্গে প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের যথেষ্ট অনৈক্য ঘটিয়াছে। উদাহরণস্বরূপ নিম্নে একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। বঙ্গানুবাদটী এই,—"সম্যক মিলিত স্তোতাসকল স্তব করিতেছেন, হরিৎবর্ণ সোমকে প্রস্তর সাহায্যে ইন্দ্রের পানের জন্য প্রেরণ করিতেছেন।" 'হরিং' পদে 'পাপহারকং' অর্থই সঙ্গত, তাহা আমরা ইতিপূর্ব্বে বহুবার আলোচনা করিয়াছি। ভাষ্যকারও অনেকস্থলে ঐ অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু বর্ত্তমান মন্ত্রে উক্ত পদে 'হরিৎবর্ণং' অর্থ গ্রহণ করিয়া তাহার বিশেষ্যস্বরূপ 'সোমং' পদ অধ্যাহার করিয়াছেন। 'অদ্রি' শব্দে কি ভাব উপলব্ধ হয়, তাহাও আমরা অনেকবার আলোচনা করিয়াছি—বর্ত্তমান স্থলেও এই অর্থের কোন ব্যতিক্রম দেখি না। অন্যান্য পদের ব্যাখ্যা সম্বন্ধে ভাষ্যাদির সহিত কোন অনৈক্য ঘটে নাই। (৫অ—২খ ১সূ—৬সা)। •

• এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের উনচত্বারিংশত্তম সূক্তের ষষ্ঠী ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, উনত্রিংশ বর্গের অন্তর্গত)।

প্রথমং সাম।

৩ ২ ৩ ২৩ ১ ২ ১ ১ ২ ৩ ২৩ ১ ২
হিন্বন্তি সূরমুস্রয়ঃ স্বসারো জাময়স্পতিম্।
৩ ১ ২র ৩ ১ ২
মহামিন্দুং মহীয়ুবঃ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সূরং' (সুবীর্য্যং, শোভনবীর্য্যোপেতং, পরমশক্তিসম্পন্নং) 'পতিং' (জগৎপতিং দেবং ইতি ভাবঃ) 'মহীয়ুবঃ' (কাময়মানাঃ) 'জাময়ঃ' (পরস্পরং বন্ধুভূতাঃ) 'স্বসারঃ, (ভগিন্যঃ ভগিনীস্বরূপাঃ) 'উস্রয়ঃ' (জ্ঞানকিরণাঃ) 'মহাং' (মহান্তং) 'ইন্দুং' (শুদ্ধসত্ত্বং) 'হিন্বন্তি' (প্রেরয়ন্তি, উৎপাদয়ন্তি ইত্যর্থঃ); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। মোক্ষপ্রাপকং পরাজ্ঞানং সাধকানাং হৃদি শুদ্ধসত্ত্বং উৎপাদয়তি—ইতি ভাবঃ। (৫অ - ২খ - ২সূ - ১সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরমশক্তিসম্পন্ন জগৎপতি দেবতাকে কামনাকারী পরস্পর বন্ধুভূত ভগিনীস্বরূপ জ্ঞানকিরণসমূহ মহান্ শুদ্ধসত্ত্বকে উৎপাদন করেন। (মন্ত্রটী নিত্যসত্য-মূলক। ভাব এই যে,—মোক্ষপ্রাপক পরাজ্ঞান সাধকদিগের হৃদয়ে শুদ্ধসত্ত্ব উৎপাদন করেন।) । (৫অ—২খ—২সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'উস্রয়ঃ' কর্ম্মার্থং নিবসন্ত্যঃ সর্ব্বত্র গন্ত্র্য ইত্যর্থঃ, 'জাময়ঃ' একস্মাৎ পাণেঃ উৎপন্নত্বাৎ পরস্পরং বন্ধুভূতাঃ। 'স্বসারঃ' (অঙ্গুলি-নামৈতৎ নিঘ০ ২।৫।১৩. সুষ্ঠু কর্ম্মসু প্রের্যন্তে ঋত্বিগ্‌ভিরিতি স্বসারঃ) অঙ্গুলয়ঃ 'মহীয়ুবঃ' সোমাভিষবং কাময়মানাঃ সন্তঃ 'সূরং' সুবীর্য্যং (সোমে পীতে বীর্য্যং ভবতীতি; শোভনং বীর্য্যং কারণং বা, সর্ব্বেষাং কর্ম্মণি প্রেরকং বা, তাদৃশং) 'পতিং' সর্ব্বস্য স্থাবর-জঙ্গম-জাতস্য স্বামিনং, যস্মাদ্ দেবার্থং জাতে-অতএব 'মহাং' দেবেভ্যঃ দীয়মানত্বেন মহান্তং মহনীয়ং বা 'ইন্দুং' গ্রহেষু স্যন্দমানং সোমং 'হিন্বন্তি' প্রেরয়ন্তি হিনু প্রীতি-গত্যোঃ (স্বা০ প০)—ইতি পারোক্ষ্যেণ রূপং স্বাদি ॥ (৫অ - ২খ—২সূ - ১সা) ॥

* * *

প্রথম (৯০৪) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটীর নানাবিধ ব্যাখ্যা প্রচলিত আছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। সেই অনুবাদটী এই,—"অঙ্গুলিগুলি যেন কয় ভগিনী, যেন তাঁহারা পরস্পর স্বসম্পর্কীয় কয়েকটী স্ত্রীলোক, সোম যেন তাঁহাদিগের স্বামী। এই কয়েকটী স্ত্রীলোক অতিশয় কার্য্যকুশল, ইহারা তাহাদিগের বলশালী মাননীয় স্বামীকে চালাইতেছে, ইহাদিগের বাসনা এই যে, সোম রস ক্ষরিত হয়।" গায়ত্রীচ্ছন্দে গ্রথিত এই মন্ত্রটীর এত বড় লম্বা অনুবাদ হইয়াছে! ভাষ্যকারও 'স্বসারঃ' 'জাময়ঃ' প্রভৃতি পদের ব্যাখ্যায় অনেক গবেষণা করিয়াছেন। বিবরণকার অন্য এক ব্যাখ্যা প্রদান করিয়াছেন, নিম্নে তাহার কিয়দংশ উদ্ধৃত হইল। হিন্বন্তি সূরং উস্রয়ঃ=প্রেরয়ন্তি সূর্য্যং আদিত্যরশ্ময়ঃ; স্বসারঃ জাময়ঃ পতিং=স্বসারঃ ভগিন্যঃ জাময়ঃ আদিত্যরশ্ময়ঃ; মহামিন্দুন্মহীয়ুবঃ=মহিমানমিচ্ছন্ত্যঃ সোমরশ্ময়ঃ উদকানি বা।" ভাষ্যকারও একটী ব্যাখ্যা দিয়াছেন। আমরা মনে করি 'স্বসারঃ' পদের সাধারণ 'ভগিন্যঃ' অর্থই এখানে সঙ্গত। 'জাময়ঃ' পদে ভাষ্যানুসরণেই 'বন্ধুভূতাঃ' অর্থ নিষ্পন্ন হয়। 'উস্রয়ঃ' পদে জ্ঞানকিরণকে লক্ষ্য করে, । বিবরণকার কতকটা এই ভাবই গ্রহণ করিয়াছেন বলিয়া মনে করা যাইতে পারে। তবে তিনি জ্ঞানরশ্মি স্থলে আদিত্যরশ্মি অর্থ গ্রহণ করিয়াছেন।

উপরোক্ত বাঙ্গালা অনুবাদের একটী টিপ্পনী আছে। তাহাও নিম্নে উদ্ধৃত হইল। "এই উপমাটী ঋগ্বেদের অনেকস্থলে ব্যবহার হইয়াছে, কার্য্যপটু অঙ্গুলিগুলিকে অগ্নি বা ইন্দ্র, বা সোমদেবের স্ত্রী বলিয়া বর্ণনা করিতে ঋষিগণ ভালবাসিতেন। এইরূপ উপমা হইতে অনুমান করা যায় যে, তৎকালে ধনাঢ্য বা রাজাগণের বহুদার-পরিগ্রহ করিবার রীতি ছিল।" বৈদিক গবেষণার একটা নমুনা প্রদর্শন করিবার জন্যই এই টিপ্পনীটী উদ্ধৃত হইল। আমাদের বক্তব্য মর্ম্মানুসারিণী ব্যাখ্যাও বঙ্গানুবাদেই বিবৃত হইয়াছে॥ (৫অ-২খ—২সূ—১সা)॥ *

দ্বিতীয়ং সাম।

১ ২　　৩ ২ ২ ৩　　৩ ১　　৩ ১ ২　　৩ ২
পবমান রুচারুচা দেব দেবেভ্যঃ সুতঃ।
২ ৩　　২ ২ ১　　২
বিশ্বা বসূন্যা বিশ॥ ২॥

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টিতম সূক্তের প্রথমা ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পবমান' (পূয়মান, পবিত্রকারক) 'দেব' (দীপ্যমান, জ্যোতির্ম্ময় হে দেব) 'সুতঃ' (বিশুদ্ধঃ) ত্বং 'দেবেভ্যঃ' (দেবার্থং, দেবভাবপ্রাপ্তয়ে যদ্বা ভগবৎপ্রাপ্তয়ে) 'রুচারুচা' (সর্ব্বেণ তেজসা, দিব্যজ্যোতিসা সহ ইত্যর্থঃ) অস্মভ্যং 'বিশ্বা' (বিশ্বানি, সর্ব্বাণি) 'বসূনি' (ধনানি, পরমধনং ইত্যর্থঃ) 'আ বিশ' (প্রাপয়, প্রযচ্ছ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন! ত্বং কৃপয়া অস্মভ্যং পরমধনং প্রযচ্ছ—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৫অ-২খ-২সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রকারক জ্যোতির্ম্ময় হে দেব! বিশুদ্ধ আপনি দেবভাবপ্রাপ্তির (অথবা ভগবৎপ্রাপ্তির) জন্য দিব্যজ্যোতির সহিত আমাদিগকে সকল পরমধন প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আপনি কৃপাপূর্ব্বক আমাদিগকে পরমধন প্রদান করুন।)॥ (৫অ—২খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'পবমান' দশাপবিত্রেণ পূয়মান! যদ্বা পুনান শুদ্ধ! সোম! 'রুচারুচা' রুচ দীপ্তৌ (ভ্বা০ আ০) সর্ব্বেণ তেজসা হে 'দেব' দীপ্যমান! 'দেবেভ্যঃ' দেবার্থং 'সুতঃ' অভিষুতঃ ত্বং 'বিশ্বা' ব্যাপ্তানি সর্ব্বাণি বহূনি 'বসূনি' ধনানি 'আ বিশ' অস্মাৎ প্রাপয়। যদ্বা সর্ব্বাণি 'বসূনি' বাসস্থানানি গ্রহাদীনি 'আ বিশ' সমন্তাৎ প্রবিশ। 'দেবেভ্যঃসুতঃ'—'দেবেভ্যস্পরি'—ইতি পাঠৌ। (৫অ ২খ-২সূ-২সা)।

* * *

দ্বিতীয় (৯০৫) সামের মর্ম্মার্থ।

ভগবানই জ্যোতিঃ ও পরমধনের উৎস। তাঁহার নিকট হইতেই মানুষ আপনার সর্ব্ববিধ আকাঙ্ক্ষণীয় ধন প্রাপ্ত হয়। তিনি বাঞ্ছাকল্পতরু। তাই মানুষ তাঁহার চরণতলে আপনার সকল বাসনা কামনা নিবেদন করে। মন্ত্রে তাই ভগবানের নিকট পরমধনের জন্য প্রার্থনা নিবেদন করা হইয়াছে।

এই মন্ত্রের যে প্রচলিত ব্যাখ্যাদি আছে, তাহাতে নানাবিধ বিভিন্ন ভাব পরিগৃহীত হইয়াছে। ভাষ্যকার প্রার্থনামূলক ভাব গ্রহণ করিয়াছেন। কিন্তু ব্যাখ্যাতে 'সোম' শব্দ অধ্যাহার করায় মূলার্থের ব্যত্যয় ঘটিয়াছে। আবার অন্য একখানা অনুবাদে কি ভাব গ্রহণ করা হইয়াছে দেখা যাউক। সেই অনুবাদটী এই,—"হে সোম! তুমি উজ্জ্বলভাবে

ক্ষরিত হও, তুমি ঔজ্জ্বল্যগুণে সকল দেবতার শ্রেষ্ঠ। সর্ব্বপ্রকার ধন-সম্পত্তি আহরণ করিয়া দাও।" এই ব্যাখ্যার মধ্যে নিত্যসত্য ও প্রার্থনা এই উভয় ভাবই গৃহীত হইয়াছে। কিন্তু নিত্যসত্যমূলক অংশ মূলমন্ত্রের ভাবের সহিত সামঞ্জস্য বিধান করে বলিয়া আমরা মনে করি না। প্রত্যেক পদের ব্যাখ্যার জন্য আমাদিগের মর্ম্মানুসারিণী ব্যাখ্যা দ্রষ্টব্য। (৫অ—২খ—২সূ—২সা)।

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩২ ৩ ২ ৩ ১ ২
আ পবমান সুষ্টুতিং বৃষ্টিং দেবেভ্যো দুবঃ।
৩ ১ ২ ৩ ১২
ইষে পবস্ব সংযতম্ ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পবমান' (পবিত্রকারক হে দেব!) 'দেবেভ্যঃ' (দেবার্থং, দেবভাবপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'সুষ্টুতিং' (শোভনস্তুতিযুক্তাং) 'বৃষ্টিং' (ধারাং, প্রবাহং জ্ঞানপ্রবাহং ইতি ভাবঃ) 'আ পবস্ব' (প্রক্ষর, অস্মভ্যং প্রযচ্ছ); হে দেব! 'ইষে' (সিদ্ধিলাভায়) 'দুবঃ' (পরিচরণং, ভগবৎসেবনং, তৎশক্তিং ইত্যর্থঃ) অস্মাভিঃ সহ 'সংযতং' (সম্মিলিতং কুরু—ইতি শেষঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং পরাজ্ঞানং তথা ভগবৎসেবায়াঃ শক্তিং লভেম ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ ২খ—২সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রকারক হে দেব! দেবভাবপ্রাপ্তির জন্য শোভনস্তুতিযুক্ত জ্ঞানপ্রবাহ আমাদিগকে প্রদান করুন; হে দেব! সিদ্ধিপ্রাপ্তির জন্য ভগবৎসেবন অর্থাৎ সেই শক্তি আমাদিগের সহিত সম্মিলিত করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরাজ্ঞান ও ভগবৎসেবার শক্তি লাভ করি।)। (৫অ—২খ—২সূ—৩সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্টীতম সূক্তের দ্বিতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং

হে 'পবমান' পূয়মান! পুনান! বা সোম! 'সুষ্টুতিং' শোভনস্তুতি-যুক্তাং 'বৃষ্টিং' 'দেবেভ্যঃ' দেবানাং 'দুবঃ' সুপাং-সুলুক্ (৭।১।৩৯) ইতি চতুর্থ্যা লুক্। দুবসে পরিচরণায় 'আ পবস্ব' আগময় ত্বং যথা মদীয়য়া স্তুত্যা বৃষ্টির্ভবতি তথা কুর্ব্বিত্যর্থঃ। কিঞ্চ অস্মাকং 'ইষে' অন্নার্থঞ্চ 'সংযতং' সমাগম্মান সঙ্গচ্ছতীতি বৃষ্টিং কুরু, যদ্বা 'দুবঃ' পরিচর্য্যামভিলক্ষ্য ক্রিয়মাণাং 'সুষ্টুতিং' শোভন-স্তুতিরূপাং বৃষ্টিং বহুশঃ স্তুতিমিত্যর্থঃ এতাং দেবেভ্যঃ প্রাপয় । ৩।

ইতি পঞ্চমস্যাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ।

* * *

তৃতীয় (৯০৬) সামের মর্ম্মার্থ

মন্ত্রটী দুই অংশে বিভক্ত। উভয় অংশই প্রার্থনামূলক। মন্ত্রের প্রথম অংশে পরাজ্ঞান-লাভ করিবার জন্য এবং অপর অংশে ভগবৎসেবার অধিকার প্রাপ্তির জন্য প্রার্থনা করা হইয়াছে।

ভগবৎসেবার অধিকার প্রাপ্তি বড় সহজ কথা নয়। মানুষের অন্তরে স্বতঃ ভগবৎ-পূজার আকাঙ্ক্ষা রহিয়াছে, অথবা স্বভাবতঃই তাহা বর্ত্তমান থাকে। কিন্তু চারিদিকের নানাবিধ বাধাবিঘ্নের মধ্যে পড়িয়া মানুষ আপনার অভীষ্ট পথে চলিতে পারে না। ভগবানের বিশেষ কৃপা লাভ না করিলে তাহাকে স্রোতের তৃণের মতই ভাসিয়া যাইতে হয়। কিন্তু যিনি ভাগ্যবলে অথবা ভগবানেরই কৃপায় ভগবৎচরণে আত্মসমর্পণ করিতে পারেন, তিনিই আপনার অভীষ্ট পথে চলিতে সমর্থ হন। ভগবদারাধনার অধিকার লাভ সকলের ভাগ্যে ঘটে না। তাই সেই মহৎ অধিকার পাইবার জন্যই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে,—"আমাকে তোমার চরণসেবার অধিকার দাও। তুমি যদি নিজে ধরা না দেও, তবে আমার কি সাধ্য যে, তোমাকে ধরিতে পারি? তুমি নিজেই তোমাকে জানিবার উপায় বিধান করিয়া দাও" মানব ভগবানের চরণে এবম্বিধ প্রার্থনা নিত্যকালই জ্ঞাপন করিয়া আসিতেছে। বর্ত্তমান মন্ত্রের মধ্যে মানব-হৃদয়ের এই চিরন্তন প্রার্থনাই দেখিতে পাওয়া যায়। (৫অ—২খ—২সূ—৩সা)। *

দ্বিতীয় সূক্তের গেয়-গান।

২র র ২ ১২ ২ ১২র ১ ২
১। হিম্বাহুম্। তা ৩ মিহ্। রা ৩ মূস্রা ৩ য়াঃ। স্বলারঃ। আয়া ২ ৩ য়াঃ।

১ ২ ২ ১ র ৫ ১ ৩২ন৩
হুম্মাঁরি। পা ৩ তা ৩ য়িদ্। মা ২ ৩ ৪ হা৬ হায়ি। ও। হুবারি। ঈ ২ ৩ ৪।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চষষ্ঠীতম সূক্তের দ্বিতীয় ঋক্ (সপ্তম অষ্টক, দ্বিতীয় অধ্যায়, প্রথম বর্গের অন্তর্গত)।

৫ ১ ২ ২ ১ ৫র ৫
ন্দুস্। হুম্মায়ি। মা ৩ হী ৩। মূ ২ ৩ ৪ ন্দুঃ। এহিয়া ৬ হা॥ (১)

২র র ১ ১২ ২ ১র১ র ১ ২ ১
পবাহ্নমমা ৩ না। রু ৩ চারু ৩ চা। দেবদে। বায়িভা ২ ৩ য়াঃ। হুম্মায়ি।

২ ২ ১ র ৫ ১ ৩২ন ৩ ৫ ১
স্ ৩ তা ৩ঃ। বা ২ ৩ য়িশ্বাহায়ি। ও। হুবায়ি। বা ২ ৩ ৪ স্। হুম্মা।

২ ২ ১ ৫র ৫ ২র রর
নী ৩ য়া ৩। বা ২ ৩ ৪ য়িশা। এহিয়া ৬ হা॥ (২) আপাহ্নম। বা ৩

২ ১২ ২ ১২ র ১ ২ ১ ২
মা। না ৩ সুষ্টু ৩ তীম। বৃষ্টিন্দে। বায়িভা ২ ৩ য়াঃ। হুম্মায়ি। দৃ ৩

২ ১ র ৫ ১ ৩২ন ৩ ৫ ১
বা ৩ঃ। আ ২ ৩ ৪ য়িবেহায়। ও। হুবায়ি। পা ২ ৩ ৪ বা। হুম্মা।

২ ২ ১ ৫র ৫ ৪
স্থা ৩ দা ৩ ম। যা ২ ৩ ৪ ভাম্। এহিয়া ৬ হা। হো ৫ ঈ। ডা (৩)॥

১রর ১ ২ ৪ ২ ৩৫ ২ র র ৪
২। ঔহোয়িহবা ৩ হোয়ি। ভিমস্ত্রিষ্ ৩ রা ৩ যুগ্রয়ঃ। সমারোক্ষা ৩ মা ৩

২ ৩ ৫ ৩২৩ ৫ ২১র২ ১ ২ ৪
য়ম্পতিম। মহামা ২ ৩ ৪ য়িন্দ্রম্। মহীযুবঃ। ইডা ২ ৩। (১) পবমানা ৩

৪ ৩র৩৫র ১র ৪ ৩ ৩৫ র ২ন৩ ৫ ২১র২
রু ৩ চারুচা। দেবদে ৩ বে ৩ ভ্যঃস্মৃতঃ। বিশাবা ২ ৩ ৪ স্। নিয়াবিশ।

১ ২র ৪ ২ ৩ ৫ ২ ৪ ২র ৩৫
ইডা ২ ৩॥ (২) আপবমা ৩ না ৩ সুষ্টুতিম। বৃষ্টিন্দে ৩ বে ৩ ভ্যোঃজুবঃ।

২র র ১ ১ ৩২র ৩ ৫ ২১ ২ ১
ঔহোয়িহবা ৬ হোয়ি। ইষায়িপা ২ ৩ ৪ বা। স্বপুংযন্তম্। ইড়া ২ ৩

২ন ৪ ৫ র১
ভা ৩। এহীডা। হো ৫ ঈ। ডা (৩)॥ ১।২।৩॥ ০

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। উহাদের নাম, "বিশ্বোবিশীয়ম্" এবং "ঐড়ানাংদেংজ্ঞারম্।"

তৃতীয় খণ্ডঃ।

প্রথমং সাম।

১ ২   ৩ ১   ২   ৩   ১ ২
জনস্য গোপা অজনিষ্ট জাগৃবিঃ
৩ ২   ৩ ১ ২   ৩ ২ ৩   ১ ২
অগ্নিঃ সুদক্ষঃ সুবিতায় নব্যসে।
৩ ১ ২   ৩ ১   ২ ৩ ১ ২
ঘৃতপ্রতীকো বৃহতা দিবিস্পৃশা
৩ ১র   ২র   ৩ ২ ৩   ১ ২
দ্যুমদ্বি ভাতি ভরতেভ্যঃ শুচিঃ ॥ ১ ॥

⁂

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'জনস্য' (লোকস্য, বিশ্বস্য ইত্যর্থঃ) 'গোপা' (রক্ষিতা, রক্ষকঃ) 'জাগৃবিঃ' (জাগরণশীলঃ, চিরপ্রবুদ্ধঃ) 'সুদক্ষঃ' (শোভনবলঃ পরমশক্তিসম্পন্নঃ) 'অগ্নিঃ' (জ্ঞানদেবঃ) 'নব্যসে' (নবতরায়, চিরনবীনায়, নিত্যায় ইত্যর্থঃ) 'সুবিতায়' (কল্যাণায়) 'অজনিষ্টঃ' (জাতঃ, জগতি প্রাদুর্ভূতঃ ভবতি ইত্যর্থঃ); 'ঘৃতপ্রতীকঃ' (অমৃতপ্রতীকঃ, অমৃতস্বরূপঃ) 'শুচিঃ' (পবিত্রঃ, পবিত্রকারকঃ ইতি ভাবঃ) 'দ্যুমৎ' (দীপ্তিমান, জ্যোতির্ম্ময়ঃ) সঃ দেবঃ 'ভরতেভ্যঃ' (ঋত্বিগ্ভ্যঃ, সাধকেভ্যঃ, তেষাং মঙ্গলবিধানায় ইতি ভাবঃ) 'বৃহতা' (মহতা) 'দিবিস্পৃশা' (দ্যুলোকং প্রাপ্নুবতা, মোক্ষপ্রাপকেন জ্যোতিষা, ইতি যাবৎ) তেষাং হৃদি 'বিভাতি' (বিশেষেণ প্রকাশয়তি, আবির্ভবতি) নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ পরমকল্যাণদায়কং মোক্ষপ্রাপকং পরাজ্ঞানং লভন্তে ইতি ভাবঃ॥ (৫অ ৩খ—১সূ—১সা)॥

⁂

বঙ্গানুবাদ।

বিশ্বের রক্ষক, চিরপ্রবুদ্ধ পরমশক্তিসম্পন্ন জ্ঞানদেব নিত্যকল্যাণের জন্য জগতে প্রাদুর্ভূত হয়েন; অমৃতস্বরূপ পবিত্রকারক জ্যোতির্ম্ময় সেই দেবতা সাধকদিগের মঙ্গলবিধানের জন্য মহৎ মোক্ষপ্রাপক জ্যোতিঃর সহিত তাঁহাদিগের হৃদয়ে আবির্ভূত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্য-

প্রখ্যাপক। ভাব এই যে,—সাধকগণ পরমকল্যাণদায়ক পরাজ্ঞান লাভ করেন।)॥ (৫অ—৩খ—১সূ—১সা।)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'জনস্য' 'গোপাঃ' গোপয়িতা রক্ষিতা 'জাগৃবিঃ' জাগরণশীলঃ সদা প্রবুদ্ধঃ, 'সুদক্ষঃ' সুবলঃ সর্ব্বৈঃ শ্লাঘনীয়বলঃ, সঃ 'অগ্নিঃ' 'নব্যসে' নবতরায় 'সুবিতায়' লোকানাং কল্যাণায় 'অজনিষ্ট' জাতঃ। ততঃ 'ঘৃত-প্রতীকঃ' ঘৃতেন প্রজ্জ্বলিতাঙ্গঃ, 'বৃহতা' মহতা 'দিবিস্পৃশা' দ্যুলোকং-প্রাপ্নুবতা তেজসা যুক্তঃ, 'শুচিঃ' শুদ্ধঃ, এবম্বিধোঽগ্নিঃ 'ভরতেভ্যঃ' ঋত্বিগ্‌ভ্যঃ তদর্থং 'দ্যুমৎ' দীপ্তিমৎ যথা ভবতি তথা 'ভাতি' প্রকাশতে॥ (৫অ - ৩খ - ১সূ - ১সা.)॥

* * *

প্রথম (৯০৭) সামের মর্ম্মার্থ।

§ ※ §

মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। জ্ঞানের—পরাজ্ঞানের মহিমা কীর্ত্তনই এই মন্ত্রের উদ্দেশ্য। মন্ত্রান্তর্গত 'অগ্নিঃ' পদের কয়েকটী বিশেষণের প্রতি লক্ষ্য করিলেই উক্তপদে কোন বস্তুকে লক্ষ্য করে তাহা উপলব্ধ হইবে।

প্রথম বিশেষণ 'জনস্য গোপাঃ'—অর্থাৎ বিশ্বের রক্ষক। জ্ঞান-বলেই সৃষ্টি-স্থিতি, সত্ত্বপর হয়, অজ্ঞানতাতে ধ্বংস। জ্ঞানই জগৎকে ধ্বংস হইতে রক্ষা করিতে সমর্থ। জ্ঞান-বলেই ভগবান জগৎকে রক্ষা করিতেছেন, অথবা জ্ঞানস্বরূপ তাঁহাতেই জগৎ বিধৃত আছে। 'জাগৃবিঃ' পদে জ্ঞানের স্বরূপ প্রকাশিত হইয়াছে জ্ঞান চিরপ্রবুদ্ধ অর্থাৎ চিরজাগরণশীলতাই জ্ঞানের ধর্ম্ম। জ্ঞান যেখানে বর্ত্তমান, সেখানে অলসতা মোহ প্রভৃতি আসিতে পারে না। তাই জ্ঞান চিরজাগরণশীল।

'সুদক্ষঃ' এবং 'ঘৃতপ্রতীকঃ' পদদ্বয় জ্ঞানের স্বরূপ প্রকটিত করিতেছে। জ্ঞানই প্রকৃত শক্তি, জ্ঞানই অমৃত। জ্ঞানের কল্যাণেই মানুষ অমৃতত্ব লাভ করে। 'দিবিস্পৃশা' পদ জ্ঞানের মোক্ষপ্রাপিকা শক্তিই পরিব্যক্ত করিতেছে। সেই জ্ঞান জগতের হিতের জন্যই পৃথিবীতে আবির্ভূত হয়েন। বিশেষতঃ সাধকের হৃদয়ের মধ্য দিয়াই ভগবানের জ্ঞানশক্তি বিশ্বমঙ্গল সাধিত করে। সাধকগণ তাঁহাদের পরমমঙ্গল সাধনের জন্য এই মোক্ষপ্রাপক জ্ঞান হৃদয়ে সঞ্চয় করে। অথবা ভগবান্ কৃপাপূর্ব্বক সাধকের হৃদয়ে পরাজ্ঞান প্রদান করেন। (৫অ—৩খ—১সূ—১সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার পঞ্চম মণ্ডলের একাদশ সূক্তের প্রথমা ঋক্, (চতুর্থ অষ্টক, প্রথম অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত.)।

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র
ত্বামগ্নে অঙ্গিরসো গুহাহিতং
২র ৩ ১ ২র
অন্ববিন্দং শিশ্রিয়াণং বনেবনে।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র
স জায়সে মথ্যমানঃ সহো মহৎ
২র ৩ ১২ ৩ ১ ২
ত্বামাহুঃ সহসস্পুত্রমঙ্গিরঃ॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অগ্নে' (হে জ্ঞানদেব) 'বনেবনে' (বননীয়েষু, সর্ব্বেষু জ্যোতিঃষু) 'শিশ্রিয়াণং' (আশ্রিতং) সর্ব্বেষাং জ্যোতিষাং আশ্রয়ভূতং ইত্যর্থঃ, 'গুহাহিতং' (গুহায়াং নিহিতং, নিগূঢ়ং ভগবতি বর্ত্তমানং ইত্যর্থঃ।) 'ত্বাং' 'অঙ্গিরসঃ' (জ্ঞানিনঃ) 'অন্ববিন্দং' (লভন্তে); 'সঃ' (সঃ প্রসিদ্ধঃ ত্বং) 'মহ' (মহতা) 'সহো' (সহসা, শক্ত্যা, সাধনশক্ত্যা ইতি ভাবঃ) 'মথ্যমানঃ' (আকৃষ্যমাণঃ সন) 'জায়সে' (উৎপন্নঃ ভবসি, সাধকানাং হৃদি আবির্ভবসি); 'অঙ্গিরঃ' (পরমজ্ঞানস্বরূপ হে দেব!) সাধকাঃ 'ত্বাং' 'সহসস্পুত্রং' (শক্তিপুত্রং, শক্ত্যুৎপন্নং ইত্যর্থঃ) 'আহুঃ' (বদন্তি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ ভগবতঃ শক্তিস্বরূপং জগতঃ সর্ব্ববিধজ্যোতিষাং মূলকারণং পরাজ্ঞানং লভন্তে—ইতি ভাবঃ। (৫অ—২খ—১সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে জ্ঞানদেব! সকল জ্যোতিঃতে আশ্রিত অর্থাৎ সকল জ্যোতির আশ্রয়ভূত, নিগূঢ়, ভগবানে বর্ত্তমান, আপনাকে জ্ঞানিগণ লাভ করেন; প্রসিদ্ধ আপনি মহতী সাধনশক্তি দ্বারা আকৃষ্ট হইয়া সাধকদিগের হৃদয়ে আবির্ভূত হয়েন। পরমজ্ঞানস্বরূপ হে দেব! সাধকগণ আপনাকে শক্তিপুত্র অর্থাৎ শক্তি হইতে উৎপন্ন বলিয়া থাকেন। (মন্ত্রটী নিত্যসত্য-

মূলক। ভাব এই যে,—ভগবানের শক্তিস্বরূপ জগতের সর্ব্ববিধ জ্যোতির মূলকারণ পরাজ্ঞানকে লাভ করেন।)। (৫অ—৩খ—,সূ·—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'অগ্নে'! 'অঙ্গিরসঃ' এতন্নামকা ঋষয়ঃ 'গুহা' গুহায়াং 'হিতং' নিহিতং নিগূঢ়ং 'বনেবনে' বৃক্ষে 'শিশ্রিয়াণং' আশ্রিতং 'ত্বাং' 'অন্ববিন্দন' অলভন্ত। 'মহৎ' মহতা 'সহঃ' সহসা বলেন যুক্তঃ 'সঃ' ত্বং 'মথ্যমানঃ' 'জায়সে' হে 'অঙ্গিরঃ' অঙ্গিরসাং প্রকৃতিভূত ত্বাং 'সহসস্পুত্রং' আহুঃ। (৫অ—৩খ—১৭—২সা) ॥

* * *

দ্বিতীয় (৯০৮) সামের মর্ম্মার্থ।

*

এই মন্ত্রটীর একটী প্রচলিত বঙ্গানুবাদ নিম্নে উদ্ধৃত হইল। বঙ্গানুবাদটী এই,—"হে অগ্নি! তুমি গুহা মধ্যে নিগূঢ় হইয়া এবং বনে আশ্রয় গ্রহণ করিয়া অবস্থান করিতেছিলে, অঙ্গিরাগণ তোমাকে আবিষ্কৃত করিয়াছেন; হে অঙ্গিরা! তুমি বিশেষ বলের সহিত মথিত হইয়া উৎপন্ন হও বলিয়া লোকে বলের পুত্র কহে।"

মন্ত্রে 'অঙ্গিরসঃ' এবং 'অঙ্গিরঃ' এই দুইটী পদ আছে। ভাষ্যে ও প্রচলিত ব্যাখ্যাদিতে এই শব্দদ্বয়ের বিভিন্ন ভাবদ্যোতক ব্যাখ্যা দেখা যায়। 'অঙ্গিরসঃ' পদে জ্ঞানীদিগকে লক্ষ্য করে—তাহা পূর্ব্বে বহুত্র আমরা উল্লেখ করিয়াছি। বর্ত্তমান মন্ত্রেও আমরা এই অর্থেই সঙ্গতি লক্ষ্য করি। উক্ত মন্ত্রটী শুক্ল-যজুর্ব্বেদেও পাওয়া যায়। তথায় মহীধরকৃত ভাষ্যের সহিতও প্রচলিত ব্যাখ্যাদির ঐক্য নাই। তবে সকল প্রচলিত ব্যাখ্যা হইতেই একটা ভাব পাওয়া যায়; তাই এই যে,—অতিশয় শক্তি প্রয়োগে (অর্থাৎ অরণীকাষ্ঠ ঘর্ষণে) অগ্নির উৎপত্তি হয় এবং সেইজন্য অগ্নির অন্য এক নাম,—'সহসস্পুত্র' অর্থাৎ শক্তি পুত্র। বৃক্ষের মধ্যে অগ্নি নিগূঢ়ভাবে লুক্কায়িত থাকে, পরে কাষ্ঠদ্বয় ঘর্ষণে তাহা বাহিরে প্রকাশিত হয়।

আমরা মন্ত্রটীর ভিন্নভাব পরিগ্রহ করিয়াছি। আমরা মনে করি সাধকের কঠোর সাধনার দ্বারা তাহাদিগের হৃদয়ে জ্ঞানের সঞ্চার হয়, সেই জ্ঞানই সর্ব্বত্র জ্যোতিঃরূপে বর্ত্তমান অর্থাৎ পরাজ্ঞানই সর্ব্ববিধ জ্যোতিঃর মূলকারণ। 'বন' শব্দে জ্যোতিঃ' বুঝায়, 'বনেবনে' পদে সর্ব্ববিধ জ্যোতিঃকে লক্ষ্য করে। আমাদের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিশদীকৃত হইয়াছে॥ (৫অ - ৩খ - ১সূ - ২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার পঞ্চম মণ্ডলের একাদশ সূক্তের ষষ্ঠী ঋক্ (চতুর্থ অষ্টক, প্রথম অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)

তৃতীয়ং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
যজ্ঞস্য কেতুং প্রথমং পুরোহিতম্
৩ ১র ২র ৩ ১র ২র
অগ্নিং নরস্ত্রিষধস্থে সমিন্ধতে।
১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩
ইন্দ্রেণ দেবৈঃ সরথ৺ স বর্হিষি
২ ৩ ১র ২র ৩ ১ ২র ৩ ১ ২
সীদন্নিহোতা যজথায় সুক্রতুঃ॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যজ্ঞস্য' (সৎকর্ম্মণঃ) 'কেতুং' (প্রজ্ঞাপকং, সাধকং) 'প্রথমং' (আদিভূতং,--সৃষ্টেঃ ইতিযাবৎ) 'পুরোহিতং' (পুরস্য লোকানাং হিতকারকং, পরমমঙ্গলদায়কং) 'অগ্নিং' (জ্ঞানদেবং) 'নরঃ' (সৎকর্ম্মণাং নেতারঃ, সাধকাঃ) 'ত্রিষধস্থে' (ত্রিলোকে বা ত্রিকালে, সর্ব্বত্রং বা নিত্যকালং) 'সমিন্ধতে' (সম্যক্ দীপয়ন্তি, সম্যক লভন্তে); 'ইন্দ্রেণ দেবৈঃ' (ইন্দ্রাদিভিঃ সর্ব্বৈঃ দেবৈঃ সহ, সর্ব্বৈঃ দেবভাবৈঃ সহ ইত্যর্থঃ) 'সরথঃ' (সৎকর্ম্মরূপযানৈঃ সহ সৎকর্ম্মসাধনসামর্থ্যানাং ইতি ভাবঃ) 'হোতা' (আহ্বাতা, উৎপাদকঃ ইত্যর্থঃ) 'সুক্রতুঃ' (শোভনকর্ম্মা,) 'সঃ' (সঃ দেবঃ) 'যজথায়' (যজ্ঞায়, সৎকর্ম্মসাধনশক্তিদানায়) 'বর্হিষি' (হৃদি-সাধকানাং ইতি যাবৎ) 'নিষীদন্' (প্রতিষ্ঠিতঃ ভবতি, আবির্ভবতি)। নিত্য-সত্য-মূলকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ নিত্যকালং পরাজ্ঞানং তথা সৎকর্ম্মসমন্বিতং দেবভাবং লভন্তে—ইতি ভাবঃ। (৫অ—৩খ—১সূ-৩সা)।

• • •

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মসাধক সৃষ্টির আদিভূত লোকদিগের পরম মঙ্গলদায়ক জ্ঞানদেবকে সাধকগণ নিত্যকাল সম্যক্‌প্রকারে লাভ করেন; সকল দেবভাবের সহিত সৎকর্ম্মসাধনসামর্থ্যের উৎপাদক শোভনকর্ম্মা সেই দেবতা সৎকর্ম্মসাধনশক্তি দান করিবার জন্য সাধকদিগের হৃদয়ে আবির্ভূত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্য-মূলক। ভাব এই যে,—

সাধকগণ নিত্যকাল পরাজ্ঞান এবং সৎকর্ম্ম সমন্বিত দেবভাব লাভ করেন)। (৫প—৩খ—১সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'নরঃ' কর্ম্মণাং নেতারঃ ঋত্বিজঃ 'যজ্ঞস্য' যাগস্য 'কেতুং' প্রজ্ঞাপকং 'পুরোহিতং' যজমানৈঃ পুরস্কৃতং 'ইন্দ্রেণ' 'দেবৈঃ' 'সরথং' দেবানাং তেষাং মাধ্যস্থাৎ সমান-রথং 'অগ্নিং' 'ত্রিষধস্থে' ত্রিস্থানে বিহারপ্রদেশে 'প্রথমং' 'সমিন্ধতে' সম্যগ্ দীপয়ন্তি। ততঃ 'সুক্রতুঃ' শোভনকর্ম্মা 'হোতা' দেবানামাহ্বাতা 'সঃ' অগ্নি 'বর্হিষি' বর্হির্যুক্তে তস্মিন স্থানে 'যজথায়' যজ্ঞায় 'নিষীদন্' আসীদন্ প্রতিষ্ঠিতো ভবতি যাবৎ। 'সমিন্ধতে'—'সমীধিরে' ইতি পাঠৌ। (৫প—৩খ—১সূ—৩সা)।

* * *

তৃতীয় (১০৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী 'অগ্নির' অর্থাৎ জ্ঞানদেবের মহিমাখ্যাপক। 'অগ্নি' বলিতে কোন বস্তুকে বা দেবতাকে লক্ষ্য করে, তাহা আমাদের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতার অন্তর্গত আগ্নেয় সূক্তে বিশেষ ভাবে বিবৃত হইয়াছে। এবং অন্যত্রও বহুস্থলে আলোচিত হইয়াছে। এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রটীর কি ভাব পরিগৃহীত হইয়াছে, তাহা নিম্নোদ্ধৃত বাঙ্গালা অনুবাদ হইতেই পরিস্ফুট হইবে। সেই অনুবাদটী এই,—"অগ্নি যজ্ঞের কেতুস্বরূপ, যজমানগণ অগ্নিকে সম্মুখে স্থাপন করেন, অগ্নি ইন্দ্রাদি দেবগণের সমকক্ষ; ঋত্বিগ্‌গণ সর্ব্বাগ্রে তিন স্থানে অগ্নিতে হোম করিয়াছিলেন। শোভনকর্ম্মা দেবগণের আহ্বানকারী সেই অগ্নি কুশযুক্ত সেই স্থানে যজ্ঞার্থ প্রতিষ্ঠিত হইয়াছিলেন।" এই ব্যাখ্যা হইতে অনুমান হয় যে,—অগ্নি যেন একজন সাধারণ দেবতা, তাঁহাকে বাড়াইয়া তুলিবার জন্য বলা হইয়াছে —"তিনিও কম নহেন, তিনি ইন্দ্রের সমকক্ষ।' ভাষ্যকারও 'সরথং' পদের উপর নির্ভর করিয়া ঐ মতই পোষণ করিয়াছেন। কিন্তু 'সরথং' পদের মধ্যে তুলনামূলক কোন ভাবই নাই। 'রথ' শব্দে সৎকর্ম্ম-রূপ যানকে লক্ষ্য করে,—যে রথ দ্বারা মানুষ মোক্ষমার্গে অগ্রসর হইতে পারে। সমস্ত দেবভাবের সহিত মানুষ জ্ঞানের সাহায্যে সেই সৎকর্ম্মসাধন সামর্থ্য প্রাপ্ত হইতে পারে—ইহাই মন্ত্রাংশের তাৎপর্য্য। তারপর প্রচলিত অনুবাদ হইতে ইহাই মনে হয় যে, ব্যাখ্যাকারগণ 'অগ্নি' পদে সাধারণ আগুনকে লক্ষ্য করিয়াছেন। কিন্তু 'অগ্নিঃ' পদের অর্থ সম্বন্ধে আমরা পূর্ব্বেই আলোচনা করিয়াছি। অগ্নির বিশেষণ স্বরূপ কয়েকটী শব্দ সংন্যস্ত হইয়াছে। তাহা হইতেই অগ্নির পরিচয় অধিগত হইবে। তিনি 'প্রথমং' অর্থাৎ সৃষ্টি আদিভূত। জ্ঞান সম্বন্ধে এই বিশেষণ সম্পূর্ণরূপে প্রযোজ্য, কারণ ভগবৎশক্তি 'জ্ঞান' অনাদি অনন্ত। 'পুরোহিত' 'হোতা' প্রভৃতি পদের ব্যাখ্যা সম্বন্ধে

আমাদিগের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম—১সূ—১ঋ) দ্রষ্টব্য। যাহা হউক, আমাদিগের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (৫অ—৩খ—১সূ—৩সা)। ০

—— * ——

প্রথম সূক্তের গেয়-গান।

২ ১　　র র　　২ র ১ —　　১
১। জনোবা। স্যগোপাঅজনায়ি। ষ্টজাগৃবা ২ য়িঃ। অগ্নিঃসুদক্ষঃসবিতা।
২ ১ —　১ র র　　২ ১　　১ ২ ৪ ৫
য়নব্যাসা ২ য়ি। ঘৃতপ্রতীকোবৃহতা। দিবিস্পৃশা ২ ৩। দ্যুমা ৩ দ্বায়িভা।
২ ১　　১ ২ ৪　　২ ১
তিভরাভ্যা ২ ৩ য়ি। ভায়া ৩ ঃ শূ ৫ চা ৬ ৫ ৬ য়িঃ॥ (১) ত্বুবোবা।
র　　২ র ২ —　　১　　র　　২ র ১ —
অগ্নেঅঙ্গিরসো। গুহাহায়িতা ২ ম্। অন্ববিন্দঞ্ছিশ্রিয়াণাম্। বনেবানা ২ য়ি।
১ র র র　　২ র ১　　১ ২ ৪ ৫　　২ ১
সজায়সেমথ্যমানাঃ। সহোমাহা ২ ৩ ৎ। ত্বা ৩ মাহুঃ। সহসাপু ২ ৩ ৎ।
১ ২ ৪　　২ ১　　র　　২ র
ত্রামা ৩ ৪ঙ্গা ৫ ইরা ৬ ৫ ৬ঃ। (২) যজ্ঞোবা। স্যকেতুম্প্রথমাম্। পুরো-
১ —　　২ র ১ —　　১　　২ ১ —
হায়িতা ২ ম্। পুরোহায়িতা ২ ম্। অগ্নিন্নরস্ত্রিষধস্থায়িসমিন্ধাতা ২ য়ি
১র র র　　২ ১　২　১ ২ ৪৫ ৫ ২র ১
ইন্দ্রেণদেবৈঃসরথাম্। সবর্হায়িষা ২ ৩ য়ি। সায়িদা ৩ ন্নায়িহো। তায়জাথা ২ ৩।
১ ২ ৪
যাসু ৩ ক্রা ৫ তু ৬ ৫ ৬ঃ (৩) ॥ ১।২।৩। †

—— ০ ——

প্রথমং সাম।

৩ ১　　২　　৩ ১র　　২র
অয়ং বাং মিত্রাবরুণা সুতঃ সোম ঋতাবৃধা।
২উ　৩ ১　২ ৩　১ ২
মমেদিহ শ্রুত৺ হবম্ ॥ ১ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার পঞ্চম মণ্ডলের একাদশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (চতুর্থ অষ্টক, প্রথম অধ্যায়, তৃতীয় বর্গের অন্তর্গত)। উহা শুক্ল যজুর্ব্বেদের পঞ্চদশ অধ্যায়ের সপ্তবিংশ কাণ্ডিকা।

† এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত একটী গেয়-গান আছে। উহার নাম "কাবম্"।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ঋতাবৃধা' (সত্যস্য বর্দ্ধকৌ, সত্যপ্রাপকৌ) 'মিত্রাবরুণৌ' (মিত্রাভীষ্টবর্ষকৌ হে দেবৌ !) 'বাং' (যুবাভ্যাং—প্রাপ্তয়ে ইতি যাবৎ) 'অয়ং' (অস্মাকং হৃদিস্থিতং) 'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'সুতঃ' (বিশুদ্ধঃ—ভবতু ইতি শেষঃ); হে দেবৌ ! 'ইহ ইৎ' (অস্মিন্ এব, মম হৃদি এব, আবির্ভূতঃ সন্ ইতি যাবৎ) 'মম' 'হবং' (আহ্বানং, প্রার্থনাং ইত্যর্থঃ) 'শ্রুতং' (শৃণুতং, পূরয়তং ইতি ভাবঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং শুদ্ধসত্ত্বপ্রভাবেণ ভগবন্তং প্রাপ্নুয়াম - ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৫অ—৩খ—২সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সত্যপ্রাপকৌ হে অভীষ্টপূরক ও মিত্রাবরুণদেবদ্বয় ! আপনাদিগকে প্রাপ্ত হইবার জন্য আমাদিগের হৃদয়স্থিত সত্ত্বভাব বিশুদ্ধ হউক ; হে দেবদ্বয় ! আমার হৃদয়ে আবির্ভূত হইয়া আমার প্রার্থনা শ্রবণ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন শুদ্ধসত্ত্ব প্রভাবে ভগবানকে প্রাপ্ত হই।)॥ (৫অ—৩খ—২সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ঋতাবৃধা' ঋতস্য সত্যস্য যজ্ঞস্য বা বর্দ্ধকৌ ! 'মিত্রাবরুণা' হে মিত্রাবরুণৌ। 'বাং' যুবাভ্যাং 'অয়ং' 'সোমঃ' 'সুতঃ' অভিষুতঃ যস্মাদেবং তস্মাৎ 'ইহ' অস্মিন্ যজ্ঞে 'মমেৎ' মদীয়মেব 'হবং' আহ্বানং 'শ্রুতং' শৃণুতং॥ (৫অ—৩খ—২সূ ১সা)॥

* * *

প্রথম (৯১০) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। মন্ত্রের প্রথম অংশে হৃদয়ে ভগবানের আবির্ভাবের জন্য প্রার্থনা করা হইয়াছে এবং অপরাংশে হৃদয়ের আকাঙ্ক্ষা পূরণের জন্যই প্রার্থনা করা হইয়াছে। অবশ্য সেই আকাঙ্ক্ষা অতি মহৎ তাহা ভগবৎপ্রাপ্তির আকাঙ্ক্ষা। কিন্তু সেই আকাঙ্ক্ষা পূর্ণ করিবার শক্তি মানুষের নাই - যদি না সে ভগবানের কৃপা পায়। তাই হৃদয়ে ভগবানের অনুভূতি লাভ করিবার জন্য মন্ত্রে তাঁহারই নিকট প্রার্থনা করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রের ভাব সম্পূর্ণ অন্যরূপ ধারণ করিয়াছে, তাহা নিম্নোদ্ধৃত বঙ্গানুবাদ হইতে উপলব্ধ হইবে। "হে মিত্রাবরুণ ! তোমাদের জন্য এই সোম অভিষুত হইয়াছে। হে সত্যবর্দ্ধক ! তোমরা আমার আহ্বান শ্রবণ কর।" অর্থাৎ মদ্য প্রস্তুত করিয়া দেবতাকে যেন আহ্বান করা হইতেছে,—"এস হে, মদ্যপান করিবে এস।" আচ্ছা তাহা যেন করা গেল। কিন্তু মদ্যপানের জন্য আহ্বান করিয়া দেবতাকে 'ঋতাবৃধা'

বিশেষণে বিশেষিত করা যায় কি? সে কেমন সত্তা - যাহা সত্ত্বাধারীর দ্বারা বৰ্দ্ধিত হয়? একমাত্র 'সোম' পদের জন্যই ভাষ্যাদিতে এই অসঙ্গতি দৃষ্ট হয়। কারণ প্রচলিত ব্যাখ্যায় 'সোম' পদের অর্থ গ্রহণ করা হইয়াছে - সোমরস নামক মদ্য। আমরা পূর্ব্বাপরই উক্ত পদে 'সত্ত্বভাব' অর্থ গ্রহণ করিয়া আসিতেছি, বর্ত্তমান মন্ত্রেও এই অর্থেই সঙ্গতি লক্ষিত হয়। (৫অ-৩খ-২সূ-১সা)।

দ্বিতীয়ং সাম।

১ ২ ৩ ২ ২ ৪ ১র ২র ৩ ২
রাজানাবনভিদ্রুহা ধ্রুবে সদস্যুত্তমে।
৩ ১ ২
সহস্রস্থূণ আশাতে ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'রাজানৌ' (ঈশ্বরৌ, দীপ্যমানৌ, জ্যোতির্ম্ময়ৌ) 'অনভিদ্রুহা' (অজাতশত্রূ, সাধকানাং রিপুনাশকৌ দেবৌ ইত্যর্থঃ) 'ধ্রুবে' (স্থিরে, প্রশান্তে) 'উত্তমে' (শ্রেষ্ঠে) 'সহস্রস্থূণে' (সহস্রস্তম্ভে, বহুশক্তিযুক্তে ইতি ভাবঃ) 'সদসি' (স্থানে, সাধকানাং হৃদি ইতি ভাবঃ) 'আশাতে' (উপবিশতঃ, আবির্ভবতঃ) মন্ত্রোঽয়ং নিত্যসত্য-মূলকঃ। শক্তিসম্পন্নাঃ সাধকাঃ ভগবন্তং প্রাপ্নুবন্তি ইতি ভাবঃ ॥ (৫অ-৩খ-২সূ-২সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

জ্যোতির্ম্ময়, সাধকদিগের রিপুনাশক দেবদ্বয় প্রশান্ত শ্রেষ্ঠ বহুশক্তিযুক্ত সাধকহৃদয়ে আবির্ভূত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্য-মূলক। ভাব এই যে,—শক্তিসম্পন্ন সাধকগণ ভগবানকে প্রাপ্ত হয়েন)। (৫অ—৩খ—২সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'রাজানৌ' ঈশ্বরৌ দীপ্যমানৌ বা 'অনভিদ্রুহা' অনভিদ্রোগ্ধারৌ যৌ মিত্রাবরুণৌ 'ধ্রুবে' স্থিরে 'উত্তমে' উৎকৃষ্টে 'সহস্রস্থূণে' 'সদসি' স্থানে 'আশাতে' উপবিশতঃ তাবাগচ্ছতামিতি শেষঃ ॥ (৫অ-৩খ-২সূ-২সা) ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দ্বিতীয় মণ্ডলের একচত্বারিংশত্তম সূক্তের চতুর্থী ঋক্ (দ্বিতীয় অষ্টক, অষ্টম অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

দ্বিতীয় (৯১১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্য-মূলক। প্রকৃতসাধক হৃদয়ে ভগবানের করুণাস্পর্শ লাভ করিতে পারেন এবং তাহা লাভ করিয়া ধন্য ও কৃতার্থ হয়েন।

মন্ত্রান্তর্গত কয়েকটী পদের ব্যাখ্যা সম্বন্ধে আমাদের কিঞ্চিৎ বক্তব্য আছে। ভাষ্যে 'সহস্রস্থূণে' পদের কোন ব্যাখ্যা পাওয়া যায় না। একখানি প্রচলিত বাংলা অনুবাদে ও অন্য একখানি হিন্দি ব্যাখ্যায় উক্ত পদে 'সহস্রস্তম্ভবিশিষ্ট' অর্থ গৃহীত হইয়াছে। কিন্তু মন্ত্রটীকে সমষ্টিভাবে গ্রহণ করিলে ঐ অর্থের কোন সার্থকতা পরিলক্ষিত হয়না। 'সদসি' পদে সাধকের হৃদয়কে লক্ষ্য করে। 'সহস্রস্থূণে' পদের যদি প্রচলিত ব্যাখ্যা গ্রহণ করা যায়, তাহা হইলেও বুঝা যায় যে, উক্তপদে 'মহৎ' 'শক্তিশালী' প্রভৃতি ভাব আনয়ন করে। আমাদের মতে তাই "সহস্রস্থূণে সদসি" পদদ্বয়ের অর্থ হয়,—"বহুশক্তিযুতে সাধকহৃদয়ে।" সাধকের হৃদয়ই অপূর্ব্ব শক্তি-সমন্বিত। ভগবান সেই পবিত্র হৃদয়েই আগমন করেন, তাঁহার আসনের বা বাসস্থানের জন্য বৃহৎ অট্টালিকা বা রাজপ্রাসাদ প্রয়োজন করেনা, পার্থিব সম্পৎও ঐশ্বর্য্যের আড়ম্বর তাঁহাকে তৃপ্ত দেয়না। তিনি চাহেন মানুষের হৃদয়—পবিত্র বিশুদ্ধ হৃদয়। মন্ত্রে ভগবানের মহিমা এবং সাধকের এই সৌভাগ্যই বর্ণিত হইয়াছে ॥ (৫অ-৩খ-২সূ-২সা)।*

তৃতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ৩ ১র ২র৩ ১ ২
তা সম্রাজা ঘৃতাসুতী আদিত্যা দানুনস্পতী।
১ ২ ৩ ১২
সচেতে অনবহ্বরম্ ॥ ৩ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সম্রাজা' (সম্রাজৌ, লোকানাং অধীশ্বরৌ) 'ঘৃতাসুতী' (অমৃতপ্রাপকৌ) 'আদিত্যা' (অদিতিপুত্রৌ, অনন্তপুত্রৌ, অনন্তস্বরূপৌ যদ্বা জ্যোতির্ম্ময়ৌ ইতি ভাবঃ) 'দানুনস্পতী' (ধনস্যপতী, পরমধনদাতারৌ) 'তা' (তৌ, ভক্তজ্ঞানৌ যদ্বা, প্রসিদ্ধৌ দেবৌ) 'অনবহ্বরম্' (অকুটিলং, সরলহৃদয়ং পবিত্রান্তঃকরণং সাধকং ইতি ভাবঃ) 'সচেতে' (সেবেতে, প্রাপ্নুতঃ) নিত্যসত্য-প্রপাপকঃ অয়ং মন্ত্রঃ। সরলপবিত্রহৃদয়াঃ সাধকাঃ ভগবন্তং লভন্তে—ইতি ভাবঃ। (৫অ ৩খ ২সূ ৩সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দ্বিতীয় মণ্ডলের একচত্বারিংশ সূক্তের পঞ্চমী ঋক্ (দ্বিতীয় অষ্টক, অষ্টম অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

লোকদিগের অধীশ্বর অমৃত-প্রাপক অনন্তস্বরূপ (অথবা জ্যোতির্ম্ময়) পরমধনদাতা ভক্তিজ্ঞান (অথবা প্রসিদ্ধ দেবদ্বয়) পবিত্রান্তঃকরণ সাধককে প্রাপ্ত হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। সরলপবিত্র-হৃদয় সাধকগণ ভগবানকে লাভ করেন।) (৫অ—৪খ—সূ—৩সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'সম্রাজা' সম্রাজৌ আজ্ঞয়ৈব সর্ব্বেষাং শাস্তারৌ, 'ঘৃতাসুতী' ঘৃতান্নৌ. 'তদ্বাং মহিষং ঘৃতান্নাবস্ত' - ইতি মন্ত্রান্তরাৎ 'আদিত্যা' অদিতেঃ পুত্রৌ, 'দাসুনস্পতী' 'দাসুনঃ' ধনস্য দেবস্য বা 'পতী' স্বামিনৌ 'তা' তৌ মিত্রাবরুণৌ 'অনবহ্বরং' অকুটিলং যজমানং 'সচেতে' হবির্ভক্ষণার্থং সেবেতে। (৫অ - ৩খ - ২সূ - ৩সা) ॥

* * *

তৃতীয় (৯১২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনা-মূলক। প্রচলিত ব্যাখ্যাদিতেও মন্ত্রটীকে প্রার্থনা-মূলক বলিয়া গ্রহণ করা হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদত্ত হইল। বঙ্গানুবাদটী এই,- "সম্রাট, ঘৃতান্নভোজী অদিতির পুত্র, দাতা মিত্রাবরুণ অকুটিলাচারী যজমানকে সেবা করেন।" ভাষ্যকারও 'তৌ' পদে 'মিত্রাবরুণ' পদ অধ্যাহার করিয়াছেন। আমরা মনে করি উক্ত পদে জ্ঞান-ভক্তিকেই লক্ষ্য করে। অবশ্য অন্য বিশেষণ গুলি মিত্রাবরুণ সম্বন্ধে যে প্রযুক্ত হয় না তাহা নয়। মোটের উপর বিশ্বের ছদ্মবেশে সেই মহান্ একেরই মহিমা কীর্ত্তিত হইয়াছে। সেই পরম ও চরম 'একং' কে যে নামেই অভিহিত কর অথবা তাঁহার যে শক্তিকেই লক্ষ্য কর না কেন, চরমে সমস্ত পূজা আরাধনা তাহাতেই গিয়া পৌছবে। অন্যান্য অধিকাংশ পদের ব্যাখ্যায় ভাষ্যাদির সহিত আমাদের অনৈক্য ঘটে নাই।

মন্ত্রের মধ্যে একটী পদ বিশেষভাবে আমাদের মনোযোগ আকর্ষণ করে, তাহা—'অনবহ্বরং'। যিনি সরল ও পবিত্র-হৃদয়, যাঁহার মধ্যে পাপ-কুটিলতা নাই, তিনিঃ হৃদয়ে ভগবানের স্পর্শ-লাভ করিতে পারেন। হৃদয়ের পবিত্রতাই প্রকৃত পূজোপহার। ভগবান মানুষের হৃদয় দেখেন। 'অনবহ্বরং' পদে তাহাই সূচিত করিতেছে। 'আদিত্যা' পদে যে দুই ভাবকে লক্ষ্য করে তাহা মর্ম্মানুসারিণীতে প্রদত্ত হইয়াছে। এই উভয় ব্যাখ্যা সম্বন্ধেই ইতিপূর্ব্বে আলোচনা করা গিয়াছে। 'ঘৃত' শব্দ অমৃত-বাচক, তদনুসারে 'ঘৃতাসুতী' পদের অর্থ হয়. 'অমৃতপ্রাপকৌ'। তাই মন্ত্রের ভাব দাঁড়াইয়াছে সরল ও পবিত্র হৃদয়ে ভগবান আবির্ভূত হয়েন।" (৫অ ৩খ ২সূ - ৩সা) ॥ *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দ্বিতীয় মণ্ডলের একচত্বারিংশ সূক্তের ৬ষ্ঠী ঋক্। (দ্বিতীয় অষ্টক, অষ্টম অধ্যায়, অষ্টম বর্গের অন্তর্গত)।

প্রথমং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১র
ইন্দ্রো দধীচো অস্থভির্ব্বৃত্রাণ্যপ্রতিষ্কুতঃ।
৩ ১ ২ ৩ ১র ২র
জঘান নবতীর্নব ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অপ্রতিষ্কুতঃ' (না-প্রতিশব্দরহিতঃ, সর্ব্বাভীষ্টপূরকঃ ইত্যর্থঃ) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'নবতীঃ নব' (নবনবক-কর্ম্মপরায়ণস্য, অশেষসৎকর্ম্মকারিণঃ) 'দধীচঃ' (ভগবতি উৎসৃষ্টপ্রাণস্য, আত্মদানশীলস্য নিষ্কামকর্ম্মপরস্য, বা সাধকস্য) 'অস্থভিঃ' (অস্থিভিঃ, কঙ্কালৈঃ, লুপ্তাবশেষৈঃ আদর্শৈঃ ইত্যর্থঃ) 'বৃত্রাণি' (জ্ঞানাবরকান্ সর্ব্বান্ শত্রূন্) 'জঘান' (হন্তি)। নিত্যসত্যমূলকোহয়ং। সৎকর্ম্মপরায়ণস্য জনস্য স্মৃতিরপি অপরেষাং হিতসাধিকাং ভবতি—ইতি ভাবঃ। (৫অ—৩খ—৩সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

না-প্রতিশব্দরহিত সর্ব্বাভীষ্টপূরক ভগবান্ ইন্দ্রদেব, 'নবনবক'-কর্ম্মপরায়ণ অর্থাৎ অশেষসৎকর্ম্মকারী ভগবানে উৎসৃষ্টপ্রাণ আত্মদানশীল নিষ্কাম-কর্ম্মপর সাধকের অস্থিসমূহের দ্বারা অর্থাৎ লুপ্তাবশেষ আদর্শের দ্বারা জ্ঞানাবরোধকারী সকল প্রকার শত্রুকে নাশ করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—সৎকর্ম্মপরায়ণ জনের স্মৃতিও অপরের হিতসাধক হয়।)॥ (৫অ—৩খ—৩সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অত্র শাট্যায়নিন ইতিহাসমাচক্ষতে 'আথর্ব্বণস্য দধীচো জীবতো দর্শনেন অসুরাঃ পরাবভূবুঃ। অথ তস্মিন্ স্বর্গতে সতি অসুরৈঃ পূর্ণা পৃথিব্যভবৎ। অথেন্দ্রস্তৈরসুরৈঃ সহ যোদ্ধুমশক্নুবংস্তমৃষিমন্বিচ্ছন্ স্বর্গং গত ইতি শুশ্রাব। অথ পপ্রচ্ছ তত্রত্যান্—'নেহ কিমস্য কিঞ্চিৎ পরিশিষ্টমঙ্গমস্তি ? ইতি' তস্মা অবোচন্ 'অস্ত্যো তদাশ্বং শীর্ষং যেন শিরসা অশ্বিভ্যাং মধুবিদ্যাং প্রাব্রবীৎ, তত্তু ন বিদ্মঃ যত্রাভবৎ ইতি। পুনরিন্দ্রোহব্রবীৎ - তদন্বিচ্ছত ইতি। তদ্বান্বেষিষুস্তচ্ছর্য্যণাবত্যানুবিদ্যা জহ্রুঃ। শর্য্যণাবদ্ধ বৈ নাম কুরুক্ষেত্রস্য জঘনার্দ্ধে সরঃ স্যন্দতে। তস্য শিরসোহস্থিভিরিন্দ্রোহসুরান্ জঘান ইতি। 'অপ্রতিষ্কুতঃ' পরৈরপ্রতিশব্দিতঃ প্রতিকূল-শব্দ-রহিতঃ ইন্দ্রঃ আথর্ব্বণস্য 'দধীচঃ' এতৎসংজ্ঞকস্য ঋষেঃ 'অস্থভিঃ'

পার্শ্ব-শিরঃ-সম্বন্ধিভিরস্থিভিঃ 'নবতীর্নব' নবসংখ্যাকাঃ নবতীঃ দশোত্তরা অষ্টশতসংখ্যাকাঃ (৮১০) তথাহি লোকত্রয়বর্ত্তিনো দেবান্ জেতু মায়াবাসুরী মায়া ত্রিধা সম্পদ্যতে; ত্রিবিধা সা অতীতানাগতবর্ত্তমান-কালভেদেন তৎকালবর্ত্তিনো জেতুং পুনরপি প্রত্যেকং ত্রিগুণিতা ভবতি, এবং নব সম্পদ্যন্তে; পুনরপি উৎসাহাদি-শক্তিত্রয়রূপেণ ত্রৈগুণ্যে সতি সপ্তবিংশতিঃ সম্পদ্যতে; পুনঃ স্বাত্ত্বিকাদি-গুণত্রয়ভেদেন ত্রৈগুণ্যে সতি একোত্তরা অশীতিঃ সম্পদ্যতে; এবং চতুর্ভিস্ত্রৈগুণিতায়া মায়ায়া দশসু দিক্ষু প্রত্যেকমবস্থানে সতি নবনবতয়ঃ সম্পদ্যন্তে। এবম্বিধ মায়ারূপাণি 'বৃত্রাণি' আবরকাণ্যসুর জাতানি 'জঘান' হতবান দধীচঃ দধি অঞ্চতীতি দধ্যঙ্ অঞ্চতেঃ ঋত্বিগাদিনা (৩ ২ ৫৯) ক্বিন, অনিদিতামিতি (৬ ৪ ২৪) ন-লোপঃ, ষষ্ঠ্যে-কবচনে 'অচঃ' (৬ ৪ ১৩৮) ইত্যকারলোপে চাবতি (৬।৩।১৩৮) দীর্ঘত্বং উদাত্তনিবৃত্তিস্বরেণ বিভক্ত্যুদাত্তত্ব বিধানেন তদ্বাধ্যতে। অস্থাভিঃ — ছন্দস্যপি দৃশ্যতে (৭।১।৭৬) ইতি অনঙাদাবাপ আস্থ শব্দস্যানঙাদেশঃ মচোদাত্তঃ। (৫অ—৩খ ৩সূ—১সা।

* * *

প্রথম (৯১৩) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের পদ-বিন্যাস সমস্যাপূর্ণ। সুতরাং মন্ত্রার্থের সহিত নানা উপাখ্যানের সমাবেশ দেখিতে পাই। মন্ত্রে 'নবতীর্নব' পদ আছে। তাহা হইতে নবগুণ নবতিসংখ্যক (মতান্তরে নিরানব্বই) অর্থ গ্রহণ করা হয়। ভাষ্যকার ঐ পদ উপলক্ষে নানা গবেষণা প্রকাশ করিয়াছেন। 'নবনবতি' বলিতে যে কি প্রকার কার্য্য বুঝায়, তৎপক্ষে তিনি বিবিধ মতের আভাষ দিয়াছেন। যাহা হউক, তথাপি ঐ পদে 'নিরানব্বই বার' অর্থ ই প্রচলিত রহিয়াছে। তার পর, 'দধীচঃ অস্থভিঃ' পদদ্বয়ে 'দধীচি ঋষির অস্থিসমূহের দ্বারা' অর্থ ই চলিয়া আসিতেছে। 'বৃত্রাণি জঘান' পদদ্বয়ে 'বৃত্রগণকে হনন করিয়াছিলেন' — এইরূপ অর্থ গৃহীত হইয়া থাকে। এইরূপে এই মন্ত্রের অর্থ দাঁড়াইয়া গিয়াছে, — 'অপ্রতিদ্বন্দ্বী ইন্দ্র দধীচ ঋষির অস্থিসমূহের দ্বারা বৃত্রগণকে নবগুণ নবতিবার (নিরানব্বই বার) বিনাশ করিয়াছিলেন।' এই প্রকার অর্থের মর্ম্ম সহসা অনুভূত হয় না। সুতরাং ইহার সহিত উপাখ্যানাদির সংযোগ হইয়াছে। দধীচির অস্থি লইয়া ইন্দ্র বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন, — এতৎসংক্রান্ত উপাখ্যান অনেকেই অবগত আছেন; সায়ণ-ভাষ্যে তাহার উল্লেখ দৃষ্ট হইবে।

কিন্তু ঐ সকল উপাখ্যান-মূলে মন্ত্রে যে কি নিগূঢ় মর্ম্ম প্রাপ্ত হওয়া যায়, তাহা আমরা বুঝিতে পারি না। পরন্তু, সাদাসিধা-ভাবে দেখিলে মন্ত্রে বেশ সদর্থই প্রাপ্ত হওয়া যায়। সে পক্ষে, আর একবার মন্ত্রান্তর্গত পদ-কয়েকটীর অনুশীলন আবশ্যক বলিয়া মনে করি। মন্ত্রে আছে — 'নবতীর্নব।' আমরা বলি, ঐ পদে 'নবনবক' কর্ম্মের বিষয় দ্যোতনা করিতেছে। নবনবক কর্ম্ম যে কাহাকে বলে, তদ্বিষয় আমরা বিভিন্নস্থানে (১ম — ৩২সূ — ৪ঋ; — ১ম — ৫৪সূ — ৬ঋ ও ১ম ৫৭সূ — ৯ঋ প্রভৃতিতে) ব্যাপন করিয়াছি। ফলতঃ, যে সকল সৎকর্ম্মে

ধর্ম্মার্থকামমোক্ষ-চতুর্ব্বর্গ ফল অধিগত হয়, তাহাই 'নবনবক' কর্ম্ম। 'নবতীর্নব' পদে সেই কর্ম্মকেই লক্ষ্য করে। 'দধীচঃ' পদে নিষ্কামকর্ম্মপরায়ণ, ভগবানে উৎসৃষ্টপ্রাণ সাধককে বুঝাইয়া থাকে। যদি তিনি ঋষিবিশেষ হয়েন, তাহা হইলে কালচক্রে তাঁহার চিরবিদ্যমানতা স্বীকার করিতে হয়। অন্যথা ভগবানে উৎসৃষ্টপ্রাণ সাধকই ঐ পদের দ্যোতক। 'অস্থভিঃ' পদে 'অস্থিসকল কঙ্কাল' অর্থাৎ 'লুপ্তাবশেষ আদর্শ' অর্থ আসে। 'বৃত্রাণি' পদে জ্ঞানাবরোধক অজ্ঞানতা-সহচর শত্রুমাত্রকে লক্ষ্য করে। বৃত্র যদি সত্যসত্যই দেহধারী অসুরই হইবে, তাহা হইলে সে নবগুণ নবতি-বার নিহত হইয়াছিল এতদুক্তির কোনই সার্থকতা থাকে না। অপিচ, সে যখন একই অসুর, তখন বহুবচনান্ত 'বৃত্রাণি' পদ কেমন করিয়াই বা তাহার সম্বন্ধে প্রযুক্ত হইবে? 'ফলতঃ, এ মন্ত্রের অর্থে ইন্দ্র যে বৃত্রাসুরকে 'নিরানব্বই বার' হনন করিয়াছিলেন এরূপ ভাব আমরা প্রাপ্ত হই না; পরন্তু, এই মন্ত্রের ভাব প্রাপ্ত হই এই যে,—'যাঁহারা সৎকর্ম্মশীল ভগবৎপরায়ণ, তাঁহাদিগের আদর্শের অনুসরণে জ্ঞানাবরোধক সকল বাধাই অপসৃত হয়।' (৫অ-৩খ-৩সূ-১সা)।*

* * *

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২র ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২
ইচ্ছন্নশ্বস্য যচ্ছিরঃ পর্ব্বতেষ্বপশ্রিতম্।
১ ২ ৩ ১ ২
তদ্বিদচ্ছর্য্যণাবতি ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পর্ব্বতেষু' (পর্ব্বতসদৃশেষু কঠোরেষু, প্রীতিভক্তিপরিশূন্যেষু হৃদয়েষু ইত্যর্থঃ) 'অপশ্রিতং' (আশ্রয়প্রাপ্তং, লুক্কায়িতং) 'অশ্বস্য' (জ্ঞানকিরণস্য, জ্ঞানস্য ইত্যর্থঃ) 'শিরঃ' (প্রাধান্যং ইত্যর্থঃ) 'যৎ' (যদা) 'ইচ্ছন্' (অভিলষং কুর্ব্বন্ নরঃ তিষ্ঠতি ইতি যাবৎ) তদা 'তৎ' (তৎপ্রাধান্যং) 'শর্য্যণাবতি' (অজ্ঞানান্ধকারে) 'বিদৎ' (বিভাতি, ভগবন্তং বেদয়িতুং সমর্থং ভবতি ইত্যর্থঃ)। জ্ঞানানুসরণায় নরস্য কঠোরঃ হৃদয়ঃ প্রীতিভক্তেরাশ্রয়ঃ সন্ ভগবন্তং লভিতুং সমর্থঃ ভবতি - ইতি ভাবঃ॥ (৫অ-৩খ-৩সূ ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পর্ব্বতসদৃশ কঠোর অর্থাৎ প্রীতিভক্তিপরিশূন্য হৃদয়ে আশ্রয়প্রাপ্ত (লুক্কায়িত) জ্ঞান-কিরণের (জ্ঞানের) প্রাধান্যকে যখন মানুষ অভিলাষ

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের চতুরশীতিতম সূক্তের ত্রয়োদশী ঋক্ (প্রথম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

করে, তখন সেই প্রাধান্য তাহার অজ্ঞানান্ধকারে বিভক্ত হয়—ভগবানকে জানাইতে সমর্থ হইয়া থাকে। (ভাব এই যে,—জ্ঞানানুসরণের ফলেই মানুষের কঠোর হৃদয় প্রীতিভক্তির আশ্রয় হইয়া ভগবানকে লাভ করিতে সমর্থ হইয়া থাকে।) ॥ (৫অ—৩খ—১সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'পর্ব্বতেষু' পর্ব্ববৎসু গিরিষু অপাশ্রিতং অপগত্য স্থিতং 'অশ্বস্য' অশ্বসম্বন্ধিনো দধীচঃ 'যৎ' 'শিরঃ' 'ইচ্ছন্' ইন্দ্রো বর্ত্ততে, 'শর্য্যণাবতি' এতৎসংজ্ঞকে সরসি 'তৎ' শিরঃ 'বিদৎ' অজ্ঞাসীৎ জ্ঞাত্বা তদাহৃত্য, তদীয়ৈঃ অস্থিভিঃ বৃত্রাণি জঘান ইতি পূর্ব্বস্যামৃচি সম্বন্ধঃ। ইচ্ছন্ - ইষু ইচ্ছায়াং তুদাদিত্বাচ্ছপ্রত্যয়ঃ। বিদৎ বেত্তের্লুঙি ব্যত্যয়েন চ্লেরঙাদেশঃ। শর্য্যণাবতি—শর্য্যণানামানো দেশাস্তেষামদূরভবঃ সরঃ শর্য্যণাবৎ; মধ্বাদিষু শর্য্যণাশব্দস্য পাঠাৎ। মধ্বাদিভ্যশ্চ (৪২৮৬) ইতি চাতুরর্থিকো মতুপ্, সংজ্ঞায়াং (৮২১১) ইতি মতুপো বত্বং, মতৌ বহ্বচোঽনজিরাদীনাং (৬৩১১৯)—ইতি দীর্ঘঃ ॥ ৮ ॥

* * *

দ্বিতীয় (৯১৪) সামের মর্ম্মার্থ।

——§:•:§——

এই মন্ত্রের সংস্রবেও নানাবিধ উপাখ্যান সন্নিবিষ্ট হইয়া রহিয়াছে। সেই সকল উপাখ্যানের ভাব এই যে, দধীচি ঋষির মস্তক ছেদিত হইলে, তিনি অশ্বমস্তকে বিরাজমান ছিলেন; পরিশেষে সেই মস্তক যখন ছেদন করা হয় পর্ব্বতসমূহের মধ্যে তাহা অবস্থিত ছিল। দধীচির সেই মস্তক পাইবার জন্য ইন্দ্র অনেক সন্ধান করেন। তাহাতে কুরুক্ষেত্রের সান্নিধ্যে শর্য্যণাবৎ সরোবরে তিনি সেই মস্তক প্রাপ্ত হইয়াছিলেন। এই প্রকারে এই মন্ত্রের প্রচলিত অর্থ দাঁড়াইয়াছে,—"পর্ব্বতে লুক্কায়িত দধীচির অশ্বমস্তক পাইবার ইচ্ছা করিয়া ইন্দ্র সেই মস্তক শর্য্যণাবৎ (সরোবরে) প্রাপ্ত হইয়াছিলেন।" মস্তক হইল—একটী; তাহা অবস্থিত রহিল বহুপর্ব্বতে (পর্ব্বতেষু); আর তাহা প্রাপ্ত হওয়া গেল—শর্য্যণাবৎ সরোবরে (শর্য্যণাবতি)! ইহার রহস্য উদ্ভেদ আমাদের সাধ্যায়ত্ত নহে।

যাহা হউক, আমরা যে দৃষ্টিতে যে ভাবে এই মন্ত্রের অর্থ নিষ্কাশন করিতেছি, তাহার আভাষ লউন। সে পক্ষে, প্রতি পদের মর্ম্ম পরিগ্রহণ করা আবশ্যক। প্রথম—'পর্ব্বতেষু' পদ। এই পদে, আমরা বলি, 'পর্ব্বতসদৃশ কঠোর' অর্থাৎ 'প্রীতিভক্তিপরিশূন্য হৃদয়সমূহে' অর্থ আসে। 'অপাশ্রিতং' পদে 'আশ্রয়প্রাপ্ত' বা 'লুক্কায়িত' অর্থ প্রাপ্ত হই। 'অশ্বস্য' পদে 'জ্ঞান-কিরণের' অর্থ আসে। 'অশ্ব' শব্দে ঐরূপ ভাব পরিগ্রহণের বিষয় পূর্ব্বে বিভিন্ন স্থানে বুঝাইয়া আসিয়াছি। 'শিরঃ' পদে 'প্রাধান্য' অর্থ জ্ঞাপন করে। 'শর্য্যণাবতি' পদে, ধাত্বর্থের অনুসরণে, 'অজ্ঞানান্ধকারে' অর্থ প্রাপ্ত হইতে পারি। এই প্রকারে

মন্ত্রান্তর্গত পদ কয়েকটীর মর্ম্ম পরিগ্রহ করিতে সমর্থ হইলে, মন্ত্রে যে ভাব উপলব্ধ হয়, তাহা বুঝাবার পক্ষে চেষ্টা করা যাইতেছে। যে হৃদয় পর্ব্বতসদৃশ কঠোর, যেখানে প্রীতিভক্তির চিহ্নমাত্র নাই, তাহার মধ্যে যদি জ্ঞান একটু লুক্কায়িত থাকে, আর সেই জ্ঞান আপনার প্রাধান্য-বিস্তারের প্রয়াস পায়, তাহা হইলে, সেই অজ্ঞানতান্ধকারেও — প্রীতিভক্তিশূন্য হৃদয়েও — ভগবানের মহিমা প্রকাশ পাইয়া থাকে মানুষ অজ্ঞানতা-আঁধারে চির-আচ্ছন্ন না থাকিয়া যদি জ্ঞানালোক-লাভে একটু প্রয়াস পায়, তাহা হইলে, সেই প্রয়াসের ফলে তাহার শুষ্ক-কঠোর হৃদয়ে, প্রীতিভক্তির মন্দাকিনী প্রবাহিত হয়, — তাহার অজ্ঞানতান্ধকার দূর হইয়া তাহার মধ্যে জ্ঞানের জ্যোতিঃ উদ্ভাসিত হইতে থাকে। এই জন্যই ইহসংসারে আমরা দেখিতে পাই, পাষণ্ড দস্যুর হৃদয়েও হঠাৎ জ্ঞানের বিদ্যুৎ বিকাশ পাওয়ায়, তাহার জীবন-স্রোত অন্য পথে ফিরিয়া গিয়াছে। এই জন্যই আমরা দেখিতে পাই, জ্ঞানালোক স্পর্শে দস্যু জগাই-মাধাই পরিত্রাণ লাভ করিতে সমর্থ হইয়াছিল। এই জন্যই আমরা দেখিতে পাই, ভ্রষ্টাচার বিল্বমঙ্গল সাধুর আদর্শ হইয়া বিদ্যমান আছেন। দস্যু-রত্নাকর বাল্মীকির জীবন-কাহিনীও এই তত্ত্বই প্রকাশ করিতেছে। ফলতঃ, যতই কলুষ-কলঙ্কে হৃদয় লিপ্ত রহুক না কেন, কোনরূপে যদি জ্ঞানের জ্যোতিঃ একবার সে হৃদয়ে প্রবেশ করাইতে পার, তাহা হইলে তোমার সকল কালিমা অপসৃত হইবে, ক্রমশঃ সত্যের স্নিগ্ধ আলোকে হৃদয় পরিপূর্ণ হইয়া আসিবে। আমরা মনে করি, এই মন্ত্র সেই ভাবেরই দ্যোতনা করিতেছে॥ (৫অ—৩খ—৩সূ—২সা)। *

—— ০ ——

তৃতীয়ং সাম।

২উ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ২৩ক ২র
অত্রাহ গোরমন্বত নাম ত্বষ্টুরপীচ্যম্।
২ ৩ ৩ ১ ২ ৩ ২
ইত্থা চন্দ্রমসো গৃহে ॥ ৩ ॥

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'ইত্থা চন্দ্রমসঃ গৃহে' (চন্দ্রমণ্ডলে সূর্য্যরশ্মিঃ যথা বিভাতি তদ্বৎ)। 'ত্বষ্টুঃ' (পরিত্রাণকারকস্য দেবস্য) 'অপীচ্যং' (অজ্ঞানান্ধকারনাশকারিণং) 'নাম' (তেজঃ) 'গোঃ' (জ্ঞানকিরণাৎ, জ্ঞানরশ্মেঃ) 'অত্রাহ' (অস্মিন্ লোকেঽপি) 'অমন্বত' (বিজানাতি, প্রাপ্নোতি ইত্যর্থঃ) নরঃ ইতি শেষঃ; রাত্রৌ অন্ধকারে স্বচ্ছে চন্দ্রমণ্ডলে যথা সূর্য্যরশ্মিঃ

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের চতুরশীতিতম সূক্তের চতুর্দ্দশী ঋক্ (প্রথম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

বিভাতি তদ্বৎ অজ্ঞানান্ধকারাচ্ছন্নস্য জনস্য জ্ঞানসংসর্গযুক্তে অতঃ অনাবিলে হৃদয়ে ভগবান্ কৃপা বর্ষয়তি - ইতি ভাবঃ। (৫ম ৩খ—৩সূ ৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

চন্দ্রমণ্ডলে সূর্য্য যেমন প্রতিফলিত হয়, সেইরূপভাবে পরিত্রাণকারী দেবতার অজ্ঞানান্ধকারনাশক তেজঃ, জ্ঞানকিরণ হইতে ইহলোকেও মানুষ প্রাপ্ত হয়; (ভাব এই যে,—রাত্রিতে অন্ধকারে স্বচ্ছ চন্দ্রমণ্ডলের সূর্য্যরশ্মি যেমন প্রতিভাত হয়, সেইরূপ অজ্ঞানান্ধকারাচ্ছন্ন জনের জ্ঞানসংসর্গযুত সুতরাং অনাবিল হৃদয়ে ভগবান কৃপা বর্ষণ করেন।)। (৫অ—৩খ—১সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'অত্রাহ' অস্মিন্নেব 'গোঃ' গন্তুঃ 'চন্দ্রমসঃ' 'গৃহে' মণ্ডলে 'ত্বষ্টুঃ' দীপ্তস্য আদিত্যস্য সম্বন্ধি 'অপীচ্যং' রাত্রাবন্তর্হিতং স্বকীয়ং যৎ 'নাম' তদাদিত্যরশ্ময়ঃ 'ইত্থা' ইত্থমনেন প্রকারেণ 'অমন্বত' অজানন্ উদকময়ে স্বচ্ছে চন্দ্রবিম্বে সূর্য্য-কিরণাঃ প্রতিফলন্তি, তত্র প্রতিফলিতাঃ কিরণাঃ সূর্য্যে যাদৃশীং সংজ্ঞাং লভন্তে তাদৃশীং চন্দ্রেঽপি বর্ত্তমানাং লভন্ত ইত্যর্থঃ। এতদুক্তম্ভবতি যদ্রাত্রাবন্তর্হিতং সৌরং তেজস্তচ্চন্দ্রমণ্ডলং প্রাবিশ্য অতনীব নৈশং তমো নিবার্য্য সর্ব্বং প্রকাশয়তি; ঈদৃগ্ভূত-তেজসা যুক্তঃ সূর্য্যশ্চন্দ্রএব, দ্বাদশস্বাদিত্যেষু ইন্দ্রস্যাপি পরিগণিতত্বাৎ। অতোঽহোরাত্রয়োঃ প্রকাশক ইন্দ্র এবেতি ইন্দ্রস্তুতেঃ প্রতীয়মানত্বাদিন্দ্রোদেবত্যেত্যেতদুপপন্নং ভবতি। অত্র নিরুক্তং অথাপ্যস্যৈকো রশ্মিশ্চন্দ্রমসং প্রতি দীপ্যতে তদেতেনোপেক্ষিতব্যমাদিত্যতোঽস্য দীপ্তির্ভবতীতি; সুষুম্ণঃ সূর্য্যরশ্মিশ্চন্দ্রমা গন্ধর্ব্বঃ—ইত্যপি নিগমো ভবতি; সোঽপি গৌরুচ্যতে—অত্রাহ গোরমন্বত - ইতি (২৬)। অত্রাহ গোঃ সমমংসতাদিত্যরশ্ময়ঃ স্বনামাপীচ্যমপগতমপচিতমপাহিতমন্তর্হিতং বা (৪।২৫)—ইতি। অমন্বত - মনু অববোধনে (ত০, আ০)। অপীচ্যং—অপপূর্ব্বাচ্চনোতের্নিপাতনাদ্ যৎ, অতএবাভিমতরূপাসিদ্ধিঃ; যদ্বা অপিপূর্ব্বাদঞ্চতেঃ ঋত্বিগ্ (৩.২.৫৯)—ইত্যাদিনা ক্বিন্, অনিদিতাং (৬.৪।২৪) ইতি ন লোপঃ, অপিগতে নির্গতে ভবমপীচ্যং ভবে ছন্দসি (৪.৪.১১০)—ইতি যৎ, অচঃ (৬।৪.১৩৮)—ইত্যকারলোপে চৌ (৬.৩.১৩৮) ইতি দীর্ঘত্বং; অপীচ্যো প্রকাশঃ—ইতি ভট্টভাস্করমিশ্রঃ। ইত্থা—ইদংশব্দা চ্চ থা হেতৌ চ ছন্দসি (৫।৩.২৯) ইতি প্রকারবচনে থা-প্রত্যয়ঃ; যদি তত্রেদংশব্দো নানুবর্ত্ততে তদানীং ইদমস্থমুঃ (৫।৩.২৪)—ইতি থমুঃ প্রত্যয়; অব্যয়াদাপ্-সুপঃ (২।৪।৮২)—ইতি সুব্লুকং বাধিত্বা সুপাং-সুলুক্ (৭।১।৩৯) ইত্যাদিনা ডাদেশঃ। চন্দ্রমসঃ—চন্দ্রমাহ্লাদনং মিমীতে নির্ম্মীতে - ইতি চন্দ্রমাঃ চন্দ্রেমোডিৎ (উ ৪।২২৭)—

ইত্যসি-প্রত্যয়ঃ ; দাসীভারাদিষু পঠিতত্বাৎ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং ; পূর্ব্বপদঞ্চ 'স্ফায়িতঞ্চি' ইত্যাদিনা রক্-প্রত্যয়ান্তত্বাদন্তোদাত্তং । (৫অ—৩খ—১সূ—৩সা ।) ।

* * *

তৃতীয় (৯১৫) সামের মর্ম্মার্থ ।

এই মন্ত্রের যে অর্থ প্রচলিত আছে, তাহাতে পূর্ব্বাপর কোনও সঙ্গতি লক্ষিত হয় না, এবং সহসা সেইরূপ ভাব প্রকাশের কোনও সার্থকতাও দেখা যায় না। এ পক্ষে, পূর্ব্ববর্ত্তী প্রথম ও দ্বিতীয় মন্ত্রের প্রচলিত অর্থের সহিত এই মন্ত্রের অর্থের কি সঙ্গতি আছে, তাহা আলোচনা করিলেই, আমরা যাহা বলিতেছি, তাহার মর্ম্মানুভূতপক্ষে সহায়তা হইবে। প্রথম মন্ত্রের প্রচলিত অর্থে প্রকাশ পাইয়াছে, ইন্দ্র দধীচি ঋষির অস্থিসকল লইয়া বৃত্রগণকে নিরানব্বই বার হনন করিয়াছিলেন। তাহার পরের দ্বিতীয় মন্ত্রের প্রচলিত অর্থে প্রকাশ পাইয়াছে দধীচি ঋষির অশ্বমস্তক পর্ব্বতসমূহের মধ্যে লুক্কায়িত ছিল ; কিন্তু ইন্দ্র তাহা শর্য্যণাবৎ সরোবরে সন্ধান করিয়া প্রাপ্ত হইয়াছিলেন। তার পর, এখানে এই তৃতীয় মন্ত্রের প্রচলিত অর্থে আবার প্রকাশ পাইতেছে,—"আদিত্যরশ্মি এই গমনশীল চন্দ্রমণ্ডলে অন্তর্হিত ত্বষ্টৃতেজ এইরূপে পাইয়াছিল।" পর পর তিনটী মন্ত্রে এইরূপ বিচ্ছিন্ন ত্রিবিধ ভাব প্রকাশ পাইয়াছে। এবম্প্রকার অর্থের প্রকাশ-পক্ষে ভাষ্যে নিরুক্ত-নিঘণ্টুর যে প্রমাণাদি উদ্ধৃত হইয়াছে, তদ্দ্বারা কয়েকটী বৈজ্ঞানিক-তত্ত্বে প্রাচীন ভারতের অভিজ্ঞতা ছিল বলিয়া নির্দ্দিষ্ট হয়। সে পক্ষে, 'গোঃ' পদে গতিশীল অর্থ পরিগৃহীত হইয়া থাকে। তদনুসারে ঐ 'গোঃ' পদ ষষ্ঠ্যন্ত ও 'চন্দ্রমসঃ' পদের বিশেষণমধ্যে পরিগণিত। তদ্দ্বারা চন্দ্রের গতিবিষয়ে প্রাচীন ভারতের অভিজ্ঞতা ছিল এবম্বিধ প্রত্নতত্ত্বের উদ্ধার করা হয়। তার পর, "চন্দ্রমসঃগৃহে" পদদ্বয় উপলক্ষে সিদ্ধান্ত করা হয় যে, সূর্য্যের জ্যোতিতেই যে চন্দ্রমণ্ডল জ্যোতিষ্মান্ হইয়া থাকে, প্রাচীন ভারতের ঋষিগণ তাহা অবগত ছিলেন। এবম্বিধ দুইটী বৈজ্ঞানিক তত্ত্বে প্রাচীন ভারতের অভিজ্ঞতার নিদর্শন এইরূপে মন্ত্রার্থে প্রখ্যাপিত হয়। তাহা হউক ; কিন্তু সে পক্ষেও মন্ত্রের যে অর্থ প্রচলিত রহিয়াছে, তাহাকে সুষ্ঠু সঙ্গত অর্থ বলিয়া মনে করা যায় না।

কি কারণে আমরা পূর্ব্বোক্ত-রূপ সিদ্ধান্তে উপনীত হইতেছি তাহার বিশ্লেষণ পক্ষে সামান্য একটু আলোচনা করা যাইতেছে। পূর্ব্বোক্ত-রূপ অর্থ পরিগ্রহণের পক্ষে প্রথম ও প্রধান অন্তরায়—পূর্ব্বাপর ভাব-সঙ্গতির অভাব। একই সূক্তের অন্তর্গত একই তৃচের যথাপর্য্যায় তিনটী মন্ত্রে অর্থ-সম্বন্ধে ভাবের এরূপ অনৈক্য মান্য করা যায় না। এই এক প্রথম কারণ—যাহাতে প্রচলিত অর্থ সর্ব্বথা পরিগৃহীত হইতে পারে না। দ্বিতীয়তঃ, মন্ত্রান্তর্গত পদগুলির মর্ম্মানুধাবনে মন্ত্রার্থ অন্য পথ পরিগ্রহণ করে। 'ত্বষ্টৃ' শব্দের যে অর্থ সঙ্গত হয়, তাহা আমরা পূর্ব্বে নানা স্থানে খ্যাপন করিয়াছি। 'ত্বষ্টুঃ' পদকে 'ত্বষ্টৃ' শব্দেরই ষষ্ঠ্যন্ত-পদ বলিয়া গ্রহণ করা হয়। উহার প্রতিবাক্যে আমরা 'পরিত্রাণকারস্য দেবস্য' পদ

গ্রহণ করিয়াছি। 'ত্বষ্টৃ'-শব্দে যে 'পরিত্রাণকারী দেবতা' অর্থ হয়, তাহা পূর্ব্বেই প্রতিপন্ন হইয়াছে। 'অপীচ্যং নাম' পদদ্বয়ের ভাষ্য-ভাষ্যের অনুসরণেই পরিগ্রহণ-পূর্ব্বক ঐ দুই পদের প্রতিবাক্য 'অজ্ঞানান্ধকারনাশকারিণং তেজঃ' পদদ্বয় আমাদিগের ব্যাখ্যায় গৃহীত হইয়াছে। অতঃপর আলোচ্য—'গোঃ' পদ। এখানকার 'গোঃ' পদটীকে ভাষ্যে এবং ভাষ্যানুসারী অনুবাদে 'গাভী' অর্থ-প্রকাশক বলিয়া নির্দ্দেশ করা হয় নাই। এখানে যে গো-শব্দ অন্য অর্থ প্রকাশ করিল, কেহই তাহার কারণ নির্দ্দেশ করেন নাই। পরন্তু কোনও কোনও ইংরাজী অনুবাদক এই 'গোঃ' পদে 'ষাঁড়' অর্থই গ্রহণ করিয়া গিয়াছেন। তাঁহাদের মতে ত্বষ্টার ষাঁড়ের যে অবস্থা—এইরূপ ভাবই 'ত্বষ্টুঃ গোঃ নাম' প্রভৃতি পদে ব্যক্ত আছে। এইরূপ, 'ইত্থা চন্দ্রমসঃ গৃহে' বাক্যাংশের অর্থ বিষয়েও কোনও কোনও ব্যাখ্যায় মতান্তর দেখা যায়। যাহা হউক, আমরা 'গোঃ' পদটীকে এখানে ষষ্ঠীর পদ না বলিয়া, পঞ্চম্যন্ত পদ বলিয়া নির্দ্দেশ করি। পরন্তু আমরা 'গো' শব্দে পূর্ব্বাপর যে অর্থ গ্রহণ করিয়া আসিয়াছি, এখানেও সেই অর্থেরই সঙ্গতি দেখা যায়। তদনুসারে ঐ 'গোঃ' পদে 'জ্ঞানরশ্মি হইতে' অর্থ আসে। এই লোকেও—এই পৃথিবীতেও মানুষ যে পরিত্রাণকারী দেবতার কৃপা প্রাপ্ত হয়, তাহার কারণ—মানুষে জ্ঞানসংযোগ। পূর্ব্ব মন্ত্রেও এই ভাবই সম্বন্ধযুত আছে দেখিতে পাই। সেখানে বুঝিয়াছি, জ্ঞানানুসরণের ফলে মানুষ ভগবদনুকম্পা লাভ করিতে সমর্থ হয়। এখানে দেখিতেছি, একটী স্পষ্ট উপমার মধ্য দিয়া সেই ভাবই অধিকতর পরিস্ফুট রহিয়াছে। চন্দ্রমণ্ডল স্বচ্ছ; যে হৃদয়ে জ্ঞানকিরণ স্থান পাইয়াছে, তাহাও অনাবিল—স্বচ্ছ।* স্বচ্ছ চন্দ্রমণ্ডলে সূর্য্যরশ্মি প্রতিভাত হইয়া চন্দ্রমণ্ডলকে যেমন স্নিগ্ধজ্যোতির আধার-রূপে প্রতিষ্ঠিত রাখিয়াছে, জ্ঞানের দ্বারা নির্ম্মল পবিত্র স্বচ্ছ হৃদয়েও সেইরূপ ভগবানের বিভা বিভাত হইয়া সত্ত্বগুণের আধারে সে হৃদয়কে পরিণত করে।

---

* এই মন্ত্রটির একটী ইংরাজী অনুবাদ (গ্রিফিথস্ সাহেবের কৃত) নিম্নে উদ্ধৃত করিতেছি। তাহাতে কি অর্থ প্রকাশ পাইয়াছে, বুঝিয়া দেখুন। যথা,—

"Then verily they recognized the essential form of Tvashtar's Bull,

Here in the mansion of the Moon."

ব্যাখ্যায় ঐরূপ মত প্রকাশ করিয়া, পরিশেষে পাদটীকায় তিনি লিখিয়াছেন—

"TVASHTAR BULL : an obscure expression for the Sun. The purport of the verse may be that when, after the rains, the bright moonlight nights come, men recognized the fact that the light was borrowed from the Sun. Wilson following Sayana, translates the verse : 'The (Solar rays) found on this occassion the light of Twashtri, verily, concealed in the mansion, of the moving moon."

যাহা হউক, সকল অর্থ মিলাইয়া আমাদিগের অর্থের আলোচনা করিবেন এই ইচ্ছা।

'অমবস্ত' ক্রিয়াপদে অতীত-কালের প্রতিবাক্য অপেক্ষা নিত্য-বিদ্যমান বর্ত্তমান কালের সম্বন্ধেই সমীচীনতা দেখিতে পাই। আমরা তাই ঐ পদের প্রতিবাক্যে 'বিজ্ঞানাস্তি' ও ভাবে 'প্রাপ্নোতি' পদদ্বয় গ্রহণ করিয়াছি। এইরূপে এই মন্ত্রের যে অর্থ প্রচলিত ছিল, তাহা পরিবর্ত্তিত হইয়া এখন ভাবার্থ দাঁড়াইল,—'জ্ঞানের আলোক পাইয়া যাঁহাদিগের হৃদয় আবিলতা-শূন্য হইয়াছে, স্বচ্ছ চন্দ্রমণ্ডলে সূর্য্যরশ্মির বিদ্যমানতার ন্যায়, তাঁহাদিগের হৃদয়ে ভগবানের প্রভাব চিরবিদ্যমান রহে॥' (৫অ—৩খ-৩সূ—৩সা)। *

প্রথমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২র৩ ৩ ২ ৩ ১ ২
ইয়ং বামস্য মন্মন ইন্দ্রাগ্নী পূর্ব্ব্যস্তুতিঃ।
৩ ২ ৩ ১ ২
অভ্রাদ্ বৃষ্টিরিবাজনি॥ ১॥

*

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্রাগ্নী' (হে বলাধিপতে তথা জ্ঞানদেব! 'অভ্রাৎ বৃষ্টিঃ ইব' (মেঘাৎ যথা প্রভূতপরিমাণং বারিবর্ষণং ভবতি তদ্বৎ প্রভূতপরিমাণেন ইত্যর্থঃ) 'মন্মনঃ' (স্তোতুঃ, প্রার্থনাকারিণঃ) 'অস্য' (মম ইত্যর্থঃ) 'ইয়ং' (উচ্চার্য্যমাণা) 'পূর্ব্ব্যস্তুতিঃ' (মুখ্যা স্তুতিঃ ঐকান্তিকা প্রার্থনা) 'বাং' (যুবয়োরর্থং, যুবাভ্যাং প্রাপ্তয়ে ইত্যর্থঃ) 'অজনি' (উৎপন্না ভবতু)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! ত্বাং প্রাপ্তয়ে অহং প্রার্থয়ামি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ ৩খ ৪সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে বলাধিপতি এবং জ্ঞানদেব! মেঘ হইতে যেরূপ প্রভূতপরিমাণ বারিবর্ষণ হয় সেইরূপ (অর্থাৎ প্রভূতপরিমাণে) প্রার্থনাকারী আমার উচ্চার্য্যমাণ ঐকান্তিক প্রার্থনা আপনাদিগকে পাইবার জন্য উৎপন্ন হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আপনাকে পাইবার জন্য আমি যেন প্রার্থনা করিতে পারি)। (৫অ—৩খ—৪সূ—১সা)।

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের চতুরশীতিতম সূক্তের পঞ্চদশী ঋক্ (প্রথম অষ্টক, ষষ্ঠ অধ্যায় সপ্তম বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্রাগ্নী'! 'ইয়ং' 'পূর্ব্বাস্তুতিঃ' পূর্ব্ব্যা স্তুতিঃ মুখ্যা স্তুতিঃ কস্য সম্বন্ধিনী? 'মন্মনঃ' স্তোতুঃ অস্মাৎ বসিষ্ঠাৎ 'বাং' যুবাভ্যাং যুবয়োরর্থং 'অভ্রাৎ' মেঘাৎ 'বৃষ্টিরিব' বহ্বী সতী 'অজনি' প্রাদুর্ভূতা তাং শৃণুতমিত্যুত্তরত্র সম্বন্ধঃ। (৫অ—৩খ—৪সূ—১মা)।

• •
•

প্রথম (৯১৬) সামের মর্ম্মার্থ।

——§ :*: §——

মন্ত্রটী প্রার্থনামূলক। ভগবৎপ্রাপ্তি জন্য ভগবানের নিকটেই প্রার্থনা করা হইয়াছে। তাঁহার কৃপা না হইলে কেহই তাঁহাকে জানিতে পারে না, তাঁহাকে লাভ করিতে পারে না। তাই শ্রুতি অন্যত্র বলিয়াছেন,—"যমেবৈষঃ আত্মা বৃণুতে তেন লভ্যঃ"—তিনি যাহার প্রতি কৃপাপরায়ণ হয়েন, তিনি যাহাকে আপনার করুণার উপযুক্ত বলিয়া বিবেচনা করেন, সেই সৌভাগ্যশালীই পরমপুরুষকে জানিতে সমর্থ হয়েন। নতুবা সামান্য মানুষের কি সাধ্য যে, সেই অনন্ত পুরুষকে জানিতে পারিবে? সেই জন্যই মন্ত্রে সেই পরমপুরুষের নিকটেই প্রার্থনা করা হইয়াছে। ভাষ্যে এই ভাবই পরিগৃহীত হইয়াছে। কিন্তু প্রচলিত অনেক ব্যাখ্যায় এই ভাব রক্ষিত হয় নাই। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদত্ত হইল,—"হে ইন্দ্র ও অগ্নি! মেঘ হইতে বৃষ্টির ন্যায় এই স্তোতা হইতে এই প্রধান স্তুতি উৎপন্ন হইয়াছে।" এই অনুবাদে 'বাং' পদের ব্যাখ্যা পরিত্যক্ত হইয়াছে। কিন্তু আমাদিগের মর্ম্মানুসারিণী ব্যাখ্যা, এবং ভাষ্য হইতেও ইহা উপলব্ধ হইবে যে, 'বাং' পদই বর্ত্তমান মন্ত্রের কেন্দ্রশক্তি। কারণ ভগবৎপ্রাপ্তির জন্যই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে এবং উক্তপদ বাদ দিলে মন্ত্রটীর মূল ভাবই নষ্ট হইয়া যায়। 'অভ্রাৎ বৃষ্টিঃ ইব' পদে প্রার্থনার পরিমাণ নির্দ্দেশ করে বলিয়া মনে করি। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই পরিস্ফুট হইয়াছে। (৫অ ৩খ ৪সূ—১মা)। *

——•——

দ্বিতীয়ং সাম।

৩ ১ ২ ৩২উ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
শৃণুতং জরিতুর্হবমিন্দ্রাগ্নী বনতং গিরঃ।
৩ ১ ২ ৩ ১ ২
ঈশানা পিপ্যতং ধিয়ঃ॥ ২॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের ত্রিনবতিতম সূক্তের প্রথমা ঋক্ (পঞ্চম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্রাগ্নী' (হে বলাধিপতে তথা জ্ঞানদেব!) 'জরিতুঃ' (স্তোতুঃ, প্রার্থনাকারিণাং অস্মাকং) 'হবং' (আহ্বানং, প্রার্থনাং) 'শৃণুতং' তথা অস্মদীয়াঃ 'গিরঃ' (প্রার্থনাঃ পূজাঃ) 'বনতং' (সম্ভজতং, গৃহ্লীতং); 'ঈশানা' (হে ঈশ্বরৌ, লোকাধিপতী!) 'ধিয়ঃ' (অস্মাকং বুদ্ধিবৃত্তীন যদ্বা কর্ম্মাণি) 'পিপ্যতং' (পূরয়তাং—পরাজ্ঞানেন সদ্ভাবেন বা ইতি শেষঃ)। অয়ং মন্ত্রঃ প্রার্থনামূলকঃ। ভগবান কৃপয়া অস্মাকং পূজাং গৃহীত্বা অস্মান পরাজ্ঞানযুতান্ সদ্ভাবসম্পন্নান্ করোতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ—৩খ—৪সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে বলাধিপতে এবং জ্ঞানদেব! প্রার্থনাকারী আমাদিগের প্রার্থনা শ্রবণ করুন এবং আমাদিগের পূজা গ্রহণ করুন; হে লোকাধিপতি! আমাদিগের বুদ্ধিবৃত্তি (অথবা কর্ম্মসমূহকে) পরাজ্ঞান (অথবা সদ্ভাব) দ্বারা পূর্ণ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগের পূজা গ্রহণ করিয়া আমাদিগকে পরাজ্ঞানযুত সদ্ভাবসম্পন্ন করুন।)॥ (৫অ—৩খ—৪সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্রাগ্নী'! 'জরিতুঃ' স্তোতুঃ 'হবং' আহ্বানং যুবাং শৃণুতং। শ্রুত্বা চ 'গিরঃ' তদীয়াঃ স্তুতীঃ 'বনতং' সম্ভজতং। তথা 'ঈশানং' ঈশ্বরৌ যুবাং 'ধিয়ঃ' অনুষ্ঠিতানি কর্ম্মাণি 'পিপ্যতং' তৈস্তৈঃ ফলৈঃ পূরয়তাং॥ (৫অ—৩খ—৪সূ—২সা)॥

• • •

দ্বিতীয় (৯১৭) সামের মর্ম্মার্থ।

*

মন্ত্রটী প্রার্থনামূলক। আলোচ্য মন্ত্রে ভগবানের দুই বিভূতির বিশেষভাবে উল্লেখ আছে, তাহা—শক্তি ও জ্ঞান। আপাতঃদৃষ্টিতে দ্বিত্বভাব আছে বলিয়া মনে হইলেও প্রকৃত পক্ষে মন্ত্রের মধ্যে এক ভগবানের মহিমাই পরিব্যক্ত হইয়াছে এবং তাঁহার নিকটই প্রার্থনা করা হইয়াছে।

মন্ত্রের মধ্যে একত্র দুই বা বহু দেবতার নাম দেখিয়া পাশ্চাত্য পণ্ডিতগণের কেহ কেহ মনে করেন যে, বাস্তবিকই বুঝি বেদে বহুদেবের উপাসনা আছে। কিন্তু তাঁহাদের মধ্যেই কেহ কেহ আবার প্রকৃত সত্যেরও আভাষ পাইয়াছেন। তাঁহারা বলিতেছেন,—"না, এ বহুদেবতার উপাসনা নয়, মূলতঃ বহুদেববাদ থাকিলেও ক্রমশঃ জ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে বহুবাদ একবাদে পরিণত হইতেছিল, তাই আমরা এক মন্ত্রে একসঙ্গে বহুদেবের নাম

প্রাপ্ত হই।” তাঁহারা সত্যের পথে একটু অগ্রসর হইয়াছেন নিশ্চয়, কিন্তু তথাপি আমরা বলিতে বাধ্য যে, বহুদেববাদ বলিতে পাশ্চাত্য দেশে যাহা বুঝায় বেদে তাহা আদৌ নাই। আশা করা যায়, তাঁহারাও প্রকৃত পথের সন্ধান পাইবেন। পাশ্চাত্য পণ্ডিতগণও যে ক্রমশঃ ভারতের সনাতন সত্যের সন্ধান পাইতেছেন তাহা প্রদর্শন করিবার জন্যই এতটুকু বলিতে হইল। যাহা হউক, আমরা যে দৃষ্টিতে মন্ত্রার্থ গ্রহণ করিয়াছি তাহা মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। (৫অ—৩খ—৪সূ—২সা)। *

—*—

তৃতীয়ং সাম।

১　২ ৩ ১ ২　　৩ ১ ৩ ৩　　১　২র
মা পাপত্বায় নো নরেন্দ্রাগ্নী মাভিশস্তয়ে।
১　৩　　　৩ ২
মা নো রীরধতং নিদে ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'নরা' (সৎকর্ম্মনেতারৌ) 'ইন্দ্রাগ্নী' (হে বলাধিপতে তথা জ্ঞানদেব!) 'পাপত্বায়' (পাপকর্ম্মণে) 'নঃ' (অস্মান্) 'মা রীরধতং' (মা বশীকুরুতং) পাপকর্ম্মণঃ অস্মান্ রক্ষতং ইত্যর্থঃ; 'অভিশস্তয়ে' (রিপুভিঃ কৃতায় আক্রমণায়) 'মা' (মা বশীকুরুতং) (রিপু-আক্রমণাৎ অস্মান্ পরিত্রায়তং ইত্যর্থঃ; অপিচ 'নিদে' (নিন্দকায়, রিপবে) 'নঃ' (অস্মান্) 'মা' (মা বশীকুরুতং) রিপুকবলাৎ অস্মান্ রক্ষতং ইতি ভাবঃ। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মান্ রিপুজয়িনঃ সৎকর্ম্মসমন্বিতান্ কুরু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৫অ—৩খ—৪সূ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মনেতা হে বলাধিপতি ও জ্ঞানদেব! পাপকর্ম্ম হইতে আমাদিগকে রক্ষা কর; রিপুআক্রমণ হইতে আমাদিগকে পরিত্রাণ কর; অপিচ রিপুকবল হইতে আমাদিগকে রক্ষা কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে রিপুজয়ী সৎকর্ম্মসমন্বিত করুন।)। (৫অ—৩খ—৪সূ—৩সা)॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের চতুর্নবতিতম সূক্তের তৃতীয়া ঋক্ (পঞ্চম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

হে 'নরা' নেতারৌ! ইন্দ্রাগ্নী! 'নঃ' অস্মান 'পাপত্বায়' হীনভাবায় 'মা রীরধতং' মা বশং নয়তং, তথা 'অভিশস্তয়ে' শত্রুভিঃ কৃতায়াভিশংসনায় মা রীরধতং, তথা 'নিদে' নিন্দকায় মা রীরধতং মা বশীকুরুতং। (৫অ–৩খ–৪সূ–৩সা)।

পঞ্চমাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

* * *

তৃতীয় (৯১৮) সামের মর্ম্মার্থ

মন্ত্রটী সরল প্রার্থনামূলক। প্রচলিত ব্যাখ্যাদিতেও প্রার্থনাভাবের ব্যত্যয় হয় নাই। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল,—"হে নেতা ইন্দ্র ও অগ্নি! আমাদিগকে হীনভাবের জন্য পরাভবের জন্য ও নিন্দার জন্য পরবশ করিও না।" আমাদের ব্যাখ্যার সহিত অধিকাংশ স্থলেই ভাষ্যের সাদৃশ্য লক্ষিত হইবে।

প্রার্থনার মূলভাব পাপের আক্রমণ হইতে, রিপুর আক্রমণ হইতে আত্মরক্ষা। রিপুগণ চারিদিকে আমাদিগকে ঘেরিয়া আছে। তাহারা আমাদিগকে আলেয়ার আলো দেখাইয়া বিপথে পরিচালিত করিতে চায়। অবোধ দুর্ব্বল মানুষ অজ্ঞানতার বশে রিপুর ছলনায় ভুলিয়া অধঃপতনের দিকে চলিতে থাকে। মানুষের এই স্বাভাবিক দুর্ব্বলতার হাত হইতে আত্মরক্ষার জন্য মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে,—"হে ভগবন্! আমরা যেন রিপুর বশীভূত না হই, আমরা যেন পাপকে পরাজিত করিতে পারি। আপনি আমাদিগকে পাপ-মোহ হইতে রক্ষা করুন।" (৫অ—৩খ—৪সূ—৩সা)। *

চতুর্থঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

৩ ১ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
পবস্ব দক্ষসাধনো দেবেভ্যঃ পীতয়ে হরে।
৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
মরুদ্ভ্যো বায়বে মদঃ ॥ ১ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার সপ্তম মণ্ডলের চতুর্নবতিতম সূক্তের তৃতীয়া ঋক্ (পঞ্চম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

'হরে' (হে পাপহারক শুদ্ধসত্ত্ব!) 'দক্ষসাধনঃ' (আত্মশক্তিসাধকঃ) 'মদঃ' (পরমানন্দদায়কঃ) ত্বং 'দেবেভ্যঃ' (শুদ্ধসত্ত্বরূপেভ্যঃ, যদ্বা শুদ্ধসত্ত্বরূপিণাং ইত্যর্থঃ) তথা 'মরুদ্ভ্যঃ' (বিবেকরূপিভ্যঃ দেবেভ্যঃ যদ্বা—বিবেকরূপিণাং দেবানাং ইত্যর্থঃ) তথা 'বায়বে' (আশুমুক্তিদায়কস্য দেবস্য ইত্যর্থঃ) 'পীতয়ে' (গ্রহণায় প্রীত্যর্থং ইতি ভাবঃ) 'পবস্ব' (ক্ষর, করুণাধারয়া সহ অস্মাকং হৃদি সমুদ্ভব ইতি ভাবঃ)। অয়ং মন্ত্রঃ প্রার্থনামূলকঃ। ভগবল্লাভায় সত্ত্বভাবঃ অস্মাকং হৃদি অধিতিষ্ঠতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৫অ—৪খ ১সূ ১সা)॥

* * *

বঙ্গানুবাদ ।

হে পাপহারক শুদ্ধসত্ত্ব! আত্মশক্তিসাধক পরমানন্দদায়ক তুমি শুদ্ধসত্ত্ব-স্বরূপ বিবেকরূপী দেবগণের এবং আশুমুক্তিদায়ক দেবতার প্রীতির নিমিত্ত আমাদিগের হৃদয়ে উপস্থিত হও। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবানকে লাভের নিমিত্ত সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে অধিষ্ঠিত হউক।)॥ (৫অ—৪খ—১সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

হে 'হরে' হরিতবর্ণ! পাপহর্ত্তর্ব্বা সোম! 'দক্ষসাধনঃ' দক্ষো বলং তস্য সাধনো 'মদঃ' মদকরশ্চ ত্বং 'পবস্ব' ক্ষর। কিমর্থং? 'দেবেভ্যঃ' ইন্দ্রাদিভ্যঃ 'পীতয়ে' পানায়, তথা 'মরুদ্ভ্যঃ' 'বায়বে' চ 'পীতয়ে' পবস্ব ॥ (৫অ—৪খ ১সূ - ১সা)॥

* * *

প্রথম (৯১৯) সামের মর্ম্মার্থ ।

পূর্ব্বে একটী মন্ত্রে (৩প-৫অ—১খ-৫সা) 'হরিঃ' পদে ভাষ্যকার 'হরিতবর্ণঃ সোমঃ' অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা ঐ স্থলে 'হরিঃ' পদে 'পাপহারকঃ' অর্থ গ্রহণ করিয়াছি। ভাষ্যকারও বর্ত্তমান মন্ত্রে 'হরে' পদে "হরিতবর্ণ পাপহর্ত্তর্ব্বা" অর্থ গ্রহণ করিয়াছেন। সুতরাং ভাষ্যকারের পূর্ব্বাপর পূর্ণসঙ্গতি না থাকিলেও আমাদিগের ব্যাখ্যার সহিত ঐক্য-সাধন হইতেছে। কিন্তু প্রচলিত ব্যাখ্যা-সমূহের মধ্যে পরস্পর ঐক্য নাই। উদাহরণস্বরূপ একটী প্রচলিত বঙ্গানুবাদে উদ্ধৃত করিতেছি। তাহা হইতে ভাষ্যের সহিত উহার পার্থক্য দৃষ্ট হইবে। সে বঙ্গানুবাদটী এই,—'হে হরিৎবর্ণ সোম! তুমি মদকর, তুমি দেবগণের, মরুৎগণেরও বায়ুর পানার্থ ক্ষরিত হও।' ব্যাখ্যাকার 'হরে' পদে 'পাপহারক' অর্থ গ্রহণ করেন নাই। কিন্তু ভাষ্যকারের ন্যায় ঐ 'হরে' পদে আমরা সোমকে লক্ষ্য করিতে পারি নাই।

সত্ত্বভাবই পাপহরণকারী। সত্ত্বভাবের সাহায্যেই মানুষ দেবসাযুজ্য লাভ করে। সমত্বের মধ্য দিয়াই মিলন সম্ভবপর হয়। মানুষের মধ্যে দেবভাব উপার্জিত হইলেই দেবতার সহিত মিলন হয়। সেই মিলনের পথে,—মুক্তির পথে—লইয়া যায় সত্ত্বভাব। ভগবান মানুষের হৃদয়ভাব গ্রহণ করেন যখন সেই ভাবরাশি বিশুদ্ধ ও পবিত্র হয়, তখনই মোক্ষলাভ ঘটে। যাহাতে আমাদিগের মধ্যে সেই ভাব সঞ্চার হয়, তাহার জন্য এই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। (৫অ—৪খ—১সূ ১সা)॥ *

দ্বিতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ১২ ৩২উ ৩ ১ ২ ৩ ২
সং দেবৈঃ শোভতে বৃষা কবির্যোনাবধি প্রিয়ঃ।
১ ২ ৩ ১ ২
পবমানো অদাভ্যং॥ ২॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃষা' (কামানাং বর্ষকঃ, অভীষ্টপূরকঃ) 'কবিঃ' (ক্রান্তদর্শী, সর্ব্বজ্ঞঃ) 'প্রিয়ঃ' (সর্ব্বেষাং প্রীতিসাধকঃ) 'পবমানঃ' (পবিত্রকারকঃ) 'অদাভ্যঃ' (কেনাপ্যহিংসিতঃ, অজাতশত্রুঃ ভগবান্) 'দেবৈঃ' (দেবভাবৈঃ সহ ইত্যর্থঃ) 'যোনৌ অধি' (স্থানং অধিকৃত্য, অস্মাকং হৃদি ইত্যর্থঃ) 'সং' (সম্যক্‌রূপেণ) 'শোভতে' (রাজতু, আবির্ভবতু)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মাকং হৃদি আবির্ভবতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ—৪খ ১সূ ২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

অভীষ্টপূরক সর্ব্বজ্ঞ সকলের প্রীতিসাধক অজাতশত্রু ভগবান্ সকল দেবভাবের সহিত আমাদিগের হৃদয়ে সম্যক্‌রূপে আবির্ভূত হউন)। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন)। (৫অ—৪খ—১সূ—২সা)॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ—১দ—৮সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ সংহিতার নবম মণ্ডলের পঞ্চবিংশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

'অয়ং' সোমঃ 'সং শোভতে' 'দেবৈঃ' সহ। কীদৃশঃ সোমঃ? 'বৃষা' বর্ষকঃ, 'কবিঃ' ক্রান্তদর্শী, 'যোনৌ' স্থানে স্বীয়ে 'অধি' অধিষ্ঠিতঃ 'প্রিয়ঃ' প্রিয়োভূতঃ সর্ব্বোবাং বধা প্রীণয়িতা 'পবমানঃ' ক্ষরন 'অদাভ্যঃ' কেনাপ্যহিংসিতশ্চ ভবতি অতএব সোমঃ সং শোভতে॥ (৫অ—৪থ—১সূ—২সা)।

• • •

দ্বিতীয়(৯২০) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী সরলপ্রার্থনামূলক। হৃদয়ে ভগবৎপ্রাপ্তির জন্য, তাঁহার স্পর্শলাভ করিবার জন্য মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদিতে 'সোম' পদ অধ্যাহার করিয়া তৎপক্ষে ব্যাখ্যা করা হইয়াছে। তাহাতে অর্থ দাঁড়াইয়াছে এই যে,—"এই সোম আপন স্থানে অধিষ্ঠিত অভিলাষপ্রদ, কবি, প্রিয়, বৃত্রহা এবং অভ্যান্ত দেবাভিলাষী হইয়া শোভিত হইতেছেন।" 'অদাভ্যঃ' পদ হইতে 'বৃত্রহা' অর্থের উৎপত্তি হইয়াছে। 'বৃত্র' ব'লতে যদি পাপ, জ্ঞানাবরক মানবশত্রু বুঝায়, তাহা হইলে 'অদাভ্যঃ' পদের 'বৃত্রহা' অর্থ অসঙ্গত হয় নাই। ভগবান্ অজাতশত্রু, তাঁহার শত্রু নাই। তিনি মানবমঙ্গলের জন্য জগদ্ধিতায় মানবের, জগতের রিপুগণকে বিনাশ করেন। সুতরাং ভগবৎপক্ষে 'অদাভ্যঃ' পদের 'বৃত্রহা' অর্থ অসঙ্গত নহে। কিন্তু 'বৃত্রহা' পদে বৃত্রনামক অসুর অথবা জ্ঞানাবরক মানবশত্রু যাহাকেই লক্ষ্য করুক না কেন, ঐ অর্থ সোমের সম্বন্ধে কিরূপে প্রযোজ্য হইতে পারে, তাহা আমরা বুঝিতে পারি না। সোমরস নামক মাদকদ্রব্য মানবশত্রুনিধনকারী তো নহেই, অধিকন্তু পাপপথের সহায়। তাহা 'বৃত্র' নামক অসুরকে নাশ করিবেই বা কিরূপে? সুতরাং 'সোমরস' অধ্যাহারের কোন সঙ্গত কারণ দেখিনা, অধিকন্তু তাহাতে মন্ত্রের অর্থবিকৃতি ঘটিয়াছে বলিয়া মনে করি। (৫অ—৪থ—১সূ—২সা)।

—*—

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ২ ২উ ৩ ১ ২
পবমান ধিয়া হিতোঽভি যোনিং কনিক্রদৎ।
১ ২ ৩ ১ ২র
ধর্ম্মণা বায়ুমারুহঃ॥ ৩॥

• এই সাম-মন্ত্রটী, ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চবিংশ সূক্তের তৃতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পবমান' (পবিত্রকারক হে শুদ্ধসত্ত্ব!) 'ধর্ম্মণা দিয়া' ((ধারকেন কর্ম্মণা বা বুদ্ধ্যা, সৎকর্ম্মণা যদ্বা সদ্বুদ্ধ্যা) 'হিতঃ' (ধৃতঃ উৎপন্নঃ সন) 'কনিক্রদৎ' (শব্দং কুর্ব্বন্ অস্মভ্যং জ্ঞানং প্রযচ্ছন্ ইত্যর্থঃ) 'বায়ুং, (বায়ুবৎ, শীঘ্রবেগেন, আশুঃ ইত্যর্থঃ)' 'যোনিং অভি' (স্থানং অভিলক্ষ্য, অস্মাকং হৃদয়ং অভিলক্ষ্য, অস্মাকং হৃদি ইতি ভাবঃ) 'আরুহঃ' (প্রবিশ, তিষ্ঠ ইত্যর্থঃ) মন্ত্রোঽয়ং প্রার্থনামূলকঃ। হে ভগবন! বয়ং সৎকর্ম্মণা শুদ্ধসত্ত্বং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ—৪খ—১সূ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রকারক হে দেব! সৎকর্ম্মদ্বারা (অথবা সদ্বুদ্ধিদ্বারা) উৎপন্ন হইয়া আমাদিগকে জ্ঞান প্রদান করিয়া বায়ুবৎশীঘ্রবেগে আমাদিগের হৃদয়ে অবস্থিত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আমরা সৎকর্ম্মদ্বারা শুদ্ধসত্ত্ব যেন লাভ করিতে পারি।)॥ (৫অ—.খ—.সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'পবমান' 'সোম'! 'দিয়া' কর্ম্মণা অস্মদ্ব্যাপারেণ অঙ্গুল্যা বা 'হিতঃ' ধৃতঃ সন্ 'কনিক্রদৎ' শব্দং কুর্ব্বন 'যোনিং' স্থানং 'দ্রোণকলশং' চ 'অভি আরুহঃ' আভিমুখ্যেন আরোহণং কুরু প্রবিশেত্যর্থঃ। তদেবাহ—'ধর্ম্মণা' কর্ম্মণা 'বায়ুং' বায়ুসম্বন্ধ-পাত্রমিত্যর্থঃ, তদারুহঃ প্রবিশ। 'আরুহঃ' 'আবিশ' - ইতি পাঠৌ। (৫অ—৪খ—১সূ—৩সা)॥

* * *

তৃতীয় (৯২১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,-সৎকর্ম্মসাধন দ্বারা, আমরা যেন হৃদয়ে বিশুদ্ধ সত্ত্বভাবের উপজন করিতে পারি এবং সদ্বুদ্ধিদ্বারা তাহাকে যেন হৃদয়ে স্থায়ী করিয়া রাখিতে পারি।

মন্ত্রের দুইটী ভাব বিশেষভাবে প্রণিধানযোগ্য। প্রথমতঃ হৃদয়ে সত্ত্বভাব উৎপাদন করা। সৎকর্ম্মসাধনদ্বারা সত্ত্বভাব প্রাপ্ত হওয়া যায়—যদিও এই সৌভাগ্য লাভ সকলের ভাগ্যে ঘটে না। সুতরাং এই শুদ্ধসত্ত্ব লাভ করাই একটা বিশেষ সৌভাগ্যের ও সাধনার পরিচায়ক। সৎকর্ম্মের প্রভাবে যখন হৃদয় পবিত্র হয়, হৃদয়ের মলিনতা কালিমা দূরীভূত হয়, তখন সাধক সত্ত্বভাব প্রাপ্তির আশা করিতে পারেন এবং ভগবৎকৃপায় তাহা লাভও করিতে পারেন।

কিন্তু সদ্ভাব বা অন্য কোনও মহৎ বস্তু লাভ করিলেই হয় না, তাহা রক্ষা করাও চাই। মন্ত্রের দ্বিতীয় অংশে এই রক্ষাশক্তি লাভের জন্যই প্রার্থনা করা হইয়াছে। সৎকর্ম্মের প্রভাবে হৃদয়ে সাময়িকভাবে পবিত্রতার বা দেবভাবের সঞ্চার হইতে পারে, কিন্তু তাহার পরেই নানাকারণে অনেকস্থলেই সেই পবিত্রতা বা উচ্চভাব অব্যাহত থাকে না। তাই যাহাতে সেই উপার্জ্জিত শুদ্ধসত্ত্ব হৃদয়ে চিরপ্রতিষ্ঠিত থাকে, যাহাতে হৃদয়ে চিরপবিত্রতা বিরাজমান থাকে, মন্ত্রে সেই জন্যই প্রার্থনা করা হইয়াছে। (৫অ-৪খ-১সূ-৩সা)।*

——•——

প্রথম সূক্তের গেয়-গান।

১　--　র ১　২র১র　র র　২ ১ র　৭
১। পবস্বদা ২ ক্ষসাধনাঃ। দেবেভ্যঃ পীতয়েহরায়ি। মরুদ্ভ্যোবা। যবা ২ ৩ ৪

৩র ২n　১ র　১　১
য়ি। হাহোয়ি। মদাঃ। হোয়ি। ২। মদাঃ। হোয়ি। ২। মদঃ।

১　২র১র২র২　১ ১ ১ ১　১ র র　— র
হোয়ি। ২। ঔহোঔহোবা ২ ৩ ৪ ৫ হাউ। (১) সন্দেবৈঃ শো ২ ভতে

১　২ ১ র র　২ র৫　৭　৩র ২　১ র
বৃষা। কবির্যোনাবধিপ্রিয়ঃ পবমানঃ। অদা ২ ৩ ৪। হাহোয়ি। ভিয়াঃ।

২র১র
হোয়ি। হোয়ি। ভিয়। হোয়ি। ২। ভিয়ঃ। হোয়ি। ২। ঔহো-

২র　১ ১ ১ ১　১ র — র ১　২ ৫ র
ঔহোবা ২ ৩ ৪ ৫ হাউ। (২) পবমানা ২ ধিয়াহিতাঃ। অভিযোনিঙ্কনিক্রদাৎ।

২ ১ র　৭　৩র ২　১ র
ধর্ম্মণাবা। যূমা ২ ৩ ৪। হাহোয়ি। রুহাঃ। হোয়ি। হোয়ি। রুহ।

২র১র২র　১ ১ ১ ১
হোয়ি। ২। ঔহোঔহোবা ২ ৩ ৪ ৫ হাউ বা (৩)।

⁂

৩'২　র　৫　৫　১রর　র　র　— ১
২। পবা ৩ ৪। স্বদক্ষসাধনঃ। ও ৬ বা। দেবেভ্যঃপীতয়ে হা ২ রায়ি। মা

- --২　২　১ ১　২রn　৩র২　১　৫
২ রু। দ্ভ্যো ২ ৩ বা। যবৌ ৩ হো। বাহা ৩ ৪ ৩ য়ি। মা ২ ৩ ৪ দো

৫　৩ ২　র র র র　৫　৫　১　র র
৬ হায়ি। (১) সন্দে ৩ ৪। বৈঃ শোভতেবৃষা। ও ৬ বা। কবির্যোনা·

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের পঞ্চবিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

—১ —১ ২ ১ ১ ৪ ২র১ ৩র২
বধিশ্রা ২ য়াঃ। পা ২ বা। যা ২ ৩ নাঃ। আদৌ ৩ হো। বাহা ৩ ৪ ৩

১ ৫ ৫ ৩২ র র ৫ ৫
য়ি। ভা ২ ৩ ৪ গো ৬ হায়ি ॥ (২) পবা ৩ স্ব। সামধিয়াহিতঃ। ও ৬ বা।

১ র —১ —১ ২ ১ ২উ ৩র২
অভিযোনিষ্কমিক্রা ২ দাৎ। দা ২ শ্যা। পা ২ ৩ বা। সুমৌ ৩ হো। বাহা

১ ৫ ৫
৩ ৪ ৩ য়ি। স্ব ২ ৩ ৪ ঔ ৬ হায়ি (৩) ॥

* * *

২ —১ — ১ র২ র ১২ —
৩। পবস্ব। ক্ষয়া ২ ধানা ২ ঃ। দায়িবেভ্যঃপী। ভয়ারিতা ১ য়া ২ য়ি।

১ ২ ১ ২ ২ র র —
মরুদ্ভ্যো ২ ৩ বা। মবেমদা ৩১ উবা ২ ৩॥ (১) দক্ষৈনঃখো। ভত্তা ২

১ — ১ ২র র ১ ২ — ১ ২
য়িগার্ধা .২। কাবিবোনৌ। অধারি প্রা ১ য়া ২ঃ। পবমা ২ ৩ সাঃ।

১ ২ ২ র —১ —১ ২র
অদাভিয়া ৩১ উবা ২ ৩॥ (২) পবমানা দিয়া ২ ধারিতা ২ আভিযোনিম্।

১ ২ — ১ ২ ১ ২
কনাস্ক্রা ১ দা ২ ৎ। দর্শ্বণা ২ ৩ বা। বৃষাক্রহা ৩১ উবা ২ ৩।

২

স্বধে ১ (৩) ॥১২॥৩॥ *

* * *

প্রথমং সাম।

২ ৩ ১ ২ ৩ ২ ২ ৩ ১ ২
তবাহ৺ সোম রারণ সখ্য ইন্দো দিবেদিবে।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ২উ
পুরূণি বভ্রো নি চরন্তি মামব পরিধী৺

৩ ১ ২
রতি তা৺ ইহি ॥ ১ ॥

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত তিনটী গেয়-গান আছে। উহাদের নাম—(১) "নিধনকামম্" (২) "সত্রাসাহীয়ম্" (৩) "বাষ্ট্রীসাম।"

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোম' (হে শুদ্ধসত্ত্ব) 'অহং' (প্রার্থনাকারী অহং) 'তব সখ্যে' (তব সখিকর্ম্মণি, তব সখিত্বে ইত্যর্থঃ) 'দিবে দিবে' (অহরহঃ, নিত্যকালং) 'রারণ' (রমে, স্তুতিং করবাণি, প্রার্থয়ামি ইত্যর্থঃ); 'বভ্রো' (পালক, আশ্রিতপালক) 'ইন্দো' (হে সত্ত্বভাব) 'পুরূণি' (বহূনি - বিঘ্নানি ইতি যাবৎ, রিপবঃ ইত্যর্থঃ) 'মাং' 'অবচরন্তি' (বাধন্তে) ত্বং 'তান্ পরিধীন্' (তান্ শত্রূন্) 'অতীহি' (বিনাশয়)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। অয়ং ভাবঃ - ভগবান্ কৃপয়া অস্মভ্যং সত্ত্বভাবং প্রযচ্ছতু, বয়মপি রিপুজয়িনঃ ভবেম। (৫অ—৪খ—২সূ ১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে শুদ্ধসত্ত্ব! প্রার্থনাকারী আমি তোমার সখিত্ব নিত্যকাল যেন প্রার্থনা করি; হে আশ্রিতপালক সত্ত্বভাব! রিপুগণ আমাকে কষ্ট দিতেছে, তুমি সেই শত্রুদিগকে বিনাশ কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—ভগবান্ কৃপা করিয়া আমাদিগকে সত্ত্বভাব প্রদান করুন, আমরাও যেন হইতে রিপুজয়ী হইতে পারি)। (৫অ—৪খ—২সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দো' ক্ষরমাণ-সোম! 'তব' 'সখ্যে' সখি-কর্ম্মণি 'অহং' 'দিবেদিবে' অহরহঃ 'রারণ' রমে (রমতের্লিটি উত্তমে ণলিরূপং)। হে 'বভ্রো' বভ্রুবর্ণ-সোম! 'পুরূণি' বহূনি রক্ষাংসি 'মাং' তব সখ্যে স্থিতং 'নি অব চরন্তি' নীচীনং চরন্তঃ বাধন্তে। যে মাং বাধন্তে তান্ 'পরিধীন্' 'অতি ইহি' অতীত্য গচ্ছ জহীতি যাবৎ। (৫অ—৪খ—২সূ—১সা)।

* * *

প্রথম (৯২২) সামের মর্ম্মার্থ।

এই প্রার্থনা-মূলক মন্ত্রটীর মধ্যে মানবজীবনের দুর্ব্বলতার একটী চিত্র বিশেষভাবে ফুটিয়া উঠিয়াছে। মানুষ দুর্ব্বল, তাহার চারিদিকে পরাক্রমশালী শত্রুগণ তাহাকে অধঃপতনের দিকে অনবরত টানিতেছে। ভগবানের ভগবৎশক্তির—সাহায্য ভিন্ন সে আপনার ইচ্ছাসত্ত্বেও অগ্রসর হইতে পারিতেছে না। তাই কাতরভাবে ভগবানের আশ্রয় ভিক্ষা করিতেছে। "ওগো অনাথের নাথ, দুর্ব্বলের বল! তুমি আসিয়া তোমার এই দুর্ব্বল-সন্তানকে রিপুকবল হইতে উদ্ধার কর। আমার শক্তি নাই যে, ভয়ঙ্কর শত্রুদের সঙ্গে সংগ্রামে জয়লাভ করি। আমি পদে পদে পরাজিত ও বিধ্বস্ত হইতেছি। ভীষণ রিপুকুলের আক্রমণে আমি বিব্রত হইয়া পড়িয়াছি তাই এই বিষম বিপদ হইতে রক্ষা পাইবার জন্য

বিপদভঞ্জন তোমার চরণে আশ্রয় লইতেছি। আমি প্রতি মুহূর্ত্তে তোমার অভয় হস্তের আলিঙ্গন কামনা করি। তুমি বন্ধুর মত আসিয়া আমাকে তোমার অনন্ত স্নেহক্রোড়ে আশ্রয় দাও, আমি চিরদিনের জন্য নিশ্চিন্ত হই। ওগো আমায় রক্ষা কর।”

আমাদিগের ব্যাখ্যার সহিত প্রচলিত ব্যাখ্যার অনৈক্য থাকিলেও তাহার মধ্যে এই আশ্রয় প্রার্থনার সুরই ধ্বনিত হইয়াছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত করিলাম। “হে সোম! তোমার সখ্যত্ব লাভের জন্য আমি প্রত্যহ তোমাকে আহ্বান করি। কিন্তু রাক্ষস আমার প্রতি অত্যাচার করিতেছে, এবং আমাকে ঘিরিয়া দাঁড়াইয়াছে; হে পিঙ্গলবর্ণধারী! আমাকে রক্ষা কর, রাক্ষসদিগকে নিধন কর।”

অসুরের উপদ্রব হইতে রক্ষা পাইবার জন্য মানবের ইহাই চিরন্তন প্রার্থনা। অনাদিকাল হইতে মানুষ ভগবানের চরণে এই আশ্রয় ভিক্ষা করিয়া আসিতেছে এবং অনন্ত কাল পর্য্যন্ত করিবে। তাহার অন্তরে বাহিরে অসুরকুলের, দানবের ভীষণ শক্তির, তাণ্ডব নৃত্য চলিয়াছে। তাহার মধ্যে দাঁড়াইয়া আছে সহায়হীন দুর্ব্বল মানব। জগতের কোথায়ও কেহ নাই যে তাহাকে এই ভীষণ দৈত্যগণের কবল হইতে উদ্ধার করে। তাই মানুষ জগতের একমাত্র আশ্রয়, সর্ব্বশক্তিমান শ্রীমধুসূদনের চরণে আপনার দুর্ব্বলতার অর্ঘ্য নিবেদন করিয়া তাঁহারই করুণা ভিক্ষা করে। মানুষ তাহার অন্তরের অন্তরে জানে যে তাহার একজন আশ্রয়দাতা আছেন যিনি তাহাকে সর্ব্ববিপদ হইতে উদ্ধার করিয়া তাহাকে তাঁহার মঙ্গলময় ক্রোড়ে তুলিয়া লইবেন। তাই সে বিপদের মুহূর্ত্তে তাঁহাকেই ডাকে “ত্রাহি মাং মধুসূদন!”

এই মন্ত্রান্তর্গত 'রারণ' পদে বিবরণকার-সম্মত 'স্তুতিং কুর্ব্বঃ' অর্থ গ্রহণ করিয়াছি এবং পালনার্থক 'ভৃ' ধাতু নিষ্পন্ন 'বভ্রো' পদের 'পালক, আশ্রিত-পালক' অর্থ পরিগৃহীত হইয়াছে। (৫অ ৪খ—২সূ ১ম)।*

* * *

দ্বিতীয়ং সাম:।

২ ৩ ১ ২র ৩-১ ২ ৩ ১২ ৩ ১ ২৩১২
তবাহং নক্তমুত সোম তে দিবা দুহানো বভ্রউধনি।
৩ ১ ২র ৩ ১ ৩ ১২ ৩ ১ ২ ৩ ১ ১
ঘৃণা তপন্তমতি সূর্য্য পরঃ শকুনা ইব পপ্তিম ॥ ২ ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫অ ৫খ ৬সা) প্রাপ্তব্য। উক্ত ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের ঊনবিংশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বভ্রো' (পালক! বিশ্বপালক!) 'সোম' (হে শুদ্ধসত্ত্ব!) 'দুহানঃ' (দোগ্ধুঃ অমৃতদায়কস্য) 'তে' (তব) 'উধনি' (সমীপে, সখিত্বে ইত্যর্থঃ) 'অহং' 'দিবা' 'উত' (অপিচ) 'নক্তং' (রাত্রিঃ) অহর্নিশং, নিত্যকালং ইত্যর্থঃ; তিষ্ঠামি ইতি শেষঃ; হে দেব! 'শকুনা ইব' (পক্ষিণঃ যথা, ঊর্দ্ধগমনশীলাঃ সাধকাঃ যথা ইত্যর্থঃ) 'সূর্য্যং পরঃ' (পরস্থানস্থিতং সূর্য্যং, স্বর্লোকস্থিতং জ্ঞানদেবং ইত্যর্থঃ) প্রাপ্নুবন্তি ইতি যাবৎ, তদ্বৎ 'তব' 'ঘৃণা' (দীপ্ত্যা, জ্যোতিষা) দীপ্তাঃ সন্তঃ বয়ং 'তপন্তং' (জ্যোতির্ম্ময়ং ত্বাং) 'অতিপপ্তিম' (প্রাপ্নুয়াম)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং জ্যোতির্ম্ময়ং শুদ্ধসত্ত্বং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৫অ—৪খ—২সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

বিশ্বপালক হে শুদ্ধসত্ত্ব! অমৃতদায়ক আপনার সখিত্বে আমি যেন নিত্যকাল বর্ত্তমান থাকি; হে দেব! ঊর্দ্ধগমনশীল সাধক যেমন স্বর্লোকস্থিত জ্ঞানদেবকে প্রাপ্ত হয়েন, সেইরূপ আপনার জ্যোতিঃদ্বারা দীপ্ত হইয়া আমরা যেন জ্যোতির্ম্ময় আপনাকে প্রাপ্ত হই (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন জ্যোতির্ম্ময় শুদ্ধসত্ত্ব লাভ করি)। (৫অ—৪খ—২সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'বভ্রো' বভ্রুবর্ণ সোম! 'উত' অপিচ 'নক্তং' 'উত' অপিচ 'দিবা' অহোরাত্রয়োঃ 'সখ্যায়' সখ্যার্থং 'তব' 'উধনি' সমীপে 'অহং' রমে—ইতি শেষঃ। 'তে' তব 'ঘৃণা' দীপ্ত্যা 'তপন্তং' জ্বলন্তং 'পরঃ' পরস্থানস্থিতং 'সূর্য্যং' তদাত্মকং ত্বাং 'অতিপপ্তিম' তত্র স্থিতং ত্বাং প্রাপ্তুমতিপতেম। কথমিব? শকুনা ইব যথা সুপর্ণাদয়ঃ পক্ষিণঃ সূর্য্যমভিগচ্ছন্তি তদ্বৎ। পৎলৃ গতৌ, অস্মাচ্ছান্দসো লিটি 'তনিপত্যোশ্ছন্দসি (৬-৪-৯৯)'—ইত্যুপধালোপঃ॥ 'দুহানঃ'—'সখ্যায়'—ইতি পাঠৌ॥ (৫অ—৪খ ২সূ—২সা)॥

* * *

দ্বিতীয় (৯২৩) সামের মর্ম্মার্থ।

মন্ত্রান্তর্গত 'বভ্রো' পদে প্রচলিত ব্যাখ্যাদিতে 'পিঙ্গলবর্ণ' অর্থ গৃহীত হয়। প্রচলিত ব্যাখ্যানুসারেই সোমরসকে অন্যত্র শুভ্রবর্ণ বলিয়া বর্ণনা করা হইয়াছে। একই জিনিষ একবার পিঙ্গলবর্ণ আবার শুভ্রবর্ণ হয় কিরূপে তাহা বুঝা আমাদের সাধ্যাতীত। আমরা

অন্যত্র দেখাইয়াছি যে ভৃ-ধাতু নিষ্পন্ন 'বভ্রো' পদে পালক অর্থই সঙ্গত বলিয়া মনে করা যায়। ঐ পদের ব্যাখ্যা সম্বন্ধে পূর্ব্বেও বহুত্র আলোচনা করা হইয়াছে, সুতরাং এখানে তাহার পুনরালোচনা নিষ্প্রয়োজন।

ভাষ্যকার মন্ত্রান্তর্গত 'জুহানঃ' পদ-স্থলে ঋগ্বেদীয় 'সখ্যায়' পাঠ গ্রহণ করিয়াছেন। আমরা তাহা সঙ্গত মনে করি না। বেদের বিভিন্নস্থলে বিভিন্ন পাঠ দৃষ্ট হয় বটে, কিন্তু এই বিভিন্নতার নিশ্চয়ই নিগূঢ় কারণ আছে। সুতরাং মন্ত্রে শব্দের পাঠভেদ স্বীকার করিলেও যে স্থলে যে পাঠ আছে, তাহা অপরিবর্ত্তনীয়ভাবে গ্রহণ করা উচিত। আমরা তাই মন্ত্রের সামবেদীয় পাঠ 'জুহানঃ' পদই গ্রহণ করিয়াছি।

মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার মর্ম্মার্থ এই যে, আমরা যেন নিত্যকাল ভগবানের কৃপা লাভে সমর্থ হই। আমরা যেন শুদ্ধসত্বলাভ করিতে পারি। মন্ত্রান্তর্গত 'শকুনা ইব' উপমা দ্বারা শুদ্ধসত্বলাভের উপায় বিশিষ্টভাবে বর্ণিত হইয়াছে। 'শকুন' শব্দের সাধারণ অর্থ 'পক্ষী'। 'পক্ষীগণ যেমন ঊর্দ্ধে গমন করে।' এই অর্থে শব্দটী ঊর্দ্ধগমনশীল সাধককে লক্ষ্য করিতেছে। তাই 'শকুনা ইব' পদদ্বয়ে আমরা "ঊর্দ্ধগমনশীলাঃ সাধকাঃ যথা" অর্থ গ্রহণ করিয়াছি তাই মন্ত্রাংশের অর্থ দাঁড়াইয়াছে—সাধকগণ যেমনভাবে পরাজ্ঞান লাভ করেন, আমরাও যেন সেইরূপ ভাবে অর্থাৎ সাধনাদ্বারা বিশুদ্ধ সত্বভাব লাভ করিতে পারি। (৫অ–৪খ ২সূ-২সা)।

— • —

দ্বিতীয় সূক্তের গেয় গান।

১২র১ ২র র ১র২র১র ২ ২ ১ র ২ র ১
১। তবাহঁ সোমরারণঔয়াদো। হো ৩ বা। সখাইন্দোদিবে। দায়িবে ২ ৩।

১র ১ র ২ ১র ২ র ২ ২ র ১
ঔয়া ২ ৩ ৪। ঔ ২ ৩ হোবা। পুরূণিবভ্রোনিচরন্তিমাম্। আবা ২ ৩।

১র ১ র ২ ১র ১র ১
ঔঁর ২ ৩ ৪। ঔ ২ ৩ হোবা; পরিধীঁরতিতান্। আয়িহা ২ ৩ হি।

১র ১ র ২ ২ ১র ২ ১র ২ ১র২র১র
ঔবা ২ ৩ ৪। ঔ ২ ৩ হোবা ৩ ৪ ৩। (১,) পরিধীঁরতিতাঁ ই'ঔয়াদো।

২ ২ ১র ২র ১ ১র ১
হো ৩ বা। পরিধীঁরতিতান্। আয়িহা ২ ৩ য়ি। ঔয়া ২ ৩ ৪। ঔ ২ ৩

র ২ ১২র১ ২১র২র ১ ১র ১
হোবা। তবাহরক্কসুতসোমতে। দাবিশা ২ ৩। ঔয়া ২ ৩ ৪। ঔ ২ ৩

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের বিংশী ঋক্ (সপ্তম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, পঞ্চদশ বর্গের অন্তর্গত)।

র ২ র ১র ২ র ১ ১র ১ র ২
হোবা। জুহানোবজ্রউ। যামী ২ ৩। ঔহা ২ ৩৫। ঔ ২ ৩ হোবা ৩ ৪ ৩। (২)

২ র ১র ২১র২ ১র২র১র ২ ২ র ১র ২ র ১
জুতানোবজ্রউধমিঔয়াদো। হো ৩ বা। জুহানোবজ্রউ। যামী ২ ৩।

১র ১ র ২ ১র ২ ১ ২১র২ ১
ঔয়া ২ ৩৫। ঔ ২ ৩ হোবা। যুণাভপস্তমভিস্বরিয়ম্। পায়া ২ ৩ ৪।

১র ১ র ২ ১র ২ ১ ১র
ঔয়া ২ ৩৫। ঔ ২ ৩ হোবা। শকুনাইবপ। প্তায়িমা ২ ৩। ঔয়া ২ ৩৫।

১ র ২ ১
ঔ ২ ৩ হোবা ৩ ৪ ৩। ও ২ ৩ ৪ ৫ ঈ। ডা॥

⁂

২ র র র র ১ ২ ২n ৩ ৫
২। ত্বাহ৺ সোমস্যায়ণএ। এ। নবাইন্দো ৩ দায়িবে ১ দিবায়ি। পূ ২ ৩ ৪ স্ন।

২ ২ ১ র ২ ২n ৩ ৫ ২ ২
হা ৩ হা। পিবস্তোমিক্চয়ন্তাদিমা ১ মধা। পা ২ ৩ ৪ রী। হা ৩ হায়ি।

১ ২ ১ ৫ ৪ ৫ ২ র
ধাস্ম৺ ব্রস্তিতো ২ ২ ৪ বা। ভা ৫ যিতো ৬ হায়ি॥ (১) পরিষী৺ রক্তি-

র র ১ ২ ২n ৩ ৫
ভা৺ টহিএ। এ। পরিদী৺ রা ৩ তায়িতা ১ ৺ ইতায়ি। তা ২ ৩ ৪ বা।

২ ২ ১ র ২ ২n ৩ ৫ ২ ২
হা ৩ হায়ি। অহমুক্তমুক্তগোমাত্তে ১ দিবা। দূ ২ ৩ ৪ হা। হা ৩ হায়ি।

১ ২১ ৫ ৪ ৫ ২ র র র
মোবজ্রও ২ ৩ ৪ বা। ধা ৫ মো ৬ হায়ি॥ (২) জুহানোবজ্রউপনিএ। এ।

র র ১ ২ ২n ৩ ৫ ২ ২ ১
জুহানোবা ৩ ব্রাউ ১ ধনায়ি। ষা ২ ৩ ৪ র্ণা। হা ৩ হা। ভপস্তমাস্ত-

র ৭ ২^ ৩ ৫ ২ ২ ১ ২ ১ ৫
ম্পুরাঙ্গম্পারঃ। শা ২ ৩ ৪ ক। হা ৩ হায়ি। মায়িবপো ২ ৩ ৪ বা।

৪ ৫
ভাঁ ৫ যিমো ৬ হায়ি (৩)॥

⁂

১ n ৩ ২ ৩র ৪ র ৪ ১ n ৩ ২ ৩র ৪
৩। ত্বা ২ হ্য৺ম্নো ৩ ৪। ঔহো ৫ মন্নায়ণা। সখা২ ইন্দো ৩ ৪। ঔহো ৫

র ৪ ১ A ৩২ ৩র ৪ র ৪ ১ A ৩
দিবেদিবায়ি। পুরু ২ দিবা ৩ ৪ ঔ'হা ৫ ভ্রো'নচরা। ও। ত্বা ২ য়িমা ২ ৩ ৪

৫র র ৩ ৫ ৩ ৫ ৩ ৫ ৩ ২র ১
ঔহোবা। আ ২ ৩ ৪ বা। উ ২ ৩ ৪ পা। উ ২ ৩ ৪ পা। পরিধী৺রা ২ ৩।

১ n ৩ ৫র র ৩ ৫ ১ n ৩র ২
ত্বা ২ য়িতা৺ ২ ৩ ৪ ঔহোবা। ঈ ২ ৩ ৪ তী। (১) পরা ২ য়িণী৺রা ৩ ৪।

৩র ৪ র ৪ ১ n ৩র ২ ৩র ৪ র ৪
ঔহো ৫ ত্বিতা৺ইহায়ি। পা ২ য়িধী৺বা ৩ ৪। ঔ'হো ৫ ত্বিতা৺ ইহায়ি।

১ n ৩২ ৩র ৪ ৪ n ৩ ৫র র
ত্বা ২ হ্যা ৩ ৪। ঔহো ৫ স্বমৃতসো। ও। মা ২ ত্বা ২ ৩ ৪ ঔহোবা।

৩ ৫ ৩ ৫ ৩ ৫ ৩র২র ১ ১ n
দী২ ৩ ৪ বা। উ ২ ৩ ৪ পা। উ ২ ৩ ৪ পা। তুহানোগা ২ ৩। ত্বা ২

৩ ৫র র ৩ ৫ ১ Λ ৩র ২ ৩র ৪
ত্বু ২ ৩ ৪ ঔহোবা। ধা ২ ৩ ৪ মী॥ (২) তুহা ২ নোবা ৩ ৪। ঔহো

র৪ ১ Λ ৩র ২ ৩র ৪ র ৪ ১ Λ
৫ ভ্রউপনায়ি। তুভা ২ নোবা ৩ ৪। ঔহো ৫ ভ্রউপনায়ি। স্বণা ২

৩ ২ ৩র৪ ৪ ১ n ৩ ৫র র ৩
ত্বপা ৩ ৪। ঔহো ৫ স্বর্গজিন্থ। ও। মা ২ য়া ২ ৩ ৪ ঔহোবা। পা ২ ৩ ৪

৫ ৩ ৫ ৩ ৫ ৩২র১ ১ n
য়াঃ। উ ২ ৩ ৪ পা। উ ২ ৩ ৪ পা। শকুনাআ ২ ৩ য়ি। বা ২

৩ ৫র র ৩ ৫
পা ২ ৩ ৪ ঔহোবা। স্তী ২ ৩ ৪ মা (৩)॥

* * *

৫ ৪ ২ ৪ ৫র ৪ ৫ ১ ২র ১ ২ —
৪। পরা ৩ য়িধা ৩ য়ি৺রাহ্ তিভা৺ ইহোবা। পরিধী৺র। তিতা৺আ ১ য়িহা ২

১ র ২ ৩ ৪ ৫র ২ ১ ২ — ১ ২
য়ি। তাবাহ্যা ৩ ১ ২ ৩ ৪। স্বমৃতসো। মতায়িদা ১ য়িবা ২। তুহানো ১

n ৩২ ১ ৩ ১ ১ ১ ১
বা ২। ভ্রউ ৩। ধা ২ ৩ ৪ ৫। মা ২ ৩ ৪ য়ি (২)।

* * *

৩৪র৩ ৪র৫র র ৩২ ৩র৪র২ ২১র n -
৫। তবাহ৩৮সোমরারণ। সখো। ন্দ্রা ৩৮ ঔ৩ান। দিবেদিবাহ২ য়ি। হা

২ ৫ ৩২ ৪ ৫২ ৪ ৫ ১ ২১
৩১ উবা ২৩। উ ৩৪ পা। পুরু ৩ ণ্যা। ঔ৩োব.হায়ি। ভ্রোনিচরা।

২র১২ ২ ৫ ৩২ ৪র ৫র ৪
ভিয়াগাব। হা ৩১ উবা ২৩। উ ৩৪ পা। পরা ৩ রণা৮রা। ঔহোবা-

৫ ৩২ ৪ ৪.৩র ৪ ৩র ৪৫
হায়ি। ভিত্তা ৩ ৮ আ ২ য়িতা ৬৫৬ য়ি॥ (২) পরিণী৮রভিত্তা৮ইভি।

৩র ২ ৩২৪র২৫ ২১র n
পরি। ধী৮রা ৩ ৪ ঔ৩াবা। ভি২৮ইহাহ২ য়ি। হা ৩১ উবা ২৩।

২ ৫ ৩২ ৪ ৫র ৪ ২ ১ ২১ ২র১ ২র
উ ৩৪ পা। ভবা ৩ হন্না। ঔ হাবাহায়ি। ক্তায়ুভসো। মহেদায়িনঃ।

২ ৫ ২২ ৪র ৫র ৪ ৫ ৩২ ৪
হা ৩১ উবা ২৩। উ ৩৪ পা। ক্রহা ৩ নোব। ঔহোবাহায়ি। ভ্রউ ৩ ধা ৫ না

৪র৩র৪ ৩র৪৫ র ৩র২ ৩৪র৫ ২১র
৬৫৬ য়ি॥ (২) হুগানাবভ্রউখন। হুগা। নোনা ৩৪ ঔহোবা। ভ্রউখনাহ

n ২ ৫ ৩ ৪ ৫র ৪ ৫
২ য়ি। হা ৩১ উবা ২৩। উ ৩৪ পা। ঘুনা ২ তপা। ঔহোবাহায়ি।

১২ ১ ২ ১২ ২ ৫ ৩২ ৪র
ভামভিহ্। রিয়ংপার। হা ৩১ উবা ২৩। উ ৩৪ পা। শকূ ৩ নাঅ।

৫র৪ ৫ ৩২ ৪ ৩১১১১
ঔহোবাহায়ি। বপা ৩ প্রা ৫ য়িমা ৬৫৬। উ ২৩৪৫ (৩)॥

* * *

৫ ২ ৪৫৪র ৫ ২১ — ১র ২
৬। পরিধা ৩ হ৮রা ৩হা৮হায়ি। হুবেহো ২ য়ি। পরিণী৮রভিত্ত৮ আ ২

— ১র n ৩২n৩ ৫ ১২
য়িতা ২ য়ি। তনাঃস্তুক্রমুভসো ২। মহায়িনঃ ২ ৩৪ য়িনা। হুগা ৩

১ র২ ১ ২১৫ n৩ ৫র র
হোয়ি। নোনা ৩ হো। ভ্রউ ধা ২ না ২৩৪ ঔহোবা।

২১ ঃ১১১
জানত্রা ২৩২৩৪৫ম্ (২)॥

* * *

.১২৭১ ২র ২১১ ১১.
৭। ঔবাও৺সোমরারণ· পথাইন্দোহ'দে

১ ২n ৩র ২ ৩র ২ ১ ২ ১ ২
ভিমাযাণ। ঔ'হা ৩ ৪ বাওঁয়ি। প। ৫ ২ ৩ মত৺রা ৩। হোঁবা ৩

২ ১র ২A ১ ১র ২১৩ ২
তাঁয়। ভিভাও৺আ ২ ৩ যিতা ৩ ২ ৩ য় (১)॥ পরিণাও৺রাঁইও৺ হাঁ

র ২১র৺ র ২ ১ ২ র ১ ২n
পরিদীও৺রাঽভিভাও৺ইতায়ি। ভগাঙা ২ ৩ য়া। ক্তামুতসে। মহাঁহবাঁহব।

৩র ২ ৩র ২ ১ ২ ১ ২ ২ ১র
ঔঁহো ৩ ৪ বাওয়ি। তু। হানো ২ ৩ বা ৩। হোবা ৩ হা। ভ্রউথা ২ ৩

২n ২ র ১র ২১র২ ১ র র ২ ১র
বা ৩ ৪ ৩ য়ি (২)॥ তুহানো বভ্রউখনায়ি। তুহানোবাহভ্রউখনায়ি।

র ২ ১ ২ র ১ ২n ৩র ২ ৩র২ ১
হ্বণাতা ২ ৩ বা। ভামভিমু। রিয়াস্পায়া। ঔঁহো ৩ ৪ বাহায়ি। শ।

২ ১ ২ ২ ১ ২n
কুনা ২ ৩ আ ৩ য়ি। হোবা ৩ হায়ি। নপশ্চা ২ ৩ রিমা ৩ ৪ ৩।

ও২৩৪৫ঈ। ও২৩৪৫ঈ। ডা (৩)।

* * *

৩ ২ ২ ৪S ৫ ২n৩ ৫ ১ ২ ১ A
৮। ঔবা ৩ ১। হা ৩ ৪৺সো ১ ম। রায়া ২ ৩ ৪ ণা। সাধ্যা ৩ য়ি। ইন্দো ২।

৩২ ৩ ৫ ২১২১ ২র ১ A
দিবা ৩ ৪ ৫ য়ি। দী ২ ৩ ৪ বে। পুরুণিণা। ভ্রো। নিচরা ২।

৩২ ৩ ৫ ২ — ১ A ৩২
ভিবা ৩ ৪ ৫ ম্। আ ২ ৩ ৪ বা। পরা ২ য়ি। ধায়িও৺রা ২। ভিভাও৺ ২ ৪ ৫।

৩ ৫ ৩২ ২ ৪ ৫ ২n ৩
ঈ ২ ৩ ৪ হী॥ (১) পরা ৩ ১ য়ি। ধা ৩ য়িও৺র। ভি। ভাও৺আ ২ ৩ ৪

৫ ১২ ১র n ৩২ ৩ ৫
য়িগাঁয়। পারী ৩। ধীও৺রা ২। ভিভাও৺ ৩ ৪ ৫। ঈ ২ ৩ ৪ হী।

২১২১ ২ ২' n ৩২ ৩ ৫ ২ —
ঔবাহয়া। জম্। উতসো ২। মভা ৩ ৪ ৫ য়ি। দী ২ ৩ ৪ বা। দুহা ২।

১র　n　৩২　　৩　৫　　৩২　　২　৪
নোবা ২। ত্রউ ৩ ৪ ৫। ধা ২ ৩ ৪ নী। (২) দুবা ৩ ১। মো ৩ ন।

৫র　২n৩　৫　১২　১র　n　৩২　৩
শ্রো। উষা ২ ৩ ৪ নাম্নি। দূহা ৩। নোবা ২। ত্রউ ৩ ৪ ৫। ধা ২ ৩ ৪

৫　২১২১　২　১　n　৩২　৩　৫
নী। দুণ্ডণা। ত্তদা। অত্তিনূ ২। রিরা ৩ ৪ ৫ ঘূ। পা ২ ৩ ৪ রাঃ।

২　—　১　n　৩২　৩　৫
শক্রু ২। নাআ ২ য়ি। বণ ৩ ১ ৫। থী ২ ৩ ৪ যা (৩)।

* * *

৫ র ২　৪র৫র র ৫　১　২ র　১ ২　১ ···　১ —
৯। ত্তাহা ৩ ৮ সোমরারণা। সাধ্যইন্দো। দিবাম্নিদা ১ ম্নিবা ২ য়ি। দাম্নিবা ২

১ র২　১　২　১ ২　১ ২n৩　৫
য়িপ্রক্তনিব। শ্রো। নিচরা ৩। নিচরা ৩। ভাম্নযাযা ২ ৩ ৪ বা।

১ ২ র　১　২n　৩　৫　৪
পারিণীৰ রা। ভাম্নিত্তাৰ আ ২ ৪ ম্নিতাম্নি। ভিতাৰ ৫ ইহাম্নি। (১)

৫ ২　৪১৫ র ৫　১ ২র　১ ২　—
পম্নিণা ৩ ম্নিৰ রাত্তি ৰ ইহাম্নি। পাম্নিণীৰ রাত্তিতাৰ আ ১ ম্নিহা ২ য়ি।

১　—　১র২　১　৩　১　২　১২n　৩
আম্নিহা ২ য়ি। ত্যাগাওম্ন। ক্তান। উত্তমো ৩। উত্তঃসা ৩। মাতাম্নিদা ২ ৩ ৪

৫　১২র র১　২১৩　৫　৪　৫ র ২
য়িবা। দূগানোবা। ত্রাউপা ২ ৩ ৪ নারি। ত্রউ ৫ পনাম্নি। (২) দুহামো ৩

৫৪৪র ৫　১র২র　১২　—　১　—　১র২
বত্রউপনাম্ন। দূহানোব। ত্রউপা ১ না ২ য়ি। ধানা ২ য়ি। বার্ণাত্তপ।

১　২　১　১　৫২৩　৫　১২র১
ত্তা　পাওণ ৩। অভিত। র পা ২ ৩ ৪ হাঃ। শাক্রমাআম্নি।

২　৫　৪
বাপ ১ ৩ ৪ য়িমঃ। পয়া। হো ৫ ঈ ভা (৩)।

* * *

৫ র ২　৪র৫৪র ৫　১ ১ র　১ ২　৩　২　৫
১০। ত্তবাবা ৩ ৮ সোমরারণা। সাধ্যইন্দ　দিব বদা ১ ম্নিবা ২ য়ি। পুরু ৩।

১　২　২　১ র　২　—　১　১n
হো ৩ হো ৩ বা। ণিবক্রোনিচরত্তা মম ১ মবা ২। পরা ২ ৩ য়ি। ধা ২

৩ ৫র র ২ ১ ন ৩১১১১
য়ি৬রা ২ ৩ ৪ ঔ৩োবা। এ৩। ভিতা ২ ৬ ইগা ২ ৩ ৪ ৫ য়ি: (১)

৫ ২ ৪ ৫৪র ৫ ১ ২র ১ ২ ন
পরিধা ৩ য়ি৬রাংভিতা৬ইহায়ি। পারিষী৬র। ভিতা৬আ ১ য়িচা ২ য়ি।

৩ ২ ন ২ ২ ১ র ২ — ১
তবা ৩। হৌ ২ হো ৩ বা। অন্ধয়ক্ষুমুতসোমাতে ১ দিবা ২। স্তুতা ২ ৩।

১ ন ৩ ৫র র ২ ১ ^৩১১১১১
নো ২ বা ২ ৩ ৪ ঔহোবা। এ৩। ভ্রষ্ট ২ ধা। ২ ৩ ৪ ৫ ষি॥ (২)

৪র ২ ৪৫৪র ৫ ১র২র ১২ ন ৩১ ৪
স্থানো ৩ বস্রউপনায়ি। দূতানোব। ভ্রউপা ১ না ২ য়ি। ধ্রুব ৩। হৌ ৩

২ ২ ১ র ৭ — ১ ১ ন ৩
হো ৩ বা। তথস্তুমত্তিস্থবায়ম্পারা ২ঃ। শক্ ২ ৩। না ২ বা ২ ৩ ৪

৫র র ২ ১ — ^৩১১১১
ঔহোবা। এ৩। বণা ২ প্রিগা ২ ৩ ৪ ৫ (৩)॥

* * *

৫ র ২ ৪র৫৭র ৫ ১ — র ৩ ২ ৪ ৫
১১। তবাহা ৩ ৬ সোমরারণা। সাপা ২ যি। ইন্দোদিবে ৩। দায়িদায়ি।

২১র র ১ ১ ৩ ২ ২ ৫ ২১র র ৩ ২
পুরুণিবভ্রোনিচা ২ ৩ রা ২। ভিমা ৩ মাবা। পুরুণিবভ্রোনিচর। ভিমা ৩

৪ ৫ ১ ২র ১ ২ ২ ১ ৫ ৪
মাবা। পারিষীম। আ। ঔ ৩ হো। ভিহো ২ ৩ ৪ বা। আ ৫ য়িহো ৬

৫ ৫ ৪১৫ ৪র ৫ ১ — ১র ৩ ২
হায়ি॥ (১) পরিধা ৩ য়ি৬ রাভিতা৬ ইহায়ি। পারী ২। ধী৬রক্ষিতা ৩ ৬।

৪ ৫ ২১প ১ ন ৩ ২ ৪ ৫ ২১র
আয়িহায়ি। তবাংস্কন্মুতঃ ২ ৭ সে ২। মতা ৩ য়িদায়িবা। তবাংস্ক-

র ৩ ২ ৪ ৫ ১ র ২ ১ ২ ২ ১
মুতসো। মতা ৩ য়িদায়িবা। দূতানঃ। বা। ঔ ৩ হো। ভ্রঙ ২ ৩ ৪

৫ ৫ ৫ ৫ র ২ ৪১২র ৫ ১ — ১র ৩ ২
বা। বা ৫ সেঃ ৬ হায়ি। (২) স্থানো ৩ বস্রউপনায়ি দূতা ২। নোবভ্রউ ৩।

৪ ৫ ২১র ১ A ৩৩ ৪ ৫ ২ ১ র
দানায়ি। ঘৃণাতপস্তুমভ ২ ৩ য়িস্থ ২। রিয়া ৩ পারাঃ। ঘৃণাতপস্তুস্থ।

৩২ ৪৫ ১ ২র ১ ২ ২
ন্নিয়া ৩ পায়াঃ ! শ্যাকুনাঃ । আ । ঔ ৩ হো ।

১ ৫ ৪ ৫
ঋপো ২ ৩ ৪ বা । গ্না ৫ য়িগো ৬ হায়ি (৩) ।

✻

৩৭২৩ ৪র৫র ২ ২ ৪ ১২ ১ ৫
১২। ত্বা১৩৮ সোমরারণ । এ ৩ । ঔ ৩ হো ৫ বাহ্২ · সাথ্যা ৩ য়ি । ইন্দো ২ ।

২ ২ ১১১১১ ১র ২১ ২১ ২
দিবা ৩ ৪ ৫ য়ি · দা ৩ য়িবা ২ ৩ ৪ ৫ য়ি । পূর্ণবা । দ্রোণচরা । ভা'ধমা ৩

১ ২ ৪ ৫ ২ ২ ২ ১ ন ৩২
অ । ঔ ৩ । হে ৩ । আ ২ ৩ ৪ বা । প ঔ ৩ হো । পা'য়৮রা ২ ভিভা৮

২ ১১১১১ ৪ ৩র ৪ ৩র ৪৫ ২
৩ ৪ ৫ । আ ৩ য়িহা ২ ৩ ৪ ৫ য়ি । [illegible] ১) পারিদীপ্র রিচ্ছভ৮ হ । এ ৩

২ ৪ ১৩ ১র ন ৩২ ২ ১
ঔ ৩ হো ৫ বাহ্২ । পারী ৩ । দীপ্র ২ । চিহাৎ ৩ ৪ ৫ । আ ৩ য়িহা

১১১১ ১র২১ ২১ ২ ১ ১ ৪
২ ৩ ৪ ৫ য়ি । ভাবাতন্না । ক্রমুঃগো । মাভা ৩ অ ঔ ৩ ৩ ৩ দী

৫ ২ ১২ ২ ১ ন ৩২ ২ ১১১১১
২ ৩ ৪ বা দুহাঔ ৩ হো । নোবা ২ । ভ্রউ ৩ ৪ ৫ । বা ৩ না ২ ৩ ৪ ৫

৪ র ৩র৪ ৩র৪ ৫ ২ ২ ৪ ১২
য়ি ॥ (২) দুহানোবভ্রচ্ছান । এ ৩ । ঔ ৩ হে ৫ বাহ্২ । দুহা ৩ ।

১র A ৩২ ২ র২ ১ ২ ২ ১ ২
নোবা ২ ; ভ্রউ ২ ৩ ৪ ৫ য়ি । ঘর্ণ ৩ । [illegible] হারা । আ । ঔ ৩

৪ ৫ ২ ২ ২ ১ ন ৩২
হো ৩ । পা ২ ৩ ৪ ৫াঃ । কুঔ ৩ হো । আ ২ য়ি । গো ৩ ৪ ৫ ।

২ ১১১১১
প্র ৩ ক্রিমা ২ ৩ ৪ ৫ (২) ॥

• • •

২ ১ ৪র র ৫ ২ ১ ২র ১র ১ ২
১৩। ভবাহা ২ ৩ ৮ সোমরারণাউ । সমাইন্দোনিবেশনে । [illegible] ১ যন ২ ৩ ।

১ ২ ২ ১র ২ ১ ২ ১ ২ ২ ১ ২
ভোবা ৩ হা । দ্রোণিচর । ভিমাযা ১ বা ২ ৩ । হোবা ৩ হায়ি । পরাক্রিয়া ২

১২ ২ ১ র ২ ১ ২
হ্বিভ্রা২৩। হোবা৩গন্ধি। ভাং৩ভৎ। ঈড়া২৩৫া৩৪৩।

১
ও২৩৪৫ঈ। ডা(১)॥

* * *

১২র ২র র ১ ২১ ২র ১র২র ১ ২১র
১৪। তবা৬হং সোমরারণ। হুবে২৩। সখ্যাইন্দোদিবেদিবে। হুবে২৩। পুরূণি

২ র ১ ২ ১র ২ ১ ২ ১র ১১র ২ ১
বভ্রোনিচরন্তিমামব। হুবে২৩। পরিধীঁ৬রতিতা৬ঁইহি। হুবে২৩॥ (১)

২ ১র ২ ৩র ২ ১ ২ ১র ১১র ২ ১
পরিধীঁ৬রতিতা৬ঁইহি। হুবে২৩। পরিধীঁ৬রতিতা৬ঁইহি। হুবে২৩।

১২র১ ২১২২ র ১২র ১ ২র১র২১২২ ১
তবাহংনক্তমুতসোমতেদিবা। হুবে২৩। দুহানোবভ্রঊধনি। হুবে২৩ (২)

২ ১র২১২২ ১ ২র১র ২১র২ ১ ২১র২
দুহানোবভ্রঊধনি। হুবে২৩। দুহানোবভ্রঊধনি। হুবে২৩। ঘৃণাতপন্তং

১২.র ২ ১ ২ ১র ২ ১ ১
মতিসূর্য্যম্পরঃ। হুবে২৩। শকুনাইবপপ্তিম। হুবে২৩। হুবে২৩।

১ ২ ২ ২ ৫র র ২১র র র ১র ৩
হোবা৩হা৩। হা৩৪। ঔ৩হোবা। অর্কোদেবানা২ম্। পরমে২ব্যোম২

১১১১
মা২৩৪৫ন(৩)॥

* * *

১২র১ ২র র ৫১র ২ ১২
১৫। তবা৬হং সোম। রা২রণা। সখ্যইন্দোদিবে২৩দিবাই। পুরূ১

১ ১ ১র ২ ১র
ণীবভ্রো১। নিচরা২ন্তিমামবা। পরিধী২৩রতা। তিতা৬ঁইহা২৩

২ ২ ১র ২ ১ র ১১র
ঈহা৩৪৩ঈ। (১) পারিধী৬রতি। হা২তা৬ঁইহি। পারিধী৬রতিতা৬ঁইহা

২ ১২ ১১ ১র র ২
২৩ইহ্ঈহি। তবা১হন্না২। ক্তমুতসোমে২। মতেদিবা দুহানোব২৩ভ্রা।

১র ২৭ ২র১র২ র ১ র র ১১র
ঊধা২৩না৩৪৩য়ি। (২) দুহানোবভ্রো। ঊ২ধনাস্নি। দুহানোবভ্রঊধা

২ ১২ -- ৭ -- ১ ২
২ ৩ মাশ্নিঃ। ঘার্ণা ১ ভাপা ২। তামভার্ম্মিণ ২। রিয়ম্পরাঃ। শকুনঃ ২ ৩ আয়ি।

১ ২র ২
বপপ্তা ২ ৩ ম্নিম ৩ ৪ ৩। ও ২ ৩ ৪ ৫ ঈ। ডা (৮)।

⁂

৩ র র র ১ ২ ১ ২র ১২২র ১ ২ -- ১ ২
১৬। ভগাংৎ সোমধারাণা। পধাউন্দো'পবে পবে। পুরূণা ১ মিবা ২। ভ্রোণিচর।

১ ২ — ১ ২ ১র ন ৩
হিমামা ১ বা ২ ১ পরিধা ২ ৩ যিভ্রা। ভিভান্। আ ২ বিতা ২ ৩ ৪

৫র র ২ র র ১ ২ ১র ২১র ২
ঔহোবা। (১) পরিধীংরতিভাংআয়িহায়ি। পরিগীংরতিভাংইঁহ।

১ ২ — ১ ২র ১ ২ — ১র ২
তবাহা ১ য়া ২। ক্ষামুভসো। মন্তায়িপা ১ য়িগা ২। ডুতানো ২ ৩ বা।

১র ন ৩ ৫র র ২র র র১২ র১র ২১র২
ভ্রউ। ধা ২ না ২ ৩ ৪ ঔহোবা॥ (২) জুতানোবভ্রউধ্যা'ন্য। জুহানো বভ্রউধনি।

১ ২ ১ ২র ১২ — ১ ২ ১
ষ্মণান্তা ১ পা ২। তাম'ভস্। রিয়াম্পা ১ রা ২ঃ। শকুনা ২ ৩ আয়ি। রপণ

র ৩ ৫র র ২র১৩১১১১
স্তা ২ য়িয়া ২ ৩ ৪ ঔহোবা। বিদ্যাবস্থ ২ ৩ ৪ ৫ (৩)॥ ১:২॥

—— * ——

প্রথমং সাম।

৩ ১ ২ ৩ ২উ ৩ ২ ৩ ১ ২
পুনানো অক্রমীদভি বিশ্বা মৃধো বিচর্ষণিঃ।
৩২ ৩ ১ ২ ৩ ১ ২
শুম্ভন্তি বিপ্রং ধীতিভিঃ॥ ১॥

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্র গ্রথিত ষোড়শটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে,—(১) "আষ্টাদংষ্ট্রাত্তরম্" (২) "আভ্যশগোত্তরম্" (৩) "স্বঃপৃষ্ঠম্" (৪) "অভীবর্ত্তম্" (৫) "উৎসেধম্" (৬) "জনিত্রাদ্যাম্" (৭) "নমস্তম্" (৮) "যৌধাজয়ম্" (৯) "পৌরুহন্মনম্" (১০) "দৈর্ঘতমম্" (১১) "গৌঙ্গবম্" (১২) "অনিধনন্যাস্তম্" (১৩) "পৃশ্নি" (১৪) "অর্কপুষ্পাদ্যম্" (১৫) "বার্হদুক্থম্" (১৬) "মাণ্ডবম্"।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিচর্ষণিঃ' (সর্ব্বস্য দ্রষ্টা, সর্ব্বজ্ঞ ইত্যর্থঃ) 'পুনানঃ' (পবিত্রঃ—শুদ্ধসত্ত্বঃ ইতি যাবৎ) 'বিশ্বা' ('বিশ্বান, সর্ব্বান' 'মৃধঃ' 'রিপূন') 'অতি অক্রমীৎ' অতিক্রামতি, পরাজয়তি); শুদ্ধসত্ত্বঃ হৃদ্গতান্ রিপুশত্রূন্ দূরং করোতি ইতি ভাবঃ; তথা ভগবান্ 'মতিভিঃ' (সদ্বুদ্ধিভিঃ) 'বিপ্রং' (মেধাবিনং, ক্রান্তদর্শিনং জনং ইত্যর্থঃ) শুম্ভন্তি (অলঙ্কুর্ব্বন্তি অলঙ্করোতি ইত্যর্থঃ)। আত্মোৎকর্ষসম্পন্নঃ সাধকঃ রিপুজয়ী ভবতি, সঃ ভগবৎকৃপয়া শুভবুদ্ধিং লভতে ইতি ভাবঃ। (৫অ ৪খ ৩সূ—১সা)॥

⁂

বঙ্গানুবাদ।

সর্ব্বজ্ঞ পবিত্র শুদ্ধসত্ত্ব সমস্ত রিপুকে পরাজিত করেন; (ভাব এই যে,—শুদ্ধসত্ত্ব হৃদ্গত রিপুশত্রুদিগকে বিদূরিত করেন); তখন ভগবান্ সদ্বুদ্ধির দ্বারা সেই মেধাবী ব্যক্তিকে অলঙ্কৃত করেন। (ভাব এই যে,—আত্মোৎকর্ষসম্পন্ন সাধক রিপুজয়ী হয়েন; তিনি ভগবৎকৃপায় শুভবুদ্ধি লাভ করেন)। (৫অ—৪খ—৩সূ—১সা)॥

⁂

সায়ণ-ভাষ্যং।

'পুনানঃ' পূয়মানঃ 'বিচর্ষণিঃ' বিদ্রষ্টা সোমঃ 'বিশ্বা' সর্ব্বান্ 'মৃধঃ' হিংসকান্ শত্রূন্ 'অতি অক্রমীৎ' অতিক্রান্তবান্, তং 'বিপ্রং' মেধাবিনং 'মতিভিঃ' সর্ব্ব ভরণিবাদিভিঃ স্তোতৃভিঃ 'শুম্ভন্তি' দীপয়ন্তি অলঙ্কুর্ব্বন্তি॥ (৫অ-৪খ-৩সূ-১সা)॥

⁂

প্রথম (৯২৪) সামের মর্ম্মার্থ।

'যাদৃশী ভাবনা যস্য সিদ্ধিঃ ভবতি তাদৃশী'—যাহার যেমন ভাবনা তিনি তদনুরূপ ফলও লাভ করিয়া থাকেন। যিনি আপনাকে সর্ব্বপ্রকারে পবিত্র রাখিতে ইচ্ছা করেন, ভগবান্ তাঁহাকে তদনুরূপ শক্তি ও প্রবৃত্তি প্রদান করেন; যিনি আত্মোৎকর্ষসাধনে তৎপর, তিনি জ্ঞান ও বুদ্ধি প্রাপ্ত হয়েন। বিশ্বমঙ্গল নীতির বিরোধী না হইলে সকলের আন্তরিক প্রার্থনাই পূর্ণ হয়। যিনি সৎপথে থাকিয়া আপনাকে পবিত্র ও উন্নত করিতে চাহেন, ভগবান তাঁহাকে সেইরূপ বুদ্ধি প্রদান করিয়া মোক্ষলাভের পথে পরিচালিত করেন। তাই এই মন্ত্রে বলা হইয়াছে—মেধাবী ব্যক্তিকে ভগবান সদ্বুদ্ধি প্রদানের দ্বারা অলঙ্কৃত করেন। যিনি আপনাকে পবিত্র রাখিতে বদ্ধপরিকর, তিনি নিশ্চতই রিপুজয়ের দিকে মনোনিবেশ করিবেন। কারণ, তাহা না হইলে সাধনার প্রাথমিক অংশই অসম্পূর্ণই থাকিয়া যায়। আর যিনি ঐকান্তিকভাবে রিপুজয়ের জন্য সচেষ্ট হয়েন, ভগবানের মঙ্গল বিধানে তিনি তাহাতে কৃতকার্য্যও হইয়া থাকেন।

'ধীতিভিঃ' পদে বিবরণকার "কর্ম্মভিঃ বুদ্ধিভিঃ বা" অর্থ গ্রহণ করিয়াছেন। আমরা তাঁহারই অনুসরণে 'সদ্বুদ্ধিভিঃ' অর্থ গ্রহণ করিয়াছি। ভগবান্ তাঁহার সন্তানকে যে বুদ্ধি প্রদান করেন তাহা সদ্বুদ্ধি, তাহা পরিণামে অশেষ মঙ্গলের পথে মানুষকে পরিচালিত করে। তাই "ধীতিভিঃ" পদে 'সদ্বুদ্ধিভিঃ' অর্থ গ্রহণ করা হইয়াছে। 'বিচর্ষণিঃ' পদে পূর্ব্বাপরই 'আত্মোৎকর্ষসাধক' 'সর্ব্বজ্ঞ' প্রভৃতি অর্থ করা হইয়াছে। এখানেও ঐ অর্থে সঙ্গতি লক্ষিত হয়। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা দৃষ্টে অবগত হওয়া যাইবে ॥ (৫অ—৪খ—৩সূ—১সা) ॥

দ্বিতীয়ং সাম।

১ ২র ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
আ যোনিমরুণোরুহদ্গামদিন্দ্রো বৃষা সুতম্।
৩ ১ ২র
ধ্রুবে সদসি সীদতু ॥ ২ ॥ *

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অরুণঃ' (অরুণবর্ণঃ, জ্যোতির্ম্ময়ঃ দেবঃ) 'যোনিং' (উৎপত্তিস্থানং, অস্মাকং হৃদয়ং ইত্যর্থঃ) 'আরুহৎ' (আরোহতু, প্রাপ্নোতু); 'বৃষা' (অভীষ্টবর্ষকঃ) 'ইন্দ্রঃ' (বলাধিপতিদেবঃ) 'সুতং' (অভিষুতং, অস্মাকং বিশুদ্ধং সত্ত্বভাবং ইতি যাবৎ) 'গমৎ' (গত্বা, গৃহীত্বা, ইতি ভাবঃ) 'ধ্রুবে' (স্থিরে, নিশ্চিতে, পূজাপরায়ণে প্রার্থনাপরায়ণে) 'সদসি' (স্থানে, অস্মাকং হৃদি ইত্যর্থঃ) 'সীদতু' (অধিতিষ্ঠতু)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মাকং হৃদি আবির্ভবতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ-৪খ-৩সূ—২সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

জ্যোতির্ম্ময় দেব আমাদিগের হৃদয়কে প্রাপ্ত হউন; অভীষ্টবর্ষক বলাধিপতি দেবতা আমাদিগের বিশুদ্ধ সত্ত্বভাব গ্রহণ করিয়া প্রার্থনাপরায়ণ আমাদিগের হৃদয়ে অধিষ্ঠান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগের হৃদয়ে আবির্ভূত হউন।) ॥ (৫অ—৪খ—৩সূ—২সা) ॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প-৫অ-৩খ ২সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চত্বারিংশ সূক্তের প্রথমা ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, ত্রিংশ বর্গের অন্তর্গত)।

সায়ণ-ভাষ্যং।

অয়ং 'অরুণঃ' অরুণবর্ণঃ সোমঃ 'যোনিং' স্থানং দ্রোণকলশং 'আরুহৎ' আরোহতি, ততো 'বৃষা' কামানাং বর্ষকঃ 'ইন্দ্রঃ' 'সুতং' অভিষুতং সোমং 'গমৎ' গচ্ছতি, গত্বা 'ধ্রুবে সদসি' স্থিরে স্থানে দ্যুলোকাখ্যে 'সীদতি' নিবসতি॥ 'ইন্দ্রোবৃষাসুতং'— 'ইন্দ্রং বৃষাসুতঃ'—ইতি পাঠৌ॥ (৫অ ৪খ ৩দ্—২সা)॥

দ্বিতীয় (৯২৫) সামের মর্ম্মার্থ।

পূর্ব্ব মন্ত্রে সোমকে 'বভ্রু' অর্থাৎ পিঙ্গলবর্ণ বলা হইয়াছে। বর্ত্তমান মন্ত্রে আবার বলা হইতেছে - 'অয়ং অরুণবর্ণঃ সোমঃ'। 'সোম' শব্দ মূল মন্ত্রে নাই, উহা ব্যাখ্যাকারগণ অধ্যাহার করিয়া আনিয়াছেন। সুতরাং আমরা দেখিতেছি যে, এই অধ্যাহারের ফলে সোম বহুরূপী হইয়া উঠিতেছে। কখন শুভ্রবর্ণ কখন পিশঙ্গবর্ণ আবার কখন বা অরুণবর্ণ! যাহা হউক আমরা এখানে সোমকে পাই নাই এবং তাহা অধ্যাহার করিবার কোন প্রয়োজনও নাই। 'অরুণঃ' পদে 'জ্যোতিঃ' ও জ্যোতিঃসমন্বিত বস্তুকে লক্ষ্য করে। সকল জ্যোতির যিনি জ্যোতিঃ, যাহা হইতে বিশ্বের সকল জ্যোতিঃ স্ফুরিত হয়, সেই পরম জ্যোতির্ম্ময় দেবকেই 'অরুণঃ' পদ লক্ষ্য করিতেছে। তিনিই সর্ব্বজ্যোতিঃর আধার; তিনি আলোর আলো, জীবনের জীবন। তাঁহাকে লাভ করিবার জন্যই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। তিনি আমাদের হৃদয়ের বিশুদ্ধ সত্ত্বভাব গ্রহণ করেন; এবং এই আদান-প্রদানের ভিতর দিয়াই ভগবানের সহিত ভক্তের মিলন সাধিত হয়। সেই পরমদেবতা আমাদিগের হৃদয়ে অধিষ্ঠিত হউন, মন্ত্রের প্রার্থনার ইহাই সারমর্ম্ম॥ (৫অ ৪খ ৩দ্ ২সা)। *

* * *

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
নূনো রয়িং মহামিন্দোঽস্মভ্যং সোম বিশ্বতঃ।
১ ২ ৩ ১ ২
আ পবস্ব সহস্রিণম্॥ ৩॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের চত্বারিংশ সূক্তের দ্বিতীয়া ঋক্ (ষষ্ঠ অষ্টক, অষ্টম অধ্যায়, ত্রিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

'ইন্দো সোম' (হে বিশুদ্ধ সত্ত্বভাব!) ত্বং 'নঃ' (অস্মভ্যং) 'বিশ্বতঃ' (সর্ব্বতোভাবেন, সম্যক্‌রূপেণ) 'মহাং' (মহান্তং) 'সহস্রিণং' (সহস্রসংখ্যাতং, প্রভূতপরিমাণং ইত্যর্থঃ) 'রয়িং' (পরমধনং) 'নু' (ক্ষিপ্রং) 'আপবস্ব' (প্রক্ষর, প্রযচ্ছ)। প্রার্থনামূলকোঽয়ং মন্ত্রঃ। ভগবৎকৃপয়া শুদ্ধসত্ত্বপ্রভাবেন বয়ং পরমধনং লভেম ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ—৪খ—৩সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ ।

হে বিশুদ্ধ সত্ত্বভাব! আপনি আমাদিগকে সম্যক্‌রূপে মহান্ প্রভূতপরিমাণ পরমধন ক্ষিপ্র প্রদান করুন (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবৎকৃপায় শুদ্ধসত্ত্বপ্রভাবে আমরা যেন পরমধন লাভ করি।) ॥ (৫অ—৪খ—৩সূ—৩সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

হে 'সোম'! অভিষুতস্ত্বং হে 'ইন্দো'! 'নঃ' অস্মভ্যং 'নু' ক্ষিপ্রং 'মহাং' মহান্তং 'সহস্রিণং' অসংখ্যাতং 'রয়িং' ধনং 'বিশ্বতঃ' 'আ পবস্ব' সর্ব্বতঃ পরিস্রব ॥ ৩ ॥

ইতি পঞ্চমস্যাধ্যায়স্য চতুর্থ খণ্ডঃ ॥ ৪ ॥

* * *

তৃতীয় (৯২৬) সামের মর্ম্মার্থ

মন্ত্রটী সরল প্রার্থনামূলক। প্রচলিত ব্যাখ্যাদিতেও অন্যভাব পরিগৃহীত হয় নাই। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল,—"হে সোম! হে ইন্দো! তুমি অভিষুত হইয়া আমাদের উদ্দেশে শীঘ্র মহান সহস্রসংখ্যক ধন চারিদিক হইতে ক্ষরিত কর।" মন্ত্রটী সরল প্রার্থনামূলক হইলেও মন্ত্রান্তর্গত কয়েকটী পদ ও তাহার প্রচলিত ব্যাখ্যার প্রতি একটু মনোযোগ দেওয়া প্রয়োজন মনে করি। মন্ত্রে একটী 'সোম' শব্দ আছে, ভাষ্যাদিতে তাহার বিশেষ কোনও ব্যাখ্যা করেন নাই। ঐ সোম পদের সঙ্গে সম্বন্ধযুক্ত 'আপবস্ব' পদ আছে—তাহার অর্থ করা হইয়াছে, 'পরিস্রব' অর্থাৎ প্রদান কর। এ ব্যতীত অন্য অর্থ করিবার উপায় নাই। কারণ 'পবস্ব' ক্রিয়াপদের গৌণকর্ম্ম 'অস্মভ্যং' পদ মন্ত্রে আছে। তাই অর্থ করিতে হইয়াছে—'আমাদিগকে প্রদান কর।' কিন্তু অন্যস্থলে এই 'সোম পবস্ব' পদদ্বয় থাকিলে তাহার অর্থ করা হইত,—"হে সোমরস, তুমি ক্ষরিত হও।" অর্থাৎ সোমরসকে তরল মাদক-দ্রব্যরূপে গ্রহণ করা হইত। কিন্তু বর্ত্তমান মন্ত্রে এই 'সোম' ও

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'পবমান' পূয়মান! 'দৈব্য' দেবসম্বন্ধি সোম! 'দ্যুমত্তমঃ' অতিশয়েন দীপ্তিমান 'ত্বং হি' ত্বমেব 'অঙ্গ' ক্ষিপ্রং 'ঘোষয়ন্' শব্দয়ন শব্দং কুর্ব্বন্ 'জনিমানি' দেবসম্বন্ধীনি জন্মান্যভিলক্ষ্য 'অমৃতত্বায়' অমরণায় আগচ্ছেতি শেষঃ॥ 'দৈব্য' - 'দৈব্যা' ইতি পাঠৌ, 'ঘোষয়ন্' —'ঘোষঃ' - ইতি চ॥ (৫অ—৬খ—২সূ—১সা)॥

* * *

প্রথম (৯৩৮) সামের মর্ম্মার্থ।

*

মন্ত্রটী নিত্যসত্য-প্রখ্যাপক। সত্ত্বভাব দেবতাকে জানেন, অর্থাৎ সত্ত্বভাব লাভ করিলে মানুষ পরাজ্ঞান প্রাপ্ত হয়েন। শুদ্ধসত্ত্বের দ্বারাই দেবতত্ত্ব জানা যায়। দেবতা অথবা দেবভাব শুদ্ধসত্ত্ব হইতে উৎপন্ন। সুতরাং সেই শুদ্ধসত্ত্বলাভ করিলে মানুষ দেবভাবের অধিকারী হয়।

সত্ত্বভাব মানুষকে অমৃতত্বলাভের জন্য আহ্বান করেন। যাঁহারা সত্ত্বভাব লাভ করেন, তাঁহারা অমর হয়েন। দেবগণ এই সত্ত্বভাবের অধিকারী বলিয়া তাঁহারা অমর। দেবগণ যে অমৃত পান করেন, তাহা সত্ত্বভাব ব্যতীত আর কিছুই নয়।

প্রচলিত একটী বঙ্গানুবাদ উদ্ধৃত হইল, তাহা হইতে পরিদৃষ্ট হইবে যে, এই মন্ত্রে সোমরসকে আনিয়া প্রকৃত ব্যাখ্যা সম্বন্ধে কিরূপ অর্থান্তর ঘটান হইয়াছে, এবং প্রকৃত ব্যাখ্যা সম্বন্ধে কিরূপ কৈফিয়ৎ দেওয়া হইয়াছে। বঙ্গানুবাদটী এই,—"হে সোম! তোমার ন্যায় উজ্জ্বল কিছুই নাই। তুমি যখন ক্ষরিত হও, তখন দেবতা-বংশজাত তাবৎ ব্যক্তিকে অমরত্ব দিবার নিমিত্ত আহ্বান করিতে থাক।" ব্যাখ্যাকার এই অনুবাদের টীকায় লিখিয়াছেন,—"অমৃতপান করিয়া দেবগণের অমরত্ব লাভ করারূপ পৌরাণিক গল্প সোমরসের বৈদিক বর্ণনা হইতে উৎপন্ন।" ব্যাখ্যাকার অমৃত ও অমরত্বকে নিছক 'গল্প'

বলিয়া উড়াইয়া দিবার চেষ্টা করিয়াছেন। এ সম্বন্ধে অধিক আলোচনা নিষ্প্রয়োজন। বেদমন্ত্রের কিরূপ অর্থবিকৃতি ঘটিয়াছে তাহা প্রদর্শন করিবার জন্য এইটুকু উদ্ধৃত হইল। আমাদিগের মত মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে, এখানে তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। (৫অ—৬খ—২সূ—১সা)॥ *

—— ◦ ——

দ্বিতীয়ং সাম।

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২উ
যেনা নবগ্বা দধ্যঙপোর্ণুতে
৩ ১ ২ ৩ ২
যেঁন বিপ্রাস আঁপিরে।
৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩
দেবানা৺ সুম্নে অমৃতস্য চারুণো
২ ৩ ২ ৩ ১ ২
যেন শ্রবা৺স্যাশত ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'নবগ্বা' (নবনীয়গতিঃ, উর্দ্ধগতিসম্পন্নঃ) 'দধ্যঙ্' (ধারণশীলঃ সাধকঃ) 'যেন' (যেন শুদ্ধসত্ত্বেন) 'অপোর্ণুতে' (অপচ্ছাদয়তি, জানাতি মোক্ষমার্গং ইতি যাবৎ); তথা 'বিপ্রাসঃ' (মেধাবিনঃ, জ্ঞানিনঃ) 'যেন' (যেন শুদ্ধসত্ত্বেন) মোক্ষং 'আপিরে' (প্রাপ্নুবন্তি) অপিচ 'যেন' (যেন শুদ্ধসত্ত্বেন) 'সুম্নে' (সুখায়, পরমানন্দ প্রাপ্তয়ে) সাধকাঃ 'দেবানাং' (সর্ব্বেষাং দেবানাং, যদ্বা ভগবতঃ) 'চারুণঃ' (কল্যাণস্য, কল্যাণরূপস্য) 'অমৃতস্য' 'শ্রবাংসি' (অন্নানি, পরাশক্তিং ইতি ভাবঃ) 'আশত' (লভন্তে) তং শুদ্ধসত্ত্বং বয়ং লভেম—ইতি শেষঃ। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং মোক্ষদায়কং ভগবৎপ্রাপকং শুদ্ধসত্ত্বং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (৫অ—৬খ—২সূ—২সা)॥

◦ ◦ ◦

বঙ্গানুবাদ।

উর্দ্ধগতিসম্পন্ন ধারণশীল সাধক যে শুদ্ধসত্ত্বের দ্বারা মোক্ষমার্গ জানেন, এবং জ্ঞানিগণ যে শুদ্ধসত্ত্বের দ্বারা মোক্ষপ্রাপ্ত হয়েন;

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩অ—৫অ ১১খ ৬স) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবমমণ্ডলের অষ্টাধিকশততম সূক্তের তৃতীয়া ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)।

অপিচ, পরমানন্দ প্রাপ্তির জন্য সাধকগণ সকল দেবগণের (অথবা ভগবানের) কল্যাণস্বরূপ অমৃতের পরাশক্তি লাভ করেন, সেই শুদ্ধসত্ত্ব আমরা যেন লাভ করি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন মোক্ষদায়ক ভগবৎপ্রাপক শুদ্ধসত্ত্বলাভ করিতে পারি।) ॥ (৫অ—৬খ—২সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'নবগ্বা' নবনীয়-গতিঃ যদ্বা নবভির্ম্মাসৈঃ সত্রস্যানুষ্ঠানাৎ 'দধ্যঙ্'—এতন্নামকঃ অঙ্গিরাঃ 'যেন' সোমেন পণিভিরপহৃতানাং 'দ্বারং' 'অপোর্ণুতে' অপচ্ছাদয়ান্ত বিবৃতমকার্ষীৎ 'বিপ্রাসঃ' তৎ মুখ্যাঃ সর্ব্বে মেধাবিনোঽঙ্গিরসঃ 'যেন' চ সোমেন 'আপিরে' তৈরপহৃতা গাঃ আপ্নুবন্ কিঞ্চ 'দেবানাং' ইন্দ্রাদীনাং 'সুম্নে' সুখে যজ্ঞেন সঞ্জাতে সতি 'চারুণঃ' কল্যাণস্য 'অমৃতস্য' উদকস্য সম্বন্ধীনি 'শ্রবাংসি' অন্নানি 'যেন' চ সোমেন যজমানাঃ 'আনশত' ব্যাপ্নুবৎ অলভন্ত ; স ত্বং দেবানামমরণায়াগচ্ছেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ 'নবগ্বা'-'নবগ্বো' ইতি—পাঠৌ, 'আনশত'—'আনশুঃ'—ইতি চ ॥ (৫অ-৬খ—২সূ—২সা) ॥

* * *

দ্বিতীয় (৯৩৯) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। মন্ত্রের মধ্যে প্রার্থনাসূচক কোন পদ নাই সত্য, কিন্তু মন্ত্রটী সমগ্রভাবে বিচার করিলে প্রার্থনার ভাব আপনিই পরিস্ফুট হইয়া উঠে। প্রচলিত ব্যাখ্যাদির সহিত মন্ত্রের ব্যাখ্যা-প্রসঙ্গে যথেষ্ট অনৈক্য ঘটিয়াছে। ভাষ্যকার যে ব্যাখ্যা করিয়াছেন তাহাতে মন্ত্রার্থ অসম্পূর্ণ রহিয়া গিয়াছে। অধিকন্তু তিনি 'দ্বারং' একটী পদ অধ্যাহার করিয়াছেন। ভাষ্যকার তিন বার যদ্ (যেন) শব্দের ব্যাখ্যা দিয়া, অব্যবহিত পূর্ব্বমন্ত্রের সহিত বর্ত্তমান মন্ত্রটীকে অন্বিত করিয়াছেন। তাহাতে মন্ত্রটী নিত্যসত্যমূলক হইয়া দাঁড়াইয়াছে। প্রচলিত অন্য দুই একটী ব্যাখ্যাতেও মন্ত্রটীকে নিত্যসত্যমূলক বলিয়া গ্রহণ করা হইয়াছে। অবশ্য এই মন্ত্রের নিত্যসত্যমূলক ব্যাখ্যা যে অসঙ্গত তাহা বলিতেছি না, কিন্তু মন্ত্রে প্রার্থনার ভাবই অধিকতর পরিস্ফুট।

কিন্তু প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদের মতভেদের কারণ আরও গভীর। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল ; তাহা দ্বারা আমাদের সহিত প্রচলিত ব্যাখ্যাদির পার্থক্য স্পষ্ট অনুভূত হইবে। অনুবাদটী এই,—"তুমি সেই সোম, যাহার সাহায্যে অঙ্গিরবংশসম্ভূত দধ্যঙ্ নামক ব্যক্তি তাহার নিজের অপহৃত গাভীর সন্ধান পাইয়াছিলেন যাহার সাহায্যে তাহার মেধাবী পুত্রেরা সেই গাভী প্রাপ্ত হয় ; যাহার সাহায্যে সুচারুরূপে যজ্ঞকার্য্য সম্পন্ন হইয়া দেবতারা পরিতোষ প্রাপ্ত হইলে যজ্ঞকর্ত্তা ব্যক্তিগণ অন্নলাভ করিয়া থাকেন।"

এই ব্যাখ্যা হইতে পরিদৃষ্ট হইবে যে,—এক 'দধাঙ্' পদকে উপলক্ষ করিয়া ব্যাখ্যাকারগণ এক প্রকাণ্ড উপাখ্যানের সৃষ্টি করিয়াছেন। ভাষ্যকার এই ব্যাখ্যারও একধাপ উপরে গিয়া সেই গাভীগুলি যে 'পণি' নামক অসুর কর্ত্তৃক অপহৃত হইয়াছিল তাহাও বলিয়া দিয়াছেন। কিন্তু 'দধ্যঙ্' পদের অর্থ 'ধারণশীল'। যিনি সত্যকে, জ্ঞানকে, ধারণ করিতে পারেন, তাঁহাকেই 'দধ্যঙ্,' পদে লক্ষ্য করে। এ সম্বন্ধে আমাদের ব্যাখ্যাত ঋগ্বেদ-সংহিতা (১ম—১৬৭সূ—১২ ঋক্) দ্রষ্টব্য। এখানে 'পণি' 'অঙ্গিরস' প্রভৃতির অবান্তর উপাখ্যানের অবতারণা করার কোন সার্থকতা নাই। আমরা যে দৃষ্টিতে মন্ত্রের অর্থ গ্রহণ করিয়াছি তাহা আমাদের মর্ম্মানুসারিণী ব্যাখ্যা ও বঙ্গানুবাদে পরিদৃষ্ট হইবে। (৫অ-৬খ-২সূ-২সা।) ॥ ৩ ॥

দ্বিতীয় সূক্তের গেয় গান।

১২ ১ ২ ১২ ২ ১ ২র ১ ২র ১ ৭ —
১। তুং৺হী। অঙ্গদৈবা ২ ৩ য়া। পাবমানজনিমানি। দ্যুমত্তামা ২ ঃ।

১ ২ ২ ৪ ৫ ৪ ৫ ১ ২ ১ ২র ১র
অমার্ত্তা ৩ ত্বা ৩। য়ঘোবা। বা ৫ য়ো ৬ হায়ি॥ (১) অমৃত্তা। ত্বায়ঘোযা ২ ৩

২ ১ঃ ২র ২র ১ ২ — ১র ২ ২
য়ান্। যা রিনানবথ দধাঙ্। আপো ১ র্ণৃতা ২ রি। যেনাবা ৩ য়িপ্রা ৩।

৪ ৫ ৪ ৫ ১র২১ ২র ১র ২
সওবা। পা ৫ য়িরো ৬ হায়ি॥ (২) যেনবী। প্রাসআপা ২ ৩ য়িরায়ি।

১ র২র ১র২ ১২ ১ ২ — ১র ২ ২
দায়িবানা৺ সুরেঅমৃত। স্বাচা ১ রুণা ২ ঃ। যেনাশ্রা ৩ বা।

৪ ৫ ৪ ৫
সিঘোবা। পা ৫ তো ৬ হায়ি (৩)॥

* * *

২ র ২ন ৩৪র৪ ৪৫র র ১ ৩ ৫
২। ত্ব৺ হ্যঙ্গদৈবা ৩ য়া। পবমানজানিমানিদ্যুমা। হুম্। ভা ২ ৩ ৪ মাঃ।

১ ২ ২ র ১র ২ ৫ ৪ ৫
আমা ৩ উবা। ভাহা। যস্তো ২ ৩ ৪ বা। বা ৫ য়ো ৬ হায়ি। (১)

২ রর ২^ ৩র৪র৩৪র ৩ ৪ ৫র ১ ৩ ৫
অমৃত্বায়ঘোষা ৩ য়ান্। যেনানবগ্বাদধাঙ্ঙপো। হুম্। ণৃ ২ ৩ ৪ ভায়ি।

১ ২ ২ ১র ২১ ৫ ৪ ৫
যায়িনা ৩ উবা। বিপ্রা। সও ২ ৩ ৪ বা। পা ৫ য়িরো ৬ হায়ি। (২)

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের অষ্টাধিকশততম সূক্তের চতুর্থী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, সপ্তদশ বর্গের অন্তর্গত)।

২র ১র র ২ ৪ র৩র৪র ৩র ৪৩৪৫ র ১ ৩ ৫
যেনাবপ্রাসআপা ৩ য়িরায়ি। দেবানাংসুম্নেঅমৃতস্যচা। হুম্। হ্ন ২ ৩ ৪ পাঃ।
১ ২ ২ ১র ২ ১ ৫ ৪ ৫
যাশ্নিনা ৩ উবা। শ্রবা। সিয়ো ২ ৩ ৪ বা। শা ৫ স্তো ৬ হায়ি (৩)॥

* * *

১২ ১র — ১ র র ২ ১ ২
৩। তুব৺হিয়া। এ ২। গদঃ। বিয়া। পবমানজনিমানিমা'নদ্যুমত্তা ২ ৩ মাঃ।
— ১ ২ ১ ৫ ৪ ৫ ১ ২১র
আমা ২ ঔত্বা ২ ৩। য়বে ২ ৩ ৪ বা ঘ' ৫ য়ো ৬ হায়ি॥ (১) অমৃতত্বা।
— ১ র র ২ ১র ২ ১ —
এ ২ য়ঘোঃ। ষয়ান্। যেনানবগ্বোদধ্যঙ্ঙপোর্ণু ২ ৩ তায়ি। যাশ্নিনা ২ঃ
১ ২ ১ ৫ ৪ ৫ ১র ২১র
যাশ্নিপ্রা ২ ৩। সও ২ ৩ ৪ বা। পা ৫ য়িরো ৬ হায়ি॥ (২) যেনাবপ্রা।
— ১ র রর র র ২ ১র ২ ১ —
এ ২। সআ। পিরায়ি। দেবানা৺সুম্নেঅমৃতস্যচারু ২ ৩ ণাঃ। যাশ্নিনা ২ঃ
১ ২ ১ ৫ ৪ঃ ৫
শ্রাবা ২ ৩। সিয়ো ২ ৩ ৪ বা। শা ৫ স্তো ৬ হায়ি (৩)॥

* * *

৩ ২ র ৫ ৫ ১ র র — ১
৪। তুবা ৩ ৪ ম্। হিয়ঙ্গদৈবিয়। ও ৬ বা। পবমানজনিমানিদ্যুমত্তা ২ মাঃ।
— ১ ২ ২ ১ ২রu ৩র ২ ১
আ ২ মা। তা ২ ৩ ত্বা। যঘো ২ হো। বাহা ৩ ৪ ৩ য়ি। বা ২ ৩ ৪
৫ ৫ ৩ ২ র র র ৫ ৫ ১র র ন
য়ো ৬ হায়ি॥ (১) অমা ৩ ৪। ঃ তায়ঘোষয়ন্। ও ৬ বা। যেনানবগ্বোদ-
১ — ১ ২ ১A ২ন
ধ্যঙ্ঙপোর্ণু ২ তায়ি। য়া ২ শ্নিনা। বা ২ ৩ য়িপ্রা। সঔ ৪ হো।
৩র২ ২ ৫ ৫ ৩র২ র
বাহা ৩ ৪ ৩ য়ি। পা ২ ৩ ৪ য়িরো ৬ হায়ি॥ (২) যেনা ৩ ৪। বিপ্রাস-
র র ৫ ৫ ১রর র র র — ১ — ১
আপিরে। ও ৬ বা। দেবানা৺সুম্নেঅমৃতস্যচারু ২ ণাঃ। যা ২ শ্নিনা।
২ ১s ২রn ৩র২ ১ ৫ ৫
শ্রা ২ ৩ বা সিয়ো ৩ হো। বাহা ৩ ৪ ৩ য়ি। শা ২ ৩ ৪ স্তো ৬ হায়ি (৩)॥১॥*

---

* এই সূক্তান্তর্গত দুইটী মন্ত্রের একত্রগ্রথিত চারিটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে, (১) "বৃহৎকম্" (২) "স্বারসৌপর্ণম্" (৩) "শাক্কম্" এবং (৪) "গত্রাসাদীয়ম্"।

প্রথমং সাম।

১ ২ ৩ ২ ৩ ২উ ৩ ২ ৩ ১ ২
সোমঃ পুনান ঊর্ম্মিণাব্যং বারং বি ধাবতি।
১ ২ ৩ ১ ২র ৩ ১ ২
অগ্রে বাচঃ পবমান কনিক্রদৎ॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পুনানঃ' (পবিত্রকারকঃ) 'সোমঃ' (শুদ্ধসত্ত্বঃ) 'ঊর্ম্মিণা' (ধারয়া) 'অব্যং বারং' (জ্ঞানপ্রবাহং) 'বিধাবতি' (বিশেষেণ প্রাপ্নোতি, জ্ঞানেন সহ সম্মিলিতঃ ভবতি—ইত্যর্থঃ); 'পবমানঃ' (পবিত্রকারকঃ সঃ) 'বাচঃ অগ্রে' (স্তোত্রস্য অগ্রে, অস্মাকং স্তোত্রং লব্ধ্বা ইত্যর্থঃ) 'কনিক্রদৎ' (শব্দং করোতু, জ্ঞানং প্রযচ্ছতু—অস্মভ্যং ইতি শেষঃ)। মন্ত্রোহয়ং নিত্যসত্যপ্রখ্যাপকঃ প্রার্থনামূলকশ্চ। সত্ত্বভাবজ্ঞানয়োঃ মধ্যে অচ্ছেদ্যসম্বন্ধঃ বর্ত্ততে; বয়ং জ্ঞানসমন্বিতং সত্ত্বভাবং লভেম ইতি ভাবঃ॥ (৫অ—৬খ ৩সূ ১সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

পবিত্রকারক সত্ত্বভাব ধারারূপে জ্ঞানপ্রবাহকে বিশেষভাবে প্রাপ্ত হয়েন; অর্থাৎ জ্ঞানের সহিত মিলিত হয়েন; পবিত্রকারক তিনি আমাদিগের স্তোত্র লাভ করিয়া আমাদিগকে জ্ঞান প্রদান করুন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক এবং প্রার্থনামূলক। ভাব এই যে,—সত্ত্বভাব ও জ্ঞানের মধ্যে অচ্ছেদ্য সম্বন্ধ বর্ত্তমান আছে; আমরা যেন জ্ঞানসমন্বিত সত্ত্বভাব লাভ করি।) ॥ (৫অ—৬খ—৩সূ—১সা।) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'পুনানঃ' পূয়মানঃ 'সোমঃ' 'ঊর্ম্মিণা' স্বীয়য়া ধারয়া 'অব্যং' অবেঃ সম্বন্ধিনং 'বারং' পবিত্রং 'বি ধাবতি' বিবিধং গচ্ছতি। কীদৃশঃ সোমঃ? 'পবমানঃ' পূতঃ 'বাচঃ' স্তোত্রস্য 'অগ্রে' 'কনিক্রদৎ' পুনঃ পুনঃ শব্দং কুর্ব্বন্ বিধাবতি॥ 'অব্যং'—'অব্যো'—ইতি পাঠৌ॥ (৫অ ৬খ—৩সূ ১সা)॥

* * *

প্রথম (৯৪০) সামের মর্ম্মার্থ।

——§ : ০ : §——

জ্ঞান ও সত্ত্বভাবের মধ্যে অচ্ছেদ্য সম্বন্ধ বর্ত্তমান। ভগবানের এই দুই শক্তি—জ্ঞান ও শুদ্ধসত্ত্ব—একত্র অবস্থিতি করে। একটী বর্ত্তমান থাকিলে অন্যটী আসিয়া উপস্থিত হয়। তাই বলা হইয়াছে—"সত্ত্বভাব জ্ঞানের সহিত মিলিত হয়েন।"

মন্ত্রটীর দ্বিতীয় অংশে সত্ত্বভাবের নিকট পরোক্ষভাবে প্রার্থনা করা হইয়াছে। "আমরা তাঁহার নিকট প্রার্থনা করিতেছি, তিনি কৃপা করিয়া আমাদিগকে জ্ঞান প্রদান করুন।" সত্ত্বভাবসমুদ্ভূত যে জ্ঞান, তাহাই পরাজ্ঞান। তদ্দ্বারাই মানব মুক্তি লাভে সমর্থ হয়। এই মন্ত্রে সেই পরাজ্ঞান লাভের জন্য প্রার্থনা করা হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের অনৈক্য লক্ষিত হইবে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল। "ক্ষরণশীল সোম শব্দ করিতেছেন তাঁহার সম্মুখে স্তুতিবাক্য উচ্চারিত হইতেছে; তিনি শোধিত হইতে হইতে তরঙ্গের আকারে মেষের লোম অতিক্রম করিতেছেন।" (৫অ ৬খ—৩সূ—১সা)। *

—— • ——

দ্বিতীয়ং সাম।

৩　১ ২　　　৩　২ ৩　　২　৩　　১　২ ৩ ১ ২
ধীভির্মৃজন্তি বাজিনং বনে ক্রীড়ন্তমত্যবিম্।
৩　১　　২ ৩ ২　　৩ ২ ৩　　১ ২
অভি ত্রিপৃষ্ঠং মতয়ঃ সমস্বরন্ ॥ ২ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

সাধকাঃ 'ধীভিঃ' (স্তুতিভিঃ) 'বাজিনং' (বলবন্তং, আত্মশক্তিদায়কং ইত্যর্থঃ) 'বনে' (বননীয়ে, জ্যোতিষি) 'ক্রীড়ন্তং' (সংক্রীড়মানং) জ্যোতির্ম্ময়ং ইতি ভাবঃ 'অত্যবিং' (জ্ঞানং অতিক্রান্তং, পরাজ্ঞানং ইত্যর্থঃ) 'মৃজন্তি' (শোধয়ন্তি, হৃদি সমুৎপাদয়ন্তি); 'ত্রিপৃষ্ঠং' (ত্রিলোকং ত্রিকালং বা, নিত্যকালং সর্ব্বেষাং লোকানাং ইত্যর্থঃ) 'মতয়ঃ' (স্তোতয়ঃ) 'অভিসমস্বরন্' (সংস্তুবন্তি, প্রাপ্তুং প্রার্থয়ন্তি—তং পরাজ্ঞানং ইতি শেষঃ) নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। সাধকাঃ নিত্যকালং পরাজ্ঞানলাভায় প্রার্থয়ন্তি—ইতি ভাবঃ॥ (৫অ—৬খ-৩সূ ২সা)॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প—৫ম-১০ধ দ্রষ্টব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়ধিকশততম সূক্তের দশমী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, দশম বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

সাধকগণ স্তুতি দ্বারা আত্মশক্তিদায়ক জ্যোতির্ম্ময় পরাজ্ঞান হৃদয়ে সমুৎপাদন করেন; নিত্যকাল সকল লোকের স্তুতি সেই পরাজ্ঞান পাইবার জন্য প্রার্থনা করে। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—সাধকগণ নিত্যকাল পরাজ্ঞান লাভের জন্য প্রার্থনা করেন।)॥ (৫অ-৬খ—৩সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'বাজিনং' বলবন্তং বা 'নবনীয়ে' বসতীবর্য্যাখ্যে উদকে 'ক্রীড়ন্তং' সম্যক্‌ক্রীড়মানং 'অত্যাবিং' (অবিশব্দেন তদ্রোমকৃতং পবিত্রমভিধীয়তে) অতিক্রান্ত-পবিত্রং সোমং ঋত্বিজঃ 'ধীতিঃ' স্তুতিভিঃ 'মৃজন্তি' শোধয়ন্তি (যদ্বা, ধীভিঃ—বর্ণলোপশ্ছান্দসঃ, ধীতিভিঃ অঙ্গুলীভিঃ মৃজন্তি) কিঞ্চ 'ত্রিপৃষ্ঠং' (ত্রীণি পবিত্রানি দ্রোণকলশাধবনীয়পূতভৃদাত্মকানি পাত্রাণি স্পৃশতীতি ত্রীণি সবনানি বা স্পৃশতীতি স তথোক্তঃ তং) সোমং 'মতয়ঃ' স্তোতারঃ 'অভি সমস্বরন্' অভিতঃ সংস্তবন্তীতি। মৃজন্তি' - 'হিন্বন্তি' – ইতি পাঠৌ॥ ২॥

* * *

দ্বিতীয় (৯৪১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটীর প্রচলিত ব্যাখ্যাদিতে নানাবিধ কল্পনার খেলা দেখা যায়। মন্ত্রের সহিত ব্যাখ্যাগুলি একত্র মিলাইয়া পাঠ করিলে, একটী যে অন্যটীর ব্যাখ্যা তাহা মনে হয় না। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল, "দ্রুতগামী সোম মেষলোম অতিক্রমপূর্ব্বক জলমধ্যে ক্রীড়া করিতেছেন, স্তুতিবাক্য সহকারে তাঁহাকে চালাইয়া দিতেছে; তিন বার নিষ্পীড়নপূর্ব্বক তিনি প্রস্তুত হইতেছেন এবং স্তবের দ্বারা প্রতিধ্বনিত হইতেছেন।" ভাষ্যকারও উক্ত মন্ত্রের ব্যাখ্যা করিতে যাইয়া 'নবনীয়ে' বসতীবর্য্যাখ্যে উদকে অধ্যাহার করিয়াছেন। 'নবনীয়ে' পদ মূলে নাই। অধিকন্তু 'বনে' পদের ব্যাখ্যা পরিত্যাগ করিয়াছেন। ইহা ব্যতীত 'অত্যাবিং' 'ত্রিপৃষ্ঠং' প্রভৃত পদের ব্যাখ্যা সম্বন্ধেও আমাদের সহিত ভাষ্যাদির অনৈক্য ঘটিয়াছে। উক্ত পদসমূহের ব্যাখ্যা সম্বন্ধে আমরা পূর্ব্বে (পবমান পর্ব্বে) অনেক স্থলে আলোচনা করিয়াছি। সুতরাং এখানে তাহার বিশেষ আলোচনা নিষ্প্রয়োজন। মন্ত্রের ব্যাখ্যায় সোমরসকে আনিবার কোনও আবশ্যকতা দেখি না। মন্ত্রের মধ্যে একটী নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে; তাহার সারমর্ম্ম এই যে,—সাধকগণ নিত্যকালই পরাজ্ঞানলাভের জন্য ভগবানের নিকট প্রার্থনাপরায়ণ হয়েন। আমরা এই ভাবেই মন্ত্রটীকে গ্রহণ করিয়াছি। (৫অ ৬খ ৩সূ—২সা)। *

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষড়ধিকশততম সূক্তের একাদশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ২
অসর্জ্জি কলশাঁ অভি মীঢ্বাংৎসপ্তির্ন বাজয়ুঃ।
৩ ১ ২র ৩ ১ ২
পুনানো বাচং জনয়ন্নসিষ্যদৎ ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সপ্তিঃ ন' (যুদ্ধাশ্বঃ যথা শীঘ্রবেগেন রণক্ষেত্রং প্রবিশতি তদ্বৎ শীঘ্রং) 'বাজয়ুঃ' (যজমানানাং অন্নম্ ইচ্ছন্, সাধকেভ্যঃ শক্তিদায়কঃ) 'মীঢ্বান্' (সেক্তা, অভীষ্টবর্ষকঃ—শুদ্ধসত্ত্বঃ ইতি যাবৎ) 'কলশান্ অভি' (পাত্রেষু সাধকানাং হৃদি ইতি ভাবঃ) 'অসর্জ্জি' (উৎপাদিতঃ ভবতি); 'পুনানঃ' (পবিত্রকারকঃ) সঃ সত্ত্বভাবঃ 'বাচং' (শব্দং জ্ঞানং) 'জনয়ন্' (উৎপাদয়ন্ প্রযচ্ছন্ ইত্যর্থঃ) 'অসিষ্যদৎ' (স্যন্দতে, ক্রীড়তি, তেষাং হৃদি অধিতিষ্ঠতি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। অভীষ্টদায়কঃ শুদ্ধসত্ত্বঃ সাধকানাং হৃদি সমুদ্ভবতি—ইতি ভাবঃ ॥ (৫অ—৬খ—৩সূ—৩সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

যুদ্ধাশ্ব যেমন শীঘ্রবেগে রণক্ষেত্রে প্রবেশ করে, সেইরূপ শীঘ্রগতিতে, সাধকদিগকে শক্তিদায়ক, অভীষ্টবর্ষক শুদ্ধসত্ত্ব, সাধকদিগের হৃদয়ে উৎপাদিত হয়েন; পবিত্রকারক সেই সত্ত্বভাব জ্ঞান প্রদান করিয়া তাঁহাদিগের হৃদয়ে অধিষ্ঠান করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—অভীষ্টদায়ক শুদ্ধসত্ত্ব সাধকদিগের হৃদয়ে সমুদ্ভূত হয়েন।) ॥ (৫অ—৬খ—৩সূ—৩সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'বাজয়ুঃ' যজমানানামন্নমিচ্ছন্ 'মীঢ্বান্' সেক্তা সোমঃ 'কলশান্' 'অভি' লক্ষ্য, কলশেষু 'অসর্জ্জি' সৃজ্যতে। তত্র দৃষ্টান্তঃ 'সপ্তি' যথা সর্পণশীলোঽশ্বঃ সংগ্রামে সৃজ্যতে তদ্বৎ। ততঃ 'পুনানঃ' পূয়মানঃ সোমঃ 'বাচং' শব্দং 'জনয়ন্' উৎপাদয়ন্ 'অসিষ্যদৎ' পাত্রেষু স্যন্দতে। 'মীঢ্বান্' 'মেল্হ্বা'—ইতি পাঠে। (৫অ ৬খ ৩সূ—৩সা) ॥

* * *

তৃতীয় (৯৪২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদের অনৈক্য ঘটিয়াছে। তাহার প্রধান কারণ এই যে,—ভাষ্যাদি প্রচলিত ব্যাখ্যাতে সোমরসের সহিত মন্ত্রের সম্বন্ধ সূচিত হইয়াছে। মন্ত্রে সোমরসের কোন প্রসঙ্গ আছে বলিয়া আমরা মনে করি না। মন্ত্রান্তর্গত পদসমূহের ব্যাখ্যা সম্বন্ধে আমাদের সহিত ভাষ্যাদির অনেক স্থলেই ঐক্য লক্ষিত হইবে। তবে 'সোমঃ' পদ অধ্যাহার করায় মন্ত্রের ভাব সম্পূর্ণ পরিবর্ত্তিত হইয়াছে।

মন্ত্রে একটী উপমা ব্যবহৃত হইয়াছে 'সপ্তিঃ ন'। উহার ব্যাখ্যায় আমরা ভাষ্যেরই অনুসরণ করিয়াছি। মন্ত্রের ভাবার্থ এই যে,—সাধকগণ তাঁহাদের সাধনাপ্রভাবে হৃদয়ে সত্ত্বভাব লাভ করিয়া থাকেন; শুদ্ধসত্ত্বের সহিত জ্ঞানের নিত্য সম্বন্ধ। তাই হৃদয়ে শুদ্ধসত্ত্বের সঞ্চার হইলে, সঙ্গে সঙ্গে পরাজ্ঞানেরও উদয় হয়। মন্ত্রে এই সত্যই প্রখ্যাপিত হইয়াছে। (৫অ—৬খ—৩সূ ৩সা) ॥ *

তৃতীয় সূক্তের গেয়-গান।

৩র ৪ ৫ র   ২॥   ৩৪র ৫   ৫   ১ র   ২   ২   ২
১। সোমঃপুনা। হো। নউর্ম্মিণা ৬ এ। অব্যংবারংবিধা ১ বা ৩ ভী।

২॥ ৩   ৩ ১ ১ ১ ১   ২ ১   ২   ১ ন ৩
অগ্রেবা ২ ৩ ৪ ৫। চা ২ ৩ ৪ ৫ ঃ। পবমা ২ ৩ না ৩ ঃ। কা ২ না ২ ৩ ৪

৫র র   ২ ৩ ১ ১ ১ ১   ৩র ৪ ৫ র   ২॥   ৩৪র ৫   ৫
ঔহোবা। ক্রন্দদে ২ ৩ ৪ ৫॥ (১) ধীভির্ম্মৃজা। হো। তিবাজিনা ৬ মে।

১ র র   ২   ২   ২   ৩   ৩ ১ ১ ১ ১
বনেক্রীড়ন্তমা ১ ত্যা ৩ বাম্বিম্। অভিত্রা ২ ৩ ৪ ঃ য়ি। পা ২ ৩ ৪ ৫।

২ ১   ২   ১ ন ৩   ৫র র   ২ ৩ ১ ১ ১ ১
ষ্টম্মতা ২ ৩ য়া ৩ ঃ। সা ২ মা ২ ৩ ৪ ঔহোবা। স্বরন্নে ২ ৩ ৪ ৫॥ (২)

৩ ৪ ৫ র   ২॥   ৩৪র   ৫   ৫   ১রর   ২   ২   ২
অসর্জ্জিকা। হো। লশাঁ অভী ৬ এ। মীঢ়্বানসপ্তির্ন্ন বা ১ জা ৩ য়ুঃ।

৩   ৩ ১ ১ ১ ১   ২ ১   ২   ১ ন ৩
পুনানো ২ ৩ ৪ ৫ বা ২ ৩ ৪ ৫। চঞ্জনা ২ ৩ য়া ৩ ন্। আ ২ সা ২ ৩ ৪

৫র র   ২ ৩ ১ ১ ১ ১
ঔহোবা। ষ্যদে ২ ৩ ৪ ৫ (৩)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের সপ্তাধিকশততম সূক্তের দ্বাদশী ঋক্ (সপ্তম অষ্টক, পঞ্চম অধ্যায়, একাদশ বর্গের অন্তর্গত)।

২র　　র ১　২ ১ —　র১　২ র ১ —
২। সোমঃপুনা। নউর্ম্মিণা। অবাবারা ২ ম। বিধাবতান্নি। অগ্রেবাচা ২ঃ।

১　৯ ৩　৫র র　১ ২　২র
পব। মা ২ না ২ ৩ ৪ ঔহোবা। কনিক্রদদে ৩॥ (১) ধীভিস্মৃজা।

র ১　২ র ১ —　১　২ ১ — ১
ভিবাজিনাম্। বনেক্রায়িডা ২। তমস্তাবাম্নিম্। অভিত্রান্নিণা ২। ষ্টস্ম।

৪২　৫র র　১ ২　২　র ১
তা ২ ন্না ২ ৩ ৪ ঔহোবা। সমস্বরন্নে ৩। (২) অসর্জ্জিকা। লশাঁও অত্যান্নি।

২র র ১ —　র ১　২ র ১ — ১　৪ ৩
মীচাবৎসাপ্তা ২ ন্নিঃ। নবাজয়ুঃ। পুনানোবা ২। চক্ষ। না ২ ম্না ২ ৩ ৪

৫র র　১ ২ ১ ১১১১
ঔহোবা। অসিস্পদদে ৩ উপ। ২ ৩ ৪ ৫ (৩)।

* * *

১র — র ১　র ১ ২র১　২২র২১　র২র১
৩। সোমঃপুনা ২ নঃ। উর্ম্মিণোবা। অব্যংবারাম্। বিধাবতান্নি। অগ্রেবাচঃ

২র ১　২　১র —　১র —
পবমানঃক। না ২ ৩ ন্নি। ক্রদাউবা। শ্রুদিয়া ২॥ (১) ধীভির্ম্মৃজা ২ স্তি।

র ১　২১র২র১　২৩২১　২ ১ ২১২১২১
বাজিনোবা। বনেক্রীড়া। তমত্যাবান্নিম্। অভিত্রিপৃষ্ঠম্বস্তঃসম্। শা ২ ৩।

২　১র —　১　— র　১　২র১র১১
স্বরাউবা। শ্রুদিয়া ২। ২) অসর্জ্জিকা ২ স। শাঁও অভোবা। মীঠাৎসপ্তান্নিঃ।

২৩র২১　২ র ১র র ২১২১　২　১র —
নবাজয়ুঃ। পুনানোবাচেস্ত্রনম্নন্না। সা ২ ৩ ন্নি। স্পদাউবা। শ্রুধিন্না ২।

১　২　১
এ ২ ৩ হিয়া ৩ ৪ ৩। ঔ ২ ৩ ৪ ৫ ঈ। ডা (৩)।

* * *

২র ১　র র　২র ১ — ১　২র১　র
৪। সোমাঃ। পুনানানউর্ম্মি। ণা। হোঈ ২। হো। বাহোন্নি। অব্যংবারং-

র　২ ১ ২　২ ১২ ২　১
বিধাবস্তান্নি। অগ্রান্নিণা ১ চা ২ ৩ঃ। পা ৩ বাগা ৩ নাঃ। কনা ২ ৩

২৪　২র১　র　২ ১ — ১
ন্নিক্রদা ৩ ৪ ৩ ৫॥ (১) ধীভীঃ। মৃজন্তিবাজি। নম্। হোঈ ২। হো।

২র ১ রর ২ ১ ২ ২ ১ ২
বাহোয়ি। বনেক্রীড়ন্তমত্যাংইম। অভীযিত্রা ১ য়িপা ২ ৩। ট্টা ৩ স্মাতা ৩

২ ১ ২১ ২ ১ র ২
স্মাঃ। সমা ২ ৩ স্বরা ৩৪ ৩ ন। (২) সম। ত্রিকণশাখ্প। ভি।

১ — ১ ২র১ রর র ২ ১ ২ ২
হোঈ ২। হো। বাহোয়ি। মীঢ়াংসপ্তিম্ন বাজয়ুঃ। পুনানো ১ বা ২ ৩। চা ৩

১২ ২ ১ ৫ন
স্তানা ৩ য়ান। অসা ২ ৩ ষ্যিন্দ ৩৪৩ ৫।

১
ও ২ ৩৪৫ ঈ। ডা (ক: ॥১২।১॥) *

প্রথমং সাম।

১ ২ ৩ ১ ৩ ৩ ১
সোমঃ পবতে জনিতা মতীনাং

২ ৩ ২ ৩ ২ ১ ৩ ২ ২ ৩ ২
জনিতা দিবো জনিতা পৃথিব্যাঃ।

৩ ১ ১র ৩ ২র
জনিতাগ্নের্জ্জনিতা সূর্য্যস্য

৩ ১ ২ ৩ ১ ২র
জনিতেন্দ্রস্য জনিতোত বিষ্ণোঃ ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সোমঃ' (সত্ত্বভাবঃ) 'পবতে' (ক্ষরতু, অস্মাকং হৃদি সমুদ্ভবতু ইত্যর্থঃ); সঃ 'মতীনাং' (বুদ্ধিবৃত্তীনাং) 'জনিতা' (উৎপাদকঃ), 'দিবঃ' (দ্যুলোকস্য, দেবভাবস্য ইত্যর্থঃ) 'জনিতা' (উৎপাদকঃ, জনকঃ) 'পৃথিব্যাঃ' (পৃথিবীস্থিতানাং সর্ব্বেষাং লোকানাং ইতি ভাবঃ) 'জনিতা' (উৎপাদকঃ, সৃষ্টিকর্ত্তা), স 'অগ্নেঃ' (জ্ঞানস্য) 'জনিতা' (উৎপাদকঃ), 'সূর্য্যস্য'

---

* এই মন্ত্রান্তর্গত ত্রিষ্টুভ্ মন্ত্রের একত্রে ও চারিটি গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে;—(১) "সাভীমানীয়ম", (২) "সুজ্ঞানম্", (৩) "শ্রুধ্যাম" এবং (৪) "ক্রোশম্।"

(জ্ঞানকিরণস্য) 'জনিতা' (উৎপাদকঃ, প্রকাশকঃ), 'ইন্দ্রস্য' (বলাধিপতিদেবস্য, শক্তিরূপাদেবস্য [illegible]) 'জনিতা' (উৎপাদকঃ, মূলকারণঃ); 'উত' (অপিচ) 'বিষ্ণোঃ' (সর্ব্বব্যাপকস্য নিখিলস্য অখিলদেশস্য) 'জনিতা' (উৎপাদকঃ, ধারকঃ); নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবতঃ শক্ত্যাঃ সত্ত্বভাবাৎ নিখিলং বিশ্বং উৎপন্নং — ইতি ভাবঃ॥ (৫অ ৬খ—৪সূ—১সা)॥

⁂

বঙ্গানুবাদ।

সত্ত্বভাব আমাদিগের হৃদয়ে উৎপন্ন হউন; তিনি বুদ্ধিবৃত্তির উৎপাদক, দেবভাবের জনক, পৃথিবীস্থিত সকল লোকের সৃষ্টিকর্ত্তা, তিনি জ্ঞানের উৎপাদক, জ্ঞানকিরণের প্রকাশক, আত্মশক্তির মূলকারণ; অপিচ, অখিল দেশের ধারণকর্ত্তা। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবানের শক্তিস্বরূপ সত্ত্বভাব হইতে নিখিল বিশ্ব উৎপন্ন হইয়াছে)॥ (৫অ—৬খ—৪সূ—১সা)॥

⁂

সায়ণ-ভাষ্যং।

'সোমঃ' অভিষূয়মাণঃ 'পবতে' পাত্রেষু ক্ষরতি। কীদৃশঃ? 'মতীনাং' বুদ্ধীনাং যদ্বা মননীয়ানাং 'জনিতা' জনয়িতা 'জনিতা মন্ত্রে' (৬।৪।৫৩) ইতি নিপাতনাণ্ণিলোপঃ কিঞ্চ 'দিবঃ' দ্যুলোকস্য 'জনিতা' প্রাদুর্ভাবয়িতা, তথা 'পৃথিব্যাঃ' 'জনিতা' 'অগ্নেঃ' 'জনিতা' প্রকাশয়িতা, 'সূর্য্যস্য' সর্ব্বস্য প্রেরকস্যাদিত্যস্য 'জনিতা' 'ইন্দ্রস্য' 'জনিতা' তেন মদস্য জনয়িতা 'উত' অপিচ 'বিষ্ণোঃ' ব্যাপকস্য 'জনিতা' জনয়িতা এতৎসর্ব্বং সোমেঽভিষূয়মাণে ভবতীতি॥ (৫অ-৬খ-৪সূ-১সা)॥

⁂

প্রথম (৯৪৩) সামের বিশদার্থ।

এই মন্ত্রে সত্ত্বভাবের মহিমা কীর্ত্তন আছে। সত্ত্বভাব ভগবানের শক্তি; সুতরাং ভগবানের প্রতি যে সকল অভিধা ব্যবহৃত হয়, পরোক্ষভাবে সত্ত্বভাবের প্রতিও তাহা ব্যবহৃত হইতে পারে।

এই মন্ত্রে সত্ত্বভাবকে জগতের সৃষ্টির মূল কারণ বলিয়া বর্ণনা করা হইয়াছে। ইহা ভগবানের পরোক্ষ মহিমা খ্যাপন। তাঁহা হইতেই জগৎ সৃষ্টি হইয়াছে। চন্দ্র সূর্য্য-তারা তাঁহারই মহিমা বিঘোষিত করিতেছে। অনাদিকাল অনন্ত গগন যেন তাঁহারই মাহাত্ম্য কীর্ত্তন করে। এই শ্যামলা ধরণী, জীবজন্তুর উপর নানা উপচার সজ্জা ধারণ করিয়া সেই পরম প্রেমময়েরই স্নেহ বিঘোষণ করিতেছে। মানুষ যাহা কিছু দেখে, যাহা জানিতে পারে,

তাহার সমস্তই সেই অনাদি পরম দেবতার দান। মায়ের মুখে তাঁহারই অসীম স্নেহের প্রতিচ্ছবি পরিলক্ষিত হয়, ভীষণ বজ্রনির্ঘোষে তাঁহারই প্রলয় বিষাণ শুনিতে পায়। সৃষ্টি-স্থিতি-ধ্বংস তাঁহারই লীলা। তাঁহার আদেশে চন্দ্রসূর্য্য কিরণ দান করে, মলয়-সমীর প্রবাহিত হয়। তাঁহারই মঙ্গলবিধানে মানুষ জ্ঞানলাভ করিয়া অমৃতত্ব প্রাপ্ত হয়। তাঁহারই প্রেরণায় মানব তাঁহার চরণে আশ্রয় গ্রহণ করিয়া জীবন ধন্য করে। আদিতে তিনি, অন্তে ও মধ্যে তিনি। তিনিই বিশ্বরূপে আপনাকে প্রকাশিত করিয়াছেন। দেশ ও কাল তাঁহাতেই অপরিচ্ছিন্নরূপে বর্ত্তমান। তাঁহার প্রদত্ত জ্ঞানামৃত পানেই মানুষ অমর হয়। তাঁহারই শক্তি সত্ত্বভাবের মহিমা খ্যাপনচ্ছলে তাঁহারই মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে।

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের মতের ঐক্য নাই তাহা সায়ণ-ভাষ্য দৃষ্টেই অবগত হওয়া যাইবে। সোমরস নামক মাদকদ্রব্য যে কিরূপে ইন্দ্র বিষ্ণু প্রভৃতির জনয়িতা হইতে পারে তাহা বুঝা অসম্ভব। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল, তাহা হইতে দেখা যাইবে যে, সোমরস নামক মাদকদ্রব্যই সকলের উৎপাদক বলিয়া গৃহীত হইয়াছে। বঙ্গানুবাদটী এই,—"সোম ক্ষরিত হইতেছেন। ইহা হইতেই স্তুতিবাক্যসমূহের উৎপত্তি, ইহা হইতেই দ্যুলোক ও ভূলোক ও অগ্নি ও সূর্য্য ও ইন্দ্র ও বিষ্ণুর উৎপত্তি"

ভাষ্যকার 'জনিতা' পদের বিভিন্ন অর্থ করিয়াছেন, তাহা সঙ্গত বলিয়া মনে হয় না। বিবরণকারও দুইটী ব্যাখ্যা দিয়াছেন এবং যাস্ক 'সোম' পদে 'সূর্য্য' ও 'আত্মা' অর্থ গ্রহণ করিয়া দুইটী ব্যাখ্যা দিয়াছেন। কিন্তু এই সকলের কোন ব্যাখ্যাই আমরা গ্রহণ করিতে পারি নাই। (৫প ৬খ-৪সূ-১সা)॥ *

দ্বিতীয়ং সাম।

৩ ২ ৩ ১ ১ ৩ ২ ৩ ২
ব্রহ্মা দেবানাং পদবীঃ কবীনাং
৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
ঋষির্ব্বিপ্রাণাং মহিষো মৃগাণাম্।
৩ ১ ২র ৩ ১ ২ ৩ ১ ৩ ১ ২
শ্যেনো গৃধ্রাণা৺্ স্বধিতির্ব্বনানা৺্ সোমঃ
৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
পবিত্রমত্যেতি রেভন্॥ ২॥

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (৩প-৫অ ৬খ-৫সা) প্রাপ্তব্য। উহা ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষণ্নবতিতম সূক্তের পঞ্চমী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, ষষ্ঠ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা ।

'সোমঃ' (শুদ্ধসত্ত্বঃ) 'রেভন্' (শব্দং কুর্ব্বন্, জ্ঞানং প্রযচ্ছন্, ইত্যর্থঃ) 'পবিত্রং' (পবিত্রহৃদয়ং) 'অত্যেতি' (অতিগচ্ছতি, প্রাপ্নোতি); কীদৃশঃ সঃ সোমঃ? সঃ 'দেবানাং ব্রহ্মা' (সর্ব্বেষাং দেবানাং রাজা, যদ্বা সর্ব্বদেবভাবানাং শ্রেষ্ঠঃ ভবতি), 'কবীনাং পদবীঃ' (প্রাজ্ঞানাং মধ্যে পরমপদজ্ঞঃ, ব্রহ্মজ্ঞঃ), 'বিপ্রাণাং ঋষিঃ' (মেধাবিনাং, জ্ঞানিনাং মধ্যে সত্যদ্রষ্টা) 'মৃগাণাং মহিষঃ' (পশ্বাদীনাং মধ্যে মহান্ পশুরাজঃ) 'গৃধ্রাণাং শ্যেনঃ' পক্ষিবিশেষাণাং মধ্যে ঊর্দ্ধগতিসম্পন্নঃ পক্ষীরাজঃ), 'বনানাং স্বধিতিঃ' (হিংসকানাং, অস্ত্রানাং মধ্যে পরশুঃ যদ্বা জ্যোতিষাং, সৎকর্ম্মণাং মধ্যে ভগবদারাধনা) ভবতি ইতি শেষঃ। নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। শুদ্ধসত্ত্বঃ জগতি সর্ব্বশ্রেষ্ঠঃ ভবতি—ইতি ভাবঃ। (অ ৬খ ৪সূ ২সা)।

* * *

বঙ্গানুবাদ ।

শুদ্ধসত্ত্ব জ্ঞানপ্রদান করতঃ পবিত্রহৃদয়কে প্রাপ্ত হয়েন। সেই শুদ্ধসত্ত্ব কিরূপ? তিনি সকল দেবতার রাজা (অথবা সকল দেবভাবের মধ্যে শ্রেষ্ঠ) হয়েন; প্রাজ্ঞদিগের মধ্যে ব্রহ্মজ্ঞ, জ্ঞানীদিগের মধ্যে সত্যদ্রষ্টা, পশুদিগের মধ্যে মহান্ পশুরাজ, পক্ষীদিগের মধ্যে ঊর্দ্ধগতিসম্পন্ন পক্ষীরাজ, অস্ত্রের মধ্যে পরশু (অথবা সৎকর্ম্মের মধ্যে ভগবদারাধনা) হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—শুদ্ধসত্ত্ব জগতে সর্ব্বশ্রেষ্ঠ হয়েন)। (৫অ—৬খ—৪সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং ।

'সোমঃ' এবংরূপো ভবতি 'দেবানাং' স্তোত্রকারিণামৃত্বিজাং 'ব্রহ্মা' ব্রহ্মাখ্যর্ত্বিক্স্থানীয়ো ভবতি (যদ্বা, 'দেবানাং' স্তোভমানানামিন্দ্রাদীনাং 'ব্রহ্মা' রাজা ভবতি) তথা 'কবীনাং' ক্রান্তপ্রজ্ঞানাং 'পদবীঃ' স্খলন্তি পদানি সাধুত্বেন যো যোজয়তি স পদবীঃ, বী গত্যাদিষু (অদা॰ উভ॰) ইত্যেতস্মাৎ ক্বিপি রূপং, তথা 'বিপ্রাণাং' মেধাবিনাং মধ্যে 'ঋষিঃ' ভবতি যঃ পরোক্ষং পশ্যতি স ঋষিঃ ঋষির্দর্শনাৎ (নিরু॰ ২।১১)" -ইতি, 'মৃগাণাং' 'মহিষো' ভবতি মহিষাখ্যো বলবান্ রাজা ভবতি তথা 'গৃধ্রাণাং' পক্ষিবিশেষাণাং 'শ্যেনঃ' শংসনীয়ঃ পক্ষিরাজো ভবতি, 'বনানাং' (বনতির্হিংসাকর্ম্মা) হিংসকানাং ছেদকানাং মধ্যে 'স্বধিতিঃ'—এতন্নামকশ্ছেদকোঽসি। এবম্প্রভাবঃ সোমঃ 'রেভন্' শব্দায়মানঃ সন্ 'পবিত্রং' ঊর্ণাস্তুকেন কৃতং 'অত্যেতি' অতিগচ্ছতি॥ (৫অ-৬খ-৪সূ-২সা)।

* * *

দ্বিতীয় (৯৪৪) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটীতে শুদ্ধসত্ত্বের মহিমা প্রখ্যাপিত হইয়াছে। প্রচলিত ব্যাখ্যাদিতে মন্ত্রটীকে সোমরসের মহিমা জ্ঞাপক বলিয়া গ্রহণ করা হইয়াছে। কিন্তু যে সমস্ত বিশেষণ ব্যবহৃত হইয়াছে, তাহাতে উহা সোমরস নামক মদ্যের মাহাত্ম্য সূচক কিরূপে হইতে পারে, তাহা আমরা বুঝিতে পারি না। যাস্কের নিরুক্তে অন্যবিধ ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে। তাহাতে 'দেবানাং' প্রভৃতি মন্ত্রের প্রত্যেকটী ষষ্ঠ্যন্ত পদের অর্থ করা হইয়াছে—'আদিত্যরশ্মি'। ইহা আধিদৈবিক ব্যাখ্যা। অপিচ, উহাতে আধ্যাত্মিক ব্যাখ্যাও একটী প্রদত্ত হইয়াছে। তাহাতে মন্ত্রের সমস্ত ষষ্ঠ্যন্ত পদের ব্যাখ্যা করা হইয়াছে—'ইন্দ্রিয়'।

আমাদের ব্যাখ্যা অনেকটা ভাষ্যানুসারী। এই মন্ত্রের বহুবিধ ব্যাখ্যা হওয়া সম্ভবপর এবং প্রকৃতপক্ষে হইয়াছেও তাহাই। কিন্তু প্রচলিত সকল ব্যাখ্যারই মূল অংশগত ঐক্য আছে। প্রচলিত ব্যাখ্যাদিতে সোমরসের মহিমা কীর্ত্তিত হইয়াছে। মন্ত্রের সহিত সোমরসের সম্বন্ধ বিষয়ে পূর্ব্বমন্ত্রে যাহা বলিয়াছি, এখানেও তাহাই বক্তব্য। ভগবৎসৃষ্টির সর্ব্বশ্রেষ্ঠ বস্তু সত্ত্বভাব। অথবা সত্ত্বভাব ভগবৎশক্তি। শুদ্ধসত্ত্বের দ্বারাই জগৎ বিধৃত ও পরিচালিত হইতেছে। মন্ত্রের নানাবিধ উদাহরণের মধ্য দিয়া তাহাই পরিব্যক্ত হইয়াছে। আমরা এই ভাবই গ্রহণ করিয়াছি॥ (৫অ-৬খ-৪সূ—২সা)।

তৃতীয়ং সাম।

১ ২   ৩ ২   ৩ ২   ৩ ২৩
প্রাবীবিপদ্বাচ ঊর্ম্মিং ন সিন্ধুর্গির

২ ২   ১ ২   ৩ ২
স্তোমান্ পবমানো মনীষাঃ।

৩ ২   ২র৩ ২ ৩ ১ ২৩ ১
অন্তঃ পশ্যন্ বৃজনেমাবরাণ্যা

২   ৩ ২
তিষ্ঠাত বৃষভো গোষু জানন্॥ ৩॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষণ্ণবতিতম সূক্তের ষষ্ঠী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সিন্ধুঃ ন' (সমুদ্রঃ যথা তস্য উর্ম্মিং প্রেরয়তি তদ্বৎ, প্রভূতপরিমাণং ইত্যর্থঃ) 'মনীষাঃ' (হৃদয়ঙ্গমান্, ঐকান্তিকান্) 'গিরস্তোমান্' (জ্ঞানসমন্বিতান্ প্রার্থনাঃ) তথা 'বাচঃ উর্ম্মিং' (জ্ঞানপ্রবাহং ইত্যর্থঃ) 'পবমানঃ' (পবিত্রকারকঃ দেবঃ) 'প্রাবীবিপৎ' (প্রেরয়তি, সাধকানাং হৃদি উৎপাদয়তি ইতি ভাবঃ); 'বৃষভঃ' (অভীষ্টবর্ষকঃ) 'অন্তঃ পশ্যন্' (অন্তর্যামী) 'অবরাণি' (বারয়িতুং অশক্যানি, অবার্য্যাণি) 'ইমা বৃজনা' (ইমানি বৃজনানি, প্রসিদ্ধানি বলানি, আত্মশক্ত্যাদীনি ইত্যর্থঃ) 'জানন্' (জয়ায় জানানঃ সন্, জেতা, প্রাপকঃ ইত্যর্থঃ) সঃ দেবঃ 'গোষু' (জ্ঞানকিরণেষু, পরাজ্ঞানে) 'তিষ্ঠতি' (বর্ত্ততে) পরাজ্ঞানদায়কঃ ভবতি ইতি শেষঃ; নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ হি লোকানাং পরম কল্যাণপ্রদঃ জ্ঞানদায়কঃ ভবতি—ইতি ভাবঃ। (৫অ—৬খ ৪সূ—৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

সমুদ্র যেমন তাহার উর্ম্মি প্রেরণ করে সেইরূপে পবিত্রকারক দেব সাধকদিগের হৃদয়ে প্রভূত পরিমাণ ঐকান্তিক জ্ঞানসমন্বিত প্রার্থনা এবং জ্ঞানপ্রবাহ উৎপাদন করেন; অভীষ্টবর্ষক অন্তর্যামী অবার্য্য আত্মশক্ত্যাদি-প্রাপক সেই দেব পরাজ্ঞানে বর্ত্তমান থাকেন অর্থাৎ পরাজ্ঞানদায়ক হয়েন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ই লোকদিগের পরম কল্যাণপ্রদ জ্ঞানদায়ক হয়েন।)। (৫অ—৬খ—৪সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'পবমানঃ' সোমঃ 'মনীষাঃ' মনস ঈশিত্রী হৃদয়ঙ্গমান 'প্রাবীবিপৎ' প্রকর্ষেণ বিপর্যাতি প্রেরয়ন্তি 'সিন্ধুঃ' স্যন্দমান-নদীব 'বাচঃ' শব্দস্য 'উর্ম্মিং ন' সঙ্ঘং যথা প্রেরয়তি তদ্বৎ। কিঞ্চ 'বৃষভঃ' কামানামুদকানাং বা বর্ষকঃ সোমঃ 'অন্তঃ' অন্তর্হিতং বস্ত্রজাতং 'পশ্যন্' 'অবরাণি' সুর্ব্বৈঃ বারয়িতুমশক্যানি 'ইমা বৃজনা' ইমানি বলানি 'আ তিষ্ঠতি' আসীদতি। কিং কুর্ব্বন্? 'গোষু জানন্' গবাং জয়ায় জানানঃ সন শত্রুবলানি প্রবিশতি। 'স্তোমান্'—'স্তোমঃ' ইতি পাঠৌ। (৫অ—৬খ—৪সূ ৩সা)॥

ইতি পঞ্চমস্যাধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ। ৬॥

* * *

তৃতীয় (৯৪৫) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী বড়ই জটিল। নানা ব্যাখ্যাকার নিজ নিজ অভিরুচি অনুসারে নানাবিধ ব্যাখ্যা করিয়াছেন। তাই বিভিন্ন ব্যাখ্যায় এক পদেরই বিভিন্ন অর্থ করা হইয়াছে। ভাষ্যকার 'অন্তঃ' পদের অর্থ করিয়াছেন—'অন্তর্হিতং বস্ত্রজাতং'। এখানে বস্ত্র কোথা হইতে আসিল

বুঝা যায় না। আবার অন্য একজন ব্যাখ্যাকার ঐ পদেরই অর্থ করিয়াছেন,—অন্তঃকরণ। তাই 'অন্তঃ পশ্যন' পদদ্বয়ের অর্থ হইয়াছে 'অন্তর্যামী'। আমরাও তাহা সঙ্গত মনে করি এবং ঐ অর্থই গ্রহণ করিয়াছি। অন্যান্য পদের ব্যাখ্যা সম্বন্ধেও এইরূপ মত-পার্থক্য দৃষ্ট হয়। তবে এক বিষয়ে প্রচলিত প্রায় সকল ব্যাখ্যার মধ্যে ঐক্য আছে। তাহা মন্ত্রে সোমের সম্বন্ধ কল্পনা। মূলে কোন 'সোম' শব্দ নাই, এবং তাহা অধ্যাহার করিবার কোন প্রয়োজনও মনে করি না।

আবার এক ব্যাখ্যাতে, এক পদেরই বিভিন্ন ব্যাখ্যা দেওয়াতে মন্ত্রার্থ আরও জটিল হইয়া উঠিয়াছে। 'বৃষভঃ' পদের ভাষ্যার্থ বিশেষভাবে প্রণিধানযোগ্য। উক্ত পদের ব্যাখ্যায় ভাষ্যকার লিখিয়াছেন—"কামানাং উদকানাং বা বর্ষকঃ।" আমরা প্রথমাবধিই 'বৃষভঃ' পদে 'অভীষ্টবর্ষকঃ' অর্থ গ্রহণ করিয়া আসিতেছি। এখন দেখা যাইতেছে যে, ভাষ্যকারও ঐ অর্থ গ্রহণ করিয়াছেন, যদিও 'উদকবর্ষক' অর্থ ত্যাগ করেন নাই। 'সিন্ধুঃ ন' পদের উপমা পরিমাণ নির্দ্দেশ করিতেছে। অর্থাৎ সমুদ্র যেমন প্রভূত পরিমাণ বীচিমালা উৎপাদন করে, ভগবানও সেইরূপ প্রভূত পরিমাণ জ্ঞান-প্রবাহ সাধকের হৃদয়ে উৎপাদন করেন। অন্যান্য বিষয় মর্ম্মানুসারিণী ব্যাখ্যা-দৃষ্টেই অবগত হওয়া যাইবে॥ (৫অ ৬খ—৪সূ - ৩সা)।*

* * *

চতুর্থ সূক্তের গেয়-গান।

২র র র ১ ২ ১ ২ র১ ২ ১
১। হাউহাউহাউ। ও। হোহোবা। ও। হোহোবা। সোমঃপবা। তে২জনি।

২ রর রর রর ১র ২ ১
তা২মতীনাম্। মতীনাম্। মতীনাম্। জনিতাদায়ি। বো২জনি।

২ র র র ১র ২১র ২ র
তা২পৃথিব্যাঃ। পৃথিব্যাঃ। পৃথিব্যাঃ। জনিতাগ্নায়িঃ। জনিতা। সূ২রিয়স্যা।

র ১র ২ ১ ২ র র
রিয়স্যা। ২।° জনিতেন্দ্রা। স্যা২জনি। তো২৩বিষ্ণোঃ। তাবিষ্ণোঃ। ২।

১রর ২ ১ ২ রর রর রর ১
ব্রহ্মাদেবা। নাম্পদ। বীঃকবীনাম্। কবীনাম্। কবীনাম্। ঋষির্বিপ্রা।

২ ১ ২ রর রর র১র ২ ১
ণাম্ হ। সো২মৃগাণাম্। মৃগাণাম্। ২। শ্যেনোগৃধ্রা। ণাম্ স্বধি।

২ রর রর র১ ২ ১ ২র র
তির্ব্বনানাম্। বনানাম্। ২। সোমঃপবারি। আ২মতি। এ২তিরেভন্।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার নবম মণ্ডলের ষণ্ণবতিতম সূক্তের সপ্তমী ঋক্ (সপ্তম অষ্টক, চতুর্থ অধ্যায়, সপ্তম বর্গের অন্তর্গত)।

র ২১র ২১র ২
ত্তিরেভন্। ২। প্রাবীবিপাৎ। বা২চউ। মিন্নসিধুঃ। নসিন্ধু। নসিন্ধুঃ।
১ র ২১র ২ র র ১
গিরঃস্তোমান্। পবমা। নো২মনীষাঃ। মনীষাঃ। ২। অন্তঃপশ্যান্।
২১র ২ র র র ১ ২১ ২ র
বৃজনে। মা২বরাণী। বরাণী। ২। আতিষ্ঠতায়ি। বৃষভঃ। গো২বুজানন্।
র ২র ১ ২ ১
বুজানন্। ২। হাউ। ৩। ও। হোহোবা। ২। ও। হো।
ন ৩ ৫রর ৩
হো২। বা২৩৪ঔহোবা। ঈ২৩৪৫ (৩)॥

* * *

২র ১ ২র১ ২ ১ ২৩র৫ ২ ১র
২। হাউজনৎ। সোমঃপবা। তে৩ঃজনি। তামতীনাম্। জ'নতাদায়ি।
২ ১ ২৩৪৫ ২ ১র ২১র ২৩৪৫ ২১র
বো৩জনি। তাপৃথিব্যাঃ। জনিতাগ্নায়িঃ। জনতা। সূ'র্য্যস্যা। জনিতেন্দ্রা।
২ ১ ২ ২ ৪ ২১রর
স্যা৩জনি। তো৩৪৩। তা৩বা৫য়িষ্ণো৬৫৬ঃ॥ (১) ব্রহ্মাদেবা।
২ ১ ২৩৪৫ ২১ ২ ১২ ৩৪৫
না৩পদ। বীঃকবীনাম্। ঋ'ষি'র্বিপ্রা। ণা৩মহি। ষোমৃগাণাম্।
২র১র ২ ১ ২৩৪৫ ২র১ ২ ১
শ্যেনোগৃধ্রা। ণা৩ঙ্ স্বধি। তির্বনানাম্। সোমঃপবায়ি। ত্রা৩মতি।
২ ২ ২র১র
আ৩৪৩য়ি। তী৩রা৫য়িভা৬৫৬ন॥ (২) প্রাবীবিপাৎ।
২ ১র ২৩৪৫ ২১ র ২১র ২৩৪৫ ২১
বা৩চউ। মিন্ন'সধূঃ। গিরস্তোমান্। পবমা। নোমনীষাঃ। অন্তঃপশ্যান্।
২১র ২৩৪৫ ২র১ ২র ১ ২১ ২
বৃজনে। মাবরাণী। হাউজনৎ। আতিষ্ঠতায়ি বৃষভ.। গো৩৪৩।
২ ৪
বৃ৩জা৫না৬৫৬ন্ (৩)॥

* * *

৪র৩ ৪ ২ ৪ ৫ ১রর র র
৩। সোমাহ৫ঃপ। বা৩তা২য়িজনিতা। র্ম্মাতীনাঞ্জনিতাদিবোজনায়ি।
২ ১২ ২ ১—১রর র ২ ১
তা৩পার্থী৩য়িব্যাঃ। জনা২য়িতাগ্নের্জনি। তাহ২৩স্রী। হুম্মায়ি।

২ ২ ১s র র n ৩২ ১ ২ ১র র র র
য ৩ স্তা। জানিতেন্দ্রস্তজনিতোতা ২ বিষ্ণাউ । (১) ক্ষোত্রা। ব্রাদেবানাং

র রর রর ২ ১ ২ ২ ১র — ১রর
পদবীঃকবীনামৃষির্বিপ্রাণাম্মহায়ি। যো ৩ মাগ্ র্গা ৩ ণাম্। শ্যেনো ২ গৃধ্রাণা৬৮৲

র ২ ১ ২ ২ ১ র A ৩র
স্বধিতির্বনানা ২ ৩ ৮৲ সো। হুম্মায়ি। মা ৩ঃ পা। বাম্নিত্রময়োতা ২ য়িরে৹

২ ১ ২ ১র র র রর ২ ১ ২ র
ভাভান্প্রা। বাবিপদ্বাচউর্ম্মিন্নসিন্ধুর্গিরস্তোমান্তবমা। নো ৩ মানা ৩ য়িবাঃ ঃ

১ — ১ রর র ২ ১ ২ ২ ১
অ স্তা ২ঃ পশ্যন্বৃজনেমাব। রাণা ২ ৩ আ। হুম্মায়ি। তা ৩ য়িষ্ঠা। তায়ি৹

র র ৩র২ ১ ১ ১
বৃষভোগোষ্ ২ জানাউ। বা ৩ ৪ ৫ (৩)॥

* ॰ *

১র২ ১ _ ২র১ র -- ১ — ১ র র র --
৪। সোমঃপবা। তেজনিতামতা ২ য়িনাউয়া ২। জনিতাদিবোজনিতাষ্টণা ২

১ ৩ ২ ৩র২ ১ র র ২ ১ -- ১ ২র ১
য়িব্যাউবা ২ ৩ ৪। জনা ৩ ৪ য়িতাগ্নেঃ। জনিতাসূর্য্যিয়াস্থা ২। জানিতেন্দ্রা।

২ ১ ৪ ৫ ৪ ৫ ১২রর১ ২র ১ র
স্যাজনিতা ২ ৩। তোবা। বা ৫ য়িষ্ণো ৬ হায়ি। (১) ব্রহ্মাদবা। নাম্পদবীঃ

— ১ — ১ রর র -- ১ ৩র ২
কবা ২ য়িনাউবা ২। ঋষির্বিপ্রাণাঃ মহিষোমৃগা ২ ণা উবা ২ ৩ ৪। শ্যেনো

৩ ২ ১র ২ ১ — ১ ২ ১ ২ ১
৩ ৪ গৃধ্রা। ণা৬৮৲ স্বধিতির্বনানা ২ মৃ। সোমঃ পবায়ি। ত্রামতিরা ২ ৩ য়ি।

৪ ৫ ৪ ৫ ১র২র ১ ২র১র — ১
তোবা। রা ৫ য়িন্তো ৬ হায়ি। (২) প্রাবীবিপাৎ। বাচউর্ম্মিন্নসা ২ য়িন্ধ্বাঃ

— ১ রর রর — ১ ৩ ২
উবা ২। গিরস্তোমান্তবমানোমনা ২ য়িষাউবা ২ ৩ ৪। অন্তা ৩ ৪ ঃ।

৩ ২ ১ রর২১ — ১ ২১ ২র ১ ৪ ৫
পশ্যান্। বৃজনেমাবরাণা ২ য়ি। আতিষ্ঠতায়ি। বার্ষভোগো ২ ৩। গোবা।

৪ ৫
জা ৫ নো ৬ হায়ি (৩) ॥ ১২৩। *

---

* এই সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত চারিটী গেয় গান আছে। উহাদের নাম যথাক্রমে ;—(১) "মহাবাৎসপ্রম্" (২) "জনিত্রাখ্যম্" (৩) "যজ্ঞাযজ্ঞীয়ম্" এবং (৪) "ঔক্ষাখ্যম্"।

সপ্তমঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

৩ র ২ ৩২২ ৩ ১ ২ ৩ ২
অগ্নিং বো বৃধন্তমধ্বরাণাং পুরূতমম্।
২ ৩ ২ ৩ ১২
অচ্ছা নপ্ত্রে সহস্বতে ॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে চিত্তবৃত্তিনিবহাঃ! 'বঃ' (যূয়ং) 'নপ্ত্রে' (পতননিবারণায়) 'সহস্বতে' (তেজোময়জ্ঞানলাভায়) 'অধ্বরাণাং' (যজ্ঞানাং) 'বৃধন্তং' (বর্দ্ধকং) 'পুরূতমং' (অতিশয়েন পূরকং) 'অগ্নিং' (জ্ঞানস্বরূপং দেবং) 'অচ্ছ' (অভিগচ্ছত, আরাধয়ত)। দেবার্চ্চনমেব পতননাশকং প্রাণজ্ঞানজনকমিতি ভাবঃ (৫অ—৭খ-১সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে আমার চিত্তবৃত্তিনিবহ! (আমার) পতন নিবারণের জন্য এবং উচ্চ-জ্ঞান লাভের নিমিত্ত, তোমরা যজ্ঞের বর্দ্ধক ও শ্রেষ্ঠ পূরক জ্ঞানস্বরূপ দেবতাকে আরাধনা কর (৫অ—৭খ—১সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

'অধ্বরাণাং' অহিংসানাং বলিনাং 'নপ্ত্রে' বন্ধুঃ 'সহস্বতে' বলবন্তং বিভক্তিব্যত্যয়ঃ (৩১৮৫) 'বৃধন্তং' জ্বালাভির্বর্দ্ধমানং 'পুরুতমং' অতিশয়েন বহুমগ্নিং হে ঋত্বিজঃ! 'বঃ' যূয়ং 'অচ্ছ' অভিগচ্ছত। উপসর্গশ্রুতের্যোগ্যক্রিয়াধ্যাহারঃ ॥ ১॥

* * *

প্রথম (৯৪৬) সামের মর্ম্মার্থ।

মন্ত্রে 'বঃ' পদ আছে বলিয়া, এবং কাহার উদ্দেশে ঐ 'বঃ' পদটী প্রযুক্ত, তাহার জ্ঞাপক কোনও সম্বোধন-পদ মন্ত্রের মধ্যে না থাকায়, ভাষ্যে তাহা অধ্যাহার করিয়া 'হে ঋত্বিজঃ' এই সম্বোধন-পদটী স্থান পাইয়াছে; আর, 'সহস্বতে' ও 'নপ্ত্রে' এই পদদ্বয়ে বিভক্তি ব্যত্যয় স্বীকার করিয়া, ঐ পদদ্বয় 'অগ্নিং' পদের বিশেষণ বলিয়া গৃহীত হইয়াছে। তাহাতে অর্থ দাঁড়াইয়াছে,—'হে ঋত্বিক্গণ! তোমরা অহিংস ও বলীদিগের বন্ধু,

বলবান, জ্বালনিচয়ে বর্দ্ধমান ও প্রচুর অগ্নিকে সর্ব্বতোভাবে গমন (লাভ) কর'। আধুনিক ব্যাখ্যাকারগণও সায়ণ-ভাষ্যকে অল্পবিস্তর অতিরঞ্জিত করিয়া, প্রায় ঐ একই অর্থ স্বীকার করিয়াছেন। মন্ত্রের মধ্যে কোনও সমাপিকা ক্রিয়া নাই; কেবলমাত্র ক্রিয়াজ্ঞাপক একটী ('অচ্ছা') অব্যয় পদ আছে। তাহাতেই 'অভিগচ্ছত' এই ক্রিয়াপদ অধ্যাহৃত হইয়াছে এক্ষণে ভাবিয়া দেখুন,—'হে ঋত্বিক্‌গণ! তোমরা অগ্নিকে সর্ব্বতোভাবে গমন কর বা লাভ কর',—এতদুক্তিতে অর্চ্চকের কি স্বার্থ আছে? অথবা, সাধারণের পক্ষে এই নিত্য সত্য বেদমন্ত্র কি উচ্চ মহদ্ভাব শিক্ষা দিতেছে?

আমরা কিন্তু এ মন্ত্রের সমালোচনায় এক অভিনব ভাব প্রত্যক্ষ করিতেছি। এ মন্ত্রে সাধক যেন, অভীষ্ট লাভ আশায়, নিজের চিত্তবৃত্তিসমূহকে ভগবদারাধনায় কর্ম্মময় মানবজীবনে সৎকর্ম্মানুষ্ঠান দেবারাধনা দ্বারা আত্মোৎকর্ষ লাভ করিতে গেলে, পদে পদে নানা বিঘ্ন-বিপত্তি সংঘটিত হইয়া পতনাশঙ্কা বলবতী হইয়া দাঁড়ায়। সাধক তাই, শ্রেয়োলাভে বিঘ্ননাশ আকাঙ্ক্ষায়, সৎকর্ম্মানুষ্ঠানে ভাবী পতন নিবারণ মানসে, (নপ্‌তৃ, ন—পৎ, পতিত হইয়া+তৃন্‌-নিপাতন) এবং অত্যুজ্জ্বল জ্ঞান লাভের জন্য, (সহস্‌ তেজঃ, অস্ত্যর্থে বৎ) চিত্তবৃত্তিসমূহকে দেবার্চ্চনায় উদ্‌বুদ্ধ করিতেছেন। এতদর্থে 'নপ্‌ত্রে' ও 'সহস্বতে' এই দুইটী পদস্থিত চতুর্থী বিভক্তির ব্যত্যয়রূপ কষ্ট-কল্পনা করিতে হয় না। অপিচ, মন্ত্রস্থিত 'অধ্বরাণাং বৃধন্তং' ও 'পুরুতমং' এই দেববিশেষণদ্বয়ও এ পক্ষে বিশেষ সহায়তা করিতেছে। দেবতা কেমন? না—তিনি যজ্ঞসমূহের বর্দ্ধক ও শ্রেষ্ঠ পূরক। তাঁহার আরাধনা করিলে, পতন নিবারণ সুনিশ্চিত। তিনি যে অভীষ্টবর্দ্ধক! যদিও কোনরূপ ত্রুটি-বিচ্যুতি সংঘটিত হয়, তাহাও তাঁহার অনুগ্রহে পূর্ণতা-লাভ করিবে। তিনি বাসনা-পূরক; তাঁহার শরণাগত হও; তোমার মনোবাসনা অবশ্যই পূর্ণ হইবে।' এ মন্ত্রের ইহাই মুখ্য উদ্দেশ্য বলিয়া মনে করি। (৫অ-১খ-১সূ—সা)। *

দ্বিতীয়ং সাম।

৩ ১র   ২র   ৩ ২ ৩ ১ ২   ৩ ২ ৩   ১ ২
অয়ং যথা ন আভুবত্ত্বষ্টা রূপেব তক্ষ্যা।
৩ ২উ   ৩   ১ ২
অস্য ক্রত্বা যশস্বতঃ ॥ ২ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ত্বষ্টা যথা' (পরিত্রাণকারক দেবঃ যেন প্রকারেণ সাধকান্‌ উদ্ধারয়তি তদ্বৎ) 'অয়ং' (পরমদেবঃ) 'নঃ' (অস্মান্‌) 'রূপেব' (কর্ত্তব্যানাং রূপাণি) 'তক্ষ্যা' (উৎপাদয়তু,

---

* উত্তরার্চ্চিকের এই মন্ত্রটী ছন্দার্চ্চিকেও (১প-২প্র ৩অ-১দ) প্রাপ্তব্য॥

প্রদর্শয়তু) অস্মান্ অপি উদ্ধারয়তু—ইত্যর্থঃ; 'অস্য' (পরমদেবস্য, ভগবতঃ) 'ক্রত্বা' (প্রজ্ঞানেন যুক্তাঃ সন্তঃ) বয়ং 'যশস্বতঃ' (যশোবন্তঃ) 'আ ভুবৎ' (ভবাম)। মন্ত্রোহয়ং প্রার্থনামূলকঃ। ভগবান্ কৃপয়া অস্মভ্যং মোক্ষমার্গং প্রদর্শয়তু তথা পরাজ্ঞানং প্রযচ্ছতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (৫অ—৭খ—১সূ—২সা)।

* * *

বঙ্গানুবাদ।

পরিত্রাণকারক দেব যে প্রকারে সাধকদিগকে উদ্ধার করেন, সেইরূপভাবে পরমদেবতা আমাদিগকে কর্ত্তব্যের রূপ প্রদর্শন করুন, অর্থাৎ আমাদিগকেও উদ্ধার করুন; ভগবানের প্রজ্ঞানের দ্বারা যুক্ত হইয়া আমরা যেন যশস্বী হইতে পারি। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে মোক্ষমার্গ প্রদর্শন করুন এবং পরাজ্ঞান প্রদান করুন।) ॥ (৫অ— খ—.সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

'অয়ং' অগ্নিঃ 'নঃ' অস্মান্ 'তক্ষ্যা' বিকর্ত্তব্যানি 'রূপেব ত্বষ্টা' রূপাণি বর্দ্ধকিরিব 'যথা' যেন প্রকারেণ 'আ ভুবৎ' আ ভবতি প্রাপ্নোতি, তথৈনমগ্নিমহিগচ্ছতেত্যর্থঃ। কিঞ্চ বয়ং 'অস্য' অগ্নেঃ 'ক্রত্বা' প্রজ্ঞানেন যুক্তাঃ 'যশস্বতঃ' যশস্বন্তো ভবামেতি শেষঃ ॥ ২ ॥

* * *

দ্বিতীয় (৯৪৭) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। ভগবানের কৃপায় যেন আমরা যথাবিহিত কর্ত্তব্য সম্পাদন করিয়া যশস্বী হইতে পারি অর্থাৎ সৎকর্ম্মসাধনজনিত আত্মতৃপ্তি ও খ্যাতি যাহাতে লাভ করিতে পারি, মন্ত্রে তাহার জন্য প্রার্থনা করা হইয়াছে। এখানে সুখ্যাতি বলিতে সাধারণ লোকের আকাঙ্ক্ষিত ধনমানাদিজনিত প্রসিদ্ধিকে লক্ষ্য করিতেছে না। 'যশ' বলিতে এখানে সৎকর্ম্মসাধনজনিত বিমল আনন্দ ও তৃপ্তি এবং সজ্জনমণ্ডলের যথোচিত শ্রদ্ধা প্রভৃতিকে লক্ষ্য করিতেছে।

মন্ত্রটীর ব্যাখ্যা সম্পর্কে নানা মুনি নানা মত প্রকটিত করিয়াছেন। একজন ব্যাখ্যাকার উহার অনুবাদ করিয়াছেন,—"এই অগ্নি, 'আমাদিগের কর্ত্তব্যের রূপ নির্ম্মাণ করেন, আমরা অগ্নির কার্য্যদ্বারা যশোবিশিষ্ট হই।" ভাষ্যকার অনেক স্থলে ভিন্ন মত পোষণ করিয়াছেন, কোন কোন স্থলে ব্যাখ্যা করিতে যাইয়া মূল মন্ত্রকে জটিলতর করিয়া তুলিয়াছেন। যাহা হউক, আমাদের মত মর্ম্মানুসারিণী ব্যাখ্যা ও বঙ্গানুবাদে পরিদৃষ্ট হইবে। (৫অ—৭খ—১সূ ২সা)॥*

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের একনবতিতম সূক্তের অষ্টমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, দশম বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

৩ ১ ২র ৩ ২উ ৩ ২ ৩ ১ ২
অয়ং বিশ্বা অভি শ্রিয়োঽগ্নির্দ্দেবেষু পত্যতে।
২উ ৩ ১ ২
আ বাজৈরুপ নো গমৎ ॥ ৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দেবেষু' (সর্ব্বেষাং দেবানাং যদ্বা দেবভাবানাং মধ্যে) 'অয়ং' (প্রসিদ্ধঃ) 'অগ্নিঃ' (জ্ঞানদেবঃ যদ্বা পরাজ্ঞানং) এব লোকেভ্যঃ 'বিশ্বাঃ' (সর্ব্বাঃ) 'শ্রিয়ঃ' (সম্পদঃ, কল্যাণানি) 'অভিপত্যতে' (অভিগচ্ছতি, প্রগচ্ছতি ইতি ভাবঃ) ; সঃ দেবঃ 'নঃ' (অস্মান) 'বাজৈঃ' (অন্নৈঃ, আত্মশক্ত্যা সহ) 'উপাগমৎ' (উপাগচ্ছতু, প্রাপ্নোতু) ; প্রার্থনামূলকঃ তথা নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। পরাজ্ঞানং বয়ং লভেম—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ ॥ (৫অ ৭খ—১সূ ৩সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

সকল দেবতার (অথবা দেবভাবের) মধ্যে প্রসিদ্ধ জ্ঞানদেবই (অথবা পরাজ্ঞানই) লোকদিগকে সকল কল্যাণ প্রদান করেন ; সেই দেবতা আমাদিগকে আত্মশক্তির সহিত প্রাপ্ত হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক এবং নিত্যসত্যপ্রখ্যাপক। প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন পরাজ্ঞান লাভ করিতে পারি।)॥ (৫অ—৭খ—১সূ— সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

মনুষ্যাণাং 'বিশ্বাঃ' সর্ব্বাঃ "শ্রিয়ঃ' সম্পদঃ 'দেবেষু' দেবানাং মধ্যে যঃ 'অয়ং অগ্নিঃ' অভিগচ্ছতি, সঃ অগ্নিঃ 'নঃ' অস্মানপি 'বাজৈঃ' অন্নৈঃ 'উপাগমৎ' উপাগচ্ছতু ॥ ৩॥

* * *

তৃতীয় (৯৪৮) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রটী দুই ভাগে বিভক্ত। প্রথম ভাগে নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে, এবং দ্বিতীয় অংশে পরাজ্ঞান লাভের জন্য প্রার্থনা আছে।

প্রথম অংশের সারমর্ম্ম এই যে,—জ্ঞানই মানুষকে সর্ব্বশ্রেষ্ঠ কল্যাণ দিতে পারে। মানুষের মধ্যে যে সমস্ত সদ্বৃত্তি বা দেবভাব আছে তাহাদের মূলে আছে—জ্ঞান। পরাজ্ঞানের বলেই মানুষ উন্নতির চরম শিখরে উন্নীত হইতে পারে। তাই মন্ত্র বলিতেছেন,—"অগ্নিঃ দেবেষু অভিপত্যতে শ্রিয়ঃ"

মন্ত্রের অপরাংশে সেই পরম কল্যাণজনক সত্ত্বভাব প্রাপ্তির জন্য প্রার্থনা আছে। এমন যে পরম কল্যাণজনক পরাজ্ঞান, যাহাদ্বারা মানবজীবনের চরম অভীষ্ট সাধিত হয়, সেই পরম বস্তু পাইবার জন্য কে না আগ্রহান্বিত হয়? মন্ত্রের শেষাংশে সেই পরাজ্ঞান লাভের জন্যই প্রার্থনা আছে

প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদের শব্দগত ব্যাখ্যার বিশেষ কোন পার্থক্য নাই। কিন্তু ভাবগত যথেষ্ট পার্থক্য আছে। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত হইল,—"দেবগণের মধ্যে অগ্নিই মনুষ্যগণের সমস্ত সম্পদ লাভ করেন, তিনি অন্নের সহিত আমাদের নিকট আগমন করুন।" 'অগ্নি' শব্দে কাহাকে লক্ষ্য করে বা কি ভাব আনয়ন করে তাহা আমাদের ঋগ্বেদ-সংহিতার আগ্নেয়-সূক্তে বিবৃত হইয়াছে। আমরা তদনুসারেই বর্ত্তমান মন্ত্রেও 'অগ্নিঃ' পদে জ্ঞান অথবা জ্ঞানদেব অর্থ গ্রহণ করিয়াছি। (৫অ-৭খ-১সূ—৩সা)। *

—— ০ ——

প্রথম সূক্তের গেয়-গান।

```
   ২   র  ১২       ১  ২রর       ১ ২র      র   ২       ১ -০
১। অগ্নিংনোবৃধান্তাম্। আধ্বরাণাম্। পুরূতাম্যৌ। হোবা ৩ হায়ি। আচ্ছা ২

 ১          ২ ১         ৫  ৪          ৫          ২  র র ১২
নাপ্ত্রে ২ ৩। সহো ২ ৩ ৪ বা। স্বা ৫ তো ৬ হাঁয়ি। (১) অয়ংযথানআভুবৎ।

১র২রর        ১  ২র        র         ২         ১   — ১
ত্বষ্টারূপে।   বতাক্ষ্যায়ৌ।    হোবা ৩ হায়ি।    আস্যা ২ ক্রাত্বা ২ ৩।

২ ১          ৫  ৪         ৫            ২  র   ১২         ২রর
যশো। ২ ৩ ৪ বা। স্বা ৫ তো ৬ হায়ি। (২) অয়ংবিশ্বাঅভিশ্রিয়াঃ। অগ্নির্দেবে।

  ১     ২র       র     ২      ১  — ১          ২ ১
ষুপাত্যাতৌ।  হোবা ৩ হায়ি।  আবা ২ জায়িরু ২ ৩।  পনো ২ ৩ ৪

                ৫   ৪       ৫
                বা। গা ৫ মো ৬ হায়ি (৩)॥
```

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার অষ্টম মণ্ডলের দ্ব্যধিকশততম সূক্তের নবমী ঋক্ (ষষ্ঠ অষ্টক, সপ্তম অধ্যায়, দশম বর্গের অন্তর্গত)।

৩২ র ৫ ৫ ১ রর র —১
২। অগ্না ৩ ৪ য়িম্। যোবৃধত্তম্। ও ৬ বা। অধ্বরাণাম্পুরুতা ২ মাম্।

—১ ২ ১S ২র ৩র২ ১
আ ২ চ্ছা। না ২ ৩ প্ত্রে। সহো ৩ হো। বাহা ৩ ৪ ৩ য়ি। স্বা ২ ৩ ৪

৫ ৫ ৩২ র র ৫ ৫ ১রর
তো ৬ হায়ি। (১) অগ্না ৩ ৪ য়্। যথানআভুবৎ। ও ৬ বা। ত্বষ্টারূ-

র —১ —১ ২ ১S ২র ৩র২
পেবতক্ষা ২ য়া। আ ২ স্যা। ক্রা ২ ৩ ত্বা। যশো ৩ ৩ হো। বাহা ৩ ৪ ৩

১ ৫ ৫ ৩২ র
য়ি। স্বা ২ ৩ ৪ তো ৬ হায়ি। (২) অগ্না ৩ ৪ য়্। বিশ্বাঅভিশ্রিয়ঃ।

৫ ৫ ১ র র —১ — ২ ১S
ও ৬ বা। অগ্নির্দেবেষুপত্যা ২ তায়ি আ ২ বা। জা ২ ৩ য়িরু। পনো ৩

২র ৩র২ ১ ৫ ৫
হো। বাহা ৩ ৪ ৩ য়ি গা ২ ৩ ৪ মো ৬ হায়ি (৩)। ১২৩। *

* . *

প্রথমং সাম।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইমমিন্দ্র সুতং পিব জ্যেষ্ঠমমর্ত্ত্যং মদম্।
৩ ১ ২ ৩ক ২র ১ ২ ৩ ২ ৩ ১ ২
শুক্রস্য ত্বাভ্যক্ষরন্ধারা ঋতস্য সাদনে ॥ ১ ॥

* . *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) 'ইমং' (প্রসিদ্ধং) 'জ্যেষ্ঠং' (প্রশংসনীয়ং, সর্ব্বেষাং কর্ম্মণাং শ্রেষ্ঠস্থানীয়ং) 'অমর্ত্ত্যং' (অমারকং, অস্মাকং রক্ষাকরং ইত্যর্থঃ) 'মদং' (আনন্দপ্রদং) 'সুতং' (শুদ্ধসত্ত্বং) 'পিব' (পানং কুরু, গৃহাণ); 'ঋতস্য' (সত্যস্য, সৎকর্ম্মণঃ) 'সাদনে' (গৃহে, অনুষ্ঠানস্থানে) 'শুক্রস্য' (দ্যোতমানস্য - শুদ্ধসত্ত্বস্য) 'ধারাঃ' (প্রবাহাঃ) 'ত্বা' (ত্বাং) 'অভি' (অভিলক্ষ্য) 'অক্ষরন্' (ক্ষরন্তি, গচ্ছন্তি, ত্বাং প্রাপ্নুবন্তি ইত্যর্থঃ)। প্রার্থনায়াঃ ভাবঃ—হে ভগবন্! অস্মাসু তৎ রক্ষাপ্রদং পরমানন্দপ্রদায়কং ত্বাং প্রতি স্বতঃপ্রবাহিতং শুদ্ধসত্ত্বং সঞ্চারয়িত্বা তৎ গৃহাণ। (৫অ - ৭খ—২সূ ১সা)।

---

* এতৎ সূক্তান্তর্গত তিনটী মন্ত্রের একত্রগ্রথিত দুইটী গেয়-গান আছে। উহাদের নাম যথাক্রমে; (১) "স্বারসৈন্ধুক্ষিতম্" এবং (২) "সত্রাসাহীয়ম্"।

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! এই প্রশংসনীয় (সকলের শ্রেষ্ঠস্থানীয়) অমারক অর্থাৎ আমাদিগের রক্ষাকর, আনন্দপ্রদ শুদ্ধসত্ত্বকে আপনি গ্রহণ করুন; সত্যের (সৎকর্ম্মের) অনুষ্ঠান-স্থানে স্রোতমান্ শুদ্ধসত্ত্বের ধারা (প্রবাহ) আপনাকে লক্ষ্য করিয়া গমন করে—আপনাকে প্রাপ্ত হয়। (প্রার্থনার ভাব এই যে,—'হে ভগবন্! আমাদিগের মধ্যে সেই রক্ষাপ্রদ পরমানন্দদায়ক আপনার প্রতি স্বতঃপ্রবাহিত শুদ্ধসত্ত্বকে সঞ্চার করিয়া দিয়া তাহা গ্রহণ করুন।') (৫অ—৭খ—২সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে 'ইন্দ্র'! 'সুতং' অভিষুতং 'ইমং' সোমং 'পিব' কীদৃশং? 'জ্যেষ্ঠং' অতিশয়েন প্রশস্তং 'মদং' মদকরং 'অমর্ত্যং' অমারকং। (সোমপান-জন্যো মদো মদান্তরবৎ মারকো ন ভবতীত্যর্থঃ) তথা 'ঋতস্য' যজ্ঞস্য সম্বন্ধিনি 'সাদনে' গৃহে বর্ত্তমানাঃ 'শুক্রস্য' দীপ্তস্য সোমস্য 'ধারাঃ' 'ত্বাং' 'অক্ষরন্' আভিমুখ্যেন সঞ্চলন্তি ত্বাং প্রাপ্তুং স্বয়মেব—গচ্ছন্তীত্যর্থঃ। জ্যেষ্ঠং—প্রশস্য-শব্দাদিয়ষ্ঠনি 'জ্য চ (৫।৩।৬১)'—ইতি জ্যাদেশঃ। অক্ষরন্—ক্ষর সঞ্চলনে (ভ্বা০, প০) ছান্দসে লঙ্ (৩৮৬)। (৫অ—৭খ ২সূ-১সা)॥

* * *

প্রথম (৯৪৯) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের প্রথম চরণে একটী 'সুতং' এবং একটী 'মদং' পদ আছে। এইরূপ দ্বিতীয় চরণে একটী 'ধারাঃ' ও একটী 'অক্ষরন্' পদ দৃষ্ট হয়। দুই চরণের অন্তর্গত ঐ পদ-চতুষ্টয় উপলক্ষে মন্ত্রার্থ বিসদৃশ ভাব ধারণ করিয়া আছে; মন্ত্রের ভাব দাঁড়াইয়া গিয়াছে,—'হে ইন্দ্র! তুমি মদকর সোমরস পান কর; সোমরসের ধারাসমূহ যজ্ঞক্ষেত্রে ক্ষরিত হইতেছে।' এ সকল বিষয় পুনঃপুনঃ আলোচনা করা গিয়াছে। মন্ত্রের অন্তর্গত যে 'সুতং' পদ উপলক্ষে 'সোমরস মাদকদ্রব্য' পরিকল্পনা করা হয়, ঐ 'সুতং' পদের বিশেষণ-কয়েকটীর প্রতি লক্ষ্য করিলেই সে ভাব পরিবর্ত্তিত হইতে পারে। 'সুতং' কেমন? বলা হইয়াছে,—তাহা 'জ্যেষ্ঠং'। তাহার প্রতিবাক্য দেখি, 'প্রশস্ততমং'। যাহা মাদকদ্রব্য, তাহা কি কখনও কোনকালে সর্ব্বাপেক্ষা প্রশংসনীয় বস্তু হইতে পারে? তার পর, আরও বলা হইয়াছে, তাহা 'অমর্ত্যং'। ঐ পদে 'অমারক' অর্থাৎ মরণরহিত অবস্থার কথা মনে আসে। যাহা মাদকদ্রব্য, তাহা কি কখনও অমারক মরণরহিত অবস্থার প্রদাতা হয়? এইরূপ, 'মদং' পদের প্রয়োগ বেদে যেখানেই দেখিয়াছি, সেখানেই ঐ পদে 'আনন্দপ্রদ',

অর্থ প্রাপ্ত হইয়াছি। এই সকল বিষয় বিবেচনা করিলেই 'সুহৎ' পদের মর্ম্মার্থ অধিগত হয়। উহাতে কখনই মাদকদ্রব্য (সোমলতার রস) অর্থ আসে না। তার পর, মন্ত্রের দ্বিতীয় চরণের 'ধারাঃ' ও 'অক্ষরন্' পদদ্বয়—কি ভাবে কোন পদের সহিত অন্বিত হইয়া প্রযুক্ত হইয়াছে, তাহা বিবেচনা করিলেই ঐ দুই পদের মর্ম্ম প্রচলিত অর্থ হইতে সম্পূর্ণ অন্যরূপ অর্থের প্রকাশক হয়। ঐ 'ধারাঃ' পদের সহিত 'ঋতস্য শুক্রস্য' পদদ্বয়ের সম্বন্ধ রহিয়াছে। 'ঋত' শব্দে সত্যকে বা সৎকর্ম্মকে (যজ্ঞকে) বুঝায়। 'শুক্র' শব্দে 'শুভ্র জ্যোতিঃ' অর্থ আসে। তাহার যে ধারা, সে কি? উহার ভাব কি এই নয়—যেখানে অবিরত বিশুদ্ধ সৎকর্ম্মের অনুষ্ঠান চলিয়াছে, সত্যের আলোকে যে স্থান পুলকিত হইয়া রহিয়াছে, সেই স্থানেই ভগবান্ গমন করেন। 'অক্ষরন্' পদে 'সঞ্চলন্তি' প্রতিবাক্য ভাষ্যেই দৃষ্ট হয়। সুতরাং সোমরস মাদকদ্রব্যের ধারা যেখানে নির্গত হইয়াছে, সেখানে নহে; পরন্তু যেখানে সৎকর্ম্মের জ্যোতিঃ বিচ্ছুরিত হইতেছে, সেখানেই তিনি উপস্থিত থাকেন।

এইরূপে বুঝা যায়, এই মন্ত্রের প্রার্থনার ভাব এই যে—'হে ভগবন্! আমাদিগের হৃদয়ে বিশুদ্ধ সত্ত্বভাবের সঞ্চার হউক; আর, সেই অমরত্বপ্রদ চিরজ্যোতিষ্মান্ সত্ত্বভাবের সমীপে আপনি আসিয়া অধিষ্ঠিত হউন।' (৫অ, ১৪-২খ ১সা)।

দ্বিতীয়ং সাম।

২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ন কিষ্ট্বদ্রথীতরো হরী যদিন্দ্র যচ্ছসে।
২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২
ন কিষ্ট্বানু মজ্মনা ন কিঃ স্বশ্ব আনশে ॥ ২ ॥

∴

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) 'যৎ' (যস্মাৎ) ত্বং 'হরী' (জ্ঞানভক্তিরূপৌ ভবৎ বাহকৌ) 'যচ্ছসে' (যোজয়সি—অস্মাকং কর্ম্মণি হৃদি বা), তস্মাৎ 'ত্বৎ' (ত্বত্তোঽন্যঃ কোঽপি) 'রথীতরঃ' (প্রশস্ততরঃ রথী, অস্মাকং শ্রেষ্ঠপরিচালকঃ ইত্যর্থঃ) 'নকিঃ' (নাস্তি); অস্মাসু জ্ঞানভক্তিসঞ্চারণায় হে ভগবন্! ত্বমেব অস্মাকং সুপরিচালকঃ ভবসি—ইতি ভাবঃ; 'ত্বা' (ত্বাং) 'অনু' (অনুলক্ষ্য) 'মজ্মনা' (বলেন—ভবৎসদৃশঃ ইত্যর্থঃ) 'নকিঃ' (কোঽপি ন ভবতি); যতঃ তব সমকক্ষঃ 'স্বশ্বঃ' (শোভনরশ্মিযুতঃ, শ্রেষ্ঠপথপ্রদর্শকঃ ইতি ভাবঃ) 'নকিঃ আনশে' (কোঽপি ন অশ্নুতে লিপ্সতে ইত্যর্থঃ); হে ভগবন্! ভবৎসদৃশঃ শক্তিশালী তথা হৃদি জ্ঞানরশ্মিং প্রবেশয়িতুং সমর্থঃ কোঽপি জগতি নাস্তি ইতি ভাবঃ। (৫অ-১৪খ ২দ—২সা)।

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের চতুরশীতিতম সূক্তের চতুর্থী ঋক্ (প্রথম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, পঞ্চম বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! যেহেতু আপনি আমাদিগের কর্ম্মে বা হৃদয়ে জ্ঞানভক্তি-রূপ আপনার বাহকদ্বয়কে যোজনা করেন, সেই হেতু আপনা অপেক্ষা অন্য কেহই প্রশস্ততর রথী অর্থাৎ আমাদিগের শ্রেষ্ঠ পরিচালক নাই; (ভাব এই যে,—আমাদিগের মধ্যে জ্ঞানভক্তি সঞ্চারণের নিমিত্ত আপনিই আমাদিগের সুপরিচালক হয়েন); হে ভগবন্! আপনাকে লক্ষ্য করিয়া বলের দ্বারা আপনার সদৃশ কেহই হইতে পারে না; এবং আপনার সমকক্ষ শোভনরশ্মিযুক্ত অর্থাৎ সুষ্ঠু পথ-প্রদর্শক কেহই বিদ্যমান নাই। (ভাব এই যে,—'হে ভগবন্! আপনার সদৃশ শক্তিশালী এবং হৃদয়ে জ্ঞানরশ্মি প্রবেশ করাইতে সমর্থ অপর কেহই জগতে নাই।')॥ (৫অ—৭খ—২সূ—২স)॥

* * *

সায়ণ-ভাষ্যম্।

